তাসের ঘর	ক্ষণস্থায়ী	বালির বাঁধ
বিসমিল- ায় গলদ	শুর ুতে ভুল	গোড়ায় গলদ

বিপরীতার্থক বাগধারাঃ

বাগধারা	অর্থ	বিপরীতার্থক বাগধারা	অর্থ
অহিনকুল সম্বন্ধ	শত্র ুতা	দহররম মহররম	ঘনিষ্ঠ সম্ভর্ক
ইঁদুর কপালে, অদৃষ্টের পরিহাস, আট কপালে/ হাড় ভাঙা	নিতান্ত ই মন্দ ভাগ্য	কপালে ফেরা, একাদশে বৃহস্পতি	সৌভাগ্য লাভ
অমাবশ্যার চাঁদ	দুষ্প্রাপ্য জিনিস	ছেলের হাতের মোয়া	সহজলভ্য বস্তু
অগাধ জলের মাছ	অত্যন্ত কৌশলী	গোবর গনেশ, বুদ্ধির ঢেঁকি, কুপমন্ডুক	নিরেট মন্ড র্খ
অন্ধকারে ঢিল মারা	আন্দাজে কাজ করা	ঝোপ বুঝে কোপ মারা	সুযোগ মত কাজ করা
উড়নচন্ডী	অমিতব্যায়ী	কত ধানে কত চাল	হিসেব করে চলা
কেউ কেটা	সামান্য	র ুই কাতলা	নেতৃস্থানীয় ব্যক্তি
চোখের বালি	চক্ষুশুল	চোকের মনি	অত্যন্ত প্রিয় বস্তু
রাবনের চিতা	চির অশান্তি	চাঁদের হাট	আনন্দের প্রাচুর্য
ঢাক ঢাক গুর গুর	লুকোচুরি	হাটে হাঁড়ি ভাঙা	গোপন কথা প্রকাশ

১। মনে করি কিনি করী, হয় হয় হয় না
২। ছক্কা মিয়া মক্কা গিয়া
৩। পটল তলার পটল বাবু
৪। হরির উপর হরি, হরিশেভা পায়

RAISUL ISLAM HRIDOY

বাংলা ভাষার ব্যাকরণ

ভাষা ও ব্যাকরণের মৌলিক আলোচনা (উৎপত্তি ও বিকাশ)

বাংলা ভাষা


প্রত্যেক ভাষারই চারটি মৌলিক অংশ থাকে। যেমন-

১. ধ্বনি ২. শব্দ
৩. বাক্য ৪. অর্থ

বাংলা ভাষার রীতিভেদ:

বাংলা ভাষার প্রধান বা মৌলিক রূপ দুইটি। যথা– লৈখিক বা লেখ্য রূপ এবং মৌলিক বা কথ্য রূপ। লেখার রীতি ভাষার মৌলিক রীতি। সাধু ও চলিত রীতি বাংলা ভাষার লেখ্যরূপে বিদ্যমান।

বাংলা ভাষার প্রকারভেদ বা রীতিভেদ নিচের চিত্রের মাধ্যমে দেখানো হলো–



অনুশীলনী:

০১) ভাষার মৌলিক অংশ কয়টি?
ক) ২টি খ) ৩টি
গ) ৪টি ঘ) ৬টি

০২) প্রত্যেক ভাষারই তিনটি মৌলিক অংশ হলো–
ক) ধ্বনি, শব্দ, বাক্য খ) শব্দ, সন্ধি, সমাস
গ) অনুসর্গ, উপসর্গ, শব্দ ঘ) অনুসর্গ, শব্দ, বাক্য

০৩) বাংলা ভাষার মৌলিক রূপ কয়টি?
ক) ২টি খ) ৩টি
গ) ৪টি ঘ) ৫টি

০৪) ভাষার মৌলিক রীতি কোনটি?
ক) বক্তৃতা রীতি খ) লেখার রীতি
গ) কথা বলর রীতি ঘ) লেখা ও বলার রীতি

০৫) বাংলা ভাষার প্রধান দুইটি রূপ কি কি?
ক) লেখ্য ও আঞ্চলিক খ) আঞ্চলিক ও সর্বজনীন
গ) কথ্য ও আঞ্চলিক ঘ) মৌখিক ও লৈখিক

০৬) সাধু ও চলিত রীতি বাংলা ভাষার কোনরূপে বিদ্যমান?
ক) আঞ্চলিক খ) উপভাষা
গ) লেখ্য ঘ) কথ্য

০১. গ	০২. ক	০৩. ক	০৪. খ	০৫. ঘ	০৬. গ

সাধু ভাষা

সংজ্ঞা	বাংলা গদ্য সাহিত্যে ব্যবহৃত সংস্কৃত শব্দবহুল সুষ্ঠু, মার্জিত, সর্বজনবোধ্য, অথচ নিয়মবদ্ধ ও কৃত্রিম ভাষারূপ হল সাধু ভাষা
	প্রখ্যাত বৈয়াকরণ ও ভাষাতত্ত্ববিদ ড. সুনীতিকুমার চট্টোপাধ্যায়ের মতে, 'সাধারন গদ্য-সাহিত্যে ব্যবহৃত বাংলা ভাষাকে সাধু ভাষা বলে।'
	সংস্কৃত-ব্যুৎপত্তিসম্পন্ন মানুষের ভাষাকে 'সাধু ভাষা' বলে প্রথম অভিহিত করেন রাজা রামমোহন রায়।
বৈশিষ্ট্য	সাধু ভাষা তৎসম শব্দ বহুল।
	সর্বনাম ও ক্রিয়াপদ এক বিশেষ গঠন পদ্ধতি মেনে চলে।
	সাধু ভাষা দুর্বোধ্য ও গুরুগম্ভীর।
	সাধু রীতিতে অব্যয় পদ দীর্ঘ রূপ হয় না।
	সাধু ভাষারীতিতে ক্রিয়া, সর্বনাম ও অনুসর্গের পূর্ণরূপ ব্যবহৃত হয়।
উদাহরণ	তখন গভীর ছায়া নামিয়া আসিল সবখানে।

অনুশীলনী:

০১) 'সাধুভাষা' পরিভাষাটি প্রথম ব্যবহার করেন–
ক) রাজা মনি মোহন রায় খ) রাজা রামমোহন রায়
গ) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর ঘ) অক্ষয় কুমার দত্ত

০২) 'তৎসম' শব্দের ব্যবহার কোন রীতিতে বেশি হয়?
ক) চলিত রীতি খ) সাধু রীতি
গ) মিশ্র রীতি ঘ) আঞ্চলিক রীতি

০৩) সাধু ভাষার বৈশিষ্ট কোনটি?
ক) গুরুচণ্ডাল খ) গুরুগম্ভীর
গ) অবোধ্য ঘ) দুর্বোধ্য

০৪) সাধুরীতিতে কোন পদটির দীর্ঘরূপ হয় না?
ক) বিশেষ্য খ) সর্বনাম
গ) অব্যয় ঘ) ক্রিয়া

০৫) ক্রিয়া, সর্বনাম ও অনুসর্গের পূর্ণরূপ ব্যবহৃত হয়–
ক) চলিত ভাষারীতিতে খ) সাধু ভাষারীতিতে
গ) সমাজ উপভাষার ঘ) আঞ্চলিক উপভাষার

০৬) বাংলা ভাষার সাধুরীতির বৈশিষ্ট কোনটি?
ক) বিশেষ্য ও সর্বনাম এক বিশেষ গঠন পদ্ধতি মেনে চলে
খ) বিশেষ্য ও বিশেষণ এক বিশেষ গঠন পদ্ধতি মেনে চলে
গ) সর্বনাম ও ক্রিয়াপদ এক বিশেষ গঠন পদ্ধতি মেনে চলে
ঘ) সর্বনাম ও বিশেষণ এক বিশেষ গঠন পদ্ধতি মেনে চলে

০৭) নিচের কোনটি সাধুরীতির উদাহরণ?
ক) তখন গভীর ছায়া নেমে আসে সর্বত্র
খ) তখন গভীর ছায়া নামিয়া আসিল সবখানে
গ) তখন গভীর ছায়া নামিয়া আসে সর্বত্র
ঘ) তখন গভীর ছায়ায় সর্বত্র ঢেকে গিয়েছে

RAISUL ISLAM HRIDOY

০১. খ	০২. খ	০৩. খ	০৪. গ	০৫. খ	০৬. গ	০৭. খ

চলিত ভাষা

সংজ্ঞা	সাধারণ মানুষের মুখের ভাষাকে চলিত ভাষা বলা হয়।
	প্রখ্যাত ভাষাতত্ত্ববিদ ড. সুনীতিকুমার চট্টোপাধ্যায়ের মতে, 'দক্ষিণ-পশ্চিম বঙ্গে ভাগীরথী নদীর তীরবর্তী স্থানের ভদ্র ও শিক্ষিত সমাজের ব্যবহৃত মৌখিক ভাষা, সমগ্র বাঙ্গালাদেশের শিক্ষিত সমাজ কর্তৃক শেষ্ঠ মৌখিক ভাষা বলিয়া গৃহীত হইয়াছে। এই মৌখিক ভাষাকে বিশেষভাবে 'চলিত ভাষা ' বলা হয়।
	শিক্ষিত জনসমাজের একরকম মার্জিত কথ্য ভাষার মান্য ও স্বীকৃত রূপকে বলা হয় প্রমিত চলিত ভাষা।
	চলিত ভাষার আদর্শরূপে গৃহীত ভাষাকে বলা হয় প্রমিত চলিত ভাষা।
	চলিত ভাষার প্রবর্তক প্রমথ চৌধুরী। তাঁর সম্পাদিত 'সবুজপত্র' (১৯১৪) পত্রিকাটি চলিত ভাষা প্রচলনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।
বৈশিষ্ট্য	সাধুভাষা থেকে চলিত ভাষায় লিখতে সর্বনাম ও ক্রিয়া পদযুগলের পরিবর্তন ঘটে।
	চলিত ভাষার অন্যতম বৈশিষ্ট্য প্রমিত উচ্চরণ।
	চলিত ভাষার অনুসর্গের রূপ সংক্ষিপ্ত হয়।
	ভাষার কথ্য রীতি বা চলিত রীতি কৃত্রিমতাবর্জিত।
	চলিত ভাষা রীতি পরিবর্তনশীল।
	সাধু ভাষার শব্দে 'ঙ'-এর স্থলে চলিত ভাষায় 'ঙ' এর কোমল রূপ ব্যবহৃত হয়।
উদাহরণ	তখন গভীর ছায়া নেমে আসল সবখানে।

সাধু ও চলিত রীতির পার্থক্য

সাধু রীতি	চলিত রীতি
পদবিন্যাস সুনিয়ন্ত্রি ও সুনির্দিষ্ট	পরিবর্তনশীল
তৎসম শব্দবহুল	তদ্ভব শব্দবহুল
শুধু লৈখিক রূপ আছে	লৈখিক ও মৌখিক উভয় রূপ আছে
গুরুগম্ভীর ও আভিজাত্যের পরিচায়ক	সংক্ষিপ্ত, সহজবোধ্য
নাটকের সংলাপ, বক্তৃতা এবং আলাপ-আলোচনার অনুপযোগী	নাটকের সংলাপ, বক্তৃতা এবং আলাপ-আলোচনার উপযোগী
সর্বনাম ও ক্রিয়াপদ বিশেষ গঠন পদ্ধতি মেনে চলে	সর্বনাম ও ক্রিয়াপদ পরিবর্তিত ও সহজতর রূপ লাভ করে

অনুশীলনী:

০১) ভাষার কোন রীতি কেবলমাত্র লেখ্যরূপে ব্যবহৃত হয়?
ক) কথ্য রীতি খ) আঞ্চলিক রীতি
গ) সাধু রীতি ঘ) চলিত রীতি

০২) বাংলা সাধু ভাষা বলতে বোঝায়–
ক) সাধু পুরুষদের ব্যবহৃত ভাষা
খ) তৎসম শব্দবহুল ভাষার রীতি
গ) কবিতা রচনার ভাষা

০৩) সাধু ভাষা ও চলিত ভাষার পার্থক্য–
ক) তৎসম ও দত্তব শব্দের ব্যবহার
খ) ক্রিয়াপদ ও সর্বনাম পদের রূপে
গ) শব্দের কথা ও খেল্য রূপে
ঘ) বাক্যের সরলতা ও জটিলতায়

০৪) সাধু ভাষা সাধরণত কোথায় অনুপযোগী?
ক) কবিতার পঙ্‌ক্তিতে খ) গানের কলিতে
গ) গল্পের বর্ণনায় ঘ) নাটকের সংলাপে

০৫) কোন ভাষায় সাহিত্যের গাম্ভীর্য ও আভিজাত্য প্রকাশ পায়?
ক) কথ্য ভাষায় খ) সাধু ভাষায়
গ) আঞ্চলিক ভাষায় ঘ) চলিত ভাষায়

০৬) কোন ভাষারীতির পদবিন্যাস সুনিয়ন্ত্রিত এবং সুনির্দিষ্ট?
ক) চলিত ভাষা খ) কথ্য ভাষা
গ) লেখ্য ভাষা ঘ) সাধু ভাষা

০৭) ভাষার কোন রীতি পরিবর্তনশীল?
ক) সাধু রীতি খ) চলিত রীতি
গ) কথ্য রীতি ঘ) লেখ্য রীতি

০৮) চলিত ভাষার রীতির ক্ষেত্রে কোন বৈশিষ্ট প্রযোজ্য?
ক) পরিবর্তনশীল খ) আভিজাত্যের অধিকারী
গ) গুরুগাম্ভীর ঘ) অপরিবর্তনীয়

০৯) ভাষার কোন রীতি তদ্ভব শব্দ বহুল?
ক) সাধু রীতি খ) চলিত রীতি
গ) কথ্য রীতি ঘ) বানান রীতি

০১. গ	০২. খ	০৩. খ	০৪. ঘ	০৫. খ
০৬. ঘ	০৭. খ	০৮. ক	০৯. খ	

সাধু ও চলিত রীতিতে বিভিন্ন পদের রূপভেদ

সাধুরীতি	চলিত রীতি
ক্রিয়াপদ	
দেখিয়া	দেখে
ফুটিয়া রহিয়াছে	ফুটে রয়েছে
খুলিয়া	খুলে
গড়িয়াছেন	গড়েছেন
বলিয়া	বলে
পাইয়াছিলেন	পেয়েছিলেন
পার হইয়া	পেরিয়ে
হইলেন	হলেন
হইল	হল/হলো
করিবার	করবার/করার
করিয়া	করে
করিতেছি	করতেছি
ফিরিয়া	ফিরে
লাগিল	লাগলো
চকিত হওয়া	চমকে
ছড়াইলে	ছড়ালে
সাধুরীতি	চলিত রীতি

RAISUL ISLAM HRIDOY

সর্বনাম	
তাঁহার	তাঁর
উহারা	ওরা
উহা	ওটা
তাঁহার/তাহার	তাঁর/তার
তাহাকে/উহাকে	তাকে/ ওকে
তিনি	সে
বিশেষ্য পদ	
গৃহ	ঘর
মস্তক	মাথা
জুতা	জুতো
সুতা	সুতো
তুলা	তুলো
পূজা	পূজো
শুষ্ক/শুকনা	শুকনো
জোসনা/জ্যোৎস্না	জোছনা
বিশেষণ পদ	
বন্য	বুনো
অতিশয়	অত্যন্ত
কিয়ৎক্ষণ	কিছুক্ষণ
অব্যয় পদ	
পূর্বেই	আগেই
অপেক্ষা	চেয়ে
সহিত	সঙ্গে, সাথে
হইতে	হতে

তথ্য কণিকা:
'গ্রহ' সাধুরীতির শব্দ। 'মেগো' শব্দের আঞ্চলিক রূপ শিষ্ট পদ্যরূপ 'মোদের'

অনুশীলনী:

০১) নিচের কোনটি চলিত রীতির শব্দ?
ক) তুলা খ) শুকনো
গ) পড়িল ঘ) সহিত

০২) 'উহা' কোন রীতির শব্দ?
ক) সাধু খ) চলিত
গ) উভয় রীতির ঘ) আঞ্চলিক

০৩) 'বন্য' শব্দটির চলিত রূপ কোনটি?
ক) বন্যে খ) বুনো
গ) বনো ঘ) বন্য

০৪) 'বুনো' কোন ভাষারীতির শব্দ?
ক) সাধু ভাষা খ) কথ্য ভাষা
গ) আঞ্চলিক ভাষা ঘ) চলিত ভাষা

০৫) 'চকিত হইয়া' শব্দটির চলিত রূপ–
ক) চকিত হয়ে খ) চকিত হইয়া
গ) চকিতে ঘ) চমকে

০৬) 'পার হইয়া' এই ক্রিয়া পদের সাধু রূপটি চলিত রূপে রূপান্তর করলে হবে–
ক) পার হয়ে খ) পারায়ে
গ) পেরিয়ে ঘ) পার হইয়ে

০৭) 'ছড়ালে'এর সাধু রূপ–
ক) ছড়াইলে খ) ব্যপ্তিলে
গ) ব্যাপ্ত হইলে ঘ) ছড়াইয়া দিলে

০৮) 'কিয়ৎক্ষণ' শব্দের সঠিক চলিতরূপ কোনটি?
ক) কিছুক্ষণ খ) কিছু সময়ে
গ) কয়েকক্ষণে ঘ) কয়েক মুহূর্ত

০৯) চলিত রীতিতে কোন শব্দটি ব্যবহৃত হয় না?
ক) তুলা খ) ওরা গ) হলেন ঘ) তিনি

১০) কোনটি সাধুরীতির শব্দ?
ক) আজ খ) মিনতি গ) জল ঘ) জোসনা

১১) 'জুতো' শব্দটি কোন ভাষারীতির?
ক) সাধু খ) চলিত গ) প্রাকৃত ঘ) কোল

১২) সাধুরীতির শব্দ কোনটি?
ক) গ্রহ খ) গিন্নী
গ) কলেজ ঘ) কেতাব

১৩) 'মেগো' আঞ্চলিক রূপের শিষ্ট পদ্যরূপ–
ক) আমাদিগেরখ) মোদের
গ) আমরা ঘ) আমাদের

১৪) চলিত রীতির শব্দ কোনটি?
ক) শুষ্ক খ) শুকনা
গ) তুলা ঘ) তুলো

১৫) চলিত রীতির শব্দ নয় কোনটি?
ক) করবার খ) করার
গ) করিবার ঘ) করে।

০১. খ	০২. ক	০৩. খ	০৪. ঘ	০৫. ঘ
০৬. গ	০৭. ক	০৮. ক	০৯. ক, ঘ	১০. ঘ
১১. খ	১২. ক	১৩. খ	১৪. ঘ	১৫. গ

RAISUL ISLAM HRIDOY

সাধু ও চলিত রীতির প্রয়োগ

সাধুরীতি	চলিত রীতি
তঁহারা জুতা খুলিয়া ঘরে প্রবেশ করিল।	তাঁরা জুতো খুলে ঘরে প্রবেশ করল।
একদা মরণ-সমুদ্রের বেলা ভূমিতে দঁড়াইয়া কোন এক আরবীয় সাধক বলিয়াছিলেন।	একদিন মরণ-সমুদ্রের বেলা ভূমিদে দাঁড়িয়ে কোনো এক আরবীয় সাধক বলেছিলেন।
তিনি হাঁটিতে হাঁটিতে ভাবিতেছিলেন, শুধুমাত্র নণিষী-কাক্যেই তো জীবম্মৃত যুবসমাজের কল্যাণ বহিয়া আনিতে যথেষ্ট নহে।	তিনি হাঁটিতে হাঁটিতে ভাবভিলেন, শুধু মণিষী-বাক্যেই তো জীবম্মৃত যুবসমাজের কল্যাণ বয়ে আনতে যথেষ্ট নয়।
কোন ভাষঅ-রীতিতে এই প্রশ্ন লিখা হইয়াছে?	কোন ভাষা-রীতিতে এ প্রশ্ন লেখা হয়েছে?
এইরূপ সাদৃশ্য অনেক চক্ষে পড়িবে।	এরকম সাদৃশ্য অনেক চোখে পড়বে।
তোমাকে দেখিয়া খুবই খুশি হইলাম।	তোমাকে দেখে খুবই খুশি হলাম।
বাবা তাহার সম্পত্তি ছেলেদের মধ্যে বাগ করিয়া দিলেন।	বাবা তার সম্পত্তি ছেলেদের মধ্যে ভাগ করে দিলেন।
সে আসিবে বলিয়া ভরসাও	সে আসবে বলে ভরসাও

করিতেছি না।	করছি না।

অনুশীলনী:

০১) কোন ভাষা-রীতিতে এ প্রশ্ন লেখা হয়েছে?
ক) সাধু রীতি খ) চলিত রীতি
গ) মিশ্র রীতি ঘ) লৌকিক রীতি

০২) কোন বাক্যে সাধু ও চলিত রীতির মিশ্রণ ঘটেছে?
ক) পাখি সব করে রব
খ) উদ্ভিদের প্রাণ আছে
গ) অতঃপর তারা চলিয়া গেল
ঘ) ধূমপান স্বাস্থের জন্য ক্ষতিকর

০৩) 'যে কথা একবার জমিয়ে বলা গিয়াছে, তাহার পর তার ফেনইয়া ব্যাখ্যা করা চলে না।' চলিত ভাষায় এ বাক্যে ভুলের সংখ্যা কয়টি?
ক) ২ খ) ৩ গ) ৪ ঘ) ৫

০৪) 'অতঃপর বিভ্রান্তমুক্ত হয়ে রোগগ্রস্থ পিতা পুত্র সম্বন্ধে যা জানিতেন সবই খুলে বলিলেন'। সাধু ভাসায় এ বাক্যটিতে ভুলের সংখ্যা কয়টি?
ক) চার খ) পাঁচ গ) ছয় ঘ) সাত

০৫) 'তিনি হাঁটিতে হাঁটিতে ভাবিতেছিলেন, শুধুমাত্র মণিষী-বাক্যেই তো জীবন্মৃত যুবসমাজের কল্যাণ বহিয়া আনিতে যথেষ্ট নহে।' চলিত রীতিতে লেখা বাক্যটিতে ভুলের সংখ্যা–
ক) সাত খ) নয়
গ) আট ঘ) দশ

০৬) 'একদা মরণ-সমুদ্রের বেলা ভূমিতে দঁড়াইয়া কোন এক আরবীয় সাধক বলিয়াছিলেন।'
ক) চলিত রীতি খ) সাধু রীতি
গ) মিশ্র রীতি ঘ) বিদেশি রীতি

০৭) "জ্যেষ্ঠ ভ্রাতার প্রহারে দিগ্বিদিক জ্ঞানশূন্য হয়ে সে ঊর্ধ্বশ্বাসে ছুটিতে লাগিল।" -সাধু ভাষায় লিখিত বাক্যটিতে ভুলের সংখ্যা কয়টি?
ক) তিন খ) চার গ) পাঁচ ঘ) ছয়

০৮) সাধু ভাষায় কোন বাক্যটি শুদ্ধ?
ক) এখানে সে ফিরে আসেনি
খ) সে আসিবে বলিয়া ভরসাও করিতেছি না
গ) তিনি মূর্ছিত হয়ে পেড়েছেন
ঘ) তুমি তার কথা বিশ্বাস করো না

০৯) 'এইরূপ সাদৃশ্য অনেক চক্ষে পড়িবে'– এর চলিতরূপ লিখুন–
ক) এরকম সাদৃশ্য অনেক চোখে পড়বে
খ) এইরূপ সাদৃশ্য অনেকগুলো চোখে পড়বে
গ) এরকম সাদৃশ্য অনেকগুলি চোখে পড়বে
ঘ) এরকম সাদৃশ্য অনেকগুলো চক্ষে পড়বে

১০) কোন বাক্যটি চলিত ভাষায় লেখা?
ক) সে কাজ করিয়া বাড়ি ফিরছিল
খ) বাবা তার সম্পত্তি ছেলেদের মধ্যে ভাগ করে দিলেন
গ) জড়ায় তাহার মন নাই
ঘ) এতদ্ভিন্ন বহু স্থলে এরূপ হইয়া থাকে

১১) 'তোমাকে দেখে খুবই খুশি হলাম'। এই বাক্যটি কোন ভাষা রীতিতে লেখা?
ক) সাধু খ) চলিত
গ) আঞ্চলিক ঘ) কথ্য

০১. খ	০২. গ	০৩. গ	০৪. ক	০৫. ক	০৬. খ
০৭. খ	০৮. খ	০৯. ক	১০. খ	১১. খ	

ব্যাকরণ

ব্যাকণের	আলোচনা
বুৎপত্তিগত অর্থ	'ব্যাকরণ' (বি+আ+√কৃ+অন) শব্দটির ব্যুৎপত্তিগত অর্থ বিশেষ ভাবে বিশ্লেষণ।
সংজ্ঞা	যে শাস্ত্রে কোন ভাষার বিভিন্ন উপাদানের প্রকৃতি ও স্বরূপের বিচার বিশ্লেষণ করা হয় এবং বিভিন্ন উপাদানের সম্পর্ক নির্ণয় ও প্রয়োগবিধি বিশদভাবে আলোচিত হয়, তাকে ব্যাকরণ বলে।
	ড. মুহম্মদ শহীদুল্লাহর মতে, যে শাস্ত্র পড়িলে ভাষা শুদ্ধ লিখিতে, পড়িতে ও বলিতে পারা যায়, তাকে ব্যাকরণ বলে।
প্রধান কাজ	ভাষার বিশ্লেষণ।
	ভাষার অভ্যন্তরীণ শৃঙ্খলা আবিষ্কার করা।
	ব্যাকরণ ভাষাকে বর্ণনা করে।
	ব্যাকরণ ভাষার অনুগামী।
	ব্যাকরণকে ভাষার সংবিধান বলা হয়।
মূল ভিত্তি	ভাষা

বাংলা ব্যাকরণে আলোচ্য বিষয়

বিষয়	সংজ্ঞা	আলোচ্য বিষয়
ধ্বনিতত্ত্ব	মানুষের বাক প্রত্যঙ্গের সাহায্যে উচ্চারিত আওয়াজ	ধ্বনি, সন্ধি, ণ-ত্ব বিধি, ষ-ত্ব বিধি, ধ্বনির পরিবর্তন ও লোপ/ধ্বনির প্রতীক বা বর্ণের বিন্যাস
শব্দতত্ত্ব বা রূপতত্ত্ব	বাক্যের মধ্যে কোন পদের পর কোন পদ বসে, কোন পদের স্থান কোথায় এর আলোচনা থাকে।	বাক্যের গঠন প্রণালী, বাক্যের বিভিন্ন উপাদানের সংযোজন ও বিয়োজন, পদের রূপ পরিবর্তন, ছেদচিহ্ন।
অর্থতত্ত্ব	শব্দের অর্থ বিচার, বাক্যের অর্থ বিচার এবং অর্থের বিভিন্ন প্রকারভেদ বিচার করা।	শব্দ ও বাক্যের অর্থ বিচার এবং অর্থের প্রকার।

অনুশীলনী:

০১) ব্যাকরণ শব্দের ব্যুৎপত্তি কোনটি?
ক) বি + আ+√কৃ + অন খ) ব্যা + ক + রন
গ) বৃ + কৃ + অন + অন ঘ) ব্য + আ + কৃ

০২) ব্যুৎপত্তিগতভাবে ব্যাকরণ শব্দের অর্থ হলো–

RAISUL ISLAM HRIDOY

ক) বিশেষভাবে বিভাজন খ) বিশেষভাবে সংযোজন
গ) বিশেষভাবে বিশ্লেষণ ঘ) বিশেষভাবে বিয়োজন

০৩) 'যে শাস্ত্র পড়িলে ভাষা শুদ্ধরূপে লিখিতে, পড়িতে ও বলিতে পারা যায়, তাকে ব্যাকরণ বলে।' সংজ্ঞাটি কার?
ক) ড. সুকুমার সেন খ) ড. মুহম্মদ শহীদুল্লাহ
গ) ড. এনামুল হক ঘ) ড. সুনীতিকুমার চট্টোপাধ্যায়

০৪) ব্যাকরণ ভাষাকে কি নির্দেশ করে?
ক) ভাষাকে চলিতে খ) ভাষাকে শাসন করে
গ) ভাষাকে বলিতে ঘ) ভাষাকে বর্ণনা করে

০৫) ব্যাকরণের প্রধান কাজ হচ্ছে-
ক) ভাষার নিয়ম প্রতিষ্ঠা খ) ভাষার শৃঙ্খলা
গ) ভাষার বিশ্লেষণ ঘ) ভাষার উন্নতি

০৬) ব্যাকরণের কাজ কি?
ক) ভাল কক্তা তৈরি করা
খ) পণ্ডিতব্যক্তি তৈরি করা
গ) শুদ্ধ লিখন শিখানো
ঘ) ভাষার অভ্যান্তরীণ শৃঙ্খলা আবিষ্কার করা

০৭) ভাসার অভ্যন্তরীণ নিয়ম শৃঙ্খলার আবিষ্কারের নামই–
ক) সন্ধি খ) সমাস
গ) ব্যাকরণ ঘ) কোনোটিই নয়

০৮) কোনটি ঠিক?
ক) ব্যাকরণ ভাষার অনুগামী
খ) ভাষা ব্যকরণের অনুগামী
গ) ব্যাকরণ শিক্ষার অনুগামী
ঘ) ব্যাকরণ শব্দযন্ত্রের অনুগামী

০৯) 'সন্ধি' ব্যাকরণের কোন অংশের আলোচ্য বিষয়?
ক) রূপতত্ত্ব খ) ধ্বনিতত্ত্ব
গ) পদক্রম ঘ) বাক্য প্রকরণ

১০) বাংলা ব্যাকরণের ধ্বনিতত্ত্ব অংশে কোন বিষয়টি আলোচনা করা হয়?
ক) সন্ধি খ) সমাস গ) কারক ঘ) প্রত্যয়

১১) 'ণ-ত্ব ও ষ-ত্ব' বিধান ব্যাকরণের কোন অংশের আলোচ্য বিষয়?
ক) বাক্যতত্ত্ব খ) ধ্বনিতত্ত্ব
গ) অভিধানতত্ত্ব ঘ) রূপতত্ত্ব

১২) ক্রিয়ামূল, ক্রিয়ার কাল ও পুরুষ ইত্যাদি ব্যাকরণের কোন অংশের আলোচ্য বিষয়?
ক) ধ্বনিতত্ত্ব খ) রূপতত্ত্ব
গ) বাক্যতত্ত্ব ঘ) পদভ্রম

১৩) ব্যাকরণের কোন অংশে 'কারক' সম্বন্ধে আলোচনা করা হয়?
ক) ধ্বনিতত্ত্বে খ) অর্থতত্ত্বে
গ) বাক্যতত্ত্বে ঘ) রূপতত্ত্বে

১৪) বচন, লিঙ্গ, পুরুষ ইত্যাদি আলোচিত হয়–
ক) ব্যঞ্জনবর্ণে খ) ধ্বনিতত্ত্বে
গ) স্বরবর্ণে ঘ) রূপতত্ত্বে

১৫) প্রকৃতি ও প্রত্যয় বাংলা ব্যাকরণের কোন অংশের আলোচ্য বিষয়?
ক) বাক্যতত্ত্ব খ) রূপতত্ত্ব
গ) অর্থতত্ত্ব ঘ) ধ্বনিতত্ত্ব

১৬) 'বাগধারা' ব্যাকরণের কোন অংশে আলোচিত হয়?
ক) ভাষাতত্ত্বে খ) ধ্বনিতত্ত্বে
গ) বাক্যতত্ত্বে ঘ) রূপতত্ত্বে

১৭) ব্যাকরণের উচ্চতর পর্যায়ে আলোচিত হয় কোনটি?
ক) বাক্যতত্ত্ব খ) ধ্বনিতত্ত্ব
গ) রূপতত্ত্ব ঘ) অর্থতত্ত্ব

১৮) নিচের কোনটি ব্যাকরণের শাখা নয়?
ক) ধ্বনিতত্ত্ব খ) ভূ-তত্ত্ব
গ) রূপতত্ত্ব ঘ) বাক্যতত্ত্ব

০১. ক	০২. গ	০৩. খ	০৪. ঘ	০৫. গ	০৬. ঘ
০৭. ঘ	০৮. ক	০৯. খ	১০. ক	১১. খ	১২. খ
১৩. ঘ	১৪. ঘ	১৫. খ	১৬. গ	১৭. ঘ	১৮. খ

বিখ্যাত ব্যাকরণ গ্রন্থ

রচয়িতা	ব্যাকরণ গ্রন্থ
ম্যানোএল দা আসসুম্পসাঁও	Bocabulario em Idiomae Bangalla'e Portuguez (১৭৪৩ খ্রি.): প্রাচীনতম বাংলা ব্যাকরণ, যা পর্তুগিজ ভাষায় রচিত। এটি মূলত একটি অভিধান।
নাথানিয়েল ব্রাসি হ্যালহেড	A Grammar of the Bangali Language (১৭৭৮ খ্রি.): বাংলা ভাষার প্রথম আদর্শ ব্যাকরণ। ইংরেজী ভাষায় রচিত।
উইলিয়াম কেরি	A Grammar of the Bangali Language (১৮০১ খ্রি.): ইংরেজী ভাষায় রচিত।
রাজা রামমোহন রায়	গৌড়িয় ব্যাকরণ (১৮৩৩): বাংলা ভাষায় রচিত প্রথম বাংলা ব্যাকরণ।
শ্যামাচরণ সরকার	বাঙ্গালা ব্যাকরণ (১৮৫২)
ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর	ব্যকরণ কৌমুদী (১৮৫৩)
নকুলেশ্বর বিদ্যাভূষণ	ভাষাবোধ রাঙ্গালা ব্যাকরণ
ড. মুহাম্মদ শহীদুল্লাহ	বাঙ্গালা ব্যাকরণ
ড. মুহাম্মদ এনামুল হক	ব্যাকরণ মঞ্জুরী
জগদীশ চন্দ্র ঘোষ	আধুনিক বাংলা ব্যাকরণ
ড. সুনীতিকুমার চট্টোপাধ্যায়	The Orgin and Development of the Bengali Language (ODBL)
	ভাষা প্রকাশ বাঙ্গালা ব্যাকরণ
কাজী দীন মুহম্মদ ও সুকুমার সেন	অভিনব ব্যাকরণ
মুনীর চৌধুরী, ইব্রাহীম খলিল ও মোফাজ্জল	বাংলা ভাষার ব্যাকরণ

RAISUL ISLAM HRIDOY

হায়দার	

✍ পাণিনি ছিলেন একজন বৈয়াকরণিক। তিনি উপমহাদেশের শ্রেষ্ঠ ব্যাকরণবিদ। তাঁর রচিত বিখ্যাত গ্রন্থের নাম 'অষ্টাধ্যায়ী'।

অনুশীলনী:

০১) বাংলা ভাষায় প্রথম ব্যাকরণ রচনা করেন–
ক) ম্যানোএল দ্যা আসুম্প্সাঁও
খ) ড. সুনীতিকুমার চট্টোপাধ্যায়
গ) ড. সুকুমার সেন
ঘ) ড. মুহাম্মদ শহীদুল্লাহ

০২) বাংলা ভাষার প্রথম ব্যকরণবিদ কে ছিলেন?
ক) ম্যানোএল দ্যা আসুম্প্সাঁও
খ) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়
গ) ড. মুহাম্মদ শহীদুল্লাহ
ঘ) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর

০৩) কোনটি প্রাচীন বাংলা ব্যাকরণ?
ক) আধুনিক বাংলা ব্যাকরণ
খ) A Grammar of the Bangali Language
গ) সরল ভাষা প্রকাশ বাংলা ব্যাকরণ
ঘ) ব্যাকরণ মঞ্জুরী

০৪) বাংলা ব্যাকরণ প্রথম রচনা করেন?
ক) এন. বি. হ্যালহেড খ) উইলিয়াম কেরি
গ) ড. মুহাম্মদ শহীদুল্লাহ ঘ) ড. সুনীতিকুমার চট্টোপাধ্যায়

০৫) কে সর্বপ্রথম বাংলা টাইপ সহযোগে বাংলা ব্যাকরণ মুদ্রণ করেন?
ক) স্যার উইলিয়াম জোনস্ খ) স্যার উইলিয়াম কেরি
গ) রাজীব লোচন মুখোপাধ্যায় ঘ) ব্রাসি হ্যালহেড

০৬) বাংলা ভাষায় রচিত প্রথম ব্যাকরণ গ্রন্থের রচয়িতা–
ক) অক্ষয় দত্ত খ) মার্সম্যান
গ) রাজা রামমোহন ঘ) ব্রাসি হ্যালহেড

০৭) রাজা রামমোহন রচিত বাংলা ব্যাকরণের নাম কি?
ক) মাগধীর ব্যাকরণ খ) গৌড়িয় ব্যাকরণ
গ) মাতৃভাষা ব্যাকরণ ঘ) ভাষা ও ব্যাকরণ

০৮) গৌড়িয় বাংলা ব্যাকরণ রচনা করেছেন–
ক) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর খ) রামরাম বসু
গ) রামনারায়ণ তর্করত্ন ঘ) রাজা রামমোহন রায়

০৯) বাংলা ভাষায় ব্যাকরণ কে লিখেন?
ক) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর খ) ডেভিড হেয়ার
গ) মদনমোহন তর্করত্ন ঘ) উইলিয়াম কেরি

১০) 'ভাষা প্রকাশ বাঙ্গালা ব্যাকরণ' কে রচনা করেন?
ক) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর খ) সুনীতিকুমার চট্টোপাধ্যায়
গ) মুহম্মদ শহীদুল্লাহ ঘ) সুকুমার সেন

০১. ক	০২. ক	০৩. খ	০৪. ক	০৫. ঘ
০৬. গ	০৭. খ	০৮. ঘ	০৯. ক	১০. খ

RAISUL ISLAM HRIDOY

বাংলা দ্বিতীয় পত্র

শব্দ ও শব্দ প্রকারণ, সমার্থক বিপরীত ও পারিভাষিক শব্দ

শব্দ

এক বা একাধিক ধ্বনি বা বর্ণ মিলে কোন অর্থ প্রকাশ করলে তাকে শব্দ বলে। অর্থবোধক ধ্বনিকে শব্দ বলা হয়। বাক্যের মৌলিক উপাদান শব্দ। শব্দকে বাক্যের একক বলা হয় অর্থাৎ বাক্যের বাহন শব্দ। শব্দের অর্থযুক্ত ক্ষুদ্রাংশকে রূপ বলে।

শব্দ গঠনের উপায়:

শব্দ গঠনের উপায় তিনটি- উপসর্গ যোগে, প্রত্যয় যোগে ও সমাসের মাধ্যমে। এছাড়াও আরো কয়েকটি প্রক্রিয়ার কথা ব্যাকরণে উল্লেখ করা হয়েছে। যেমন:

০১. উপসর্গ যোগে: শব্দের আগে উপসর্গ যোগ করে। যেমন: আ + হার = আহার।

০২. প্রত্যয় যোগে: শব্দের শেষে প্রত্যয় যোগ করে। যেমন: ঢাকা + আই = ঢাকাই।

০৩. সমাসের সাহায্যে: সমাসের সাহায্যে একাধিক শব্দকে এক শব্দে পরিণত করে। যেমন: চৌ রাস্তার সমাহার = চৌরাস্তা।

০৪. সন্ধির সাহায্যে: সন্ধির সাহায্যে নতুন শব্দ গঠন হয়। যেমন: বিদ্যা + আলয় = বিদ্যালয়।

০৫. দ্বিরুক্তির সাহায্যে: দ্বিরুক্তির সাহায্যে নতুন শব্দ গঠিত হয়। যেমন: ঝির ও ঝির = ঝিরঝির।

০৬. পদ পরিবর্তনের মাধ্যমে: পদ পরিবর্তনের সাহায্যে নতুন শব্দ গঠিত হয়। যেমন: নামব (বিশেষ্য) = মানবিক (বিশেষণ)।

শব্দের শ্রেণী বিভাগ:

বিভিন্ন দৃষ্টিকোণ থেকে শব্দের শ্রেণী বিভাগ হতে পারে।

০১. **গঠনমূলক শেণী বিভাগ:** (ক) মৌলিক (খ) সাধিত।

০২. **অর্থ মূলক শেণী বিভাগ:** (ক) যৌগিক (খ) রূঢ়ি (গ) যোগরূঢ়

০৩. **উৎস মূলক শেণী বিভাগ:** (ক) তৎসম খ) অর্ধ-তৎসম গ) তদ্ভব ঘ) দেশী ও (ঙ) বিদেশী।

গঠনমূলক শেণী বিভাগ:

ক. মৌলিক শব্দ: যে সব শব্দ বিশ্লেষণ করা যায় না বা ভেঙ্গে আলাদা করা যায় না, সেগুলোকে মৌলিক শব্দ বলে। মৌলিক শব্দগুলোই হচ্ছে ভাষার মূল উপকরণ। যেমন: গোলাপ, নাক, লাল, তিন।

খ. সাধিক শব্দ: যে সব শব্দকে বিশ্লেষণ করা হলে আলাদা অর্থবোধক শব্দ পাওয়া যায়, সেগুলোকে সাধিক শব্দ বলে। সাধারণত একাধিক শব্দের সমাস হয়ে, কিংবা প্রত্যয় বা উপসর্গ যোগে হয়ে সাধিত শব্দ গঠিত হয়ে থাকে। যেমন: চাঁদমুখ (চাঁদের মতো মুখ), নীলাকাশ (নীল যে আকাশ), ডুবুরি (ডুব্ + উরি), চলন্ত (চল্ + অন্ত) ইত্যাদি।

RAISUL ISLAM HRIDOY

অর্থমূলক শ্রেণীবিভাগ:

ক. যৌগিক শব্দ: যে সকল শব্দের ব্যুৎপত্তিগত অর্থ ও ব্যবহারিক অর্থ একই রকম, সেগুলোকে যৌগিক শব্দ বলে। উদাহরণ: গায়ক = গৈ + ণক (অক) - অর্থ: গান করে যে। কর্তব্য = কৃ + তব্য - অর্থ: যা করা উচিত ইত্যাদি।

খ. রূঢ়ি শব্দ: যে শব্দ প্রত্যয় বা উপসর্গযোগে মূল শব্দের অর্থের অনুগামী না হয়ে অন্য কোনো বিশিষ্ট অর্থ জ্ঞাপন করে, তাকে রূঢ়ি শব্দ বলে। যেমন: হস্তী = হস্ত + ইন, অর্থ- হস্ত আছে যার; কিন্তু হস্তী বলতে একটি পশুকে বোঝায়। গবেষণা (গো + এষণা) অর্থ- গরু খোঁজা। গভীরতম অর্থ ব্যাপক অধ্যয়ন ও পর্যালোচনা।

গ. যোগরূঢ় শব্দ: সমাস নিষ্পন্ন যে সকল শব্দ সম্পূর্ণভাবে সমস্যমান পদসমূহের অনুগামী না হয়ে কোনো বিশিষ্ট অর্থ গ্রহণ করে, তাদের যোগরূঢ় শব্দ বলে। যেমন: পঙ্কজ- পঙ্কে জন্মে যা (উপপদ তৎপুরুষ সমাস)। শৈবাল, শালুক, পদ্মফুল প্রভৃতি নানাবিধ উদ্ভিদ পঙ্কে জন্মে থাকে। কিন্তু 'পঙ্কজ' শব্দটি একমাত্র 'পদ্মফুল' অর্থেই ব্যবহৃত। তাই পঙ্কজ একটি যোগরূঢ় শব্দ।

উৎস মূলক শেণী বিভাগ:

ক. তৎসম শব্দ: যেসব শব্দ সংস্কৃত ভাষা থেকে সোজাসুজি বাংলায় এসেছে এবং যাদের রূপ অপরিবর্তিত রয়েছে, সেসব শব্দকে বলা হয় তৎসম শব্দ। তৎসম একটি পারিভাষিক শব্দ। এর অর্থ [তৎ (তার) + সম (সমান)] = তার সমান অর্থাৎ সংস্কৃত। উদাহারণ: চন্দ্র, সূর্য, নক্ষত্র, ভবন, ধর্ম, পাত্র, মনুষ্য ইত্যাদি।

খ. তদ্ভব শব্দ: যেসব শব্দের মূল সংস্কৃত ভাষায় পাওয়া যায়, কিন্তু ভাষার স্বাভাবিক বিবর্তন ধারায় প্রাকৃতের মাধ্যমে পরিবর্তিত হয়ে আধুনিক বাংলা ভাষায় স্থান করে নিয়েছে, সেসব শব্দকে বলা হয় তদ্ভব শব্দ। তদ্ভব একটি পারিভাষিক শব্দ। এর অর্থ, 'তৎ (তার) থেকে 'ভব' (উৎপন্ন)। যেমন– সংস্কৃত- চর্মকার, প্রাকৃত- চম্মআর, তদ্ভব- চামার ইত্যাদি। এই তদ্ভব শব্দগুলোকে খাঁটি বাংলা শব্দও বলা হয়।

গ. অর্ধ-তৎসম শব্দ: বাংলা ভাষায় কিছু সংস্কৃত শব্দ কিঞ্চিৎ পরিবর্তিত আকারে ব্যবহৃত হয়। এগুলোকে বলে অর্ধ-তৎসম শব্দ। তৎসম মানে সংস্কৃত। আর অর্ধ তৎসম মানে আধা সংস্কৃত।

ঘ. দেশী শব্দ: বাংলাদেশের আদিম অধিবাসীদের (যেমন: কোল, মুন্ডা প্রভৃতি) ভাষা ও সংস্কৃতির কিছু কিছু উপাদান বাংলায় রক্ষিত হয়েছে। এসব শব্দকে দেশী শব্দ নামে অভিহিত করা হয়। অনেক সময় এসব শব্দের মূল নির্ধারণ করা যায় না; কিন্তু কোন ভাষা থেকে এসেছে তার হদিস মেলে। যেমন, কুড়ি (বিশ), -কোল ভাষা; পেট (উদর)-তামিল ভাষা; চুলা (উনুন)-মুন্ডারী ভাষা। এরূপ– কুলা, গঞ্জ, চোঙ্গা, টোপর, ডাব, ডাগর, ডিঙ্গা, ঢেঁকি ইত্যাদি আরও বহু দেশী শব্দ বাংরায় ব্যবহৃত হয়।

ঙ. বিদেশী শব্দ: রাজনৈতিক, ধর্মীয়, সংস্কৃতিগত ও বাণিজ্যিক কারণে বাংলাদেশে আগত বিভিন্ন ভাষাভাষী মানুষের বহু শব্দ বাংলায় এসে স্থান করে নিয়েছে। এসব শব্দকে দবলা হয় বিদেশী শব্দ। এসব বিদেশী শব্দের মধ্যে আরবি, ফারসি এবং ইংরেজী বিশেষভাবে উল্লেখ যোগ্য। সেকালের সমাজ জীবনের প্রয়োজনীয় উপকরণরূপে বিদেশী শব্দ এ দেশের ভাষায় গৃহীত হয়েছে। এছাড়া পর্তুগিজ, ফরাসি, ওলন্দাজ, তুর্কি এসব ভাষঅরও কিছু শব্দ একইভাবে বাংলা ভাষায় এসে গেছে। আমাদের পার্শ্ববর্তী ভারত, মায়ানমার (বার্মা), মালয়, চীন, জাপান প্রভৃতি দেশেরও কিছু শব্দ আমাদের ভাষায় প্রচলিত রয়েছে।

- **আরবি শব্দ:** বাংলায় ব্যবহৃত আরবি শব্দগুরে দুটো প্রধান ভাগে ভাগ করা যায়
  ১) ধর্মসংক্রান্ত শব্দ: আল্লাহ, ইসলাম, ঈমান, ওযু, কোরবানি, কুরআন, কিয়ামত, গোসল, জান্নাত, জাহান্নাম, তওবা, তসবি, যাকাত, হজ্জ, হাদিস, হারাম, হালাল ইত্যাদি।
  ২) প্রশাসনিক ও সাংস্কৃতিক শব্দ: আদালত, আলেম, ইনসান, ঈদ, উকিল, ওজর, এজল াস, এলেম, কানুন, কলম, কিতাব, কেচ্ছা, খারিজ, গায়েব, দোয়াত, নগদ, বাকি, মহকুমা, মুন্সেফ, মোক্তার, রায় ইত্যাদি।
- **ফারসি শব্দ:** বাংলা ভাষায় আগত ফারসি শব্দগুলোকে আমরা তিন ভাগে ভাগ করতে পারি।
  ১) ধর্মসংক্রান্ত শব্দ: খোদা, গুনাহ, দোযখ, নামায, পয়গম্বর, ফেরেশ্তা, বেহেশ্ত, রোযা ইত্যাদি।
  ২) প্রশাসনিক ও সাংস্কৃতিক শব্দ: কারখানা, চশমা, জবানবন্দি, তারিখ, তোশক, দফতর, দরবার, দোকা, দস্তখত, দৌলত, নালিশ, বাদশাহ, বান্দা, বেগম, মেথর, রসদ ইত্যাদি।
  ৩) বিবিধ শব্দ: আদমি, আমদানি, জানোয়ার, জিন্দা, নমুনা, বদমাস, রফতানি, হাঙ্গামা ইত্যাদি।
- **ইংরেজি শব্দ:** ইংরেজি শব্দ দুপ্রকারের পাওয়া যায়।
  ১) অনেকটা ইংরেজি উচ্চরণে: ইউনিভার্সিটি, ইউনিয়ন, কলেজ, টিন, নভেল, নোট, পাউডার, পেন্সিল, ফুটবল, ব্যাগ, মাস্টার, লাইব্রেরী, স্কুল ইত্যাদি।
  ২) পরিবর্তিত উচ্চারণে: আফিম (Opium), অফিস (Office), ইস্কুল (School), বাক্স (Box), বোতল (Bottle), হাসপাতাল (Hospital) ইত্যাদি।
- **ইংরেজি ছাড়া অন্যান্য ইউরোপীয় ভাষার শব্দ:**
  ১) পর্তুগিজ: আনারস, আলপিন, আলমারি, গীর্জা, গুদাম, চাবি, পাউরুটি, পাদ্রি, বালতি ইত্যাদি।
  ২) ফরাসি: কার্তুজ, কুপন, ডিপো, রেস্তোরাঁ ইত্যাদি।
  ৩) ওলন্দাজ: ইস্কাপন, টেক্কা, তুরুপ, রুইতন, হরতন ইত্যাদি।
- **অন্যান্য ভাষার শব্দ:**
  ১) গুজরাট: খদ্দর, হরতাল ইত্যাদি।
  ২) পাঞ্জাবি: চাহিদা, শিখ ইত্যাদি।
  ৩) তুর্কি: চাকর, চাকু, তোপ, দারোগা ইত্যাদি।
  ৪) চিনা: চা, চিনি ইত্যাদি।
  ৫) মায়ানমার (বার্মি): ফুঙ্গি, লুঙ্গি ইত্যাদি।
  ৬) জাপানি: রিক্সা, হারিকিরি ইত্যাদি।

RAISUL ISLAM HRIDOY

মিশ্র শব্দ: কোনো কোনো সমাস দেশী ও বিদেশী শব্দের মিলনেও এরূপ শব্দদ্বৈত সৃষ্টি হয়ে থাকে। যেমন, রাজা-বাদশা (তৎসম+ফারসি), হাট-বাজার (বাংলা+ফারসি), হেড-পন্ডিত (ইংরেজি+তৎসম), খ্রিস্টাব্দ (ইংরেজি+তৎসম), ডাক্তারখানা (ইংরেজি+ফারসি), পকেট-মার (ইংরেজি+বাংলা), চৌ-হদ্দি (ফারসি+আরবি) ইত্যাদি।

সমার্থক শব্দ

যে সব শব্দ এই অর্থ প্রকাশ করে তাদের সমার্থক বা একার্থক শব্দ বলে। রচনার মাধুর্য সৃষ্টির জন্য একটা অর্থকেই বিভিন্ন শব্দ দ্বরা প্রকাশ করার প্রয়োজন। কবিতায় এর প্রয়োজনীয়তা আরও বেশি হতে পারে। এখানে কতকগুলো সমার্থক শব্দের উদাহরণ দেওয়া হলো:

অন্ধকার	আঁধার, তমসা, তিমির।
আকাশ	অম্বর, গগন, নভঃ, নীলিমা।
আগুন	অগ্নি, অনল, পাবক, বহ্নি, হূতাশন।
ঈশ্বর	আল্লাহ, খোদা, জগদীশ্বর, ধাতা, বিধাতা, ভগবান, সৃষ্টিকর্তা, স্রষ্টা।
কান	কর্ণ, শ্রবণ।
চুল	অলক, কুন্তল, কেশ, চিকুর।
কোকিল	পরভৃত, পিক
গরু	গো, গাভী, ধেনু।
চাঁদ	চন্দ্র, নিশাকর, বিধু, শশধর, শশাঙ্ক, সুধাংশ, মিহাংশু, শশী।
চোখ	অক্ষি, চোক্ষু, নয়ন, নেত্র, লোচন।
জল	অম্বু, জীবন, নীর, পানি, সলিল।
তীর	কূল, তট, সৈকত।
দিন	দিবস, দিবা।
দেবতা	অমর, দেব, সুর।
দেহ	গাত্র, গা, তনু, শরীর।
ধন	অর্থ, বিত্ত, বিভব, সম্পদ।
নদী	দরিয়া, প্রবাহিনী, তটিনী, স্রোতস্বতী, স্রোতস্বিনী, নির্ঝরিণী।
নারী	অবলা, কামিনী, মহিলা, স্ত্রীলোক, রমণী।
পৃথিবী	অবনী, ধরা, ধরণী, ধরিত্রী, বসুন্ধরা, বসুধা, ভূ, মেদিনী
পর্বত	অচল, অদ্রি, গিরি, পাহাড়, ভূধর, শৈল।
পিতা	আব্বা, জনক, বাবা।
পুত্র	ছেলে, তনয়, নন্দন, সুত।
মাতা	গর্ভধারিণী, প্রসূতি, মা।
মৃত্যু	ইন্তেকাল, ইহলীলা-সংবরণ, ইহলোক ত্যাগ, চিরবিদায়, জান্নাতবাসী হওয়া, দেহত্যাগ, পঞ্চত্বপ্রাপ্তি, পরলোকগমন, লোকান্তরগমন, শেষনিঃশ্বাস ত্যাগ, সর্গলাভ।
রাজা	নৃপতি, নরপতি, ভূপতি
সূর্য	আদিত্য, তপন, দিবাকর, বাকর, প্রভাকর, অর্ক, দিনেশ, ভানু, মার্তন্ড, রবি, সবিতা, মিহির, সুর, পুষা।
স্বর্গ	দেবলোক, দ্যুলোক, বেহেশ্‌ত, সুরলোক।
সাপ	অহি, আশীবিষ, নাগ, ফণী, ভুজঙ্গ, সর্প।
সমুদ্র	অর্ণব, জলধি, জলনিধি, পারাবর, বারিধি, রত্নাকর, সাগর, সিন্ধু।
হাতি	কুঞ্জর, করী, গজ, মাতঙ্গ, হস্তী, ঐরাবত।
হরিণ	কুরঙ্গ
স্ত্রী	ভাষা, পত্নী, সহধর্মিনী, অর্ধাঙ্গী, দার, কলত্র, বধূ, বউ, বণিতা, জয়া, গৃহিনী, গিন্নী।

RAISUL ISLAM HRIDOY

বিপরীতার্থক শব্দ

বিসিএস ভার্ভেস্ট

একটি শব্দের বিপরীত অর্থবাচক শব্দকে বিপরীতার্থক শব্দ বলে। শব্দের পূর্বে সাধারণত অ, অন, অনা, অপ, অব, দুর, ন, না, নি, নির প্রায়ই না-বাচক বা নিষেধবোধক অর্থ প্রকাশ করে। তাই শব্দের বিরোধার্থক শব্দ তৈরিতে এই উপসর্গগুলো কিছুটা সাহায্য করে। তবে গঠনগত তিক থেকে শব্দের বিপরীতার্থক শব্দগুলো প্রায়ই মূল শব্দের সঙ্গে সম্পর্কশূণ্য। উদাহরণ:

শব্দ	বিপরীতার্থক শব্দ	শব্দ	বিপরীতার্থক শব্দ	শব্দ	বিপরীতার্থক শব্দ
কাজ	অকাজ	সঞ্চয়	অপচয়	আকর্ষণ	বিকর্ষণ
উপচয়	অপচয়	উন্নত	অবনত	পথ	বিপথ
কৃতজ্ঞ	অকৃতজ্ঞ, কৃতঘ্ন	উৎকর্ষ	অপকর্ষ	বাদী	বিবাদী
কেজো	অকেজো	যশ	অপযশ	যুক্ত	বিযুক্ত
চেতন	অচেতন	সবল	দুর্বল	সফল	বিফল
চেনা	অচেনা	সুকৃত	দুষ্কৃত	সুশ্রী	বিশ্রী
জানা	অজানা	সুখ	দুঃখ	স্মৃতি	বিস্মৃতি
জ্ঞানী	অজ্ঞান	সুলভ	দুর্লভ	ঠিক	বেঠিক
ধর্ম	অধর্ম	সুশীল	দুঃশীল	তাল	বেতাল
নশ্বর	অবিনশ্বর	আসল	নকল	হাল	বেহাল
লক্ষ্মী	অলক্ষ্মী	আস্তিক	নাস্তিক	হুশ	বেহুঁশ
শান্ত	অশান্ত	লায়েক	নালায়েক	অগ্র	পশ্চাৎ
শিষ্ট	অশিষ্ট	খুঁত	নিখুঁত	অচল	সচল
শুভ	অশুভ	খোঁজ	নিখোঁজ	অনুকূল	প্রতিকূল
শ্রদ্ধা	অশ্রদ্ধা	বিরত	নিরত	অন্তর	বাহির
সান্ত	অনন্ত			অন্তরঙ্গ	বহিরঙ্গ
স্থাবর	অস্থাবর	আশা	নিরাশা	অধম	উত্তম
	জঙ্গম	উৎসাহ	নিরুৎসাহ		
অতিবৃষ্টি	অনাবৃষ্টি			অধমর্ণ	উত্তমর্ণ
অভিজ্ঞ	অনভিজ্ঞ			অল্প	অধিক
অর্থ	অনর্থ	দোষী	নির্দোষ	আঠি	শাঁস
আচার	অনাচার	ধনী	নির্ধন, দরিদ্র	আকুঞ্চন	প্রসারণ
আত্মীয়	অনাত্মীয়	প্রবল	দুর্বল	আগে	পিছে
আদর	অনাদর	রোগ	নীরোগ	আপদ	সম্পদ
আবশ্যক	অনাবশ্যক	সচেষ্ট	নিশ্চেষ্ট	আপন	পর
আবিল	অনাবিল	সদয়	নির্দয়	আদান	প্রদান
আস্থা	অনাস্থা	সম্বল	নিঃসম্বল	আদি	অন্ত
ইচ্ছা	অনিচ্ছা	সরস	নীরস	আবির্ভাব	নিরোভাব
ইষ্ট	অনিষ্ট	সাকার	নিরাকার	আমদানি	রপ্তানি
উপস্থিত	অনুপস্থিত			আয়	ব্যয়
		অজ্ঞ	বিজ্ঞ	আসল	নকল
উপকার	অপকার	অনুরক্ত	বিরক্ত	ইতর	ভদ্র
মান	অপমান	অনুরাগ	বিরাগ	ইদানিং	তদানিং
ইহলোক	পরলোক	ডোবা	ভাসা	লঘু	গুরু
ইহা	উহা	তিরস্কার	পুরস্কার	লাভ	ক্ষতি, লোকসান
উচ্চ	নিচ	তেজী	নিস্তেজ	লাল	কাল
উত্থান	পতন	দাতা	গ্রহীতা	শত্রু	মিত্র
উদয়	অস্ত	দিন	রাত	শীঘ্র	বিলম্ব
উন্নতি	অবনতি	দীর্ঘ	হ্রস্ব	সত্য	মিথ্যা
ঊর্ধ্ব	অধ	দুষ্ট	শিষ্ট	সমষ্টি	ব্যাষ্টি
এলামেলো	গোছালো	দূর	নিকট	সার্থক	ব্যর্থ
ওঠা	নামা	দেওয়া	নেওয়া	সুন্দর	কুৎসিত
ওস্তাদ	সাগরেদ	দেনা	পাওনা	সৃষ্টি	ধ্বংস
শব্দ	**বিপরীতার্থক শব্দ**	**শব্দ**	**বিপরীতার্থক শব্দ**	**শব্দ**	**বিপরীতার্থক শব্দ**
কৃত্রিম	স্বাভাবিক	ধনি	নির্ধন, গরিব	স্থির	চঞ্চল
কোমল	কর্কশ	নতুন	পুরাতন	স্মৃতি	বিস্মৃতি

RAISUL ISLAM HRIDOY

ক্রয়	বিক্রয়	নরম	শক্ত	স্বকীয়	পরকীয়
ক্ষুদ্র	বৃহৎ	নিদ্রিত	জাগ্রত	স্বতন্ত্র	পরতন্ত্র
খাঁটি	ভেজাল	নিন্দা	প্রশংসা	স্বর্গ	নরক
খাতক	মহাজন	বন্ধন	মুক্তি	স্বাধীন	পরাধীন
খুচরা	পাইকারি	বন্ধু	শত্রু	হরণ	পূরণ
খোলা	বন্ধ	বর	বৌ	হার	জিত
গরিষ্ঠ	লঘিষ্ঠ	বর্ধমান	ক্ষীয়মান	হালকা	ভারি
গুরু	লঘু	বড়	ছোট	হাসি	কান্না
গৃহী	সন্ন্যাসী	বাচাল	স্বল্পভাষী	হ্রাস	বৃদ্ধি
গ্রহন	বর্জন	বিরহ	মিলন	জোয়ার	ভাটা
ঘাটতি	বাড়তি	বেহেশত্	দোযখ	মুখ্য	গৌণ
ঘাত	প্রতিঘাত	বোকা	চালাক	টাটকা	বাসি
চোর	সাধু	ব্যর্থ	সার্থক	মৃদু	প্রবল
চোখা	ভোঁতা	ভয়	সাহস	ঠকা	জেতা
ছাত্র	শিক্ষক	ভিতর	বাহির	রাজা	প্রজা
জন্ম	মৃত্যু	ভীতু	সাহসী	ঠান্ডা	গরম
জয়	পরাজয়	ভীরু	নির্ভীক	রুগ্ন	সুস্থ
জড়	চেতন	ভূত	ভবিষ্যৎ	জাগরিত	নিদ্রিত
ভোঁতা	ধারাল	জীবন	মরণ	মিলন	বিরহ

পারিভাষিক শব্দ:

পারিভাষিক শব্দ: বাংলা ভাষায় প্রচলিত বিদেশী শব্দের ভাবানুবাদমূলক প্রতিশব্দকে পারিভাষিক শব্দ বলে। এর বেশির ভাগই এ কালের প্রয়োগ।

উদাহরণ: আম্লজান- oxygen; উদযান- hydrogen; নথি- file; প্রশিক্ষণ- training; ব্যবস্থাপক- manager; বেতার- radio; মহাব্যবস্থাপক- general manager; সচিব- secretary; স্নাতক- graduate; স্নাতকোত্তর- post graduate; সমাপ্তি- final; সাময়িকী- periodical; সমীকরণ- equation; ইত্যাদি।

জ্ঞতব্য: বাংলা ভাষার শব্দসম্ভার দেশী, বিদেশী, সংস্কৃত- যে ভাষা থেকেই আসুক না কেন, এখন তা বাংলা ভাষার নিজস্ব সম্পদ। এগুলো বাংলা ভাষার সঙ্গে এমনভাবে মিশে গেছে যে, বাংলা থেকে আলাদা করে এদের কথা চিন্তা করা যায় না। যেমন- টেলিফোন, টেলিগ্রাফ, টেলিভিশন, রেডিও, স্যাটেলাইট ইত্যাদি প্রচলিত শব্দের কঠিনতর বাংলা পরিভাষা সৃষ্টি নিষ্প্রয়োজন।

RAISUL ISLAM HRIDOY

অনুশীলনী:

০১) বাক্যের একক কোনটি?

ক) উক্তি খ) বিভক্তি গ) উপসর্গ ঘ) শব্দ

০২) বাক্যের মৌলিক উপাদান কোনটি?
ক) ভাষা খ) ধ্বনি গ) বর্ণ ঘ) শব্দ

০৩) অর্থবোধক ধ্বনিকে বলা হয়-
ক) বাক্য খ) উপসর্গ গ) শব্দ ঘ) প্রত্যয়

০৪) এক বা একাধিক বর্ণ মিলে কোনো অর্থ প্রকাশ করলে তাকে কি বলে?
ক) পদ খ) শব্দ গ) ধাতু ঘ) প্রকৃতি

০৫) শব্দের অর্থযুক্ত ক্ষুদ্রাংশকে বলা হয়?
ক) রূপ খ) বাক্য গ) অর্থ ঘ) কোনোটিই নয়

০৬) বাংলা ভাষায় শব্দ সাধন হয় না নিম্নোক্ত কোন উপায়ে?
ক) সমাস দ্বারা খ) উপসর্গ দ্বারা গ) লিঙ্গ পরিবর্তন দ্বারা ঘ) ক, খ ও গ তিন উপায়েই হয়

০৭) নতুন শব্দ গঠন করে-
ক) সন্ধি ও সমাস খ) সন্ধি ও কারক গ) সমাস ও পদ ঘ) প্রত্যয় ও পুরুষ

০৮) বিভিন্ন দৃষ্টিকোন থেকে বাংলা ভাষার শব্দসমূহকে কয়টি শ্রেণিতে ভাগ করা যায়-
ক) ৫টি খ) ৪টি গ) ৩টি ঘ) ২টি

০৯) গঠন অনুসারে শব্দ কয় প্রকার?
ক) তিন খ) দুই গ) পাঁচ ঘ) চার

১০) কোন শব্দকে বিশ্লেষণ করা যায় না-
ক) যৌগিক শব্দ খ) যোগরূঢ় শব্দ গ) রূঢ়ি শব্দ ঘ) মৌলিক শব্দ

১১) মৌলিক শব্দ কোনটি?
ক) গোলাপ খ) শীতল গ) নেয়ে ঘ) গৌরব

১২) কোনটি মৌলিক শব্দ?
ক) লোনা খ) ডিঙ্গা গ) ফুল ঘ) চাকা

১৩) কোনটি সাধিত শব্দ নয়?
ক) পানসা খ) ফুলেল গ) গোলাপ ঘ) হাতল

RAISUL ISLAM HRIDOY

০১. ঘ	০২. ঘ	০৩. গ	০৪ খ	০৫. ক	০৬. খ	০৭. ক	০৮. গ	০৯. খ	১০. ঘ
১১. ক	১২. গ	১৩. গ							

১৪) শব্দার্থ অনুসারে বাংলা ভাষার শব্দ সমষ্টিকে ভাগ করা যায়-
ক) দুই ভাগে খ) তিন ভাগে গ) চার ভাগে ঘ) পাঁচ ভাগে

১৫) যেসব শব্দের বুৎপত্তিগত অর্থ ও ব্যবহারিক অর্থ অভিন্ন, তাকে বলে-
ক) যৌগিক শব্দ খ) যোগরূঢ় শব্দ গ) রূঢ়ি শব্দ ঘ) মৌলিক শব্দ

১৬) কোনটি যৌগিক শব্দ?
ক) তৈল খ) রেশম গ) গৌহিত্র ঘ) মহাযাত্রা

১৭) 'সাংবাদিক' শব্দটি একটি-
ক) মৌলিক খ) সাধিত গ) যৌগিক ঘ) প্রতিপাদিক

১৮) কোন দুটি শব্দ যৌগিক শব্দ?
ক) হস্তী, বাঁশি খ) গায়ক, বাবুয়ানা গ) রাজপুত, সহযাত্রা ঘ) ঢাকা, গোলাপ

১৯) যৌগিক শব্দ কোনটি?
ক) তৈল খ) জলধি গ) প্রবীণ ঘ) গায়ক

২০) 'মিতালি' কোন প্রকৃতির শব্দ?
ক) যৌগিক খ) রূঢ়ি গ) যোগরূঢ়ি ঘ) অব্যয়

২১) যেসব শব্দের মূল অর্থ প্রকাশ না করে অন্য বিশিষ্ট অর্থ প্রকাশ করে, তাকে কি বলে?
ক) যৌগিক শব্দ খ) যোগরূঢ় শব্দ গ) রূঢ়ি শব্দ ঘ) মৌলিক শব্দ

২২) 'সন্দেশ' অর্থগত দিক হয়ে কোন শ্রেণির শব্দ?

ক) মৌলিক খ) যৌগিক গ) রূঢ়ি ঘ) যোগরূঢ়

২৩) কোনটি যোগরূঢ় শব্দ?
ক) পঙ্কজ খ) সন্দেশ গ) প্রবীণ ঘ) গায়ক

২৪) যোগরূঢ় শব্দের উদাহরণ কোনটি?
ক) জলদ খ) জলজ গ) বনজ ঘ) সহজ

২৫) নিচের কোনটি যোগরূঢ় শব্দের উদারহণ?
ক) আদিত্য খ) বালার্ক গ) অরণি ঘ) অর্ণব

২৬) অর্থবিচারে 'তুরঙ্গম' কোন ধরনের শব্দ?
ক) যৌগিক খ) রূঢ় গ) যোগরূঢ় ঘ) অর্থহীন

২৭) 'যোগরূঢ়' শব্দের উদাহরণ-
ক) দারুণ খ) রাজপুত গ) রাজপুত্র ঘ) সন্দেশ

২৮) চাঁদ + মুখ কোন ধরনের শব্দ?
ক) মৌলিক শব্দ খ) সাধিত শব্দ গ) যোগরূঢ় শব্দ ঘ) যৌগিক শব্দ

২৯) সুহৃদ কী ধরনের শব্দ?
ক) মৌলিক খ) রূঢ়ী গ) যোগরূঢ় ঘ) যৌগিক

১৪. খ	১৫. ক	১৬. গ	১৭. গ	১৮. খ	১৯. ঘ	২০. ক	২১. গ	২২. গ	২৩. ক
২৪. ক	২৫. ক	২৬. গ	২৭. খ	২৮. গ	২৯. গ				

৩০) তৎসম শব্দ বলতে কি বুঝায়?
ক) তদ্ভব খ) দ্বিরুক্তি গ) সংস্কৃত শব্দ ঘ) কৃদন্ত শব্দ

৩১) যেসব সংস্কৃত শব্দ কোনোরূপ পরিবর্তন ছাড়াই বাংলা ভাষায় এসেছে তাদেরকে কি বলে?
ক) তৎসম শব্দ খ) তদ্ভব শব্দ গ) অর্ধ-তৎসম শব্দ ঘ) মিশ্র শব্দ

৩২) নিচের কোন শব্দটি তৎসম শব্দ নয়?
ক) হারাম খ) চন্দ্র গ) নক্ষত্র ঘ) সূর্য

৩৩) নিচের কোন শব্দটি তৎসম শব্দ?
ক) জীবন খ) গোয়ালা গ) পেট ঘ) ডিঙ্গি

৩৪) তৎসম শব্দ কোনটি?
ক) বৈষ্ণব খ) নক্ষত্র গ) চামার ঘ) ঈমান

৩৫) 'গৃহিণী' কি জাতীয় শব্দ?
ক) বিদেশি খ) আধা-সংস্কৃত গ) সংস্কৃত ঘ) দেশি

৩৬) নিচের কোনটি তৎসম শব্দ?
ক) চাঁদ খ) ভবন গ) বালতি ঘ) হরতাল

৩৭) সাংস্কৃত শব্দ কোনটি তা নির্দেশ করুন-
ক) আম্মা খ) মা গ) মাতা ঘ) মাত

৩৮) 'চন্দ্র' কোন শব্দের উদাহরণ?
ক) তৎসম খ) তদ্ভব গ) বিদেশি ঘ) দেশি

৩৯) 'ব্যাকরণ' শব্দটি কোন ভাষা থেকে বাংলা ভাষায় এসেছে?
ক) বাংলা খ) সংস্কৃত গ) বিদেশি ঘ) তদ্ভব

৪০) 'অঞ্চল' কোন শ্রেণির শব্দ?
ক) তদ্ভব খ) তৎসম গ) ফারসি ঘ) ইংরেজি

৪১) 'ধুম্র' শব্দটি নিচের কোন শ্রেণিভুক্ত?
ক) অর্ধ তৎসম খ) দেশি গ) তদ্ভব ঘ) তৎসম

৪২) 'পাঠক' শব্দটি নিচের কোন শেণির ধাতু হতে গঠিত?
ক) সংস্কৃত খ) খাঁটি বাংলা গ) দেশি ঘ) বিদেশি

৪৩) 'শাড়ি' শব্দের উৎস-

RAISUL ISLAM HRIDOY

ক) সংস্কৃত 'শাচী' খ) প্রাকৃত 'শাকি' গ) মাগধী 'সারি' ঘ) গৌড়ী 'শাড়ি'

৪৪) 'দই' শব্দটির উৎস ভাষা-

ক) আরবি খ) সংস্কৃত গ) তুর্কি ঘ) পর্তুগিজ

৩০. গ	৩১. ক	৩২. ক	৩৩. ক	৩৪. ক, খ	৩৫. গ	৩৬. খ	৩৭. গ	৩৮. ক	৩৯. খ
৪০. খ	৪১. ঘ	৪২. ক	৪৩. ক	৪৪. খ					

৪৫) 'তদ্ভব' অর্থ হলো-

ক) তার সমান খ) তার থেকে ভাবনা গ) তার থেকে উৎপন্ন ঘ) তার ভুবন

৪৬) চন্দ্র শব্দের তদ্ভব রূপ-

ক) চন্দ খ) চাঁদ গ) চান্দ্র ঘ) চন্দ্রিমা

৪৭) 'চাঁদ' কোন শ্রেণির শব্দ?

ক) তৎসম খ) অর্ধ-তৎসম গ) তদ্ভব ঘ) দেশি

৪৮) কোনটি তদ্ভব শব্দ?

ক) চাঁদ খ) সূর্য গ) নক্ষত্র ঘ) গগণ

৪৯) নিচের কোনটি তদ্ভব?

ক) অলাবু খ) ভিটা গ) ফল ঘ) নদী

৫০) কোনটি তদ্ভব শব্দ নয়?

ক) বেও খ) নাচ গ) দুই ঘ) পুস্তক

৫১) "ওরে, বাছা মাতৃকোষে রতনের রাজি"- 'বাছা' শব্দটি?

ক) তৎসম খ) তদ্ভব গ) দেশি ঘ) অর্ধ-তৎসম

৪৫. গ	৪৬. খ	৪৭. গ	৪৮. ক	৪৯. খ	৫০. ঘ	৫১. খ			

৫২) খিদে কোন ধরনের শব্দ?

ক) তৎসম খ) অর্ধ-তৎসম গ) দেশি ঘ) তদ্ভব

৫৩) গিন্নী, কেষ্ট শব্দ দুটি কোন ধরনের শব্দ?

ক) তৎসম খ) অর্ধতৎসম গ) দেশি ঘ) বিদেশি

৫৪) নিচের কোনটি অর্থ তৎসম শব্দ?

ক) গিন্নী খ) হস্ত গ) গঞ্জ ঘ) তসবি

৫৫) 'গোরাম' কোন জাতীয় শব্দ?

ক) তৎসম খ) অর্ধ-তৎসম গ) তদ্ভব ঘ) দেশি

৫৬) 'কৃষ্ণ' -এর অর্ধ-তৎসম শব্দ কোনটি?

ক) পুত্র খ) কেষ্ট গ) পুত্তর ঘ) বিষ্ট

৫২. খ	৫৩. খ	৫৪. ক	৫৫. খ	৫৬. খ					

৫৭) অনার্য জাতির ব্যবহৃত শব্দকে কি বলে?

ক) দেশি খ) বিদেশি গ) তৎসম ঘ) বাংলা

৫৮) কোন শব্দগুচ্ছে তৎসম, তদ্ভব ও দেশি শব্দ রয়েছে?

ক) ধর্ম, ভবন, বোষ্টম, বদমাস খ) পুত্র, চামার, টোপর, জ্যোছনা গ) চুলা, কাঁচি, চর্মকার, মনুষ্য ঘ) মহকুমা, কুচ্ছিত, নক্ষত্র, গিন্নি

৫৯) 'কুড়ি' কোন শ্রেণীর শব্দ?

ক) তৎসম খ) তদ্ভব গ) দেশি ঘ) বিদেশি

RAISUL ISLAM HRIDOY

৬০) 'কুড়ি' শব্দটি এসেছে-
ক) 'কুঁড়ে' থেকে খ) 'কুড়িল' থেকে গ) 'কোরক' থেকে ঘ) 'পুষ্ট' থেকে।

৬১) কোনটি খাঁটি বাংলা শব্দ?
ক) ঢোল খ) ঈদ গ) হালুয়া ঘ) আনারস

৬২) 'হাসনাহেনা' কোন ভাষার শব্দ?
ক) পর্তুগিজ খ) হিন্দি গ) জাপানি ঘ) ফরাসি

৬৩) ক্যারাটে, জুতো, রিকশা কোন দেশি শব্দ?
ক) জার্মানি খ) জাপানি গ) চীনা ঘ) অস্ট্রেলিয়া

৬৪) 'সুনামি' শব্দটি–
ক) জাপানি খ) ডাচ্ গ) ফরাসি ঘ) চীনা

৬৫) 'লুঙ্গি' কোন ভাষার শব্দ?
ক) চীনা খ) বর্মী গ) নেপালি ঘ) ভুটানি

৬৬) 'খদ্দর' কোন ভাষার শব্দ?
ক) গুজরাটি থেকে খ) হিন্দি থেকে গ)উর্দু থেকে ঘ) বর্মি থেকে

৬৭) 'হরতাল' কোন ভাষার শব্দ?
ক) ওলন্দাজ খ) চীনা গ) গুজরাটি ঘ) ফারসি

৬৮) 'উকিল' কোন দেশি শব্দ?
ক) ফারসি শব্দ খ) পাঞ্জাবি শব্দ গ) আরবি শব্দ ঘ) উর্দু শব্দ

৬৯) 'আদালত' শব্দটি কোন ভাষার শব্দ?
ক) ফারসি খ) আরবি গ) বাংলা ঘ) পর্তুগিজ

৭০) 'তেজরাত' শব্দটি-
ক) আরবি খ) তুর্কি গ) হিন্দি ঘ) জাপানি

৭১) 'তুফান' শব্দটি কোন ভাষা হতে আগত?
ক) আরবি খ) তুর্কি গ) হিন্দি ঘ) জাপানি

৭২) 'তবলা' শব্দটির উৎপত্তি কোন ভাষা থেকে?
ক) আরবি খ) ফার্সি গ) পর্তুগিজ ঘ) সংস্কৃত

৭৩) 'মশকরা' ও 'মশগুল' শব্দ দুটি-
ক) তুর্কি খ) হিন্দি গ) ফারসি ঘ) আরবি

৭৪) বাংলা ভাষায় ব্যবহৃত 'লেবু' শব্দটি কোন ভাষা থেকে আগত?
ক) ফরাসি খ) আরবি গ) ফারসি ঘ) হিন্দি

৭৫) 'খোদা' কোন ভাষার শব্দ?
ক) আরবি খ) উর্দু গ) ফারসি ঘ) বাংলা

৭৬) 'তারিখ' শব্দটি কোন ভাষা থেকে এসেছে?
ক) আরবি খ) ফরাসি গ) ফারসি ঘ) গুজরাটি

৭৭) 'ফরমান' শব্দটি কোন ভাষা থেকে বাংলা ভাষায় এসেছে?
ক) আরবি খ) ফারসি গ) হিন্দি ঘ) উর্দু

৭৮) 'জঙ্গল' শব্দটি কোন ভাষা থেকে এসেছে?
ক) হিন্দি খ) পার্সী গ) তুর্কি ঘ) ফরাসি

৭৯) 'পেয়ারা' কোন ভাষা থেকে আগত?
ক) পর্তুগিজ খ) ফারসি গ) গুজরাটি ঘ) উর্দু

৮০) নিচের কোনটি পর্তুগিজ ভষার শব্দ নয়?
ক) আনারস খ) আলমারি গ) গুদাম ঘ) চাহিদা

৮১) বাংলা ভাষায় ব্যবহৃত 'টুপি' শব্দটি কোন দেশিয়?
ক) ফরাসি খ) ফারসি গ) পর্তুগিজ ঘ) হিন্দি

৮২) আলকাতরা শব্দ টি কোন ভাষা থেকে আগত?
ক) তুর্কি খ) আরবি গ) পর্তুগিজ ঘ) ফরাসি

RAISUL ISLAM HRIDOY

৮৩)'সাবান' একটি-
ক) বিদেশি শব্দ খ) দেশি শব্দ গ) তদ্ভব শব্দ ঘ) তৎসম শব্দ
৮৪) 'কোর্মা' কোন দেশি শব্দ?
ক) পর্তুগিজ খ) ফারসি গ) তুর্কি ঘ) উর্দু
৮৫)'কাঁচি' কোন ধরনের শব্দ?
ক) আরবি খ) ফারসি গ) হিন্দি ঘ) তুর্কি
৮৬)দাপ্তরিক কোন শব্দটি ইংরেজী ভাষা থেকে আগত?
ক) আইন খ) দাখিল গ) এজেন্ট ঘ) মুচলেকা
৮৭) কোনটি ইংরেজী শব্দ?
ক) ম্যাজেন্টা খ) পিস্তল গ) আলমারি ঘ) কমা
৮৮) 'পানি' শব্দটি ে কোন ভপাষা থেকে বাংলায় এসেছে?
ক) সংস্কৃত খ) ফারসিগ) হিন্দি ঘ) আরবি
৮৯)'ঠান্ডা' শব্দটি কোন ভাষা থেকে বাংলা ভাষায় এসেছে?
ক) হিন্দি খ) কোরিয়ান গ) তুর্কি ঘ) জাপানি
৯০)'মা' শব্দটি কোন ভাষা থেকে এসেছে?
ক) ল্যাটিন খ) আরবি গ) হিন্দি ঘ) কোনোটিই নয়
৯১) 'কিন্ডারগার্টেন' শব্দটি কোন ভাষপা থেকে ইংরেজি ভাষায় এসেছে?
ক) জার্মান খ) জাপানি গ) পর্তুগিজ ঘ) সংস্কৃত
৯২) 'তিমির' শব্দের মিল শব্দ কোনটি?
ক) কালো খ) অন্ধকার গ) কুশ্রী ঘ) সন্ধা
৯৩)'আগুন' এর সমার্থক শব্দগ কোনটি?
ক) সুবর্ণ খ) অনল গ) মার্তণ্ড ঘ) কর
৯৪) 'বীতিহেত্র' এর সমার্থক শব্দ কোনটি?
ক) অগ্নি খ) অপলক গ) লালসাঘ) যজ্ঞ
৯৫)'সর্বভুক' শব্দের সমার্থক শব্দ-
ক) রাক্ষস খ) ক্ষুধার্ত গ) আগুন ঘ) মাংসাশী
৯৬)'অভিলাষ' শব্দের অর্থ কী?
ক) ইচ্ছা খ) উল্লাস গ) অলক ঘ) আকাশ
৯৭) 'উচ্ছ্বাস' শব্দের প্রতিশব্দ নয় কোনটি?
ক) স্ফুরণ খ) উদ্ভাসিত গ) স্ফীতি ঘ) বিকাশ
৯৮)'অন্যপুষ্ট' বলা হয় কোন পাখিকে?
ক) কাক খ) কোকিল গ) কবুতর ঘ) ময়না
৯৯)'বায়স' শব্দের অর্থ কী?
ক) শিয়াল খ) বৃদ্ধ গ) কাক ঘ) বুদ্ধিমান
১০০) 'কপোল' শব্দের অর্থ কি?
ক) গণ্ডদেশ খ) ললাট গ) চিবুক ঘ) কপাল
১০১) 'ক্ষীয়মান ' এর বিপরীতার্থক শব্দ কি?
ক) বৃহৎ খ) বর্ধিষ্ণু গ) বর্তমান ঘ) বৃদ্ধিপ্রাপ্ত
১০২) 'কৃষ্ণ' এর বিপরীতার্থক শব্দ কোনটি?
ক) সাদা খ) শুক্ল গ) অন্ধকার ঘ) আলো
১০৩) 'চিরায়ত' শব্দের সঠিক বিপরীতার্থক শব্দ কোনটি?
ক) সমসাময়িকখ) কদাচিৎ গ) প্রতিদিন ঘ) অক্ষয়
১০৪) 'জঙ্গম' এর বিপরীতার্থক শব্দ কি?
ক) অরণ্য খ) সমুদ্র গ) পর্বত ঘ) স্থাবর
১০৫) 'প্রশান্তি' শব্দের বিপরীতার্থক শব্দ কোনটি?
ক) অশান্তি খ) নিন্দা গ) দুশ্চিন্তা ঘ) চঞ্চলতা

RAISUL ISLAM HRIDOY

৫৭. ক	৫৮. খ	৫৯. গ	৬০. গ	৬১. ক	৬২. গ	৬৩. খ	৬৪. ক	৬৫. খ	৬৬. ক
৬৭. গ	৬৮. গ	৬৯. খ	৭০. ক	৭১. ক	৭২. ক	৭৩. ঘ	৭৪. খ	৭৫. গ	৭৬. গ
৭৭. খ	৭৮. খ	৭৯. ক	৮০. ঘ	৮১. গ	৮২. খ/ঘ	৮৩. ক	৮৪. গ	৮৫. ঘ	৮৬. গ
৮৭. ঘ	৮৮. গ	৮৯. ক	৯০. গ	৯১. ক	৯২. খ	৯৩. খ	৯৪. ক	৯৫. গ	৯৬. ক
৯৭. খ	৯৮. খ	৯৯. গ	১০০. ক	১০১. খ	১০২. খ	১০৩. খ	১০৪. ঘ	১০৫. ক	

অনুসর্গ

১) কোনটি ক্রিয়াজাত অনুসর্গ?
ক) থেকে খ) নিমিত্ত গ) কর্তৃক ঘ) দ্বারা

২) অনুসর্গ কী করে?
ক) বিভক্তির কাজ করে খ) শব্দের অর্থের পরিবর্তন করে
গ) শব্দের অর্থ স্পষ্টতর করে ঘ) বাক্যের অর্থ প্রকাশে সাহায্য করে

৩) 'দংশনক্ষত শ্যেন বিহঙ্গ যুঝে ভূজন সনে'- এ বাক্যে 'সনে' অনুসর্গেও অর্থ-
ক) বিরুদ্ধগামিতা খ) দীর্ঘবিরতি গ)একদেশ অর্থে ঘ) ব্যতিরেকে

৪) 'নিমেষ তরে ইচ্ছা বিকট উল্লাসে'-এ বাক্যে অনুসর্গ-
ক) নিমেষ খ) তরে গ) ইচ্ছা ঘ) করে

৫) অনুসর্গের অপর নাম কী?
ক) উপসর্গ খ) বিভক্তি গ) কর্মপ্রবচনীয় ঘ) প্রতিপদিক

৬) 'বিনে স্বদেশী ভাষা মিটে কি আশা'। এখানে 'বিনে' কী অর্থ প্রকাশ করেছে?
ক) সঙ্গে খ) ব্যতিরেক গ) প্রয়োজন ঘ) আবশ্যিকতা

৭) কর্মপ্রবচনীয় সাধারণত কোথায় বসে?
ক) প্রতিপদিকের পরে খ) প্রতিপদিকের পূর্বে গ) ধাতুর পূর্বে ঘ) প্রত্যয়ের পরে

৮) 'এদেশের মাঝে একদিন সব ছিল' -এবাক্যে মাঝে অনুসর্গ কী অর্থে ব্যবহৃত হয়েছে?
ক) মধ্যে অর্থে খ) ব্যপ্তি অর্থে গ) একদেশিক অর্থে ঘ) নিকট অর্থে

৯) 'শরতের পর আসে বসন্ত' এখানে 'পর' অনুসর্গটি কী অর্থ প্রকাশ করছে?
ক) বিরতি খ) নৈকট্য গ) দীর্ঘ বিরতি ঘ) অল্প বিরতি

১০) 'আছ তুমি প্রভু জগৎ মাঝারে'-এ বাক্যে 'মাঝারে' শব্দটি কী অর্থে ব্যবহৃত হয়েছে?
ক) সঙ্গে খ) মধ্যে গ) বাইরে ঘ) ব্যাপ্তি

১১) অনুসর্গ সাধারনত কোথায় বসে?
ক) শব্দের পূর্বেখ) শব্দের মধ্যে গ) শব্দের পরে ঘ) বাক্যের শেষে

১২) 'কী হেতু এসেছ তুমি কহ বিস্তারিয়া'। -এ বাক্যে 'হেতু' অনুসর্গটি কী অর্থে ব্যবহৃত হয়েছে?
ক) নিমিত্তে অর্থে খ) প্রতি অর্থে গ) পক্ষে ঘ) পানে

১৩) 'রাজার পক্ষে সব কিছুই সম্ভব'। -এ বাক্যে 'পক্ষে' অনুসর্গটি কী অর্থে ব্যবহৃত হয়েছে?
ক) দীর্ঘ বিরতি খ) নিকটে গ) স্বল্প বিরতি ঘ) সঙ্গে

১৪) 'পর্যন্ত' অর্থে কোন অণুসর্গটি বাক্যে ব্যবহৃত হয়েছে?
ক) শরতের পরে আসে হেমন্ত খ) সন্ধ্যা অবধি অপেক্ষা করব
গ) কি হেতু এসেছ তুমি কহ বিস্তারিয়া ঘ) এ ধন-সম্পদ তোমার জন্য

১৫) এ ঘটনার পরে আর এখানে থাকা যায় না। এ বাক্যে 'পরে' অনুসর্গটি কী অর্থে ব্যবহৃত?
ক) দীর্ঘ বিরতি খ) নিকটে গ) স্বল্প বিরতি ঘ) সঙ্গে

১৬) নিচের কোনটি বিভক্তি সূচক অনুসর্গ?
ক) সহিত খ) অপেক্ষা গ) দ্বারা ঘ) বিনা

১৭) তোমার তরে এনেছি মালা গাঁথিয়া। -এখানে 'তরে' শব্দটি কী অর্থে প্রকাশ করছে?

RAISUL ISLAM HRIDOY

ক) মত খ) হেতু গ) নিকট ঘ) নিমিত্ত

০১. গ	০২. গ	০৩. ক	০৪. খ	০৫. গ	০৬. খ	০৭. ক	০৮. গ	০৯. গ	১০. ঘ
১১. গ	১২. ক	১৩. ঘ	১৪. খ	১৫. গ	১৬. গ	১৭. ক			

শব্দের দ্বিরবক্তি

০১) 'ডেকে ডেকে হয়রান হয়েছি'-এখানে 'ডেকে ডেকে' দ্বিরুক্তিটি কোন অর্থে?
ক) স্বল্পকাল স্থায়ী খ) দীর্ঘকাল স্থায়ী গ) অস্থিরতা ঘ) ভাইয়ে ভাইয়ে যুদ্ধ

০২) বিশেষণ পদযোগে গঠিত দ্বিরুক্ত শব্দ কোনটি?
ক) লাল লাল ফুল খ) জ্বর জ্বর লাগছে গ) গ্রামে গ্রামে যাব ঘ) ভাইয়ে ভাইয়ে যুদ্ধ

০৩) সমার্থক যুগ্ম শব্দটি চিহ্নিত করুন।
ক) হাসি-খুশি খ) আকাশ-পাতাল গ) কালি-কলম ঘ) দিন-দিন

০৪) ধ্বনাত্মক শব্দের দ্বিরুক্তি কোনটি?
ক) ধীরে সুস্থে খ) রেগে মেগে গ) জাঁক জমক ঘ) ঝম্ ঝম্

০৫) শব্দদ্বৈতের উদাহরণ–
ক) তাড়াতাড়ি খ) অলি-গলি গ) ভালো-মন্দ ঘ) সবগুলোই

০৬) নীচের কোনটি ধ্বন্যাত্মক শব্দ?
ক) পথে পথে খ) ছাইভস্ম গ) মারামারি ঘ) ছট্‌ফট্

০৭) ছি, ছি, তুমি এত খারাপ? এখানে ছি, ছি, কী অর্থ প্রকাশ করে;
ক) অনুভূতি ভাব খ) পৌণঃপুনিকত গ) ভাবের গভীরতা গ) বিরক্তি প্রকাশ

০৮) কোন দ্বিরুক্ত শব্দটিতে স্বল্পকাল স্থায়ী বোঝানো হয়েছে?
ক) দেখে দেখে যাও খ) কালো কালো চেহারা
গ) ডেকে ডেকে হয়রান হয়েছি ঘ) দেখতে দেখতে আকাশ কাল হয়ে গেল

০৯) "চিকমিক করে বালি কোথা নাই কাদা'-এ বাক্যে 'চিকমিক' শব্দটি–
ক) বিশেষণ খ) ক্রিয়া গ) ক্রিয়াবিশেষণ ঘ) অব্যয়

১০) কোনটি যুগ্মরীতির দ্বিরুক্ত শব্দ নয়?
ক) ডাল ভাত খ) কুহুকুহু গ) অলিগলি ঘ) মিটমাট

১১) অনুভুতিজাত কাল্পনিক ধ্বনির অনুকার কোনটি?
ক) পিটপিট খ) ঘেউঘেউ গ) ট্যাট্যা ঘ) কাকা

১২) কোনটি বিশেষণ শব্দ যুগলের দ্বিরুক্তি?
ক) ধামা ধামা খ) কবি কবি গ) কালো কালো ঘ) নেই নেই

১৩) কোনটি পদাত্মক দ্বিরুক্তি?
ক) ভাল ভাল খ) মিট মিট গ) লেন দেন ঘ) মনে মনে

১৪) 'নামিল নভে বাদল ছলছল বেদনায়'- বাক্যটিতে ব্যবহৃত দ্বিরুক্তি শব্দ কোন পদ?
ক) বিশেষ্য খ) বিশেষণ গ) ক্রিয়া ঘ) ক্রিয়া বিশেষণ

১৫) 'ছেলেটি থেকে থেকে কাঁদছে'- বাক্যটিতে ব্যবহৃত দ্বিরুক্ত শব্দ কোন পদ?
ক) ভাবের প্রগাড়তা খ) কালের বিস্তার গ) সতর্কতা ঘ) ক + খ

১৬) ভিন্নার্থক শব্দ যোগে যুগ্মরীতির দ্বিরুক্ত শব্দ কোনটি?
ক) জন্ম-মৃত্যু খ) অলিগলি গ) ভাতটাত ঘ) চালচলন

১৭) 'কালো কালো চেহারা'। এখানে 'কালো কালো' দ্বিরুক্তির প্রয়োগ হয়েছে কী অর্থে?
ক) তীব্রতা খ) আধিক্য গ) সামান্যতা ঘ) অনুভূতি

১৮) কোনটি যুগ্মরীতির দ্বিরুক্ত শব্দ?
ক) তালাচাবি খ) মিউ মিউ গ) মুখে মুখে ঘ) পিট পিট

১৯) কোনটি পদাত্মক দ্বিরুক্তি?

RAISUL ISLAM HRIDOY

ক) ভয়ে ভয়ে খ) অলিগলি গ) ছটফট ঘ) টাপুর টুপুর

২০) কোনটি ক্রিয়া বিশেষণের দ্বিরুক্তি?

ক) ঘুমিয়ে ঘুমিয়ে শুনলে কীভাবে খ) ফিরে ফিরে চায় গ) দেখে দেখে যেও ঘ) সবগুলোই

০১. ঘ	০২. ক	০৩. ক	০৪. ঘ	০৫. ঘ	০৬. ঘ	০৭. গ	০৮. ঘ	০৯. গ	১০. খ
১১. ক	১২. গ	১৩. ঘ	১৪. খ	১৫. খ	১৬. খ	১৭. গ	১৮. ক	১৯. ক	২০. ঘ

২১) 'পিল সুজে বাতি জ্বলে মিটির মিটির' বাক্যটিতে ব্যবহৃত দ্বিরুক্ত শব্দ বোঝাতে ব্যবহৃত হয়েছে?

ক) অনুভূতি খ) পৌনঃপুনিকতা গ) ভাবের গভীরতা ঘ) বিশেষণ

২২) কোন বাক্যটিতে ব্যবহৃত দ্বিরুক্তি শব্দ সামান্যতা বোঝানো হয়েছে?

ক) নরম নরম হাত খ) গরম গরম জিলাপী গ) উঁড়ু উঁড়ু ভাব ঘ) ক + গ

২৩) 'ভুল গুলো তাউ আনরে বাছা বাছা'- বাক্যটিতে ব্যবহৃত দ্বিরুক্তি শব্দ দ্বারা প্রকাশ পেয়েছে–

ক) সতর্কতা খ) আধিক্য গ) ভাবের প্রগাঢ়তা ঘ) অনুভূতির ব্যঞ্জনা

২৪) ছেলেটির চোখে চোখ রেখো- এ বাক্যে দ্বিরুক্ত শব্দটি কী প্রকাশ করেছে?

ক) সতর্কতা খ) ভাবের প্রগাঢ়তা গ) কালের বিস্তার ঘ) আধিক্য

২৫) যুগ্মরীতিতে গঠিত দ্বিরুক্তি শব্দ নয় কোনটি?

ক) আদান-প্রদান খ) নিশ পিশ গ) চুপচাপ ঘ) দেখে দেখে

২৬) কোন দ্বিরুক্তিটি ক্রিয়া বিশেষণ নয়?

ক) কাল কাল চেহারা খ) দেখে দেখে যেও

গ) চিক চিক বরে বালি কোথা নেই কাদা ঘ) ঘুমিয়ে ঘুমিয়ে শুনলে কিভাবে?

২৭) কোন দ্বিরুক্তি শব্দ সামান্যতা বোঝাতে ব্যবহৃত হয়েছে?

ক) কাল কাল চেহারা খ) উঁড়ু উঁড়ু ভাব গ) কবি কবি ভাব ঘ) সবগুলোই

২৮) দ্বিরুক্ত শব্দ কত প্রকার?

ক) দুই প্রকার খ) তিন প্রকার গ) চার প্রকার ঘ) পাঁচ প্রকার

২৯) কোনটি বিপরীতার্থক শব্দ যোগে গঠিত দ্বিরুক্তি শব্দ?

ক) ডর ভয় খ) তালা চাবি গ) ডাল ভাত ঘ) জন্ম-মৃত্যু

৩০) "বৃষ্টি পড়ে টাপুর-টুপুর" এ বাক্যে দ্বিরুক্তি কী প্রকাশ করছে?

ক) পৌনঃপুনিকতা খ) অনুভূতি গ) বিশেষণ ঘ) ধ্বনি ব্যঞ্জনা

৩১) ধারাবাহিকতা বোঝাতে ব্যবহৃত দ্বিরুক্তি কোনটি?

ক) যায় যায় খ) দিন দিন গ) মিটির মিটির ঘ) ছট ফট

৩২) দ্বিরুক্তির ক্ষেত্রে কোনটি সত্য?

ক) একই শব্দ দুবার ব্যবহার করা হয় এবং শব্দ অবিকৃত থাকে খ) একই শব্দেরে সঙ্গে সমার্থক আর একটি শব্দ যোগ করে ব্যবহৃত হয়

গ) দ্বিরুক্ত শব্দ সর্বদা সব সময় বিশেষ্য হিসেবে কাজ করে ঘ) ক+খ

৩৩) যুগ্ম রীতির দ্বিরুক্তি কোনটি?

ক) ছোট ছোট ডাল কেটে ফেল খ) এদিকে রোগীর যায় যায় অবস্থা

গ) বৃষ্টি পড়ে টাপুর টুপুর নগে এল বান ঘ) তার কাঁদ কাঁদ অবস্থা

৩৪) 'জ্বর'-এর সাথে কোন শব্দের দ্বিরুক্তিতে সামান্য অর্থ অর্থ প্রকাশ পায়?

ক) জারি খ) সর্দি গ) বিকার ঘ) জ্বর

৩৫) 'কবি কবি ভাব, ছন্দের অভাব'। এখানে কবি কবি কী অর্থে ব্যবহৃত হয়েছে?

ক) উপহাস অর্থে খ) ভালো অর্থে গ) অভাব অর্থে ঘ) পুনরাবৃত্তি অর্থে

৩৬) যুগ্মরীতিতে গঠিত ধ্বন্যাত্মক দ্বিরুক্তি শব্দ কোনটি?

ক) হাপুস হুপুস খ) কুহু কুহু গ) হাড়ে হাড়ে ঘ) কবি কবি

৩৭) কোনটি অব্যয়ের দ্বিরুক্তি?

ক) দেখতে দেখতে আকাশ কাল হয়ে এল খ) সে সে লোক গোল কোয়ায়

গ) ঝির ঝির করে বাতাস বইছে ঘ) চোর চোর খেলা জমেছে ভাল

২১. ঘ	২২. গ	২৩. গ	২৪. ক	২৫. ঘ	২৬. ক	২৭. ঘ	২৮. খ	২৯. ঘ	৩০. ঘ
৩১. খ	৩২. ঘ	৩৩. গ	৩৪. ঘ	৩৫. ক	৩৬. ক	৩৭. গ			

RAISUL ISLAM HRIDOY


বাংলা ভাষার ব্যাকরণ

লেকচার-০৩

শব্দ ও শব্দ প্রকরণ, সমার্থক বিপরীত ও পারিভাষিক শব্দ

ধ্বনি

ভাষার মূল উপাদান হচ্ছে ধ্বনি। মানুষের বাক-প্রত্যঙ্গ অর্থাৎ কণ্ঠনালী, মুখবিবর, জিহ্বা, আল-জিহ্বা, কোমল তালু, শক্ত তালু, দাঁত, মাড়ি চোয়াল ঠোঁট ইত্যাদির সাহায্যে উচ্চারিত আওয়াজকে ধ্বনি বলা হয়। বাংলা ভাষায় ব্যবহৃত ধ্বনির সংখ্যা ৪১টি।



স্বরধ্বনি: যে সকল ধ্বনি উচ্চরণের সময় ফুসফুস তাড়িত বাতাস বেরিয়ে যেতে মুখবিবরের কোথাও কোন প্রকার বাধা পায় না, তাদেরকে বলা হয় স্বরধ্বনি। যেমন– অ, আ, ই, উ ইত্যাদি।

ব্যঞ্জনধ্বনি: যে সকল ধ্বনি উচ্চরণের সময় ফুসফুস তাড়িত বাতাস বেরিয়ে যেতে মুখবিবরের কোথাও না কোথাও কোনো প্রকার বাধা পায় কিংবা ঘর্ষণ লাগে, তাদেরকে বলা হয় ব্যঞ্জনধ্বনি। যেমন– ক, চ, ট, ত, প ইত্যাদি।

অনুশীলনী:

০১) বাগযন্ত্রের অংশ নয়–
ক) দাঁত খ) তালু
গ) কান ঘ) নাক

০২) বাংলা ভাষায় ব্যবহৃত ধ্বনির সংখ্যা কয়টি?
ক) ৩৯ খ) ৪১
গ) ৪২ ঘ) ৪৩

০৩) ভাষার মূল উপাদান/ক্ষুদ্রতম একক হচ্ছে?
ক) বর্ণ খ) শব্দ
গ) ধ্বনি ঘ) বাক্য

০১. গ	২. খ	০৩. গ

স্বরধ্বনি

মৌলিকত অনুযায়ী স্বরধ্বনিকে দুই ভাগে ভাগ করা হয়। যথা–
ক) মৌলিক স্বর: বাংলা ভাষায় মৌলিক স্বরধ্বনি ৭টি। যথা– অ, আ, ই, উ, এ্যা, এ, ও।
ধ্বনিবিদ মুহাম্মদ আবদুল হাই বাংলা মূল স্বরধনির তালিকায় 'এ্যা' নতুন মূল ধ্বনিটি প্রতিষ্ঠা করেন।

খ) যৌগিক স্বর: পাশাপাশি দুটি স্বরধনি একাক্ষর হিসেবে উচ্চারিত হলে তাকে যৌগিক স্বরধ্বনি/সন্ধিস্বর/দ্বি-স্বর বলে। অথবা, একই সঙ্গে উচ্চারিত দুইটি মিলিত স্বরধ্বনিকে যৌগিক স্বর বলে। বাংলা যৌগিক স্বরধ্বনি মোট ২৫টি। বাংলা বর্ণমালায় যৌগিক স্বরের প্রতীক স্বরূপ কোনো বর্ণ নেই।

যৌগিক স্বরের গঠন	উদাহরণ	যৌগিক স্বরের গঠন	উদাহরণ
ও + ই = ঐ	ঐকিক	আ + ই = আই	ভাই
ও + উ = ঔ	ঔষধ	আ + উ = আউ	লাউ
অ + ই = অই	বই	আ + এ = আয়	যায়
অ + এ = অয়	ময়না	আ + ও = আও	যাও
অ + উ = অউ	বউ	ই + ই = ইই	দিই
অ + ও = অও	লও	এ + আ = এয়া	দেয়া

❖ উচ্চারণের কাল-পরিমাণ অনুযায়ী, স্বরধ্বনিকে দুই ভাগে ভাগ করা হয়। যথা–

প্রকার	বর্ণ	সংখ্যা
০১) হ্রস্ব স্বর	অ, ই, উ, ঋ	৪টি
০২) দীর্ঘ স্বর	আ, ঈ, ঊ, এ, ঐ, ও, ঔ	৭টি

❖ বাংলা স্বরধ্বনিগুলোর উচ্চরণ নিচের ছকে দেখানো হলো–

	সম্মুখ ওষ্ঠাধর প্রসৃত	কেন্দ্রীয় ওষ্ঠাধর বিবৃত	পশ্চাৎ ওষ্ঠাধর গোলাকৃত
উচ্চ	ই, ঈ		উ, ঊ
উচ্চমধ্য	এ		ও
নিম্নমধ্য	অ্যা/এ্যা		অ
নিম্ন		আ	

অনুশীলনী:

০১) বাংলা স্বরধ্বনি কয়টি?
ক) ৫টি খ) ৭টি
গ) ৯টি ঘ) ১১টি

০২) বাংলা ভাষায় মৌলিক স্বরধ্বনির সংখ্যা কত?
ক) ৭টি খ) ১১টি
গ) ৯টি ঘ) ১৩টি

০৩) ধ্বনিবিদ মুহাম্মদ আবদুল হাই বাংলা মূল স্বরধনির তালিকায় যে নতুন মূল ধ্বনিটি প্রতিষ্ঠা করেছেন সেটি–
ক) অ্যা ধ্বনি খ) ও ধ্বনি
গ) য় ধ্বনি ঘ) উ ধ্বনি

০৪) একই সঙ্গে উচ্চারিত দুইটি মিলিত স্বরধ্বনিকে কি বলে?
ক) স্বর-সঙ্গতি খ) যৌগিক স্বর
গ) অভিশ্রুতি ঘ) মধ্যস্বর

০৫) পাশাপাশি দুটি স্বরধ্বনি একাক্ষর হিসেবে উচ্চারিত হলে তাকে কি বলে?
ক) মৌলিক স্বরধ্বনি খ) সমধ্বনি
গ) মূলধ্বনি ঘ) যৌগিক স্বরধ্বনি

০৬) বাংলা বর্ণমালায় যৌগিক স্বরবর্ণ কয়টি?
ক) ২টি খ) ৩টি
গ) ৫টি ঘ) ৬টি

০৭) নিচের কোনটি যৌগিক স্বরধ্বনি?
ক) অ খ) আ

RAISUL ISLAM HRIDOY

গ) ঈ ঘ) কোনটিই নয়

০৮) কোন দু'টি স্বরের মিলিত ধ্বনিতে 'ঐ' ধ্বনির সৃষ্টি হয়?
ক) ও এবং ই খ) এ এবং ই
গ) অ এবং ই ঘ) উ এবং ই

০৯) মৌলিক স্বরধ্বনি কোনটি?
ক) অ খ) ক
গ) চ ঘ) ত

১০) কোন দুটি মৌলিক স্বরধ্বনি নয়?
ক) ঐ, অ খ) আ, ঔ
গ) ই, ঔ ঘ) ঐ, ঔ

১১) কোনটি মৌলিক স্বরধ্বনি নয়?
ক) অ খ) এ
গ) ঔ ঘ) উ

১২) বাংলা স্বরধ্বনিতে কয়টি হ্রস্ব স্বর আছে?
ক) ৫টি খ) ৪টি
গ) ৭টি ঘ) ৬টি

১৩) বাংলা স্বরধ্বনিতে মোট কয়টি দীর্ঘস্বর আছে?
ক) ৭টি খ) ৯টি
গ) ৬টি ঘ) ৫টি

১৪) নিচের কোনটি হ্রস্বস্বর বর্ণ নয়?
ক) অ খ) আ
গ) ই ঘ) উ

১৫) উচ্চরণের সময় মুখ বিবর উন্মুক্ত থাকে বলে 'আ'-কে কি ধ্বনি বলে?
ক) হ্রস্বধ্বনি খ) বিবৃতি স্বরধ্বনি
গ) সন্মুখ স্বরধ্বনি ঘ) পশ্চাৎ স্বরধ্বনি

১৬) নিচের কোনটি একটি স্বরবর্ণ?
ক) ক খ) ঙ
গ) এ ঘ) চ

১৭) তলব্য বর্ণ কোনগুলো?
ক) এ,ঐ খ) ই, ঈ
গ) উ, ঊ ঘ) ও, ঔ

০১. ঘ	০২. ক	০৩. ক	০৪. খ	০৫. ঘ	০৬. ক
০৭. গ	০৮. ক	০৯. ক	১০. ঘ	১১. গ	১২. খ
১৩. ক	১৪. খ	১৫. খ	১৬. গ	১৭. খ	

ব্যঞ্জনধ্বনি

ব্যঞ্জনধ্বনির শ্রেণি বিভাগ:

স্পর্শধ্বনি বা বর্গীয় ধ্বনি:

যে ব্যঞ্জনের উচ্চরণে ফুসফুসতাড়িত বাতাস মুখবিরবে কোথাও না কোথাও বাঁধা পেয়ে বিরিয়ে যায় এবং বাঁধা পেয়ে স্পষ্ট হয়, তাকে স্পর্শধ্বনি বা বর্গীয় ধ্বনি বলা হয়। ক থেকে ম পর্যন্ত পাঁচিশটি ধ্বনিকে স্পর্শধ্বনি বলে। উচ্চারণ স্থানের দিক থেকে এদের পাঁচটি গুচ্ছে বা বর্গে বা পর্বে ভাগ করা হয়েছে। প্রতি গুচ্ছের প্রথম ধ্বনিটির নামানুসারে সে গুচ্ছের সবগুলো ধ্বনিকে ঐ বর্গীয় ধ্বনি বলা হয়।

উচ্চারণ স্থানের দিক থেকে বর্গীয় বর্ণকে পাঁচটি গুচ্ছে ভাগ করা হয়েছে।

বর্গ	ব্যঞ্জনধ্বনির বর্ণসমূহ	উচ্চারণ স্থান অনুযায়ী নাম
ক-বর্গীয়	ক, খ, গ, ঘ, ঙ	কণ্ঠ বা জিহ্বামূলীয় বর্ণ
চ-বর্গীয়	চ, ছ, জ, ঝ, ঞ	তালব্য বর্ণ
ট-বর্গীয়	ট, ঠ, ড, ঢ, ণ	মূর্ধণ্য বা পশ্চাৎ দন্তমূলীয় বর্ণ
ত-বর্গীয়	ত, থ, দ, ধ, ন	দন্ত্য বর্ণ
প-বর্গীয়	প, ফ, ব, ভ, ম	ওষ্ঠ্য বর্ণ

উষ্মধ্বনি: যে ব্যঞ্জনের উচ্চারণে বাতাস মুখবিরবে কোথাও বাধা না পেয়ে কেবলমাত্র ঘর্ষণপ্রাপ্ত হয় এবং শিশ্ধ্বনির সৃষ্টি করে, তাকে উষ্মধ্বনি/শিশ্ ধ্বনি বলে। শ, ষ, স-তিনটি উষ্ম বর্ণ। শ, ষ, স-এ তিনটি বর্ণে দ্যোতিত ধ্বনি অঘোষ অল্পপ্রাণ, আর 'হ' ঘোষ মহাপ্রাণ ধ্বনি।

অন্তঃস্থ ধ্বনি: স্পর্শ বা উষ্ম ধ্বনির অন্তর অর্থাৎ মাঝে আছে বলে য, র, ল, ব-এ ধ্বনিগুলোকে অন্তঃস্থ ধ্বনি বলা হয় আর বর্ণগুলোকে বলা হয় অন্তঃস্থ বর্ণ।

অনুনাসিক বা নাসিক্য ধ্বনি" ঙ, ঞ, ণ, ন, ম-এই পাঁচটি বর্ণ উচ্চারণের সময় ফুসফুস নিঃসৃত বায়ু মুখবিরর ছাড়াও নাসারন্ধ্র দিয়ে বের হয়; অর্থ্যাৎ এগুলোর উচ্চারণে নাসিকার সাহায্য প্রয়োজন হয়। তাই এগুলোকে বণে অনুনাসিক বা নাসিক্য ধ্বনি। আর এগুলোর প্রতীক বা বর্ণকে বলা হয় অনুনাসিক বা নাসিক্য বর্ণ।

নিচের ছকে উচ্চারণ স্থান অনুযায়ী বাংলা ব্যঞ্জনধ্বনির শ্রেণি বিভাগ দেখানো হলো–

উচ্চারণ স্থান	ব্যঞ্জনধ্বনির বর্ণসমূহ	উচ্চারণ স্থান অনুযায়ী নাম
জিহ্বামূল	ক, খ, গ, ঘ, ঙ	কণ্ঠ্য বা জিহ্বামূলীয় বর্ণ
অগ্রতালু	চ, ছ, জ, ঝ, ঞ, শ, য, য়	তালব্য বর্ণ
পশ্চাৎ দন্তমূল	ট, ঠ, ড, ঢ, ণ, র, ড়, ঢ়	মূধণ্য বা পশ্চাৎ দন্তমূলীয় বর্ণ
অগ্র দন্তমূল	ত, থ, দ, ধ, ন, ল, স	দন্তমূলীয় বর্ণ
ওষ্ঠ	প, ফ, ব, ফ, ম	ওষ্ঠ্য বর্ণ

পরাশ্রয়ী ধ্বনি: ং, ঃ, ঁ (এ তিনটি বর্ণ স্বাধীন ভাবে স্বতন্ত্র বর্ণ হিসেবে ভাষায় ব্যবহৃত হয় না। তাই এ বর্ণগুলোকে বলা হয় পরাশ্রয়ী বর্ণ।) যেমন: রং, চাঁদ, দুঃখ ইত্যাদি।

কম্পনজাত ধ্বনি: র
পার্শ্বিক ধ্বনি: ল
তাড়নজাত ধ্বনি: ড়, ঢ়

RAISUL ISLAM HRIDOY

অল্পপ্রাণ ও মহাপ্রাণ এবং ঘোষ ও অঘোষ ধ্বনির বিচারে ব্যঞ্জন ধ্বনির শ্রেণি বিভাগ দেখানো হলো–

অঘোষ ধ্বনি		ঘোষ ধ্বনি		
অল্পপ্রাণ	মহাপ্রাণ	অল্পপ্রাণ	মহাপ্রাণ	নাসিক্য
ক	খ	গ	ঘ	ঙ
চ	ছ	জ	ঝ	ঞ
ট	ঠ	ড	ঢ	ণ
ত	থ	দ	ধ	ন
প	ফ	ব	ভ	ম
শ, ষ, স			হ	

অঘোষ ধ্বনি: যে ধ্বনি উচ্চারণের সময় স্বরতন্ত্রী অনুরণিত হয় না, তাকে বলা হয় অঘোষ ধ্বনি। যেমন– ক, খ, চ, ছ ইত্যাদি।

ঘোষ ধ্বনি: যে ধ্বনি উচ্চারণের সময় স্বরতন্ত্রী অনুরণিত হয়, তাকে বলা হয় অঘোষ ধ্বনি। যেমন– গ, ঘ, জ, ঝ ইত্যাদি।

অল্পপ্রাণ ধ্বনি: যে ধ্বনি উচ্চরণের সময় বাতাসের চাপের স্বল্পতা থাকে, তাকে বলা হয় অল্পপ্রাণ ধ্বনি। যেমন– ক, গ, চ, জ ইত্যাদি।

মহাপ্রাণ: যে ধ্বনি উচ্চরণের সময় বাতাসের চাপের আধক্য থাকে, তাকে বলা হয় অল্পপ্রাণ ধ্বনি। যেমন– খ, ঘ, ছ, ফ ইত্যাদি।

অনুশীলনী:

০১) ব্যঞ্জনবর্ণের সংখ্যা কয়টি?
ক) ৩৭ খ) ৩৯
গ) ৩১ ঘ) ৩৫

০২) বাংলা বর্ণমালায় পর্বের সংখ্যা কত?
ক) ১৬ খ) ১২
গ) ১৩ ঘ) ৫

০৩) বাংলা ব্যঞ্জনবর্ণ কতটি বর্গে ভাগ করা হয়েছে?
ক) তিন খ) চার
গ) পাঁচ ঘ) ছয়

০৪) বাংলা ভাষায় বর্গীয় বর্ণ কয়টি?
ক) ২৫টি খ) ৩৯ টি
গ) ২৬টি ঘ) ৪৯ টি

০৫) ক থেমে ম পর্যন্ত ২৫ টি ধ্বনিকে বলা হয়–
ক) স্পর্শ ধ্বনি খ) উষ্ম ধ্বনি
গ) জিহ্বামূলীয় ধ্বনি ঘ) পরাশ্রয়ী ধ্বনি

০৬) 'ক' থেকে 'ল' পর্যন্ত মোট ব্যঞ্জনবর্ণের সংখ্যা কত?
ক) ২৫টি খ) ২৬টি
গ) ২৭টি ঘ) ২৮টি

০৭) 'ক' থেকে 'ঙ' পর্যন্ত পাঁচটি ধ্বনি হচ্ছে–
ক) কণ্ঠধ্বনি খ) তালব্য ধ্বনি
গ) কর্কশ ধ্বনি ঘ) ঘোষ ধ্বনি

০৮) 'জ' হলো–
ক) জিহ্বামূলীয় বর্ণ খ) তালব্য বর্ণ
গ) দন্ত বর্ণ ঘ) ওষ্ঠ বর্ণ

০৯) চ-বর্গীয় ধ্বনির আগে কোনটি ব্যবহৃত হয়?
ক) ঙ খ) ঞ
গ) ণ ঘ) ন

১০) কোনগুলো দন্ত্যধ্বনি?
ক) ত, থ, দ, ধ, ন খ) প, ফ, ব, ভ, ম
গ) ক, খ, গ, ঘ, ঙ ঘ) চ, ছ, জ, ঝ, ঞ

১১) কোনটি দন্ত্য ধ্বনি?
ক) ণ খ) প
গ) ত ঘ) চ

১২) কোনগুলি ওষ্ঠ্যধ্বনি?
ক) চ, ছ, জ, ঝ খ) ত, থ, দ, ধ
গ) প, ফ, ব, ভ ঘ) য, র, ল, ব

১৩) 'ম' বর্ণ উচ্চারিত হয়–
ক) তালু থেকে খ) দন্ত থেকে
গ) মূর্ধ থেকে ঘ) ওষ্ঠ্য থেকে

১৪) নিচের কোন ধ্বনি ঘোষ?
ক) চ খ) খ
গ) প ঘ) দ

১৫) নিচের কোনটি অঘোষ অল্পপ্রাণ ধ্বনি?
ক) ভ খ) ঠ
গ) ফ ঘ) চ

১৬) কোনটি ঘোষ বর্ণ?
ক) চ খ) ছ
গ) জ ঘ) প

১৭) ঘোষ ধ্বনি নয়–
ক) গ খ) ঘ
গ) ঝ ঘ) শ

১৮) কোন দুটি অঘোষ ধ্বনি?
ক) চ, ছ খ) ড, ঢ
গ) ব, ভ ঘ) দ, ধ

১৯) কোন দুটি অঘোষ ধ্বনি?
ক) গ, ঘ খ) দ, ধ
গ) প,ফ ঘ) জ, ঝ

২০) প্রতিটি বর্গের দ্বিতীয় ও চতুর্থ বর্ণের উচ্চারণকালে এদর সঙ্গে প্রাণ বা শ্বাসবায়ু বেশি বের হয় বলে এদেরকে বলা হয়–
ক) নাসিক্য বর্ণ খ) অল্পপ্রাণ বর্ণ
গ) দৃষ্ট বর্ণ ঘ) মহাপ্রাণ বর্ণ

২১) নিচের কোনটি অল্পপ্রাণ ধ্বনি?
ক) ঘ খ) ঠ
গ) ত ঘ) প

২২) কোন দু'টি মহাপ্রাণ ধ্বনি?
ক) খ, ঝ খ) ক, খ
গ) ত, দ ঘ) চ, জ

২৩) মহাপ্রাণ ঘোষধ্বনি কোনটি?
ক) ব খ) ট গ) ঝ
ঘ) খ

২৪) তালব্যবর্ণ কোনগুলো?
ক) উ, ঊ খ) ও, ঔ
গ) এ, ঐ ঘ) ই, ঈ

২৫) কোনটি মহাপ্রাণ বর্ণ?
ক) ব খ) ড
গ) ক ঘ) ঢ

২৬) বাংলায় নাসিক্য ধ্বনি ক'টি?
ক) দুটি খ) তিনটি

RAISUL ISLAM HRIDOY

গ) চারটি ঘ) পাঁচটি

২৭) পার্শ্বিক ব্যঞ্জনের উদাহরণ কোনটি?
ক) হ খ) শ
গ) র ঘ) ল

২৮) তাড়নজাত ব্যঞ্জনধ্বনি কোনটি?
ক) ক, ঘ খ) চ, ছ
গ) ড়, ঢ় ঘ) প, ফ

২৯) তাড়নজাত ধ্বনি কোনটি?
ক) শ খ) র
গ) ড় ঘ) স

৩০) ড় এবং ঢ় ধ্বনি দুটি কী ধ্বনি?
ক) ঘোষ খ) তাড়নজাত
গ) অল্পপ্রাণ ঘ) শিস্

৩১) তাড়নজাত মহাপ্রাণ ধ্বনি কোনটি?
ক) ড় খ) ঢ়
গ) ল ঘ) র

৩২) বাংলা ব্যাকরণে পরাশ্রয়ী বর্ণযুক্ত শব্দ কোনগুলো?
ক) আম্র, বৃহৎ, মিঞা খ) আয়না, হরিণ, ঋণ
গ) রং, চাঁদ, দুঃখ ঘ) শিউলি, উচিত, বৃষ

৩৩) অতঃ স্বতন্ত্রীয় ধ্বনি কোনটি?
ক) ছ খ) ধ
গ) ক ঘ) হ

৩৪) 'খণ্ডত' (ৎ) প্রকৃত প্রস্তাবে কোন বর্ণের খণ্ড রূপ?
ক) খ খ) ত
গ) দ ঘ) ধ

৩৫) বাংলা বর্ণমালায় কয়টি 'ব' আছে?
ক) ১ খ) ২
গ) ৩ ঘ) ৪

৩৬) কণ্ঠ্য থেকে উচ্চারিত ধ্বনি–
ক) ক খ) ঙ
গ) হ ঘ) ঝ

৩৭) বাংলা ভাষায় ওষ্ঠ্যব্যঞ্জন ধ্বনির সংখ্যা কত?
ক) ২টি খ) ৭টি
গ) ৮টি ঘ) ৫টি

০১. খ	০২. ঘ	০৩. গ	০৪. ক	০৫. ক	০৬. ঘ
০৭. ক	০৮. খ	০৯. ক	১০. ক	১১. গ	১২. গ
১৩. ঘ	১৪. ঘ	১৫. ঘ	১৬. গ	১৭. ঘ	১৮. ক
১৯. গ	২০. ঘ	২১. গ/ঘ	২২. ক	২৩. গ	২৪. ক
২৫. ঘ	২৬. ঘ	২৭. ঘ	২৮. গ	২৯. গ	৩০. খ
৩১. খ	৩২. গ	৩৩. ঘ	৩৪. খ	৩৫. ক	৩৬. ক
৩৭. ঘ					

বর্ণ

বর্ণ হচ্ছে ধ্বনি নির্দেশক প্রতীক, অর্থাৎ ধ্বনি নির্দেশক চিহ্নকে বলা হয় বর্ণ। 'ধ্বনি দিয়ে আটঁ বাধা শব্দই ভাষার ইট।' এখানে ইট হচ্ছে বর্ণ।

স্বরবর্ণ: স্বরধ্বনি দ্যোতক লিখিত সংকেতিক চিহ্নকে বলা হয় স্বরবর্ণ।

ব্যঞ্জনবর্ণ: ব্যাঞ্জণধ্বনি দ্যোতক লিখিত সংকেতিক চিহ্নকে বলা হয় ব্যঞ্জনবর্ণ।

মাত্রার উপর ভিত্তি করে বর্ণ তিন প্রকার–

বর্ণ	সংখ্যা	স্বরবর্ণ	ব্যঞ্জনবর্ণ
মাত্রাহীন বর্ণ	১০টি	৪টি (এ, ঐ, ও, ঔ)	৬টি (ঙ, ঞ, ৎ, ং, ঃ, ঁ)
অর্ধমাত্রার বর্ণ	৮টি	১টি(ঋ)	৭টি (খ, গ, ণ, থ, ধ, প, শ)
পূর্ণমাত্রার বর্ণ	৩২	৬টি(অ, আ, ই, ঈ, উ, ঊ)	২৬টি

বর্ণমালা: যে কোন ভাষায় ব্যবহৃত লিখিত বর্ণসমষ্টিকে সে ভাষার বর্ণমালা বলা হয়। যে বর্ণমালায় বাংলা ভাষা লিখিত হয়, তাকে বরা হয় বঙ্গলিপি। বাংলা বর্ণমালায় মোট পঞ্চাশ (৫০) টি বর্ণ রয়েছে। তার মধ্যে স্বরবর্ণ এগার (১১)টি এবং ব্যঞ্জনবর্ণ ঊনচল্লিশ (৩৯) টি। আধুনিক বাংলা ভাষায় মোট ৪৫টি বর্ণের পূর্ণ রূপ ব্যবহৃত হয়।

প্রকার	বর্ণ		মোট
স্বরবর্ণ	অ, আ, ই, ঈ, উ, ঊ, ঋ, এ, ঐ, ও, ঔ		১১টি
ব্যঞ্জনবর্ণ	ক, খ, গ, ঘ, ঙ	৫টি	৩৯টি
	চ, ছ, জ, ঝ, ঞ	৫টি	
	ট, ঠ, ড, ঢ, ণ	৫টি	
	ত, থ, দ, ধ, ন	৫টি	
	প, ফ, ব, ভ, ম	৫টি	
	য, র, ল	৩টি	
	শ, ষ, স, হ	৪টি	
	ড়, ঢ়, য়, ৎ	৪টি	
	ং, ঃ, ঁ	৩টি	
সর্বমোট বর্ণ			৫০টি

অক্ষর: এক প্রায়াসে উচ্চরিত ধ্বনি বা ধ্বনিসমষ্টিকে অক্ষর বলে।

RAISUL ISLAM HRIDOY

অনুশীলনী:

০১) বর্ণ হচ্ছে–
ক) শব্দের ক্ষুদ্রতম অংশ
খ) একসঙ্গে উচ্চারিত ধ্বনিগুচ্ছ
গ) ধ্বনি নির্দেশক প্রতীক
ঘ) ধ্বনির শ্রুতিগ্রাহ্য রূপ

০২) 'ধ্বনি দিয়ে আঁট বাধা শব্দই ভাষার ইট।' এই ইটকে বাংলা ভাষায় কি বলে?
ক) বর্ণ খ) কথা
গ) বাক্য ঘ) ব্যাকরণ

০৩) বাংলা ভাষায় বর্ণের সংখ্যা–
ক) ৪৭টি খ) ৪৮টি
গ) ৪৯টি ঘ) ৫০টি

০৪) আধুনিক বাংলা ভাষায় মোট কয়টি বর্ণ পূর্ণ ব্যবহৃত হয়?
ক) বাহান্নটি খ) পয়তাল্লিশটি
গ) চুয়ান্নটি ঘ) আটত্রিশটি

০৫) বাংলা স্বরবর্ণ কয়টি?
ক) নয়টি খ) দশটি
গ) এগারটি ঘ) বারটি

০৬) বাংলা ব্যঞ্জনবর্ণ কয়টি?
ক) ৩৫টি খ) ৩৭টি
গ) ৩৯টি ঘ) ৪১টি

০৭) বাংলা বর্ণমালায় পূর্ণমাত্রার বর্ণ কয়টি?

ক) ১০টি খ) ৮টি
গ) ১১টি ঘ) ৩২টি

০৮) বাংলা বর্ণমালায় মাত্রাবিহীন বর্ণের সংখ্যা কয়টি?
ক) এগারটি খ) নয়টি
গ) দশটি ঘ) আটটি

০৯) বাংলা ব্যঞ্জন বর্ণে মাত্রাহীন বর্ণ কয়টি?
ক) ৬টি খ) ৭টি
গ) ৯টি ঘ) ১০টি

১০) কোন বর্ণগুলোতে মাত্রা হবে না?
ক) ক ও খ খ) খ এবং ল
গ) ট এবং ঠ ঘ) এ এবং ঐ

১১) বাংলা বর্ণমালায় অর্ধমাত্রার বর্ণ কয়টি?
ক) ৭টি খ) ৮টি
গ) ১০টি ঘ) ৯টি

১২) এক প্রায়াসে উচ্চারিত ধ্বনি বা ধ্বনি সমষ্টিকে বলে–
ক) শব্দ খ) বর্ণ
গ) বাক্য ঘ) অক্ষর

০১. গ	০২. ক	০৩. ঘ	০৪. খ	০৫. গ	০৬. গ
০৭. ঘ	০৮. গ	০৯. ক	১০. ঘ	১১. খ	১২. ঘ

সংযুক্ত বর্ণ

দুটি বা তার চেয়ে বেশি ব্যঞ্জনধ্বনির মধ্যে কোন স্বরধ্বনি না থাকলে ব্যঞ্জনধ্বনি দুটি বা ধ্বনি কয়টি একত্রে উচ্চারিত হয়, তখন সংযুক্ত বর্ণ গঠিত হয়।

সংযুক্ত বর্ণ	উদাহরণ	সংযুক্ত বর্ণ	উদাহরণ
ক্ত = ক + ত	রক্ত, শক্ত	ক্ষ্ম = ক + ষ + ম	লক্ষ্মী
ক্ষ = ক + ষ	বক্ষ, রক্ষা	হ্ন = হ + ন	মধ্যাহ্ন
ঙ্ক = ঙ + ক	অঙ্ক, লঙ্কা	হ্ণ = হ + ণ	পূর্বাহ্ণ
ঙ্গ = ঙ + গ	অঙ্গ, মঙ্গল	হৃ = হ + ঋ	হৃদয়
জ্ঞ = জ + ঞ	জ্ঞান, জ্ঞাত	হু = হ + উ	হুকুম
ঞ্ছ = ঞ + ছ	বাঞ্ছা	হ্ম = হ + ম	গ্রীষ্ম
ঞ্জ = ঞ + জ	অঞ্জনা	হ্ন = হ + ন	অন্তর
ঞ্ঝ = ঞ + চ	সঞ্চয়	হ্ন = ন + থ	মন্থর
ট্ট = ট + ট	অট্টালিকা	ণ্ট = ণ + ট	কণ্টক
ত্ত = ত + ত	উত্তম, বিত্ত	ণ্ঠ = ণ + ঠ	কণ্ঠ
থ্থ = ত + থ	উত্থান	ণ্ড = ণ + ড	কাণ্ড
দ্ধ = দ + ধ	বদ্ধ, যুদ্ধ	ষ্ট = ষ + ট	সুস্পষ্ট
ন্ধ = ন + ধ	অন্ধ, বন্ধু	র্ক = র + ক	তর্ক
ব্ধ = ব্ +ধ	লব্ধ	রূ = র + ঊ	রূপ
ষ্ম = হ + ম	ব্রহ্মা, ব্রহ্মণ		

❖ জেনে রাখা ভালো

- 'ত্র' কোনো যুক্ত বর্ণ নয়। ত + র = ত্র; এখানে র্-ফলা ব্যবহৃত হয়েছে।
- 'তৃষ্ণা' শব্দটি বিশ্লেষণ করলে পাওয়া যায়: ত + র + ষ + ণ + আ।
- 'সুস্পষ্টরূপে' শব্দটি বিশ্লেষণ করলে পাওয়া যায়" সু + স্পষ্ট + রূপ + এ।
- বাংলা ভাষায় 'ঞ' হরফটির উচ্চারণ দুই প্রকারের হয়। এবং চ-বর্গীয় ধ্বনির আগে 'ঞ' ব্যবহৃত হয়।
- র্ক = র +ক; রেফ বর্ণের আগে আসে।
- ক্র = ক্ + র; ফলা বর্ণের পরে আসে।

অনুশীলনী:

০১) স্বরবর্ণের সংক্ষিপ্ত রূপকে কি বলা হয়?
ক) ফলা খ) ধ্বনি
গ) কার ঘ) স্বর

০২) ব্যঞ্জনবর্ণের সংক্ষিপ্ত রূপকে কি বলা হয়?
ক) ফল খ) ফলা
গ) ফলাই ঘ) অক্ষর

০৩) ফলা যুক্ত শব্দ কোনটি?
ক) পল্লব খ) শক্ত
গ) লিপ্সা ঘ) কর্জ

০৪) 'ক্ষ' যুক্তাক্ষরটি কোন দুটি বর্ণের সংযোগে গঠিত?
ক) খ + ষ খ) ম + হ
গ) ক + স ঘ) ক + ষ

০৫) 'রক্ষা' শব্দের সংযুক্ত বর্ণ কোন কোন বর্ণ নিয়ে গঠিত?
ক) খ + য খ) ম + হ
গ) ক + স ঘ) ক + ষ

০৬) 'ক্ষ্ম' এর বিশ্লিষ্ট রূপ–
ক) ক্ষ + ম খ) খ + ম + হ
গ) ক + ষ + ণ গ) ক + ষ + ম

০৭) 'ক্ষ' এর বিশ্লিষ্ট রূপ–
ক) ক + ষ খ) ক + খ + গ
গ) ক + ষ + ম ঘ) হ + ম

০৮) যে যে বর্ণের সমন্বয়ে 'ঞ্চ' যুক্ত বর্ণটি গঠিত–
ক) ষ +ণ খ) ষ + ঞ
গ) ষ + ন ঘ) ষ + ঙ

০৯) 'জ্ঞ' যুক্ত বর্ণটি গঠিত–
ক) গ + ঞ খ) ঞ + জ
গ) ঞ + চ ঘ) জ + ঞ

১০) সঠিক সংযুক্ত বর্ণের বিশ্লেষণ কোনটি?
ক) হ্ন = হ্ + ণ খ) হ্ণ = হ্ +ন
গ) ঞ্জ = জ + ঞ ঘ) জ্ঞ = জ + ঞ

১১) 'ঞ্জ' যুক্তবর্ণটির মধ্যে রয়েছে–
ক) ঞ + জ খ) জ + ঞ
গ) ন + জ ঘ) ঞ +ন

১২) যথাক্রমে ঞ্চ এবং হ্ন এর বিশিষ্ট রূপ দেখান।
ক) ষ + ঞ, হ + ণ খ) ষ + ন, হ + ণ
গ) ষ + ণ, হ + ন ঘ) ষ + ন, হ + ন

১৩) যথাক্রমে ক্ষ, ঞ্চ ও হ্ন তিনটির যুক্তবর্ণের বিশিষ্ট রূপ নির্দেশ করে–
ক) ক + ষ, ষ + ঞ, হ + ণ
খ) ক + খ, ষ + ঞ, হ + ণ
গ) ক + ষ, ষ + ণ, হ + ন
ঘ) খ + খ, ষ + ণ, হ + ন

১৪) হৃ, রূ, ঞ্ছ এর বিশিষ্ট রূপ–
ক) হ + ঊ, র + হ, হ+ণ
খ) হ + ঋ, র + ঊ, ঞ + ছ
গ) হ + ঋ, র + ঋ, ণ + ছ

RAISUL ISLAM HRIDOY

ঘ) হ + উ, র + উ, ঞ + ছ

১৫) 'থ্থ' সংযুক্ত বর্ণটিতে কোন কোন বর্ণ রয়েছে?
ক) ল + ত খ) ল + থ
গ) ত + থ ঘ) থ + ত

১৬) কোনটি যুক্তবর্ণ নয়, চিহ্নিত কর।
ক) কৃ খ) স্ট
গ) ক্ত ঘ) ত্র

১৭) 'তৃষ্ণা' শব্দে কোন কোন বর্ণ আছে?
ক) ত + র + ষ + ঞ + আ
খ) ত + র + ষ + ন + আ
গ) ত + র + ক + ষ + আ
ঘ) ত + র + ষ + ণ + আ

১৮) 'সুস্পষ্টরূপে' শব্দটির কোন বিশ্লেষণ ঠিক?
ক) সুস্পষ্ট + রূপে খ) সু + স্পষ্ট + রূ + পে
গ) সু + স্পষ্ট + রূপ + এ ঘ) সুস্পষ্ট + রূপ + এ

১৯) বাংলা ভাষায় 'ঞ' হরফটির উচ্চরণ কত প্রকারের হয়?
ক) এক খ) দুই
গ) তিন ঘ) চার

২০) চ-বর্গীয় ধ্বনির আগে কোনটি ব্যবহৃত হয়?
ক) ঙ খ) ঞ
গ) ন ঘ) ণ

০১. গ	০২. গ	০৩. ক	০৪. ঘ	০৫. ঘ
০৬. ঘ	০৭. ঘ	০৮. ক	০৯. ঘ	১০. ঘ
১১. ক	১২. গ	১৩. গ	১৪. খ	১৫. গ
১৬. ঘ	১৭. ঘ	১৮. গ	১৯. খ	২০. খ

ধ্বনি পরিবর্তন

নাম	উদাহরণ
আদিস্বরাগম	স্ত্রী = ইস্ত্রি, স্কুল = ইস্কুল
অন্ত্যস্বরাগম	বেঞ্চ = বেঞ্চি
অপিনিহিতি	আজি = আইজ, সাধু = সাউধ
অভিশ্রুতি	শুনিয়া = শুনে, বলিয়া = বলে
অসমীভবণ	ধপ + ধপ = ধপাধপ
বিষমীভবন	শরীর = শরীল, লাল = নাল।

অনুশীলনী:

০১) পরের 'ই' কার ও 'উ' কার আগেই উচ্চারিত হওয়ার রীতিকে কি বলে?
ক) স্বরাগম খ) বিপ্রকর্ষ
গ) অপিনিহিতি ঘ) অভিশ্রুতি

০২) কোনটি অপিনিহিতির উদাহরণ?
ক) ইস্কুল খ) আইজ
গ) গেলাস ঘ) ধপাধপ

০৩) আশু > আউশ-এটি ধ্বনি পরিবর্তনের কোন নিয়মের উদাহরণ?
ক) অপিনিহিতি খ) সমীভবন
গ) বিপ্রকর্ষ ঘ) বর্ণ বিপর্যয়

০৪) দুটি সমবর্ণের একটির পরিবর্তনকে বলা হয়–
ক) অপগত খ) পরাগত
গ) সমীভবন ঘ) বিষমীভবন

০৫) একই স্বরের পুনারাবৃত্তি না করে মাঝখানে স্বরধ্বনি যুক্ত হয়, তাকে কি বলে?
ক) সম্প্রকর্ষ খ) পরাগত
গ) স্বরসঙ্গতি ঘ) অসমীকরণ

০৬) পূর্বধ্বনির প্রভাবে পরবর্তী ধ্বনির পরিবর্তন ঘটলে তাকে কি বলে?
ক) পরাগত খ) অন্যোন্য
গ) স্বরলেপ ঘ) প্রগত

০৭) আদিস্বর অনুযায়ী অন্ত্যস্বর পরিবর্তিত হলে কোন ধরনের স্বরসংগতি হয়?
ক) পরাগত খ) মধ্যগত
গ) প্রগত ঘ) অন্যান্য

০৮) যে রীতিতে 'স্নান' শব্দটি সিনান শব্দে পরিণত হয়, তার নাম–
ক) অভিশ্রুতি খ) স্বরাগম
গ) বিপ্রকর্ষ ঘ) অভিকর্ষ

০৯) 'স্কুল' শব্দটিকে 'ইস্কুল' উচ্চরণে ধ্বনির পরিবর্তনকে বলা হয়?
ক) আদি স্বরাগম খ) বিপ্রকর্ষ
গ) পরাগত ঘ) অপিনিহিত

১০) ধ্বনি বিপর্যয়ের উদাহরণ কোনটি?
ক) আজি → আইজ খ) পিশাচ →পিচাশ
গ) পাকা → পাক্কা ঘ) স্কুল → ইস্কুল

১১) নিচের কোনটি ধ্বনি বিপর্যয়ের উদাহরণ?
ক) রিসকা খ) বিলিতি
গ) শেয়াল ঘ) ইসকুল

১২) বাকস্ > বাস্ক হওয়ার রীতিকে বলা হয়–
ক) ধ্বনি বিপর্যয় খ) ধ্বনিসাম্য
গ) ধ্বনিলোপ ঘ) ব্যঞ্জনাগম

১৩) লাফ >ফাল কোন ধরনের ধ্বনি পরিবর্তনের দৃষ্টান্ত?
ক) বিষমীভবন খ) ধ্বনি বিপর্যয়
গ) ধ্বনি লোপ ঘ) ব্যঞ্জনাগম

১৪) ব্যঞ্জন বিকৃতির দৃষ্টান্ত–
ক) ফাল্গুন > ফাগুন খ) বউদিদি > বউদি
গ) ধরিতে>ধরতে ঘ) ধোবা > ধোপা

১৫) রত্ন >রতন হওয়ার ধ্বনিসূত্র–
ক) স্বরভক্তি খ) স্বরগংগতি
গ) অপিনিহিত ঘ) অভিশ্রুতি

১৬) তৎ + হিত > তদ্ধিত কোন ধ্বনি পরিবর্তনের কোন প্রক্রিয়া এখানে কার্যকর হয়েছে?
ক) সম্প্রকর্ষ খ) বিষমীভবন
গ) স্বরসঙ্গতি ঘ) সমীভবন

১৭) ফাল্গুন > ফাগুন- ধ্বনি পরিবর্তনের কোন প্রক্রিয়া এখানে কার্যকর হয়েছে?
ক) ধ্বনিবিকারা খ) শ্রুতিধ্বনি

RAISUL ISLAM HRIDOY

গ) অন্তর্হতি ঘ) ধ্বনি বিপর্যয়

১৮) 'ফলাহার' থেকে 'ফলার' শব্দটি হওয়ার কারণ–
ক) ধ্বনি বিপর্যয় খ) বর্ণদ্বিত্ব
গ) বর্ণাগম ঘ) বর্ণলোপ

১৯) শরীর>শরীল কোন ধরনের ধ্বনি পরিবর্তন?
ক) স্বরলেপ খ) বিষমীভবন
গ) অভিশ্রুতি ঘ) বর্ণ বিকৃতি

২০) কোনটি বিষমীভবন-এর উদাহরণ?
ক) অঙ্ক > আঁক খ) লাল >নাল
গ) কাচ >কাঁচ গ) পুথি >পুঁথি

২১) কোনটিতে মধ্যস্বরলোপ ঘটেছে?
ক) গামছা খ) মশারি
গ) লুঙ্গি ঘ) চাদর

২২) মধ্যস্বরাগমের সমার্থক কোনটি?
ক) স্বরসঙ্গতি খ) অভিশ্রুতি
গ) সম্প্রকর্ষ ঘ) বিপ্রকার্ষ

২৩) স্বরসংগতির উদাহরণ কোনটি?
ক) হইবে > হবে খ) রাত্রি > রাইত
গ) দেশি > দিশি ঘ) জালিয়া > জাইল্যা > জেলে

২৪) পর্তুগিজ 'আনানস' বাংলায় 'আনারস'-এটি কী ধরনের পরিবর্তন?
ক) সাদৃশ্য খ) বৈসাদৃশ্য
গ) অর্থগত ঘ) ধ্বনিতাত্ত্বিক

২৫) নিচের কোনটি ধ্বনি-পরিবর্তনের উদাহরণ নয়?
ক) প্রতিপদিক খ) অভিশ্রুতি
গ) অপিনিহিতি ঘ) ধ্বনি-বিপর্যয়।

০১. গ	০২. খ	০৩. ক	০৪. ঘ	০৫. ঘ
০৬. ঘ	০৭. গ	০৮. খ	০৯. ক	১০. খ
১১. ক	১২. ক	১৩. খ	১৪. ঘ	১৫. ক
১৬. ঘ	১৭. গ	১৮. ঘ	১৯. খ	২০. খ
২১. ক	২২. ঘ	২৩. গ	২৪. ঘ	২৫. ক

RAISUL ISLAM HRIDOY

বাংলা ভাষার ব্যাকরণ
ণত্ব ও ষত্ব বিধান

ণ-ত্ব বিধান

বংলা ভাষায় সাপধারণত মূর্ধন্য-ণ ধ্বনির ব্যবহার নেই। সেজন্য বাংলা দেশী, তদ্ভব ও বিদেশি শব্দের বানানে মূর্ধন্য বর্ণ (ণ) লেখার প্রয়োজন হয় না। কিন্তু বাংলা ভাষায় বহু তৎসম বা সংস্কৃত শব্দে মূর্ধন্য-ণ এবং দন্ত্য ন এর ব্যবহার আছে। তা বাংলায় অবিকৃতভাবে রক্ষিত হয়। তৎসম শব্দের বানানে ণ-এর সঠিক ব্যবহারের নিয়মই ণত্ব বিধান।

ণ ব্যবহারের নিয়ম:

১. ট-বর্গীয় ধ্বনির আগে দন্ত্য ন ব্যবহৃত হয়ে যুক্ত ব্যঞ্জন গঠিত হলে, সব সময় মূর্ধন্য 'ণ' হয়। যেমন: ঘণ্টা, লণ্ঠন, কাণ্ড ইত্যাদি।

২. ঋ, র, ষ-এর পরে মূর্ধন্য 'ণ' হয়। যেমন: ঋণ, তৃণ, বর্ণ, বর্ণনা, কারণ, মরণ, ব্যাকরণ, ভীষণ, ভাষণ, উষ্ণ ইত্যাদি।

৩. ঋ, র, ষ-এর পরে স্বরধ্বনি, ষ য় ব হ ং এবং ক-বর্গীয় ও প-বর্গীয় ধ্বনি থাকলে পরবর্তী ন মূধ্যন্য 'ণ' হ। যেমন: কৃপণ (ঋ-কারের পরে প্, তার পরে ণ), হরিণ (র-এর পরে ই, তার পরে ণ), অর্পণ (র্+প্+অ+ণ), লক্ষণ (ক্+ষ+অ+ণ)। এরূপ-রুক্মিণী, রামায়ণ, ব্রহ্মণ ইত্যাদি।

৪. কতকগুলো শব্দে স্বাবতই ণ হয়

চাণক্য মাণিক্য গণ বাণিজ্য লবণ, মণ
বেণু বীণা কঙ্কণ কণিকা
কল্যাণ শোণিত মণি স্নাণু গুণ পুণ্য বেণী
ফণী অণু বিপণি গণিকা
আপণ লাবণ্য বাণী নিপুণ ভাণিতা পাণি
গৌণ কোণ ভাণ পণ শাণ
চিক্কণ নিক্কণ তৃণ কাফোণি বণিক গুণ
গণনা পিণাক পণ্য বাণ।

বি:দ্র: সমাসবদ্ধ শব্দে সাধারণত ণ-ত্ব বিধান খাটে না। এরূপ ক্ষেত্রে ন হয়। যেমন– ত্রিনয়ন, সর্বনাম, দুর্নীতি, দুর্নাম, দুর্নিবার, পরনিন্দা, অগ্রনায়ক। ত-বর্গীয় বর্ণের সঙ্গে যুক্ত ণ কখনও ণ হয় না, ন হয়। যেমন: অন্ত, গ্রন্থ, ক্রন্দন।

RAISUL ISLAM HRIDOY

ষ-ত্ব বিধান

বাংলা ভাষায় সাধারণত মূর্ধণ্য-ষ ধ্বনির ব্যবহার নেই। তাই দেশী, তদ্ভব ও বিদেশী শব্দের বানানে মূর্ধন্য-ষ লেখার প্রয়োজন হয় না। কেবল কিছু তৎসম শব্দে ষ-এর প্রয়োগ রয়েছে। যেসব তৎসম শব্দে 'ষ' রয়েছে তা বাংলায় অবিকৃত রয়েছে। তৎসম শব্দের বানানে মূর্ধন্য-ষ এর ব্যবহারের নিয়মকে ষত্ব বিধান বলে।

মূর্ধন্য-ষ ব্যবহারের নিয়ম:

১. অ, আ ভিন্ন অন্য স্বরধ্বনির এবং ক ও র-এর পরের ষ-প্রত্যয়ের স থাকলে তা ষ হয়। যেমন– ভবিষ্যৎ (ভ+অ+ব্+ই+ষ্-ব এর পরে ই-এর ব্যবধান) মুমূর্ষু, চক্ষুষ্মান, চিকীর্ষা ইত্যাদি।

২. ই-কারন্ত এবং উ-কারন্ত উপসর্গের পর কতকগুলো ধাতুতে 'ষ' হয়। যেমন- অভিসেক > অভিষেক, সুসুপ্ত > সুষুপ্ত, অনুসঙ্গ > অনুষঙ্গ, প্রতিসেধক > প্রতিষেধক, প্রতিস্থান > প্রতিষ্ঠান, অনুস্থান > অনুষ্ঠান, বিসম > বিষম, সুসমা > সুষমা ইত্যাদি।

৩. ঋ-কার ও র-এর পর ষ হয়। যেমন: ঋষি, কৃষক, তৃষ্ণা, ঋৎকৃষ্ট, বৃষ্টি, দৃষ্টি, কৃষ্টি, সৃষ্টি, বর্ষা, বর্ষণ ইত্যাদি।

৪. ট ও ঠ এর সঙ্গে যুক্ত হলে দন্ত-স না হলে মূর্ধন্য-ষ হয়। কষ্ট, স্পষ্ট, নষ্ট, কাষ্ঠ, ওষ্ঠ ইত্যাদি।

৫. কতকগুলো শব্দে স্বভাবতই মূর্ধন্য 'ষ' হয়। যেমন: আষাঢ়, ঊষা, ঊষর, আভাষ, আভিলাষ, ইষৎ, ঈর্ষা, কোষ, পাষান্ড, পাষাণ, পোষণ, ভাষা, ভাষ্য, ভাষণ, মানুষ, সরিষা, ঔষধ, ঔষধি, ষোড়শ, তোষণ,।

বি: দ্র:

ক. আরবি, ফারসি, ইংরেজি ইত্যাদি বিদেশী ভাষা থেকে আগত শব্দে ষ হয় না। এ সম্বন্ধে সতর্ক হতে হবে। যেমন- জিনিস, পোশাক, মাস্টার, পোস্ট ইত্যাদি।

খ. সংস্কৃত 'সাৎ' প্রত্যয়যুক্ত পদেও ষ হয় না। যেমন– অগ্নিসাৎ, ধূলিসাৎ, ভূমিসাৎ ইত্যাদি।

অনুশীলনী:

০১) ণ-ত্ব বিধান কি?
ক) দেশীয় শব্দের ঐতিহ্য সংশ্লিষ্ট নিয়ম খ) বিদেশি শব্দের অভিজ্ঞতাজাত বিধান
গ) তৎসম শব্দের রীতি ঘ) বেদ নির্দেশিত রীতি

০২) ণ-ত্ব বিধান বাংলা বানানে কোন শব্দের ক্ষেত্রে প্রযোজ্য?
ক) দেশি খ) বিদেশি গ) তৎসম/সংস্কৃত ঘ) তদ্ভব

০৩) 'কণ্টক' বানান কোন নিয়মে হয়?
ক) ণ-ত্ব বিধান খ) বর্ণবিধান গ) ষ-ত্ব বিধান ঘ) কোনোটিই নয়

০৪) কোনটি শুদ্ধ বানান?
ক) বণ্টণ খ) বন্টন গ) বণ্টন ঘ) বন্টণ

০৫) কোন বানানটি শুদ্ধ?
ক) ব্যকারন খ) ব্যকারণ গ) ব্যাকরণ ঘ) ব্যাকারন

০৬) কোন বানানটি শুদ্ধ?
ক) অগ্রহায়ন খ) অগ্রহায়ণ গ) অগ্রাহণ ঘ) আগ্রাহায়ণ

০৭) কোন বানানটি শুদ্ধ?
ক) রূপায়ন খ) রুপায়ন গ) রূপায়ণ ঘ) রুপায়ণ

০৮) 'মাণিক্য' শব্দে 'ণ' বসেছে ণ-ত্ব বিধানের কোন নিয়মে?
ক) 'ম' বর্ণের পরে 'ণ' হয় খ) 'ক' বর্ণ এবং 'ম' বর্ণের মাঝে 'ণ' হয়
গ) 'ক' বর্ণের পূর্বে 'ণ' হয় ঘ) স্বভাবতই 'ণ' হয়

০৯) নিচের কোন শব্দে স্বভাবতই 'ণ' হয়েছে?
ক) বক্ষমাণ খ) স্থাণু গ) পরিবহন ঘ) উত্তরায়ন

১০) কোন ধরনের শব্দে কখনোই মূর্ধন্য-ণ হবে না?
ক) তৎসম খ) বিদেশি গ) তদ্ভব ঘ) আঞ্চলিক

RAISUL ISLAM HRIDOY

০১. গ	০২. গ	০৩. ক	০৪. গ	০৫. গ	০৬. খ	০৭. গ	০৮. ঘ	০৯. খ	১০. গ

১১) কোনটি শুদ্ধ বানান?
ক) তৃহায়ন খ) তৃহায়ণ গ) ত্রিহায়ন ঘ) ত্রিহায়ণ

১২) কোনটি শুদ্ধ বানান?
ক) শুণ্য খ) পুণ্য গ) গুণ্য ঘ) মাণ্য

১৩) কোনটি শুদ্ধ বানান?
ক) গৃহিনী খ) গৃহীনী গ) গৃহিনি ঘ) গৃহিণী

১৪) কোনটি শুদ্ধ বানান?
ক) ষান্মাষিক খ) ষাণ্মাসিক গ) ষান্নাষিক ঘ) সানমাসিক

১৫) কোন বানানটি শুদ্ধ?
ক) সুদণ খ) সূদন গ) শুদন ঘ) শূদণ

১৬) বাংলা বানানের নিয়ম অনুসারে নিচের কোনটি শুদ্ধ?
ক) গভর্ণর খ) গভর্নর গ) গবর্ণর ঘ) ত্রিহায়ণ

১৭) কখন 'ন' হয় না?
ক) ক বর্গের আগে খ) ট বর্গের আগে গ) ত বর্গের আগে ঘ) ব বর্গের আগে

১৮) কোনটি বানানে ণ-ত্ব বিধান পালিত হয়নি?
ক) কোরান খ) শ্রবণ গ) বেণী ঘ) গণ
১৯) কোনটি শুদ্ধ বানান?
ক) গননা খ) গনণা গ) গণণা ঘ) গণনা
২০) খাঁটি বাংরা শব্দের নিচের কোনটি যুক্ত হয় না?
ক) স খ) ষ গ) ণ ঘ) ন

১১. গ	১২. খ	১৩. ক	১৪.ঘ	১৫. খ	১৬. খ	১৭. খ	১৮. ক	১৯.ঘ	২০. গ

২১) সঠিক বানান কোনটি?
ক) ক্ষিয়মান খ) খিয়মান গ) খীয়মান ঘ) কোনোটিই নয়
২২) ণ-ত্ব বিধান অনুসারে নিচের কোন বানানটি অশুদ্ধ?
ক) পুরণো খ) নিরূপণ গ) গ্রহণ ঘ) রূপায়ণ
২৩) কোন বানানটি শুদ্ধ?
ক) চানক্য খ) চাণক্য গ) চানোক্য ঘ) চাণোক্য
২৪) নিচের কোন বানানটি শুদ্ধ নয়?
ক) কর্নেল খ) চক্ষুষ্মান গ) খ্রিস্টাব্দ ঘ) বিপণী
২৫) নিচের কো বানানে মূর্ধন্য 'ণ' -এর ব্যবহার হয়েছে?
ক) মহ্যাহ্ন খ) বিপন্ন গ) তৃষ্ণা ঘ) রত্ন
২৬) ণ-ত্ব বিধান অনুসারে নিচরে কোন বানানটি অশুদ্ধ?
ক) নির্মিনেষ খ) রুগ্ন গ) পরিবহন ঘ) অপরাহ্ন

২১. ঘ	২২. ক	২৩. খ	২৪. ঘ	২৫. গ	২৬. ঘ

২৭) নিত্য মূর্ধন্য-ষ কোন শব্দে বর্তমান?
ক) কষ্ট খ) উপনিষৎ গ) কল্যাণীয়েষু ঘ) আয়াঢ়
২৮) স্বভাবতই মূর্ধন্য ষ হয়– এমন উদাহরণ কোনটি?
ক) কৃষক খ) বর্ষা গ) ঔষধ ঘ) কাষ্ট
২৯) নিচের কোন শব্দে স্বভাবতই মূর্ধন্য-ষ হয়েছে?
ক) কৃষ্ণ খ) কল্যাণীয়েষু গ) ভাষ্য ঘ) অভিষেক
৩০) কোনটি শুদ্ধ বানান?
ক) দূষণ খ) দুষণ গ) দুশন ঘ) দুশন
৩১) কোন শব্দটির বানান সঠিক?
ক) দোষণীয় খ) দূষণীয় গ) দূষনিয় ঘ) দোষনীয়
৩২) শুদ্ধ বানানটি হচ্ছে–
ক) নিসুতী খ) নিসুতি গ) নিষুতী ঘ) নিষুতি
৩৩) ষ-ত্ব বিধানের ব্যতিক্রম কোনটি?
ক) ভাষা খ) অফিস গ) সুষ্ঠু ঘ) দুষ্কর
৩৪) কোনটি শুদ্ধ বানান?
ক) আনুষঙ্গিক খ) আনুসঙ্গিক গ) অনুষঙ্গিক ঘ) আনূষঙ্গিক
৩৫) কোনটি শুদ্ধ বানান?
ক) কৃষিজিবি খ) কৃষিজীবি গ) কৃষীজিবি ঘ) কৃষিজীবী

২৭. ঘ	২৮. গ	২৯. গ	৩০. ক	৩১. খ	৩২. ঘ	৩৩. খ	৩৪.ক	৩৫. ঘ

৩৬) কোনটি শুদ্ধ বানান?
ক) শশিভুসন খ) শশিভূষণ গ) শসিভূষন ঘ) শশিভুসণ

RAISUL ISLAM HRIDOY

৩৭) কোনটি শুদ্ধ বানান?
ক) দুস্প্রাপ্য খ) দূস্প্রাপ্য গ) দূষ্প্রাপ্য ঘ) দুষ্প্রাপ্য

৩৮) অশুদ্ধ শব্দ কোনটি?
ক) প্রত্যুষ খ) বীণাপাণি গ) মূঢ় ঘ) চরিত্র

৩৯) শুদ্ধ বানান বিশিষ্ট শব্দ কোনটি?
ক) আশির্বাদ খ) ভবিষ্যৎ গ) দীর্ঘজীবি ঘ) পিপিলীকা

৪০) নিচের কোন বানানটি শুদ্ধ নয়?
ক) সমীচীন খ) সান্ত্বনা গ) মুমূষু ঘ) ফটোষ্ট্যাট

৪১) নিচের কোন বানানটি শদ্ধ?
ক) চক্ষস্মান খ) চক্ষুষ্মান গ) চক্ষুশ্মান ঘ) চক্ষুষ্মাণ

৪২) সঠিক বানান কোনটি?
ক) সুষম খ) সুসম গ) সুশম ঘ) সূসম

৪৩) শুদ্ধ বানান কোনটি?
ক) আকৃষ্ঠ খ) আকৃষ্ট গ) আকৃস্ট ঘ) অকৃস্ট

৪৪) কোন শব্দটি বিসর্গযুক্ত ই-ধ্বনি সন্ধির ফলে মুর্ধন্য-ষ হয়েছে?
ক) পুষ্কক খ) পরিষ্কার গ) পুষ্ট ঘ) বর্ষীয়সী

৪৫) কোন বানানটি শুদ্ধ?
ক) পাষাণ খ) পাষান গ) পাসান ঘ) পাশান

৩৬. খ	৩৭. ঘ	৩৮. ক	৩৯. খ	৪০. ঘ	৪১. খ	৪২. ক	৪৩. খ	৪৪. খ	৪৫. ক

RAISUL ISLAM HRIDOY

বাংলা ভাষার ব্যাকরণ

সন্ধি

সন্ধি

সন্ধি: 'সন্ধি' শব্দটির অর্থ হচ্ছে মিলন। সংস্কৃত '√ধা' ধাতুর পূর্বে 'সম' উপসর্গ যুক্ত হয়ে 'ই' প্রত্যয়েযোগে 'সন্ধি' শব্দটি গঠিত হয়েছে।

অর্থাৎ সম্+√ধা+ই=সন্ধি। পরস্পর সন্নিহিত দুইটি ধ্বনি বা বর্ণের মিলনকে সন্ধি বলা হয়। যেমন- গণ+ঈশ= গণেশ, ইতি+আদি=ইত্যাদি, অনু+অয়=অন্বয়, উৎ+লেখ=উল্লেখ।

- **সন্ধির উদ্দেশ্য:**

(ক) ধ্বনিগত মাধুর্য সম্পাদন (খ) স্বাভাবিক উচ্চরণে সহজপ্রবণতা। তবে যে ক্ষেত্রে আয়াসের লাঘব হয় কিন্তু ধ্বনির মাধুর্য রক্ষিত হয় না, সে ক্ষেত্রে সন্ধি করার নিয়ম নেই।

যেমন: কচু + আদা + আলু = কচ্চাদালু হয় না।

- **সন্ধির প্রকারভেদ:** সন্ধি প্রধারনত দুই প্রকার। যথা:
  ১. বাংলা শব্দের সন্ধি।
  ২. তৎসম বা সংস্কৃত শব্দের সন্ধি।

বাংলা শব্দের সন্ধি দুই প্রকার:

১. স্বরসন্ধি ও
২. ব্যঞ্জনসন্ধি।

- **স্বরসন্ধি:** স্বরবর্ণের সাথে স্বরবর্ণ মিলিত হয়ে যে সন্ধি হয় তাকে স্বরসন্ধি বলা হয়।

১. সন্ধিতে দুটি সন্নিহিত স্বরের একটি লোপ হয়। যেমন-
(ক) অ + এ = এ (অ লোপ) যেমন: শত + এক = শতেক।
(খ) আ + আ = আ (একটি আ লোপ) যেমন: শাঁখা + আরি = শাঁখারি, রূপা + আলি = রূপালি।
(গ) আ+ উ =উ (আ লোপ) যেমন: মিথ্যা + উক = মিথ্যুক।
(ঘ) ই + এ = ই (এ লোপ) যেমন: কুড়ি + এক = কুড়িক।

২. কোনো কোনো স্থলে পাশাপাশি দুটি স্বরের শেষেরটি লোপ পায়। যেমন- যা + ইচ্ছা + তাই = যাচ্ছেতাই। এখানে (আ + ই) এর মধ্যে ই লোপ পেয়েছে।

- **ব্যঞ্জনসন্ধি:** স্বরবর্ণের সাথে ব্যঞ্জনবর্ণের এবং ব্যঞ্জনবর্ণের সাথে ব্যঞ্জনবর্ণের মিলন হয়ে যে সন্ধি হয় তাকে ব্যঞ্জনসন্ধি বলা হয়।

১. হলন্ত র্ (বদ্ধ অক্ষর বিশিষ্ট) ধ্বনির পরে অন্য ব্যঞ্জন ধ্বনি থাকলে র্ লুপ্ত হয়ে পরবর্তী ধ্বনি দ্বিত্ব হয়। যেমন-
আর্ + না = আন্না, দুর্ + ছাই = দুচ্ছাই ইত্যাদি

২. চ- বর্গীয় ধ্বনির আগে যদি ত-বর্গীয় ধ্বনি আসে তাহলে, ত-বর্গীয় ধ্বনি লোপ হয় এবং চ-বর্গীয় ধ্বনির দ্বিত্ব হয়। যেমন-
নাত +জামাই = নাজ্জামাই, বদ্ +জাত = বজ্জাত ইত্যাদি।

৩. 'প' এর পরে 'চ' এবং 'স' এর পরে 'ত' এলে চ ও ত এর স্থলে শ হয়। যেমন- পাঁচ + শ = পাঁশ্‌শ। সাত + শ = সাশ্‌শ।

৪. হলন্ত ধ্বনির সাথে স্বরধ্বনি যুক্ত হলে স্বরের লোপ হয় না। যেমন- বোন + আই = বোনাই, চুন + আরি = চুনারি ইত্যাদি।

৫. স্বরের পরে ব্যঞ্জনধ্বনি এলে স্বরধ্বনিটি লুপ্ত হয়। যেমন- কাঁচা + কলা = কাঁচকলা, নাতি + বৌ = নাতবৌ।

তৎসম শব্দের সন্ধি তিন প্রকার:

১. স্বরসন্ধি ও
২. ব্যঞ্জনসন্ধি
৩. বিসর্গ সন্ধি।

- **স্বর সন্ধি:** স্বর ধ্বনির সঙ্গে স্বরধ্বনির মিলনের নাম স্বরসন্ধি।

১। অ-কার কিংবা আ-কারের পর অ-কার কিংবা আ-কার থাকলে উভয়ে মিলে আ-কার হয়। আকার পূর্বপদেও শেষ ব্যঞ্জনবর্ণেল সাথে যুক্ত হয়। যেমন-

মিষ্ট + অন্ন = মিষ্টান্ন	নব + অন্ন = নবান্ন
বিদ্যা + আলয় = বিদ্যালয়	কারা + আগার = কারাগার
বিদ্যা + অর্জন = বিদ্যার্জন	তথা + অপি = তথাপি
হিম + আলয় = হিমালয়	গুণ + আবলি = গুণাবলি

অনুরূপ: অগ্রাধিকার, হিমাগার, নীলাকাশ, লোকালয়, ভয়াবহ,
গতানুগত, পাপালয় প্রভৃতি।

২। ই-কার কিংবা ঈ-কাররের পর ই-কার কিংবা ঈ-কার থাকলে উভয়ে মিলে ঈ-কার হয়। ঈ-কার পীর্বপদের শেষ ব্যঞ্জনবর্ণেও সাথে যুক্ত হয়। যেমন-

রবি + ইন্দ্র = রবীন্দ্র	অতি + ইত = অতীত
পরি + ঈক্ষা = পরীক্ষা	অধি + ঈশ্বর = অধীশ্বর
সুধী + ইন্দ্র = সুধীন্দ্র	শচী + ইন্দ্র = শচীন্দ্র
শ্রী + ঈশ = শ্রীশ	সতী + ঈশ = সতীশ

অনুরূপ: বারীন্দ্র, গিরীন্দ্র, যোগীন্দ্র, পৃথ্বীশ্বর ইত্যাদি।

RAISUL ISLAM HRIDOY

৩। উ-কার কিংবা ঊ-কারের পর উ-কার কিংবা ঊ-কার থাকলে উভয়ে মিলে ঊ-কার হয়। ঊ-কার পূর্বজদের শেষ ব্যঞ্জনবর্ণের সাথে যুক্ত হয়। যেমন-

কটু + উক্তি = কুটূক্তি ভানু + উদয় = ভানূদয়
বধূ + উক্তি = বধূক্তি বধূ + উৎসব = বধূৎসব
লঘু + ঊর্মি = লঘূর্মিভূ + ঊর্ধ্ব = ভূর্ধ্ব

৪। অ-কার কিংবা আ-কারের পর ই-কার কিংবা ঈ-কার থাকলে উভয়ে মিলে এ-কার হয়। এ-কার পূর্বপদের শেষ ব্যঞ্জনবর্ণেও সাথে যুক্ত হয়। যেমন-

শুভ + ইচ্ছা = শুভেচ্ছা বর + ইন্দ্র = বরেন্দ্র
যথা + ইষ্ট = যথেষ্ট মহা + ইন্দ্র = মহেন্দ্র
গণ + ঈশ = গণেশ পর + ঈশ = পরেশ
ঢাকা + ঈশ্বরী = ঢাকেশ্বরী রমা + ঈশ = রমেশ

৫। অ-কার কিংবা আ-কারের পর উ-কার কিংবা ঊ-কার থাকলে উভয়ে মিলে ও-কার হয়। ও-কার পূর্বপদের শেষ ব্যঞ্জনবর্ণেও সাথে যুক্ত হয়। যেমন-

সূর্য + উদয় = সূর্যোদয় নব + উদয় = নবোদয়
মহা + উৎসব = মহোৎসব যথা + উচিত = যথোচিত
এক + ঊণ = একোণ নব + ঊঢ়া = নবোঢ়া
গঙ্গা + ঊর্মি = গঙ্গোর্মি
অনুরূপ: কথোপকথন, নরোত্তম, পরোপকার, প্রশ্নোদয় ইত্যাদি।

৬। অ-কার কিংবা আ-কারের পর এ-কার কিংবা ঐ-কার থাকলে উভয় মিলে ঐ-কার হয়। ঐ-কার পূর্বপদের শেষ ব্যঞ্জনবর্ণেও সাথে যুক্ত হয়। যেমন-

জন + এক = জনৈক এক + এক = একৈক
তথা + এব = তথৈব সদা + এব = সদৈব
মত + ঐক্য = মতৈক্য মহা + ঐশ্বর্য = মহৈশ্বর্য

৭। অ-কার কিংবা আ-কারের পর ও-কার কিংবা ঔ-কার থাকলে উভয়ে মিলে ঔ-কার হয়। ঔ- কার পূর্বপদেও শেষ ব্যঞ্জনবর্ণেও সাথে যুক্ত হয়। যেমন-

জল + ওকা = জলৌকা বন + ওষধি = বনৌষধি
মহা + ঔষধ = মহৌষধ মহা + ঔধার্য = মহৌদার্য
মহা + ওষধি = মহৌষধি পরম + ঔষধি = পরমৌষধ
[বি.দ্র. জলৌকা শব্দের অর্থ জোঁক। ওষধি শব্দের অর্থ ফল পাকলে যে গাছ মরে যায়]

৮। অ-কার কিংবা আ-কারের পর ঋ-কার থাকলে উভয়ে মিলে অর হয়। এই অর-এর অ পূর্বপদের শেষ ব্যঞ্জনবর্ণের সাথে যুক্ত হয় এবং 'র' রেফ হয়ে জরজদেও শেষ ব্যঞ্জনবর্ণেও মস্তকের ওপর বসে। যেমন-

সপ্ত + ঋষি = সপ্তর্ষি দেব + ঋষি = দেবর্ষি
রাজা + ঋষি = রাজর্ষি মহা + ঋষি = মহর্ষি
উত্তম + ঋণ = উত্তমর্ণ

৯। অ-কার কিংবা আ-কারের পর 'ঋত' থাকলে 'ঋ' স্থলে 'আর' হয়। 'আর' এর আ-পূর্বজদের শেষ ব্যঞ্জনবর্ণেও সাথে যুক্ত হয় এবং ও রেফ হয়ে পরপদের শেষ ব্যঞ্জনবর্ণেও মস্তকে বসে। যেমন-

শীত + ঋত = শীতার্ত তৃষ্ণা + ঋত = তৃষ্ণার্ত
ক্ষুধা + ঋত = ক্ষুধার্ত পিপাসা + ঋত = পিপাসার্ত

১০। ই-কার কিংবা ঈ-কারের পর ই ও ঈ ভিন্ন অন্য স্বর থাকলে ই বা ঈ স্থানে 'য' বা য(্য) ফলা হয়। য-ফলা লেখার সময় পূর্ববর্তী ব্যঞ্জনের সাথে লেখা হয়। যেমন-

অতি + অন্ত = অত্যন্ত ইতি + আদি = ইত্যাদি
অতি + উক্তি = অত্যুক্তি প্রতি + উষ = প্রত্যূষ।
মসী + আধার = মস্যাধার প্রতি + এক = প্রত্যেক।
নদী + অম্বু = নদ্যম্বু।

১১। উ-কার কিংবা ঊ-কারের পর উ-কার ও ঊ-কার ভিন্ন অন্য স্বও থাকলে উ বা ঊ স্থানে ব-ফলা হয় এবং লেখার সময় ব-ফলা পূর্ববর্তী বর্ণের সাথে লেখা হয়। যেমন-

সু + অল্প = স্বল্প সু + আগত = স্বাগত
অনু + ইত = অন্বিত তুন + ঈ = তন্বী
অনু + এষণ = অন্বেষণ।

১২। ঋ-কারের পর ঋ ভিন্ন অন্য স্বও থাকলে 'ঋ' স্থানে 'র' হয় এবং তা র-ফলা রূপে পূর্ববর্তী ব্যঞ্জনের সঙ্গে যুক্ত হয়। যেমন-

পিতৃ + আলয় = পিত্রালয় পিতৃ + আদেশ = পিত্রাদেশ।

১৩। এ, ঐ, ও, ঔ-কারের পর এ, ঐ স্থানে যথাক্রমে অয়, আয় এবং ও, ঔ স্থানে যথাক্রমে অব্ ও আব্ হয়। যেমন-

নে + অন = নয়ন নৈ + অক = নায়ক
পো + অন = পবন পৌ + অক = পাবক
গো + আদি = গবাদি গো + এষণা = গবেষণা
পো + ইত্র = পবিত্র নৌ + ইক = নাবিক
ভৌ + উক = ভাবুক।

১৪। কতগুলো সন্ধি কোনো নিয়ম অনুসারে হয় না, এগুলোকে নিপাতনে সিদ্ধ বলে।
যথা- কুল + অটা = কুলটা (কুলাটা নয়),
গো + অক্ষ = গবাক্ষ (গবক্ষ নয়)
প্র + ঊঢ় = পৌঢ় (প্রোঢ় নয়)
অন্য + অন্য = অন্যান্য,
মার্ত + অন্ড = মার্তান্ড,
শুদ্ধ + ওদন = শুদ্ধোদন।

- **ব্যঞ্জনসন্ধি:**

স্বরবর্ণের সাথে ব্যঞ্জনবর্ণের এবং ব্যঞ্জনবর্ণের সাথে ব্যঞ্জনবর্ণের মিলন হয়ে যে সন্ধি হয় তাকে ব্যঞ্জনসন্ধি বলা হয়। এদিক

RAISUL ISLAM HRIDOY

থেকে ব্যঞ্জন সন্ধিকে তিন ভাগে ভাগ করা যায়। যথা: ১. ব্যঞ্জনধ্বনি + স্বরধ্বনি ২. স্বরধ্বনি + ব্যঞ্জনধ্বনি ৩. ব্যঞ্জনধ্বনি + ব্যঞ্জনধ্বনি।

১. ব্যঞ্জনধ্বনি + স্বরধ্বনি

ক, চ, ট, ত্, প্-এর পরে স্বরধ্বনি থাকলে সেগুলে যথাক্রমে গ্, জ্, ড্ (ড়্), দ্, ব্ হয়। পরবর্তী স্বরধ্বনিটি পূর্ববর্তী ব্যঞ্জনধ্বনিটির সঙ্গে যুক্ত হয়।

যেমন- দিক্ + অন্ত = দিগন্ত ণিচ্ + অন্ত = ণিজন্ত

ষট্ + আনন = ষড়ানন তৎ + অবধি = তদবধি

সুপ্ + অন্ত = সুবন্ত।

এরূপ- তদন্ত, বাগাড়ম্বর, কৃদন্ত, সদানন্দ, সদুপায় ইত্যাদি।

২. স্বরধ্বনি + ব্যঞ্জনধ্বনি

স্বরধ্বনির পর ছ থাকলে উক্ত ব্যঞ্জনধ্বনিটি দ্বিত্ব (চ্ছ) হয়। যথা- এক + ছত্র = একচ্ছত্র

কথা + ছলে = কথাচ্ছলে

পরি + ছদ = পরিচ্ছদ।

এরূপ- মুখচ্ছবি, বিচ্ছেদ, পরিচ্ছেদ, বিচ্ছিন্ন, প্রতিচ্ছবি ইত্যাদি।

৩. ব্যঞ্জনধ্বনি + ব্যঞ্জনধ্বনি

(ক) ১. ত্ ও দ্-এর পর চ্ ও ছ্ থাকলে ত্ ও দ্ স্থানে চ্ হয়। যেমন-

সৎ + চিন্তা = সচ্চিন্তা উৎ + ছেদ = উচ্ছেদ

বিপদ + য় = বিপচ্চয় বিপদ + ছায়া = বিপচ্ছায়া।

৩. ত্ ও দ্- এরপর জ্ ও ঝ্ থাকলে ত্ ও দ্-এর স্থানে জ্ হয়। যেমন- সৎ + জন = সজ্জন বিপদ + জাল = বিপজ্জাল

কুৎ + ঝটিকা = কুজ্ঝটিকা।

৪. ত্ ও দ্ এরপর শ্ থাকলে ত্ ও দ্-এর স্থলে চ্ এবং শ্ এর স্থলে ছ উচ্চরিত হয়। যেমন-

ত + শ = চ্ + ছ = চ্ছ উৎ + শ্বাস = উচ্ছ্বাস

এরূপ- চলচ্ছক্তি, উচ্ছৃঙ্খল ইত্যাদি।

৫. ত্ ও দ্-এর পর ড্ থাকলে ত্ ও দ্ এর স্থানে ড্ হয়। যেমন-

উৎ + ডীন= উড্ডীন।

এরূপ- বৃহড্ঢক্কা।

৬. ত্ ও দ্ এর পর হ থাকলে ত্ ও দ্ এর স্থলে দ এবং হ এর স্থলে ধ্ হয়। যেমন-

উৎ + হার = উদ্ধার পদ্ + হতি = পদ্ধতি।

৭. ত্ ও দ্ এর পর ল্ থাকলে ত্ ও দ্ এর স্থলে ল উচ্চরিত হয়। যেমন- উৎ + লাস = উল্লাস।

এরূপ- উল্লেখ, উল্লিখিত, উল্লেখ, উল্লঙ্ঘন ইত্যাদি।

(খ) ১. ব্যঞ্জন ধ্বনিসমূহের যে কোন বর্গের অঘোষ অল্পপ্রাণ ধ্বনির পর যে কোনো বর্গের ঘোষ অল্পপ্রাণ ও ঘোষ মহাপ্রাণ ধ্বনি কিংবা ঘোষ অল্পপ্রাণ তালব্য ধ্বনি, (য > জ), ঘোষ অল্পপ্রাণ ওষ্ঠ ধ্বনি (ব), ঘোষ কম্পনজাত দন্তমূলীয় ধ্বনি (র) কিংবা ঘোষ অল্পপ্রাণ ওষ্ঠ্য ব্যঞ্জনধ্বনি (ব) থাকলে প্রথম অঘোষ অল্পপ্রাণ ধ্বনি ঘোষ অল্পপ্রাণরূপে উচ্চারিত হয়। যেমন-

বাক্ + দান = বাগদান ষট্ + যন্ত্র = ষড়যন্ত্র

উৎ + ঘাটন = উদ্ঘাটন উৎ + যোগ = উদ্যোগ

উৎ + বন্ধন = উদ্বন্ধন তৎ + রূপ = তদ্রুপ।

এরূপ- দিগ্বিজয়, উদ্যম, উদ্গার, উদ্গিরণ, উদ্ভব, বাগ্জাল, সদ্গুরু, বাগ্দেবী ইত্যাদি।

২. ঙ, ঞ, ণ, ন, ম পরে থাকলে পূর্ববর্তী অঘোষ অল্পপ্রাণ স্পর্শধ্বনি সেই বর্গীয় ঘোষ স্পর্শধ্বনি কিংবা নাসিক্য ধ্বনি হয়। যেমন-

দিক্ + নির্ণয় = দিগ্নির্নয় বা দিঙ্নির্ণয়

তৎ + মধ্যে = তদ্মধ্যে বা তন্মধ্যে

লক্ষণীয়: এরূপ ক্ষেত্রে সাধারণত নাসিক্য ব্যঞ্জনই বেশি প্রচলিত। যেমন- বাক্ + ময় = মাঙ্ময় তৎ + ময় = মন্ময়।

৩. ম্ এর পর যে কোনো বর্গীয় ধ্বনি থাকলে ম্ ধ্বনিটি সেই বর্গের নাসিক্য ধ্বনি হয়। যেমন-

শম্ + কা = শঙ্কা সম্ + চয় = সঞ্চয়

সম্ + তাপ = সন্তাপ।

দ্রষ্টব্য: আধুনিক বাংলায় ম্-এর পর কণ্ঠ্য-বর্গীয় ধ্বনি থাকলে ম্ স্থানে প্রায়ই ঙ না হয়ে অনুস্বার (ং) হয়। যেমন-

সম্ + গত = সংগত, অহম্ + কার = অহংকার।

৪. ম্-এর পর অন্তঃস্থ ধ্বনি য, র, ল, ব কিংবা শ, ষ, স, হ থাকলে ম্ স্থলে অনুস্বার (ং) হয়। যেমন-

সম্ + যম = সংযম সম্ + বাদ = সংবাদ

সম্ + রক্ষন = সংরক্ষণ, সম্ + লাপ = সংলাপ।

৫. চ্ ও জ্ এর পরে নাসিক্য ধ্বনি তালব্য হয়। যেমন-

যাচ্ + না = যাচ্ঞা রাজ্ + নী = রাজ্ঞী

যজ্ + ন = যজ্ঞ।

৬. দ্ ও ধ্ এর পরে ক, চ, ট, ত, প, খ, ছ, ঠ, থ, ফ, থাকলে দ্ ও ধ্ স্থলে অঘোষ অল্পপ্রাণ ধ্বনি হয়। যেমন-

তদ্ + কাল = তৎকাল ক্ষুধ্ + পিপাসা = ক্ষুৎপিপাসা।

RAISUL ISLAM HRIDOY

৭. দ্ কিংবা ধ্- এর পওে স্ থাকলে, দ্ ও ধ্ স্থলে অঘোষ অল্পপ্রাণ ধ্বনি হয়। যেমন-
বিপদ্ + সংকুল = বিপৎসংকুল। এরূপ- তৎসম।

৮. ষ্-এর পওে ত্ বা থ্ থাকলে, যথাক্রমে ত্ ও থ্ স্থানে ট ও ঠ হয়। যেমন-
কৃষ্ + তি = কৃষ্টি ষষ্ + থ্ = ষষ্ঠ।

৯. বিশেষ নিয়ম সাধিত কতগুলো সন্ধি
উৎ + স্থান = উত্থান সম + কার = সংস্কার
সম্ + কৃত = সংস্কৃত, পরি + কার = পরিষ্কার
এরূপ- সংস্কৃতি, পরিষ্কৃত ইত্যাদি।

১০. কতগুলো সন্ধি নিপাতনে সিদ্ধ হয়
আ + চর্য = আশ্চর্য, গো + পদ = গোষ্পদ
বন্ + পতি = বনস্পতি বৃহৎ + পতি = বৃহস্পতি
তৎ + কর = তস্কও পর + পর = পরস্পর
মনস্ + ঈষা = মনীষা ষট্ + দশ = ষোড়শ
এক্ + দশ = একাদশ পতৎ + অঞ্জলী= পতঞ্জলী ইত্যাদি।

• বিসর্গ সন্ধি

সংস্কৃত সন্ধির নিয়মে পদের অন্তস্থিত র্ ও স্ অনেক ক্ষেত্রে অঘোষ উষ্মধ্বনি অর্থাৎ হ ধ্বনিরূপে উচ্চারিত হয় এবং তা বিসর্গ (ঃ) রূপে লেখা হয়। র্ ও স্ বিসর্গ ব্যঞ্জনধ্বনিমালার অন্তর্গত। সে কারণে বিসর্গ সন্ধি ব্যঞ্জন সন্ধির অর্ন্তগত। বস্তুত বিসর্গ র্ এবং স্-এর সংক্ষিপ্ত রূপ। বিসর্গকে দুই ভাগে ভাগ করা হয়েছে: ১. র্-জাত বিসর্গ ও ২. স্-জাত বিসর্গ।

১. র্-জাত বিসর্গ: র্ স্থানে যে বিসর্গ হয় তাকে বলে র-জাত বিসর্গ। যেমন- অন্তর- অন্তঃ, প্রাতর- প্রাতঃ, পুনর- পুনঃ ইত্যাদি।

২. স্- জাত বিসর্গ: স্ স্থানে যে বিসর্গ হয় তাকে স্-জাত বিসর্গ বলে। যেমন: নমস্-নমঃ, পূরস্-পুরঃ, শিরস্-শিরঃ ইত্যাদি।

• বিসর্গের সাথে অর্থাৎ র্ ও স্ এর সাথে স্বরধ্বনি কিংবা ব্যঞ্জনধ্বনির যে সন্ধি হয় তাকে বিসর্গ সন্ধি বলে। বিসর্গ সন্ধি দুইভাবে সাধিত হয়। ১. বিসর্গ + স্বর এবং ২. বিসর্গ + ব্যঞ্জন।

১. বিসর্গ + স্বরের সন্ধি

অ- ধ্বনির পরস্থিত (অঘোষ উষ্মধ্বনি) বিসর্গের পর অ ধ্বনি থাকলে অ + ঃ + অ- এ তিনে মিলে ও-কার হয়।
যেমন- ততঃ + অধিক = ততোধিক।

২. বিসর্গ ও ব্যঞ্জনের সন্ধি

১. অ-কারের পরিস্থিত স্-জাত বিসর্গের পর ঘোষ অল্পপ্রাণ ও ঘোষ মহাপ্রাণ ব্যঞ্জনধ্বনি, নাসিক্যধ্বনি কিংবা অন্তস্থ য, অন্তস্থ ব, র, ল, হ থাকলে অ-কার ও স্-জাত বিসর্গ উভয় স্থলে ও-কার হয়। যেমন- তিরঃ + ধান = তিরোধান, মনঃ + রম = মনোরম,
মনঃ + হর = মনোহর ইত্যাদি।

২. অ-কারের পরস্থিত র্-জাত বিসর্গের পর উপর্যুক্ত ধ্বনিসমূহের কোনোটি থাকলে বিসর্গ স্থানে 'র' হয়। যেমন- অন্তঃ + গত, পুনঃ + আয় = পুনরায়, অহঃ + অহ = অহরহ।
এরূপ- পুর্নজন্ম, পুর্নবার, প্রাতরুত্থান, অন্তর্ভুক্তি, অন্তবর্তী ইত্যাদি।

৩. অ ও আ ভিন্ন অন্য স্বরের পওে বিসর্গ থাকলে এবং তার সঙ্গে অ, আ, বর্গীয় ঘোষ অল্পপ্রাণ ও ঘোষ মহাপ্রাণ নাসিক্যধ্বনি কিংবা য, র, ল, ব, হ- এর সন্ধি হলে বিসর্গ স্থানে 'র' হয়। যেমন- নিঃ আকার = নিরাকার, আশীঃ + বাদ = আশীর্বাদ,
দুঃ + যোগ = দুর্যোগ ইত্যাদি।
এরূপ- জ্যোতির্ময়, প্রাদুর্ভাব, নির্জন, বহির্গত, দুর্লোভ, দুরন্ত ইত্যাদি।
ব্যতিক্রম: ই কিংবা উ ধ্বনির পরের বিসর্গের সঙ্গে 'র' এর সন্ধি হলে বিসর্গের লোপ হয় ও বিসর্গের পূর্ববর্তী হ্রস্ব স্বর দীর্ঘ হয়।
যেমন- নিঃ + রব = নীরব, নিঃ + রস = নীরস ইত্যাদি।

৪. বিসর্গের পর অঘোষ অল্পপ্রাণ কিংবা মাহাপ্রাণ তালব্য ব্যঞ্জন থাকলে বিসর্গের স্থলে তালব্য শিশ ধ্বনি হয়, অঘোষ অল্পপ্রাণ কিংবা অঘোষ মহাপ্রাণ মূর্ধন্য ব্যঞ্জন থাকলে বিসর্গ স্থলে মূর্ধন্য শিশ ধ্বনি হয়, অঘোষ অল্পপ্রাণ কিংবা অঘোষ মহাপ্রাণ দন্ত্য ব্যঞ্জনের স্থলে দন্ত্য শিশ ধ্বনি হয়। যেমন-
নিঃ + চয় = নিশ্চয় শিরঃ + ছেদ = শিরশ্ছেদ
ধনুঃ + টঙ্কার = ধনুষ্টঙ্কার নিঃ + ঠুর = নিষ্ঠুর
দুঃ + তর = দুস্তর দুঃ + থ = দুষ্থ।

৫. অঘোষ অল্পপ্রাণ ও অঘোষ মহাপ্রাণ কণ্ঠ্য কিংবা ওষ্ঠ্য ব্যঞ্জন (ক, খ, প, ফ) পরে থাকলে অ বা আ ধ্বনির পরস্থিত বিসর্গ স্থলে অঘোষ দন্ত্য শিশ্ ধ্বনি (স্) হয় এবং অ বা আ ব্যতীত অন্য স্বরধ্বনি পরস্থিত বিসর্গ স্থলে অঘোষ মূর্ধন্য শিশ্ ধ্বনি (ষ) হয়। যেমন-

RAISUL ISLAM HRIDOY

নমঃ + কার = নমস্কার পদঃ + খলন = পদস্খলন

নিঃ + কর = নিষ্কর দুঃ + কর = দুষ্কর

এরূপ- পুরস্কার, মনস্কামনা, তিরস্কার, চতুষ্পদ, নিষ্ফল, নিষ্পাপ, দুষ্প্রাপ্য,বহিষ্কৃত, দুষ্কৃতি, আবিষ্কার, ভাস্কর ইত্যাদি।

৬. **কোনো কোন ক্ষেত্রে সন্ধির বিসর্গ লোপ হয় না। যেমন-**

প্রাতঃ + কাল = প্রাতঃকাল মনঃ + কষ্ট = মনঃকষ্ট

শিরঃ + পীড়া = শিরঃ পীড়া।

৭. **যুক্ত ব্যঞ্জন ধ্বনি স্ত, স্থ কিংবা স্প পরে থাকলে পূর্ববর্তী বিসর্গ অবিকৃত থাকে অথবা লোপ পায়। যেমন-**

নিঃ + স্তব্ধ = নিঃস্তব্ধ কিংবা নিস্তব্ধ

দুঃ + স্থ = দুঃস্থ কিংবা দুস্থ

নিঃ + স্পন্দ = নিঃস্পন্দ কিংবা নিস্পন্দ।

কয়েকটি বিশেষ বিসর্গ সন্ধির উদাহরণ:

বাচঃ + পতি = বাচস্পতি ভাঃ + কর = ভাস্কর

অহঃ নিশ = অহর্নিশ অহঃ + অহ = অহরহ

ইত্যাদি।

অনুশীলনী:

০১) সন্ধি শব্দের অর্থ কি?

ক) মিলন খ) বিচ্ছেদ

গ) বন্ধুত্ব ঘ) সংযোগ

০২) পরস্পর কাছাকাছি ধ্বনি বা ধ্বনির মিলনকে কি বলে?

ক) সন্দি খ) সমাস

গ) কারক ঘ) প্রত্যয়

০৩) সন্ধি কত প্রকার?

ক) ২ খ) ৩

গ) ৪ ঘ) ৫

০৪) সন্ধি প্রধানত সুবিধা কি?

ক) উচ্চারণের সুবিধা খ) লেখার সুবিধা

গ) শোনার সুবিধা ঘ) পড়ার সুবিধা

০৫) সন্ধির উদ্দেশ্য কোনটি?

ক) শব্দের মিলন খ) ধ্বনিগত মাধুর্য সৃষ্টি

গ) শব্দগত মাধুর্য সৃষ্টি ঘ) বর্ণের মিল

০৬) কোন বাংরা পদের সাথে সন্ধি হয় না?

ক) বিশেষ্য খ) বিশেষণ

গ) ক্রিয়া ঘ) অব্যয়

০৭) 'বক+কচ্ছপ=বকচ্ছপ' এই রীতিতে গঠিত শব্দকে বলা হয়–

ক) সন্ধিবদ্ধ শব্দ খ) জোড়কলম শব্দ

গ) মিশ্র শব্দ ঘ) নিপাতনে সিদ্ধ শব্দ

০১. ক	০২. ক	০৩. খ	০৪. ক	০৫. খ
০৬. ঘ	০৭. ক			

০৮. 'রত্নাকর' শব্দটির সন্ধি-বিচ্ছেদ–

ক) রত্ন + কর খ) রত্ন + কর

গ) রত্না + আকর ঘ) রত্ন + আকর

০৯. 'গতানুগতিক' এর সন্ধি-বিচ্ছেদ কোনটি?

ক) গত + আনুগতিক খ) গতা + আনুগতিক

গ) গত + অনুগতিক ঘ) গতানু + গতিক

১০. 'পুরাধ্যক্ষ' শব্দটির সঠিক সন্ধি-বিচ্ছেদ কোনটি?

ক) পুর + আধ্যক্ষ খ) পুর + অধ্যক্ষ

গ) পুরা + আধ্যক্ষ ঘ) পুরা + আধ্যক্ষ

১১. 'পর্যালোচনা' শব্দের সঠিক সন্ধি-বিচ্ছেদ-

ক) পর্য + আলোচনা খ) পরি + আলোচনা

গ) পর্যা + লোচনা ঘ) পর্যা + আলোচনা

১২. 'পর্যবেক্ষণ' এর সন্ধি-বিচ্ছেদ–

ক) পর + বেক্ষণ খ) পরি + বেক্ষণ

গ) পর + অবেক্ষণ ঘ) পরি + অবেক্ষণ

১৩. 'পর্যায়' শব্দটির সন্ধি-বিচ্ছেদ–

ক) পর + যায় খ) পর + আয়

গ) পরি + আয় ঘ) পরি + যায়

১৪. 'স্বাগত' এর সন্ধি-বিচ্ছেদ কি?

ক) সু + আগত খ) স্বা + গত

গ) সু + গত ঘ) সা + আগত

১৫. 'পাগলামী' শব্দের সন্ধি-বিচ্ছেদ করলে কি পাওয়া যায়?

ক) পাগল + লামি খ) পাগল + মি

গ) পাগল + আমি ঘ) পাগল + লামী

১৬. 'পরীক্ষা' সন্ধি-বিচ্ছেদ কি হবে?

ক) পরী + ঈক্ষা খ) পরি + ইক্ষা

গ) পরী + ইক্ষা ঘ) পরি + ঈক্ষা

১৭. 'বুহ্নুৎসব' শব্দটির সন্ধি-বিচ্ছেদ করলে পাই-

ক) বহ্নুৎ + উৎসব খ) বহ্নুৎ + সব

গ) বহ্ন্য + উৎসব ঘ) বহ্নি + উৎসব

১৮. 'প্রত্যূষ' শব্দের সঠিক সন্ধি-বিচ্ছেদ কোনটি?

ক) প্রত্য + উষ খ) প্রত্য + ঊষ

গ) প্রতি + উষ ঘ) প্রতি + ঊষ

১৯. উপরি + উক্ত মিলে কোন শব্দ গঠিত হয়?

ক) উপরিক্ত খ) উপর্যুক্ত

গ) উপরুক্ত ঘ) উপরোক্ত

২০. সন্ধি-বিচ্ছেদ কর: উপর্যুপরি-

ক) উপরি + উপরি খ) উপর্য + পরি

গ) উপ + র্যুপরি ঘ) উপ + উপরি

০৮. ঘ	০৯. গ	১০. খ	১১. খ	১২. ঘ
১৩. গ	১৪. ক	১৫. গ	১৬. ঘ	১৭. ঘ
১৮. ঘ	১৯. খ	২০. ক		

২১. 'ছেলেমি' শব্দের সঠিক সন্ধি-বিচ্ছেদ করুন:

ক) ছে + লেমিখ) ছেলে + মি

গ) ছেলে + আমি ঘ) ছে + এলেমি

RAISUL ISLAM HRIDOY

২২. 'জনৈক' শব্দের সন্ধি-বিচ্ছেদ–
ক) জন + ঐকখ) জন + এক
গ) জনে + এক ঘ) জন + অক

২৩. 'দৈনিক' শব্দটির সন্ধি-বিচ্ছেদ কোনটি?
ক) দৈ + এক খ) দৈ + নিক
গ) দৈঃ + এক ঘ) দিন + এক

২৪. 'রবীন্দ্র' এর সন্ধি বিচ্ছেদ কি?
ক) রবী + ন্দ্র খ) রবি + ঈন্দ্র
গ) রবি + ইন্দ্র ঘ) রব + ইন্দ্র

২৫. 'সুধীন্দ্র' এর সন্ধি-বিচ্ছেদ কি?
ক) সুধি + ইন্দ্র খ) সুধী + ইন্দ্র
গ) সুধী + ঈন্দ্রঘ) সুধ + ইন্দ্র

২৬. 'অভীষ্ট' এর সন্ধি বিচ্ছেদ কি?
ক) অভি + ইষ্ট খ) অভি + রিষ্ট
গ) অভী + ইষ্ট ঘ) অভি + রিষ্ঠ

২৭. সন্ধি-বিচ্ছেদ করুন: 'পানির'–
ক) পানি +এর খ) পানি + র
গ) পন + ইষ্ট ঘ) পনি + ই + র

২৮. 'পিত্রালয়' শব্দের সন্ধি-বিচ্ছেদ হচ্ছে–
ক) পিতা + আলয় খ) পিতৃ + আলয়
গ) পিত্রা + লয় ঘ) পিত্রি + আলয়

২৯. কোনটি 'ক্ষুধার্ত' শব্দের সন্ধি-বিচ্ছেদ?
ক) ক্ষুৎ + আর্ত খ) ক্ষুধা + আর্ত
গ) ক্ষুধা + ঋত ঘ) ক্ষুধ + আর্ত

৩০. 'জলৌকা' শব্দের সন্ধি-বিচ্ছেদ কোনটি?
ক) জল +একা খ) জলো + ঐকা
গ) জল + ওকা ঘ) জল + ঔকা

২১. গ	২২. খ	২৩. ঘ	২৪. গ	২৫. খ
২৬. ক	২৭. ক	২৮. খ	২৯. গ	৩০. গ

৩১. কোনটি 'লবন' এর সন্ধি-বিচ্ছেদ?
ক) লো + অন খ) ল + অন
গ) লে + অন ঘ) ল + বন

৩২. 'নাবিক' শব্দের সন্ধি-বিচ্ছেদ–
ক) ন + ইক খ) নবৌ + ইক
গ) নৌ + ইক ঘ) নবো + অক

৩৩. 'গায়ক' শব্দের সন্ধি-বিচ্ছেদ–
ক) গা + অক খ) নবৌ + ইক
গ) নৌ + ইক ঘ) নবো + ইক

৩৪. 'তন্বী' শব্দের কোনটি সঠিক সন্ধি-বিচ্ছেদ?
ক) তন্ব + ঈ খ) তন্ব + ই
গ) তনু + ই ঘ) তনু + ঈ

৩৫. 'অন্বেষণ' এর সঠিক সন্ধি-বিচ্ছেদ কোনটি?
ক) অন্বে + ষণখ) অনেঃ + এষণ
গ) অনু + এষন ঘ) অনু + এষণ

৩৬. 'অদ্যোপান্ত' এর সন্ধি-বিচ্ছেদ কী রকম?
ক) আদি + উপান্ত খ) আদি + পান্ত
গ) আদ্য + পান্ত ঘ) আদি + পন্ত

৩৭. 'মাত্রাধিক্য' শব্দটির সন্ধি-বিচ্ছেদ কী রকম?
ক) মাতৃ + আধিক্য খ) মাত্র + অধিক্য
গ) মাত্র + আধিক্য ঘ) মাত্রা + আধিক্য

৩৮. 'মস্যাধার' শব্দের সন্ধি-বিচ্ছেদ কর–
ক) মস্যা + আধার খ) মসা + আধার
গ) মসী + আধার ঘ) মস্যি + আধার

৩৯. 'ভূর্ধ্ব' এর সন্ধি বিচ্ছেদ কি?
ক) ভূ + উর্ধ্ব খ) ভূ + ঊর্ধ্ব
গ) ভূ + র্ধ ঘ) ভূদ + উর্ব

৪০. 'নবোঢ়া' শব্দের সন্ধি-বিচ্ছেদ–
ক) নব + উঢ়া খ) নব + ঊঢ়া
গ) নবো + উঢ়া ঘ) নবো + ঊঢ়া

৩১. ক	৩২. গ	৩৩. গ	৩৪. ঘ	৩৫. ঘ
৩৬. ক	৩৭. ঘ	৩৮. গ	৩৯. খ	৪০. খ

৪১. 'যদ্যপি' শব্দের সন্ধি-বিচ্ছেদ–
ক) যদ + পি খ) যদি + অপি
গ) যদ + অপি ঘ) যদ্য + অপি

৪২. কোনটি স্বর সন্ধির উদাহরণ?
ক) ণিজন্ত খ) অহরহ
গ) বিদ্যালয় ঘ) দুঃশ্চিন্তা

৪৩. 'বিদ্যালয়' এর সন্ধি-বিচ্ছেদ–
ক) বিদ্যা + আলয় খ) বিদ্য + আলয়
গ) বিদ্যা + লয় ঘ) বিদ + আলয়

৪৪. 'গবেষণা' শব্দের সন্ধি-বিচ্ছেদ কোনটি?
ক) গব + এষণা খ) গবে + এষণা
গ) গৌ + এষণা ঘ) গো + এষণা

৪৫. 'ভাবুক' শব্দের সন্ধিবিচ্ছেদ কোনটি?
ক) ভৌ + উক খ) ভো + উক
গ) ভাব + উক ঘ) ভৌ + অক

৪৬. 'শুভেচ্ছা'র সন্ধি-বিচ্ছেদ কোনটি?
ক) শু + বেচ্ছা খ) শুভ + ইচ্ছা
গ) শুভ + চ্ছা ঘ) শু + ইচ্ছা

৪৭. 'অত্যন্ত' এর সন্ধি-বিচ্ছেদ কোনটি?
ক) অতি + অন্ত খ) অতী + অন্ত
গ) অতৎ + অন্ত ঘ) অত + অন্ত

৪৮. 'জমানো' শব্দটির সন্ধি-বিচ্ছেদ হচ্ছে–
ক) জমান + ও খ) জমা + ন
গ) জমা + নো ঘ) জমা + আনো

৪৯. 'অত্যধিক' এর সন্ধি বিচ্ছেদ করুন:
ক) অতি + ধিক খ) অত্যা + অধিক
গ) অতি + অধিক ঘ) অ + তাধিক

RAISUL ISLAM HRIDOY

৫০. ঢাকা + ঈশ্বরী = ঢাকেশ্বরী– কোন নিয়মে এ সন্ধি হয়েছে?
ক) আ + ঈ = এ খ) অ + ঈ = এ
গ) আ + ই = এ ঘ) আ + ই + এ

৪১. খ	৪২. গ	৪৩. ক	৪৪. ঘ	৪৫. ক
৪৬. খ	৪৭. ক	৪৮. ঘ	৪৯. গ	৫০. ক

৫১. 'মতৈক' শব্দের সঠিক সন্ধি-বিচ্ছেদ কোনটি?
ক) মতঃ + এক খ) মতঃ + ঐক
গ) মত + এক ঘ) মত + ঐক
৫২. 'দৃষ্টান্ত' শব্দটির সঠিক সন্ধি-বিচ্ছেদ কোনটি?
ক) দৃষ্টি + অন্তখ) দৃষ্টি+ আন্ত
গ) দৃষ্ট + অন্ত ঘ) দৃষ্টা + অন্ত
৫৩. সন্ধিযোগে গঠিত শব্দ–
ক) নীলোৎপল খ) বিপদাপন্ন
গ) ফুলেল ঘ) পরাজয়
৫৪. 'ষড়ঋতু' শব্দের সন্ধি-বিচ্ছেদ–
ক) ষড় + ঋতু খ) ষড়ু + ঋতু
গ) ষট + ঋতু ঘ) ষট্ + ঋতু
৫৫. 'ষষ্ঠ' শব্দের সন্ধি-বিচ্ছেদ হল–
ক) ষষ্ + ট খ) ষষ্ + ঠ
গ) ষষ্ + ত ঘ) ষষ্ + থ
৫৬. 'তুষ্ট' শব্দটির সন্ধি-বিচ্ছেদ–
ক) তুষ + ট খ) তুষ্ +ত
গ) তুষ্ + থ ঘ) কোনটিই নয়
৫৭. 'কৃষ্টি' শব্দটি সন্ধি-বিচ্ছেদ–
ক) কৃস + তি খ) কৃষ + টি
গ) কৃষ + তি ঘ) কৃষঃ + তি
৫৮. 'বৃষ্টি' এর সন্ধি বিচ্ছেদ কি হবে?
ক) বৃষ + টি খ) বৃশ + টি
গ) বৃ + টি ঘ) বৃষ্ + তি
৫৯. 'চলচ্চিত্র'-এর সন্ধি-বিচ্ছেদ–
ক) চল + চিত্র খ) চলত + চিত্র
গ) চলৎ + চিত্র ঘ) চল + চীত্র
৬০. 'পদ্ধতি' শব্দের সন্ধি-বিচ্ছেদ করলে পাওয়া যায়–
ক) পদ + ধতি খ) পৎ + ধতি
গ) পথ + ধতি ঘ) পদ্ + হতি

৫১. ঘ	৫২. ক	৫৩. ক	৫৪. ঘ	৫৫. ঘ
৫৬. খ	৫৭. গ	৫৮. ঘ	৫৯. গ	৬০. ঘ

৬১. কুজঝটিকা এর সন্ধি-বিচ্ছেদ–
ক) কুত + ঝটিকা খ) কুদ + ঝটিকা
গ) কুৎ + ঝটিকা ঘ) কুজ + ঝটিকা
৬২. 'উচ্ছৃংখল' শব্দটির সন্ধি-বিচ্ছেদ–
ক) উৎ + শৃঙ্খল খ) উচ + শৃঙ্খল
গ) উচ্চ + খল খ) উৎ + সৃঙ্খল
৬৩. 'উল্লাস' এর সন্ধি বিচ্ছেদ–
ক) উৎ + লাস খ) উদ + লাস
গ) উল + লাস ঘ) উঃ + লাস
৬৪. 'উন্নত' শব্দের সন্ধি-বিচ্ছেদ হচ্ছে–
ক) উৎ + নীত খ) উৎ + নত
গ) উন্নী + ত ঘ) উন + নত
৬৫. 'উদ্ধৃত' এর সন্ধি-বিচ্ছেদ–
ক) উৎ + হৃত খ) উৎ + হত
গ) উদ + হৃত ঘ) উৎ + ঋত
৬৬. 'উচ্ছাস' শব্দের সন্ধি-বিচ্ছেদ হচ্ছে–
ক) উত+ চ্ছাস খ) উৎ + ছাস
গ) উৎ + শ্বাস ঘ) উৎ + চ্ছাস
৬৭. উৎ +শ্বাস– এটি কোন সন্ধি?
ক) জটিল সন্ধি খ) স্বরসন্ধি
গ) ব্যঞ্জন সন্ধি ঘ) নিপাতনে সিদ্ধ
৬৮. 'মৃন্ময়' শব্দের সন্ধি-বিচ্ছেদ কর–
ক) মৃণ + ময় খ) মৃৎ + ময়
গ) মৃত + ময় ঘ) মৃ + ময়
৬৯. 'বাগদান' শব্দের সঠিক সন্ধি-বিচ্ছেদ করুন:
ক) বাক্ + দান খ) বাগ + দান
গ) বাঃ + দান ঘ) কোনোটিই নয়
৭০. 'বজ্জাত' শব্দের শব্দের সঠিক সন্ধি-বিচ্ছেদ করুন:
ক) বৎ + জাত খ) বদ্ + জাত
গ) বজ + জাত ঘ) ব + জাত

৬১. গ	৬২. ক	৬৩. ক	৬৪. ক	৬৫.ক
৬৬. গ	৬৭. গ	৬৮. খ	৬৯. ক	৭০. খ

৭১. 'দিগন্ত'-এর সন্ধি বিশ্লেষণ–
ক) দিক্ + অন্ত খ) দিগ্ + অন্ত
গ) দি + অন্ত ঘ) দিখ্ + অন্ত
৭২. 'দর্শক' শব্দের সঠিক সন্ধি-বিচ্ছেদ–
ক) দৃ + অক খ) দৃশ + ষ্বক
গ) দৃশ + অক ঘ) দৃ + শক্
৭৩. 'সংবাদ' এর সন্ধি-বিচ্ছেদ কি?
ক) সং + বাদ খ) সম + বাদ
গ) সুম + বাদ ঘ) সু + আবাদ
৭৪. 'সংসার' এর সন্ধি-বিচ্ছেদ–
ক) সং + সার খ) সাং + সার
গ) সম + সার ঘ) সাম + সার
৭৫. 'সংশয়' এর সন্ধি-বিচ্ছেদ–
ক) সৎ + শয় খ) সন + শয়
গ) সম্ + শয় ঘ) সম + শয়

RAISUL ISLAM HRIDOY

৭৬. 'সংবিধান' শব্দের সঠিক সন্ধি-বিচ্ছেদ কোনটি?
ক) সং + বিধান খ) সং + অবিধান
গ) সম + বিধান ঘ) সম + ধান

৭৭. 'সংশপ্তক' শব্দের সন্ধি-বিচ্ছেদ–
ক) সম + শপ্তক খ) সং + শপ্তক
গ) সম + শপ্ত + ক ঘ) সং + শপ্ত + এক

৭৮. 'অলংকার' শব্দের সঠিক সন্ধিজাত বিশ্লেষণ কোনটি?
ক) অলম্ + কার খ) অলং + কার
গ) অ + লঙ্কার ঘ) অলঙ্ক + কার

৭৯. 'সংগীত' এর শুদ্ধ সন্ধি-বিচ্ছেদ কোনটি?
ক) সং + গীত খ) সং + গিত
গ) সম্ + গিত ঘ) সম্ + গীত

৮০. সম + হার এর সন্ধি কোনটি?
ক) সমহার খ) সংহার
গ) সঙগার ঘ) সঙহার

৭১. ক	৭২. গ	৭৩. খ	৭৪. ঘ	৭৫. গ
৭৬. গ	৭৭. ক	৭৮. ক	৭৯. ঘ	৮০.খ

৮১. কোনটি সঠিক সন্ধি-বিচ্ছেদ?
ক) সম্ + চয় = সঞ্চয় খ) রাজ + ঙ্গী = রানী
গ) শ + অন = শয়ন ঘ) মনো + কষ্ট = মনঃকষ্ট

৮২. 'সন্নিহিত' শব্দের সন্ধি-বিচ্ছেদ–
ক) সং + নিহিত খ) সম্ + নিহিত
গ) সৎ + নিহিত ঘ) সন্ + নিহিত

৮৩. 'সন্ধান' শব্দের সঠিক সন্ধি-বিচ্ছেদ করুন:
ক) সম্ + ধান খ) সন + ধান
গ) সঃ + ধান ঘ) কোনটিই নয়

৮৪. 'সংলাপ' শব্দের সন্ধি-বিচ্ছেদ করুন:
ক) সম্ + লাপখ) সং + লাপ
গ) সু + আলাপ ঘ) সমঃ লাপ

৮৫. 'শান্ত' শব্দের সন্ধি-বিচ্ছেদ:
ক) শান + ত খ) শাঃ + ত
গ) শাম + তহ ঘ) শাম্ + ত

৮৬. 'নিরবধি' শব্দটির সঠিক সন্ধি-বিচ্ছেদ কোনটি?
ক) নির + অবধি খ) নির + বধি
গ) নিঃ + অবধি ঘ) নিঃ + বধি

৮৭. 'ভজ + ত' এর সন্ধি-বিচ্ছেদ হল–
ক) ভজত খ) ভোজ্য
গ) ভক্ত ঘ) ভজ্য

৮৮. 'সন্ধি' শব্দটির সন্ধি-বিচ্ছেদ করলে হবে–
ক) সন + ধি খ) সম + ধি
গ) সম্ + ধি ঘ) সং + ধি

৮৯. 'দুচ্চার' শব্দের সন্ধি-বিচ্ছেদ কোনটি?
ক) দুচ + ছার খ) দুৎ + চার
গ) দুই + চার ঘ) দুঃ + চার

৯০. 'তাৎক্ষণিক' শব্দের সন্ধি-বিচ্ছেদ কোনটি?
ক) তৎ + ক্ষণিক খ) তাৎ + ক্ষণিক
গ) তৎক্ষণ + ইক ঘ) ততক্ষণ + ইক

৮১. ক	৮২. খ	৮৩. ক	৮৪. ক	৮৫. ঘ
৮৬. ক	৮৭. গ	৮৮. গ	৮৯. খ	৯০. ক

৯১. ততোধিক' শবেদ্র সন্ধি-বিচ্ছেদ করলে পাওয়া যায়?
ক) তত + অধিক খ) তত + ধিক
গ) ততো + ধিক ঘ) ততঃ + অধিক

৯২. 'অধোগতি' শব্দের সন্ধি-বিচ্ছেদ কোনটি?
ক) অধ + গতি খ) অধঃ + গতি
গ) অধ + অগতি ঘ) অধঃ + অগতি

৯৩. 'তপোবন' এর সঠিক সন্ধি-বিচ্ছেদ কোনটি?
ক) তপ + বন খ) তপঃ + বন
গ) তপো + বন ঘ) তপ + উবন

৯৪. 'ইতস্তত' শব্দের সন্ধি-বিচ্ছেদ কোনটি?
ক) ইত + তত খ) ইতঃ + তত
গ) ইতস্ + তত ঘ) ইত + স্তত

৯৫. 'চতুরঙ্গ' এর সন্ধি-বিচ্ছেদ করুন:
ক) চতু + অঙ্গ খ) চতুঃ + অঙ্গ
গ) চতুর + অঙ্গ ঘ) চার + অঙ্গ

৯৬. 'মনস্তাপ' এর সন্ধি-বিচ্ছেদ কোনটি?
ক) মনঃ + তপি খ) মন + তাপ
গ) মনস + তাপ ঘ) মনো + তাপ

৯৭. যেসব ক্ষেত্রে সন্ধি নিয়মানুসারে হয় না তাকে বলে–
ক) স্বসন্ধি খ) ব্যঞ্জন সন্ধি
গ) নিপাতনি সিদ্ধ সন্ধি ঘ) বিসর্গ সন্ধি

৯৮. কোনটি নিয়মানুসারে সন্ধি হয় না?
ক) কুলটা খ) পশ্চাধর
গ) নদ্যুম্ব ঘ) দেশান্তর

৯৯. কোন সন্ধিটি নিপাতনে সিদ্ধ?
ক) পর + পর = পরস্পরখ) বাক্ + দান = বাগদান
গ) উৎ + ছেদ = উচ্ছেদ ঘ) সম্ + সার = সংসার

১০০. সন্ধি সাধিত শব্দ 'পরস্পর' কোন ধরনের সন্ধির দৃষ্টান্ত?
ক) ব্যঞ্জন সন্ধি খ) স্বর ধ্বনি
গ) নিপাতনে সিদ্ধ ঘ) বিসর্গ সন্ধি

৯১. ঘ	৯২. খ	৯৩. খ	৯৪. খ	৯৫. খ
৯৬. ক	৯৭. ক	৯৮. ক	৯৯. গ	১০০. গ

RAISUL ISLAM HRIDOY

বাংলা ভাষার ব্যাকরণ

বানান শুদ্ধিকরণ

১৯৩৬ সালে কলিকাতা বিশ্ববিদ্যালয়ের উদ্যোগে বাংলা বানানের নিয়ম প্রবর্তিত হয়।

➢ বাংলা বানান রীতি অনুযায়ী একই শব্দের দুটি বানানই শুদ্ধ। যেমন:

অন্তরীক্ষ-অন্তরিক্ষ	কুটির-কুটীর	নিমিষ-নিমেষ	মসুর-মসূর	অন্তঃসূ-অন্তসূ
কুমির-কুমীর	প্রতিকার-প্রতীকার	রজনি-রজনী	ঈর্ষা-ঈর্ষ্যা	গাড়ি-গাড়ী
পাখি-পাখী	শ্রেণি-শ্রেণী	কিলশয়-কিসলয়	তরণি-তরণী	বাড়ি-বাড়ী
স্বামি-স্বামী	কলস-কলশ	দেবকী-দৈবকী	বাঁশি-বাঁশী	সূচি-সূচী
কৃমি-ক্রিমি	দিঘি-দীঘি	মর্ত-মর্ত্য	হাতি-হাতী	

➢ স্ক/ষ্ক সংক্রান্ত সংক্রান্ত সমস্যা:

✓ ই/উ-যুক্ত বিসর্গ (ঃ) এর পর ক, খ, প, ফ, থাকলে সাদারণত 'ষ' হবে। যেমন– আবিষ্কার, পরিষ্কার, দুষ্কর, দুষ্কার্য, নিষ্কলঙ্ক, নিষ্কর, জ্যোতিষ্ক ইত্যাদি।

✓ অ-যুক্ত বা মুক্ত বর্ণের প রে সাধারণত 'স' হবে। যেমন– নমস্কার, পুরস্কার, তিরস্কার, প্রভৃতি।

➢ ই-কার যুক্ত শব্দ

✓ শব্দের শেষে জগৎ, বাচক, বিদ্যা, সভা, ত্ব, তা, নী, ণী, পরিষদ, তত্ত্ব, ইত্যাদি থাকলে তার পূর্বে ঈ-কার না হয়ে সাধারণত ই-কার হয়। যেমন:

অগ্নিবীণা	প্রাণিবিদ্যা	প্রতিদ্বন্দ্বিতা	সহযোগিতা	অধিকারিণী	প্রাণিবাচক
ভবিষদ্বাণী	সহপাঠিনী	তপস্বিনী	পুনর্মিলনী	মন্ত্রিপরিষদ	স্থায়িত্ব
প্রণয়িনী	প্রতিযোগিতা	শিঞ্জিনী	টিপ্পনী		

➢ ঈ-কার যুক্ত শব্দ

✓ পুংলিঙ্গ শব্দ: গুণী, সুখী, মেধাবী, বাগ্মী, কর্মী, জয়ী, শ্রমী ইত্যাদি।

✓ স্ত্রীলিঙ্গ শব্দ: যামিনী, সখী, ব্যাঘ্রী, নদী, তরী, রজনী, ইন্দ্রণী ইত্যাদি।

✓ ঈ-কার যুক্ত বিবিধ শব্দ:

অঙ্গীকার	কালীন	টীকা	নীরব	বিপরীত	শরীর
অন্তরীণ	কিরীট	তরণী	নীরন্ধ্র	বীচি	শারীরিক
অন্তরীপ	কীচক	তন্ত্রী	নীরস	বীজ	শর্বরী
আবীরা	কীট	তিতীর্ষু	নীরোগ	বীজন	শালীন
অভীষ্ট	কীদৃশ	তিন্তিড়ী	নীহার (নিহার)	বীণা	শিরীষ
অলীক	কীর্তন	তীক্ষ্ণ	পরীক্ষা	বীথি	শীকর
অধীন	কীর্তি	তীব্র	পিপীলিকা	বিবাদী	শীঘ্র
আত্মীয়	কুলীন	তীর্ণ	পীঠ	বীপসা	শীতল
আভীর	কৃষিজীবী	দধীচি	পীড়া	বীভৎস	শীততাপ
আশীর্বাদ	ক্ষীণজীবী	দিলীপ	পীযুষ	বীর	শীর্ণ
আসীন	ক্লীব	দীক্ষা	পীরব	বীর্য	শীর্ষ
ইদানিং	কৌপীন	দীধিত	পৃথিবী	বুদ্ধিজীবী	শীল
ঈদৃশ	ক্ষীর	দীপ	পৃথ্বী	ব্রীড়া	শ্রী
ঈপ্সা	ক্ষুৎপীড়িত	দীপ্ত	প্রতীক	ব্রীহি	শ্রেণি (শ্রেণী)
ঈপ্সিত	গরীয়ান	দ্বিতীয়	প্রতিক্ষা	বেণী	শ্লীপদ
ঈর্ষা	গরীয়সী	দ্বীপ (দ্বিপ-হস্তী)	প্রতিচ্য	ব্যতীত	সরীসৃপ
ঈশ্বর	গম্ভীর	ধীরব	প্রতীচী	ভগীরথ	সুধী
ঈষৎ	গীতিকা	ধীর	প্রতীতি	ভাগীরথী	সম্মুখীন
উড্ডীন	গীতাঞ্জলি	নিবীত	প্রতিয়মান	ভীত	সমীচীন
উদীচী	গীষ্পতি	নিমীলিত	প্রবীণ	ভীম	সমীপ
উদীয়মান	গ্রীবা	নিপীড়িত	প্রাচীন	ভীরু	সমীকরণ
উড়িয়া/উড়ীয়া	গ্রীষ্ম	বিরীক্ষণ	প্রীত	ভীষণ	সমীহ
উষ্ণীষ	চিকীৎসা	নিরীহ	প্রীতি	মঞ্জরী	সীতা

RAISUL ISLAM HRIDOY

উন্মীলিত	চীন	নিশীথিনী	বল্মীকি	মহী	সীমা
একান্নবর্তী	চীর	নীচ	বাণী	মহীয়ান	স্ফীত
করণীয়	জিগীষা	নীড়	বিকীর্ণ (বিকিরণ)	মীমাংসা	হরীতকী
করীষ	জিজীবিষা	নীতি	বিহীন	রাজীব	হীন
কানীন	জীমূত	নীবার	বিভীষণ	রীতি	হীরক
কনীনিকা	জীর্ণ	নীর	বিভীষিকা	লীলা	হীরা

➢ ঊ-কার যুক্ত শব্দ

✓ ঊ-কার যুক্ত স্ত্রীবাচক শব্দ: বধূ, শ্বশ্রূ ইত্যাদি।

✓ ঊ-কার যুক্ত বিবিধ শব্দ

অনসূয়া	ঘূর্ণন	দূষক	পূর্তি	মূঢ়	শূন্য
অসূয়া	ঘূর্ণমান	দূষণীয়	পূষা	মূয়র	শূর্প
আূহ	ঘূর্ণ্যমান	দূষিত	পূর্ব	মুহূর্ত	শূল
ঊর্মি	ঘূর্ণায়মান	দ্যূত	প্রতিভূ	মূক	শ্রূয়মাণ
উদূখল	চমূ	দূরীভূত	তূষ্যে (প্রত্যূষ)	মূত্র	সমূহ
উলূক (উলুক)	চূড়া	ধূম	প্রসূ	মূর্খ	সম্ভূয়
ঊঢ়	চূত	ধূম্র	প্রসূত	মূর্ছা	সিন্দূর
ঊন	চূর্ণ	ধূপ	প্রসূতি	মূর্ত	সূক্ত
ঊরু	চূষ্য	ধূর্জটি	প্রসূয়	মূর্তি	সূক্ষ্ম
ঊর্ণনাভ	জাগরূক	ধূর্ত	বাবদূক	মূর্ধন্য	সূচি
ঊর্ণা	জীমূত	ধূলি	বিদূষক	মূল্য	সূচক
ঊর্ধ্ব	জ্ঞানভূষিত	ধূসর	ব্যূহ	মূষিক	সূচনা
ঊর্বর (উর্বর)	তাম্বূল	নিব্যূঢ়	ভূ	যবাগু	সূত (সুত-পুত্র)
ঊর্মিলা	তাম্রকূট	নিষ্ঠ্যূত	ভূত	যূথ	সূত্র
ঊষর	তূণ	নূতন	ভূমা	যূথিকা	সূদন
ঊষা (উষা)	তূণীর নূপুর	নূপুর	ভূমি	যূনী	সূণূ
ঊহ্য	তূর্ষ	ন্যূনাধিক	ভূয়ঃ	যূপ	সূত
কূজন	তূরী	ন্যূনতম	ভূতি	যূষ	সূপ
কূট	তূর্ণ	পীযূষ	ভূষণ	রূঢ়	সূর
কূপ	তূলা	পূজা	ঋ	রূপ	সূর্য
কূর্ম	তূলিকা	পূত	ভ্রূণ	লূতা	স্তূপ
কূল (কূল-বংশ)	তূলী	পূতি	মণ্ডূক	শুশ্রূষা	স্থূল
কৌতূহল	দুকূল	পূতিকা	মণ্ডূর	মার্দূল	স্ফূর্তি (স্ফুরণ)
গণ্ডূষ	দূত	পূপ	ময়ূখ	শূক (শুক-টিয়া)	স্বয়ম্ভূ (স্বয়ম্ভূ)
গূঢ়	দূর	পূরক	মুমূর্ষু	শূকর	হূত (হুত)
গোধূম	দূর্বা	পূরণ	মরুভূমি	শূদ্র	হূন (হূণ)

✓ অদ্ভুত, ভুতুড়ে ছাড়া সব ভূত ঊ-কার হবে। যেমন- উদ্ভূত, পরাভূত, দূরীভূত, কিম্ভূত, অভূতপূর্ব প্রভৃতি।

➢ চন্দ্রবিন্দু-যকিত্ শব্দ

মূল শব্দে ঙ, ঞ, ণ, ন, ম থাকিলে তাহার পূর্বস্বরে চন্দ্রবিন্দু যুক্ত হয়। যেমন-

আঁধার (অন্ধকার)	গোঁফ (গুম্ফ)	পাঁজি	হাঁটা	আঁক (অঙ্ক)	ছেঁড়া
পাঁচ	হাঁস	কাঁটা(কণ্টক)	দাঁত	বাঁশ	ছোঁ
কাঁপ (কম্প)	দাঁড়ি	বাঁকা	ছোঁয়া	গাই (গ্রামীণ)	ধাঁধাঁ
শাঁখ	ছোঁয়াচে				

➢ ড়-কার যুক্ত শব্দ

আগড়, কড়াই, কড়া, পড়া (পাঠ), পাহাড়, বড়, বুঢ়া প্রভৃতি।

➢ ব-ফলা যুক্ত কয়েকটি শব্দ

উচ্ছ্বাস	বন্ধুত্ব	শ্বাস	স্বাচ্ছ	স্বরস্বতী	উজ্জ্বল

RAISUL ISLAM HRIDOY

প্রজ্বলিত	শুশ্রূ	স্বচ্ছন্দ	স্বরূপ	উর্ধ্ব	প্রতিদ্বন্দ্বী
শ্বশুর	স্বীকার	স্বাধীন	দ্বন্দ্ব	পার্শ্ব	শাশ্বত
স্বাতন্ত্র্য	স্বস্তি	বিশ্বস্ত	পক্ব	স্বাদ	সান্ত্বনা
স্বাক্ষর	বিশ্বাস	মহত্ত্ব	স্বত্ব	স্বায়ত্ত	স্বতন্ত্র
বিদ্বান	রৌদ্রকরোজ্জ্বল	সত্ত্ব (সত্তা)	স্বায়ত্তশাসন	স্বার্থ (সার্থক)	

➢ বিস্ময়সূচক অব্যয় (যেমন– বাঃ/ছিঃ/উঃ ইত্যাদি) ছাড়া শব্দের শেষে বিসর্গ (ঃ) থাকবে না। যেমন–

অশুদ্ধ	শুদ্ধ	অশুদ্ধ	শুদ্ধ
প্রধানতঃ	প্রধানত	বস্তুতঃ	বস্তুত
প্রায়শঃ	প্রায়শ	বার্যতঃ	কার্যত

➢ বিসর্গ (ঃ) যুক্ত শুদ্ধ শব্দ:

অতঃপর	দুঃসময়	দুঃস্বপ্ন	মনঃকষ্ট	শিরঃপীড়া	ইতঃপূর্বে
দুঃসহ	নিসন্দেহ	মনঃক্ষুন্ন	স্বতঃস্ফূর্ত	দুঃশাসন	দুঃসাধ্য
প্রাতঃকাল					

➢ যে-কোনো দেশ, ভাষা ও জাতির নাম লিখতে ই-কার (ি) হবে। যেমন–
- ✓ দেশ: আমেরিকা, গ্রিস, জার্মানি, ইতালি, হাঙ্গেরি ইত্যাদি।
- ✓ ভাষা: আরবি, হিন্দি, ফারসি, ইংরেজি, গ্রিক ইত্যাদি।
- ✓ জাতি: বাঙালি, পর্তুগিজ, তুর্কি, বিহারি, ইরানি, আফগানি ইত্যাদি।

➢ অপ্রাণিবাচক শব্দ ও ইতরপ্রাণিবাচক অ-তৎসম শব্দের শেষে ই-কার (ি) হবে। যেমন–
- ✓ অপ্রাণিবাচক শব্দ: বাড়ি, গাড়ি, শাড়ি, চাবি ইত্যাদি।
- ✓ ইতরপ্রাণিবাচক শব্দ: পাখি, হাতি, মুরগ, চড়ুই ইত্যাদি।

➢ তৎসম স্ত্রীবাচক শবেদ্র শেষে সর্বদা ঈ-কার হবে। যেমন– জননী, স্ত্রী, নারী, সাধ্বী ইত্যাদি।

➢ বিদেশি শব্দের বানানে (ষ, ণ, ছ, ড়, ঢ়) এই পাঁচটি বর্ণ ব্যবহার করা যাবে না। যেমন–

অশুদ্ধ	শুদ্ধ	অশুদ্ধ	শুদ্ধ	অশুদ্ধ	শুদ্ধ
ইছলাম	ইসলাম	ব্যারিষ্টার	ব্যারিস্টার	কর্ণেল	কর্নেল
বামুণ	বামুন	খ্রিষ্টাব্দ	খ্রিস্টাব্দ	ষ্টেশন	স্টেশন
গভর্ণর	গভর্নর	ষ্টুডিও	স্টুডিও	পোষ্ট অফিস	পোস্ট অফিস

➢ অলি প্রত্যয়যুক্ত শব্দে সর্বদা ই-কার হবে। যেমন–

অশুদ্ধ	শুদ্ধ	অশুদ্ধ	শুদ্ধ	অশুদ্ধ	শুদ্ধ
খেয়ালী	খেয়ালি	মিতালী	মিতালি	গীতারী	গীতালি
রূপালী	রূপালি	বর্ণালী	বর্নালি	সোনালী	সোনালি

➢ রেফ পর ব্যঞ্জনবর্ণে দিত্ব হবে না। যেমন–

অশুদ্ধ	শুদ্ধ	অশুদ্ধ	শুদ্ধ	অশুদ্ধ	শুদ্ধ
কার্ত্তিক	কার্তিক	নির্দ্দিষ্ট	নির্দিষ্ট	কার্য্য	কার্য
পর্ব্বত	পর্বত	ধর্ম্মসভা	ধর্মসভা	মাধুর্য্য	মাধুর্য

➢ নিম্নলিখিত শব্দসমূহে কখনেই প্রযুক্ত হবে না; কেবল ঙ ব্যবহৃত হবে। যেমন:

অঙ্ক	অনুপুঙ্খ	ইঙ্গিত	শঙ্কা	অপাঙ্‌ক্তেয়	আকাঙ্ক্ষা
কঙ্কাল	শৃঙ্খল	অঙ্গীকার	আঙ্গুল	গঙ্গা	শিক্ষাঙ্গন
অঙ্গ	আশঙ্কা	পঙ্কিল	শশাঙ্ক		

➢ নিম্নলিখিত শব্দসমূহে কখনোই ঙ প্রযুকত্ হবে না; কেবল ং ব্যবহৃত হবে। যেমন–

অংশু	অংশ	বংশ	বারংবার	সংজ্ঞা	সংবরণ
সংবর্ধনা	সংবাদ	সংবিধান	সংলাপ	সংসার	হিংসা

RAISUL ISLAM HRIDOY

➢ নিম্নলিখিত শব্দসমূহে ঙ এবং ং উভয় ব্যবহৃত হবে। যেমন–

অলঙ্কার	অলংকার	শুভংকর	শুভঙ্কর	অহঙ্কার	অহংকার
পুংক্তি	পুঙক্তি	ভয়ঙ্কর	ভয়ংকর	সংঘটন	সঙ্ঘটন
সঙ্গীত	সংগীত	রঙ	রং		

➢ লিঙ্গ-ঘটিত অশুদ্ধি

অশুদ্ধ	শুদ্ধ	অশুদ্ধ	শুদ্ধ	অশুদ্ধ	শুদ্ধ
অধীনী	অধীনা	দিগম্বরী	দিগম্বরা	অনাথিনী	অনাথা
নিরাপরাধিনী	নিরাপরাধা	অভাগিনী	অভাগা	নির্দোষিনী	নির্দোষা
অপ্সরী	অপ্সরা	পণ্ডিতানী	পণ্ডিতা	অর্ধাঙ্গিনী	অর্ধাঙ্গী
নাগিনী	নাগী	গোপিনী	গোপী	পিশাচিনী	পিশাচী

➢ সন্ধি-ঘটিত অশুদ্ধি

অশুদ্ধ	শুদ্ধ	অশুদ্ধ	শুদ্ধ	অশুদ্ধ	শুদ্ধ
অধঃগতি	অধোগতি	ব্যবধান	ব্যবধান	অদ্যপি	অদ্যাপি
ব্যাপার	ব্যাপার	উপরোক্ত	উপর্যুক্ত/উপরিউক্ত	বশম্বদ	বশংবদ
এতদ্বারা	এতদদ্বারা	বন্দোপাধ্যায়	বন্দ্যোপাধ্যায়	কিম্বা	কিংবা
মরুদ্যান	মরূদ্যান	কিম্বদন্তি	কিংবদন্তী	মনোকষ্ট	মনঃকষ্ট
চক্ষুন্মীলন	চক্ষুরুন্মীলন	মন্তোষ	মনস্তোষ	জ্যোতীন্দ্র	জ্যোতিরিন্দ্র
মনরথ	মনোরথ	জগৎবন্ধু	জগবন্ধু	মনমোহন	মনোমোহন
জগচন্দ্র	জগৎচন্দ্র	মনযোগ	মনোযোগ	বাগেশ্বরী	বাগীশ্বরী
মনান্তর	মনোন্তর	তেজচন্দ্র	হেজশ্চন্দ্র	যশলাভ	যশোলাভ
তেজেন্দ্র	তেজ-ইন্দ্র	যশপ্রভা	যশঃপ্রভা	তিরষ্কার	তিরস্কার

➢ প্রত্যয়–ঘটিত অশুদ্ধি

অশুদ্ধ	শুদ্ধ	অশুদ্ধ	শুদ্ধ	অশুদ্ধ	শুদ্ধ
আলস্তা	আলস্য	ভাগ্যমান	ভাগ্যবান	।ক্যেতা	একতা/ঐক্য
মহিমাময়	মহিমময়	উৎকর্ষতা	উৎকর্ষ	রূপসী	রূপীয়সী
দারিদ্রতা	দারিদ্র্য/দারিদ্র	লক্ষীমান	লক্ষীবান	দোষণীয়	দূষণীয়
শমতা	শত	নিন্দুক	নিন্দক	সৌজন্যতা	সৌজন্য
পরিত্যজ্য	পরিত্যাজ্য	সিঞ্চিত	সিক্ত	প্রযুজ্য	প্রযোজ্য
সিঞ্চন	সেচন	বিদ্যান	বিদ্বান	সুজিত	সৃষ্ট
বরিত	বৃত	সখ্যাতা	সখ্য		

➢ বচন-ঘটিত অশুদ্ধি: একই সঙ্গে দুবার বহুবচন বাচক প্রত্যয় বা শব্দ ব্যবহৃত হয় না। যেমন–

অশুদ্ধ	শুদ্ধ	অশুদ্ধ	শুদ্ধ
সকল শিক্ষকগণ	সকল শিক্ষক/ শিক্ষকগণ	সকল পরীক্ষকগণ	সকল পরীক্ষক/পরীক্ষকগণ
ব্রাহ্মণগণেরা	ব্রাহ্মণগণ	সব মছগুলি	সব মাছ/ মাছগুলি
সকল ছাত্ররা	সকল ছাত্র/সব ছাত্র/ছাত্ররা	একশ' বালকগণ	একশ'বালক
যাবতীয় লোকসমূহ	যাবতীয় লোক	যাবতীয় ভদ্রমহোদয়গণ	যাবতীয় ভদ্রমহোদয়/ভদ্রমহোদয়গণ
সুন্দর-সুন্দর বইগুলি	সুন্দর বইগুলি/সুন্দর সুন্দর বই	নানাবিধ পক্ষীগণ	নানাবিধ পক্ষী
প্রমুখ বিশিষ্ট ব্যক্তিবৃন্দ	প্রমুখ বিশিস্ট ব্যক্তিগণ		

➢ অর্থ ও রীতি-ঘটিত অশুদ্ধি:

অশুদ্ধ	শুদ্ধ	অশুদ্ধ	শুদ্ধ	অশুদ্ধ	শুদ্ধ
অন্নকাপড়	অন্নবস্ত্র	অশ্রুজল	অশ্রু বা নেত্রজল	মড়াদাহ	শবদাহ
সমতুল্য	সম বা তুল্য	শবপোড়া	মড়াপোড়া	তথাপিও	তথাপি

RAISUL ISLAM HRIDOY

কল্যাণবর	কল্যানীয়বর	যদ্যাপিও	যদ্যপি	আগতকল্য	আগামীকল্য
কৌমারাবস্থ	মৌকার/কুমারবস্থা	অপ্রাণ	প্রাণপণ	প্রবীণ বৃক্ষ	প্রাচীনবৃক্ষ

➢ সংযুক্ত বর্ণঘটিত ভুল:

অশুদ্ধ	শুদ্ধ	অশুদ্ধ	শুদ্ধ	অশুদ্ধ	শুদ্ধ
আহ্নিক	আহ্নিক	ব্রক্ষণ	ব্রাক্ষণ	সধ্যাহ্ন	মধ্যাহ্ন
রাক্ষস	রাক্ষস	পূর্বাহ্ন	পূর্বাহ্ণ	যক্ষা	যক্ষ্মা
অপরাহ্ন	অপরাহ্ণ	শত্রু (ক+র+উ)	শত্রু	ত্রুটি	ত্রুটি
মুখস্ত	মুখস্থ	ক্রোধ	ক্রোধ	চট্রগ্রাম	চট্টগ্রাম

➢ সমাস ঘটিত অশুদ্ধি:

অশুদ্ধ	শুদ্ধ	অশুদ্ধ	শুদ্ধ	অশুদ্ধ	শুদ্ধ
আকণ্ঠ পর্যন্ত	আকণ্ঠ	মৃগনয়নী	মৃগনয়না	আমরণ পর্যন্ত	আমরণ
সুলোচনী	সুলোচনা	অজানু পর্যন্ত লম্বিত	আজানুলম্বিত	সুকণ্ঠিনী	সুকণ্ঠি/সুকণ্ঠা
নিষ্পাপী	নিষ্পাপ	শ্বেতাঙ্গিনী	শ্বেতাঙ্গী/শ্বেতাঙ্গা	নিরপরাধী	নিরপরাধ
মহারাজা	মহারাজ	নীর্দোষী	নীর্দোষ	মহাত্মাগণ	মহাত্মগণ
নিষ্কলঙ্কী	নিষ্কলঙ্ক	রাজাগণ	রাজগণ	নির্ধনী	নির্ধন
সতর্কিত	সতর্ক	নীরোগী	নীরাগ	সশঙ্কিত	সশঙ্ক/শঙ্কিত
নির্বিরোধী	নির্বিরোধ	সাবহিত	অবহিত	আরোহগণ	আরোহিগণ
সকৃতজ্ঞ	কৃতজ্ঞ	কালীদাস	কালিদাস	সক্ষম	ক্ষম
গুণীগণ	গুণিগণ	সাপরাধী	অপরাধী	দেবীদাস	দেবিদাস
সানন্দিত	আনন্দিত	যোগীবৃন্দ	যোগিবৃন্দ	সবিনয়পূর্বক	বিনয়পূর্বক/সবিনয়ে
শশীভূষণ	শশিভূষণ	সপ্রণত	প্রণত	স্বামীপুত্র	স্বামিপুত্র
গৃহীতা	গ্রহীতা	স্থায়ীভাবে	স্থায়িভাবে	পিতামাতা	মাতাপিতা
চণ্ডিদাস	চণ্ডীদাস	ভ্রাতাষ্পুত্র	ভ্রাতুষ্পুত্র	কেবলমাত্র	কেবল/মাত্র
বীনাপানি	বীণাপাণি				

➢ ত এবং ৎ (খণ্ড-ত)

অশুদ্ধ	শুদ্ধ	অশুদ্ধ	শুদ্ধ	অশুদ্ধ	শুদ্ধ
আত্মসাত	আত্মসাৎ	ধূলিসাত	ধূলিসাৎ	পথিকৃত	পথিকৃৎ
কিঞ্চিত	কিঞ্চিৎ	উচিৎ	উচিত	ক্বচিত	ক্বচিৎ
ভাগবৎ	ভাগবত	কুৎসিত	কুৎসিত	উৎপাৎ	উৎপাত
উতসব	উৎসব	উতখাৎ	উৎখাত	শরত	শরৎ
হঠাত	হঠাৎ	ক্ষুধপিপাসা	ক্ষুৎপিপাসা	যুগপত	যুগপৎ
সতকার	সৎকার	ব্যুতপত্তি	ব্যুৎপত্তি		

➢ বিবিধ শুদ্ধ শব্দ:

অধ্যবসায়	গার্হস্থ্য	পল্লুল	যশস্বিনী/যশস্বতী	আমাবস্যা	গর্দভ
পরিপক্ব	যুধ্যমান	অধোগতি	গ্রীষ্ম	পরিত্রাণ	রুগ্ণ
অনুজ	গুণগ্রাহী	পিশাচ	রোগাগ্রস্ত	অন্তর্ভুক্ত	ঘনিষ্ট
প্রত্যন্ত	লবণ	অভিশাপ	চলাকালে	প্রকৃতি	লক্ষ্মী
অনুশাসন	ছান্দসিক	পরমারাধ্য/আরাধ্যতম	লক্ষ্য	আহোরাত্র	জন্মবার্ষিক
বৃহদার্থ	যৌবন সূর্য	অধ্যায়ন	জ্যোতির্ময়	বৈয়াকরণ	শ্মশান
অত্যাধিক	জাজ্বল্যমান	বিদেশী/বিদেশি	শকট	আপাদমস্তক	জ্যামিতি
বিকেন্দ্রকিরণ	শাশুড়ি	আশিস	জৈষ্ঠ	বিশেষণ	খখিত্ব
আভ্যান্তর	জ্যোৎস্না	ব্যাকুল	সুচিস্মিতা	আকাঙ্ক্ষা	জবা কুসুম
ব্যাধি	সমিতি	আয়ত্ত	জ্বলাময়ী	বৈশিষ্ট্য	সস্ত্রীক
কৃতিত্ব	অভিধানিক	আবির্ভাব	সমভিব্যাহারে	আদ্যক্ষর	বৃশ্চিক
সামর্থ্য	ইন্দ্রিয়	সন্ন্যাসী	দুর্দশাগ্রস্ত	ভৌগোলিক	ইন্দ্রজালিক

RAISUL ISLAM HRIDOY

ভদ্রোচিত	সংশ্রব	ঐন্দ্রজালিক	উদ্গীরণ	দৌরাত্ম্য	উদ্বিগ্ন
উচ্ছৃঙ্খল	কৃচ্ছ্রসাধান	মনোমুগ্ধকর	হিরণ্ময়	যাচ্ঞা	কুজ্ঝটিকা
পুঙ্খানুপুঙ্খ	কুম্ভিলক	মোহ্যমান	নিরহংকারী	ভুল	হুহুর্মুহু

বাক্য শুদ্ধিকরণ

➢ বিশেষ্যের বিশেষণ-রূপে ব্যবহার

অশুদ্ধ	শুদ্ধ
আমি অপমান হইয়াছি।	আমি অপমানিত হইয়াছি।
আমি তোমার আগমন-সংবাদে সন্তোষ হইয়াছি।	আমি তোমার আগমন-সংবাদে সন্তুষ্ট হইয়াছি।
তিনি আরোগ্য হইয়াছিলেন।	তিনি নীরোগ হইয়াছিলেন।
সে আরোগ্য হয়েছে।	সে আরোগ্য লাভ করেছে।
দেবী অন্তর্ধান হইবেন।	দেবী অন্তর্হিত হইবেন।
জ্বর হ্রাস হইয়াছে।	জ্বরের হ্রাস হইয়াছে।
আমার কথাই প্রমাণ হলো।	আমার কথাই প্রমাণিত হলো।
এ কথা প্রমাণ হয়েছে।	এ কথাই প্রমাণিত হয়েছে।
গৌরব লোপ হইয়াছে।	গৌরব লোপ পাইয়াছে।
তিনি এখন মৌনী আছেন।	তিনি এখন মৌন আছেন।
রহীন সঙ্কট অবস্থায় পড়িয়াছে।	রহীন সঙ্কটজনক অবস্থায় পড়িয়াছে।
তার এখন সঙ্কট অবস্থা।	তার এখন সঙ্কটাপন্ন অবস্থা।
তাহার জীবন সংশয়পূর্ণ।	তাহার জীবন সংশয়ময়।
সর্বদা পরিস্কার থাকিবে।	সর্বদা পরিস্কৃত থাকিবে।

বিশেষণের বিশেষ্যের ন্যায় ব্যবহার:

অশুদ্ধ	শুদ্ধ
ইহার আবশ্যক নাই।	ইহার আবশ্যকতা নাই।
ইদানিং সাবকাশ নাই।	ইদানিং অবকাশ নাই।
আমি সাক্ষী দিয়েছি।	আমি সাক্ষ্য দিয়েছি।
তিনি সাক্ষী দিবেন না।	তিনি সাক্ষ্য দেবেন না।
তদ্দৃষ্টে লিখিত হইল।	তদ্দর্শনে লিখিত হইল।

বচন ঘটিত শুদ্ধিকরণ

একই সঙ্গে দুবার বহুবচন বাচক প্রত্যয় বা শব্দ ব্যবহৃত হয় না। একটি বাক্যে একাধিকবার বহুবচনবাচক প্রত্যয় বা শব্দ 'বাহুল্য-দোষ' ঘটে। যেমন–

অশুদ্ধ	শুদ্ধ
সকল শিক্ষকগণ আজ উপস্থিত।	সকল শিক্ষক আজ উপস্থিত।
প্রত্যেক শিক্ষকগণ অনুষ্ঠানে উপস্থিত থাকবেন।	প্রত্যেক শিক্ষক অনুষ্ঠানে উপস্থিত থাকবেন।
সকল আলেমগণ আজ উপস্থিত।	সকল আলেম আজ উপস্থিত।
	আলেমগণ আজ উপস্থিত।
সব ছাত্ররা আজ উপস্থিত।	সব ছাত্র আজ উপস্থিত।
৫ জন ছাত্ররা স্কুলে যায়।	৫জন ছাত্র স্কুলে যায়।
নীরোগ লোকেরা যথার্থ সুখী।	নীরোগ লোক যথার্থ সুখী।
সকল মানুষেরাই মরণশীল।	মানুষ মরণশীল।
সদাসর্বদা তোমার উপস্থিত প্রর্থনীয়।	সর্বদা তোমার উপস্থিতি প্রার্থনীয়।
সর্ব বিষয়ে বাহুল্যতা বর্জন করা উচিত।	সর্ব বিষয়ে বাহুল্য বর্জন করা উচিত।
অন্নাভাবে প্রতি ঘরে ঘরে হাহাকার।	অন্নাভাবে প্রতি ঘরে হাহাকার।
চোরটি সব মালসুদ্ধ ধরা পড়েছে।	চোরটি মালসুদ্ধ ধরা পড়েছে।
সমুদয় পক্ষীরাই নীড় বাঁধে।	সমুদয় পক্ষীই নীড় বাঁধে।
সকল সভ্যগণ এখানে উপস্থিত ছিলেন।	সকল সভ্য এখানে উপস্থিত ছিলেন।
	সভ্যগণ এখানে উপস্থিত ছিলেন।

RAISUL ISLAM HRIDOY

আজকাল বানানের ব্যাপারে সকল ছাত্ররাই অমনযোগী।	আজকাল বানানের ব্যাপারে সব ছাত্রই অমনযোগী।

লিঙ্গঘটিত শুদ্ধি করণ:

বিধেয় বিশেষণ অর্থাৎ বিশেষ্যের পরবর্তী বিশেষণে স্ত্রী-বাচক হয় না। যেমন–

অশুদ্ধ	শুদ্ধ
মেয়েটি পাগলি হয়ে গেছে।	মেয়েটি পাগল হয়ে গেছে।
রহিমা পাগলি হয়ে গেছে।	রহিমা পাগল হয়ে গেছে।
আসমা ভয়ে অস্থিরা।	আসমা ভয়ে অস্থির।
আজকালকার মেয়েরা যেমন মুখরা, তেমনি বিদ্বান।	আজকালকার মেয়েরা যেমন মুখরা, তেমনি বিদুষী।
রাজা পাপিষ্ঠ রানীকে শাস্তি দিলেন।	রাজা পাপিষ্ঠা রানীকে শাস্তি দিলেন।
সে এমন রূপসী যেন অপ্সরা।	সে এমন রূপবতী যেন অপ্সরা।

অন্বয় ঘটিত শুদ্ধি করণ:

অশুদ্ধ	শুদ্ধ
অদ্য সভায় মহতী অধিবেশন হইবে।	অদ্য মহতী সভার অধিবেশন হইবে।
সহসা আগুন লাগায় ও খেলা পণ্ড হইল।	সহসা আগান লাগিল ও খেলা পণ্ড হইল।
এই স্কুলে যে-কয়জন শিক্ষক আছেন, তাঁহার মধ্যে জলীলই শ্রেষ্ঠ।	এই স্কুলে যে-কয়জন শিক্ষক আছেন, তাঁহাদের মধ্যে জলিল সাহেবই শ্রেষ্ঠ।
তিনি অফিসে উপস্থিত ও উপবেশন মাত্র চলিয়া গেলেন।	তিনি অফিসে উপস্থিত হইলেন ও উপবেশন মাত্রই চলিয়া গেলেন।

অর্থ-সামঞ্জস্যহীন বাক্যের ব্যবহার:

অশুদ্ধ	শুদ্ধ
শুধুমাত্র গায়ের জোরে কাজ হয় না।	শুধু গায়ের জোরে কাজ হয় না।
তাহার বৈমাত্রেয় সহোদর অসুস্থ।	তাহার বৈমাত্রেয় ভ্রাতা/ভাই অসুস্থ।
আপনি উগত কল্য আসিবেন।	আপনি আগামী কল্য আসিবেন।
তাহার হৃর্দি কমলে জ্ঞানের বীজ উপ্ত হইল।	তাহার হৃদয় ক্ষেত্রে জ্ঞানের বীজ উপ্ত হইল।
আমার চিত্রপটে উপদেশটি গ্রথিত থাকিল।	আমার চিত্রপটে উপদেশটি অঙ্কিত থাকিল।
তাহার অন্তর অজ্ঞান-সমুদ্রে আচ্ছান্ন।	তাহার অন্তর অজ্ঞান-সমুদ্রে নিমজ্জিত অথবা অজ্ঞান-তামাসাচ্ছন্ন।
ছেলেটি বংশের মাথায় চুনকালি দিল।	ছেলেটি বংশের মুখে চুনকালি দিল।
কথাটা তিনি কুম্ভীরাশ্রু বিসর্জন করিলেন।	কথাটা শুনিয়া তিনি কপটাশ্রু বিসর্জন কলিন।
	কথাটা শুনিয়া তিনি মায়া-কান্না জুড়িয়া দিলেন।
কথাটা আমার স্মৃতিপটে জাগরূক আছে।	কথাটা আমর স্মৃতিপটে অঙ্কিত আছে।
গঙ্গায় তরঙ্গের ঢেউ প্রবাহিত হইতেছে।	গঙ্গায় তরঙ্গের হিল্লোল খেলিতেছে।

কি ও কী সমস্যা:

অশুদ্ধ	শুদ্ধ
তুমি কী আজ যাবে?	তুমি কি আজ যাবে?
তুমি কী ঢাকা যাবে?	তুমি কি ঢাকা যাবে?
কি ভয়ানক বিপদ!	কী ভয়ানক বিপদ!

অর্থ-সামঞ্জস্যহীন পদের ব্যবহার:

অশুদ্ধ	শুদ্ধ
ইক্ষুর চারা বপন করা হইল।	ইক্ষুর চারা রোপন করা হইল।
গোময় জ্বালানী কাষ্ঠরূপে ব্যবহার হয়।	গোময়ের জ্বলানীরূপে ব্যবহার হয়।
তাহার সাঙ্ঘাতিক আনন্দ হইল।	তাহার প্রচুর আনন্দ হইল।
হস্তীটি অপরিসীম স্থুলাকায়।	হস্তীটি অত্যন্ত স্থুলাকায়।
ছেলেটি ভয়ানক মেধাবী।	ছেলেটি অত্যান্ত মেধাবী।

RAISUL ISLAM HRIDOY

বঙ্কিমের প্রতিবা ছিল অতি ভয়ঙ্কর।	বঙ্কিমের প্রতিভা ছিল অতি সাধারণ।
গণিত খুব কঠিন।	গণিত খুব জটিল।
অধ্যাপনই ছাত্রদের তপস্যা।	অধ্যয়নই ছাত্রদের তপস্যা।
এই সভার ছাত্রগণ কর্তব্য নিরাকরণ করিবে।	এই সভায় ছাত্রগণ কর্তব্য নির্ধারণ করিবে।
আমরা উন্নতির পথে কুঠারাঘাত করিতেছি।	আমরা উন্নতির মূলে কুঠারাঘাত করিতেছি।

বিবিধ অশুদ্ধি:

আমি সন্তোষ হলাম।	আমি সন্তুষ্ট হলাম।
দুর্বল বশত" অনাথিনী বসে পড়ল।	দুর্বলতাবশত অনাথা বসে পড়ল।
আপনি স্বপরিবারে আমন্ত্রিত।	আপনি সপরিবারে আমন্ত্রিত।
আমি কয়োমনো বাক্যে প্রার্থনা করি।	আমি কায়মনো বাক্যে প্রার্থনা করি।
সাহাহ্নে সবাই বাড়ি ফিরছে।	সন্ধ্যায় সবাই বাড়ি ফিরছে।
অন্নাভাবে প্রতি ঘরে ঘরে হাহাকার।	অন্নাভঅবে প্রতিঘরে হাহাকার।
আকণ্ঠ পর্যন্ত ভোজন করলাম।	আকণ্ঠ ভোজন করলাম। কণ্ঠ পর্যন্ত ভোজন করলাম।
সাবধানপূর্বক চলবে।	সাবধানে চলবে।
বিদ্বান মূর্খ অপেক্ষা শ্রেষ্ঠতর।	বিদ্বান মূর্খ অপেক্ষা শ্রেষ্ঠ। (সর্বাংশে সঠিক- বিদ্বান মূর্খ অপেক্ষা শ্রেয়)
জ্ঞানী মূর্খ অপেক্ষা শেষ্ঠতর।	জ্ঞানী মূর্খ অপেক্ষা শেষ্ঠ।
বিদ্যান ব্যক্তিগণ দারিদ্রতার শিকার হন।	বিদ্বান ব্যক্তিগণ দারিদ্রতার শিকার হন।
একটি গোপন কথা বলি।	একটি গোপনীয় কথা বলি।
হাসান হলো আমার ভ্রাতুষ্পুত্র।	হাসান আমার ভ্রাতুষ্পুত্র।
নৌকার স্রোতে ভাসিয়া চলিয়াছিল।	নৌকা স্রোতে ভাসিয়া চলিয়াছিল।
তার সাংস্কৃতিক নাই।	তার সংস্কৃতি নাই।
বৃক্ষটি সমূলসহ উৎপাটিত হয়েছে।	বৃক্ষটি মূলসহ উৎপাটিত হয়েছে।
দারিদ্র্যতা বাংলাদেশের প্রধান সমস্যা।	দারিদ্র্যতা বাংলাদেশের প্রধান সমস্যা। দারিদ্র্য বাংলাদেশের প্রধান সমস্যা।
কৃত্তিবাস বাঙলা রামায়ণ লিখেছেন।	কৃত্তিবাস বাংলা রামায়ণ লিখেছেন।
দৈনতা প্রশংসনীয় নয়।	দীনতা প্রশংসনীয় নয়।
'গীতাঞ্জলী' পড়েছ কি?	'গীতাঞ্জলি' পড়েছ কি?
আবশ্যকীয় ব্যয়ে কার্পণ্য অনুচিত।	আবশ্যক ব্যয়ে কার্পণ্য অনুচিত।
যক্তি খণ্ডিত হয়েছে কিন্ত মক্তি মেলেনি।	যক্তি খণ্ডন হয়েছে কিন্তু মুক্তি মেলেনি।
বিধি লঙ্ঘন হয়েছে।	বিধি লঙ্ঘিত হয়েছে।
সূর্য উদয় হয়েছে?	সূর্য উদিত হয়েছে?
তাকে স্নেহাশীষ দিও।	তাকে স্নেহাশিষ দিও।
দশচক্রে ঈশ্বর ভূত।	দশচক্রে ভগবান ভূত।
বুনো কচু, বাঘা তেঁতুল।	বুনো ওল, বাঘা তেঁতুল।
রচনাটির উৎকর্ষতা অনস্বীকার্য।	রচনাটির উৎকর্ষ অনস্বীকার্য।
বাংলাদেশ একটি উন্নতশীল দেশ।	বাংলাদেশ একটি উন্নয়নশীল দেশ।
তিনি আমার বইটি প্রকাশিত করেছেন।	তিনি আমার বইটি প্রকাশ করেছেন।
সাহিত্যিক ও সংস্কৃতিক অনুষ্ঠান।	সাহিত্য ও সাংস্কৃতিক অনুষ্ঠান।
অনাবশ্যক ব্যাপারে কৌতুহল ভালো নয়।	অনাবশ্যকীয় ব্যাপারে কৌতুহল ভালো নয়।
আমি যেয়ে দেখি সব শেষ?	আমি গিয়ে দেখি সব শেষ?
সলজ্জিত হাসি হেসে মেয়েটি উত্তর দিল।	সলজ্জ হাসি হেসে মেয়েটি উত্তর দিল।
বিবিধ জিনিসপত্র কিনলাম।	বিবিধ জিনিস কিনলাম।
মনোরম উদানে ভ্রমণ দুরাকাঙ্খা।	মনোরম উদ্যানে ভ্রমণ দুরাকাঙ্ক্ষা।
কুলাটা নারীকে বর্জন কর।	কুলটাকে বর্জন কর।
দুষ্কৃতিদের ছুটি দেওয়া উচিত নয়।	দুষ্কৃতিকারীদের ছুটি দেওয়া উচিত নয়।
অন্যায়ের ফল আবশ্যক।	অন্যায়ের ফল অনিবার্য।

RAISUL ISLAM HRIDOY

অনুশীলনী:

০১) "পুরষ্কার-বিতরণী অনুষ্ঠানের পরিবেশ এত অপরিষ্কার !" –বাক্যটিতে নিম্নরেখ পদে ষ/স ব্যবহারে -
ক) প্রথমটি অশুদ্ধ, দ্বিতীয় শুদ্ধ খ) প্রথমটি শুদ্ধ, দ্বিতীয়টি অশুদ্ধ গ) দুটোই অশুদ্ধ ঘ) দুটোই শুদ্ধ

০২) নিচের কোন বানানটি শুদ্ধ?
ক) মনীষী খ) মনীষি গ) মনিষি ঘ) মনিষী

০৩) কোনটি শুদ্ধ বানান?
ক) অধ্যাবসায় খ) অধ্যাবশায় গ) অধ্যবসায় ঘ) অধ্যাবষায়

০৪) শুদ্ধ বানান কোনটি?
ক) অদ্ভুত খ) অদ্ভূত গ) অন্তর্ভুক্ত ঘ) সবগুলো

০৫) কোনটি শুদ্ধ বানান?
ক) অনসূয়া খ) অনুসূয়া গ) অণুসুয়া ঘ) অনূসূয়া

০৬) কোন বানানটি শুদ্ধ?
ক) অহংকার খ) অহঙ্কার গ) অহঙ্খার ঘ) ক ও খ দুটিই

০৭) বাংলা বানান রীতি অনুযায়ী কোন দুটি বানানই শুদ্ধ?
ক) হাতি/হাতী খ) নারি/নারী গ) জাতি/জাতী ঘ) দাদি/দাদী

০৮) কোনটি শুদ্ধ বানান?
ক) অদ্যপি খ) অধ্যাপি গ) অদ্যপী ঘ) অদ্যাপী

০৯) কোনটি শুদ্ধ বানান?
ক) আমাবশ্যা খ) আমাবস্যা গ) অমাবশ্যা ঘ) অমাবষ্যা

১০) কোন বানানটি শুদ্ধ?
ক) অধগতি খ) অধোগতি গ) অধঃগতি ঘ) অধোঃগতি

১১) কোনটি শুদ্ধ বানান?
ক) আদোক্ষর খ) আদ্যাক্ষর গ) আদ্যক্ষর ঘ) আদ্যাখর

১২) কোনটি শুদ্ধ বানান?
ক) দূরিভুত খ) দূরিভূত গ) দূরীভুত ঘ) দূরীভূত

১৩) কোন বানানটি শুদ্ধ?
ক) নিরিহ খ) নীরিহ গ) নীরীহ ঘ) নিরীহ

১৪) কোনটি শুদ্ধ বানান?
ক) নিশীথ খ) নিশিথ গ) নীশীথ ঘ) নীশিথ

১৫) কোনটি শুদ্ধ বানান?
ক) নিপিড়িত খ) নীপিড়িত গ) নিপীড়িত ঘ) নিপীড়ীত

১৬) কোনটি শুদ্ধ বানান?
ক) নুন্যাধিক খ) ন্যূনাধিক গ) ন্যুন্যাধিক ঘ) নূন্যতম

১৭) কোনটি শুদ্ধ বানান?
ক) নিরহংকারী খ) নিরহংকার গ) নিরহংকারি ঘ) নিঃহংকারী

১৮) কোনটি শুদ্ধ বানান?
পঙ্কিল খ) কঙ্কীল গ) পংকিল ঘ) পংকীল

১৯) কোনটি শুদ্ধ বানান?
ক) প্রণয়িনী খ) প্রনয়িনী গ) প্রণয়িনি ঘ) প্রনয়ীনী

২০) কোনটি শুদ্ধ বানান?
ক) প্রতিদ্বন্দী খ) প্রতিদন্দ্বি গ) প্রতিদ্বন্দ্বী ঘ) প্রতিদন্দী

RAISUL ISLAM HRIDOY

০১. গ	০২. ক	০৩.ক	০৪. ঘ	০৫. ক	০৬. ঘ	০৭. ক	০৮. খ	০৯. খ	১০. খ
১১. গ	১২. ঘ	১৩. ঘ	১৪. ক	১৫. গ	১৬. খ	১৭. খ	১৮. ক	১৯.ক	২০. গ

২১) কোনটি শুদ্ধ বানান?
ক) বিভিষীকা খ) বিভীষিকা গ) বীভিষিকা ঘ) বীভিষীকা

২২) কোনটি শুদ্ধ বানান?
ক) ভবিষ্যৎবাণী খ) ভবিষদ্বাণী গ) ভবিষ্যৎবানী ঘ) ভবিষ্যতবাণী

২৩) কোনটি শুদ্ধ বানান?
ক) ব্যকুল খ) ব্যাকুল গ) ব্যাকূল ঘ) ব্যকূল

২৪) কোনটি শুদ্ধ বানান?
ক) মুহুর্মুহু খ) মূহুমুহু গ) মূহূর্মূহু ঘ) মূহুর্মূহু

২৫) নিচের কোন শব্দটি ভুল?
ক) মূহুর্মুহূ খ) স্বায়ত্তশাসন গ) শ্রদ্ধাঞ্জলি ঘ) অভ্যন্তরীণ

২৬) কোনটি শুদ্ধ বানান?
ক) মরিচিকা খ) মরিচীকা গ) মরীচিকা ঘ) মরীচীকা

২৭) কোনটি শুদ্ধ বানান?
ক) মুহুর্ত খ) মুহূর্ত গ) মূহূর্ত ঘ) মূহুর্ত

২৮) কোনটি শুদ্ধ বানান?
ক) মুমর্ষ খ) মূমুর্ষূ গ) মুমূর্ষু ঘ) মুমুর্ষ

২৯) কোনটি শুদ্ধ বানান?
ক) মুর্ধন্য খ) মূর্ধন্য গ) মুর্ধণ্য ঘ) কোনটিই নয়

৩০) কোনটি শুদ্ধ বানান?
ক) প্রত্যান্ত খ) আদ্যাক্ষর গ) মরুদ্যান ঘ) সম্বর্ধনা

২১. খ	২২. খ	২৩. খ	২৪. ক	২৫. ক	২৬. গ	২৭. খ	২৮. গ	২৯. খ	৩০. গ

৩১) কোনটি শুদ্ধ বানান?
ক) শিরচ্ছেদ খ) শিরোচ্ছেদ গ) শিরশ্ছেদ ঘ) শিরাচ্ছেদ

৩২) কোনটি শুদ্ধ বানান?
ক) শারীরীক খ) শারীরিক গ) শারিরিক ঘ) শারিরীক

৩৩) কোন বানানটি শুদ্ধ?
ক) শুশ্রূষা খ) সুশ্রুষা গ) শুশ্রুষা ঘ) শুশ্রুসা

৩৪) কোন বানানটি শুদ্ধ?
ক) সংপ্তক খ) সংশপ্তক গ) সংসপ্তক ঘ) শংশপ্তক

৩৫) নিচের কোন বানানটি অশুদ্ধ?
ক) জবা কুসুম খ) তিমির বিদারী গ) সলীল সমাধী ঘ) যৌবন সূর্য

৩৬) কোনটি শুদ্ধ বানান?
ক) সদ্যজাত খ) সদ্দোজাত গ) সদ্যোজাত ঘ) সদ্ব্যজাত

৩৭) কোনটি শুদ্ধ বানান?
ক) স্বায়ত্তসাশন খ) স্বায়ত্তসাশণ গ) স্বায়তশাসণ ঘ) স্বায়ত্তশাসন

৩৮) কোনটি শুদ্ধ বানান?
ক) সান্তনা খ) শান্তনা গ) সান্ত্বনা ঘ) শান্ত্বনা

৩৯) কোনটি শুদ্ধ বানান?
ক) সুচিস্মিতা খ) সূচিস্মীতা গ) সূচীস্মিতা ঘ) সুচিস্মিতা

৪০) কোনটি শুদ্ধ বানান?
ক) সমীচীন খ) সমীচিন গ) সমিচীন ঘ) সমিচিন

৪১) ভুল বানান কোনটি?
ক) সমিতি খ) প্রতীতি গ) জামিতি ঘ) প্রতিতি

৪২) অশুদ্ধ বানান কোনটি?
ক) ভৌগলিক খ) ত্রস্থ গ) ভুল ঘ) জটিল

RAISUL ISLAM HRIDOY

৪৩) অশুদ্ধ বনান কোনটি?
ক) পুণ্য খ) পুজো গ) ভুল ঘ) মুর্হূত

৪৪) কোনটি অশুদ্ধ বানান?
ক) অনূজ খ) ভুল গ) মানসিক ঘ) দুর্লভ

৪৫) কোন বানানটি শুদ্ধ?
ক) প্রতিযোগিতা খ) সহযোগীতা গ) বৈশিষ্ট্যতা ঘ) শ্রদ্ধাঞ্জলী

৪৬) শুদ্ধ বানান কোনটি?
ক) সহপাঠিনী খ) সহপাঠিনি গ) সহপাঠীনী ঘ) সহপাঠীনি

৪৭) কোনটি শুদ্ধ?
ক) উপরেউক্ত খ) উপরোক্ত গ) উপর্যুক্ত ঘ) উপরুক্ত

৪৮) 'উৎকর্ষতা' কি কারণে অশুদ্ধ?
ক) সন্ধিজানিত খ) প্রত্যয়জনিত গ) উপসর্গজনিত ঘ) বিভক্তিজনিত

৪৯) প্রত্যয়গতভাবে শুদ্ধ কোনটি?
ক) উৎকর্ষতা খ) উৎকর্ষ গ) উৎকৃষ্ট ঘ) উৎকৃষ্টতা

৫০) প দাশুদ্দ নির্দেশক করনি–
ক) প্রমুখ বিশিষ্ট ব্যক্তি খ) প্রমুখ বিশিষ্ট ব্যক্তিরা গ) প্রমুখ বিশিষ্ট ব্যক্তিগণ ঘ) প্রমুখ বিশিষ্ট ব্যক্তিবৃন্দ

৫১) শুদ্ধ রূপটি চিহ্নিত করুন–
ক) সব ছাত্ররা খ) সব ছাত্রবৃন্দ গ) সব ছাত্র ঘ) সব ছাত্রসমূহ

৫২) কোন বানানটি শুদ্ধ?
ক) অধীণ খ) অধীন গ) অধিন ঘ) অধিণ

৫৩) নিচের কোন বানানটি শুদ্ধ?
ক) ক্ষুৎপীড়িত খ) ক্ষুৎপিড়িত গ) ক্ষুতপীড়িত ঘ) ক্ষুৎপিড়ীত

৫৪) কোন বানানটি শুদ্ধ?
ক) পিপিলিকা খ) পিপীলিকা গ) পীপিলিকা ঘ) পিপিলীকা

৫৫) কোনটি শুদ্ধ বানান?
ক) বিপরীত খ) বিপরিত গ) বীপরিত ঘ) বীপরীত

৩১. গ	৩২. খ	৩৩. ক	৩৪. খ	৩৫. গ	৩৬. গ	৩৭. খ	৩৮. গ	৩৯. ঘ	৪০. ক
৪১. গ	৪২. খ	৪৩. গ	৪৪. ক	৪৫. ক	৪৬. ক	৪৭. গ	৪৮. খ	৪৯. গ	৫০. গ
৫১. গ	৫২. খ	৫৩. ক	৫৪. খ	৫৫. ক					

৫৬) সম্বোধনে কোন বানাটি শুদ্ধ?
ক) সুধী খ) সুধি গ) শুধি ঘ) শুধী

৫৭) কোন বানানটি সঠিক?
ক) ধাঁধা খ) ধাধা গ) ধাধাঁ ঘ) ধাঁধা

৫৮) নির্ভুল বানান–
ক) স্বায়ত্ব খ) স্বায়ত্ত গ) স্বায়ত্ত্ব ঘ) সায়ত্ত্ব

৫৯) কোনটি শুদ্ধ বানান?
ক) সন্ন্যাসি খ) সন্যাসী গ) সন্যাসি ঘ) স্বন্যাসী

৬০) কোন বানানটি শুদ্ধ তা নির্দেশ করুন।
ক) মাদ্রাসা খ) মাদ্‌রাছা গ) মাদ্‌রাসা ঘ) মদরাছা

৬১) ব্যকরণগত বিবেচনায় শুদ্ধ শব্দটি নির্ণয় করুন–
ক) আয়ত্তাধীন খ) আয়ত্ত গ) আয়ত্ত্ব ঘ) আয়ত্ত্বাধীন

৬২) দেশের ..... দূর করতে হলে সকলের সম্মিলিত প্রচেষ্টা দরকার।
ক) দারিদ্য খ) দারিদ্র গ) দারিদ্র্যতা ঘ) দরিদ্র

৬৩) নিচের কোন বানানটি সঠিক?
ক) যশধ্বনি খ) যশোধ্বনি গ) যশধন ঘ) যশঃধ্বনি

RAISUL ISLAM HRIDOY

৬৪) নিচের কোন শব্দটি শুদ্ধ?
ক) শ্রদ্ধাঞ্জলী খ) সামঞ্জস্যতা গ) ইতোমধ্যে ঘ) সখ্যতা
৬৫) নিচের কোন শব্দটি শুদ্ধ?
ক) বীকেন্দ্রিকরণ খ) বিকেন্দ্রিকরণ গ) বিকেন্দ্রীকরণ ঘ) বীকেন্দ্রীকরণ
৬৬) কোনটি শুদ্ধ বানান?
ক) শকট খ) শকেটগ) সকোট ঘ) সকট
৬৭) কোনটি শুদ্ধ বানান?
ক) শুশ্রী খ) সুরশ্রী গ) সুশ্রী ঘ) কোনোটিই নয়
৬৮) কোনটি শুদ্ধ বানান?
ক) আবির্ভাব খ) আবিরভাব গ) আর্ভভাব ঘ) কোনোটিই নয়
৬৯) কোনটি শুদ্ধ বানান?
ক) ভিবাদী খ) বিভাদী গ) বিবাদী ঘ) কোনোটিই নয়
৭০) 'ইতিপূর্বে' এর শুদ্ধরূপ কোনটি?
ক) ইতোপূর্বে খ) ইতঃপূর্বে গ) ইতোঃপূর্বে ঘ) ইতপূর্বে

৫৬. ক	৫৬. ঘ	৫৮. খ	৫৯. ক	৬০. ক	৬১. খ	৬২. খ	৬৩. গ	৬৪. গ	৬৫. গ
৬৬. ক	৬৭. গ	৬৮. ক	৬৯. গ	৭০. খ					

৭১) নিচের কোন বানানটি শুদ্ধ নয়?
ক) কৃতিত্ব খ) দায়িত্ব গ) সখিত্ব ঘ) সতিত্ব
৭২) সঠিক বানান কোনটি?
ক) ভীতু খ) ভিতু গ) ভিভূ ঘ) কোনোটিই নয়।
৭৩) শুদ্ধ বানান কোনটি?
ক) দুরন্ত খ) দোর্গা গ) দোর্গ ঘ) দূর্বল
৭৪) নিচের কোন বানানটি সঠিক?
ক) শ্বাশত খ) আবিষ্কার গ) বিসন্ন ঘ) স্টেশন
৭৫) শুদ্ধ বানান কোনটি?
ক) দীনতা খ) দৈনতা গ) দীন্যতা ঘ) দিনতা
৭৬) কোন শব্দটি ভুল?
ক) মরুদ্যান খ) কটূক্তিগ) পরিপক্ক ঘ) অঞ্জলি
৭৭) কোন বানানটি ভুল?
ক) ঊনিশ খ) দ্বন্দ্ব গ) অধ্যায়ন ঘ) সহযোগিতা
৭৮) কোন বানানটি অশুদ্ধ?
ক) পরিপক্ব খ) দূরবীক্ষণ গ) ত্রিভূজ ঘ) মরূদ্যান
৭৯) কোনটি নির্ভুল?
ক) দুর্দশাগ্রস্থ খ) দুর্দশাগ্রস্ত গ) দূর্দশাগ্রস্থ ঘ) দূরদশাগ্রস্ত
৮০) বাংলা বানানের নিয়ম অনুসারে নিচের কোনটি শুদ্ধ?
ক) গভর্ণর খ) গভর্নর গ) গবর্ণর ঘ) কোনটিই নয়

৭১. ঘ	৭২. ক	৭৩. ক	৭৪. ঘ	৭৫. ক	৭৬. গ	৭৭. গ	৭৮. গ	৭৯. খ	৮০. খ

৮১) কোন বাক্যটি শুদ্ধ?
ক) দৈন্য সর্বদা মহত্বের পরিচায়ক নয় খ) দৈন্যতা সর্বদা মহত্বের পরিচায়ক নয়
গ) দৈন্য সর্বদা মহত্ত্বের পরিচায়ক নয় ঘ) দৈন্যতা সর্বদা মহত্ত্বের পরিচায়ক নয়
৮২) কোন বাক্যটি শুদ্ধ?

RAISUL ISLAM HRIDOY

ক) আমি সাক্ষী দিয়েছি খ) নীরোগ লোক যথার্থ সুখী গ) তার এখন সঙ্কট অবস্থা ঘ) সদাসর্বদা তোমার উপস্থিত প্রার্থনীয়

৮৩)আমি ..... প্রার্থনা করি। শূন্যস্থানে বসবে-

ক) কায়ামনো বাক্যে খ) কায়মনো বাক্যে গ) কায়মন বাক্যে ঘ) কায়মন বাক্যে

৮৪) কোনটি শুদ্ধ বাক্য?

ক) তাহার জীবন সংশয়পূর্ণ খ) তাহার জীবন সংশয়ময় গ) তাহার জীবন সংশয়াপূর্ণ ঘ) তাহার জীবন সংশয়ভরা

৮৫)কোনটি শুদ্ধ বাক্য?

ক) একটি গোপন কথা বলি খ) একটি গোপনীয় কথা বলি গ) এক গুপ্ত কথা বলি ঘ) একটি গোপনীয়তার কথা বলি

৮৬)'আজকালকার মেয়েরা যেমন মুখরা, তেমনি বিদ্বান' এই বাক্যে কোন ধরনের ভুল আছে?

ক) কালগত খ) লিঙ্গগত গ) বচনগত ঘ) বিশেষণের

৮৭) শুদ্ধ বাক্যটি দেখান–

ক) তুমি কী আজ যাবে? খ) তুমি কি আজ যাবে? গ) তুমি কী অদ্য যাবে? ঘ) তুমি কী আজ যাইবে?

৮৮)নিচের কোন বাক্যটি শুদ্ধ?

ক) আপনি সপরিবারে আমন্ত্রিত খ) আপনি স্বপরিবারে আমন্ত্রিত

গ) আপনি পরিবারবর্গসহ আমন্ত্রিত ঘ) আপনি আপনার পরিবারসহ আমন্ত্রিত

৮৯)নিম্নের কোন বাক্যটি সঠিক?

ক) আমার কথাই প্রমাণিত হলো খ) আমার কথাই কথাই প্রমাণ হলো

গ) আমার কথাই প্রমাণীত হলো ঘ) আমার কথায় প্রমাণিত হলো

৯০) কোন বাক্যটি শুদ্ধ?

ক) জ্ঞানি মূর্খ অপেক্ষা শ্রেষ্ঠতর খ) জ্ঞানি মূর্খ অপেক্ষা শেষ্ঠ

গ) জ্ঞানি মূর্খতা অপেক্ষা শ্রেষ্ঠ ঘ) জ্ঞানী মুর্খ অপেক্ষা শ্রেষ্ঠ

৮১. গ	৮২. খ	৮৩. খ	৮৪.গ	৮৫. খ	৮৬. খ	৮৭. খ	৮৮. ক	৮৯. ঘ	৯০. ঘ

৯১) কোন বাক্যটি শুদ্ধ?

ক) ৫ জন ছাত্ররা স্কুলে যায় খ) ৫ জন ছাত্রগণ স্কুলে যায় গ) ৫ জন ছাত্র স্কুলে যায় ঘ) সবগুলোই ভুল

৯২) কোনটি শুদ্ধ বাক্য?

ক) এ কথা প্রমান হয়েছে খ) এ কথা প্রমাণ হয়েছে গ) এ কথা প্রমানিত হয়েছে ঘ) এ কথা প্রমাণিত হয়েছে

৯৩)শুদ্ধ বাক্য নির্দেশ করুন–

ক) দৈন্যতা প্রশসনীয় নয় খ) দীনতা অপ্রসংসনীয় নয় গ) দৈন্যতা নিন্দনীয় খ) দৈন্যতা অপ্রসংসনীয়

৯৪) নিচের কোন বাক্যটি শুদ্ধ?

ক) আবশ্যকীয় ব্যয়ে কার্পণ্য অনুচিত খ) আবশ্যক ব্যয়ে কার্পণ্য অনুচিত

গ) আবশ্যকীয় ব্যয়ে কার্পণ্য অনুচিত ঘ) আবশ্যক ব্যয়ে কার্পন্য অনুচিত

৯৫) 'সকল সভ্যগণ একানে উপস্থিত ছিলেন' বাক্যটির শুদ্ধরূপ কোনটি?

ক) সকল সভ্যগণ এখানে উপস্থিত ছিলেন খ) সকল সভ্য এখানে উপস্থিত ছিলেন

গ) সভ্যগণ এখানে উপস্থিত ছিলেন ঘ) খ ও গ উভয়ই

৯৬)ভাষার অপ-প্রয়োগ আছে যে বাক্যে–

ক) বুঝেছি, তুমি এ কাজ পারবে না খ) তিনি আমার বইটি প্রকাশিত করেছেন

গ) কোথায় আমারা একাত্রিত হব? ঘ) এত বিলম্ব কেন?

৯৭) শুদ্ধ রূপটি দেখান–

ক) সাহিত্য ও সাংস্কৃতিক অনুষ্ঠান খ) সাহিত্যিক ও সংস্কৃতিক অনুষ্ঠান

গ) সাহিত্য ও সংস্কৃতিক অনুষ্ঠান ঘ) সাহিত্য ও সাংস্কৃতিক অনুষ্ঠান

RAISUL ISLAM HRIDOY

৯৮) নিচের কোন বাক্যটি সঠিক?

ক) কুলটা নারীকে বর্জন কর খ) কুলটকে বর্জন কর

গ) কুলোটা নারীকে বর্জন কর ঘ) কুল নারীকে বর্জন কর

৯৯) নিচের কোন বাক্যটি শুদ্ধ?

ক) কেবলমাত্র তুমি যাবে খ) এতে আশ্চর্য হলাম

গ) বিবিধ জিনিস কিনলাম ঘ) এ সংবাদে সন্তোষ হলাম

১০০) কোন বাক্যটির শুদ্ধ প্রয়োগ হয়েছে?

ক) অন্যায়ের ফল অনিবার্য খ) অন্যায়ের ফল আবশ্যক

গ) বিধি লঙ্ঘন হয়েছে ঘ) কোথায় আমরা একত্র হব?

৯১. গ	৯২. ঘ	৯৩. খ	৯৪. খ	৯৫. ঘ	৯৬. খ	৯৭. ক	৯৮. খ	৯৯. গ	১০০. ক

RAISUL ISLAM HRIDOY

বাংলা ভাষার ব্যাকরণ


পদ প্রকরণ

পদ

বিভক্তিযুক্ত শব্দ ও ধাতুই পদ। অর্থাৎ বাক্যে ব্যবহৃত প্রত্যেকটি শব্দই এক একটি পদ।

পদের প্রকারভেদ:

পদগুলো প্রধানত দুই প্রকার। যথা– সব্যয় পদ ও অব্যয় পদ। সব্যয় পদ আবার চার প্রকার- বিশেষ্য, বিশেষণ, সর্বনাম ও ক্রিয়া। সুতরাং পদ মোট পাঁচ প্রকার। যথা– বিশেষ্য, বিশেষণ, সর্বনাম, অব্যয়, এবং ক্রিয়া।



বিশেষ্য পদ

যে পদে সাধারণত কোন ব্যক্তি, বস্তু, জাতি, সমষ্টি, বিষয়, স্থান, কাল, ভাব, কর্ম বা গুণের নাম বোঝানো হয় বা কোনো কিছুর নাম বোঝায় তাকে বিষেশ্য পদ বলে। যেমন–


সুন্দর (বিশেষ্য) মাত্রেরই একটা আকর্ষণ শক্তি আছে।

সুন্দর (বিশেষ্য) মানুষকে নিজের দিকে টানে।

RAISUL ISLAM HRIDO

বিশেষ্য পদের প্রকারভেদ

বিশেষ্য পদ ছয় প্রকার। যথা–



সংজ্ঞা (বা নাম) বাচক বিশেষ্য:

যে পদ দ্বারা কোন ব্যক্তি, ভৌগলিক স্থান, বা সংজ্ঞা এবং গ্রন্থ বিশেষের বিজ্ঞাপিত হয়, তাকে সংজ্ঞা (বা নাম) বাচক বিশেষ্য বলে। যথা–

ব্যক্তির নাম: নজরুল, ওমর, মাইকেল, জুলফিকার।

ভৌগলিক স্থানের নাম: ঢাকা, বগুড়া, প্যারিস, লন্ডন, মক্কা।

গ্রন্থের নাম: গীতাঞ্জলি, অগ্নিবীণা, শেষের কবিতা, সঞ্চায়িতা, বিশ্বনবী।

জাতি বাচক বিশেষ্য:

যে পদ দ্বারা কোন এক জাতীয় প্রাণী বা পদার্থের নাম বোঝায়, তাকে বস্তুবাচক বা দ্রব্যবাচক বিশেষ্য বলে। এই জাতীয় বস্তুর সংখ্যা ও পরিমাণ নির্ণয় করা যায়। যেমন– বই, খাতা, কলম, থালা, বাটি, মাটি, চাল, চিনি, লবণ, পানি ইত্যাদি।

সমষ্টি বাচক বিশেষ্য:

যে পদে বেশকিছু সংখ্যক ব্যক্তি বা প্রণীর সমষ্টি বোঝায়, তা-ই সমষ্টি বাচক বিশেষ্য। যেমন– সভা, জনতা, সমিতি, সমাজ, পঞ্চায়েত, মিছিল, ঝাঁক, বহর, দল, বাহিনী ইত্যাদি।

ভাব বাচক বিশেষ্য:

যে বিশেষ্য পদে কোনো ক্রিয়ার ভাব বা কাজের ভাব প্রকাশিত হয়, তাকে ভাববাচক বিশেষ্য বলে। যেমন– গমন (যাওয়ার ভাব বা কাজ)। এরূপ– ভোজন, শয়ন, দর্শন, দেখা, শোনা ইত্যাদি।


আবার ধাতুর বা প্রতিপদিকের পর আই প্রত্যয় যুক্ত করে ভাববাচক বিশেষ্য গঠিত হয়।
যেমন– √চড় + আই = চড়াই, বড় + আই = বড়াই ইত্যাদি।

গুণবাচক বিশেষ্য:

যে বিশেষ্য দ্বারা কোনো বস্তুর দোষ বা গুণের নাম বোঝায়, তা-ই গুণবাচক বিশেষ্য। যেমন– মধুর মিষ্টত্বে গুণ– মধুরতা, তরল দ্রব্যের গুণ– তারল্য। এরূপ- তারুণ্য, তিক্ততা, সৌরভ, স্বাস্থ্য, যৌবন, সুখ, দুঃখ, সততা, উৎকর্ষ ইত্যাদি।

বিশেষণ পদ

যে পদ বিশেষ্য, সর্বনাম ও ক্রিয়াপদের দোষ, গুণ, অবস্থা, সংখ্যা, সংখ্যা, পরিমাণ, বৈশিষ্ট্য, ধর্ম ইত্যাদি প্রকাশ করে, তাকে বিশেষণ পদ বলে। যেমন–
তিনটি বছর।
এ যে আমাদের চেনা লোক।
সন্তানের প্রতি মাতৃস্নেহ আন্তরিক।
বিষেশণ পদের প্রকারভেদ
বিশেষণ পদ প্রধানত দুই প্রকার। যথা– নাম বিশেষণ ও ভাব বিশেষণ।



ক) নাম বিশেষণ:

যে বিশেষণ পদ কোনো বিশেষ্য বা সর্বনাম পদকে বিশেষিত করে, তাকে নাম বিশেষণ বলে। যেমন–খুব সুন্দর বই। সুন্দর শিশু।
বিশেষ্যের বিশেষণ: সুস্থ-সবল দেহকে কে না ভালোবাসে?
নিশীথ রাতে বাজছে বাঁশি।
ধাতুর শেষে 'অন্ত' প্রত্যয় যোগে করে গঠিত পদটি বিশেষ্যের বিশেষণ হয়। যেমন– ঘুমন্ত শিশুটি আমার সন্তান।
'আ' প্রত্যয়যোগে গঠিত বিশেষণ পদ– পার্থিব।
সর্বনাম বিশেষণ: সে রূপবান ও গুণবান।

নাম বিশেষণের প্রকার ভেদ:

RAISUL ISLAM HRIDOY

রূপবাচক: নীল আকাশ, সবুজ মাঠ।
গুণবাচক: দক্ষ কারিগর, ঠাণ্ডা হাওয়া।
অবস্থাবাচক: তাজা মাছ, রোগা ছেলে।
সংখ্যাবাচক: হাজার লোক, দশ দশা।
ক্রমবাচক: দশম শ্রেণি, প্রথমা কন্যা।
পরিমাণবাচক: এক কেজি চাল, দু কিলোমিটার রাস্তা।
অংশ বাচক: অর্ধেক সম্পত্তি, ষোল আনা দখল।
উপাদানবাচক: বেলে মাটি, পাথুরে মুর্তি।
প্রশ্নবাচক: কতদূর পথ? কেমন অবস্থা?
নির্দিষ্টতাজ্ঞাপক: এই লোক, সেই ছেলে, ছাব্বিশে মার্চ।

খ) ভাব বিশেষণ:

যে পদ বিশেষ্য ও সর্বনাম ভিন্ন অন্য পদকে বিশেষিত করে তা-ই ভাব বিশেষণ। ইংরেজি ব্যাকরণের Adverb-কে বাংলা ব্যাকরণে ভাব বিশেষণ বলে।
ভাব বিশেষণ চার প্রকার। যথা–

১. ক্রিয়া বিশেষণ ২. বিশেষণের বিশেষণ বা বিশেষণীয় বিশেষণ
৩. অব্যয়ের বিশেষণ ৪. বাক্যের বিশেষণ।

ক্রিয়া বিশেষণ:

যে পদ ক্রিয়া সংগঠনের ভাব, কাল বা রূপ নির্দেশ করে অথবা যে পদে বাক্যের ক্রিয়াপদটির গুণ, প্রকৃতি, তীব্রতা ইত্যাদি প্রকৃতিগত অবস্থা বোঝায়, তাকে ক্রিয়া বিশেষণ বলে। যেমন–
ক্রিয়া সংগঠনের ভাব: তাড়াতাড়ি পড়। সে খুব তাড়াতাড়ি হাটল।
ক্রিয়া সংগঠনের কাল: পরে একবার এসো।
বিশেষণীয় বিশেষণ: যে পদ নাম বিশেষণ অথবা ক্রিয়া বিশেষণকে বিশেষিত করে, তাকে বিশেষণীয় বিশেষণ বলে। যেমন–
নাম বিশেষণের বিশেষণ: সামান্য একটু দুধ দাও।
এ ব্যাপারে সে অতিশয় দুঃখিত।
ক্রিয়া-বিশেষণের বিশেষণ: রকেট অতি দ্রুত চলে।
অতিশয় মন্দ কথা।
অব্যয়ের বিশেষণ: যে ভাব-বিশেষণে অব্যয় পদ অথবা অব্যয় পদের অর্থকে বিশেষিত করে, তাকে অব্যয়ের বিশেষণ বলে। যেমন– ধিক্ তারে, শত ধিক্ নির্লজ্জ যে জন।
বাক্যের বিশেষণ: কখনো কখনো কোনো বিশেষণ পদ একটি সম্পূর্ণ বাক্যকে বিশেষিত করতে তাকে অব্যয়ের বিশেষণ বলা হয়। যেমন–
দুর্ভাগ্যক্রমে দেশ আবার নানা সমস্যাজালে আবদ্ধ হয়ে পড়েছে।
বাস্তবিকই আজ আমাদের কঠিন পরিশ্রমের প্রয়োজন।
খুব মিষ্টি দই।
বিশেষণের অতিশায়ন: বিশেষণ পদ যখন দুই বা ততোধিক বিশেষ্য পদের মধ্যে গুণ, অবস্থা, পরিমাণ প্রভৃতি বিষয়ে তুলনায় একের উৎকর্ষ বা অপকর্ষ বুঝিয়ে থাকে, তখন তাকে বিশেষণের অতিশায়ন বলে। যেমন–
মেঘনা বাংলাদেশের বৃহত্তম নদী।
সংখ্যাগুলোর লঘিষ্ঠ সাধারণ গুণিতক বের কর।

বাংলা শব্দের অতিশায়ন:

১) দুয়ের মধ্যে অতিশায়ন:
চাইতে, চেয়ে, হইতে, হতে, অপেক্ষা, থেকে ইত্যাদি শব্দ ব্যবহৃত হয়। যেমন–
গরু থেকে ঘোড়ার দাম বেশি।
বাঘের চেয়ে সিংহ বলবান।

কখনো কখনো ষষ্ঠী বিভক্তি যুক্ত শব্দে ষষ্ঠী বিভক্তিই চেয়ে, থেকে প্রভৃতি শব্দের কার্যসমাধান করে। যেমন–

RAISUL ISLAM HRIDOY

এ মাটি সোনার বাড়া।
দুটি বস্তুর মধ্যে অতিশায়নে জোর দিতে হলে মূল বিশেষণের আগে অনেক, অধিক, বেশি, অল্প, কম, অধিকতর প্রভৃতি বিশেষণীয় বিশেষণ যোগ করতে হয়। যেমন–
পদ্মফুল গোলাপের চাইতে অনেক সুন্দর।
ঘিয়ের চেয়ে দুধ বেশি উপকারী।

২) **বহুর মধ্যে অতিশায়ন:**
অনেকের মধ্যে একের উৎকর্ষ বা অপকর্ষ বোঝাতে মূল বিশেষণের কোনো পরিবর্তন হয় না। মূল বিশেষণের পূর্বে সবচাইতে, সবচেয়ে, সব থেকে, সর্বাপেক্ষা, সর্বাধিক প্রভৃতি শব্দ ব্যবহার হয়। যেমন–
পশুর মধ্যে সিংহ সর্বাপেক্ষা বলবান।
ভাইদের মধ্যে আরিফই সবচাইতে বিচক্ষণ।

তৎসম শব্দের অতিশায়ন:
দুয়ের মধ্যে 'তর' এবং বহুর মধ্যে 'তম' প্রত্যয় যুক্ত হয়ে থাকে। যেমন–
গুরু – গুরুতর - গুরুতম
দীর্ঘ – দীর্ঘতর - দীর্ঘতম

দুয়ের মধ্যে তুলনায় 'ঈয়স্' প্রত্যয় এবংবহুর মধ্যে তুলনায় 'ইষ্ঠ' প্রত্যয় যুক্ত হয়। যেমন–
লঘু-লঘীয়ান - লঘিষ্ঠ
বৃদ্ধ – জ্যায়ান – জ্যেষ্ঠ
শ্রেয় – শ্রেয়ান – শ্রেষ্ঠ
অল্প – কনীয়ান – কনিষ্ঠ

'ঈয়স্' প্রত্যয়ান্ত কোনো কোন শব্দের স্ত্রীলিঙ্গ রূপ বাংলায় প্রচলিত আছে। যেমন–
ভূয়াসী প্রশংসা।

নির্ধারক বিশেষণ: দ্বিরুক্ত শব্দ ব্যবহার করে যখন একের বেশি কোনো কিছুকে বোঝানো হয়, তখন তাকে নির্ধারক বিশেষণ বলে। যেমন–
রাশি রাশি ভরা ভরা ধান কাটা হল সারা।–সোনার তরী
আমাদের ছোট গাঁয়ে ছোট ছোট ঘর।
থোকায় থোকায় জোনাক জ্বলে।

RAISUL ISLAM HRIDOY

অনুশীলনী:
০১) 'পদ' বলতে কি বোঝায়?
ক) কবিতার চরণ খ) যে কোন শব্দ গ) প্রত্যয়ন্ত শব্দ বা ধাতু ঘ) বিভক্তিযুক্ত শব্দ ও ধাতু
০২) বিভক্তিযুক্ত শব্দ ও ধাতুকে বলে–
ক) শব্দ খ) কারক গ) পদ ঘ) ক্রিয়াপদ
০৩) 'পদ' কত প্রকার?
ক) ৩ প্রকার খ) ৪ প্রকার গ) ৬ প্রকার ঘ) ৫ প্রকার
০৪) "সুন্দরের একটি নিজস্ব আকর্ষণ শক্তি আছে।" –
ক) বিশেষণ খ) ক্রিয়া বিশেষণ গ) অব্যয় ঘ) বিশেষ্য
০৫) 'সুন্দর মানুষকে নিজের দিকে টানে।' -এই বাক্যে 'সুন্দর' শব্দটি কোন পদ?
ক) বিশেষণ খ) সর্বনাম গ) অব্যয় ঘ) বিশেষ্য
০৬) কোনগুলো বিশেষ্য পদের উদাহরণ?
ক) সবুজ মাঠ, কালো মেঘ খ) টসটসে ফল, তকতকে মেঝে
গ) আমরা, তোমরা ঘ) আরব সাগর, বিশ্বনবী
০৭) শয়ন (শোয়ার কাজ), গমন (যাওয়ার কাজ) কি বাচক বিশেষ্য?

ক) গুণবাচক খ) ভাববাচক গ) দ্রব্যবাচক ঘ) সংখ্যাবাচক

০৮) জাতিবাচক বিশেষ্যর দৃষ্টান্ত–

ক) সমাজ খ) পানি গ) মিছিল ঘ) নদী

০৯) কোনটি গুণ বাচক বিশেষ্য?

ক) কিশোর খ) তারুণ্য গ) রোগা ঘ) পাথুরে

১০) গুণবাচক বিশেষ্য কোনটি?

ক) বহর খ) মধুরতা গ) সাহসী ঘ) দর্শন

১১) নিচের কোনটি নামবাচক বিশেষ্য?

ক) হিমালয় খ) সততা গ) সাগর ঘ) সমিতি

১২) চাউল, চিনি, কাঠ এগুলো কি বাচক বিশেষ্য?

ক) বস্তুবাচক খ) ব্যক্তিবাচক গ) সমষ্টি বাচক ঘ) জাতি বাচক

১৩) ধাতুর পর কোন প্রত্যয়ের যুক্ত করে ভাববাচক বিশেষ্য বুঝায়?

ক) আন খ) আই গ) আল ঘ) আও

১৪) 'অংশাশি' শব্দটি কোন পদের?

ক) বিশেষ্য খ) বিশেষণ গ) অব্যয় ঘ) ক ও গ

০১. ঘ	০২. গ	০৩. ঘ	০৪. গ	০৫. ঘ	০৬. ঘ	০৭. খ	০৮. ঘ	০৯. খ	১০. খ
১১. ক	১২. ক	১৩. খ	১৪. ক						

১৫) 'নিশীথ রাতে বাজছে বাঁশি'–বাক্যে 'নিশীথ' কোন পদ?

ক) বিশেষণের বিশেষণ খ) বিশেষ্যের বিশেষণ গ) বিশেষ্য ঘ) বিশেষণ

১৬) 'নিশীথ রাতে বাজছে বাঁশি'–বাক্যে 'নিশীথ' কোন বাক্য?

ক) ক্রিয়া খ) বিশেষ্য গ) বিশেষণ ঘ) ক্রিয়া বিশেষণ

১৭) ক্রিয়া বিশেষণ কোন বাক্যটি?

ক) তড়াতাড়ি পড় খ) খুব সুন্দর বই গ) কালো মুখ ঘ) সুন্দর শিশু

১৮) 'তিনটি বছর'-এখানে 'তিনটি' কোন পদ?

ক) বিশেষণ খ) বিশেষ্য গ) ক্রিয়া ঘ) কোনোটিই নয়

১৯) "এ যে আমাদের চেনা লোক"-'চেনা' কোন পদ?

ক) বিশেষণ খ) ক্রিয়া গ) অব্যয় ঘ) বিশেষ্য

২০) যে পদ সর্বনাম ও বিশেষ্য পদকে বিশেষিত করে তাকে কি বলে?

ক) নাম বিশেষণ খ) ভাব বিশেষণ গ) ক্রিয়া বিশেষণ ঘ) বিশেষণের বিশেষণ

২১) যে পদে বাক্যের ক্রিয়াপদটির গুণ, প্রকৃতি, তীব্রতা ইত্যাদি প্রকৃতিগত অবস্থা বোঝায়, তাকে বলা হয়–

ক) ক্রিয়াবাচক বিশেষ্য খ) ক্রিয়া বিশেষণ গ) ক্রিয়াবিশেষ্যজাত ঘ) ক্রিয়াবিভক্তি

২২) কোন শব্দটিতে 'অ' প্রত্যয়যোগে বিশেষণ করা হয়েছে?

ক) দোকানি খ) পার্থিব গ) দাঁতাল ঘ) ভীত

২৩) ধাতুর শেষে 'অন্ত' প্রত্যয় যোগ করলে কোন পদ গঠিত হয়?

ক) বিশেষ্য খ) অব্যয় গ) বিশেষণ ঘ) ক্রিয়া

২৪) ক্রিয়া বিশেষণের উদাহরণ আছে কোন বাক্যে?

ক) বসন্তের আরামদায়ক বায়ু প্রবাহে সকলেই পুলকিত খ) সে খুব তাড়াতাড়ি হাটল

গ) সমুদ্র সৈকত জলপ্রবাহের প্রবল গর্জন শোনা গেল ঘ) সেদিন অত্যন্ত চমৎকার কথা শুনিলাম

২৫) কোনটি বিশেষণের বিশেষণ?

ক) এই আমি আর নই একা খ) বাতাস ধীরে বইছে গ) অতিশয় মন্দ কথা ঘ) মেঘনা বড় নদী

২৬) বিশেষণের অতিশায়নের উদাহরণ কোনটি?

ক) ধীরে ধীরে বাতাস বহে খ) রকেট অতি দ্রুত চলে গ) মেঘনা বাংলাদেশের বৃহত্তম নদী ঘ) নীল আকাশের নক্ষত্রমণ্ডলী মিট মিট করে

২৭) 'এ মাটি সোনার বাড়া'-এ উদ্ধৃতিতে 'সোনা' কোন অর্থে ব্যবহার করা হয়েছে?

ক) বিশেষণের অতিশায়ন খ) রূপবাচক বিশেষণ গ) উপাদানবাচক বিশেষণ ঘ) বিধেয় বিশেষণ

RAISUL ISLAM HRIDOY

২৮)কোনটি অংশবাচক বিশেষণ?
ক) পাঁচ শতাংশ জমি খ) অর্ধেক সম্পত্তি গ) ছ'কিলোমিটার রাস্তা ঘ) হাজার টনী জাহাজ

২৯)সন্তানেরা প্রতি মাতৃস্নেহ 'আন্তরিক' কোন পদ?
ক) বিশেষ্য খ) বিশেষণ গ) ক্রিয়া ঘ) অব্যয়

৩০)ইংরেজি ব্যাকরণের Adverb-কে বাংলা ব্যাকরণে বলে–
ক) নাম বিশেষণ খ) ভাব বিশেষণ গ) সমুচ্চয়ী অব্যয় ঘ) নামপদ

৩১) "রাশি রাশি ভরা ভরা ধান কাটা হল সারা।" -বাক্যটি কিসের উদাহরণ?
ক) সাপেক্ষ সর্বনাম খ) নির্ধারক সর্বনাম গ) নির্ধারক বিশেষণ ঘ) সাপেক্ষ বিশেষণ

১৫. খ	১৬. গ	১৭. ক	১৮. ক	১৯. ক	২০. ক	২১. খ	২২. খ	২৩. ঘ	২৪. গ
২৫. খ	২৬. গ	২৭. গ	২৮. ক	২৯. খ	৩০. খ	৩১. গ			

বিভিন্ন শব্দের বিশেষ্য ও বিশেষণরূপ

বিশেষ্য	বিশেষণ	বিশেষ্য	বিশেষণ	বিশেষ্য	বিশেষণ
চালাকী	চালাক	প্রাচুর্য	প্রচুর	অরণ্য	আরণ্যক
পৃথিবী	পার্থিব	অভ্যাস	অভ্যস্ত	কাবুলীওয়ালা	কাবুলী
আঘাত	আহত	পিপাসা	পিপাসিত	মানুষ	মনুষ্য
প্রণয়ন	প্রণীত	চাতুর্য/চতুরতা	চতুর	ইচ্ছা	ঐচ্ছিক
ইতিহাস	ঐতিহাসিক	ভূগোল	ভৌগলিক	লাজ/ লজ্জা	লাজুক
অবজ্ঞা	অবজ্ঞাত	জীবন	জীবনী	বিলাত	বিলাতী
সন্ধ্যা	সন্ধ্য	ডাকাত	ডাকাতি	বুদ্ধি/ বুদ্ধিমাত্তা	বুদ্ধিমান
দহন	দহনীয়	সৌন্দর্য	সুন্দর	দাহ/দগ্ধ	দাহ্য
স্বাতন্ত্র্য	স্বতন্ত্র	শৈত/শীত	শীতার্থ/ শীতল	ন্যায়	ন্যায্য
সর্বজন	সর্বজনীন	দর্শন	দার্শনিক	ধৈর্য	ধীর
দাক্ষিণ্য	দক্ষিণ	নৈপুণ্য	নিপুন	দারিদ্র	দরিদ্র
সৌহার্দ্য	সৌহার্দিক	উৎকর্ষ	উৎকৃষ্ট	দৈন/ দীনতা	দীন
সুতো	সুতি	দিক	দিগম্বর	ব্যঘাত	ব্যাহত
মাধুর্য/মধুরতা	মধুর	গুরু	গরিষ্ঠ	স্নেহ	স্নেহী

৩২)কোন শব্দটি বিশেষ্য?
ক) চঞ্চল খ) চতুর গ) চালাক ঘ) চাতুর্য

৩৩)'বুদ্ধিমান' এর বিশেষ্য পদ কী?
ক) বুদ্ধি খ) বন্ধুত্ব গ) বুদ্ধিমত্তা ঘ) ক ও গ

৩৪) 'অবজ্ঞাত' বিশেষণটির বিশেষ্য নির্দেশ করুন:
ক) অজ্ঞাত খ) অবজ্ঞেও গ) অজ্ঞানঘ) অবজ্ঞা

৩৫)কোন শব্দটি বিশেষণ পদ?
ক) জীবন খ) জীবনী গ) জীবিকা ঘ) জীবাণু

৩৬)'দহন' শব্দের বিশেষণ কোনটি?
ক) দাহ্য খ) দগ্ধ গ) দাহনকারী ঘ) দহনীয়

৩৭) 'ইচ্ছা' বিশেষ্যর বিশেষণটি নির্দেশ কর।
ক) ইচ্ছাময় খ) ঐচ্ছিক গ) ইচ্ছুক ঘ) অনিচ্ছা

৩৮)'ভূগোল' শব্দটির বিশেষণ পদ কোনটি?
ক) ভূগোলক খ) ভৌগোলিক গ) ভৌগলিক ঘ) ভূগোলিক

৩৯)বাংলা 'ধীর' শব্দটির বিশেষ্য কী?
ক) ধৈর্য খ) ধীরতা গ) ধীরস্থিত ঘ) ধীরস্থিরতা

৪০) 'সন্ধ্যা' শব্দের বিশেষণটি নির্দেশ করুন–
ক) সাঁঝ খ) সন্ধ্যা গ) সন্দা ঘ) সান্ধ্যা

RAISUL ISLAM HRIDOY

৩২. ঘ	৩৩. ঘ	৩৪. ঘ	৩৫. খ	৩৬. ঘ	৩৭. খ	৩৮. খ	৩৯. ক	৪০. ঘ

৪১) 'লাজ' কোন ধরনের শব্দ?
ক) বিশেষ্য খ) বিশেষণ গ) ক্রিয়া-বিশেষণ ঘ) বিশেষ্যের বিশেষণ

৪২) 'চালাক'-এর বিশেষ্য পদ কি?
ক) চাতুর্য খ) চালাকী গ) চতুরতা ঘ) চাতুরী

৪৩) 'প্রচুর' এর বিশেষ্য রূপ–
ক) প্রাচুর্য খ) প্রাচুর্য্য গ) প্রাচুর্যতা ঘ) প্রাচুর্য্যতা

৪৪) 'কাবুলী'- এর বিশেষ্য পদ কি?
ক) কাবলু খ) কাবুলীওয়ালা গ) কাবলী ঘ) কাবুল

৪৫) 'উদীয়মান' বিশেষণের সাথে কোন বিশেষ্য পদ প্রযোজ্য হয়?
ক) যৌবন খ) বুদ্ধি গ) লেখক ঘ) সম্রাট

৪১. ক	৪২. খ	৪৩. ক	৪৪. খ	৪৫. গ

সর্বনাম পদ

বিশেষ্যের পরিবর্তে যে শব্দ ব্যবহৃত হয়, তাকে সর্বনাম পদ বলে। ভাষায় সর্বনামের ব্যবহারের উদ্দেশ্য হলো বিশেষ্যের পুনরাবৃত্তি দূর করা। যেমন–

যারা দেশের ডাকে সাড়া দিতে পারে, তারাই তো সত্যিকারের দেশপ্রেমিক।
তুমি এতক্ষণ কী করেছ?
বালকটি খেলা করেছে?

RAISUL ISLAM HRIDOY

সর্বনাম পদের শ্রেণিবিভাগ

সর্বনাম পদ বিভিন্ন প্রকার হতে পারে। যেমন–

পুরুষ বা ব্যক্তিবাচক	আমি, আমরা, তুমি, তোমরা, সে, তারা, তিনি, তাঁরা, এ, এরা, ইত্যাদি।
আত্মবাচক	আপনি, স্বয়ং, নিজে, খোদ ইত্যাদি।
সামীপ্যপাচক	এ, এই, এরা, ইহারা, ইনি ইত্যাদি।
দূরত্ববাচক	ঐ, ঐসব ইত্যাদি।
সাকুল্যবাচক	সব, সকল, সমুদয়, সর্ব, তাবৎ ইত্যাদি।
সংযোগজ্ঞাপক	যে, যিনি, যাঁরা, যাহারা ইত্যাদি।
প্রশ্নবাচক	কি, কী, কে, কাহার, কার, কিসে ইত্যাদি।
ব্যতিহারিক	নিজে-নিজে, আপনা আপনি, আপসে, পরস্পর ইত্যাদি।
দূরত্ববাচক	ওই, ওইসব, উহা, উনি ইত্যাদি।
অনির্দিষ্টবাচক	কোন, কেহ, কেউ, কিছু ইত্যাদি।
অন্যাদিবাচক	অন্য, অপর, পর ইত্যাদি।

সাপেক্ষ সর্বনাম: একটির সাপেক্ষে অন্যটি, অর্থাৎ একে অন্যের ওপর নির্ভরশীল সর্বনাম। তা দুটি বাক্যের সংযোগ ঘটায়। পরস্পর শর্ত বা সম্পর্কযুক্ত একাধিক সর্বনাম পদ একই সঙ্গে ব্যবহৃত হয়ে দুটি বাক্যের সংযোগ সাধন করলে, তাকে সাপেক্ষ সর্বনাম বলে। যেমন–

যেমন কর্ম তেমন ফল।
যত গর্জে তত বর্ষে না।
যা ভেবেছি তাই হয়েছে।

৪৬) 'তুমি এতক্ষণ কী করেছ?-এই বাক্যে 'কী' কোন পদ?
ক) বিশেষণ খ) অব্যয় গ) সর্বনাম ঘ) ক্রিয়া

৪৭) ব্যতিহারিক সর্বনাম কোনটি?

ক) ইহারা খ) যিনি গ) নিজে নিজে ঘ) কেহ

৪৮) নিচের কোনটি সর্ব নাম?

ক) করিম খ) কী গ) বালক ঘ) কোনোটিই নয়

৪৯) ভাষায় সর্বনামের ব্যবহারের উদ্দেশ্য কি?

ক) বিশেষণের পরিবর্তে ব্যবহার করা খ) বিশেষ্যের পুনরাবৃত্তি দূর করা

গ) বিশেষ্যের অভাব দূর করা ঘ) ভাষায় শব্দ সম্পদ বৃদ্ধি করা

৫০) 'যেমন কর্ম তেমন ফল' বাক্যটি কি?

ক) দ্বিরুক্তি খ) নির্ধারক বিশেষণ গ) সাপেক্ষ সর্বনাম ঘ) ক্রিয়া বিশেষণ

৪৬. গ	৪৭. গ	৪৮. গ	৪৯. খ	৫০. গ

অব্যয় পদ

ন ব্যয় = অব্যয়। যার ব্যয় বা পরিবর্তন হয়না, অর্থাৎ যা অপরিবর্তনীয় তাই অব্যয়। যে পদ সর্বদা অপরিবর্তনীয় থেকে কখনো বাক্যের শোভা বর্ধন করে, কখনো একাধিক পদের, বাক্যাংশের বা বাক্যের সংযোগ বা বিয়োগ সম্বন্ধ ঘটায়, তাকে অব্যয় পদ বলে।

অব্যয় পদের বৈশিষ্ট্য

অব্যয় শব্দের সাথে কোনো বিভক্তিচিহ্ন যুক্ত হয় না।

অব্যয় শব্দের একবচন বা বহুবচন হয় না।

অব্যয় শব্দের স্ত্রী ও পুরুষ বাচকতা নির্ণয় করা যায় না।

বাংলা ভাষায় তিন প্রকার অব্যয় শব্দ রয়েছে। যথা–

বাংলা অব্যয় শব্দ: আর, আবার, ও, উঃ, হাঁ, না ইত্যাদি।

তৎসম অব্যয় শব্দ: যদি, যথা, সদা, সহসা, হঠাৎ, অর্থাৎ, দৈবাৎ, বরং, পুনশ্চ, আপাতত, বস্তুত ইত্যাদি। এবং, সুতরাং- তৎসম শব্দ হলেও বাংলায় এগুলোর অর্থ পরিবর্তিত হয়েছে।

বিদেশি অব্যয় শব্দ: আলবত, বহুত, খুব, শাবাশ, খাসা, মাইরি, মারহাবা ইত্যাদি।


অব্যয় পদের প্রকারভেদ:

অব্যয় পদ প্রধানত চার প্রকার। যথা–

ক) সমুচ্চয়ী খ) অনুসর্গ বা পদান্বয়ী

গ) অনন্বয়ী ঘ) অনুকার বা ধ্বনাত্মক।

RAISUL ISLAM HRIDOY



ক) সমচ্চয়ী অব্যয়: যে অব্যয় পদ একটি বাক্যের সঙ্গে অন্য একটি বাক্যের অথবা বাক্যস্থিত একটি পদের সঙ্গে অন্য একটি পদের সংযোজন, বিয়োজন বা সংকোচন ঘটায়, তাকে সমুচ্চায়ী অব্যয় বা সম্বন্ধবাচক অব্যয় বলে।

সংযোজক অব্যয়: ও, এবং, তাই, আর, অধিকিন্তু, সুতরাং প্রভৃতি। যেমন:

বাংলাদেশের পতাকায় লাল ও সবুজ রং আছে।

বিয়োজন অব্যয়: কিংবা, কিন্তু, বা, অথবা, নতুবা, না হয়, নয়তো, প্রভৃতি। যেমন:

লেখা পড়া কর, নতুবা ফেল করবে।

মন্ত্রের সাধন কিংবা শরীর পতন।

সংকোচক অব্যয়: অথচ, কিন্তু, বরং, প্রভৃতি। যেমন–

লোকটি দরিদ্র কিন্তু সৎ।
তিনি বিদ্বান অথচ সৎ ব্যক্তি নন।
পলাশ দেখতে সুন্দর বটে কিন্তু গন্ধহীন।
অনন্বয়ী অব্যয়: যেসব অব্যয় বাক্যের অন্য কোনো পদের সঙ্গে কোনো সম্বন্ধ না রেখে স্বাধীনভাবে নানবিধ ভাব প্রকাশে ব্যবহৃত হয়, তাদের অনন্বয়ী অব্যয় বলে। যেমন–

যে ভাব প্রকাশ করে	দৃষ্টান্ত
উচ্ছ্বাস প্রকাশ	মরি মরি! কী সুন্দর প্রভাতের রূপ!
স্বীকৃতি বা অস্বীকৃতি জ্ঞাপনে	হ্যাঁ, আমি যাব। না, আমি যাব না।
সম্মতি প্রকাশে	আমি আজ আলবত যাব। নিশ্চয়ই পারব।
অনুমোচন বাচকতায়	আপনি যখন বলছেন, বেশ তো আমি যাব।
সমর্থনসূচক জবাবে	আপনি যা জানেন তা তো ঠিকই বচে।
যন্ত্রণা প্রকাশে	উঃ! পায়ে বড্ড লেগেছে। নাঃ! এত কষ্ট অসহ্য।
ঘৃণা বা বিরক্তি প্রকাশে	ভিক্ষুকটা যে পেছনে লেগেই রয়েছে, কী বিপদ!
সম্বোধনে	ওগো, আজ তোরা যাস নে ঘরের বাহিরে।
সম্ভাবনায়	সংশয়ে সংকল্প সদা টলে, পাছে লোকে কিছু বলে।
অভ্যাস	শুধু শুধু তিনি রেগে ওঠেন।
অনিশ্চিয়তা	কে জানে দেশে সুদিন আবার আসবে কিনা।
আনন্দ প্রকাশে	আ মরি বাংলা ভাষা।

বাক্যালংকার অব্যয়: কয়েকটি অব্যয় শব্দ নিরর্থকভাবে ব্যবহৃত হয়ে বাক্যের শোভাবর্ধন করে, এদের বাক্যালংকার অব্যয় বলে। যেমন–
কত না হারানো স্মৃতি জাগে আজও মনে।
গ) অনুসর্গ অব্যয়: যে সকল অব্যয় শব্দ বিশেষ্য ও সর্বনাম পদের বিভক্তির ন্যায় বসে কারকবাচতা প্রকাশ করে, তাদের অনুসর্গ অব্যয় বলে বা কারকে অব্যয় বলে। অনুসর্গ অব্যয় 'পদান্বয়ী অব্যয়' নামেও পরিচিত। দ্বারা, দিয়া, হইতে, থেকে– এগুলিকে অনুসর্গ অব্যয় বলে। যেমন–
ওকে দিয়ে এ কাজ হবে না।
অনুসর্গ অব্যয় দুই প্রকার। যথা- বিভক্তিসূচক অব্যয় এবং বিভক্তি রূপে ব্যবহৃত অনুসর্গ।
অনুকার/ ধ্বন্যাত্মক অব্যয়: যে সকল অব্যয় অব্যক্ত রব, শব্দ বা ধ্বনির অনুকরণে গঠিত হয়, সেগুলোকে অনুকার বা ধ্বন্যাত্মক অব্যয় বলে। এ জাতীয় ধ্বন্যাত্মক শব্দের দুবার প্রয়োগের নাম ধ্বন্যাত্মক দ্বিরুক্তি। ধ্বন্যাত্মক দ্বিরুক্তি দ্বারা বহুত্ব বা আধিক্য ইত্যাদি বোঝায়। যেমন– টাপুর-টুপুর, কল কল, কুট কুট ইত্যাদি।
বৃষ্টি পড়ে টাপুর টুপুর নদে এল বান।
হু হু করে বাজারে জিনিসপত্রের দাম বাড়ছে।

অব্যয় বিশেষণ: কতগুলো অব্যয় বাক্যে ব্যবহৃত হলে নাম– বিশেষণ, ক্রিয়া-বিশেষণ এবং বিশেষণীয় বিশেষণের অর্থবাচকতা প্রকাশ করে থাকে। এদের অব্যয় বিশেষণ বলা হয়। যেমন–
নাম-বিশেষণ : অতি ভক্তি চোরের লক্ষণ।
ভাব-বিশেষণ : আবার যেতে হবে।
ক্রিয়া-বিশেষণ : অন্যত্র চলে যায়।
নিত্য সম্বন্ধীয় অব্যয়: কতগুলো যুগ্মশব্দ পরস্পরের ওপর নির্ভরশীল, সেগুলো নিত্য সম্বন্ধীয় অব্যয় রূপে পরিচিত। যেমন– যথা, যত-তত, যখন-তখন, যেমন-তেমন, যেরূপ-সেরূপ ইত্যাদি।
উদাহরণ যথা ধর্ম তথা জয়।
যত গর্জে তত বর্ষে না।– বাক্যে 'যত-তত' অব্যয় পরিণাম অর্থে ব্যবহৃত হয়েছে।

ত (সংস্কৃত তস্) প্রত্যয়ান্ত অব্যয়: এরকম তৎসম অব্যয় বাংলায় ব্যবহৃত হয়। যেমন–
ধর্মত বলছি।
দুর্ভাগ্যবশত পরীক্ষায় ফেল করেছি।

RAISUL ISLAM HRIDOY

৫১) কোনটি নিত্য সম্বন্ধীয় অব্যয়ের উদাহরণ?
ক) হ্যাঁ আমি যাব খ) যথা ধর্ম তথা জয় গ) আবার যেতে হবে ঘ) অতি ভক্ত চোরের লক্ষণ

৫২) কোন বাক্যে সমুচ্চয়ী অব্যয় ব্যবহৃত হয়েছে?
ক) ধন অপেক্ষা মান বড় খ) তোমাকে দিয়ে কিছু হবে না খ) ঢং ঢং ঘন্টা বাজে ঘ) লেখা পড়া কর, নতুবা ফেল করবে

৫৩) 'অতি ভক্তি চোরের লক্ষণ' বাক্যটির অতি পদটি–
ক) নাম বিশেষণ খ) ভাব বিশেষণ গ) ক্রিয়া বিশেষণ ঘ) বিশেষ্যের বিশেষণ

৫৪) 'মন্ত্রের সাধন কিংবা শরীর পতন।' এখানে 'কিংবা' অব্যয়টি কোন অব্যয়?
ক) অনুকার অব্যয় খ) বিয়োজক অব্যয় গ) সমুচ্চয়ী অব্যয় ঘ) সংযোজক অব্যয়

৫৫) 'লোকটি দরিদ্র কিন্তু সৎ' এই বাক্যে 'কিন্তু' হলো–
ক) বিয়োজক অব্যয় খ) সংযোজক অব্যয়গ) সংকোচক অব্যয় ঘ) বিস্ময়াদিসূচক অব্যয়

৫৬) 'পলাশ দেখতে সুন্দর বচে কিন্তু গন্ধহীন' এখানে 'কিন্তু' কোন ধরনের অব্যয়?
ক) সংযোজক খ) বিয়োজক গ) সংকোচক ঘ) পদান্বয়ী

৫৭) নিচের কোনটি একটি অব্যয় পদ?
ক) উঃ খ) দেখ গ) জুতা ঘ) দামী

৫৮) "মরি মরি! কি সুন্দর প্রভাতের রূপ" বাক্যে- 'মরিমরি' কোন শ্রেণির অব্যয়?
ক) সমন্বয়ী খ) অনন্বয়ী গ) পদান্বয়ী ঘ) অনুকার

৫৯) "মরি মরি, কি সুন্দর প্রভাতের রূপ" -এখানে অনন্বয়ী অব্যয়ে কি প্রকাশ পেয়েছে?
ক) যন্ত্রণা খ) বিরক্তি গ) সম্মতি ঘ) উচ্ছ্বাস

৬০) "যত গর্জে তত বর্ষে না" বাক্যটিতে যত-তত অব্যয়ের ব্যবহার কোন অর্থে?
ক) পরিণাম খ) বৈপরীত্য গ) তুলনা ঘ) নিশ্চিত

৬১) কোন বাক্যে ধ্বনাত্মক শব্দ আছে?
ক) চিলটি সাঁ সাঁ করে উড়িয়া গেল খ) আকাশে তো আমি রাখি নাই উড়িবার ইতিহাস
গ) লোকটি তীরবেগে চলিয়া গেল ঘ) সে প্রায় চিৎকার করে কথা বলল

৬২) 'কড়কড়' কোন অব্যয়?
ক) অনুকার খ) অনুসর্গ গ) সমুচ্চয়ী ঘ) অন্বয়ী

৬৩) 'বৃষ্টি পড়ে টাপুর টুপুর নদে এল বান'- এখানে 'টাপুর টুপুর' কোন ধরনের শব্দ?
ক) অবস্থাবাচক শব্দ খ) বাক্যালঙ্কার শব্দ গ) ধ্বন্যাত্মক শব্দ ঘ) দ্বিরুক্ত শব্দ

৬৪) বৃষ্টি পড়ে টাপুর টুপুর। -এখানে 'টাপুর টুপুর' কোন পদের দ্বিরুক্তি?
ক) বিশেষ্য খ) বিশেষণ গ) ক্রিয়া ঘ) অব্যয়

৬৫) শারীরিক অস্বস্তির ভাবজ্ঞাপক দ্বিরুক্ত শব্দ–
ক) দরদর খ) করকর গ) কুটকুট ঘ) খুটখুট

৬৬) 'না' কোন জাতীয় শব্দ?
ক) অব্যয় খ) সর্বনাম গ) ক্রিয়া ঘ) মহাকাব্য

৬৭) "তুমি না বলেছিলে আগামীকাল আসবে?"-এখানে 'না'-এর ব্যবহার কি অর্থে?
ক) না-বাচক খ) হ্যাঁ-বাচক গ) প্রশ্নবোধক ঘ) বিস্ময়সূচক

৬৮) "তুমি না সেদিন বাড়ী গিয়েছিলে?"- এখানে 'না' কোন অর্থে ব্যবহৃত?
ক) সন্দেহ খ) বিস্ময় গ) অনুমান ঘ) নিশ্চয়তা

৬৯) "তুমি না সেদিন আবৃত্তি করেছিলে?" -এখানে 'না' কোন অর্থে ব্যবহৃত?
ক) সন্দেহ খ) বিস্ময় গ) অনুমান ঘ) নিশ্চয়তা

৭০) 'সে নাকি আসবে না।' এখানে না অব্যয় কি অর্থে প্রযুক্ত হয়েছে?
ক) অনুমান অর্থে খ) সম্ভাবনা অর্থে গ) বিস্ময় অর্থে ঘ) বিরক্তি অর্থে

৭১) 'কে জানে দেশে সুদিন আবার আসবে কিনা।' এ বাক্যটি কী প্রকাশ করে?
ক) হতাশা খ) সন্দেহ গ) সম্ভাবনা ঘ) অনিশ্চিয়তা

৭২) 'তুই কি কাজ করবি, না মার খাবি?- এই বাক্যের 'কি' অব্যয়ের ব্যবহার হয়েছে–
ক) প্রশ্ন জিজ্ঞাসা খ) শাসন করায় গ) বিরক্তি প্রকাশে ঘ) ক্রোধ প্রকাশে

RAISUL ISLAM HRIDOY

৭৩) "তাকেও আসতে বলেছি।" এই বাক্যের 'ও' অব্যয় পদটি কি অর্থে ব্যবহৃত হয়েছে?
ক) নির্দেশ অর্থে খ) স্বীকৃতি জ্ঞাপনে গ) বিকল্প প্রকাশে ঘ) অনুরোধে

৭৪) দ্বারা, দিয়া, হইতে, থেকে-এগুলিকে বলে–
ক) অব্যয় খ) উপসর্গ গ) অনুসর্গ অব্যয় ঘ) অনন্বয়ী অব্যয়

৭৫) কোন বাক্যটি অনন্বয়ী অব্যয়ের ব্যবহার হয়েছে?
ক) ওকে দিয়ে এ কাজ হবে না খ) আমি আজ আলবত যাব
গ) হাশেম কিংবা কাশেম এর জন্য দায়ী ঘ) তিনি সৎ, তাই সকলেই তাকে শ্রদ্ধা করে

৭৬) 'হু হু করে বাজারে জিনিসপত্রের দাম বাড়ছে।'-বাক্যটিতে 'হু হু' কোন অর্থ প্রযুক্ত?
ক) দ্বিরুক্তি খ) ধ্বন্যাত্মক গ) বিশিষ্টার্থক ঘ) রূপকার্থক

৭৭) 'আকাশ শুধু নীল আর নীল'-এই বাক্যে 'আর' হচ্ছে-
ক) ঘন খ) অব্যয় গ) অনেক ঘ) বিশেষণ

৭৮) 'হনহন' শব্দটি কোন পদের?
ক) বিশেষ্য খ) বিশেষণ গ) সর্বনাম ঘ) অব্যয়

৭৯) 'আমরি বাংলা ভাষা'-এর চরণে 'আ' দ্বারা কী প্রকাশ পেয়েছে?
ক) আশাবাদ খ) আবেগ গ) আনন্দ ঘ) আনুগত্য

৮০) 'ছেলেটি যেন রাজপুত্তর।' এই বাক্যে 'যেন' পদের ব্যবহার কি অর্থে?
ক) বিস্ময়জ্ঞাপক খ) তুলনামূলক গ) অনুমানসূচক ঘ) সম্ভাবনাজ্ঞাপক

৫১. খ	৫২. ঘ	৫৩. ক	৫৪. খ	৫৫. গ	৫৬. গ	৫৭. ক	৫৮. খ	৫৯. ঘ	৬০. ক
৬১. ক	৬২. ক	৬৩. গ	৬৪. ঘ	৬৫. গ	৬৬. ক	৬৭. খ	৬৮. ঘ	৬৯. ঘ	৭০. খ
৭১. ঘ	৭২. গ	৭৩. খ	৭৪. গ	৭৫. খ	৭৬. খ	৭৭. খ	৭৮. ঘ	৭৯. গ	৮০. খ

RAISUL ISLAM HRIDOY

ক্রিয়াপদ

বাক্যে যে পদ কোনো কিছু করা, ঘটা, হওয়া অর্থাৎ কোনো কার্য সম্পাদন বোঝায়, তাকে ক্রিয়াপদ বলে। অর্থাৎ যে পদ দ্বারা কোন কার্য সম্পাদন করা বুঝায়, তাকে ক্রিয়াপদ বলে। যেমন–
আরেফ বই জড়ছে।
বাবা বাড়ি নেই।
একক্ষণ গাছের ছায়ায় বসা মানুষটি কোথায় গেল? (ক্রিয়া স্থানীয়)

ক্রিয়াপদের গঠন


ক্রিয়ামূল বা ধাতুর সঙ্গে পুরুষ অনুযায়ী কালসূচক ক্রিয়াবিভক্তি যোগ করে ক্রিয়া গঠন করতে হয়। যেমন– পড়ছে– জড় (ধাতু) + ছে (বিভক্তি)।

অনুক্ত ক্রিয়াপদ

বাক্য গঠনের জন্য ক্রিয়াপদ অপরিহার্য।
ক্রিয়াপদ ভিন্ন কোনো মনোভাবই সম্পূর্ণপূপে প্রকাশ করা যায় না।
কখনো কখনো বাক্যে ক্রিয়াপদ উহ্য বা অনুক্ত থাকতে পারে। একে অনুক্ত ক্রিয়াপদ বলে।
ইনি আমার ভাই = ইনি আমার ভাই (হন)।
আজ প্রচণ্ড গরম = আজ প্রচণ্ড গরম (অনুভূত হচ্ছে)
অর্থভেদে ক্রিয়ার রূপের কোনো পার্থক্য হয় না।


ক্রিয়াপদের প্রকারভেদ

বিবিধ অর্থে ক্রিয়াপদকে বিভিন্ন ভাগে ভাগ করা হয়ে থাকে।
ভাব প্রকাশের দিক দিয়ে ক্রিয়াপদকে দু'ভাগে ভাগ করা যায়। যথা–



ক) সমাপিকা ক্রিয়া: যে ক্রিয়া দ্বারা বাক্যের পরিসমাপ্তি ঘটে, বক্তার কথা সম্পূর্ণ ব্যক্ত হয়, তাকে সমাপিকা ক্রিয়া বলে। বাক্যের শেষে সমাপিকা ক্রিয়াপদ বসে। যেমন–
আমি ভাত খেয়ে স্কুলে যাব।
খ) অসমাপিকা ক্রিয়া: যে ক্রিয়া দ্বারা বাক্যের পরিসমাপ্তি ঘটে না, বক্তার কথা অসম্পূর্ণ থেকে যায়, তাকে অসমাপিকা ক্রিয়া বলে। যেমন–
আমি ভাত খেয়ে ..... (স্কুলে যাব)।
তাকে বলতে ..... (দাও)।
যত্ন করলে ..... (রত্ন মেলে)।

উপরের উদাহরণ গুলোতে খেয়ে, বলতে, করলে-দ্বারা বাক্য শেষ হয়নি। বক্তব্যটি সম্পূর্ণ করতে হলে আরও শব্দের প্রয়োজন। তাই এসব ক্রিয়া অসমাপিকা ক্রিয়া।
অসমাপিকা ক্রিয়ার বৈশিষ্ট্য
বাক্যে অসমাপিকা ক্রিয়া অসমাপ্ত থাকে।
অসমাপিকা ক্রিয়া দ্বারা গঠিত বাক্যে এক প্রকার কর্তা দেখা যায়।
যেমন– আমরা বাঁচতে চাই। সে দেখতে লগলো।
কর্মপদের ভূমিকা অনুসারে ক্রিয়াপদকে নিম্নলিখিত ভাগে ভাগ করা যায়। যথা–




RAISUL ISLAM HRIDOY

ক) সকর্মক ক্রিয়া: যে ক্রিয়ার কর্ম পদ আছে তা-ই সকর্মক ক্রিয়া। ক্রিয়ার সাথে কী বা কাকে প্রশ্ন করলে যে উত্তর পাওয়া যায়, তা-ই ক্রিয়ার কর্মপদ। কর্মপদযুক্ত ক্রিয়াই সকর্মক ক্রিয়া। যেমন–
সে চিঠি লিখছে।
কী লিখছে: চিঠি (কর্মপদ), বাক্যটিতে একটি কর্মপদ থাকায় বাক্যটি সকর্মক ক্রিয়া।
খ) অকর্মক ক্রিয়া: যে ক্রিয়ার কর্ম নেই, তা অকর্মক ক্রিয়া বলে। যেমন–
আমি চোখে দেখি না।
মেয়েটি হাসে।
কী 'হাসে' বা কাকে হাসে' প্রশ্ন করলে কোনো উত্তর হয় না। কাজেই 'হাসে' ক্রিয়াটি অকর্মক ক্রিয়া।
গ) দ্বিকর্মক ক্রিয়া: যে ক্রিয়ার দুটো কর্ম থাকে, তাকে দ্বিকর্মক ক্রিয়া বলে। দ্বিকর্মক ক্রিয়ার বস্তুবাচক কর্ম পদটিকে মুখ্য বা প্রধান কর্ম এবং ব্যক্তিবাচক কর্ম পদটিকে গৌণ কর্ম বলে। যেমন– সে আমাকে চিঠি লিখছে। (দুটি কর্ম হলো: আমকে ও চিঠি। বাক্যে 'চিঠি' (বস্তু) মুখ্যকর্ম এবং 'আমাকে' (ব্যক্তি) গৌণ কর্ম।)
ঘ) প্রযোজক কর্তা: যে ক্রিয়া একজনের প্রযোজনা বা চালনায় অন্যের দ্বারা অনুষ্ঠিত হয়, সেই ক্রিয়াকে প্রযোজক ক্রিয়া বলে। সংস্কৃত ব্যাকরণে একে 'ণিজন্ত ক্রিয়া' বলা হয়।
প্রযোজক কর্তা: যে ক্রিয়া প্রযোজনা করে, তাকে প্রযোজক কর্তা বলে।
প্রযোজ্য কর্তা: যাকে দিয়ে ক্রিয়াটি অনুষ্ঠিত হয়, তাকে প্রযোজ্য কর্তা বলে। যেমন–

প্রযোজক কর্তা	প্রযোজ্য কর্তা	প্রযোজক ক্রিয়া
মা	শিশুকে	চাঁদ দেখাচ্ছেন।
মা	শিশুকে	খাওয়াচ্ছেন।
সাপুড়ে	সাপ	খেলায়
(তুমি)	খোকাকে	কাঁদিও না।

প্রযোজক ক্রিয়ার গঠন: প্রযোজক ক্রিয়ার ধাতু = মূল ক্রিয়ার ধাতু + আ। যেমন– মূল ধাতু হাস্ + আ = হাসা (প্রযোজক ক্রিয়ার ধাতু)। হাসা + চ্ছেন বিভক্তি = হাসাচ্ছেন (প্রযোজক ক্রিয়া)।

সমধাতুজ কর্ম: বাক্যের ক্রিয়া ও কর্ম একই ধাতু থেকে গঠিত হলে ঐ কর্মপদকে সমধাতুজ কর্ম বা ধাত্বর্থক কর্মপদ বলে। যেমন–
আর কত খেলা খেলবে।
খেল্ + আ = খেলা (কর্মপদ) খেল্ + বে = খেলবে (ক্রিয়াপদ)
তাই 'খেলা' পদটি সমধাতুজ বা ধাত্বর্থক কর্ম। এরূপ–
সে যে চাল চেলেছে তাতে তাকে ষড়যন্ত্রকারী ছাড়া আর কিছু বলা যায় না।
সে খুব আরামের ঘুম ঘুমিয়েছেন।
নামধাতু ও নামধাতুর ক্রিয়া: বিশেষ্য, বিশেষণ এবং ধন্যাত্মক অব্যয়ের পরে 'আ' প্রত্যয়যোগে যেসব ধাতু গঠিত হয়, সেগুলোকে নামধাতু বলা হয়। নামধাতুর সঙ্গে পুরুষ বা কালসূচক ক্রিয়া-বিভক্তি যোগে নামধাতুর ক্রিয়া গঠিত হয়। যেমন–
বেত (বিশেষ্য) + আ (প্রত্যয়) = বেতা (নামধাতু)। যেমন– শিক্ষক ছাত্রকে বেতাচ্ছেন (নামধাতুর ক্রিয়াপদ)
বাঁকা (বিশেষণ) + আ (প্রত্যয়) = বাঁকা (নামধাতু)। যেমন– কঞ্চিটি বাঁকিয়ে ধর (নামধাতুর ক্রিয়াপদ)।
ধ্বন্যাত্মক অব্যয়: কন কন। যেমন– দাঁতটি ব্যথায় কনকনাচ্ছে।
গঠন-বৈশিষ্ট্য অনুসারে ক্রিয়াপদ দুই প্রকার। যথা–



ক) যৌগিক ক্রিয়া: একটি সমাপিকা ও একটি অসমাপিকা ক্রিয়া যদি একত্রে একটি বিশেষ বা সম্প্রসারিত অর্থ প্রকাশ করে, তবে তাকে যৌগিক ক্রিয়া বলে। যেমন–
ঘটনাটা শুনে রাখ।
তিনি বলতে লাগলেন।

খ) সংযোগমূলক বা মিশ্র ক্রিয়া: বিশেষ্য, বিশেষণ ও ধ্বন্যাত্মক অব্যয়ের সঙ্গে কর্, হ্, দে, পা, যা, কাট্, গা, ছাড়, ধর্, মার্ প্রভৃতি ধাতুযোগে গঠিত ক্রিয়াপদ বিশেষ অর্থে মিশ্র ক্রিয়া গঠন করে। যেমন–
আমরা তাজমহল দর্শন করলাম।
ছেলেটি গোল্লায় গেছে।
তোমাকে দেখে বিশেষ প্রীত হলাম।
মাথা ঝিম ঝিম্ করছে।
উৎপত্তির দিক থেকে ক্রিয়াপদ দুভাগে বিভক্ত। যথা- মৌলিক ও কৃদন্ত।

RAISUL ISLAM HRIDOY

৮১) ক্রিয়াপদ–
ক) সবসময়ে বাক্যে থাকবে খ) কখনো কখনো বাক্যে উহ্য থাকতে পারে
গ) আসলে বিশেষণ থেকে অভিন্ন ঘ) শুধু অতীতকাল বোঝাতে বাক্যে ব্যবহৃত হয়
৮২) বাংলা ব্যাকরণের নিয়ম অনুসারে কোনপদ ছাড়া বাক্য গঠন করা যায় না?
ক) নামপদ খ) কর্মপদ গ) কর্তৃপদ ঘ) ক্রিয়াপদ
৮৩) উৎপত্তির দিক থেকে ক্রিয়াপদ কোন দুভাগে বিভক্ত?
ক) অকর্মক ও সকর্মক খ) প্রত্যয়হীন ও প্রত্যয়ান্ত গ) ধাতু ও তদ্ধিত ঘ) মৌলিক ও কৃদন্ত
৮৪) "বাবা বাড়ি নেই।" এ বাক্যে 'নেই' কোন পদ?
ক) বিশেষ্য খ) বিশেষণ গ) সর্বনাম ঘ) ক্রিয়া
৮৫) কোন বাক্যে যে ক্রিয়াপদ অসমাপ্ত থাকে, তাকে কি ধরনের ক্রিয়াপদ বলে?
ক) সমাপিকা ক্রিয়া খ) অর্ধ-সমাপিকা ক্রিয়া গ) অসমাপিকা ক্রিয়া ঘ) অর্ধ-অসমাপিকা ক্রিয়া
৮৬) অসমাপিকা ক্রিয়া দ্বারা গঠিত বাক্যে কয় প্রকার কর্তা দেখা যায়?
ক) এক প্রকার খ) দু'প্রকার গ) তিন প্রকার ঘ) চার প্রকার
৮৭) কোন বাক্যে অসমাপিকা ক্রিয়া ব্যবহৃত হয়েছে?
ক) আমি ভাত খাচ্ছি খ) আমি ভাত খেয়ে স্কুলে যাব গ) আমি দুপুরে ভাত খাই ঘ) তাড়াতাড়ি ভাত খেয়ে উঠ

৮৮)কোন বাক্যে অসমাপিকা ক্রিয়ার ব্যবহার নেই?
ক) তাকে বলতে দাও খ) তুমি বল, আমি শুনি গ) আমরা বাঁচতে চাই ঘ) সে দেখতে লাগলো

৮৯)যৌগিক ক্রিয়ার গঠন হয় নিম্নরূপ–
ক) দুটি সমাপিকার গঠনে খ) এক বা একাধিক সমাপিকা ও অসমাপিকার মিশ্র গঠনে
গ) অসমাপিকা ও নঞর্থক ক্রিয়াযোগে ঘ) অন্ত্যর্থ ক্রিয়া ও নঞর্থক ক্রিয়াযোগে

৯০)কোন বাক্যে যৌগিক ক্রিয়ার উদাহরণ নেই?
ক) এখনে যেতে পার খ) শিক্ষায় মন সংস্কারমুক্ত হয় থাকে গ) মা শিশুকে চাঁদ দেখাচ্ছেন ঘ) এ চক্র ছিন্ন তো করতেই হবে

৯১) কোন বাক্যটি প্রযোজক ক্রিয়া দ্বারা গঠিত?
ক) মাথা ঝিম ঝিম করছেখ) তোমার পরিশ্রমের ফল ফলেছে গ) সাইরেন বেজে উঠলো ঘ) মা শিশুকে চাঁদ দেখাচ্ছে

৯২) 'মা শিশুকে খাওয়াচ্ছেন।' এখানে 'শিশু' কে–
ক) মুখ্য কর্ম খ) প্রযোজক কর্তা গ) প্রযোজক ক্রিয়া ঘ) প্রযোজ্য কর্তা

৯৩)'ছেলেটি গোল্লায় গেছে'-এই বাক্যে ক্রিয়াপদটি কোন ধরনের?
ক) যৌগিক ক্রিয়া খ) প্রযোজক ক্রিয়া গ) দ্বিকর্মক ক্রিয়া ঘ) মিশ্র ক্রিয়া

৯৪) 'যত্ন করলে রত্ন মিলে'। এখানে 'করলে' কোন ক্রিয়ার উদাহরণ?
ক) অনুক্ত খ) দ্বিকর্মক গ) সমাপিকা ঘ) অসমাপিকা

৯৫)বাক্যে সমাপিকা ক্রিয়াপদ কোথায় বসে?
ক) শেষে খ) প্রথমে গ) কর্মের আগে ঘ) অব্যয় পদের পরে

৯৬)কোনটি অকর্মক ক্রিয়ার উদাহরণ?
ক) আমি চোখে দেখি না খ) আকাশে চাঁদ দেখি না গ) ছেলেটা কথা শোনে ঘ) আমি রাতে ভাত খাব না

৯৭) 'শিক্ষায় মন সংস্কারমুক্ত হয়ে থাকে'-বাক্যটিতে কোন অর্থ প্রকাশ পেয়েছে?
ক) নিরন্তরতা অর্থ খ) কার্য সমাপ্তি অর্থ গ) অভ্যস্ততা অর্থ ঘ) অনুমোদন

৯৮)কোনটি তুলনা জ্ঞাপক শব্দ?
ক) প্রমিত খ) প্রামাণ্য গ) প্রমাণ ঘ) প্রমাণিত

৮১. খ	৮২. ঘ	৮৩. ঘ	৮৪. ঘ	৮৫. গ	৮৬. ক	৮৭. খ	৮৮. খ	৮৯. খ	৯০. গ
৯১. ঘ	৯২. ঘ	৯৩. ঘ	৯৪. ঘ	৯৫. ক					

RAISUL ISLAM HRIDOY

বাংলা ভাষার ব্যাকরণ

সমাস

সমাস: (দ্বন্দ্ব, কর্মধারায় ও তৎপুরুষ)

তথ্য পরিক্রমা:

- সমাস– 'সমাস' শব্দের অর্থ মিলন, একপদীকরণ, সংক্ষেপণ। পরস্পর অর্থ সংগতি বিশিষ্ট দুই বা বহুপদের একপদে পরিণত হওয়াকে সমাস বলে। যেমন: রাজার পুত্র = রাজপুত্র, সিংহ চিহ্নিত আসন = সিংহাসন।
- প্রকারভেদ - সমাস ছয় প্রকার। যথা–
  ০১) দ্বন্দ্ব সমাস
  ০২) দ্বিগু সমাস
  ০৩) কর্মধারয় সমাস
  ০৪) বহুব্রীহি সমাস
  ০৫) অব্যয়ীভাব সমাস
  ০৬) তৎপুরুষ সমাস
- দ্বন্দ্ব সমাস– যে সমাসে সমস্যমান পদগুলো সংযোজক অব্যয় দ্বারা আবদ্ধ থাকে, পূর্বপদ ও পরপদ উভয়ের সমান প্রাধান্য পায় এবং উভয় পদে একই বিভক্তি যুক্ত থাকে তাকে দ্বন্দ্ব সমাস বলে।
  যেমন: হাট ও বাজার = হাট-বাজার
- দ্বিগু সমাস– যে সমাসে সংখ্যাবাচক শব্দ পূর্বে বসে সমাহার অর্থ প্রকাশ কওে তাকে দ্বিগু সমাস বলে।
  যেমন: চৌ রাস্তার সমাহার = চৌরাস্তা।
- কর্মধারয় সমাস = পরস্পর সম্বন্ধ বিশিষ্ট বিশেষণ ও বিশেষ্য পদে কিংবা বিশেষ্য বিশেষণ ভাবাপন্ন পদে সমাস হলে এবং যাতে উত্তর পদের অর্থ প্রদানরূপে প্রতীয়মান হয় তাকে কর্মধারয় সমাস বলে।
  যেমন: মাহান যে বীর = মাহাবীর।
- বহুব্রীহি সমাস– যে সমাসে সমাস্যমান পদগুলোর কোনটির অর্থ প্রধানভাবে না বুঝিয়ে অন্য কোন অতিরিক্ত অর্থ বোঝায় তাকে বহুব্রীহি সমাস বলে।
  যেমন: নদী মাতা যার = নদীমাতৃক।
- অব্যয়ীভাব সমাস– যে সমাসে পূর্ব পদটি অব্যয় এবং অব্যয়ের অর্থই প্রধানরূপে প্রতীয়মান হয় তাকে অব্যয়ীভাব সমাস বলে।
  যেমন: কূলের সমীপে = উপকূল।
- তৎপুরুষ সমাস– যে সমাসে পূর্বপদের বিভক্তি লোপ পায় এবং উত্তর পদের অর্থ প্রধানরূপে প্রতীয়মান হয় তাকে তৎপুরুষ সমাস বলে।
  যেমনঃ দুঃখকে অতীত = দুঃখাতীত, মন দ্বারা গড়া = মনগড়া।

RAISUL ISLAM HRIDOY

অনুশীলনী:

০১) 'আলোছায়া' পদটি কোন সমাসের অন্তর্গত?
ক) দ্বন্দ্ব সমাস খ) অব্যয়ীভাব সমাস গ) তৎপুরুষ সমাস ঘ) কর্মধারয় সমাস

০২) প্রত্যক্ষ কোনো বস্তুও সাথে পরোক্ষ কোনো বস্তুও তুলনা করলে প্রত্যক্ষ বস্তুটিকে বলা হয়– [২৭তম বিসিএস]
ক) উপমিত খ) উপমান গ) উপমেয় ঘ) রূপক

০৩) 'নবান্ন' শব্দটি কোন প্রক্রিয়ায় গঠিত?
ক) সমাস খ) সন্ধি গ) প্রত্যয় ঘ) উপসর্গ

০৪) 'চাঁদমুখ' এর ব্যাসবাক্য হলো-
ক) চাঁদ মুখের ন্যায় খ) চাঁদেও মত মুখ গ) চাঁদ মুখ যার ঘ) চাঁদ রূপ মুখ

০৫) কোনটি দ্বন্দ্ব সমাসের উদাহরণ?
ক) সিংহাসন খ) ভাই-বোন গ) কানাকানি ঘ) কলুর বলদ

০৬) মধ্যপদলোপী কর্মধারয় এর দৃষ্টান্ত–
ক) ঘর থেকে ছাড়া-ঘরছাড়া খ) অরুণের মত রাঙ্গা-অরুণরাঙা
গ) হাসিমাখা মুখ-হাসিমুখ ঘ) ক্ষণকাল ব্যাপিয়া স্থায়ী-ক্ষণস্থায়ী

০১. ক	০২. গ	০৩. ক	০৪. খ	০৫. খ

০৭) সমাস ভাষাকে-
ক) সংক্ষেপ করে খ) বিস্তৃত করে গ) ভাষারূপ করে ঘ) অর্থবোধক করে

০৮) 'সমাস' শব্দের অর্থ হল-
ক) সংযোজন খ) বিশ্লেষণ গ) সংশ্লেষণ ঘ) সংক্ষেপণ

০৯) পরস্পর অন্বয়যুক্ত দুই বা ততোধিক পদকে এক পদে পরিণত করার নাম–

ক) সন্ধি খ) প্রত্যয় গ) সমাস ঘ) পুরুষ

১০) সমাস নিষ্পন্ন পদের নাম কি?
ক) অব্যয় পদ খ) বিগ্রহ পদ গ) সমস্যমান পদ ঘ) সমস্ত পদ

১১) যে যে সমাস হয় তাদের প্রত্যেকটিকে কি পদ বলে?
ক) সমস্যমান পদ খ) সমস্তপদ গ) উত্তরপদ ঘ) পূর্বপদ

১২) সমাস কত প্রকার?
ক) ৩ প্রকার খ) ৪ প্রকার গ) ৬ প্রকার ঘ) ৮ প্রকার

১৩) 'জমাখরচ' সমস্ত পদটির সঠিক ব্যাস বাক্য কোনটি?
ক) জমা ও খরচ খ) জমাকে খরচ গ) জমা থেকে খরচ ঘ) জমার খরচ

১৪) 'জায়া ও পতি' সমাস করলে কি হয়?
ক) স্বামী-স্ত্রী খ) পতি-পত্নী গ) দম্পতি ঘ) জায়া-পতি

১৫) 'দম্পত্তি' কোন সমসের উদাহারণ?
ক) দ্বন্দ্ব খ) দ্বিগু গ) তৎপুরুষ ঘ) গ্রামান্তর

A. lengthy B. length C. the length D. long

4. **_____budget depends on the state of its economy and the stability of its currency.**
A. The country's B. The countries
C. Countries D. The country.

5. **Reading _____ the act of interpreting printed and written words.**
A. are B. be C. being D. is

6. **In the face of financial _____, Lucretia Hale earnestly(আর্নেস্টলি - ব্যগ্রভাবে) turned to writing.**
A. necessary B. the necessity
C. necessity D. the necessary

7. **The manner in which fuel enters a diesel engine is the primary factor that affects its_____.**
A. efficiency B. efficient
C. efficiently D. the efficiency

8. **Artificial rubies (রুবি - লাল রঙের রত্নবিশেষ) and sapphires (সাফায়্যার্ - নীল রত্ন) have the same_____and composition (কমপজিসন - গঠন) as real stones.**
A. affects B. effecting
A. hard B. hardous
C. hardness D. the hardness

9. **Natural rubber comes from_____ of a tree.**
A. juice B. juicy C. the juicy D. the juice

RAISUL ISLAM HRIDOY

10. Kaynite is useful as an insulating _____because it is heat resistant and does not fuse easily with other materials.

A. substance B. substantial
C. substantiality D. substantially

Answer Keys

1	B	2	B	3	C	4	A	5	D
6	C	7	A	8	C	9	D	10	A

Countable and Uncountable Noun

Countable noun is the name of objects, people that can be counted. যেমন: Book, Pen, Student ইত্যাদি। Countable noun গননা করা যায় বলে এদের plural হয়। অন্যদিকে, যে সব বস্তু সংখ্যা দ্বারা গননা করা যায় না তাই uncountable noun. যেমন: water, sugar, rice ইত্যাদি। Noun সম্পর্কিত problem solve করার ক্ষেত্রে নিচে box-এ প্রদত্ত note-টি তোমাকে অবশ্যই মনে রাখতে হবে অর্থাৎ মুখস্থ করতে হবে।

Countable Noun	Uncountable Noun
Plural করতে এর সাথে s বা es বসে। যেমন: Books, Students	S বা es বসতে পারে না। যেমন: ~~Waters~~, ~~Sugars~~, ~~Rices~~ etc.
Specific indicator (1,2,3) বসতে পারে। যেমন: One Pen	Specific indicator এদের সাথে বসে না। যেমন: ~~One~~ Water
a, an, the বসতে পারে। যেমন: A boy.	Article বসতে পারে না। যেমন: ~~The~~ information
	Abstract noun (বিমূর্ত : যা ধরা-ছোয়া যায় না) always uncountable noun হয়। যেমন: honesty, ignorance, intelligence.

Important Rules Based On Noun

Rule - 1

❐ **_____ can be grown on arid land**

a. only little crop b. only a little crops
c. only few crops d. only a few crops

সমাধান ঃ d উত্তর হবে। কারণ, *crops* countable noun হওয়ায় এর আগে *few* বসবে। আর *few*-এর সাথে *only* বসলে মাঝে অবশ্যই একটি *a* লাগে।

❐ **Although southern California is densely populated _____ live in the northern part of the state.**

a. a little people b. only a few people
c. some of the people d. many people

সমাধান ঃ এখানে উত্তর b হবে, কারণ *only* a *few* ব্যক্তিবাচক plural noun-এর সাথে বসে। some of the people ও many হবে না এই কারণে যে, বাক্যের শুরুতে *although* রয়েছে, তাই পরের অংশে তার বিপরীত idea দিবে।

Rule - 2

❐ **Choose the correct sentence.**

a. Less people get American visas now a days
b. Less people get American visas now a day
c. Few people get American visas now a days
d. Fewer people get American visas now a days

সমাধান ঃ d উত্তর হবে কারণ *fewer* শব্দটি countable plural noun এর সাথে বসে।

Many, many of, a few, few, the few, several, several of এদের পর countable noun বসে।

* We don't have many copies left
* A few students got G.P.A 5.
* Several of the paintings were destroyed in the fire

Much, much of, little, less, least-এর পর uncountable noun বসে।

There is little water in the pot.
He is the best teacher, even though he has the least experience.

Rule - 3

More water is needed. (uncountable)
More people are needed. (countable)

More, most, the rest of, some, some of এদের পর countable / uncountable উভয়ই বসতে পারে।

Rule - 4

Incorrect: We need another computers
Correct: We need another computer.

another-এর পর singular countable noun বসে।

Correct the underlined words:

01. Little scientists doubt the existence of an ozone hole over the Polar ruinous.
02. There are much stories about how smart a fox can be when it is being chased by hound (হাউনড্ - শিকারী কুকুর)
03. There are adult literacy classes for the workers, much of whom never graduated from high school.
04. The rhinoceros has little natural enemies.
05. I like my tea with the milk.
06. If you open the door, airs will circulate better.
07. The happiness means different things to different people.
08. We don't have many information.
09. There are much television programs for children on Saturday.
10. He always has much problems with his teeth.

Answers

01. few 02. many 03. many 04. few 05. milk
06. air 07. happiness 08. much 09. many 10. many

RAISUL ISLAM HRIDOY

Rule - 5

❒ **Complete the following sentence : Nasreen, an interior decorator, designs _____ . [D Unit 2000-2001]**
a. furniture b. the furniture
c. furnitures d. some furniture
সমাধান ঃ a উত্তর হবে। কারণ, *furniture* হলো uncountable noun.

❒ **I need _____ soap to wash my dress with.**
a. any b. a piece of c. a d. much
সমাধান ঃ b উত্তর হবে। কারণ, আমার ১ টা সাবান দরকার বোঝাতে *I need a piece of soap* হবে।

❒ **___ is currently available to researchers and physicians who studies the indigenous life of Bangladesh.**
a. a little information b. few information
c. little information d. a few information
সমাধান ঃ c উত্তর হবে। কারণ, *little* uncountable noun এর সাথে বসে।

❒ **The correct plural of the word "Advice".**
a. advice b. many advices c. no plural d. much
সমাধান ঃ c উত্তর হবে। কারণ, *advice* এর কোন plural form নেই।

❒ **We don't have_____spare time these days. [B Unit 2001-2002]**
a. many b. much c. some d. more
সমাধান ঃ b উত্তর হবে। কারণ, *time* uncountable noun, তাই *much* হবে।

❒ **The police have collected _____ about the crime.**
a. many information b. many informations
c. a lot of information d. a lot of informations
সমাধান ঃ c উত্তর হবে। কারণ, *information* হলো uncountable noun তাই *information*-এর সাথে 's' যুক্ত হবে না।

❒ **The police have collected _____ about the crime.**
a. many information b. many informations
c. a lot of information d. a lot information
সমাধান ঃ c উত্তর হবে। কারণ, *a lot of* + countable / uncountable noun. Information একটি Uncountable noun.

❒ **Which one is correct ?**
a. I need a few furnitures.
b. I do not need many furnitures.
c. I do not need some furnitures.
d. I need some furniture.
সমাধান ঃ d উত্তর হবে। কারণ, *furniture* হলো uncountable noun। তাই এর সাথে কোন *s* যুক্ত করা যাবে না।

❒ **The _____ of the office will be sold**
a. furniture b. furniture's
c. pieces of furniture's d. pieces of and furniture
সমাধান ঃ a উত্তর হবে ।

নিচে বক্সে প্রদত্ত শব্দগুলো **uncountable noun.** তাই এদের সাথে **article** কিংবা **'s'** যুক্ত করা যাবে না।

A list of non-count nouns:

advice	money	damage
music	homework	news
furniture	poetry	soap
any language (Japanese, English)	information	machinery
Time	Distance	hair

Rule-06

❒ **Two-thirds of the work_____finished.**
a. have been b. have c. will have d. was
সমাধান ঃ d উত্তর হবে। কারণ, *work* এখানে uncountable noun, work অনুযায়ী verb singular হবে।

❒ **Choose the correct sentence.**
a. We take decisions based on some informations
b. We take decision based on some information
c. We take a decision based on some information
d. We take a decision based on some informations
সমাধান ঃ c উত্তর হবে। কারণ, *information* হলো uncountable noun তাই এর সাথে 's' যুক্ত হবে না। আর b উত্তর হবে না কারণ *decision* হলো countable noun তাই এর সাথে s যুক্ত হবে অথবা তার পূর্বে a বসবে। অর্থাৎ a decision / decision দুটোই হতে পারে।

❒ **Do you have _____ to do this afternoon? If not, I would like to take you to a movie**
A. many work B. much work C. many works
D. much works E. lot of works
Ans: (B)

নিচে কিছু **noun**-এর একটি **chart** দেওয়া হলো যেগুলো **Meaning**-এর উপর ভিত্তি করে কখনোও **countable noun** হিসেবেও ব্যবহৃত হতে পারে আবার কখনোও **uncountable noun** হিসেবেও ব্যবহৃত হতে পারে। যেমন-

Count noun	Specific meaning	non count noun	general meaning
an agreement agreements	an occasion or a document	agreement	all agreements
a business businesses	a company	business	all business transaction
a cloth cloths	a piece of cloth	cloth	construction material
a decision	an	decision	all decisions

RAISUL ISLAM HRIDOY

decisions	occasion		
a light lights	a lamp	light	the absence of darkness
a paper papers	a document or sheet	paper	construction material
a space spaces	a blank	space	the universe
a time times	a historical period or moment	time	all time
a war wars	a specific war	war	all wars
a work works	an artistic creation	work	all work

Rule-07

Countable and uncountable nouns with similar meanings

❑ **"There is _____ on the roads today".**

a. too many traffic b. very much traffic
c. too much traffic d. few traffics

সমাধান ঃ uncountable noun-এর সাথে *too much* বসে, এখানে traffic uncountable noun তাই c উত্তর হবে।

Incorrect: We are late because we got stuck in **a traffic**.
Correct: We are late because we got stuck **in a traffic jam / traffic jams**.

নিচে কিছু noun word দেয়া হলো, যাদের অর্থ এক কিন্তু একটি countable noun, আরেকটি uncountable noun হিসেবে ব্যবহৃত হয়।

Countable noun	Uncountable noun
a climate climates	weather
a job jobs	work
a machine machines	machinery
a traffic jam traffic jams	traffic

Rule-08

Singular and plural expression of uncountable nouns

একটি **uncountable noun**-কে নিম্নলিখিত উপায়ে **singular** অথবা **plural** হিসেবে **express** করা যায়-

Noun	Singular	Plural
Advice	a piece of advice	two pieces of advice
Equipment	a piece of equipment	two pieces of equipment
Jewelry	a piece of jewelry	two pieces of jewelry
Information	a piece of information	two pieces of information
Mail	a piece of mail	two pieces of mail
Music	a piece of music	two pieces of music
Bread	a slice of bread	two slices of bread
Corn	an ear of corn	two ears of corn
Soap	a bar of soap	two bars of soap
Lighting	a bolt of lightning	two bolts of lightning
Thunder	a cap of thunder	two caps of thunder
Wind	a gust of wind	two gusts of wind
Furniture	each piece of furniture	two pieces of furniture

Sentence Structure

The Sentence

নিচের example-টি লক্ষ্য করো-

Jerry was very abrupt** (রূঢ় ভাবে ব্যবহার) **with me last night.

লক্ষ্য করো, উপরের অংশটুকু পরে আমাদের *Jerry* সম্পর্কে একটি পরিপূর্ণ ধারণা সৃষ্টি হচ্ছে বলে এটি একটি sentence-এর যথার্থ উদাহরণ।

A group of words which make a complete sense about someone or something, is called a sentence. অর্থাৎ sentence হলো একটি শব্দগুচ্ছ যা কোন ব্যক্তি বা বস্তু সম্পর্কে আমাদের ধারণা দেয়। এবার চলো দেখে নিই structure-এর ভিত্তিতে sentence-এর classification:

Structure-এর ভিত্তিতে Sentence কে তিন ভাগে ভাগ করা যায়।

1. ***Simple Sentence***
2. ***Complex Sentence***
3. ***Compound Sentence***

এদের সম্পর্কে ভাল ধারণা পেতে হলে তোমাকে প্রথমে Phrase এবং Clause সম্পর্কে জানতে হবে।

Phrase হলো a group of words *without subject and verb* (subject ও verb ব্যতিত একটি শব্দগুচ্ছ)। যা তোমাকে একটি idea (ধারণা) দিবে but clear idea দিবে না। যেমন: লক্ষ্য করো *on Friday morning* একটি phrase, এর অর্থ করলে দাঁড়ায় 'শুক্রবার সকালে'। এই phrase-টির সাথে Subject এবং verb না থাকলে শুক্রবার সকালে কে কি করেছিলো আমরা তা বলতে পারছি না। So phrase is mere (শুধুমাত্র) a group of words.

অন্যদিকে, ***clause*** is a phrase that *contains subject and verb* (clause হচ্ছে Subject ও verb যুক্ত একটি Phrase) Subject ও verb যোগ করে আমরা একটি Phrase-কে Clause-এ রূপ দিতে পারি। যেমন-উপরের Phrase টি-ই ধরো, এর সাথে Subject ও verb যোগ করে যে clause হয় তা নিম্নরূপঃ

Jahid landed (পৌঁছেছিলো) in Italy on Friday morning.
(জাহিদ শুক্রবার সকালে ইটালি পৌঁছেছিলো।)

Clause- কে দুই ভাগে ভাগ করা যায়-

1. **Independent clause/Principal clause**
2. **Dependent clause/Subordinate clause**

RAISUL ISLAM HRIDOY

যে clause অন্য clause এর সাহায্য ছাড়া নিজেই সম্পূর্ণভাবে অর্থ প্রকাশ করে, তাই *Independent clause*. আর যে clause অন্য clause-এর সাহায্য ছাড়া নিজে নিজে সম্পূর্ণ অর্থ প্রকাশ করতে পারে না তাই *Dependent clause*. আরোও ভালভাবে বোঝার জন্য নিচের example-টি লক্ষ্য করোঃ

** *Faruk often goes to Italy because he loves the food.*

উপরের উদাহরণে "*Faruk often goes to Italy*" অংশটুকু Independent clause. কেননা, এ অংশটুকু নিজেই সম্পূর্ণ ভাবে একটি অর্থ প্রকাশ করছে। অন্য দিকে, "*because he loves the food*" অংশটুকু Dependent clause যার অর্থ হচ্ছে- "কারণ সে *food* পছন্দ করে।" কিন্তু পছন্দ করার কারণে সে কি করে এরকম কোন কিছু না থাকায় এ অংশ টুকু (*because he loves the food*) Principal clause-এর সাহায্য ছাড়া সম্পূর্ণভাবে কোন অর্থ প্রকাশ করছে না। আর তাই এটি একটি Dependent clause.

Admission test-এর জন্য Subordinate বা Dependent clause-টি বেশি গুরুত্বপূর্ণ। আর আমাদের আলোচনাও তাই Subordinate clause-কে ঘিরে।

Note **Dependent বা Subordinate clause সহজে চেনার উপায়**

Subordinate clause-টি If, As if/ As though, So that, Since, Hence, Though, Although, When, While, How, When, What, Why, Where, Whom, Who, ইত্যাদি Clause Marker (চিহ্ন) দিয়ে যুক্ত থাকবে।

অর্থাৎ- **Clause marker + subordinate clause**

Subordinate clause-কে আবার তিন ভাগে ভাগ করা যায়-

1. *Noun Clause*
2. *Adjective Clause*
3. *Adverb Clause*

Noun Clause

❑ **_____that life began billions of years ago in the water.**

A. It is believed B. In the belief C. The belief D. Believing E. Of the belief

যে Clause sentence-এ Subject এবং Object-এর কাজ করে তাকে Noun Clause বলে।

চেনার উপায়

Verb-কে What দ্বারা প্রশ্ন করে Noun Clause পাওয়া যায়ঃ

যেমনঃ-

We know that he will pass.
verb noun clause

(verb '*know*' কে কী দ্বারা প্রশ্ন করলে '*that he will pass*' অংশটি পাওয়া যায়)

Adjective Clause

This is the pen which is nice.

('*which is nice*' clause-টি '*the pen*' noun টির ঠিক পরে বসেছে।)

যে Clause noun বা Pronoun এর পরে বসে ঐ noun বা Pronoun কে modify বা Qualify করে তাকে Adjective Clause বলে।

চেনার উপায় Noun-এর ঠিক পরে বসবে।

যেমনঃ

F-2 i) Tell me the reason why you said so
(*why* এখানে Conjunction হিসেবে কাজ করছে)
ii) The boy, who is a student, is very talented.
(*who* এখানে Subject হিসেবে কাজ করছে)

Adverb Clause

Trees grow where there is enough rain.

যে Clause দ্বারা Time, place, manner এবং reason নির্দেশ করে তাকে Adverb Clause বলে।

চেনার উপায় Verb-কে *When, How, Where* দ্বারা প্রশ্ন করে Adverb Clause পাওয়া যায়।

এবার আসো জেনে নেই Classifications of sentence on the basis of structure.

1. Simple Sentence: *Contains only one independent clause.*

- *The government provided money to people* (Independent clause)

2. Complex Sentence:
Contains one independent clause and one or more dependent clause.

- *The government provided money to people*
  independent clause
  who need financial help.
  dependent clause

3. Compound Sentence: *Contains more than one independent clause.*

- *He went there and I went there also.*

Exercise On Sentence Structure

1. The Police ——— a witness (সাক্ষী) to make a positive ID.

(a) needing (b) to need (c) need
(d) who need (e) who needing

2. The tallest boy in our class ———.

(a) with long brown hair brown eyes.
(b) has long brown hair and brown eyes.
(c) having long brown hair brown eyes.
(d) who has long brown hair browns
(f) whose hair is long brown and eyes are also.

3. He———— that someone was watching him.

(a) had the strong impression (ধারণা, অনুভূতি)
(b) has the strong impression.

RAISUL ISLAM HRIDOY

(c) the strong impression had.
(d) who had the strong impression.
(e) the strong impression who had.

4. She glares (কটমট করিয়া তাকানো) at me —— near her desk.
(A) I go (B) I going (C) If I going
(D) If I go (E) Both (A) and (C)

5. Let's go to the movie ———— get through (শেষ করা) studying.
(A) while (B) You (C) Your
(D) While your (E) When you

6. Find out the incorrect position:
The book (a) that I (b) lent (c) you (d) having a good (e) bibliography (গ্রন্থ তালিকা)

7. That birds (a) migrate (b) long (c) distance (d) are (e) well documented.

8. Choose the correct sentence.
(A). He didn't know how he should behave.
(B) He didn't know how should he behave.
(C) He didn't know how behave he.
(D) He didn't know how behave he should.
(E) He didn't know how behaving he should.

9. George Burns was a comedian whom many American _____first on television in the 1950s.
(A) watching (B) did watch (C) watch
(D) watched (E) had watched

10. Although Anne Tyler received a Pulitzer Prize for her novel, _____ has never received the popular acclamation (উচ্চ প্রশংসা).
(A) what she (B) She (C) that she (D) and she (E) that her

Answer Keys

1. C	2. B	3. A	4. D	5. E
6. D	7. D	8. A	9. D	10. B

Important rules on sentence structure

Rule - 01

একটি Sentence Grammatically সঠিক হতে হলে অবশ্যই একটি Subject ও একটি Main verb থাকতে হবে। এখন তোমাকে যদি এমন একটি Problem sentence দেওয়া হয়, যাতে Subject আছে কিন্তু verb নেই, সেক্ষেত্রে তোমাকে answer portion থেকে verb টি খুঁজে বের করতে হবে। যেমন- নিচের উদাহরণটি লক্ষ করো:

Rule - 02

I am sorry but I can't stay any longer.

লক্ষ্য করো উপরের উদাহরণটিতে '*I am sorry*' হচ্ছে একটি clause এবং *I can't stay any longer* হচ্ছে আরেকটি clause. এই দুটি clause যুক্ত করার জন্য আমরা উপযুক্ত clause marker '*but*' ব্যবহার করেছি।
দুটি clause কে যুক্ত করার জন্য আমরা clause marker use করি। অর্থাৎ clause marker ছাড়া আমরা কখনোই দুটি Clause-কে যুক্ত করতে পারি না।

Rule – 03

❑ **Which one is correct?**
a. Although I am not hungry, I want to eat something
b. Although I am not hungry still I want to eat something
c. Although I am not hungry but I want to eat something
d. Although I am not hungry I wanted to eat something
সমাধান ঃ a উত্তর হবে। কারণ, *Although* কোন বাক্যে থাকলে পরের অংশটি তার বিপরীত অর্থ দেয়।

যদি কোন Sentence-এ একটি clause marker (who, what, how etc.) থাকে তবে তোমাকে মনে রাখতে হবে ঐ Sentence-টিতে দুটি Subject ও দুটি verb লাগবে। একটি Subject ও verb হলো Principal clause-এর জন্য এবং অপর Subject ও verb হলো Subordinate clause-এর জন্য। যে কয়টি clause marker থাকবে তার চেয়ে একটা বেশি subject ও verb লাগবে। যেমন-
** *He had just drifted off to sleep when the phone rang.*

Rule - 04

❑ A) Do you know when the results will be published ?
B) Do you know when will the results be published?
C) Do you know when will publish the results?
D) Do you know when the results will published?

Subordinate clause-টি সবসময় Sentence-এর স্বাভাবিক order (অর্থাৎ Subject + verb + Object order) follow করবে। Subordinate clause-টি কখনো-ই question order-এ অর্থাৎ আগে verb পরে Subject হতে পারে না। যেমন-

Incorrect: *I don't know where does he live.*
Correct: *I don't know where he lives.*

Important Suggestion

01. A desert receives less than twenty five _____of rainfall every year.
A. centimeter B. a centimeter
C. centimeters D. of centimeters E. a centimeters

02. _____the outcome of this dispute, our two nations will remain staunch (স্টন্চ্ - দৃঢ় / শক্ত) allies.
A. Irregardless of B. Regardless of how
C. with regard to D. Regardless of E. Disregarding

RAISUL ISLAM HRIDOY

03. The development of the atom bomb depended upon the ___of the particle (কণা) accelerator (অ্যাকসেল্যারেটর -বেগবর্ধক বস্তু)
A. invention B. inventing
C. invent D. invented E. the invention

04. Maps have lines, words _____ and colors, that show the distribution and arrangement of the Earth's geographical features.
A. Symbolic B. Symbol
C. Symbols D. Symbolize E. Symbolization

05. The American burnet, a native Perennial (বহুবর্ষজীবি), grows from six inches in —— to as much as five feet.
A. high B. height
C. too high D. highting E. Both (A) and (B)

06. Toshi speaks _____ at home.
A. The Japanese B. Japanese C. Japan D. Japan's

07. _____at 212 degrees F, and freezes at 32 degrees F.
A. Waters boils B. The water boils.
C. Water boils D. Waters boil E. The waters boil

08. _____attempts (প্রচেষ্টাবলী) to clarify mankind's relationship with a superhuman (দৈব) power.
A. The religion B. Religions
C. A Religion D. The religions E. Religion

09. She need to find ————.
A. a work B. works C. the works
D. work E. The work

10. It is generally believed that an M.B.A degree is a good preparation for a career in ————.
A. a business B. business
C. businesses D. one business E. the businesses

11. Unemployment compensation is money to support an unemployed person while he or she is looking for —.
A. Job B. a job C. Jobs
D. the jobs E. Both (B) and (C)

12. Counselors are available to give you_____before you register for classes.
A. An advice B. a advice C. advice
D. advices E. advise

13. Did you get _____to take the placement test?
A. a permission B. permission
C. an Permission D. permit E. permissions

14. ——— released about the hostage.
A. A news was B. A news were
C. News were D. News was E. Newses were

15. Fire resistant materials are used to retard (বাধা দেয়া) _____ of modern aircraft in case of accidents.
A. a damage to the passenger cabin
B. that damages to the passenger cabin
C. damage to the passenger cabin
D. passenger cabin's damages
E. damages of passengers cabin

Choose the incorrect word of the followings:

16. (a) In 1950 it was (b) naively (নাইভলি - সাদাসিধাভাবে) predicted that (c) eight or ten computer would be sufficient (d) to handle all of (e) the scientific and business needs in the United States.

17. (a) A space (b) is (c) the last frontier (সীমানা) for (d) man to conquer (e). No Error

18. (a) A progress (b) has been made (c) toward (d) finding (e) a cure for AIDS.

19. (a) A few tiles (b) on sky lab (c) were the only (d) equipments that failed (e) to perform well in outer space.

20. One (a) kinds of tool that (b) was popular during the Stone Age (c) was a flake, (d) used for (e) cutting and scraping (চাছা, ছোলা)

21. Find out the correct sentence from the following.
A. Do you have an information about it?
B. Do you have informations about it?
C. Do you have an informations about it?
D. Do you have information about it?
E. Do you have a information about it.

22. A. California has a good weather.
B. California has a very good weather.
C. California has a good climate.
D. California has good weather. E. Both (C) and (D)

23 A. We are late because we got stuck in a traffic.
B. We are late because we got stuck into a traffic.
C. We are late because we got stuck in a traffic jam.
D. We are late because we got stuck in traffic jams.

RAISUL ISLAM HRIDOY

E. Both (C) and (D)

24. A. Each furniture in this display is on sale for half price
B. Each piece of furniture in this display is on sale for
half price.
C. Each pieces of furniture in this display is on sale for
half price.
D. Each furnitures in this display is on sale for half Price.
E. Each piece of furnitures in this display is on sale for
half price.

25. A. The plant trees is a custom that many people engage in
to celebrate Arbor Day.
B. Plant trees is a custom that many people engage in to
celebrate Arbour day.
C. Planting trees is a custom that many people engage in
the celebrate Arbour Day.
D. To planting trees is a custom that many people engage
in the celebrate Arbour.
E. That planting trees is a custom that many people
engage in to celebrate Arbour Day.

26. Choose the correct spelling of the following.
A. Separation B. Abhorence
C. Accelaration D. Acuracy E. Addres

27. What is the meaning of *aboy board*?
A. board which is on above B. beyond description.
C. beyond knowledge D. beyond doubt
E. beyond expect

28. What is the meaning of '*Achilles heel*'?
A. Strong heel B. week point
C. Strong point D. very strong point
E. Both (c) and (d)

29. Choose the correct answer of the followings;
_____ is not a new idea.
A. The planning of cities B. Cities to plan them
C. Plan cities D. To planning cities E. Planning of cities

30. Choose the incorrect word of the following.
(a) That (b) an earthquake (c) of magnitude eight on the Richter scale (d) occurs once every (e) five or ten years.

31. It brings together one of the finest _____ by our contemporary artists.
A. collections of work B. collections of works
C. collected of works D. collection of works
E. None of the above.

32. The brain centers of _____ and hearing enable a person to understand written and spoken language.
A. vision B. Visual C. the vision
D. a visual E. none

33. At the very edge, the author discussed the effects of _____ on the environment.
A. polluted B. pollution C. polluting
D. pollute E. pollutedly

34. The noun form of 'Curious' is_____
A. Curious B. Curiously
C. Curiosity D. None of the above
E. A + C

35. He briefly outlined the situation to us. It is a/an-
A. Verb B. Noun C. Pronoun D. Adverb E. Adjective

36. Hybrids have one more_____ per plan than the other varieties.
A. corns B. ear of corn C. corn ears D. corn's ears

37. According to estimates by some botanists, there are _____ of plants.
A. seven thousand type. B. seven thousand types.
C. types of seven thousand. D. types seven thousand.

Choose the correct sentence: (38-41)
38. (A) It is a nice poetry. (B) It is a nice poem
(C) Its nice poem (D) All
39. (A) There is no room for you.
(B) There is no place for you.
(C) There is no space for you. (D) Al of the above.

40. (A) He has sold all furnitures.
(B) He has sold most of the furnitures.
(C) He has sold all furniture.
(D) All of the above.

41. (A) The sceneries of this place are charming.
(B) The scenery of this place is charming.
(C) Sceneries of this place is charming.

RAISUL ISLAM HRIDOY

(D) Noun of the above.

42. The couple _____ quarrelling now.
A. was B. is C. are D. were

43. The ____ are industrious and are rich in Asia.
A. Japaneses B. Japani C. Japanese D. none

44. _____ are not found everywhere of the world.
A. Shakespeares B. Shakespeare
C. Shakespearian D. Shakespeare's

45. Maths _____ my fovourite subject at the school.
A. was B. were C. both a, b D. none

46. He has provided me with ____.
A. few information B. many information
C. much information D. an information

47. He had so many ____.
A. photo B. photos C. photoes D. none

48. The staff of the office _____ not expert.
A. is B. are C. both a, b D. none

49. The word "police" is a
A. Common noun B. Proper noun
C. Collective noun D. Uncountable noun

50. _____ is not a new idea.
A. The planning of cities.
B. Cities to plan them
C. Plan cities
D. To planning cities.

51. _____ migrate long distances is well documented.
A. That it is birds. B. That birds
C. Birds that D. It is that birds

52. A tree is known ____ its fruit.
A. to B. by C. with D. for

53. Milton's ____ remained unsurpassed.
A. work B. works C. both a and b D. none

54. Please give me at least ____ bread because I'm very hungry.
A. a B. an C. a portion D. a piece of

55. The boy has done _____.
A. many works B. much work
C. enough works D. few works

56. Class ____ among people is not good.
A. dividing B. division C. divisional D. few division

57. _____ without the Ramadan is harmful to health.
A. starving B. starve C. starvation D. starvational

58. The clergy ____ torturing people in the middle ages.
A. were B. was C. are D. is

59. Congress, acting on the recommendations of special subcommittees, decides how much money_____in education.
A. the government which is spending.
B. the government will spend.
C. will the government spend.
D. the spending of the government.
E. the government which will spend

60. When population is not checked by artificial means (কৃত্রিম উপায়ে), **_____ increases putting more strain** (চাপ) **on limited natural resources.**
A. then B. than C. so D. It
E. it is

61. Public transportation vehicles are what ____as a chief cause of the deterioration (ডীটিরিওরেইশন - অবস্থা অধিকতর খারাপ / অবনতি হওয়া) **of ozone**।
A. have identified many ecologists.
B. have many ecologists identified.
C. many ecologists have identified
D. have many identified ecologists.
E. many identified ecologists have.

62. Every year Canada's _____ approximately (অ্যাপ্রক্সিমেইটলি - প্রায়) **one and a half million tons of fish and seafood products.**
A. seafood industry that Produces
B. producing seafood industry.
C. seafood industry produces.
D. that produces to seafood industry.
E. seafood industry that produces.

63. The number of hispanic (হিস্পেনিক - স্পেনিশ বিশেষতঃ ল্যাটিন আমেরিকার লোকজন।) **children enrolled** (এনরোল্ - তালিকাবদ্ধ করা / লিখে রাখা) **in the New York Public School System in the year 2000 depends on whether_____.**
A. will the immigration (অভিবাসন) will continue.
B. continues the immigration rate.
C. the immigration rate what will continue.
D. will continue the immigration rate.
E. the immigration rate will continue.

RAISUL ISLAM HRIDOY

64. What ____look like when they are children can be radically (সম্পূর্ণরূপে) different from the way they look as adults.
A. people B. do people
C. people did D. did E. peoples

65. The portion (অংশ) of a mountain trees will no longer grow is called the treeline.
A. there B. that C. are
D. where E. in where

66. _____anything quite like sleeping under the stars?
A. Is B. Is there C. There is
D. when there is E. when is there

67. Although synthetic (সিন্থেটিক্ - কৃত্রিম) gemstones(মণি/রত্ন) are similar in quality to natural stones, people _____ natural gems.
A. do seem prefer B. to seem prefer
C. are seeming preferring D. seem to prefer

68. Blind fish _____their entire life in caves (গুহা) have neither eyes nor ear.
A. that spends B. that spend
C. that spending D. to spend E. that is spending

69. I was about to leave when _____.
A. his arriving B. his arrival
C. he arrives D. he arrived E. he arriving

70. The type of clothing people wear tells others a lot about_____.
A. what they are B. what they were
C. whom they are D. who are they E. who they are

71. _____ together in one place, they form a community (কমিউনিটি - সমাজ)
A. When people who live. B. People living
C. Whenever people living D. When people living.
E. Whenever people live

72. _____ relations with friends and acquaintances (পরিচিত ব্যক্তিরা), play a major role in the social development of adolescents.
A. what are called peer groups relations are
B. Peer group relations are
C. Relations which are peer group
D. By group which is peer, we mean
E. Peer group relations, the

73. Gauhar Jamil, _____ of the pioneers (অগ্রদূত) of modern dance, didn't begin dancing until he was 21.
A. who, as one B. he was C. who was one
D. was one E. whose one

74. During (a) <u>vigorous</u> (প্রবল) exercise, muscles (b) <u>require</u> (c) <u>a</u> (d) <u>much greater</u> amount of oxygen than (e) <u>when they</u> at rest.

75. In science, the results of an experiment (পরীক্ষা) (a) <u>are</u> not usually (b) <u>accepted</u> until (c) <u>they have been</u> duplicated (পুণরায় পরীক্ষা করা) in other (d) <u>laboratories</u>. (e) <u>No error</u>

Answer Key & Explanation

01. (C) Units of measurement (যেমনঃ inch, Pound, dollar, degree) গণনা করা যায় বলে এরা Plural হতে পারে।

02. (D) *Irregardless* বলে কোন শব্দ নেই।

03. (A) *the* এর পর noun লাগবে। invention হবে।

04. (C) *'Symbolic' 'have'* verb-এর object হিসেবে কাজ করায় adjective *'Symbolic'*-এর noun form 'symbols' হবে।

05. (B) Preposition *in* এরপর noun *'height'* হবে।

06. (B) Name of language (Arabic, Spanish etc) এর আগে article বসে না।

07. (C) *Water* non count হওয়ায় এটি Plural নয় বা এর সাথে article (a, an) বসতে পারে না। কিন্তু article *the* বসতে পারে।

08. (E) ***'Religion'*** non count হওয়ায় এর সাথে article বসে না। attempts verb-টি singular হবে।

09. (D) *Work* এখানে non count Noun হিসেবে কাজ করছে।

10. (B) এখানে *business* বলতে *all business* কে বোঝানো হয়েছে।

11. (E) *Job* count noun হওয়ায় এর সাথে article বা এর Plural হতে পারে।

12. (C) *advice* non count noun

13. (B) Permission ,,

14. (D) News ,,

15. (C) Damage ,,

16. (C) 'Computer' এর আগে *eight or ten* থাকায় এরও Plural. অর্থাৎ Computers হবে।

RAISUL ISLAM HRIDOY

17. (A) *A space/ Spaces* অর্থ হচ্ছে blank. শুধু space হবে। যার অর্থ মহাশূন্য।

18. (A) *Progress* হচ্ছে non count noun. এর আগে article a, an বসতে পারে না।

19. (D) *Equipments* noncount noun হওয়ায় it can not be plural.

20. (A) প্রথমে *One* থাকায় *kind* হবে।

21. (D) *information* হচ্ছে non count noun-এর সাথে article কিংবা s বসতে পারে না।

22. (E) *Weather* non nount হওয়ায় এর article a, an বসতে পারে না। কিন্তু *climate* count noun হওয়ায় এর সাথে article a, an বসতে পারে এবং এর Plural ও হতে পারে।

23. (E) *traffic*-এর সাথে article *a, an* বসতে পারে না। কেননা, এটি একটি non count noun, কিন্তু *traffic jam* count noun হওয়ায় এর সাথে article (a, an) বসতে পারে এবং এর Plural-ও হতে পারে।

24. (B) *furniture* একটি non count noun বলে *it can't* take article (a, an) and s/es. তবে একে Singular/ Plural করতে হলে singular বা Plural idiomatic expression (যেমনঃ *A Piece of ----, two Pieces of ----, each Piece of --------*) ব্যবহার করতে হয়। 'Each' singular idiom হওয়ায় *Piece*-এর সাথে S যোগ হবে না।

25. (C) *The Plant trees* বা "রোপিত চারা" কোন *custom* বা ঐতিহ্য নয় বরং চারা রোপন করার কাজটি একটি ঐতিহ্যে পরিনত হয়েছে। তাই *planting trees* হবে।

26. (A)

27. (D) Above board অর্থ হচ্ছে 'সন্দেহাতীত' তাই (D)-ই সঠিক উত্তর

28. (B) *Achilles heel* Phrase টির অর্থ 'দুর্বলতা'। সুতরাং সঠিক উত্তর হবে (B)

29. (A) 'ing' form of a noun এর সাথে সাধারণত article (The) use করা যায় না। কিন্তু যখন ing যুক্ত noun is followed by a qualifying Phrase তখন এর সাথে 'The' বসতে পারে। উদাহরণটিতে 'of cities' হচ্ছে qualifying Phrase.

30. (A) That subject টির কোন verb না থাকায় that হবে না। এছাড়াও on of the-এর পর যে noun আসে তা plural হয়।

31. (A) '*work*' uncountable noun বলে এর সাথে 's' বসতে পারবে না।

32. (A) The.... of + সরাসরি noun বসে। কোন article যুক্ত noun বসানো যায় না।

33. (B) Preposition + noun

34. (C)

35. (B) শব্দের শেষে 'tion' থাকলে noun হয়।

36. (B) '*corn*' uncountable noun। একে singular হিসেবে express করতে '*ear of corn*' বলতে হয়।

37. (B) Singular indicator + Type/kind.
Plural indicator + types / kinds.

38. (B) '*poetry*' uncountable noun বলে এর সাথে article বসানো যায় না। কিন্তু 'poem' countable, so.....

39. (A) 'জায়গা নেই' অর্থ বুঝাতে 'no room'-ই ব্যবহৃত হয়।

40. (C) 'Furniture' uncountable noun বলে এর সাথে 's' বসতে পারে না।

41. (B) '*Scenery*' uncountable noun. So, 's' can not be added with it.

42. (B) '*Couple*' singular. '*Now*' থাকলে present tense হয়।

43. (C) দেশের নামের সাথে 's' বসে না।

44. (A) পরে '*are*' plural verb থাকায় *Shakespears* হবে।

45. (A) Subject-এর নামের শেষে 's' থাকলেও এরা singular হিসেবে কাজ করে।

46. (C) '*information*' uncountable noun হওয়ায় এর সাথে many, few, article বসতে পারে না।

47. (B) Photo is countable noun. So, many + plural Countable Noun.

48. (B) *Staff* + plural verb

49. (C) '*Police*' is a collection of body. So, this is a collective noun.

50. (A) A-ই best.

51. (B) এখানে gap-এর পর আছে - *migrate long distances* মানে দূরবর্তী স্থানে *migrate* করে বা বাস করতে যায়; কারা বাস করে? answer থেকে দেখা যায় *birds migrate* করে। এখানে যদি (C)-এর *birds that* বসিয়ে বাক্যটি পড়া হয়, তাহলে পাওয়া যায় - *Birds that ---- is well documented* মানে পাখিরা যারা *migrate* হলো তারা *well documented.* কথাটা বেখাপ্পা ধরণের। কারণ, পাখিরা *well documented* নয়; বরং তাদের *migrate* করার ব্যাপারটি হল *well documented* (ওয়েল্ ডকুমেন্টেড্ - তথ্যাদি দ্বারা যা প্রমাণিত)। তাছাড়া Birds is well..... এ বাক্যে is থাকাতে বুঝা যায় is-এর subject *birds* নয়। কাজেই (C) বাদ। (B)-এর that birds বসলে অর্থ ও grammar উভয়ভাবে শুদ্ধ বাক্য হয়। মানে পাখিরা যে migrate করে এই ব্যাপারটি হল '*that*' অর্থাৎ *that is well documented*। সুতরাং answer হল (B)।

52. (B) Passive voice-এ একটি '*by*' লাগে।

53. (C) 'work' uncountable noun. তবে work দিয়ে কোন শিল্পির সাহিত্য কর্মকে বোঝালে এর সাথে 's' যোগ হতে পারে।

54. (D) '*Bread*' is uncountable noun.

55. (B) '*Work*' is uncountable noun. So, we can't add 's' with it.

56. (B) একটি noun লাগবে।

57. (C) বাক্যের subject সবসময় noun হয়।

58. (A) '*Clergy*' (যাজক সম্প্রদায়) is a plural noun. আর যেহেতু line-টি দিয়ে past-কে indicate করছে তাই A-ই সঠিক answer.

59. (B) এখানে, congress-এর পর দুটি কমার মাঝের অংশ দিয়ে congress সম্পর্কে অতিরিক্ত কিছু বলা হয়েছে। মূল বাক্য হল- congress decides..... তাহলে congress কি সিদ্ধান্ড় নেয়? পরে আছে how many money _____in education.
অর্থাৎ, কি পরিমাণ টাকা শিক্ষাখাতে (কিছু একটা অন্য স্থানে হবে); শিক্ষাখাতে কি হয়? মানে শিক্ষাখাতে ব্যয় করা হবে বা বরাদ্দ দেয়া হবে ইত্যাদি শুন্য স্থানে হতে পারে।

RAISUL ISLAM HRIDOY

Answer choice থেকে পাওয়া যায়- *government* ব্যয় করবে। বাক্যটি কিন্তু প্রশ্নবোধক নয়, তাই (C) উত্তর হবে না। (B)-এর অংশটুকু শুন্যস্থানে বসালে শুদ্ধ বাক্য হবে। অর্থাৎ *government* কি পরিমাণ টাকা শিক্ষাখাতে ব্যয় করবে তা *congress* সিদ্ধান্ড় দেয়। সুতরাং answer হল (B)।

60. (D) verb '*increase*' এর একটি subject লাগবে।

61. (C) সরকারী পরিবহন যানগুলো কি বা এরা কি করছে তা are-এর পরের অংশে বলা হল। এখানে what-এর পর (C)-এর বাক্যাংশটুকু বসালে অর্থপূর্ণ হয়। যেমন- *what many ecologists have identified* অর্থাৎ, যা অনেক পরিবেশ বিজ্ঞানী সনাক্ত করেছেন। (A), (B), (D) ও (E)-এর বাক্যাংশগুলো এলোমেলো ও অর্থপূর্ণ নয় বলে এরা সঠিক নয়।

62. (C) Sentence টিতে কোন Subject ও verb নেই। তাই Sentence-টি সঠিক করার জন্য একটি subject ও verb প্রয়োজন।
সুতরাং (C)-ই সঠিক উত্তর।

63. (E) এখানে *number*-এর পরের অংশে *number* সম্পর্কে বলা আছে যা আমরা প্রশ্ন করে করে অর্থ উদ্ধার করতে পারি। যেমন- কিসের সংখ্যা বা number ? Hispanic children-এর; কি ধরণের *children* (who was) *enrolled in the New York Public School System* অর্থাৎ- যারা New York Public School System-এ ভর্তি হয়েছিলো। এখানে who was উহ্য আছে। Standard বাক্য এভাবে উহ্য রেখেই লিখা হয়। কখন *enroll* হয়েছিলো? *in the year* 2000 মানে 2000 সালে। এভাবে ভেঙ্গে ভেঙ্গে চেষ্টা করলে বাক্যের অর্থ উদ্ধার করা সহজ হয় এবং বাক্যের মূল অংশ কোন্‌টি তাও জানা যায়।
বাক্যটি পড়ে বুঝা যায় এখানে বাক্যের মূল অংশ হল- *The number depends*; তাহলে *number* কিসের উপর *depend* বা নির্ভর করে তা *answer choice*-এ দেয়া আছে। (E)-তে দেয়া বাক্যাংশটুকু সঠিক; অন্যগুলিতে word-গুলিতে এলোমেলো ভাবে আছে মানে *will / continue* আগে চলে আসছে বা অতিরিক্ত শব্দ দেয়া আছে যা দ্বারা অর্থবোধক বাক্য হয় না। (E)-এর অংশটুকু হল- *Whether the immigration rate will continue* অর্থাৎ *immigration*-এর হার অব্যাহত বা চালু থাকবে কিনা তার উপর *depend* করে। সুতরাং *answer* হল (E)।

64. (A) sentence এর শুরুতে যে clause হয় সে clause-টি noun clause হয়। এই clause-টিতে already একটি clause marker 'what' ও verb 'look' থাকায় শুধু একটি Subject লাগবে।

65. (D) বাক্যটির পুরোটা একবার পড়ে নিলে বুঝা যাবে এটির মূল অংশ হল- *The portion is called the treeline* অর্থাৎ *portion* বা অংশকে *treeline* বলা হয়। তাহলে কিসের *portion*? *of a mountain* মানে পর্বতের। সেখানে কি হয় তা শূন্যস্থানের পরে আছে- *trees will no longer grow* অর্থাৎ, *trees* বা গাছ আর জন্মাবে না। একত্রে পুরো বাক্যটি হল- কোন পর্বতের যে অংশ বা *portion* যেখানে গাছ আর জন্মাবে না তাকে *treeline* বলা হয়। তাহলে শূন্যস্থানে হবে (D)-এর *where*, যেমন- The portion of a mountain where trees ---- তার মানে স্থানের জন্য where ব্যবহৃত হল। ∴ answer হল (D)।

66. (B) Sentence টির শেষে questions mark (?) থাকায় Sentence টিও question order- এ হবে। বাক্যের বাকী অংশ পড়লে বুঝা যায় এখানে সময় সংক্রান্ড় কিছু বলা নেই বলে when যুক্ত বাক্যাংশ অন্যস্থানে বসবে না।

67. (D) Subject People এর verb লাগবে। ∴ সঠিক উত্তর (D)

68. (B) প্রশ্নের পুরো বাক্যটি মন দিয়ে পড়লে বুঝা যায় বাক্যের মূল অংশ হল- *Blind fish have neither eyes nor ear;* এখানে *fish*-এর পরের অংশ দ্বারা *fish* সম্পর্কে অতিরিক্ত তথ্য দেয়া হয়েছে। মানে *blind fish* তাদের পুরো জীবন গুহায় কাটিয়ে দেয়; এটি সব সময়ের জন্য সত্য তথ্য বলে (C), (D) ও (E) হবে না। বাক্যে have থাকাতে বুঝা যায় *fish* এখানে plural, কাজেই answer হবে (B)।

69. (D) শুধুমাত্র (C) ও (D)-তে Subject + verb রয়েছে।

70. (E) '*what*' is used to ask about things and '*who*' is used to ask people. আর দ্বিতীয়ত subordinate clause টি কখনো question order- এ হয়না। ∴ সঠিক উত্তর (E)

71. (E) শূণ্যস্থানে (E) বসালে Sentence টি অর্থপূর্ণ হয় যেখানে Subject, verb দুটো-ই আছে।

72. (E) এটি অনেকেই ভুল করবে *play a major role* (একটি প্রধান ভূমিকা পালন করবে) থেকে বোঝা যাচ্ছে যে, '*Play*' main verb টির একটি Subject লাগবে। এক্ষেত্রে একমাত্র (E)-ই খাপ খায়। কমা দিয়ে উক্ত relation সম্পর্কে কিছু বলা হয়েছে। ∴ সঠিক উত্তর (E)

73. (C) দুই কমার মাঝখানের অংশ দিয়ে Gauhar Jamil সম্পর্কে কিছু অতিরিক্ত তথ্য দেয়া হয়েছে। Answer choice থেকে দেখা যায়, কমার মধ্যবর্তী অংশের অর্থ হবে- তিনি ছিলেন ***modern dance***-এর অগ্রদূতের মধ্যে একজন। তাহলে শুন্যস্থানে who was one অথবা শুধু one বসালে বাক্য অর্থপূর্ণ ও সঠিক হবে। অর্থাৎ, কোন ব্যক্তি সম্পর্কে অতিরিক্ত তথ্য দিতে চাইলে এভাবে কমার পর *who was* এবং বস্ড়ু হলে *which was* বসানো যায়।

74. (E) এটিও বেশ সহজ! 'They' subject এর পর একটি verb লাগবে।

75. (E) Sentence-টিতে কোন ভুল নেই।

RAISUL ISLAM HRIDOY

‹ Adverb ›

চলো নীচের উদাহরণগুলো দেখি ঃ

1. Passengers travel comfortably in the new jumbo jets. ***(verb-কে modify করছে)***
2. The novel is very interesting. ***(Adjective-কে modify করছে)***
3. John pronounces words quite correctly. ***(Adverb-কে modifyকরছে)***
4. Truly, this was a very nice moment with you. ***(full sentence কে modify করছে।)***

খুব অল্প কথায় বললে, adverb হচ্ছে এমন একটি word যা verb, adjective, adverb বা একটি সম্পূর্ণ বাক্যের অর্থের সাথে কোন কিছু যোগ করার জন্য ব্যবহৃত হয়।

যেভাবে adverb তৈরী হয়

* **Adjective** এর শেষে,

1. *'ly'* যোগ করার মাধ্যমে adverb তৈরী করা যায়। যেমনঃ
   - wise - wisely
   - clever - cleverly
   - beautiful - beautifully
2. *'y'* থাকলে তৎপরিবর্তে *'ily'* যোগ করে adverb করা যায়। যেমনঃ
   - Ready - Readily
   - Heavy - Heavily
3. *'le'* থাকলে *'e'* এর পরিবর্তে *'y'* যোগ করে adverb গঠন করা যায়। যেমনঃ
   - single - singly
   - Double - Doubly

Tips

01. Choose the correct option.
Although he felt very ____ he smiled_____ .
A. angrily, friendly
B. angry, friendly
C. angrily, in a friendly
D. angry, in a friendly way.

Ans: (D)

02. Point out sentence with correct use of adverb.

a. Write the essay in brief
b. Write the essay briefly
c. Write the essay short
d. Write the essay shortly

সমাধান ঃ a উত্তর হবে। কারণ, অর্থগত দিক দিয়ে বাক্য সঠিক হওয়ার জন্য *in brief* মানে 'সংক্ষেপে' হবে। *Shortly* মানে 'আসন্ন বা শীঘ্রই'। *briefly* = 'অল্প সময়ের জন্য' ।

Never think that the words with *'ly'* are always adverb অর্থাৎ *'ly'* যুক্ত word *adverb* নাও হতে পারে। যেমন:

adjective + ly = adverb
comfortable + ly = comfortably

Noun + ly = adjective
Friend + ly = Friendly
Coward + ly = cowardly
Mother + ly + Motherly

যদি *ly* যুক্ত adjective দিয়ে একটি adverb এর প্রয়োজন মেটাতে হয়, তবে-

in a ..... manner / way

structure-এ লিখতে হবে। যেমন -
Jimmy behaved motherly (×)
Jimmy behaved in a motherly way (✓)

কিছু *word* আছে যাদের শেষে যদিও *'ly'* নেই yet after they work as adverbs even adjectives. এরকম কিছু word হলো *fast, hard, well,* etc. যেমন-

Adjective	Adverb
He is a very *fast* speaker.	He walks very *fast*.
He is a *hard* worker	He works *hard*
Jane is not *well* (Health)	Jane plays *well*.

আরো কিছু *word* আছে, যাদের form ভিন্ন হলে অর্থও change হয়ে যায়। এরকম কিছু word হলো *fast, late, hard,* etc. যেমন-

He works *hard*	He came *late*
The baby can *hardly*(কদাচিৎ) walk	*lately* (সম্প্রতি) he became the President.

Applications of Adverb

Rule-01

01. He drives much _____than he used to.

A. careful B. carefully
C. more careful D. more carefully
Ans: (D)

02. Her grades have improved, but only _____.
a. in a small amount b. very slightly
c. minimum d. some
Ans: (B)

Adverbs of manner যা How? question এর উত্তর দেয় (যেমনঃ *well, fast, quickly, calmly*), ***adverbs of place,*** যা Where? question এর উত্তর দেয় (যেমন: *here, there, everywhere* etc), এবং ***adverbs of time,*** যা when? question এর উত্তর দেয় (যেমনঃ *now, then, yet* etc)-এদের position হয় after the verb or after the object. যেমন:

1. *It's raining heavily (adverb of manner)*
2. *Hang the Picture there. (adverb of place)*
3. *The conference will be held on tomorrow.*

Note

Bob spoke *earnestly* in the *meeting* *last night*.
manner *place* *Time.*

দুই বা ততোধিক adverb একসাথে একটি sentence-এ বসলে এরা একটি normal order follow করে:

1 2 3
manner ⟶ place ⟶ time.

Rule-02

I quite agree with you.

I have often told him to write neatly. (সাজিয়ে)

Adverbs of frequency, যা how often? বা কতবার? প্রশ্নের উত্তর দেয় (যেমন: *always, never often, rarely, usually, generally etc*), ও *অন্যান্য কিছু* ***adverb*** (যেমনঃ *almost, already, hardly, rarely, just, quite*) এদের position হচ্ছে principal verb-এর আগে।

Rule-03

❑ **Nasreen is — a little younger than me.**
A. somewhat B. almost
C. slightly D. just
Ans: (D)

Be verb (*am, is, are, was, were*) কোন sentence এ principal verb হিসেবে বসলে এদের পর adverb বসে। যেমন:

Tom is always at home on Sunday.

Rule-04

❑ **Finish this sentence. *'If there had been a concert today,____.***
A. I would certainly go
B. I have certainly gone
C. I would certainly have gone
D. I will certainly

সমাধান ঃ C উত্তর।

❑ **Identify the correct translation :** 'সত্যিকারের ফুলও হয়তো এর চেয়ে খুব একটা বেশি সুগন্ধি হতো না'।
a. Real flowers hardly could have smelt better
b. Real flowers could hardly have smelt better
c. Real flowers could have smelt better hardly
d. Real flowers could smelt better hardly

সমাধান ঃ *hardly* শব্দটি *can, could, should, would* এর পর বসে। তাই b উত্তর হবে।

Sentence-এ compound auxiliary বসলে, adverb প্রথম auxiliary verb-এর পর বসে। যেমন :

If I had known how he felt, I would never have let him adopt those children.

Rule-05

I often have to go to college on foot.

অর্থাৎ, *have to, used to sentence*-এ বসলে adverb এদের পূর্বে বসে।

Rule - 06

❑ **Which one is correct?**
a. They hardly speaking English
b. They hardly talk English
c. They can not hardly speak English
d. They can hardly speak English

সমাধান ঃ d উত্তর হবে। কারণ, *can*-এর পর *hardly* বসে। b উত্তর হবে না। কারণ, *talk English* হয় না। আর c উত্তর হবে না। কারণ, *hardly* থাকলে *not* বসে না।

RAISUL ISLAM HRIDOY

একটি sentence-এ double negative ব্যবহার করা যায় না। আর তাই *barely, rarely, scarcely, hardly, seldom, no sooner* adverb-গুলো নিজেরাই negative meaning carry করে বলে এদের সাথে অন্য কোন negative word ব্যবহার করা যাবে না। যেমন:

***Incorrect**: She knew <u>scarcely</u> nothing about current fiction.*
***Correct**: She knew scarcely about current fiction.*

Rule - 07

❑ **Not until the Triassic Period _____.**

a. the first primitive mammals did develop
b. did the first primitive mammals develop
c. did develop the first primitive mammals
d. the first primitive mammals develop

সমাধান ঃ b উত্তর হবে।

Not until, Not only , By no means, Rarely – এ ধরণের শব্দ বাক্যের প্রথমে বসলে বাক্যের কি পরিবর্তন হয় তা নীচের **example**-গুলো পড়লে বুঝা যাবে :

একটি ঘটনা ঘটার ঠিক পরক্ষণেই, অন্য আরেকটি ঘটনা ঘটার ক্ষেত্রে ***Scarcely, No sooner*** ব্যবহার করা হয় ।

<u>Scarcely</u>-এর ক্ষেত্রে :
জোর দিতে বাক্যের প্রথমে বসলে-
Scarcely had they left before the soldier arrived. *Scarcely* had I sat down to eat when the phone rang.
Scarcely can the baby walk
জোর না দিয়ে স্বাভাবিক ভাবে লিখলে-
I had *scarcely* sat down to eat when the phone rang.

<u>No sooner------than-----এর ক্ষেত্রে</u> :
No sooner had I started mowing the lawn than it started raining.
No sooner had he arrived in Rome than he was kidnapped.

<u>Seldom-এর ক্ষেত্রে :</u>
মাঝে বা শেষে বসলে-
We *seldom* get the chance
প্রথমে বসালে -
Seldom do we get the chance.
Seldom has he read this kind of book

<u>Not only-এর ক্ষেত্রে</u> -
Not only did he turn up late, he also forgot his book. *Not only* did I speak to her, I even got her autograph.

<u>Rarely-এর ক্ষেত্রে</u> -
I *rarely* have time to read
Rarely do I have time to read
Rarely have I seen you.

<u>Nowhere-এর ক্ষেত্রে</u> -
Nowhere does the article mention your name.

<u>Not until-এর ক্ষেত্রে</u> -
Not until next year will the new tax change take place.

<u>On no account-এর ক্ষেত্রে</u> -
On no account should the photocopy machine be used for personal materials.

<u>Under no circumstances-এর ক্ষেত্রে</u> -
Under no circumstances should the staff members mobile numbers be given out.

<u>Only-এর ক্ষেত্রে</u>
Only in 1865 were antiseptics first used.

<u>Never-এর ক্ষেত্রে</u> -
Never did he buy any motorcycle.

<u>Nor-এর ক্ষেত্রে</u>
জোর দিয়ে লিখলে-
He does not like tea *nor* does he like coffee.

জোর না দিয়ে লিখলে:
He does not like tea and he does not like coffee.

<u>So-এর ক্ষেত্রে</u> :
So confusing <u>was</u> <u>the map</u> that we had to ask a police officer for directions.

এ ধরণের আরোও কিছু ***negative word***-এর ***list*** নিচে দেওয়া হলো:

never, once, nowhere, at no time, nobody, no one, none, not, few, little.

RAISUL ISLAM HRIDOY

Only দিয়ে আরও কিছু পড়া যাক

Only recently has he resigned from the job.

***only*-এর নিম্নলিখিত expression সমুহের ক্ষেত্রে *auxiliary verb*, subject** এর পূর্বে বসে।

only recently	***only once***	***only in (on, at, by etc)***

তবে, only + if/after/when/until/because expression-সমূহ sentence-এর শুরুতে বসলে sentence-এর দ্বিতীয় অংশে verb, subject এর আগে চলে আসে। যেমন-

only if you have a grandiose (বিশাল) party you should invite me. (×)

only if you have a grandiose (বিশাল) party, should you invite me. (✓)

Rule - 08

While and when

1. ***while** a salesman, Pete traveled a lot.*
2. ***while** he was a salesman, Pete traveled a lot.*
3. ***when** he was a salesman, Pete traveled a lot.*

"While"-এর পর noun বা noun phrase অথবা একটি সম্পূর্ণ sentence যেকোনটিই বসতে পারে। কিন্তু ***'when'***-এর পর শুধু sentence-ই বসবে।

বড় Sentence-কে ছোট বানানোর উপায়

বাক্যকে ছোট করা বা **reduce** করা হলো **complex** বা **compound sentence**-কে **simple sentence**-এ পরিণত করার একটি প্রক্রিয়া।

একটি **clause**-কে ছোট করতে নিচের বক্সে প্রদত্ত শর্ত অবশ্যই **fulfill** করতে হবে।

1. শুধুমাত্র **subordinate clause**-কেই আমরা **reduce** বা ছোট করতে পারি।
2. **Main clause**-এর **subject** ও যে **clause**-কে ছোট করা হবে, সেই **clause**-এর **subject** দিয়ে একই ব্যক্তি বা বস্তুকে বুঝাবে। অন্যথায় ছোট করা যাবে না।

যেমন ঃ

The boy, who is a student, is very talented.

S S

দুটি clause-এর subject দিয়ে একই ব্যক্তিকে বোঝানো হচ্ছে। তাই এ sentence-টি ছোট করা যাবে। ছোট করলে sentence-টি হয়:–

The boy, a student, is very talented.

আবার লক্ষ্য করো,

The boy, whose father is a doctor, is very talented.

S S

(এখানে দুটি clause-এর subject দিয়ে দুটি ভিন্ন ব্যক্তিকে বোঝানো হচ্ছে। তাই এ sentence-টি ছোট করা যাবে না)

তদ্রূপ,

The time when the man arrived was inconvenient.

(correct)

The time arriving was inconvenient.

(incorrect-কারণ time উপস্থিত হতে পারে না, ব্যক্তি উপস্থিত হয়েছিল)।

ADJECTIVE CLAUSE

Adjective Clause ছোট করার নিয়মঃ

যেমন ঃ

The teacher, who is my father, is very informative.

এখানে *'who'* clause marker-টি adjective clause-এ subject হিসেবে কাজ করছে বলে এই clause-টি reduce করা যাবে। অর্থাৎ-

The teacher, my father, is very informative.

আবার লক্ষ্য করো ঃ

The boy, whose father is a doctor, is very talented.

উপরের উদাহরণে *'father'* adjective clause-টিতে subject হিসেবে কাজ করছে, clause marker নয়। তাই এ adjective clause-টি reduce করা যাবে না। So,

01. *Subject*-কে *object* এবং *object*-কে *subject* করতে হয়।

02. *Subject* ও *tense* অনুসারে *verb 'to be'* বসে।

03. *Principal verb*-এর *past participle* করতে হয়।

04. *Object*-এর পূর্বে *by* বসে।

Chart - এর মাধ্যমে tense অনুসারে passive করতে verb 'to be' এর ব্যাবহার নিচে দেয়া হলো ঃ-

From	Present	Past	Future
Indefinite	am/is/are	was/were	shall/will be
Continuous	am/is/are/being	was/were being	shall/will be being
Perfect	have/has been	had been	shall/will havebeen

Exercise on VOICE change

Active	Passive
I do the work	The work is done by me
I am writing a letter	A letter is being written by me.
He has written a letter	A letter has been written by him
Jahid wrote a letter	A letter was written by Jahid
They were building a house	A house was being built by them
He had written a letter	A letter had been written by him
He will write a letter	A letter will be written by him
You will be selling books	Books will be being sold by you
You should obey your Parents	Your Parents should be obeyed by you
You have to do the work	The work has to be done by you
He annoyed me	I was annoyed with him
The rose smells sweet	The rose is sweet when it is smelt / The rose is smelt sweet
Post the letter	Let the letter be posted
Please meet me	You are requested to meet me
Let me write a letter	Let a letter be written by me
Don't laugh at the Poor	Let not the poor be laughed at

ARTICLE

01. _____ Agriculture is _____ important activity in Bangladesh.

a. no article, the b. no article, an c. An, an d. The, the

02. ____AIDS virus infection is incurable.

a. an b. one c. no article d. the

03. He made _____ few mistakes.

a. an b. the c. a d. no article

সমাধান ঃ c

04. He lives _____ comfortable life.

a. the b. a c. an d. no article

সমাধান ঃ b

article তেমন গুরুত্বপূর্ণ না হলেও এর উপর তোমার ভাল ধারণা থাকলে Sentence Correction তোমার জন্য easy হয়ে যাবে। আর সে কারণেই আমরা article-এর উপর একটি সংক্ষিপ্ত আলোচনা উপস্থাপন করছি যাতে অন্তর্ভূক্ত রয়েছে বিভিন্ন important rules. যদিও article portion থেকে প্রশ্ন হয়না বললেই চলে, তথাপি আমাদের প্রদত্ত rules গুলো follow করে তুমি আসল পরীক্ষার প্রশ্ন সরাসরি common না পেলেও পরোক্ষভাবে common পাবে। এ ব্যাপারে আমরা তোমাকে শতকরা একশ ভাগ নিশ্চয়তা দিচ্ছি। অযথা কথা না বাড়িয়ে চলো দেখে নেই article এর কোন কোন বিষয়গুলো সত্যি সত্যিই তোমাকে আসল পরীক্ষায় সাহায্য করবে।

WhatsApp:- 01300430768
Facebook:- /hridoy.r66
Web:- zerotoinfinity24bd.blogspot.com
বিনামূল্যে বই পেতে এখানে ভিজিট করুন

যখন আমি অসুস্থ হই তখন তিনি (আল্লাহ)
আমাকে আরোগ্য দান করেন।
-সূরা শুয়ারা

সংগ্রহঃ-
RAISUL ISLAM HRIDOY

Rule – 01

Incorrect : *Boy is fond of games.*
Correct : *A boy/boys is/are fond of games.*

Common noun (boy, cow, poet, flower) কোনভাবেই একটি sentence-এ একা আসতে পারে না। common noun-টি হয় *plural* হবে, না হয় এর পূর্বে article *a, an, the* বসবে।

Rule – 02

Rezwan is an officer and his son John is a barrister.

কারো পেশা বা ব্যবসা ইত্যাদি বোঝাতে A বা An হয় ।

Rule – 03

It needs a dozen of eggs.

Dozen, hundred, thousand and *million* এদের পূর্বে a বসে।

Rule – 04

Sad spends two thousands dollar a month.

Each বা *per* (প্রতি) অর্থে A বা An বসে।

Rule – 05

What a beautiful house! , What a nice art!

What দিয়ে exclamatory sentence শুরু হলে *what*-এর পর A বা An বসে।

Rule – 06

Robin saw a most wonderful sight.
Robin saw a very wonderful sight.

Superlative '*most*'-এর পূর্বে সাধারণত the বসে। কিন্তু most-এর অর্থ যখন '*very*' বা খুব বেশি বুঝায়, তখন The এর পরিবর্তে a বসে।

Rule – 07

The girl with long brown hair and brown eyes
is my sister.

Phrase বা clause দিয়ে কোন noun-কে নির্দিষ্ট করে বোঝালে এর আগে the বসে।

Rule – 08

The dog is a faithful (বিশ্বস্ত) animal.

কোন Singular noun দিয়ে সমগ্র জাতি বোঝালে ঐ singular noun-এর পূর্বে The বসে।

Tips

Man ও woman দিয়ে সমগ্র জাতি বোঝালেও এদের পূর্বে article বসে না।

➲ Man is mortal.
➲ Women are weak in muscle.

Rule – 09

The earth revolves around the sun.

Countable noun-এর আগে article বসে এবং uncountable noun-এর আগে article বসতে পারে না। তবে uncountable noun-কে নির্দিষ্ট করে বোঝানো হলে এর পূর্বে article the বসে।

Rule – 10

The earth revolves around the sun.

প্রকৃতির মধ্যে যে সকল জিনিসের অস্তিত্ব শুধুমাত্র একটি তাদের নামের পূর্বে *The* বসে।

Rule – 11

The Japanese are industrious (পরিশ্রমী).
The Bengalis are simple.

যখন Noun দিয়ে কোন জাতিকে নির্দেশ করা হয়, তখন সে noun-টির পূর্বে '*The*' বসে।

Rule – 12

The bus is running on the Gazipur Road.
This book is available on Gulshan Avenue.

Street বা *Avenue*-এর নামের পূর্বে *the* বসতে পারে না কিন্তু '*Road*'-এর নামের পূর্বে *the* বসে।

Rule – 13

I like guitar more than tabla.
As he sang, he strummed (অযত্ন সহকারে বাজানো)
John is playing the violin.

বিভিন্ন ধরনের বাদ্যযন্ত্রের নামের পূর্বে The বসতে পারে না। তবে কেউ বাদ্যযন্ত্র বাজাচ্ছে বোঝাতে তার পূর্বে *The* বসে।

Rule – 14

This book is on the third row of the shelve.

ক্রমবাচক সংখ্যা (যেমনঃ- *first, second, third*) ইত্যাদির পূর্বে *the* বসে।

Rule – 15

The nelson is a British warship.
The Persian Gulf (পারস্য উপসাগর) is well known.

RAISUL ISLAM HRIDOY

সংবাদপত্র, জাহাজ ধর্মগ্রন্থ, বিখ্যাত অট্টালিকা, নদী, সাগর, মহাসাগর, পর্বতমালা, দ্বীপপুঞ্জ ইত্যাদি নামের পূর্বে *the* বসে।

Tips

একটিমাত্র পর্বত বা দ্বীপ বা হ্রদের নামের পূর্বে *The* বসে না।

Mount Everest.

Rule – 16

The Nazrul's 'Agnibina' (incorrect)
Nazrul's 'Agnibina.' (correct)

যদি কোন বইয়ের নামের পূর্বে লেখকের নাম থাকে তবে the বসতে পারে না।

Rule – 17

The USA has a big fleet (যুদ্ধ জাহাজ)

সমষ্টিক বাচক দেশের নামের পূর্বে *the* বসাতে হয়।

Tips

He speaks Japanese.

Noun দিয়ে যখন ভাষায় নাম বোঝায় তখন এর পূর্বে *The* বসতে পারে না।

Rule – 18

The great omar.
The immortal Kalidas.
The orator obama.
The wise Saifur Rahman.

Proper noun এর পূর্বে যদি কোন adjective বসে তবে তার পূর্বে *The* বসে।

Rule – 19

I like the yellow part of an egg.

যদি কোন adjective দ্বারা কোন কিছুর বিশেষ কোন অংশ বোঝায় তবে তার পূর্বে *the* বসে।

Rule – 20

The rich are not always happy.

কোন Adjective যখন কোন Sentence-এর subject হিসেবে বসে তখন তার পূর্বে *the* বসে এবং verb-টি plural হয়।

Rule – 21

She is the prettiest girl.

Adjective-এর superlative form-এর পূর্বে সবসময় *the* বসে।

Rule – 22

Water has no color.
The water of this fond is lucid (স্বচ্ছ)

Material noun (যা গণনা করা যায় না)-এর পূর্বে সাধারণত *the* বসে না। কিন্তু এদেরকে যদি নির্দিষ্ট করে বোঝানো হয়, তবে এদের পূর্বে *the* বসে।

Rule – 23

Kindness is a great virtue.
The kindness of Hatem-Tyee is known to all.

Abstract noun-এর পূর্বেও কোন article বসতে পারে না। তবে material noun-এর ন্যায় abstract noun-কেও নির্দিষ্ট করে বোঝানো হলে এর পূর্বে article *the* বসে।

Rule – 24

Students go to school to learn.
Students went to the school to see their headmaster

School, college, church, hospital, market, prison- ইত্যাদি এরকম স্থানে যদি সাধারণ উদ্দেশ্যে যাওয়া বোঝায়, তবে এদের পূর্বে article বসে না। কোন উদ্দেশ্যে যাওয়া বোঝালে article বসে।

Rule – 25

Crave has taken breakfast.
Joy likes to play cricket.

খেলার নামের পূর্বে বা খাবারের নামের পূর্বে article বসতে পারে না ।

Rule – 26

Summer is the best time for picnic.
ঋতু বা উৎসবের নামের পূর্বে article বসে না।

কিন্তু যখন কোন ঋতুকে নির্দিষ্ট করে বোঝানো হয় তখন তার পূর্বে *The* বসে। যেমনঃ-
I went to the picnic on the last summer.

RAISUL ISLAM HRIDOY

Affirmative & Negative agreement

01. My friend does not like terrorism and _____.

a. neither I do b. neither do I c. I do d. I do either

02. Which one of the following is correct?

a. Pioneer men and women endured terrible hard ships and so to their children.
b. Pioneer men and women endured terrible hardships and so do their children.
c. Pioneer men and women endured terrible hard ships and also the children
d. Pioneer men and women endured terrible hard ships and so did their children

03. Choose the correct answer.

a. She took pictures, and I did so. b. She took pictures, and also I did
c. She took pictures, and I did also d. She took pictures, and so I did
e. She took pictures, and I did the same.

RAISUL ISLAM HRIDOY

Alan finished his report and **I did also.**
অর্থাৎ, Alam তার রিপোর্ট শেষ করেছিল এবং আমিও করেছিলাম।

Alan didn't finish his report and **I didn't either.**
অর্থাৎ, Alam তার রিপোর্ট শেষ করল না এবং আমিও করিনি।

উপরের example দুটি ভালভাবে লক্ষ্য করো। দু'টি sentence-এই প্রথম অংশের verb *'finish'* কে দ্বিতীয়াংশে *repeat* না করে *'also'* ও *'either'* ব্যবহার করা হয়েছে। এভাবে affirmative বাক্যের শেষে also, too, so ব্যবহার করা হয় এবং negative বাক্যের শেষে either, neither ব্যবহার করা হয়।

LOOK AT SOME MORE EXAMPLES
IS / ARE / AM
Salam is very good at drawing and so am I.

I'm allergic to nuts and my brother is also / too.

I am not working very hard at the moment, sham isn't either.

You are not studying regularly and neither is your sister.
অর্থাৎ, তুমি নিয়মিত পড়াশুনা করছ না এবং তোমার বোনও না।

DO/ DOES / DID
John gets up early and so does Bob.
জন ঘুম থেকে ভোরে উঠে এবং ববও ওঠে।

Neil left just after midnight and so did Roz.

Jamal got chance in DU and I did also/too.

I didn't go to the beach last weekend, neither did he.
গত সপ্তাহের ছুটিতে আমি সমুদ্র সৈকতে যাই নি, সেও যায় নি।

I don't eat meat and my brother doesn't either.

HAVE / HAS
I've got an enormous amount of work to do, so has he.

Times have changed and I have also/too.

They haven't worked here long, neither have I.
অনেকদিন ধরে তারা এখানে কাজ করে না, আমিও করি না।

Mary hasn't enjoyed herself so much for a long
time, I haven't either.

MODALS
Clare will be five years old next month and so will Blare. (Clare আগামীমাসে পাঁচ বছর বয়স হবে এবং Blare-ও হবে।)

She can speak four languages, and Jimmy can also / too.

He won't understand, and his brother will not either.

We won't be able to come next week, neither will I.

RAISUL ISLAM HRIDOY

IMPORTANT SUGGESTION

Choose the correct option of the following:

01. A. Jonathan will leave in the morning and so will Widdoson.
B. Jonathan will leave in the morning and will Widdoson.
C. Jonathan will leave in the morning and Widdoson will leave so.
D. Jonathan will leave in the morning and so will leave Widdoson.
E. Jonathan will leave in the morning and so does Widdoson.

02. A. He went to the mountains on his vacation and we did too.
B. He went to the mountains on his vacation and so we did.
C. He went to the mountains on his vacation also we did.
D. He went to the mountains on his vacation and so did.
E. He went to the mountains on his vacation and also did we.

03. A. I didn't see Maria in the party and so didn't Jery.
B. I didn't see Maria in the party and Jery didn't too.
C. I didn't see Maria in the party and also Jery didn't.
D. I didn't see Maria in the party and Jery didn't either.
E. I didn't see Maria in the party and Jery didn't also.

04. A. Jabin didn't plan to attend the conference and Hary didn't.
B. Jabin didn't plan to attend the conference and neither Harry didn't.
C. Jabin didn't plan to attend the conference and neither did Harry.
D. Jabin didn't plan to attend the conference and Hary did either.
E. Jabin didn't plan to attend the conference and either did Harry

05. A. Porter doesn't go that Church, and Shorter doesn't also
B. Porter doesn't go that Church, and so doesn't either.
C. Porter doesn't go that Church, and Shorter doesn't either.
D. Porter doesn't go that Church, and Shorter doesn't too.
E. None of the above.

From the questions 05-07, choose the correct option of the underlined portion:

06. Florida hasn't yet ratified (অনুমোদন করা) **the amendment**(সংশোধন), **and <u>several other states hasn't either.</u>**
A. several other states hasn't either.
B. and neither have several other state.
C. and neither has several other states.
D. and neither has several other states.
E. and several other states haven't either.

07. California relies(নির্ভর করা) **heavily on income <u>from fruit, crops, and Florida also</u>.**
A. from fruit, crops, and Florida also.
B. from fruit, crops, and so does Florida.
C. from fruit, crops, and Florida does so.
D. and so does Florida.
E. from fruit, crops and Florida is as well.

08. Pioneer(অগ্রদূত) **men and women endured**(সহ্য করা) **terrible**(ভীষণ) **hardships**(কষ্ট), **<u>and so do their children.</u>**
A. and so do their children
B. and neither did their children.
C. and also the children.
D. and so did their children
E. and but don't do their children.

09. _____Statue of liberty was a gift of friendship from France to the United States.
A. a B. an C. the
D. No article E. Both a & b

10. Lack Eric is one of _____ five Great lakes in North America.
A. a B. an C. the
D. No article E. Both a & b

11. Phil can't go to the movies tonight because he has to write _____ essay.
A. a B. an C. the
D. No article E. Both a & b

RAISUL ISLAM HRIDOY

12. No one in the Bangla class knew _____ correct answer to Mrs. Bonna's question.
A. a B. an C. the
D. no article E. Both a & b

13. You are going to school tomorrow, _____?
A. Are you B. Do you C. Does you
D. Aren't you E. Don't you

14. She's been studying English for two years, _____?
A. Does she B. Doesn't she C. hasn't she
D. has she E. isn't she

15. You and I talked with the professor yesterday,_____?
A. don't we B. didn't we C. didn't you
D. didn't I E. didn't you and I

16. You are taking the admission test, _____?
A. won't you B. will you C. aren't you
D. why aren't you E. are you

17. Which of the following sentence is correct?
A. The matter is been examined
B. The matter having being examined
C. The matter is being examined
D. The matter has been being examined
E. None

18. Farid is better than Hamid, _____?
A. Isn't it B. Isn't not C. Is it
D. Isn't he E. Is not he

19. *Choose the correct passive voice form of the following sentence* 'All of his friends laughed at him'. (তার সকল বন্ধুরা তাকে উপহাস করেছিলো)
A. He laughed at all of his friends.
B. He was laughed at by all of his friends.
C. All of his friends had laughed at him.
D. All of his friends were laughed at by him. E. None of the above.

20. His work was interrupted (বাধাগ্রস্থ হওয়া) **_____ our sudden noise.**
A. on B. by C. in D. at E. for

21. _____ first world war was finished with a lots of damages and tests.
A. the B. a C. an
D. no article E. both b & c

22. _____ Chapter three is most important for your 2nd semester final exam.
A. the B. a C. an
D. no article E. both b & c

23. _____ Constitution should be changed for the benefit of people.
A. the B. a C. an
D. no article E. both b & c

24. _____Mathematics is very important for your coming exam.
A. the B. a
C. an D. no article E. both b & c

25. John is _____ student. When he finishes his studies, he wants to be _____lawyer.
A. a, a B. an, an C. the, the
D. none E. all of the above

26. these books aren't yours _____ ?
A. are these B. aren't these
C. are they D. aren't they

27. No one died in the accident, _____ ?
A. didn't they B. did he
C. didn't he D. did they

28. They are studying pronunciation with Mr. Brown, _____ ?
A. are they B. aren't they
C. do they D. don't they

29. she should have obeyed her parents, ____ she ?
A. should B. should have
C. shouldn't have D. shouldn't

30. My father doesn't speak Chinese, and _____ .
A. my mother does either

RAISUL ISLAM HRIDOY

B. my mother doesn't either
C. neither does my mother
D. so doesn't my mother

31. The air-hostess knows the time she has been here, _____?
A. does she B. isn't it C. doesn't she
D. did she E. none

32. This is the second time she has been here, _____ ?
A. has she B. hasn't she C. isn't this
D. isn't it E. all of the above

33. They must do as they are told, _____ ?
A. so must I B. I must either C. I do too
D. I am too E. I must neither

34. "I don't like strong coffee" "No, ____.
A. I don't too B. either don't I
C. me either D. neither don't I

35. He hardly has anything nowadays, _____ ?
A. has he B. doesn't he
C. does she D. hasn't she

36. You've never been in Italy, _____ ?
A. haven't you B. have you
C. been you D. had you

37. Sally turned in her report, _____ ?
A. had she B. did she
C. hadn't she D. didn't she

38. Choose the correct passive voice of the following sentence: *Nobody told me that George was ill.*
A. I was told that
B. I wasn't told that George was ill.
C. George wasn't told to be it.
D. George was told not to be ill.

39. Choose the correct passive voice of the following sentence: *I think they should have offered Tom the job.*
A. I think Tom should have been offered the job by them.
B. I think Tom should have been offered the job
C. I am thought they should have offered Tom the job
D. I think the job should have been offered Tom.

Answer Key & Explanation

01. (A) (A) থেকে (E) পর্যন্ড় বাক্যগুলির উপর চোখ বুলালে দেখা যায় *and*-এর পূর্বের অংশ একই। এবার *and*-এর পরের অংশ যেগুলিতে ভুল সেগুলি বাদ দিতে হবে। (A)-তে সঠিক মনে হচ্ছে। (B)-তে *so* না থাকায় এটি বাদ। (C)-তে '*so*' বাক্যের শেষে চলে গেছে এবং এখানে *so*-এর বদলে *too* বা *also* বসলে সঠিক হতো। এভাবে (C) বাদ হল। (D)-তে *so will*-এর পর অতিরিক্ত *leave* দরকার নেই, *so will*-এর পর ব্যক্তি বসবে। বাক্যের প্রথমাংশে *will* থাকায় *and*-এর পর *so will* হবে, *so does* হবে না। কাজেই (E) বাদ। সুতরাং (A)-ই সঠিক। এবার বাক্যের অর্থ জানা যাক :
অর্থাৎ, Jonathan সকালে চলে যাবে এবং widdoson-ও যাবে।

02. (A) Auxiliary verb ব্যতিত অন্য কোন verb থাকলে *so, too, also* যুক্ত অংশে tense অনুযায়ী *do, does, did* বসাতে হয়।
অর্থাৎ, তার ছুটিতে সে mountain-এ গিয়েছিলো এবং আমরাও গিয়েছিলাম।

03. (D) Negative বাক্যে either ও neither বসে। also, too, so হয় না। আমি পার্টিতে Maria-কে দেখিনি এবং Jerry-ও দেখে নাই।

04. (C) Negative বাক্যে *either*-এর position হচ্ছে verb-এর পর আর *neither*-এর position হচ্ছে verb এর আগে।
Jabin সম্মেলনে যোগদান করার পরিকল্পনা করেনি এবং Harry-ও করেনি।

05. (C) Negative বাক্যে *either* ও *neither* বসে। Porter চার্চে যায় না এবং Shorter-ও যায় না।

06. (E) *and* এর পর দ্বিতীয়াংশের subject হলো *several other states* যা plural, আর plural subject-এর সাথে *have* বসে, *has* নয়। এজন্য (A), (C) ও (D) বাদ। (B)-তে state-এর সাথে 's' নেই বলে এটি ভুল। অর্থাৎ, Florida রাজ্য এখনও আইনের সংশোধন অনুমোদন করেনি এবং অন্য কয়েকটি রাজ্যও করেনি।

07. (B) *So* এর position হলো verb এর আগে এবং *also* ও *too*-এর position হলো verb-এর পর । (A)-তে, দ্বিতীয়াংশে verb না থাকায় এটি সঠিক হয়নি।

RAISUL ISLAM HRIDOY

আবার লক্ষ্য করো (D)-তে *so*-এর ব্যবহার সঠিক হলেও *from fruit, crops* না থাকায় (D)-ও সঠিক উত্তর হয়নি। (B)-ই সঠিক। অর্থাৎ, ফল, শস্য থেকে আয়ের উপর California খুবই নির্ভরশীল এবং Florida-ও নির্ভরশীল।

08. (D) Affirmative statement-টি past form-এ থাকায় *so* এরপর verb-টি ও past tense-এ হবে। (A)-তে *so*-এর পর verb-টি present tense-এ থাকায় (A) সঠিক উত্তর হয়নি। অর্থাৎ, Pioneer পুরুষ ও মহিলারা অনেক কষ্ট সহ্য করেছিলো এবং তাদের সন্তানেরা-ও সহ্য করেছিলো।

09. (C) যে কোন *Mountains, Statue* ইত্যাদি আগে *the* বসে। তাই
Correct Answer হবে C (the) .

10. (C) অনেকগুলি বা কতকগুলি জিনিসের মধ্যে একটি বুঝাতে *One of the (things)* এভাবে ব্যবহৃত হয় বলে উত্তর *the* হবে।

11. (B) যে কোন vowel sound এর আগে article হিসেবে "an" বসে। এখানে তাই *essay* এর আগে *an* বসবে।

12. (C) কোন নির্দিষ্ট বস্তুর আগে *the* বসে। এখানে যেহেতু একটি নির্দিষ্ট Correct Answer এর কথা বলা হয়েছে, তাই আগে the বসবে।

13. (D) *are* থাকাতে এবং sentence টি positive থাকাতে tag হবে Negative; কাজেই এখানে question tag হিসেবে `*Aren't you*" হবে। অর্থাৎ, তুমি আগামীকাল স্কুলে যাচ্ছ, তাই নয় কী?

14. (C) Sentence Structure দেখে বুঝা যাচ্ছে এটি present perfect continuous tense. *So,* এখানে *She*'s মানে `*She has*" So, Correct tag question form হবে " *hasn't She*"; অর্থাৎ, সে দুই বৎসর ধরে ইংরেজি পড়ছে, তাই নয় কী?

15. (B) এখানে Subject দুটি থাকাতে tag question তৈরীর সময় *we* ব্যবহার করতে হবে। আর Sentence-টি যেহেতু past simple, তাই question tag হবে "*didn't we*" .

16. (C) *You are* থাকাতে *aren't you* হবে।

17. (C) Continuous tense এর passive voice করতে হলে *is*-এর পর *being* বসে। তাই correct answer-এর ক্ষেত্রে "*is being*" বসবে।

18. (D) Sentence-এ যেহেতু *is* আছে তাই tag question হিসেবে "*isn't*" বসবে। Farid-এর বদলে এখানে *he* বসবে।

19. (B) Sentence-টি একটি past indefinite tense. So, passive voice হিসেবে " *he was laughed* ----------" হবে।

20. (B) Passive voice-এর ক্ষেত্রে যার দ্বারা কাজ হয় তা বুঝাতে বেশীরভাগ ক্ষেত্রেই *by* বসবে। এখানে by-ই বেশি অর্থবোধক।

21. (A) যে কোন ordinal number(যেমনঃ first, second, third.....)-এর আগে *the* বসে।

22. (D) কোন Cardinal number(যেমন, ১,২, . . .) এর ক্ষেত্রে আগে সাধারণত *the* বসাতে হয় না। এখানে "*three*" একটি Cardinal number.

23. (A) যে কোন *historical* document-এর আগে *the* বসে। তাই এখানে Constitution-এর আগে *the* বসবে।

24. (D) কিছু কিছু word subject হিসেবে বসলে তার আগে কোন article use করতে হয় না। *mathematics*-এ রকম একটি word.

25. (A) পেশার নামের পূর্বে a / an বসে। অর্থাৎ a lawyer, a teacher, a manager এরকম হয়।

26. (C) aren't থাকায় কমার পরে are they হবে।

27. (D) No one-এর পরিবর্তে they বসে। আর died থাকায় did হবে।

28. (B) are studying থাকায় aren't they হবে।

29. (D) should থাকায় tag question-এ shouldn't they হবে।

30. (B) ..... and sub + do / does / did + not + either এভাবে হয়।

31. (C) The air-hostess knows থাকায় doesn't she হবে।

32. (D) This is the second time এই অংশের জন্য tag question হিসেবে isn't it-ই হবে।

33. (A) So must I, so do I, So did I এভাবেই হয়।

34. (C) No থাকায় আর নতুন করে I don't either বলার দরকার নেই। me either বললেই হয়ে যায়।

35. (A) Hardly থাকায় পরের অংশে আর negative প্রয়োজন নেই আর দ্বিতীয়ত he আছে বিধায় she না হয়ে he-ই বসবে।

RAISUL ISLAM HRIDOY

36. (B) প্রথমাংশে have never থাকায় পরে have you হবে।

37. (D) turned থাকায় didn't she হবে।

38. (B) Principal ও subordinate clause একসাথে থাকলে principal clause অংশটুকু passive হয়।

39. (A) A-ই সঠিক আছে।

RAISUL ISLAM HRIDOY

RULE – 01

01. In the past people used _____ on horseback.

a. to travel b. traveling c. travel d. traveled

02. Almost everyone fails _____on the first try.

a. in passing the driving test
b. to pass his driver's test
c. to have passed his driver's test
d. passing his driver's test

VERBS THAT TAKE ONLY INFINITIVE

Agree	**Aim**	**Afford**	**Appear**
Ask	**Arrange**	**Care**	**Choose**
Claim	**Consent**	**Dare**	**Decide**
Decline	**Demand**	**Deserve**	**Desire**
Expect	**Fail**	**Guarantee**	**Happen**
Hope	**Intend**	**Know**	**Learn**
Manage	**Need**	**Offer**	**Plan**
Pledge	**Prepare**	**Pretend**	**Promise**
Refuse	**Resolve**	**Seem**	**Tend**
Struggle	**Swear**	**Volunteer**	**Wait**
Want	**Wish**	**Would like**	

EXAMPLES

I hope to go on a vacation soon. ***NOT:*** I hope going on a vacation soon.

He promised to go on a diet. ***NOT:*** He promised going on a diet.

They agreed to sign the treaty. ***NOT:*** They agreed signing the treaty.

Because she was nervous, she hesitated to speak. ***NOT:*** Because she was nervous, she hesitated speaking.

They will attempt to resuscitate the victim ***NOT:*** They will attempt resuscitating the victim.

The weather tends to improve in May. ***NOT:*** The weather tends improving in May.

We demand to know our status. ***NOT:*** We demand knowing our status.

I claim to be a manager. ***NOT:*** I claim being a manager.

RAISUL ISLAM HRIDOY

RULE – 02

01. Teachers dislike _____ the examination routine as much as students do.
a. changing b. change c. having d. to be changed

02. I regret _____ to the University. [D Unit: 2003 - 2004]
a. not to go b. not gone c. not going d. not have go

03. I regret _____ Marzina about the wedding.
a. tell b. to tell c. telling d. to telling

04. He hates _____ the phone and very often lets it _____ .
a. attending, off b. answering, ring c. ringing, off d. holding, ring

VERBS THAT TAKE ONLY GERUND

Acknowledge	**Admit**	**Advise**	**Anticipate**
Avoid	**Appreciate**	**Consider**	**Defend**
Defer	**Delay**	**Deny**	**Detest Discuss**
Dislike	**Endure**	**Enjoy**	**Escape**
Excuse	**Feel**	**Like**	**Finish**
Go	**Imagine**	**Involve**	**Keep**
Mention	**Mind**	**Miss**	**Need(Passive)**
Omit	**Postpone**	**Practice**	**Prevent**
Quit	**Recall**	**Recollect**	**Recommend**
Regret	**Resent**	**Resist**	**Resume**
Understand	**Suggest**	**Tolerate**	**Risk**

RAISUL ISLAM HRIDOY

EXAMPLES

They always avoid drinking before driving. ***NOT:*** They always avoid to drink before driving.

I recall asking her that question. ***NOT:*** I recall to ask her that question.

She put off buying a new jacket. ***NOT:*** She put off to buy a new jacket.

Mr. Allen enjoys cooking. ***NOT:*** Mr. Allen enjoys to cook.

Charles keeps calling her. ***NOT:*** Charles keeps to call her.

She is considering not going. ***NOT:*** She is considering not to go.

I miss watching the news when I am traveling. ***NOT:*** I miss to watch the news when I am traveling.

RULE – 03

VERBS THAT TAKE BOTH GERUND & INFINITIVE

Attempt	**Begin**	**Cease**	**Hate**	**Can/Can't Bear**
Continue	**Forget**	**Love**	**Neglect**	**Prefer**
Propose	**Remember**	**See**	**Try**	**Can/Can't Stand**

EXAMPLES

Jack forgets to take out the cat. (He regularly forgets.)

Jack forgets taking out the cat. (He did it, but he doesn't remember now.)

Jack remembers to take out the cat. (He regularly remembers.)

Jack remembers taking out the cat. (He did it, and he remembers now.)

They love *to go* to the movies.

They love *going* to the movies.

RULE – 04

WORDS WITH PREPOSITION *(TO)* TAKE *GERUND*

Adjust To	**Be Accustomed To**	**Adapt To**
Look Forward To	**Object To**	**Be Used To**
Object To	**With A View To**	**In Addition To**

EXAMPLES

I have been looking forward to meeting you. ***NOT:*** I have been looking forward to meet you.

RAISUL ISLAM HRIDOY

He wouldn't mind waiting.

NOT: He wouldn't mind to wait.

I am accustomed to getting up early.

NOT: I am accustomed to get up early.

I am used to studying at deep night

NOT: I am used to studying at deep night.

PRACTICE ON INFINITIVE & GERUND

01. When his financial advisor revealed some facts on stock exchange market, he hesitated _____ investment, but after a short while he was resolute _____steps towards investing his money in it.

A) to make / taking
B) make / taking
C) making / to take
D) to make / to take
E) to be investing / take

02. We avoid _____ our environment.

A) polluting
B) to pollute
C) polluted
D) pollutes

03. I will go with you when I have finished _____ my work.

A) to have done
B) do
C) doing
D) to do

04. Suddenly everybody stopped _____, there was silence.

A) talking
B) to talk
C) talked
D) being talked
E) none

05. There was no point _____ whether any more surveys should be applied for the future market of the product, which recorded a steady rise.

a) to hesitate
b) hesitating
c) of hesitating
d) in hesitating
e) for hesitating

06. He clearly remembers _____ by the window _____ the people outside rushing to their office.

A) having stood / watching
B) standing / to watch
C) to stand / having watched
D) stand / watch
E) to have stood / to watch

07. Meryem regrets _____ Semih _____ her homework. Now she is worried that she will get quite a low grade in today's quiz.

A) persuaded / to do
B) having persuaded / doing
C) being persuaded / to do
D) to persuade / doing
E) persuading / to do

08 . We tried hard, and in the end, we were able to _____ Mehmet _____us his car just for an hour.

A) make / lending
B) force / lend
C) get / to lend
D) have / lent
E) let / lending

RAISUL ISLAM HRIDOY

09. You don't have the right to blame me _____ this untimely arrival, I was completely busy _____ your business invitations.

A) with / typing
B) up / to type
C) on / in typing
D) for / typing
E) by / to type

10. I am not curious _____ the tricks of the business at all.

A) being told
B) to have told
C) telling
D) to be told
E) having told

ANSWER KEYS

1. D 2. A 3. C 4. A 5. D
6. A 7. E 8. C 9. D 10. D

RULE – 05

1. Pupils raise their hands too often .

2. The cost of living rises 3 Percent in every year.

Raise ও Rise verb দুটির মধ্যে ***RAISE*** takes an object এবং ***RISE*** doesn't take an object.

RULE – 06

01. Lay the child down to sleep.

02. Let me lie here.

03.We lay under that tree.

Following are some of the more commonly misused words in English:

Verb word	Past	Past Participle	Continuous	Meaning
lie	lied	lied	lying	to tell an untruth
lie	lay	lain	lying	to recline (শুয়ে থাকা)
lay	laid	laid	laying	to put down

উপরের শব্দগুলোর বানান, অর্থ, Past Participle এবং Continuous form-গুলো ভাল করে বুঝে ও শিখে নাও । 'Lie' অর্থ মিথ্যা বলা এবং শুয়ে থাকা। আর 'Lay' অর্থ কোথাও কিছু রাখা অর্থাৎ to put. 'Lay' verb টি followed by an object অন্যদিকে 'Lie' verb টি can't have an object.

আর একটি জোড়া শব্দ যেটা প্রায়ই confusion (বিভ্রান্তি) সৃষ্টি করে তা হলো **Affect** ও **Effect**. মনে রাখবেঃ affect হলো verb এবং effect হলো noun. Affect অর্থ প্রভাবিত করা (to influence)। যেমনঃ The flood affected our economy. আর effect অর্থ হলো ফলাফল (Result). যেমনঃ

The effect of flood is devastating (বিপর্যয়কর)

RULE – 07

1. Please set the telephone on the table by the bed.

2. Their house sits on hill overlooking a lake.

'Set'-এর পর একটি object লাগে। অন্যদিকে 'sit'-এর পর কোন object লাগে না।

Different forms of this two verb words:

Present	Past	Past Participle
Set	Set	Set
Sit	Sat	Sat

RULE – 08

1. Karen's father borrows money from the bank every term.

2. The bank lends money to Karen's father every term.

'borrow' অর্থ 'ধার করা' এবং 'lend' অর্থ 'ধার দেওয়া'। The word 'borrow' is often followed by the

RAISUL ISLAM HRIDOY

word '*from.*' and the word 'lend' is often followed by the word '*to'*.

Forms of verb words

Present	Past	Past Participle
Borrow	borrowed	borrowed
lend	lent	lent

RULE – 09

1. We made an agreement with each other.
('agreement' word টি 'agree' verb থেকে এসেছে)
2. I really don't mind doing the homework.
('homework' describes one type of work.)

'To make' and ***'to do'*** শব্দ দুটির অর্থ প্রায় similar হলেও the word *'make'* follows a word that derives from verb word. অপরদিকে, the word *'do'* follows a word that describes '*work* and *chores'* (চৌর্ - গৃহস্থালী কাজ)

RULE – 10

Be careful not to lose your money.

The horse was loose in the field.

'Lose' (With one o) একটি verb যার অর্থ 'not to find' বা 'কোন কিছু হারানো'। 'Loose' (with double o) একটি adjective যার অর্থ 'unfastened', 'free' বা 'ঢিলা', মুক্ত'।

RULE – 11

The people of Bangladesh are intelligent but lazy.
(এখানে people দিয়ে 'বাংলাদেশী' একটি nation-কে বোঝাচ্ছে।)

The peoples of Europe are aften engaged in war. (ইউরোপের মধ্যে কয়েকটি nation থাকায় দ্বিতীয় উদাহরণে people-এর plural form ***peoples*** হয়েছে।)

একটি nation বোঝাতে people বসে এবং একাধিক nation বোঝাতে peoples বসে।

RULE – 12

It is very hot in the summer.

The situation is very serious.

Think about it very carefully before deciding.

একটি sentence-এ adjective ও adverb-কে simply stronger করার জন্য very বসে। এখানে adjective 'hot' ও 'serious' এবং adverb 'carefully' কে 'very' stronger করছে।

Thomas is too weak to walk.

Henri's latest show is simply too good to miss.

অন্যদিকে, কোন কিছুর পরিমান more than enough বা অতিরিক্ত বেশি বোঝাতে too.....to বসে। এক্ষেত্রে too clause-টি cause প্রকাশ করে এবং infinitive অংশটি Result (ফলাফল) প্রকাশ করে।

এখানে first example-এ 'too' clause 'দুর্বল' এ cause টি প্রকাশ করছে এবং infinitive অংশে দুর্বলতার ফলে 'হাটতে পারছে না ' ফলাফল টি প্রকাশ করা

Tips: Too.....to অর্থ 'এত যে.... না'। মনে রাখবে, একটি **sentence-এ too clause**-টি থাকলে অবশ্যই **infinitive** অংশটিও থাকবে। অন্যথায় **Sentence**-টি ভুল হবে।

RULE – 13

He is so slow that he never gets to class on time.

I have never seen such an animal before.

so-এর পর adjective বা adverb বসবে এবং such-এরপর noun বসবে।

RAISUL ISLAM HRIDOY

Let's read the following two examples carefully

i) It was so interesting a book that he couldn't put
it down.
ii) It was such an interesting book that he couldn't
put it down.

So বা such যুক্ত clause এর ক্ষেত্রে দ্বিতীয় clause-টি অবশ্যই that দিয়ে শুরু হবে। কোন অবস্থাতেই that এর পরিবর্তে as বসতে পারবে না।

RULE – 14

i) There is no bread left.

ii) There is not any bread left.

'No' takes its position just before the noun. কিন্তু noun-এর সাথে যদি কোন adjective যেমন-any, much, enough থাকে তবে adverb 'not' বসাতে হয়।

RULE – 15

i) The lame (খোরা) person is not able to walk easily.

ii) The lame person doesn't walk easily.

Present indefinite tense ও past indefinite tense-এ একটি verb-কে negative করার জন্য do, does, did-এর সাথে not বসানো হয় এবং একটি adjective-কে negative করার জন্য am, is, are, was, were এরপর not বসানো হয়।

RULE – 16

01. The correct translation of 'এটি কিভাবে করতে হয়
তা জানি' **is –**
a. I know to doing it
b. I know to do it how
c. I know how to do it
d. I know about doing it

02. Which one of the following is correct.
a. He knows to type.
b. He knows how to type
c. He knows the typing
d. None of the above

'Know' verb-এর পর যদি আরেকটি verb আসে তবে দ্বিতীয় verb-এর আগে how to বসাতে হয়। যেমন:
i) If she knew driving, John would lend her his car.

ii) If she knew how to drive, John would lend her
his car.

RULE – 17

The results of the exam are to be announced tomorrow. (পরীক্ষার ফল আগামীকাল প্রকাশ করা হবে)।

The results of the exam were to be announced yesterday. (পরীক্ষার ফল গতকাল প্রকাশ করার কথা ছিল)।

'ভবিষ্যত পরিকল্পনা' বোঝাতে be verb এর Present form-এর সাথে Passive infinitive 'to be' বসে। আর অতীতে কোন পরিকল্পনা বাস্তবায়ন হবার কথা ছিলো কিন্তু হয়নি এমন বোঝাতে be verb-এর Past form-এর সাথে passive infinitive 'to be' বসে।

RULE – 18

i) This paragraph needs revising.

ii) This paragraph needs to be revised.

'Need' verb-টি দিয়ে যদি কোন কিছু repair (মেরামত) বা improvement বোঝায়, তবে need verb-এর পর দ্বিতীয় verb-এর সাথে হয় 'ing' যুক্ত হবে, না হয় passive infinitive হবে।

RULE – 19

i) I had hoped that she would come to the party.

ii) We had hoped that he would stay longer.

অতীতে কোন কিছু হওয়ার বা ঘটার আশা করা হয়েছিলো, কিন্তু হয়নি
বা ঘটেনি এমন বোঝাতে '*Had Hoped*' use করা হয়।
Had hoped-এর ক্ষেত্রে অবশ্যই দ্বিতীয় আরেকটি

RAISUL ISLAM HRIDOY

clause লাগবে যা *'that'* দিয়ে শুরু হবে এবং main verb-এর আগে অবশ্যই *'would'* বসবে।

RULE – 20

i) I only know how to run one type of computer program.

ii) We saw several kinds of birds of the wild life preserve.

Kind ও Type দুটি-ই classification express করে যা singular. যদি এদের পূর্বে plural indicator থাকে তবে এরাও plural অর্থাৎ kinds and types হয় এবং পরে noun থাকলে এদের পর of বসে।

RULE – 21

i) Winning is not as important as playing well.

ii) The winning of prizes is not as important as playing well.

iii) The poetry of Carl Sandburg is being read at the student union on Friday.

'Ing' যুক্ত noun, uncountable noun বলে এর পূর্বে article বসতে পারে না। কিন্তু যদি uncountable noun এরপর একটি prepositional phrase থাকে তবে এর পূর্বে article 'the' বসতে পারে।

RULE – 22

i) Look in the second volume of the modern medical dictionary.

ii) Look in volume two of the modern medical dictionary.

Cardinal numbers (one, two, three, four etc) এর আগে article বসে না কিন্তু ordinal numbers (first, second, third etc) এর পূর্বে article 'the' বসে। এছাড়াও ordinal numbers-এর position হলো noun-এর আগে এবং cardinal numbers এর position হলো noun-এর পরে।

Tips

একটি **Sentence**-এ এক সাথে **cardial** ও **ordinal number** থাকলে আগে **ordinal number** এবং পরে **cardinal number** বসে।

যেমন:

I have read the first two chapters.

RULE – 24

Foiz's father wanted him to be an engineer instead of a geologist.

Foizi's father wanted him to be an engineer instead.

The words 'Instead of' and 'Instead' অর্থ 'পরিবর্তে'। একটি sentence-এ 'Instead of' এর position হলো noun, adjectives ও adverb এর আগে আর 'Instead' এর position হলো একটি sentence বা clause এর শেষে।

RULE – 24

Despite the interruption, she was still able to finish her assignment.

In spite of the interruption, she was still able to finish her assignment.

'Despite' ও 'In spite of' শব্দ দুটির অর্থ হলো 'সত্ত্বেও'। এদের পর সবসময় 'noun phrase' বসে। কোন অবস্থাতেই এদের পর clause (sub+verb) বসতে পারে না।

Tips

'Despite' কে despite of এবং 'in spite of' কে শুধু in spite লেখা যাবে না।

RULE – 25

i) They decided to stay at home because the weather was bad

ii) They decided to stay at home because of bad weather.

'Because of' noun বা noun phrase-এর আগে বসে। অন্যদিকে 'because' (without 'of') is a conjunction. যা একটি clause (subject and verb) এর আগে বসে।

Important Suggestion

RAISUL ISLAM HRIDOY

Choose the correct answer of the following :

01. Insurance rates are not the same for different people because they are not likely _____ the same risk.
A. have B. having C. to have
D. have to E. to having

02. After her famous husband's death, Eleanor Roosevelt continued ——— for peace.
A. work B. to work C. to working
D. working E. The working

03. Although fraternal twins are born at the same time, they do not tend (ইচ্ছা/প্রবণতা) _____than do other siblings (ভাই বা বোন).
A. resembling each other any more
B. to resemble (সমরূপ হওয়া) each other any more
C. to resembling each other any more
D. resemble each other any more
E. to resemble each other more any.

04. Strauss finished ——— two of his Published compositions before his tenth birth day.
A. written B. write C. to write
D. writing E. to writing

Choose the incorrect word or phrase of the following :

05. During Jackson's administration, (a) <u>those</u> who didn't (b) <u>approve</u> of (c) <u>permit</u> common people in the white house were (d) <u>shocked</u> by the president's insistence that they be (e) <u>invited</u> into the mansion.

06. The average elevation (উচ্চতা) of the Himalayas (a) <u>is</u> <u>twenty</u> (b) <u>thousand</u> feet, and Mount Everest (c) <u>raises</u> to more than twenty nine thousand (d) <u>feet</u> (e) <u>at</u> it's apex

07. Melanin (a dark substance in the skin and the lair) a Pigment (রঞ্জক পদার্থ) that (a) <u>lays</u> under the skin, (b) <u>is</u> responsible for skin color, (c)<u>including</u> the variations that (d)<u>occur</u> among (e) <u>different</u> races.

08. Hyde Park, (a) <u>the family estate</u> of Franklin D. Roosevelt, (b) <u>sets</u> (c) <u>on top of</u> a bluff (d) <u>overlooking</u> (e) <u>the Hudson river.</u>

09. Either a saving and loan company or a bank can (a) <u>borrow</u> money to (b) <u>those</u> <u>People</u> who want (c) <u>to buy</u> (d)<u>a home</u>. (e) <u>No error</u>.

Choose the correct answer of the followings.

10. The president usually <u>doesn't do a statement</u> unless his press secretary approves (অনুমোদন করা) **it.**
A. does not do a statement
B. doesn't make a statement
C. doesn't statement
D. no statement
E. doesn't making a statement

11. A one hundred horsepower tractor <u>can make the work of</u> a large number of horses.
A. can make the work of
B. can do make the work of
C. can the work of
D. can does the work of
E. can do the work of

12. Countries may <u>borrow large sums of money from</u> the World Bank for development projects.
A. borrow large sums of money from
B. lend large sums of money from
C. borrow large sums of money
D. lend large sums of money
E. borrow large sums of money to

13. When Jacqueline Kennedy was first lady, she collected many beautiful antiques (প্রাচীনকালের নিদর্শন) **and <u>sat them among the original pieces</u> in the white house.**
A. sat them among the original pieces
B. set them among the original pieces

RAISUL ISLAM HRIDOY

C. sit them among the original pieces

D. sits them between the original pieces
E. set them between the original pieces

14. Representative democracy seemed evolve simultaneously during the eighteenth and nineteenth centuries in Britain, Europe, and the United States.
A. Representative democracy seemed evolve(বিকশিত হওয়া) simultaneously(একই সময়ে)
B. Representative democracy seemed evolving simultaneously
C. Representative democracy seeming to evolve simultaneously
D. Representative democracy seemed to evolve simultaneously
E. Representative democracy seeming evolving simultaneously

15. We (a) should be (b) accustomed to (c) sleep (d) early because (e) it is good for health.

16. One of the least effective ways of storing information is learning ——— it.
A. how repeat B. repeating C. to repeat
D. repeat E. to repeating

17. Many people have stopped ——— because they are afraid that it may be harmful to their health.
A. to smoke B. smoking C. smoke
D. to smoking E. smoking to

18. Many modern architects insist on ——— materials native to the region that will blend into the surrounding landscape (স্থল ভাগের দৃশ্য)
A. use B. to use C. the use
D. using E. to using

19. Shells have (a) served as currency (b) in many (c) lands and among many (d) different (e) people.

20. Mercury (a) is not often (b) visible (দৃশ্যমান) (c) because it is (d) very (e) near the sun to be seen.

21. The (a) smallest of the apes (গরিলা বানর) and the gibbon (দীর্ঘবাহু জাতীয় বানর) is (b) distinguished (পৃথক করা/আলাদা করা) (c) by (d) its (e) too long arms.

22. (a) Have designed his own plane, *The Spirit of St. Louis*, Lindbergh (b) flew from Roosevelt field in New York (c) across the ocean(d)to Le Bourget Field(e)outside Paris.

23. (a)By the mid-nineteenth century, land was (b)such expensive in large cities that architects began (c) to conserve (সংরক্ষণ করা) (d)space (e) by designing skyscrapers(গগন চুম্বী অট্টালিকা)।

Choose the correct answer of the following :

24. Water is _____ that it generally contains (কন্‌টেইন্ - ধারণ করে) **dissolved** (গলিয়া যাওয়া) **materials in greater or lesser amounts.**
A. such excellent solvent (অন্য পদার্থ গলাইতে সক্ষম)।
B. such excellent a solvent
C. such an excellent solvent
D. such a excellent solvent
E. a such excellent solvents

25. The tiny (ছোট) **Pictures on microfilm are ____ small to be read with the naked eye** (খালি চোখে)।
A. So B. Too C. much

RAISUL ISLAM HRIDOY

D. Such E. Very

26. Diamonds _____ to be made into gems (রত্ন) are used in industry for cutting and drilling.
A. that is no good enough
B. that are no good enough
C. that is not good enough
D. that are not good enough
E. Both (B) & (D)

27. In a liberal arts curriculum, it is assumed (অ্যাসিউ্মড্ - মনে করা হয়/অনুমান করা হয়) that graduates will_____ about English, languages, literatures, history and the other social sciences.
A. know B. know how
C. knowledge D. knowing E. to knowing

28. The C unit examination of D.U. ___ by the year 2012.
A. completely revised (রিভাইঝ্ - পুন:পরিক্ষা ও সংশোধন করা)
B. is revised completely
C. is to be revised completely
D. completely is to revise
E. is to be revise completely.

29. If more than five thousand dollars in monetary instruments is transported into the United states, a report needs _____ with the customs office.
A. file B. filing C. to file
D. to be filled E. to be fill.

From the questions 30-35 find the correct option of the underlined portion:

30. Although research scientists had hoped that the new drug interferon prove to be a cure for cancer, its application now appear (অ্যাপীআর্ - দৃষ্টিগোচর হওয়া) to be more limited.
A. that the new drug interferon prove to be a
cure for cancer.
B. that the new drug interferon had proven to
be a cure for cancer.
C. that the new drug interferon would prove to
be a cure for cancer.
D. that the new drug interferon will prove to be
a cure for cancer.
E. that the new drug interferon proved to be
cure for cancer.

31. According to estimates by some botanists, there are seven thousand type of plants.
A. there are seven thousand type of
B. there are seven thousand types of
C. there are type of seven thousand
D. there is seven thousand types of
E. there are types of seven thousand

32. The planning of cities is not a new idea.
A. the planning of cities
B. cities to plan them.
C. plan cities
D. to planning cities
E. planning of cities

33. Music of country-western singers may be related to old English ballads(গাথা).
A. music of country-western singers
B. their music of country-western singers
C. the music of country-western singers
D. Musician of country-western singers
E. none of the above.

34. Four planet from the sun, Mars has a year of 687 days.
A. four planet from the sun, Mars
B. the four planet from the sun, Mars
C. fourth planet from the sun, Mars
D. the fourth planet from the sun, Mars
E. None of the above.

35. John Dewey advocated(সমর্থন করা) teaching methods that provided experiences for students to participate

RAISUL ISLAM HRIDOY

in instead material for them to be memorized.
A. instead of B. not only
C. although D. contrasting
E. instead.

Choose the incorrect word of the following questions.

36. (A) Despite of the fact that backgammon is easy to learn, (B) it is as (C) difficult (D) to play (E) as chess.

37. Many roads and railroads (A) were built in (B) the 1880s (C) because of the industrial cities (D) needed a network (E) to link them with sources of supply.

38. On (A) the fourth July in 1884, the state of liberty was (B) presented (C) formally (D) by the people of France (E) to the people of the united states.

Choose the correct option of the following questions from 39

39. A college bookstore that sells used textbooks stocks _____ along with the new ones on the shelf under course title.
A. its B. their C. his
D. them E. it

40. The television programs we allow _____to watch influence their learning.
A. a children B. our children
C. our child D. their childs
E. your children.

41. Oil plants are _____ they have become the most popular painter's colors.
A. so versatile (বিভিন্ন ধরণের/বহুমুখী)and durable(টেকসই) that
B. so versatile and durable than
C. such versatile and durable as
D. such versatile and durable.
E. such a versatile and durable.

42. _____ in the cultivation of a forest, trees require more careful planning than any other crop does.
A. Because the time and area involved
B. For the time and area involving
C. Because of the time and area involved
D. As a cause of the time and area involved
E. Because of the time and area involving

43. Clones (কৃত্রিমভাবে উৎপন্ন কোন প্রাণী/উদ্ভিদ), **_____are genetically**(বংশগতভাবে)**homogeneous** (সমজাতীয়).
A. plant growing from a single specimen
B. that a planet grow from a single
C. plants grown from a single specimen
D. from a single specimen, plants
E. plant grown from a single specimen

Answer key & explanation

01. (C) '*Likely*' এর পর *infinitive* যুক্ত verb বসে।

02. (D) '*continue*' এর পর *ing* যুক্ত verb বসে।

03. (B) '*tend*' verb টির পর দ্বিতীয় আকেরটি verb বসলে
সেটা *Infinitive* হয়। এখানে *more any* অর্থবোধক নয় বলে (E) বাদ।

04. (D) '*finish*' এর পর verb এর সাথে *ing* যুক্ত হয়।

05. (C) '*approve of*' এর পর ing যুক্ত verb বসে। সুতরাং *Permit* না হয়ে *Permitting* হবে।

06. (C) '*raise*' verb এর কোন object নেই। তাই *raise*
না হয়ে *rise* হবে। এখানে '*rise*' এর অর্থ হচ্ছে
উপরের দিকে যাওয়া ।

07. (A) '*Lay*' এরপর একটি object লাগে। আমরা 'কি' দিয়ে
প্রশ্ন করে object পাই। কিন্তু sentence-এ '*lays*'

RAISUL ISLAM HRIDOY

verb এর কোন object না থাকায় *lays* না হয়ে *lies*
হবে। *Lies* 'অর্থ কোথাও কোন কিছু থাকা/নিহীত থাকা'।

08. (B) '*set*' এরপর object লাগে। object না থাকায়
'*sit*' হবে যার object লাগে না। *Set*
অর্থ কোন কিছু স্থাপন করা/বসানো আর *sit* অর্থ
বসা/কোন স্থান দখল করে রাখা।

09. (A) *Borrow* অর্থ ধার করা আর *lend* অর্থ ধার দেওয়া।
Sentence টিতে '*to those people*' থাকায় বোঝা
যাচ্ছে Bank ধার করছে না বরং People দের ধার
দিচ্ছে। তাই *borrow* না হয়ে *lend* হবে।

তবে *'to those people'* না হয়ে '*from those people*' হলে *borrow* হতো।

10. (B) verb থেকে উদ্ভুত কোন word এর সাথে *make*
বসে। '*Statement*' noun টি verb '*state*' থেকে
উদ্ভুত হয়েছে।

11. (E) গৃহস্থালী কোন কাজ বোঝালে '*Do*' বসে। *make* নয়।

12. (A) কারো কাছ থেকে 'ধার করা' বোঝাতে *borrow* বসে।
lend নয়।

13. (B) *sat* হচ্ছে *sit* verb এর past form যার পর object
বসতে পারে না। কিন্তু 'set এর পর object বসতে
পারে। এখানে '*them*' থাকায় sit বা sat না হয়ে set
হবে।

14. (D) '*Seem*' verb এরপর অন্য আরেকটি verb বসলে
infinitive যুক্ত verb বসে।

15. (C) *accustomed to* এর পর verb সাথে *ing* যুক্ত হয়।
তাই *sleep* না হয়ে *sleeping* হবে।

16. (C) '*learn*' verb এর পর *infinitive* যুক্ত verb বসে।

17. (B) *Stop* এর পর verb এর সাথে *ing* যুক্ত হয়।
Stop smoking = ধূমপান ছেড়ে দেয়া এবং
Stop to smoke = ধূমপান করতে কোন স্থানে থামা।

18. (D) '*insist on*' verb phrase এর পর verb এর সাথে
ing যুক্ত হয়।

19. (E) এখানে *people* দ্বারা একাধিক nation বোঝাচ্ছে। তাই *people* না হয়ে *peoples* হবে।

20. (D) শেষে infinitive অংশ *to be seen* থাকায় *very-* র জায়গায় *too* হবে।

21. (E) '*long*' adjective-টিকে simply stronger করার
জন্য *very* হবে। *Too* নয়।

22. (A) perfect participle-এ *Having* বসে। *Have* নয়।

23. (B) '*expensive*' হলো adjective. যার পূর্বে *so* বসে, *such* নয়।

24. (C) *such* article যুক্ত noun-এর ঠিক পূর্বে বসে।

25. (B) শেষে- infinitive অংশ *to be read* থাকায় adjective '*small*'-এর পূর্বে '*too*' বসবে। অর্থাৎ, এত ছোট যে খালি চোখে পড়া যায় না।

26. (D) *Diamonds* যেহেতু plural তাই relative pronoun subject-টির verb ও plural হবে। আর দ্বিতীয়তঃ already sentence-এর '*enough*' adjective টি থাকায় *no* না হয়ে not হবে।

27. (A) দ্বিতীয় কোন verb না থাকায় *know how*-এর পরিবর্তে শুধু *know* হবে।

28. (C) ভবিষ্যতে পরিকল্পনা বোঝাতে be verb-এর present form-এর সাথে passive infinitive '*to be*' বসে।

29. (D) খুব কঠিন *Need* verb-এর পর কোন কিছুর মেরামত বা উন্নতি সাধন বোঝাতে verb-এর

RAISUL ISLAM HRIDOY

সাথে *'ing'* অথবা passive infinitive বসাতে হয়। Option গুলির মধ্যে (B), (D) ও (E) এ rule অনুযায়ী খাটে। কিন্তু (B) meaning অনুযায়ী খাটেনা। *Filling* অর্থ দলিলপত্র রাখার ধরণ। (B)-তে যদি filing (একটি L) না হয়ে Filling হতো তবে সঠিক হতো। আর Passive infinitive এরপর verb এর past participle হয়। তাই (E) ও সঠিক নয়। সঠিক উত্তর (D)

30. (C) কোন *sentence*-এ *had hoped* থাকলে পরের clause-এ verb-এর আগে *would* বসে।

31. (B) *'Seven thousand'* plural indication থাকায় *type* না হয়ে *types* হবে।

32. (A) পরে *'of cities'* এই prepositional phrase-টি থাকায় *'planning'* uncountable noun-এর পূর্বে the হবে।

33. (C) 'of country-western singers' prepositional phrase-টি থাকায় *'music'* uncountable noun এর পূর্বে *'the'* বসবে।

34. (D) cardinal number use করা হয় পরিমান বোঝানোর জন্য। যেমন: *Four pens*. আর ordinal numbers use করা হয় position বোঝানোর জন্য। যেমন: He is the fourth boy in his class. Similarly,

sentence-টিতে *mars* গ্রহের *position* বোঝাচ্ছে বলে ordinal number use হবে এবং পূর্বে *the* বসবে।

35. (A) noun, adjective বা adverb-এর পূর্বে *'instead of'* বসে 'instead' নয়।

36. (A) শুধু *despite* হবে।

37. (C) *'Because of'* এরপর noun বা noun phrase বসে। কিন্তু এখানে clause থাকায় *because of* এর পরিবর্তে শুধু *because* হবে।

38. (A) *Dates of month*-কে দুইভাবে লেখা যায়:

(i) the+ ordinal number+ of + month

(ii) month + ordinal number.

39. (D) *textbooks*-এর pronoun হিসেবে *'them'* বসবে।

40. (B) *'We'* subject pronoun-টির possessive pronoun *'our'* হবে। *their* বা *your* নয়। আর মনে রাখবেন *child* হলো singular এবং *children* হলো plural.

41. (A) *So* এরপর adjective বসে এবং *such* এরপর noun বসে।

42. (C) আসল Sentence-টি ছিল ".....The time and area which are involved....." এরকম। তাই এই sentence-টিতে c-ই বেশি খাপ খায়।

43. (C) *'Clones'* subject-টি plural. তাই কমার পরের অংশে plant না হয়ে এর plural *plants* হবে।

RAISUL ISLAM HRIDOY

↙ CAUSATIVE VERB ↘

এই **verb**-গুলা হইলো.....



MAKE

1. To help the sutdents do well in the admission test, the teacher ***makes*** them ***read*** vocabulary.

2. *She* ***made*** *the baby* ***take*** *a nap.*
অর্থাৎ, সে শিশুটিকে সামান্য ঘুমাতে বাধ্য করেছিল।

3. *I* ***made*** *the machine* ***work.***
অর্থাৎ, আমি যন্ত্রটি সক্রিয় করেছিলাম।

4. They ***made*** us ***pay*** extra for the drinks
অর্থাৎ, পানীয়ের জন্য অতিরিক্ত টাকা দিতে তারা আমাদেরকে বাধ্য করেছিল।

'**MAKE**' can be used as a causative. মনে রাখবে, '*make*'-এর পর *person* or *thing* যাই থাকুক না কেন, verb-এর *simple* form বসাতে হবে, *infinitive* বা *ing* অথবা 's' যুক্ত কোন verb use করলে তা ভুল হবে।

GET

01. *How did you* ***get*** *him* ***to pose*** *for this picture?*
অর্থাৎ, কিভাবে তুমি তাকে দিয়ে এই ছবিটার জন্য pose দেওয়ায়ে ছিলে?

02. *I want to* ***get*** *the house* ***painted*** *before winter*
অর্থাৎ, শীতের পূর্বে আমি বাড়িটির রং করিয়ে নিতে চাই।

03. *It was best to* ***get*** *things* ***done*** *quickly.*
অর্থাৎ, ব্যাপারগুলো তাড়াতাড়ি করিয়ে নেয়া সবচেয়ে ভাল ছিল।

'**GET**'-এরপর *person* থাকলে পরবর্তী verb-টি *infinitive*-এ হয় এবং *thing* থাকলে পরবর্তী verb-এর past participle form হয়।

HAVE

☑ **It costs about Tk. 500 to have a tooth_____.**
A. filling B. to fill C. filled
D. fill E. has been filled

☑ **My mother _____ by a well-known photographer.**
a. had taken her photo b. had her photo taken
c. her photo was taken d. took her photo

'**HAVE**'-এর পর ব্যক্তি থাকলে verb-এর base form এবং বস্তু থাকলে verb-এর past participle form হয়। যেমন:

1. *They* ***had*** *their lawyer* ***change*** *their wills.*
অর্থাৎ, তারা তাদের উকিলকে দিয়ে তাদের *wills* পরিবর্তন করিয়েছিল।

2. *We are going to* ***have*** *our car* ***mended***
(মেরামত করা)

3. *Dr. Smith* ***had*** *his nurse* ***take*** *the patients temperature.* অর্থাৎ, Dr. Smith তার নার্সকে দিয়ে রোগীদের তাপমাত্রা মাপিয়ে ছিলেন।

LET

☑ **He didn't let me ____ guitar. [** a. play b. to play c. playing d. played

'**LET**'-এর পর ব্যক্তি বা বস্তু যাই থাকুক না কেন in both the cases you must use simple form of a verb. **যেমন-**

1. *Would you let us* ***borrow*** *your notes?*
অর্থাৎ, তুমি কি তোমার নোটগুলো আমাদের ধার দিবে?

2. *I will not* ***let*** *this machine* ***work****.*
অর্থাৎ, আমি এই যন্ত্রটিতে কাজ করতে দিব না।

3. John ***let*** me ***drive*** his new car.
অর্থাৎ, John তার নতুন গাড়ীটি আমাকে চালাতে দিয়েছিল।

HELP

1. My teacher **helped** me **get** this job.
অর্থাৎ, আমার শিক্ষক এই চাকুরিটি পেতে আমাকে সাহায্য করেছিল।

2. My teacher **helped** me **to get** this job.
অর্থাৎ, আমার শিক্ষক এই চাকুরিটি পেতে আমাকে সাহায্য করেছিল।

'HELP' এরপর verb-এর simple form অথবা infinitive দুটি-ই বসতে পারে।

SUBJUNCTIVE VERB

(

RAISUL ISLAM HRIDOY

নিচের উদাহরণটি লক্ষ্য করো ঃ

I ***suggest*** that ***he drop*** C.V for this post.

উপরের sentence-টির অর্থ হচ্ছে, "আমি তাকে এই পোষ্টের জন্য *C.V drop* করার পরামর্শ দেই। অর্থাৎ, আমি চাই যে, সে এই *post* এর জন্য *C.V drop* কর"ক। Suggest শব্দটি থাকাতে উপরের উদাহরণে *he drops* না হয়ে *he drop* হয়েছে। English-এ কিছু word আছে, যাদের পর *that* এবং অন্য একটি subject থাকলে subjunctive verb use করতে হয়। এধরণের আরো কিছু শব্দের list নীচে দেয়া হলো যেগুলো পর verb-এর base form বা মূল verb form-টি বসাতে হয়।

Verbs used with the Subjunctive

advise, ask, beg, decide, decree, desire, dictate, insist, intend, move, order, petition, propose, recommend, request, require, resolve, suggest, urge, and vote.

*Tom **suggested** that his **friend stay** over for the night.*

*Sam **proposed** that **Tom telephone**(ফোন করা) his accountant.*

*She **recommended** that **he go** and see a doctor.*

*The manager **requested** that **everyone put** their requests in writing.*

*He **insisted** that **she stay** until the end of the week.*

*The Queen **commands** that **he attend** the ceremony.*

*He **urged** that a business **manager be hired** to help things run more smoothly.*

*I simply **requested,** politely, that **she refrain** from smoking in my house.*

*Sam **recommended** that **he join** the committee.*

*The professor **asked** that **Tim submit** his research paper before the end of the week.*

The verb 'be'

'Be' has special subjunctive forms: *I be, you be, she be, they be, etc.*

It is vital that you be truthful about what happened.

He suggested that she be more vocal in the next meeting.

She urged that the matter be resolved in a family court.

Hadrian decreed that a new temple be built in the honour of Jupiter.

Adjectives used with the Subjunctive

Certain adjectives can also be used with the subjunctive and `It`, like *advisable, critical, desirable, essential, fitting, imperative, important, necessary, vital.*

It is imperative that you get home before dark.

It is important that everyone follow the rules.

It is necessary that everyone be calm in times of danger.

It is essential that you arrive before 5pm.

RAISUL ISLAM HRIDOY

It is critical that the prime minister address those sensitive issues.

It was vital that everything be done on time.

It is crucial that we make it successful.

Some adjectives can be followed by a subjunctive verb, like *anxious, determined, eager.*

He was determined that they not separate.

The political campaign is eager that their candidate step out of the shadows.

I am anxious that he discuss this with me soon.

Exercise

01. The law requires that everyone has/have his car checked at least once a year.
02. She insisted that he give/gives her a receipt
03. The recommendation that we are/be evaluated was approved.
04. He complied with the requirement that all graduate students in education write/ should write a thesis.
05. It is important that the data should be/be verified.
06. It is essential that all applications must be/be no later than July 1.
07. I suggested that the price be/is reduced(রিডিউস্ - কমানো).
08. Philips requested that Pia assume/assumes (অ্যাসিউম্ - গ্রহণ করা / ধরিয়া লওয়া) part of the responsibility.
09. I suggest that the change be/is made.
10. It is mandatory that Kamal does/do it.

PARALLELISM

Nouns used with the Subjunctive

There are also nouns that can be followed by a subjunctive verb, like *advice, condition, demand, directive, intention, order, proposal, recommendation, request, suggestion, wish.*

My advice is that the company invest in new equipment.

She is free to leave, on condition that she commit no further offence.

His deep wish is that his daughter go to university.

RAISUL ISLAM HRIDOY

01. Austen is young, enthusiastic and she has talent.

02. X-ray photographs are widely (ওয়াইড্‌লি - ব্যাপকভাবে) used in industry to test and inspecting (ইনসপেক্ট-পরিদর্শন করা / পরীক্ষা করা) materials and parts.

প্রত্যেকটি sentence-এর মুল উদ্দেশ্য হচ্ছে কোন idea প্রকাশ করা। এখন যদি একটি sentence-এ একাধিক but, similar idea প্রকাশ করা হয়, তবে এদের grammatical structure-ও similar হবে। অন্য কথায় বা অন্যভাবে বলা যায়, *similar elements must have similar forms*, অর্থাৎ একটি element যদি adjective হয়, তবে অপরটিও adjective হবে। এভাবে, একটি element *noun* হলে অপরটিও *noun*, একটি element *infinitive* (to + verb) হলে অপরটিও *infinitive*, একটি element *gerund* (verb + ing) হলে অপরটিও *gerund* হবে। এটাই হচ্ছে parallelism-এর মুল কথা। উপরের উদাহরণগুলোর মধ্যে,

প্রথমে উদাহরণে '*young' enthusiastic'* হচ্ছে adjective এবং '*talent'* হচ্ছে *noun*. *young* ও *enthusiastic*-এর সাথে parallel বা মিল রাখার জন্য noun '*talent'*-এর পরিবর্তে adjective '*talented'* হবে।

দ্বিতীয় উদাহরণে '*to test*'-এর সাথে Parallel বা মিল রাখার জন্য '*inspecting*'- এর পরিবর্তে '*to inspect*' হবে।
অর্থাৎ Austen তরুণ, উৎসাহী এবং তার মেধা আছে, কিন্তু যদি বলা হয় Austen তরুণ, উৎসাহী ও মেধাবী(*talented*) তখন বাক্যটি সাবলিল ও শুদ্ধ হয় - এটাই হচ্ছে parallelism ।

Solution

01. Austen is young, enthusiastic and talented.

02. X-ray Photographs are widely used in industry to test
and to inspect materials and parts.

Look another example:

☑ **Ema resists not only learning new facts but also remember old lessons.**

correlative conjunction যেমনঃ ***not only ----- but also, both ------ and, either ----- or, neither -------- nor, not ---- but*** এদেরকেও **parallelism-এর rule follow** করতে হয়। অথচ উপরের উদাহরনে ***not only***-এর পর ***learning*** এবং ***but also***-এর পর ***remember*** রয়েছে যা **parallel** নয়। ***Learning***-এর সাথে **parallel** রাখার জন্য অবশ্যই ***remembering*** হবে।

অতএব, সঠিক **sentence**-টি হবেঃ

☑ **Edward resists not only learning new facts but also remembering old lessons.**

NOTE

Correlative conjunction যে word গুলোকে connect করে এরা ঠিক সেই word এর আগে বসে। যেমন- নিচের ভুল sentence-টি লক্ষ্য করো।

☑ **He is not only famous in the United States but also in abroad.**

উপরের উদাহরণে correlative conjunction '*not only ------ but also*' বসেছে The *United States*-এর সাথে *abroad*-কে connect করার জন্য। অতএব *not only*-এর position হবে just before '*the United States*'. ∴ সঠিক **sentence** টি হবেঃ

🗗 He is famous not only in the United States but also in
abroad.

আরেকটি উদাহরণ দেখোঃ

Incorrect: The film was interesting, exciting and it was made well.
Correct: The film was interesting, exciting and well-made.

উপরের correct example টি লক্ষ্য করো। প্রথম দেখায় sentence-টিকে ভুল মনে হতে পারে, *interesting, exciting* এদের শেষে '*ing*' আছে কিন্তু *well made*-এর শেষে নেই। অর্থাৎ, film-টি মজাদার, কৌতুহলউদ্দীপক এবং এটি ভালভাবে তৈরি হয়েছিল - এভাবে না বলে যদি বলা হয়, film-টি মজাদার, কৌতুহলউদ্দীপক ও ভালভাবে তৈরি, তাহলে সাবলিল বাংলা অর্থ হবে, আর এভাবেই সঠিক। কাজেই শুধু grammar দিয়েই হবে না, বাক্যের অর্থও বুঝতে হবে ।

Exercise

01. Shakespeare was both a writer and he acted.

02. We learned to read the passage carefully and underlining
the main ideas.

03. The duties of the new secretary are to answer the telephone, to type letters and bookkeeping.

04. The patient's symptoms were fever, dizziness and his head hurt.

05. He is intelligent but a coward.

06. He uses his computer for writing and to play games.

07. The exam tested both listening and to reading.

08. The kidneys both eliminate water and salt.

09. Flying is not only faster but also it safer than traveling by
car.

10. I could not decide whether to buy the new car or take a
vacation.

Answer Key

1. an actor	2. to underline	3. to book keep
4. headache	5. but coward	6. playing
7. and reading	8. eliminate both	9. but also safer
10. to take		

Right form of Verbs

'Right form of verbs'-এর উপর কিছু Important rule আলোচনা করবো। তোমাদের কাজ হবে এগুলো ভালভাবে বুঝে আয়ত্তে নিয়ে নেয়া।

Rule-01

Does he go to school?
He doesn't go to school.

Be verb, have verb ও modal verb বিহীন বাক্যকে negative ও interrogative করতে হলে tense ও subject অনুসারে *do, does* বা *did* ব্যবহার করতে হয়।

Rule - 02

It is many years ***since*** I met you.
Many years have passed ***since*** his father died.

Since-এর প্রথম অংশ Present Indefinite/Present Perfect Tense হলে পরের অংশ Past Indefinite Tense হয়।

Rule – 03

It was many years ***since*** they had first met.

Since-এর প্রথম অংশ past indefinite হলে, পরের অংশ past perfect হয়।

Rule – 04

Would that I ***could*** speak English.

'Would that' দিয়ে কোন sentence' শুরু হলে subject এরপর ***could*** বসে এবং verb-এর present form হয়।

Rule – 05

Having finished the work, we went home.

been, being, to be ও ***having***-এর পর কোন verb বসলে verb-টি Past participle form-এ হয়।

Rule – 06

I went to the airport with a view to ***receiving*** my uncle.

Would you mind ***moving*** a bit. (দয়া করে একটু সরে বসবেন কি)

Stop, finish, mind, worth, without, past, can not help, could not help, with a view to, look forward to, would you mind, be used to, get used to এদের পর কোন verb বসলে verb-এর সাথে 'ing' যুক্ত হয়।

Rule – 07

It is high time I ***met*** you.
I wish I ***were*** a Bill Gates.

Sentence-এর একটি অংশে ***It is time, It is high time, wish, fancy*** থাকলে অপর অংশ Past indefinite tense-এ হয়। যেমন:

Rule – 08

He said that he ***would finish*** editing the next day.

পরের দিন শেষ করবে = he will finish next day; যেহেতু বাক্যটি অতীতের বক্তব্য নিয়ে তাই will-এর বদলে would হলে অর্থবোধক হবে। অর্থাৎ-
দুটি clause-এর মধ্যে main clause past tense-এ হলে এবং subordinate clause-এর শেষে ***next day, next week, next month, next year*** ইত্যাদি সময়ের উল্লেখ থাকলে that-এর পর main verb- এর আগে would/ should বসে।

Rule – 09

Mr. Khan was driving a car.
Diva was beaten by a dog.

Sentence-টি active voice-এ হলে ***am, is, are, was, were*** ইত্যাদির এর পর verb এর সাথে *ing* যুক্ত হয়। আর যদি sentence-টি Passive voice-এ হয় তবে ***am, is, are, was, were***-এর পর verb-এর past participle হয়।

Rule – 10

Students, who didn't get A + in H.S.C, studied hard lest they should/might not get chance in DU
অর্থাৎ যে সকল student H.S.C-তে A + পায়নি, তারা DU-তে Chance না পেতে পারে এ আশঙ্কায় কঠোর পড়াশোনা করেছিল।

কোন Sentence এ ***'lest'*** থাকলে তারপরে যে clause থাকে সেই clause-এ subject-এর পর *should/might* বসে।

Rule – 11

While going to Dhaka I saw Mr. Nadir.
While Mr. Tarun ***was going*** to Dhaka I ***saw*** him.

While-এর পর কোন verb বসলে verb-এর সাথে *ing* যুক্ত হয়। আর যদি ***while***-এর পর clause অর্থাৎ subject ও verb বসে সেক্ষেত্রে ***while*** clause-টি past tense-এ হয়।

Formation of Possessive

Johan's lecture appeals me.
The lecture of Johan appeals me.
The furniture of this room. NOT, room's furniture.

সাধারণত দুই ভাবে একটি noun কে possessive করা যায়-
Noun এর সাথে:
i. ('s) যোগ করে
ও
ii. (of)যোগ করে।

More rules to make Possessive

Rule – 12

Mohiuddin's speech appeals me.

Noun টি living এবং singular হলে **'S** যোগ করে possessive করা যায়।

Rule – 13

Girls' college.

Noun টি living এবং plural with 's' হলে only (') যোগ করেও possessive করা যায়।

Rule – 14

Children's book.

Noun টি living এবং plural with no 's' হলে ('s) যোগ করে possessive করা যায়।

Rule – 15

Keats's poem.

Noun টি proper noun হলে এবং শেষে 's' থাকলে ('s) যোগ করে possessive করা যায়।

IMPORTANT SUGGESTION

01. He _____ the students _____ to him.
A. made, to listen B. made listening

RAISUL ISLAM HRIDOY

C. made, listen D. make listen
E. None

02. Psychologists believe that incentives _____ to increase our productivity.
A. make us want B. make us to want
C. making us want D. makes us want
E. None

03. Professor Mannan _____ Cricket instead of playing Football.
A. let us to play B. let us playing C. let us played
D. let us play E. None

04. Would you _____ some money?
A. let us the borrow B. let us borrow C. let us to borrow
D. let us borrowing E. None

05. The immigration and Naturalization service often ____their visas, if they fill out the appropriate papers.
A. let students extend B.let students for extending
C. let ting students to extend D. let students extending

06. Which of the following sentences is correct?
A. I want to get the house to paint before winter
B. I want to get the house Paint before winter.
C. I want to get this house painted before winter
D.I want to get this house painting before winter
E.None.

07. We will have <u>to get someone fixing</u> the phone right away.
A. to get someone fixing B. to get someone to fix
C. to get someone fixed D. to get someone for fixing
E. None

08. Lobbyists (তদবীরকারীরা) **who represent special interest groups get _____that benefit their groups.**
A. congress to pass the legislation
B. congress passed the legislation
C. the legislation to pass by the congress
D. the legislation that canings passing

09. Which of the following sentences is correct?
A. Apurbo had a tooth filled. B. Apurbo had a tooth to fill.
C. Apurbo had a tooth have filled
D. Apurbo had a tooth have filled

10. We are going to ____ before we go to new York.
A. have our car to fix B. have our car fixed
C. have our car fixing D. have our car fix

11. This book should help you _____ the lecture
A. to understand B. understanding
C. understand D. Both (A) and (C)
E. None

12. In a hot, sunny climate, Man acclimatizes (খাপ খাওয়ানো) **by eating less, drinking more liquids, wearing lighter clothing and _____.**
A. skin changes that darken B. his skin may darken
C. experiencing a darkening of the skin
D. darkens his skin E. experience a darkening skin

13. Both historically and _____, Chittagong is the heartland of Bangladesh.
A. in its geography B. geographically
C. also its geography D. geography
E. it is geography

14. North Caroline is well known not only for the Great smoky Mountains National Park _____for the Cherokee settlements.
A. also B. and C. and also D. but also E. because of

15. To generate income, magazine publishers must decide whether to increase the subscription price (সাবক্রিপ্শন প্রাইস্ - সংবাদপত্র / ম্যাগাজিন রাখার জন্য মাসিক বা বাৎসরিক যে পরিমাণ টাকা পরিশোধ করা হয়) **or _____.**
A. to sell advertising B. if they should sell advertising C. selling advertising D. sold advertising
E.sell advertising
(sell advertising- অন্যের বিজ্ঞাপন অর্থের বিনিময়ে ছাপানো**)**

16. Benjamin West contributed a great deal to American act: _____.
A. painting, as a teacher and lecturer
B. painting, teaching, and as a lecturer
C. painting, a teacher, and a lecturer.
D. painting, teaching, and lecturing
E. as a painter, teaching and lecturing

Choose the incorrect part:

17. Vaslav Nijinsky (a) <u>achieved</u> world recognition (b) <u>as</u> both (c)<u>a dancer</u> (d) <u>as well as</u> a choreographer (কোরিওগ্রাফার্ - যে নাচের art জানে)**. (e) <u>No Error.</u>**

18. To estimate how much (a) <u>it will cost</u> (b) <u>to build</u> a home, (c) <u>finding</u> the total square footage of the house and multiply (d) <u>by cost</u> per square foot. (e)<u>No Error.</u>

19. Fast food restaurants have become popular because many working people want _____.
A. to eat quickly and cheaply
B. eating quickly and cheaply
C. eat quickly and cheaply
D. that eat quickly and cheaply
E. to quickly eat and cheap

RAISUL ISLAM HRIDOY

20. Burrowing animals provide Paths for water in soil, and so do the roots of plants _____.
A. decaying and they dying
B. when they die and decay
C. they die and decay
D. when they will die and decay
E. if they die and decaying

21. The more the relative humidity reading (a) rises, (b) the worst the heat (c) affects (d) us. (e) No Error

22. In an admission test, to answer accurately is more important than ———.
A. a quick finish B. finishing quickly
C. to finish quickly D. you finish quickly
E. finish quickly

23. When teenagers finish high school, they have (a) several choices: (b) going to college, (c) getting a job or (d) join the army. (e) No Error.

24. Some bat caves, like honeybee hives, have residents that take on (টেইক্ অন্ - দায়িত্ব কাঁধে নেয়া) **different duties such as defending the entrance, acting as sentinels** (প্রহরী) **and to sound a warning at the approach of danger, and scouting outside the cave for new food and roosting**(রুস্ট - পাখির ঘুমের স্থান) **sites**
A. acting as sentinels and to sound.
B. acting as sentinels and sounding.
C. to act as sentinels and sound.
D. to act as sentinels and to sound.
E. to act as a sentinel sounding.

25. Writing a slam poem (স্ল্যাম পয়েম - যে কবিতায় তীব্র সমালোচনা করা হয়) **is as much an achievement as _____ a major work of the canon** (ধর্মীয় বিধান বা প্রামাণিক দলিল).
A. to finish B. it is to finish
C. finishing D. if you finished E. to have finished

26. Courteously and _____, but persistently, the members of the special investigatory commission asked question of all the president's aides.
A. intrusively(অনধিকার প্রবেশমূলকভাবে)
B. belligerently(যুদ্ধরতভাবে) C. urbanely (মার্জিত ভাবে) D. remorselessly(অনুশোচনাহীন ভাবে) E. intermittently

Choose the correct option:

27. Would that I ____ to Madina.
A. go B. went C. gone
D. could go E. will go

28. Play is ____ as a factor (নিয়ামক বা প্রভাব বিস্তারকারী কারণ) **in improving mental and physical health.**
A. recognize B. recognizing
C. recognized D. recognizes E. to be recognized.

29. Kolin completed ____ his thesis this summer.
A. to write B. writing C. the writing
D. write E. the write.

30. It is high time Bobi ____ his eating habit.
A. changed B. change C. changes
D. is changing E. was changing.

31. Joy said that he _____ home next week.
A. will go B. went C. goes D. would go E. shall go

32. Tamim ran first lest he _____ the train.
A. should miss B. would miss C. will miss
D. missed E. missing

33. While _____ on the road, we saw a plane.
A. walks B. to walk C. walking
D. we were walking E. Both (C) and (D)

34. Mr. Apu prefers that she ___ with him personally
A. speaks B. speaking C. speak
D. to speak E. None

35. He proposes that the vote _____ballot.
A. is secret B. will be secret C. be secret
D. will secret E. None

36. The law required that everyone ___at least once a year.
A. has his car checked B. has his car be checked
C. have his car checked D. have his car is checking

37. Which of the following sentences is correct?
A. She insisted that they would give her a receipt
B. She insisted that they gave her a receipt
C. She insisted that they had given her a receipt
D. She insisted that they give her a receipt.

38. Less moderate (মডারেইট্ - মধ্যপন্থী) **members of congress are insisting that changes in the social security system _____ made.**
A. will B. are C. being D. be
E. None

39. The recommendation that we ——— was approved
A. were evaluated B. are evaluated
C. be evaluated D. evaluated

40. She ignored the suggestion that she —— more exercise.
A. gets B. got C. get D. had gotten
E. None

RAISUL ISLAM HRIDOY

41. The committee refused the request that _____
waived.(অব্যাহতি পাওয়া / পরিত্যাগ করা)
A. the prerequisite is B. the prerequisite was
C. the prerequisite be D. the prerequisite shall be

42. It is recommendation of many psychologists ——— to associate (অ্যাসোসিয়েইট্ - মনের মধ্যে people বা things-এর মধ্যে সংযোগ স্থাপন করা) words and remember names.
A. the learner used mental images
B. a learner to use mental images
C. mental images are used
D. that a learner use mental images

43. Choose the correct answer.
It is important that_____ verified.
A. the data is B. the data are C. the data was D. the data be E. None

44. Choose the correct Sentence
A. It is imperative that you are on time
B. It is imperative that you were in time
C. It is imperative that you be on time
D. It is imperative that you will be on time

45. It is essential that all applications and transcripts _____
on later than July 1.
A. are filled B. are being filled
C. be filled D. filled E. None

46. It is important that she __ with Mr. John immediately.
A. Speaks B. Speak C. will speak
D. A & C E. None

47. It is imperative that your signature _____ on your identification card.
A. appear B. be appear C. is appeared
D. to appear E. be appeared

Answer keys & explanation

01. C. '*MAKE'* এরপর verb-এর base form হয়।
02. A. উপরের নিয়মে হয়েছে।
03. D. *let* এরপর verb-এর simple form হয়। বাক্যের অর্থ হল : প্রফেসর মান্নাণ ফুটবলের পরিবর্তে আমাদেরকে ক্রিকেট খেলার অনুমতি দিলেন ।
04. B. উপরের নিয়েমে হয়েছে।
05. A. উপরের নিয়মে হয়েছে।
06. C. *get*-এর পর *thing* থাকলে verb-এর past participle form use করতে হয়। তাই *painted* হবে।
07. B. '*Get'*- এর পর *person* থাকলে infinitive যুক্ত verb use করতে হয়। বাক্যের বাংলা অর্থ - আমাদেরকে তাৎক্ষণিকভাবে কাউকে দিয়ে ফোনটি মেরামত করাতে হবে।
08. A. '*Get'*-এর পর '*person'*(মানে যাকে দিয়ে কাজ করানো হবে) থাকলে পরবর্তি verb-এর আগে to যুক্ত হয়। এখানে *lobbyist* কারা তা *who* দিয়ে বলা হয়েছে, *who represent special interest groups* মানে যারা বিশেষ স্বার্থ হাসিলের উদ্দেশ্যে গড়া দলগুলোর প্রতিনিধিত্ব করে তারাই *lobbyist; lobbyist*-রা কি করল? *lobbyist get congress to pass the legislation* মানে তারা কংগ্রেসকে দিয়ে বিলটি পাস করায়; পরে আছে, *that benefit their groups*, মানে যেটি (*that* = যেটি = *the legislation*) তাদের সংঘগুলোর উপকার করে।
09. A. *have*-এর পর বস্তু থাকলে verb-এর past participle হয়।
10. B. উপরের নিয়মে হয়েছে। sentence-টির বাংলা অর্থ - New York যাওয়ার পূর্বে আমরা আমাদের গাড়ীকে মেরামত করিয়ে নিতে যাচ্ছি।
11. D. *help*-এরপর verb-এর base form বা infinitive যুক্ত verb দুই-ই হতে পারে।
12. C *eating, drinking* ও *wearing*-এর সাথে মিল রেখে *experiencing* হবে। বাক্যটির বাংলা অর্থ গরম রৌদ্রোজ্জল জলবায়ুতে কম খেয়ে, বেশী তরল পানীয় পান করে, হালকা কাপড় পরিধান করে এবং চামড়া কাল হওয়ার অভিজ্ঞতা নিয়ে মানুষ খাপ খাইয়ে নেয়।
13. B *historically*-এর সাথে মিল রেখে *geographically* হবে।
14. D *Not only for ... but also for...* এভাবে হবে। অর্থাৎ, *North Caroline* শুধু *Great Smoky Mountain National Park*-এর জন্যই নয়, *Cherokee* বসতির জন্যও বিখ্যাত।
15. A *to increase*-এর সাথে মিল রেখে *to sell* হবে। বাক্যের অর্থ আয় বাড়াতে ম্যাগাজিন প্রকাশকরা *subscription price* বৃদ্ধি করবে নাকি বিজ্ঞাপন sell করবে তা অবশ্যই সিদ্ধান্ড় নিবে।
16. D *painting*-এর সাথে মিল রেখে *teaching, lecturing* হবে।
17. D *both ... and ... as well as* এভাবে হয়, সুতরাং *both*-এর পর *and* হবে। অর্থাৎ, একজন নৃত্যশিল্পী এবং *choreographer* উভয় ভাবেই *Vaslan Nijinsky* বিশ্বখ্যাতি অর্জন করেছিলেন।
18. C *to build*-এর সাথে মিল রেখে *to find* হবে।
19. A *want*-এর পর দ্বিতীয় verb বসলে এর সাথে *to* বসে। (E)-এর *to quickly eat and cheap* অংশটুকু অর্থবোধক নয়। সুতরাং .....
20. B চিরন্ড়ন সত্য বোঝাতে *when*-এর পর present indefinite tense বসবে।
21. B *The more*-এর সাথে মিল রেখে *the worse* হবে। এখানে *The more ....., the worse....* মানে যত বেশি..... তত বেশি অর্থাৎ, আপেক্ষিক আর্দ্রতার reading (স্কেলে যে পরিমাণ পাওয়া যায়) যত বাড়ে heat (তাপ) আমাদেরকে তত বেশি প্রভাবিত করে।
22. C To answer-এর সাথে মিল রেখে *to finish* হবে। অর্থাৎ, ভর্তি পরীক্ষায় তাড়াতাড়ি শেষ করার চেয়ে নির্ভুলভাবে উত্তর দেয়া বেশি গুরুত্বপূর্ণ। যদি *to answer* না হয়ে *answering accurately* ..... হত তাহলে *than*-এর পর এখানে *finishing* .... হত।
23. D *getting..... joining* হবে। বাক্যের প্রথম অংশের অর্থ: যখন *teenager*(তের থেকে উনিশ বছর বয়সীরা)-রা high school শেষ করে তখন তাদের সামনে কয়েকটি পথ খোলা থাকে; তারপর বিসর্গের পর কমা দিয়ে teenger-রা কি কি করতে পারে তা বলা হয়েছে। যেমন- কলেজে যাওয়া, চাকরী পাওয়া বা সেনাবাহিনীতে যোগদান; মানে going ...., getting....., joining..... এভাবে হবে। যদি to go ...., to get .... এরকম থাকত তাহলে to join ..... হত।
24. B *defending, acting*-এর সাথে মিল রেখে *sounding* হবে। প্রথম অংশের অর্থ: মৌমাছির বাসার মত (*like honeybee hives*) কোন কোন বাদুড়ের(bat) থাকার জায়গা বা cave-এর বাসিন্দারা (বাদুড়রা); বাসিন্দারা কি করে? that-এর পর

RAISUL ISLAM HRIDOY

আছে; *take on different duties* অর্থাৎ, যারা বিভিন্ন দায়িত্ব নেয়; কি কি দায়িত্ব? such as দিয়ে তা উলেণ্ডখ করা হয়েছে। এখানে লক্ষ্য করো- *defending....., acting....., to sound ....., scouting.....* আছে বলে বাক্যের অর্থ সাবলিল করতে হলে দায়িত্বগুলোর একটি *to sound* না হয়ে sounding হবে। তাহলে দায়িত্বগুলো হল, প্রবেশদ্বারের প্রতিরক্ষা করে, পাহারাদার সৈনিক হিসেবে কাজ করে ও বিপদের আভাস পেলে শব্দ করে সতর্ক সংকেত দিয়ে এবং cave-এর বাইরে নতুন খাদ্য ও বিশ্রামের স্থানের জন্য সন্ধান করে। এখানে সাবলিল অর্থ পাওয়া গেল।

25. C *Writing* থাকায় *finishing* হবে।

26. C *and* থাকাতে এমন একটা শব্দ বসবে যেটা *courteously* (ভদ্রভাবে) এর সমার্থক হবে। একমাত্র *urbanely* (মার্জিতভাবে) শব্দটি এখানে খাটে।

27. D কঠিন!!! '*would that*' দিয়ে কোন sentence শুর" হলে subject-এর পর *could* বসে।

28. C মানসিক ও শারীরিক স্বাস্থ্য উন্নতি করতে খেলাধুলা একটি নিয়ামক হিসেবে স্বীকৃত । তাই *recognized* হবে।

29. B *Complete*-এর পর দ্বিতীয় verb-এর সাথে *ing* যুক্ত হয়। প্রশ্নের বাক্যটি পড়া যাক - এই গ্রীষ্মে Kolin তার থিসিস লিখতে শেষ করেছিল - বললে বেখাপ্পা শুনাচ্ছে বলেই completed to write হবে না। তার বদলে, থিসিস লিখা শেষ করেছিল - বললে সাবলিল শুনাচ্ছে। এজন্যই completed writing হবে। ∴ answer হবে **B** ।

30. A কোন sentence-এ *it is high time* থাকলে, পরের subject-এর verb-টি past form-এ হয়।

31. D শুন্যস্থানে কি হবে তা answer choice দেখে ঠিক করতে হবে। এখানে 'go'-এর কোন রূপটি হবে তা দেখতে হবে। বাক্যটি হল- Joy বলল যে, সে পরের সপ্তাহে যাবে। যেহেতু এখানের বলাটা অতীতকালের (said) তাই যাওয়াটাও অতীতকালের ভবিষ্যৎ প্রকাশকারী হবে। যেমন, বর্তমান থেকে ভবিষ্যতের যাওয়া হলে আমরা will go বলি; আর অতীতের ক্ষেত্রে would go হলে সঠিক হয়।

32. A '*lest*' থাকলে পরের subject এর পর *should/might* বসাতে হবে। অর্থা, ট্রেইন মিস করতে পারে এই আশংকায় Tamim দ্র"ত দৌড়িয়েছিল।

33. E. **while এরপর verb বসলে তার সাথে ing বসে।** বাক্যটির বাংলা অর্থ রাস্ড়া দিয়ে হাঁটার সময় আমরা একটি বিমান দেখেছিলাম।

34. C. এখানে prefers that she..... এরকম হওয়ায় she speaks হবে না বরং she speak হবে।

35. C. proposes that the vote ..... এরকম হওয়ায় *is* verb-এর simple form *be* হবে।

36. C. required that everyone..... এরকম থাকায় *has* verb-এর simple form *have* হবে।

37. D. এখানে she insisted that they পর্যন্ড় answer-গুলো একইরকম। insisted that they - ধরনের বাক্যাংশের কারণে এরপর would give, will give, gave, giving ইত্যাদি কোনটিই হবে না, শুধু give হবে। ∴ answer (D)।

38. D. অনুরূপ উপরের ব্যাখ্যা। *am, is, are*-এর simple form *be*, তাই *be* হবে। বাক্যের অর্থ: কংগ্রেসের less moderate member-রা তাগিদ দিচ্ছিল যে social security system-এ পরিবর্তন আনা হোক।

39. C. *recommendation* থাকায় বাক্যের পরবর্তী অংশে *am is, are*-এর simple form *be* হবে। *recommendation* (প্রস্ড়াব বা formal suggestion) থাকার কারণে, *recommendation that we*-এর পর answer (C)-এর বাক্যাংশ বসবে। মূল কথা হল - *the recommendation was approved* মানে প্রস্ড়াবটি গৃহীত হয়েছিল; কি ধরনের *recommendation? that*-এর পর আছে *that we be evaluated* মানে আমাদেরকে যে মূল্যায়ন করা হবে এই recommendation.

40. C. *suggestion that she* থাকায় বাক্যের পরবর্তী অংশে verb-এর simple form *get* হবে। সে প্রস্ড়াবটিকে উপেক্ষা করেছিল; কি ধরনের প্রস্ড়াব বা suggestion? answer থেকে শুন্যস্থানে get বসালে অর্থ হয়: সে আরও অনুশীলন কর"ক। অর্থাৎ, তার আরও exercise যে দরকার এই suggestion-টি সে উপেক্ষা করল।

41. C. কমিটি request-কে প্রত্যাখান করল; কি request? (C)-এর বাক্যাংশটুকু শুন্যস্থানে বসালে অর্থ হয়- *the request that the prerequisite be waived* অর্থাৎ, পূর্বশর্ত থেকে মুক্তি বা অব্যাহতি পাওয়ার যে অনুরোধ তা কমিটি প্রত্যাখ্যান করল। '*request that..* থাকায় verb-এর simple form *be* হয়েছে।

42. D. '*recommendation...that..*'-এর কারণে পরবর্তী অংশে verb-এর simple form '*use*' হয়েছে। অনেক মনস্ড় ত্ত্ববিদের পরামর্শ হল; কি পরামর্শ? (D)-এর বাক্যাংশ নিয়ে করলে হয়; that a learner use mental images অর্থাৎ, একজন শিক্ষার্থী মানসিক প্রতিচ্ছবি ব্যবহার করে; কি উদ্দেশ্যে ব্যবহার করে? to associate words and remember names অর্থাৎ, মনে মনে word-সমূহের মধ্যে সংযোগস্থাপন করতে এবং নাম স্মরণ করতে।

43. D. *Important that* থাকায় *is, are* ও *was* না হয়ে *the data*-এর সাথে verb হিসেবে *be*-ই হবে।

44. C. *Imperative that* থাকলে sentence-এর পরবর্তি অংশে verb-এর simple form বসে। তাই, ... *you be* হবে।

45. C. *essential that* থাকায় *subject applications and transcripts*-এর পর are being না হয়ে এর base form *be* হবে।

46. B. *important that* থাকায় বাক্যের পরবর্তী অংশের subject *she*-এর পর base form লাগবে। So, imprtant that she speak..... হবে।

47. E. *imperative that* থাকায় বাক্যের পরবর্তী অংশে be verb-এর base form *be* এবং এরপর verb-এর past participle হবে। সুতরাং (E)-ই সঠিক উত্তর।

RAISUL ISLAM HRIDOY

RULE – 01

It's no use crying like a baby.
অর্থাৎ, শিশুর মত কেঁদে কোন লাভ নেই
It's no use going there.

It's no use-এরপর কোন verb বসলে তার সাথে *ing* যুক্ত হয়।

Tips
It's মানে it is, Its হলো it এর Possessive form.

RULE – 02

It's no good getting angry at once.

It's no good getting late at every moment.

It's no good-এরপর যদি কোন verb বসাতে হয় তবে, verb-কে gerund-এ পরিণত করতে হয়।

RULE – 03

The window is closed, please open it.

জড়বস্তুর pronoun হিসেবে *'it'* বসে।

RULE – 04

Incorrect: I heard everything what he said.
Correct : I heard everything that he said.

all, some, any, something, every thing, anything, much, little ও ***nothing*** এদের পর কখনোই ***'which'*** ও ***'what'*** বসতে পারে না। শুধুমাত্র ***'that'*** বসতে পারে।

RULE – 05

She is the prettiest girl that I have ever seen.

Superlative degree-এর পর Relative pronoun হিসেবে *Who, Whom, Which* না বসে *that* বসে।

RULE – 06

One must present one's thesis thirty days
prior to the last day of classes.

Indefinite pronoun ***'one'*** কোন Sentence -এর Subject হিসেবে বসলে এর Possessive form হিসেবে **one's** বসাতে হবে। He, She, It নয়।

RULE – 07

Bobi and Javed argue each other.

These three boys argue one another.
দু'জন ব্যক্তি জড়িত থাকলে each other এবং দু'জনের বেশী ব্যক্তি জড়িত থাকলে one another বসে।

RULE – 08

Most students fail in D.U admission test.

Sakib is the most brilliant student of all.

'অধিকাংশ' অর্থ বোঝাতে *'most'* বসে। আর adjective-কে superlative করার জন্য *'The most'* বসে।

RULE – 09

I spend my vacation in the country.

'A country' বলতে যে কোন দেশকে বোঝায় যেমন ঃ America, England, Bangladesh etc. আর 'The country' বলতে গ্রাম কে বোঝায়।

RULE – 10

Incorrect : Both of them didn't go to school.
Correct : Neither of them didn't go to school.

Negative sentence-এ *Both* না বসে *Neither* বসে।

RULE – 11

Hussy cannot speak loudly or clearly.

Negative sentence-এ Conjunction হিসেবে *and* না বসে *'Or'* বসে।

RULE – 12

Incorrect : A boy's dress is different from a girl.
Correct : A boy's dress is different form a girl's.

Comparison-এ প্রথম noun-টি Possessive form হলে দ্বিতীয় noun-টি ও Possessive form হবে।

RULE – 13

RAISUL ISLAM HRIDOY

Incorrect : When he saw the teacher, stood up.

Correct : When he saw the teacher, he stood up.

Adverbial clause দিয়ে কোন Sentence শুরু হলে Principle clause-এ অবশ্যই একটি Personal pronoun-এর Subject লাগবে।

RULE – 14

I asked him for some paper but he had not.

(Incorrect)

I asked him for some paper but he had none/not any.

(Correct)

প্রত্যেক transitive verb-এর জন্য একটি object লাগাবে। Otherwise sentence-টি ভুল হবে।

লক্ষ্য কর, উপরের উদাহরণে *'had'* transitive verb এর Object হিসেবে Not বসেছে। কিন্তু *'not'* object হিসেবে বসতে পারে না। একটি verb কে Negative করার জন্য *not* বসে। তাই এখানে *had*-এর object হিসেবে *not* না বসে *none* বা *not any* হবে।

RULE – 15

Four hundred and fourty eight.

Hundred, Thousand, Million এদের একক, বা দশকের সাথে Connect করতে হলে অবশ্যই মাঝে *and* বসবে।

RULE – 16

I have only five or six pens.

দু'টি Numbers-এর মাঝে Conjunction হিসেবে অবশ্যই *or* ব্যবহার করতে হবে।

RULE – 17

Incorrect : The cholera is a dreadful disease.

Correct : Cholera is a dreadful disease.

বিভিন্ন ধরণের রোগের নামের পূর্বে Article *the* বসতে পারে না।

Tips :

Common রোগের নামের পূর্বে article *a, an* বসতে পারে।

যেমন ঃ *a cold, a fever, a cough*

RULE – 18

Incorrect : The green is a beautiful color.

Correct : Green is a beautiful color.

বিভিন্ন ধরনের রঙ্গের নামের পূর্বে article *'the'* বসালে ভুল হবে।

RULE – 19

Incorrect : He considers me as his best friend.

Correct : He considers me his best friend.

The word '***consider***' এরপর ***as*** বসতে পারে না।

He regards me as his best friend.

কিন্তু যদি *consider*-এর স্থলে regard বসানো হয়। তবে *regard* এরপর *as* বসতে পারে।

RULE – 20

Incorrect : Though it is impossible, but he will try.

Correct : Though it is impossible, he will try.

Though, Although conjunctions দিয়ে কোন subordinate clause শুরু হলে দ্বিতীয়, clause-এ আবার নতুন করে *but, yet, still* etc বসানোর প্রয়োজন হয় না।

RULE – 21

Sina always disturbs me.

Not, Sina disturbs always me.

Adverbs of indefinite time (***Always, ever, never, often, seldom, soon, sometimes***) and adverbs like ***almost, scarcely, hardly,*** -এর position হচ্ছে principal verb-এর আগে। কখনোই এরা principal verb-এরপর বসতে পারে না।

RULE – 22

Incorrect : He wrote carefully his exercise.

Correct : He wrote his exercise carefully.

একটি sentence-এ transitive verb-এর ক্ষেত্রে adverb-এর position হচ্ছে object এর পর । কোন অবস্থাতেই object-এর আগে adverb বসতে পারে না।

RAISUL ISLAM HRIDOY

Tips

কিন্তু **Object** টি যদি **long** হয় তবে **adverb object** এর আগে অর্থাৎ **verb** এরপর বসতে পারে ।

He wrote carefully all the exercise he had to do.

RULE – 23

Incorrect : You could have not done this.

Correct : You could not have done this.

একটি sentence এ compound verb থাকলে 'not' এর position হচ্ছে প্রথম auxiliary verb এরপর কখনোই compound verb এরপর not বসবে না।

RULE – 24

Jamil showed some of my stamps to him.

যদি একটি sentence এ indirect ও direct দুটি object থাকে এবং indirect object টি direct object এরপর বসে, তবে indirect object এর আগে একটি preposition লাগে।

Tips

Verb কে কি, কাকে দ্বারা প্রশ্ন করে **object** পাওয়া যায়।

এখন প্রশ্ন হলো কিভাবে বুঝবে কোনটি direct object ও কোনটি indirect object.

Tips

সহজ !!! ব্যক্তি বা বস্তুর পরিবর্তে pronoun-এর যে Form object হিসেবে বসে সেই Object-ই Indirect object. যেমন ঃ him,them, us etc.

আবার লক্ষ্য করো, যদি indirect object, direct object-এর আগে চলে আসে। তবে indirect object-এর আগে preposition লাগে না। উদাহরণ স্বরূপ উপরের sentence-টি-ই ধরো ঃ

He showed him some of my stamps.

☑ **He gave _____.**

A. to the class a tough assignment.

B. the class a tough assignment.

C. a tough assignment for the class.

D. an assignment very tough to the class.

E. an assignment which is very tough to the class.

RULE – 25

01. The murderer was caught and hanged.
02. We hung the watch on the wall.
03. There are several expensive suits hanging in the wardrobe.

'Hang' verb-টির past ও past participle form দুটি। অর্থাৎ

	Past	Past Participle
1. Hang	hanged	hanged
2. Hang	hung	hung.

প্রথম form-টি দিয়ে কোন *living things* ফাঁসি দিয়ে মারা বোঝায় এবং দ্বিতীয় form-টি দিয়ে কোন কিছু ঝুলিয়ে রাখা বোঝায়।

RULE – 26

01. This book deals with common errors.
02. A fruit seller deals in fruits.

'To deal with' অর্থ আলোচনা করা। আর '*to deal in*' অর্থ 'ব্যবসা বা কারবার করা'।

RULE – 27

1. The noise interferes with my work.
2. I never interfere in his affairs.

কোন কিছু করায় 'বাধা দেয়া' বোঝাতে *Interfere with* এবং অন্য কারো কোন বিষয়ে 'হস্তক্ষেপ করা' বোঝাতে '*Interfere in*' বসে।

RULE – 28

01. I revenged myself for the insult.
02.Harry avenged his son's murder.

'*Revenge*' ও '*Avenge*' শব্দ দুইটির অর্থ হলো প্রতিশোধ নেওয়া। কিন্তু যখন কোন ব্যক্তি তার নিজের প্রতিশোধ নিজেই নেয়, তখন The word '*Revenge*' ব্যবহার করতে হবে। আর যখন কেউ অন্য কারো পক্ষে প্রতিশোধ নেয়, তখন '*Avenge*' হবে।

RULE – 29

America was discovered by Columbus.

কোন কিছুর অস্থিত্ব পূর্ব থেকেই ছিলো এবং পরে উদঘাটন করা হয় এমন বোঝাতে '*Discover*' বসে।

Edison invented the Gramophone.

যার অস্থিত্ব পূর্ব থেকে ছিলো না এমন কোন কিছু তৈরি করা বোঝাতে '*Invent*' বসে।

Important Suggestion

1. **The Good Earth, _____, is a novel set in china.**
   A. which by Pearl Buck.
   B. which was written by Pearl Buck.
   C. was written by pearl Buck.
   D. Pearl Buckbeing the one who wrote it
   E. it is Pearl Buck wrote it.

2. **Quasars, _____ , emit** (বের করা/নির্গত করা) **an enormous (বিশাল) amount of energy.**
   A. which relatively small objects
   B. which is relatively small objects.
   C. which are relatively small objects
   D. are relatively small objects.
   E. is relatively small objects.

3. **Most beekeepers have observed_____ at the approach** (নিকটে আসা) **of a thunderstorm.**
   A. enraging the bees
   B. that bees become enraged.
   C. that bees become enraging
   D. it is bees become enraging
   E. become enraged the bees.

4. **The letter was short_____ .**
   A. because there wasn't many news.
   B. because of there wasn't many news.
   C. because of there wasn't much news.
   D. because there wasn't much news.
   E. because there weren't much news.

5. **One of _____ of the late middle ages was saint Thomas Aquinas, a scholar who studied under Albatross Magnus.**
   A. the thinkers who was great
   B. the great thinker
   C. the greatest thinkers
   D. who thought greatly.
   E. the greatest thinker.

6. **At Woolworth's first five-and-ten-cent store, <u>items none costing</u> more than a dime.**
   A. items none costing B. neither items cost
   C. items not cost D. no item cost
   E. items no cost.

7. **Hybrids have <u>one more corns</u> per plant than the other varieties.**
   A. one more corns
   B. corn's ear one more
   C. one more corn ears
   D. one more ear of corn.

8. **In a hot, sunny climate, man acclimatizes** (নতুন জলবায়ুতে অভ্যস্ড় হওয়া) **by eating less, drinking more liquids, wearing lighten clothing, and <u>experiencing a darkening of the skin.</u>**
   A. experiencing a drakening of the skin.
   B. Skin changes that darken
   C. his skin may darken
   D. one's may darken
   E. darkens one's skin.

9. **Famous <u>for his new innovations for</u> punctuation, typography (মুদ্রণবিদ্যা), and language, Edward Estlin Cummings published his collected poems in 1954.**
   A. for his new innovation
   B. for his innovations in
   C. newly approached
   D. innovation in
   E. innovations newly approached in.

10. **Waitresses and waiters who serve_____ deserve** (কাজ করিয়া উপার্জন করা/ পুরস্কারের উপযুক্ত হওয়া) **at least a 20 percent tip** (বকশিশ).
    A. in a courteous manner
    B. with courtesy in their manner.
    C. courteously
    D. courteous
    E. in a courteously manner.

11. **Having the best record for attendance, <u>the school warded him a medal</u>.**

RAISUL ISLAM HRIDOY

A. the school awarded him a medal
B. the school awarded a medal to him
C. he was awarded a medal by the school
D. a medal was awarded to him by the school
E. a school medal was awarded to him.

13. Delighted by the report earnings for the first quarter of the fiscal year, it was decided by the company manager to give her staff a raise.
A. it was decided by the company manager to give her staff a raise.
B. the decision of the company manager was to give her staff a raise.
C. the staff was given a raise by the company manager.
D. a raise was given to the staff by the company manager.
E. The company manager decided to give her staff a raise.

14. Since he is living in Dhaka for five years, he is reluctant to leave the city.
A. Since he is living
B. Being that he is living
C. Since he has been living
D. Being that he has been living
E. Since he was living

15. Heavy smoking and to overeat are activities which a heart patient must forego.
A. Heavy smoking and to overeat
B. Smoking heavily and to overeating
C. To smoke heavily and overeating
D. Heavy smoking and overeating
E. Smoking heavy and to overeat

16. The car runs quieter when I add a more heavy transmission fluid.
A. The car runs quieter when I add a more heavy
B. The car runs more quietly when I add a heavier
C. The car runs quieter when I add a more heavier
D. The car runs quietly when I add a more heavy
E. The car runs quieter when I add a heavier

17. The shop hadn't hardly any of those kind of goods.
A. hadn't hardly any of those kind
B. hadn't hardly any of those kinds
C. had hardly any of those kind
D. had hardly any of those kinds
E. had scarcely any of those kind

18. If he was to decide to go to college, I would recommend that he plan to go to Yale.
A. If he was to decide
B. If he were to decide
C. Had he decide
D. Whether he decides
E. Supposing he was to decide

19. If I would have known about the traffic jam at the bridge, I would have taken an alternative route.
A. If I would have known
B. If I could of know
C. If I would of known
D. If I was aware
E. Had I known

20. Of all the possible disasters that threaten Bangladesh agriculture, the possibility of an adverse change in climate is may be the more difficult for analysis.
A. is may be the more difficult for analysis
B. is probably the most difficult to analyze
C. is may be the most difficult for analysis
D. is probably the more difficult to analyze

RAISUL ISLAM HRIDOY

E. is it may be, the analysis that is most difficult

21. Gauhar Jamil, _____ of the pioneers of modern dance, didn't begin dancing until he was 21.
A. who, as one B. he was
C. one D. was one E. whose one

22. Diamonds are often found in rock formations called pipes, ____ the throats of extinct of volcanoes.
A. in which they resemble
B. which resemble
C. there is resemblance to
D. they resemble
E. to which resemble

23. _____ toward shore, its shape is changed by its collision with the Shallow Sea bottom.
A. During a wave rolls B. As a wave rolls
C. A wave rolls D. A wave's rolling
E. When waves roll

24. General Grant had General Lee ____ him at Appomattox to sign the official surrender of the Confederate forces.
A. to meet B. met C. meet
D. meeting E. to meeting

25. Of all the Cereals, rice is the one ____ food for more people than any of other grain crops.
A. it provides B. that providing
C. Provides D. that provides
E. who provides

26. According to the economic laws, the greater the demand, ____ the price.
A. higher B. high C. the higher
D. the high E. highest

27. Although the weather in Martha's Vineyard isn't ____to have a year-round tourist season, it has become a favorite summer resort.
A. goodly enough B. good enough
C. good as enough D. enough good
E. enoughly good.

28. _____ all his attempts to master the assignments, he failed.
A. After B. Because
C. Despite D. Neglecting
E. Describing

29. In such a ____ grouping, a wide range of talent must be expected.
A. casual B. formal
C. homogeneous D. heathenish
E. heterogeneous

30. The hypocrite _____ feelings which he does not possess but which he feels he should display.
A. depicts B. descries C. admiration
D. betrays E. simulates

31. Your teacher ____ me when I was a boy.
A. had taught B. has taught C. have taught
D. taught E. did taught

32. When he arrived I was about to ____.
A. left B. leaving C. leave
D. be gone E. was going

Select the correct sentence from the following sentences.

33. (A) She is considering not to going.

(B) She is considering not going.
(C) She is considering not to go.
(D) She is considering to not go.
(E) She is considering to not going.

RAISUL ISLAM HRIDOY

34. (A) You can arrive at the correct answer by a process of elimination.
(B) You can be arrived at the correct answer by a process of elimination.
(C) You can arrive into the correct answer by a process of elimination.
(D) You can arrive to the correct answer by a process of elimination.
(E) You can arrive at the correct answer over a process of elimination.

35. (A) You cannot compare apples over oranges.
(B) You cannot compare apples for oranges.
(C) You cannot compare apples and oranges.
(D) You cannot compare apples against oranges.
(E) You cannot compare from apples to oranges.

36. Having finished lunch, _____.
A. the detectives began to discuss the case.
B. the case was discussed again by the detectives.
C. they discussed the case.
D. a bunch of detectives discussed the case
E. None of them

37. Having been served supper, _____.
A. the problem discussed by the members of the committee
B. the committee members discussed the problem
C. it was discussed by the committee members the problem
D. a discussion of the problem was made by the members of the committee
E. None of them

38. _____, he began to make friends more easily.
A. Having entered school in the new city, it was found that
B. After entering the new school,
C. When he had been entering the new school,
D. Upon entering into the new school
E. All of them

39. While attempting go reach his home before the storm,____.
A. the bicycle of Johny broke down.
B. it happend that Johny's bike broke down.
C. the storm caught Johny
D. Johny had an accident on his bicycle
E. B + C

40. _____ did Akash realize that there was danger.
A. Upon entering the store
B. When he entered the store
C. After he had entered the store
D. Only after entering the store
E. After he entered the store

41. After seeing a Movie based on a novel, _____.
A. the book is read by many people.
B. the book made many people want to read it.
C. many people want to read the book.
D. the reading of the book interests many people.
E. All of them

42. _____ whose fauna and flora create an enchanted world.
A. A biological park
B. Where a biological park
C. It is a biological park
D. Being a biological park

RAISUL ISLAM HRIDOY

43. _____ found in New Zealand were brought there by homesick immigrants.
A. The hedgehogs which B. The hedgehogs
C. Where the hedgehogs D. The hedgehogs are

44. Communication companies have been experimenting with a fiber-optic cable _____ International Telephone Transmissions.
A. can carry
B. can carry it
C. that can carry
D. that it can carry

45. The stolen items came into the hands of an art dealer _____ to the museum.
A. who returned them
B. returned
C. he returned them
D. returning them

Answer key & Explanation

01. (B) '*The Good Earth*' noun-টি সম্পর্কে অতিরিক্ত তথ্য দুই কমার মাঝে অর্থবোধক ভাবে (B)-তে দেয়া আছে। *'which was'* বাদ দিয়ে শুধু *'written by Pearl Buck'* অংশ দিয়ে সঠিক বাক্য হবে। তাই (B) ই সঠিক উত্তর।

02. (C) সঠিক উত্তর হিসেবে (B) ও (C) option টি-ই খাপ খায়। কিন্তু (B) সঠিক উত্তর নয়। কেননা *'which'* নির্দেশ করছে *Quasars* (*Star*-এর মতো বস্তু)-কে যা Plural। অতএব *'which'* subject-এর verb ও Plural হবে। তাই একমাত্র (C) ই সঠিক উত্তর।

03. (B) অধিকাংশ মৌমাছি পালনকারীরা observation(লক্ষ্য) করেছেন; কী observe করেছেন তা (B)-তে অর্থবোধকভাবে দেয়া আছে।

04. (D) প্রথমত *news* হলো noncoun noun যা Singular. তাই এর পূর্বে *much* হবে এবং verb ও singular হবে। আর দ্বিতীয়ত *because*-এরপর একটি clause লাগে এবং *because of* এরপর একটি noun phrase লাগে। সুতরাং (D) ই হবে সঠিক উত্তর।

05. (C) *One of* এরপর সবসময় noun plural এবং verb singular হয়। সুতরাং (C) ই সঠিক উত্তর।

06. (D) Sentence টি পড়ে বোঝা যাচ্ছে একটি Subject ও verb লাগবে। এখানে Subject হলো *item* এবং verb হলো cost. আর *noun*-এর আগে *no* বসে *none* নয়। সুতরাং (D) ই সঠিক উত্তর।

07. (E) '*corn*' হলো *noncoun* noun একে singular হিসেবে প্রকাশ করতে *a or one ear of corn* এই idiom-টি লাগে। সুতরাং (E) ই সঠিক উত্তর।

08. (A) Sentence-টি সঠিক। *Eating, drinking, wearing*-এর সাথে মিল রেখে *Experiencing* হয়েছে।

09. (B) *innovation* মানেই নতুন কিছু আবিষ্কার করা। তাই *'new' unnecessary*.

10. (C) verb '*serve*' কে Modify করার জন্য একটি adverb লাগবে।

অর্থাৎ ক্রয়ম ল্য ৫০ টাকা

২০. একজন দোকান মালিক সাধারণত ৪০% লাভ রেখে জিনিস বিক্রি করেন। ব্যবসা গুটিয়ে ফেলার কারণে বর্তমান ম ল্যের ১০% কমে জিনিস বিক্রি শুর করেন। এতে তাঁর শতকরা লাভ কত?

ক ২২% ● ২৬%
গ ৩০% ঘ ৩৬%

যুক্তি : ধরি, জিনিসের প্রকৃত ম ল্য x টাকা

৪০% লাভে বিক্রয়ম ল্য (x + x এর ৪০%)

$= \left(x + \frac{৪০x}{১০০}\right)$ টাকা

$= \left(x + \frac{২x}{৫}\right)$ ”

$= \frac{৭x}{৫}$ টাকা

বর্তমান ম ল্যের ১০% কমে বিক্রয়ম ল্য

$= \left(\frac{৭x}{৫} - \frac{৭x}{৫} \text{ এর } ১০\%\right)$ টাকা

$= \left(\frac{৭x}{৫} - \frac{৭x}{৫০}\right)$ টাকা

$= \frac{৬৩x}{৫০}$ টাকা

∴ লাভ $= \left(\frac{৬৩x}{৫০} - x\right)$ টাকা $= \frac{১৩x}{৫০}$ টাকা

x টাকায় লাভ হয় $\frac{১৩x}{৫০}$ টাকা

∴ ১০০ ” ” ” $\frac{১৩x \times ১০০}{৫০ \times x}$ ”

= ২৬%

২১. নির্দিষ্ট দামে একটি দ্রব্য বিক্রয় করাতে ২০% ক্ষতি হল। এটি ৬০ টাকা বেশি ম ল্যে বিক্রয় করতে পারলে ১০% লাভ হত। দ্রব্যটির ক্রয়মুল্য কত?

● ২০০ টাকা খ ৩০০ টাকা
গ ১৬০ টাকা ঘ ২২০ টাকা

যুক্তি : ২০% ক্ষতিতে বিক্রয়ম ল্য (১০০ − ২০) টাকা

= ৮০ টাকা

RAISUL ISLAM HRIDOY

১০% লাভে বিক্রয়ম ল্য (১০০ + ১০) টাকা
= ১১০ টাকা
∴ বিক্রয়ম ল্য বেশি (১১০ − ৮০) টাকা = ৩০ টাকা
বিক্রয়ম ল্য ৩০ টাকা বেশি হলে ক্রয়ম ল্য ১০০ টাকা
∴ " ৬০ " " " " $\frac{১৬০ \times ৬০}{৩০}$ "
২০০ টাকা

২২. একটি দ্রব্য ৩৮০ টাকায় বিক্রয় করায় ২০ টাকা ক্ষতি হলে ক্ষতির শতকরা হার কত?
ক) ৪% ● ৫%
গ) ৬% ঘ) ৭%
যুক্তি : ২০ টাকা ক্ষতি হলে ক্রয়ম ল্য (৩৮০ + ২০) টাকা
= ৪০০ টাকা
৪০০ টাকায় ক্ষতি হয় ২০ টাকা
∴ ১০০ " " " $\frac{২০ \times ১০০}{৪০০}$ "
= ৫%

২৩. একজন খুচরা বিক্রেতা পাইকারী বিক্রেতা থেকে ৭৫ টাকায় একটি জিনিস কিনেন। এর সাথে $\frac{১}{৩}$ ম ল্য যোগ করে জিনিসটির মোট ম ল্য নির্ধারণ করেন এবং পরে ২০% ডিসকাউন্টে জিনিসটি বিক্রি করেন। তিনি মোট কত লাভ করেন?
● ৫.০০ টাকা খ) ৬.২৫ টাকা
গ) ৭.৫০ টাকা ঘ) ১০.০০ টাকা
যুক্তি : মোট ম ল্য $\left(৭৫ + ৭৫ \text{ এর } \frac{১}{৩}\right)$ টাকা
= (৭৫ + ২৫) "
= ১০০ টাকা
২০% ডিসকাউন্টে বিক্রয়ম ল্য (১০০ − ২০) টাকা
= ৮০ টাকা
∴ লাভ (৮০ − ৭৫) টাকা = ৫ টাকা

২৪. ক একটি জিনিস খ-এর কাছে ২৫% লাভে বিক্রি করে। খ জিনিসটি গ-এর কাছে ক-এর ক্রয়ম ল্যে বিক্রি করে। ক-এর শতকরা কত ক্ষতি হল?
ক) ১৬% ● ২০%
গ) ২২% ঘ) ২৫%
যুক্তি : মনেকরি, ক-এর ক্রয়ম ল্য ১০০ টাকা
∴ খ-এর ক্রয়ম ল্য (১০০ + ২৫) টাকা
= ১২৫ "
= ক-এর বিক্রয়ম ল্য
গ-এর ক্রয়ম ল্য = ক-এর ক্রয়ম ল্য = ১০০ টাকা
∴ ক-এর ক্ষতি = (১২৫ − ১০০) টাকা = ২৫ টাকা
১২৫ টাকায় ক্ষতি হয় ২৫ টাকা
∴ ১০০ " " " $\frac{২৫ \times ১০০}{১২৫}$ "
= ২০%

২৫. একটি জিনিস ২৮ টাকায় ক্রয় করে ৩৫ টাকায় বিক্রি করলে লাভ হবে —
ক) ২০% খ) ২২%
গ) ২৪% ● ২৫%
যুক্তি : লাভ (৩৫ − ২৮) টাকা বা ৭ টাকা
২৮ টাকায় লাভ হয় ৭ টাকা
∴ ১ " " " $\frac{৭}{২৮}$ "
∴ ১০০ " " " $\frac{৭ \times ১০০}{২৮}$ "
= ২৫ টাকা
অর্থাৎ ২৫%

২৬. একটি জিনিস ২৪ টাকায় বিক্রি করলে ২০% লাভ হয়। জিনিসটির ক্রয়ম ল্য কত?
ক) ১৫ টাকা
খ) ১৬ টাকা
গ) ১৮ টাকা
● ২০ টাকা
যুক্তি : ২০% লাভে জিনিসটির বিক্রয়ম ল্য (১০০ + ২০) টাকা
বা ১২০ টাকা
বিক্রয় ম ল্য ১২০ টাকা হলে ক্রয় ম ল্য ১০০ টাকা
∴ " " ১ " " " " $\frac{১০০}{১২০}$ "
∴ " " ২৪ " " " " $\frac{১০০ \times ২৪}{১২০}$ "
= ২০ টাকা

২৭. ১৯০ টাকায় একটি দ্রব্য বিক্রয় করাতে ৫% ক্ষতি হলো। বিক্রয়ম ল্য কত হলে ৫% লাভ হতো?
ক) ২০৫ টাকা খ) ২১৫ টাকা
● ২১০ টাকা ঘ) ২২০ টাকা
যুক্তি : ৫% ক্ষতিতে বিক্রয়ম ল্য ১৯০ টাকা হলে ক্রয়ম ল্য
= $\frac{১৯০ \times ১০০}{৯৫}$ টাকা
= ২০০ টাকা
আবার ৫% লাভে বিক্রয়ম ল্য = $\frac{২০০ \times ১০৫}{১০০}$ টাকা
= ২১০ টাকা

২৮. ক্রয়ম ল্য ঃ বিক্রয়ম ল্য = ৫ ঃ ৬ হলে, লাভ কত?
● ২০%
খ) ২১%
গ) ২৫%
ঘ) কোনোটিই নয়
যুক্তি : লাভ (৬ − ৫) টাকা = ১ টাকা
৫ টাকায় লাভ ১ টাকা
∴ ১০০ " " $\frac{১ \times ১০০}{৫}$
= ২০ টাকা
অর্থাৎ ২০%

২৯. একটি ঘড়ি ১০% ক্ষতিতে বিক্রয় হলো। বিক্রয়ম ল্য ৪৫ টাকা বেশি হলে ৫% লাভ হতো। ঘড়িটির ক্রয়ম ল্য কত?
ক) ২৫০ টাকা ● ৩০০ টাকা
গ) ৩৫০ টাকা ঘ) ৪০০ টাকা
যুক্তি : ১০% ক্ষতিতে বিক্রয়ম ল্য ৯০ টাকা
৫% লাভে বিক্রয়ম ল্য ১০৫ টাকা
∴ বিক্রয়ম ল্য বেশি (১০৫ − ৯০) টাকা = ১৫ টাকা
বিক্রয়ম ল্য ১৫ টাকা বেশি হলে ক্রয়ম ল্য ১০০ টাকা
∴ " ৪৫ " " " " $\frac{১০০ \times ৪৫}{১৫}$ "
= ৩০০ টাকা

৩০. ৫০০ টাকার আম কত টাকায় বিক্রি করলে ৩% লাভ হবে?
ক) ৫১০ খ) ৫১২
গ) ৫১৭ ● ৫১৫
যুক্তি : ক্রয়ম ল্য ১০০ টাকা বিক্রয়ম ল্য ১০৩ টাকা
∴ " ৫০০ " " $\frac{১০৩ \times ৫০০}{১০০}$ "
= ৫১৫ টাকা

৩১. এক ডজন কলা ৩৭.৫০ টাকায় ক্রয় করে ৩৯.৭৫ টাকায় বিক্রয় করলে শতকরা কত লাভ হবে?
ক) ৩% খ) ১২%
● ৬% ঘ) ১৫%

RAISUL ISLAM HRIDOY

যুক্তি : লাভ (৩৯.৭৫ − ৩৭.৫০) টাকা = ২.২৫ টাকা
৩৭.৫০ টাকায় লাভ হয় ২.২৫ টাকা
∴ ১০০ " " " $\frac{২.২৫ \times ১০০}{৩৭.৫০}$ " = ৬ টাকা
অর্থাৎ ৬%

৩২. একটি ছাগল ২৭৬ টাকায় বিক্রয় করলে ১৫% লাভ হয়। ছাগলটির ক্রয়ম ল্য কত?
ক ২০০ টাকা খ ২২০ টাকা
গ ২৩০ টাকা ● ২৪০ টাকা

যুক্তি : ১৫% লাভে ছাগলের বিক্রয়ম ল্য (১০০ + ১৫)
= ১১৫ টাকা
বিক্রয়ম ল্য ১১৫ টাকা হলে ক্রয়ম ল্য ১০০ টাকা
∴ " ২৭৬ " " " $\frac{১০০ \times ২৭৬}{১১৫}$ "
= ২৪০ টাকা

৩৩. একটি সাইকেল ১৮০০০ টাকায় বিক্রি করায় ১০% ক্ষতি হলো। কত টাকায় বিক্রি করলে এতে ১২% লাভ হতো?
ক ২২০০০ টাকা ● ২২৪০০ টাকা
গ ২৫০০০ টাকা ঘ ২০০০০ টাকা

যুক্তি : ৯০ টাকা বিক্রয়ম ল্য হলে ক্রয়ম ল্য ১০০ টাকা
∴ ১৮,০০০ " " " " $\frac{১০০ \times ১৮০০০}{৯০}$ "
= ২০০০০ টাকা
আবার, ১০০ টাকা ক্রয়ম ল্য হলে বিক্রয়ম ল্য ১১২ টাকা
∴ ২০০০০ " " " " $\frac{১১২ \times ২০০০০}{১০০}$ "
= ২২৪০০ টাকা

বিকল্প, ক্রয়ম ল্য = $\frac{১৮০০০}{০.৯}$
= ২০০০০ টাকা
১২% লাভে বিক্রয়ম ল্য = ২০০০০ × ১.১২
= ২২৪০০ টাকা

৩৪. একটি দ্রব্য ৩৭৮ টাকায় বিক্রয় করলে যত ক্ষতি হয়, ৪৫০ টাকায় বিক্রয় করলে তার তিনগুণ লাভ হয়। দ্রব্যটির ক্রয়ম ল্য কত?
● ৩৯৬ টাকা খ ৪০০ টাকা
গ ৪০২ টাকা ঘ ৪২৮ টাকা

যুক্তি : বিক্রয়ম ল্যের পার্থক্য (৪৫০ − ৩৭৮) = ৭২ টাকা
∴ ক্ষতি ১ গুণ এবং লাভ ৩ গুণ অর্থাৎ ৪গুণ = ৭২ টাকা
∴ ১ গুণ = ১৮ টাকা
বা, ক্ষতি = ১৮ টাকা
∴ দ্রব্যটির ক্রয়ম ল্য = (৩৭৮ + ১৮) = ৩৯৬ টাকা

৩৫. ৮০০ টাকার বই কত টাকায় বিক্রয় করলে ১৬% লাভ হবে?
● ৯২৮ টাকা খ ৬৭২ টাকা
গ ৮১৬ টাকা ঘ ৮৮০ টাকা

যুক্তি : ১০০ টাকা বইয়ের বিক্রয়ম ল্য ১১৬ টাকা
∴ ৮০০ " " " $\frac{১১৬ \times ৮০০}{১০০}$ "
= ৯২৮ টাকা

৩৬. ১০০ টাকার বই কত টাকায় বিক্রয় করলে লাভ ৩০০% হবে?
ক ৩০০ টাকায় ● ৪০০ টাকায়
গ ২০০ টাকায় ঘ ১০০ টাকায়

যুক্তি : বিক্রয়ম ল্য = ক্রয়ম ল্য + লাভ
= ১০০ + ৩০০ = ৪০০ টাকা

৩৭. একটি দ্রব্য তালিকায় লিখিত ম ল্যের উপর ১০% কমিশন দিয়ে বিক্রয় করায় ২০% লাভ হলো। ক্রয়ম ল্যের উপর শতকরা কত টাকা বেশি ম ল্য তালিকায় ধার্য ছিল?
ক ২৩ $\frac{১}{৩}$% খ ২৫ $\frac{১}{৩}$%
● ৩৩ $\frac{১}{৩}$% ঘ ৩৫ $\frac{১}{৩}$%

যুক্তি : ধরি, ক্রয়ম ল্য ১০০ টাকা
∴ বিক্রয়ম ল্য ১২০ টাকা
১০% কমিশনে,
বিক্রয়ম ল্য ৯০ টাকা হলে তালিকা ম ল্য ১০০ টাকা
∴ " " ১২০ " " " $\frac{১০০ \times ১২০}{৯০}$ "
= $\frac{৪০০}{৩}$ টাকা
∴ শতকরা বেশি ধার্য ম ল্য = $\left(\frac{৪০০}{৩} - ১০০\right)$
= $\frac{১০০}{৩}$ টাকা
অর্থাৎ ৩৩ $\frac{১}{৩}$ %

৩৮. ঘোড়া ও গরুর ক্রয়ম ল্য ১০০০০ টাকা। ঘোড়াটি ২০% লাভে এবং গরুটি ১৫% ক্ষতিতে বিক্রয় করায় মোট ৬% লাভ হল। ঘোড়ার ম ল্য কত?
ক ৩০০০ টাকা খ ৪০০০ টাকা
গ ৫০০০ টাকা ● ৬০০০ টাকা

যুক্তি : ধরি, ঘোড়ার ম ল্য x টাকা
∴ গরুর ম ল্য (১০০০০ − x) টাকা
∴ ঘোড়ার ক্ষেত্রে লাভ = $\left(x \times \frac{২০}{১০০}\right)$ টাকা
= $\frac{x}{৫}$ টাকা
গরুর ক্ষেত্রে ক্ষতি = $\left\{(১০০০০ - x) \times \frac{১৫}{১০০}\right\}$ টাকা
মোট লাভের ক্ষেত্রে, লাভ = ১০০০০ × $\frac{৬}{১০০}$
= ৬০০ টাকা
এখন $\frac{x}{৫} - \frac{১৫}{১০০}(১০০০০ - x) = ৬০০$
বা ২০x − ১৫০০০০ + ১৫x = ৬০০০০
বা x = $\frac{২১০০০০}{৩৫}$
= ৬০০০ টাকা

৩৯. গতকাল শেয়ারের দাম ২৫% বেড়েছিল, কিন্তু আজ ২৫% কমেছে। শেয়ারের দাম মোট কত বেড়েছে বা কমেছে?
ক ৩ $\frac{১}{৪}$ খ ৫ $\frac{১}{৪}$
● ৬ $\frac{১}{৪}$ ঘ ৭ $\frac{১}{৪}$

যুক্তি : ধরি, বৃদ্ধির পুর্বে দাম ছিল ১০০ টাকা
গতকাল ছিল ১২৫ টাকা
আজ কমে = $\frac{২৫ \times ১২৫}{১০০}$ টাকা
= $\frac{১২৫}{৪}$ টাকা
অর্থাৎ আজ দাম = $\left(১২৫ - \frac{১২৫}{৪}\right)$ টাকা
= $\frac{৩৭৫}{৪}$ টাকা
∴ দাম কমে = $\left(১০০ - \frac{৩৭৫}{৪}\right)$ টাকা = $\frac{২৫}{৪}$ টাকা
= ৬$\frac{১}{৪}$ টাকা

৪০. কোনো রেডিওর দোকানে ম ল্য তালিকায় প্রত্যেক রেডিওর ম ল্য ৩০% বাড়িয়ে লেখা হয় এবং নগদ ম ল্যে বিক্রয় লিখিত ম ল্য থেকে ১০% কমে বিক্রয় করা হয়। এতে শতকরা কত লাভ হয়?
ক ১৯ টাকা খ ২০ টাকা

RAISUL ISLAM HRIDOY

(গ) ২৫ টাকা ● ১৭ টাকা

যুক্তি : ৩০% বাড়িয়ে ১০০ টাকার রেডিও ম ল্য লেখা হয় = ১৩০ টাকা

১০% কমে ১০০ টাকার রেডিও বিক্রি করে ৯০ টাকা

১ " " " " $\frac{৯০}{১০০}$ "

১৩০ " " " " $\frac{৯০ \times ১৩০}{১০০}$ "

= ১১৭ টাকা

∴ লাভ = (১১৭ − ১০০) টাকা = ১৭ টাকা

৪১. টাকায় ৫টা দরে লেবু কিনে ডজন ৩ টাকা বিক্রয় করলে লাভ শতকরা কত? *[স. শি. নি. প.(কপোতাক্ষ)-১০]*

(ক) ১০% (খ) ১৫%

● ২৫% (ঘ) ৩০%

যুক্তি : ৫টি লেবুর ক্রয়মুল্য ১ টাকা

∴ ১ " " " $\frac{১}{৫}$ "

আবার ১ ডজন = ১২টি লেবুর বিক্রয়ম ল্য ৩ টাকা

১ টি লেবুর বিক্রয়ম ল্য $\frac{৩}{১২}$ বা, $\frac{১}{৪}$ টাকা

∴ লাভ = $\left(\frac{১}{৪} - \frac{১}{৫}\right)$ টাকা = $\frac{১}{২০}$ টাকা

∴ $\frac{১}{৫}$ টাকায় লাভ হয় $\frac{১}{২০}$ টাকা

∴ ১ " " " $\frac{৫}{২০}$ "

∴ ১০০ " " " $\frac{৫ \times ১০০}{২০}$ "

= ২৫ টাকা

অর্থাৎ লাভ ২৫%

৪২. একজন ফল ব্যবসায়ী প্রতি ডজন ১৫০ টাকা দরে কিছু আম এবং প্রতি ডজন ১০০ টাকা দরে সমান সংখ্যক আপেল কিনলেন। ডজন প্রতি ১৪০ টাকা দরে সব ফল বিক্রি করলে, তাঁর কত লাভ হবে?

(ক) ৮% ● ১০%

(গ) ১২% (ঘ) ১৫%

যুক্তি : ১২টি আমের ক্রয়ম ল্য ১৫০ টাকা

∴ ১ " " " $\frac{১৫০}{১২}$ "

= $\frac{২৫}{২}$ টাকা

∴ ১২টি আপেলের ক্রয়ম ল্য ১০০ টাকা

∴ ১ " " " $\frac{১০০}{১২}$ "

= $\frac{২৫}{৩}$ টাকা

∴ ১টি আম + ১টি আপেলের ক্রয়ম ল্য

= $\left(\frac{২৫}{২} + \frac{২৫}{৩}\right)$ টাকা

= $\left(\frac{৭৫ + ৫০}{৬}\right)$ "

= $\frac{১২৫}{৬}$ টাকা

অর্থাৎ ২টির ক্রয়ম ল্য $\frac{১২৫}{৬}$ টাকা

∴ ১২ " " $\frac{১২৫ \times ১২}{২ \times ৬}$ "

= ১২৫ টাকা

ডজন প্রতি ১৪০ টাকা বিক্রয় করায় লাভ

= (১৪০ − ১২৫) টাকা = ১৫ টাকা

∴ ১২৫ টাকায় লাভ হয় ১৫ টাকা

∴ ১০০ " " " $\frac{১৫ \times ১০০}{১২৫}$ "

= ১২%

৪৩. টাকায় ৫টি দরে লিচু কিনে টাকায় ৪টি দরে বিক্রয় করলে শতকরা কত লাভ হবে?

(ক) ১৫ (খ) ১০

(গ) ২০ ● ২৫

যুক্তি : ১টি লিচুর ক্রয়ম ল্য $\frac{১}{৫}$ টাকা

∴ ১ " বিক্রয় " " $\frac{১}{৪}$ "

$\frac{১}{৫}$ টাকায় লাভ $\left(\frac{১}{৪} - \frac{১}{৫}\right)$ টাকা বা $\frac{১}{২০}$ টাকা

∴ ১ " " $\frac{১ \times ৫}{১ \times ২০}$ "

∴ ১০০ " " $\frac{১ \times ৫ \times ১০০}{১ \times ১ \times ২০}$ " = ২৫ টাকা

৪৪. একজন দোকানদার ৫টি লেবু যে ম ল্যে ক্রয় করে ৪টি লেবু সে ম ল্যে বিক্রয় করে। তার শতকরা কত লাভ হবে?

(ক) ২০ ● ২৫

(গ) ৩০ (ঘ) ৪০

যুক্তি : ধরি, ৫টি লেবুর ক্রয়ম ল্য x টাকা

∴ ১ " " " $\frac{x}{৫}$ "

এবং ৪টি লেবুর বিক্রয়ম ল্য x টাকা

∴ ১ " " " $\frac{x}{৪}$ "

$\frac{x}{৫}$ টাকায় লাভ $\left(\frac{x}{৪} - \frac{x}{৫}\right)$ টাকা বা $\frac{x}{২০}$ টাকা

∴ ১ " " $\frac{x \times ৫}{x \times ২০}$ "

∴ ১০০ " " $\frac{x \times ৫ \times ১০০}{১ \times ২০}$ " = ২৫ টাকা

৪৫. টাকায় ১০ টাকা ধরে কোন দ্রব্য ক্রয় করে টাকায় ৮ টাকা দরে বিক্রয় করলে, শতকরা কত লাভ হবে?

(ক) ২০ টাকা ● ২৫ টাকা

(গ) ৩০ টাকা (ঘ) ৩৫ টাকা

যুক্তি : ১০টির ক্রয়ম ল্য ১ টাকা

∴ ১ " " $\frac{১}{১০}$ "

৮ টির বিক্রয়ম ল্য ১ টাকা

∴ ১ " " $\frac{১}{৮}$ "

বিক্রয়ম ল্য বেশি সুতরাং লাভ হয়েছে

লাভ = $\frac{১}{৮} - \frac{১}{১০} = \frac{৫ - ৪}{৪০} = \frac{১}{৪০}$ টাকা

∴ $\frac{১}{১০}$ টাকায় লাভ $\frac{১}{৪০}$ টাকা

∴ ১ " " $\frac{১ \times ১০}{৪০ \times ১}$ "

RAISUL ISLAM HRIDOY

∴ ১০০ ” ” $\frac{১০০ \times ১০}{৪০}$ ” = ২৫ টাকা

৪৬. টাকায় ৪টি ও টাকায় ৬টি করে ক্রয় করে টাকায় ৫টি করে বিক্রয় করলে শতকরা লাভ বা ক্ষতির পরিমাণ কত হবে?

● ক্ষতি ৪% (খ) ক্ষতি ৫%
(গ) লাভ ৩% (ঘ) লাভ ৫%

যুক্তি : ৪টির ক্রয়ম ল্য ১ টাকা ৬টির ক্রয়ম ল্য ১ টাকা

∴ ১ ” ” $\frac{১}{৪}$ ” ∴ ১ ” ” $\frac{১}{৬}$ ”

∴ ১ + ১ = ২টির ক্রয়ম ল্য $\frac{১}{৪} + \frac{১}{৬} = \frac{৩ + ২}{১২} = \frac{৫}{১২}$ টাকা

∴ ১টির ক্রয়ম ল্য $\frac{৫}{১২ \times ২}$ টাকা = $\frac{৫}{২৪}$ টাকা

আবার ৫টির বিক্রয়ম ল্য ১ টাকা

∴ ১ ” ” $\frac{১}{৫}$ ”

ক্রয়ম ল্য বেশি, তাই ক্ষতি হয়েছে

∴ ক্ষতি = $\frac{৫}{২৪} - \frac{১}{৫} = \frac{২৫ - ২৪}{১২০} = \frac{১}{১২০}$ টাকা

∴ $\frac{৫}{২৪}$ টাকার ক্ষতি $\frac{১}{১২০}$ টাকা

∴ ১ ” ” $\frac{১ \times ২৪}{১২০ \times ৫}$ ”

∴ ১০০ ” ” $\frac{১ \times ২৪ \times ১০০}{১২০ \times ৫}$ ” = ৪ টাকা

অর্থাৎ ক্ষতি ৪%

৪৭. টাকায় ৩টি করে আম ক্রয় করে টাকায় ২টি দরে বিক্রয় করলে শতকরা কত লাভ হবে?

● ৫০% (খ) ৩৩%
(গ) ৩০% (ঘ) ৩১%

যুক্তি : ৩ টি আমের ক্রয়ম ল্য ১ টাকা

∴১ ” ” ” $\frac{১}{৩}$ ”

আবার,২ টি আমের ক্রয়ম ল্য ১ টাকা

∴ ১ ” ” ” $\frac{১}{২}$ ”

লাভ = $\left(\frac{১}{২} - \frac{১}{৩}\right)$ টাকা

= $\frac{৩ - ২}{৬}$ ” = $\frac{১}{৬}$ টাকা

$\frac{১}{৩}$ টাকায় লাভ হয় $\frac{১}{৬}$ টাকা

∴ ১ ” ” ” $\frac{১ \text{ দ্ধ } ৩}{৬}$ ”

∴ ১০০ ” ” ” $\frac{১ \text{ দ্ধ } ৩ \text{ দ্ধ } ১০০}{৬}$ ” = ৫০ টাকা

অর্থাৎ ৫০% লাভ

৪৮. এক ডজন কলা ২৪ টাকায় ক্রয় করে কুড়ি কত টাকায় বিক্রয় করলে ২৫% লাভ হবে?

(ক) ৪০ টাকা (খ) ৪৫ টাকা
● ৫০ টাকা (ঘ) ৫৫ টাকা

যুক্তি : ১২টি কলার ক্রয়ম ল্য ২৪ টাকা

∴ ২০ ” ” ” $\frac{২৪ \times ২০}{১২}$ ”

= ৪০ টাকা

২৫% লাভে বিক্রয়ম ল্য ১২৫ টাকা

ক্রয়ম ল্য ১০০ টাকা হলে বিক্রয়ম ল্য ১২৫ টাকা

∴ ” ৪০ ” ” ” $\frac{১২৫ \times ৪০}{১০০}$ ”

= ৫০ টাকা

৪৯. টাকায় ৫টি দরে লেবু ক্রয় করে টাকায় কয়টা দরে বিক্রয় করলে ২৫% লাভ হবে?

(ক) ২টি (খ) ৩টি
● ৪টি (ঘ) ৫টি

যুক্তি : ১টি লেবুর ক্রয়ম ল্য $\frac{১}{৫}$ টাকা

২৫% লাভে বিক্রয়ম ল্য (১০০ + ২৫) টাকা

= ১২৫ টাকা

ক্রয়ম ল্য ১০০ টাকা হলে বিক্রয়ম ল্য ১২৫ টাকা

∴ ” ” ১ ” ” ” ” $\frac{১২৫}{১০০}$ ”

∴ ” $\frac{১}{৫}$ ” ” ” ” $\frac{১২৫ \times ১}{১০০ \times ৫}$ ”

= $\frac{১}{৪}$ টাকা

প্রশ্নমতে,

$\frac{১}{৪}$ টাকায় বিক্রয় করে ১টি লেবু

∴ ১ ” ” $\frac{১ \times ৪}{১}$ ” ”

= ৪টি লেবু

৫০. ১০০ টাকায় ২৫টি কমলা ক্রয় করে ১০০ টাকায় ২০টি বিক্রয় করলে শতকরা কত লাভ বা ক্ষতি হবে?

(ক) লাভ ২০% (খ) ক্ষতি ২০%
● লাভ ২৫% (ঘ) ক্ষতি ২৫%

যুক্তি : ১টি কমলার ক্রয়ম ল্য $\frac{১০০}{২৫}$ বা, ৪ টাকা

১ ” ” বিক্রয়ম ল্য $\frac{১০০}{২০}$ বা, ৫ ”

∴ ৪ টাকায় লাভ (৫ - ৪) বা ১ টাকা

∴ ১০০ ” ” $\frac{১ \times ১০০}{৪}$ ”

বা, ২৫ টাকা

∴ লাভ ২৫%

৫১. টাকায় ১৫টা দরে আমলকি ক্রয় করে ২৫% লাভে বিক্রয় করলে প্রতি টাকায় কয়টি আমলকি বিক্রয় করতে হবে?

(ক) ১০টি ● ১২টি
(গ) ১৪টি (ঘ) ৮টি

যুক্তি : ১০০ টাকা ক্রয় করে = ১৫×১০০ = ১৫০০টি আমলকি
২৫% লাভে ১০০ টাকার আমলকির বিক্রয়ম ল্য ১২৫ টাকা
১২৫ টাকায় বিক্রয় করতে হবে ১৫০০ টি

∴ ১ ” ” ” $\frac{১৫০০}{১২৫}$ = ১২টি

RAISUL ISLAM HRIDOY

৫২. মুনিয়া ৫০ টাকা দরে ১০ ডজন কলম ক্রয় করে এবং ৪০ টাকা দরে ১৫ ডজন অন্য এক প্রকার কলম ক্রয় করে। প্রতি ডজন কলম কি দরে বিক্রয় করলে তার ডজন প্রতি ২০ টাকা লাভ হবে?

● ৬৪ টাকা ⓚ ৪৫ টাকা
ⓖ ৬৫ টাকা ⓖ ১১০ টাকা

যুক্তি : ১০ ডজন কলমের ক্রয়ম ল্য = ৫০০ টাকা
১৫ " " " = ৬০০ "

∴ ২৫ ডজন কলমের মোট ক্রয়ম ল্য = ১১০০ টাকা
২৫ ডজন কলম বিক্রয়ে মোট লাভ = ২৫ × ২০
= ৫০০ টাকা
∴ ২৫ ডজন কলমের মোট বিক্রয়ম ল্য = (১১০০ + ৫০০)
= ১৬০০ টাকা
∴ ১ " " " " $= \frac{১৬০০}{২৫}$ = ৬৪ টাকা

৫৩. করিম একটি গর" ৫৫০০ টাকায় ক্রয় করে ৬০৫০ টাকায় বিক্রি করল। তার শতকরা কত লাভ বা ক্ষতি হলো?

● ১০% লাভ ⓚ ১৫% লাভ
ⓖ ১% লাভ ⓖ ১০% ক্ষতি

যুক্তি : লাভ হলো (৬০৫০−৫০০) = ৫৫০ টাকা
৫৫০০ টাকায় লাভ হলো ৫৫০ টাকা
∴ ১০০ " " " $\frac{৫৫০\times১০০}{৫৫০০}$ = ১০ টাকা
∴ লাভ ১০%

৫৪. ৪ টাকায় ৫টি করে কিনে ৫ টাকায় ৪টি করে বিক্রয় করলে শতকরা কত লাভ হয়?

● ৫৬.২৫% ⓚ ৫৭.৭৫%
ⓖ ৫৫.৫০% ⓖ ৫০.৫৭%

যুক্তি : ১টির ক্রয় ম ল্য $\frac{৪}{৫}$ টাকা
∴ ১ " বিক্রয় " $\frac{৫}{৪}$ টাকা
∵ $\frac{৪}{৫}$ টাকায় লাভ $\left(\frac{৫}{৪}-\frac{৪}{৫}\right)=\frac{৯}{২০}$ টাকা
∴ ১ " " $\frac{৯\times৫}{২০\times৪}$ "
∴ ১০০ " " $\frac{৯\times৫\times১০০}{২০\times৪}$ "
$= \frac{২২৫}{৪}$ টাকা
= ৫৬.২৫ টাকা
অর্থাৎ ৫৬.২৫%

৫৫. একটি প্যান্ট ও একটি শার্টের ম ল্য একত্রে ৫২৫ টাকা। যদি শার্টের ম ল্য ১০% বাড়ে ও প্যান্টের ম ল্য ৫% কমে তাহলে শার্ট ও প্যান্টের ম ল্য একত্রে একই থাকে। শার্ট ও প্যান্টের প্রতিটির প র্বম ল্য নির্ণয় কর"ন।

ⓚ ৩০০ টাকা ● ৩৫০ টাকা
ⓖ ৩৭৫ টাকা ⓖ ৩৯০ টাকা

যুক্তি : ধরি, শার্টের প র্বম ল্য x টাকা, প্যান্টের প র্বম ল্য (৫২৫ − x) টাকা
শার্টের প র্ব ম ল্য ১০০ টাকা হলে বর্তমান ম ল্য ১১০ টাকা
∴ " " " x " " " $\frac{১১০x}{১০০}$ "
প্যান্টের প র্ব ম ল্য ১০০ টাকা হলে বর্তমান ম ল্য ৯৫ টাকা
∴ " " " (৫২৫ − x) " " " $\frac{৯৫(৫২৫-x)}{১০০}$ "
প্রশ্নমতে, $\frac{১১০x}{১০০}+\frac{৯৫(৫২৫-x)}{১০০}=৫২৫$
বা, ১১০x + ৪৯৮৭৫ − ৯৫x = ৫২৫০০
বা, ১৫x = ২৬২৫
∴ x = ১৭৫
∴ শার্ট ১৭৫ টাকা, প্যান্ট (৫২৫ − ১৭৫) টাকা
= ৩৫০ টাকা

১. লাভ = বিক্রয়ম ল্য − ক্রয়ম ল্য [বিক্রয়ম ল্য বেশি হতে হবে]
২. ক্ষতি = ক্রয়ম ল্য − বিক্রয়ম ল্য [বিক্রয়ম ল্য কম হতে হবে]
৩. উৎপাদন খরচ + লাভ = উৎপাদনকারীর বিক্রয়ম ল্য = পাইকারী বিক্রেতার ক্রয়ম ল্য
৪. পাইকারী বিক্রেতার ক্রয়ম ল্য + লাভ = পাইকারী বিক্রেতার বিক্রয়ম ল্য = খুচরা বিক্রেতার ক্রয়ম ল্য
৫. খুচরা বিক্রেতার ক্রয়ম ল্য + লাভ = খুচরা বিক্রেতার বিক্রয়ম ল্য = ক্রেতার ক্রয়ম ল্য

RAISUL ISLAM HRIDOY

১০. সুদকষা

১. সুদের হার ৯% হতে কমে ৪% হওয়ায় এক ব্যক্তির আয় ২ বছরে ৫০ টাকা কমে গেল। তার মঙ লধন কত?

ক) ৪০০ টাকা ● ৫০০ টাকা
গ) ৮০০ টাকা ঘ) ৯০০ টাকা

যুক্তি : ১০০ টাকায় ২ বছরে সুদের হার কমে $= ২ \times (৯ - ৪)$
$= ২ \times ৫ = ১০$ টাকা

$\therefore$ প্রকৃত মঙ লধন $= \frac{১০০ \times ৫০}{১০} = ৫০০$ টাকা

২. শতকরা বার্ষিক ৩ $\frac{১}{৮}$ টাকা হার সুদে কত সময়ে যেকোন আসল সুদ-আসলে তিনগুণ হবে?

ক) ৬০ বছর খ) ৬১ বছর
● ৬৪ বছর ঘ) ৬৫ বছর

যুক্তি : ধরি, আসল $= x$ টাকা
সুদ - আসল $= ৩x$
$\therefore$ সুদ $= ২x$

$\therefore$ সময় $= \frac{১০০ \times \text{সুদ}}{\text{আসল} \times \text{হার}} = \frac{১০০ \times ২x}{x \times \frac{২৫}{৮}}$

$= ২০০ \times \frac{৮}{২৫} = ৬৪$ বছর

৩. শতকরা বার্ষিক কত হার সুদে ৭০০ টাকার ৫ বছরের সুদ ১০৫ টাকা হবে?

ক) ২% ● ৩%
গ) ৫% ঘ) ৭%

যুক্তি : সুদের হার $= \frac{১০০ \times \text{সুদ}}{\text{আসল} \times \text{সময়}}$

$= \frac{১০০ \times ১০৫}{৭০০ \times ৫} = ৩\%$

৪. সুদের হার ১৫% থেকে কমে ১৩% হওয়ায় এক ব্যক্তির ৬ বছরের সুদ ৮৪ টাকা কমে গেল। তার মঙ লধন কত?

● ৭০০ টাকা খ) ৮০০ টাকা
গ) ৯০০ টাকা ঘ) ১০০০ টাকা

যুক্তি : ১০০ টাকায় ১ বছরে সুদ কমে $(১৫ - ১৩)$ বা, ২ টাকা
$\therefore$ ১০০ " ৬ " " " ৬×২ "
$= ১২$ টাকা
এখন, ১২ টাকা সুদ কমে যখন আসল ১০০ টাকা
$\therefore$ ১ " " " " " $\frac{১০০}{১২}$ "
$\therefore$ ৮৪ " " " " " $\frac{১০০ \times ৮৪}{১২}$ "
$= ৭০০$ টাকা

৫. সুদের হার শতকরা ৫ টাকা হলে, কত বছরে সুদ সুদ-আসলের $\frac{১}{৫}$ হবে?

● ৫ বছর খ) $৫\frac{১}{২}$ বছর
গ) ৬ বছর ঘ) $৬\frac{১}{২}$ বছর

যুক্তি : ধরি, সুদ - আসল $= x$ টাকা
$\therefore$ সুদ $\frac{x}{৫}$ টাকা
এবং আসল $= (x - \frac{x}{৫})$ টাকা $= \frac{৪x}{৫}$ টাকা

$\therefore$ সময় $= \frac{১০০ \times \text{সুদ}}{\text{আসল} \times \text{হার}} = \frac{১০০ \times \frac{x}{৫}}{\frac{৪x}{৫} \times ৫}$

$= \frac{২০ \times x}{৪ \times x} = ৫$
$\therefore$ সময় ৫ বছর

৬. বার্ষিক শতকরা কত হার সুদে ৪২৫ টাকা ৩ বছরে সুদ-আসলে ৪৭৬ টাকা হবে?

● ৪% খ) $৪\frac{১}{২}$%
গ) ৫% ঘ) $৫\frac{১}{২}$%

যুক্তি : এখানে, আসল $= ৪২৫$ টাকা
সুদাসল $= ৪৭৬$ টাকা
$\therefore$ সুদ $= (৪৭৬ - ৪২৫) = ৫১$ টাকা
$\therefore$ সময় $= ৩$ বৎসর
৪২৫ টাকার ৩ বছরের সুদ ৫১ টাকা
১ " ৩ " " $\frac{৫১}{৪২৫}$ "
$\therefore$ ১ " ১ " " $\frac{৫১}{৪২৫ \times ৩}$ "
$\therefore$ ১০০ " ১ " $\frac{৫১ \times ১০০}{৪২৫ \times ৩}$ " $= ৪$ টাকা
$\therefore$ সুদের হার ৪%

৭. শতকরা বার্ষিক কত হার সুদে কোন মুলধন ২৫ বছরে সুদে-ম লে ৪ গুণ হবে?

ক) ৮% ● ১২%
গ) ১৫% ঘ) ১৬%

যুক্তি : ধরি, আসল $= ১০০$ টাকা
সুদে ম লে $= ১০০ \times ৪$ টাকা $= ৪০০$ টাকা
$\therefore$ সুদ $= ৪০০ - ১০০ = ৩০০$ টাকায়
এখন, ১০০ টাকার ২৫ বৎসরের সুদ ৩০০ টাকা
$\therefore$ ১০০০ " ১ " " $\frac{৩০০}{২৫}$ " $= ১২$ টাকা
$\therefore$ সুদের হার ১২%

৮. সুদের হার ৬% থেকে কমে ৪% হওয়ার এক ব্যক্তির বাৎসরিক আয় ২০ টাকা কমে গেল। আসলের পরিমাণ কত?

ক) ১০০ টাকা খ) ২০০ টাকা
● ১,০০০ টাকা ঘ) ২,০০০ টাকা

যুক্তি : সুদের হার কমে $= (৬ - ৪)\% = ২\%$
অর্থাৎ ২ টাকা সুদ কমে যখন আসল $= ১০০$ টাকা
$\therefore$ ১ " " " " $= \frac{১০০}{২}$ "
$\therefore$ ২০ " " " " $= \frac{১০০ \times ২০}{২}$
$= ১০০০$ টাকা

৯. বার্ষিক শতকরা কত হার সুদে ২৭৫ টাকা ৪ বছরে সুদ-আসলে ৪০৭ টাকা হবে?

ক) ৯% খ) ১০%
গ) ১১% ● ১২%

যুক্তি : সুদাসল $= ৪০৭$ টাকা
আসল $= ২৭৫$ "
$\therefore$ সুদ $= (৪০৭ - ২৭৫)$ টাকা
$= ১৩২$ টাকা
এখন, ২৭৫ টাকায় ৪ বছরের সুদ ১৩২ টাকা
$\therefore$ ১ " ১ " " $\frac{১৩২}{২৭৫ \times ৪}$ টাকা
$\therefore$ ১০০ " ১ " " $\frac{১৩২ \times ১০০}{২৭৫ \times ৪} = ১২$ টাকা

RAISUL ISLAM HRIDOY

∴ সুদের হার ১২%

১০. শতকরা বার্ষিক ৫ টাকা হার সুদে কত বছরে যে কোনো আসল তার দ্বিগুণ হবে?

ক) ১৫ বছর খ) ১৬ বছর
গ) ১৮ বছর ● ২০ বছর

যুক্তি : ধরি, আসল ১০০ টাকা
∴ সুদাসল = (১০০ × ২) টাকা = ২০০ টাকা
∴ সুদ = (২০০ - ১০০) = ১০০ টাকা
আসল ১০০ টাকা হলে ৫ টাকা সুদ হয় ১ বছরে
" ১০০ " " ১ " " " $\frac{১}{৫}$ "
" ১০০ " " ১০০ " " $\frac{১০০ \times ১}{৫}$ "
= ২০ বছরে

১১. সরল হার সুদে ৫৬০ টাকার ৩ বৎসরের সুদ ৮৪ টাকা হলে, সুদের হার কত?

ক) ৩% ● ৫%
গ) ৬% ঘ) ৮%

যুক্তি : ৫৬০ টাকায় ৩ বৎসরের সুদ ৮৪ টাকা
∴ ১ " ১ " " $\frac{৮৪}{৫৬০ \times ৩}$ "
∴ ১০০ " ১ " " $\frac{৮৪ \times ১০০}{৫৬০ \times ৩}$ " = ৫ টাকা
অর্থাৎ ৫%

১২. সরল হার সুদে ২০০ টাকার ৫ বছরের সুদ ও ৫০০ টাকার ৬ বছরের সুদ মোট ৩২০ টাকা হলে সুদের হার কত?

ক) ৬% খ) ৭%
● ৮% ঘ) ৯%

যুক্তি : আমরা জানি,
$$\text{সুদ} = \frac{\text{আসল} \times \text{সময়} \times \text{হার}}{১০০}$$
∴ ১ম ক্ষেত্রে সুদ = $\frac{২০০ \times ৫ \times x}{১০০}$ = ১০x টাকা
এবং ২য় " " $\frac{৫০০ \times ৬ \times x}{১০০}$ = ৩০x টাকা
শর্তমতে, ১০x + ৩০x = ৩২০
বা, ৪০x = ৩২০
বা, $x = \frac{৩২০}{৪০}$
∴ x = ৮
∴ সুদের হার ৮%

১৩. সরল সুদের হার শতকরা কত হলে যে কোন মঙ লধন ৮ বৎসরে সুদে-আসলে তিনগুণ হবে?

ক) ১২.৫% খ) ১৫%
গ) ২০% ● ২৫%

যুক্তি : আসল ১০০ টাকা হলে ৮ বছর শেষে সুদাসল
= ১০০ × ৩ = ৩০০টাকা
∴ সুদ = (৩০০ – ১০০) টাকা
= ২০০ টাকা
∴ ১০০ টাকার ৮ বছরের সুদ ২০০ টাকা
∴ ১০০ " ১ " " $\frac{২০০}{৮}$ "
= ২৫ টাকা = ২৫%

১৪. ৫০ পয়সার ৫০ দিনের সুদ ৫০ পয়সা হলে দৈনিক সুদের হার কত?

● ১ পয়সা খ) .১ পয়সা
গ) .০১ পয়সা ঘ) ১০ পয়সা

যুক্তি : ৫০ পয়সার ৫০ দিনের সুদ হয় ৫০ পয়সা
∴ ৫০ " ১ " " " $\frac{৫০}{৫০}$ "
= ১ পয়সা

১৫. শতকরা বার্ষিক ৫ টাকা হার সুদে ৪০০ টাকার সুদ কত বছরে ১০০ টাকা হবে?

ক) ৪ বছরে ● ৫ বছরে
গ) ৬ বছরে ঘ) $৪\frac{১}{২}$ বছরে

যুক্তি : ৫% হারে,
৪০০ টাকার ১ বছরের সুদ $\frac{৫}{১০০} \times ৪০০$ = ২০ টাকা
২০ টাকা সুদ হয় ১ বছরে
∴ ১ " " " $\frac{১}{২০}$ "
∴ ১০০ " " " $\frac{১ \times ১০০}{২০}$ "
= ৫ বছরে

১৬. ২% হার সুদে ১০০ টাকার ৩ বছরের সুদ অপেক্ষা ৩% হার সুদে ঐ টাকার ৩ বছরের সুদ কত বেশি হবে?

● ৩ টাকা খ) ৪ টাকা
গ) ২ টাকা ঘ) ১ টাকা

যুক্তি : ২% হারে সুদ = ২ × ৩ = ৬ টাকা
৩% " " = ৩ × ৩ = ৯ টাকা
∴ বেশি = ৯ – ৬ = ৩ টাকা

১৭. শতকরা বার্ষিক সুদের হার ৭ টাকা হলে ৬৫০ টাকার ৬ বছরের সুদ কত?

ক) ২৭০ টাকা
● ২৭৩ টাকা
গ) ২৭২ টাকা
ঘ) ২৭৫ টাকা

যুক্তি : সরল মুনাফার ক্ষেত্রে I = Pnr
সুদ = ৬৫০ × ৬ × $\frac{৭}{১০০}$
= ২৭৩ টাকা
r = ১০০ টাকার সুদ
= $\frac{৭}{১০০}$ টাকা

১৮. শতকরা বার্ষিক কত হার সুদে ৭০০ টাকার ৫ বছরের সুদ ১০৫ টাকা হবে?

● ৩% খ) ৫%
গ) $৭\frac{১}{২}$% ঘ) $৩\frac{১}{২}$%

যুক্তি : ৭০০ টাকায় ৫ বছরে সুদ ১০৫ টাকা
∴ ১০০ " ১ " " $\frac{১০৫ \times ১০০}{৭০০ \times ৫}$ "
= ৩ টাকা
অর্থাৎ ৩%

১৯. শতকরা ৪ টাকা হার সুদে কত টাকার ৫ বৎসরের সুদ ৪ টাকা হবে?

ক) ১০ খ) ১৫
● ২০ ঘ) ৩০

যুক্তি : ৪% হারে, ১০০ টাকার ৫ বৎসরের সুদ (৫ × ৪) টাকা
= ২০ টাকা
২০ টাকা সুদ হয় ১০০ টাকায়
∴ ১ " " " $\frac{১০০}{২০}$ "
∴ ৪ " " " $\frac{১০০ \times ৪}{২০}$ " = ২০ টাকায়

২৩. শতকরা বার্ষিক কত হার সুদে ৪৫০ টাকার ১২ বছরের সুদ ১৬২ টাকা হবে?

● ৩.০০ টাকা খ) ২.৫০ টাকা
গ) ৩.৫০ টাকা ঘ) ২.৭৫ টাকা

যুক্তি : ৪৫০ টাকার ১২ বছরের সুদ ১৬২ টাকা

RAISUL ISLAM HRIDOY

∴ ১ ” ১ ” ” $\frac{১৬২}{৪৫০ \times ১২}$ ”

∴ ১০০ ” ১ ” ” $\frac{১৬২ \times ১০০}{৪৫০ \times ১২}$ ” = ৩ টাকা

অর্থাৎ ৩.০০ টাকা

২৪. ৫০০ টাকার ৪ বছরের সুদ এবং ৬০০ টাকার ৫ বছরের সুদ একত্রে ৫০০ টাকা হলে সুদের হার কত?

ⓚ ৫% ● ১০%
ⓖ ১৫% ⓖ ২০%

২০. শতকরা ৫ টাকা হার সুদে ২০ বৎসরে সুদে-আসলে ৫০,০০০ টাকা হলে মঙ লধন কত?

ⓚ ২০,০০০ টাকা ● ২৫,০০০ টাকা
ⓖ ৩০,০০০ টাকা ⓖ ৩৫,০০০ টাকা

যুক্তি : ১০০ টাকার ১ বছরের সুদ ৫ টাকা

∴ ১০০ ” ২০ ” ” (৫ × ২০) = ১০০ টাকা

∴ সুদাসল (১০০ + ১০০) টাকা = ২০০ টাকা

∴ সুদাসল ২০০ টাকা হলে আসল ১০০ টাকা

∴ ” ৫০,০০০ ” ” ” $\frac{১০০ \times ৫০,০০০}{২০০}$ ”

= ২৫,০০০ টাকা

২১. ৫% হার সুদে ৬০০ টাকা ৫ বছরে সুদে-আসলে কত টাকা হবে?

ⓚ ৭০০ টাকা ● ৭৫০ টাকা
ⓖ ৭৭৫ টাকা ⓖ ৮০০ টাকা

যুক্তি : ১০০ টাকায় ১ বছরে সুদ ৫ টাকা

∴ ১ ” ৫ ” ” $\frac{৫ \times ৫}{১০০}$ ”

∴ ৬০০ ” ৫ ” ” $\frac{৫ \times ৫ \times ৬০০}{১০০}$ ” = ১৫০ টাকা

সুদে-আসলে হবে (৬০০ + ১৫০) = ৭৫০ টাকা

২২. শতকরা বার্ষিক কত হার সুদে ১ বছরের সুদ আসলের $\frac{১}{৫}$ অংশ হবে?

ⓚ ১০% ⓚ ১৫%
● ২০% ⓖ ২৫%

যুক্তি : ধরি, আসল = ৫ টাকা

তাহলে সুদ = ১ টাকা

সময় = ১ বছর

∴ সুদের হার = $\frac{১০০ \times ১}{১ \times ৫}$ % = ২০%

২৫. কোন আসল ৩ বছরে সুদে আসলে ৪৬০ টাকা এবং ৫ বছরে সুদে আসলে ৫০০ টাকা হয়। আসল কত?

● ৪০০ টাকা ⓚ ৪২৫ টাকা
ⓖ ৪৩০ টাকা ⓖ ৪৫০ টাকা

যুক্তি : আসল + ৫ বছরের সুদ = ৫০০ টাকা

আসল + ৩ বছরের সুদ = ৪৬০ টাকা

∴ ২ বছরের সুদ = ৪০ টাকা

∴ ৩ বছরের সুদ $\frac{৪০ \times ৩}{২}$ = ৬০ টাকা

∴ আসল (৪৬০ – ৬০) = ৪০০ টাকা

২৬. শতকরা বার্ষিক কত হার সুদে ১২০০ টাকার ৩ বৎসরের সুদ ২১৬ টাকা হবে?

ⓚ ৩% ⓚ ৪%
ⓖ ৫% ● ৬%

যুক্তি : ১,২০০ টাকায় ৩ বছরের সুদ ২১৬ টাকা

∴ ১ ” ১ ” ” $\frac{২১৬}{১২০০ \times ৩}$ ”

∴ ১০০ ” ১ ” ” $\frac{২১৬ \times ১০০}{১২০০ \times ৩}$ ” = ৬ টাকা

∴ সুদের হার ৬%

২৭. সুদের হার কত হলে ১০০ টাকা সরল সুদে ৮ বছরে দ্বিগুণ হবে?

যুক্তি : (৫০০ × ৪ + ৬০০ × ৫) টাকার

বা ৫০০০ টাকার ১ বছরের সুদ ৫০০ টাকা

৫০০০ টাকার ১ বছরের সুদ ৫০০ টাকা

∴ ১ ” ১ ” ” $\frac{৫০০}{৫০০০}$ ”

∴ ১০০ ” ১ ” ” $\frac{৫০০ \times ১০০}{৫০০০}$ ” = ১০ টাকা

= ১০%

● ১২.৫% ⓚ ১৬%
ⓖ ১০% ⓖ ১০.৫%

যুক্তি : প্রশ্নমতে, সুদ হয় (২০০ – ১০০) = ১০০ টাকা

∴ ৮ বছরে সুদ হয় ১০০ টাকা

∴ ১ ” ” ” $\frac{১০০}{৮}$ ”

= ১২.৫ টাকা

অর্থাৎ ১২·৫%

২৮. শতকরা বার্ষিক কত হার সুদে ৫ বৎসরে ৪০০ টাকার সুদ ১৪০ টাকা হবে?

● ৭ টাকা ⓚ ৫ টাকা
ⓖ ৩ টাকা ⓖ ১২ টাকা

যুক্তি : ৪০০ টাকার ৫ বছরের সুদ ১৪০ টাকা

∴ ১০০ ” ১ ” ” $\frac{১৪০ \times ১০০}{৪০০ \times ৫}$ ” = ৭ টাকা

২৯. সুদের হার ৬% থেকে কমে ৪% হলে ৫০০ টাকার ৩ বছরের সুদ কত কম হবে?

ⓚ ৬০ টাকা ● ৩০ টাকা
ⓖ ৯০ টাকা ⓖ ১৫০

যুক্তি : সুদের হার কম (৬% – ৪%) = ২% ∴ $r = \frac{২}{১০০}$

সুদ কম হবে, I = Pnr

= ৫০০ × ৩ × $\frac{২}{১০০}$ = ৩০ টাকা

৩০. $৬\frac{১}{২}$ % সুদে ১৮০০ টাকার ৬ বছরের সুদাসল কত?

ⓚ ৩২০৪ টাকা ⓚ ২৭০০ টাকা
● ২৫০২ টাকা ⓖ ২৫০০ টাকা

যুক্তি : সুদাসল, A = P(১ + nr)

= ১৮০০ $(১ + ৬ \times \frac{১৩}{২ \times ১০০})$

= ২৫০২ টাকা

৩১. শতকরা বার্ষিক $৪\frac{১}{১৮}$ টাকা হার সুদে কত টাকার দৈনিক সুদ ১ টাকা হবে?

ⓚ ৭০০০ টাকা ⓚ ৪৫০০ টাকা
ⓖ ১৮০০ টাকা ● ৯০০০ টাকা

যুক্তি : বার্ষিক শতকরা সুদের হার $৪\frac{১}{১৮}$ টাকা বা $\frac{৭৩}{১৮}$ টাকা

∴ দৈনিক সুদের হার = $\frac{৭৩}{১৮ \times ৩৬৫}$ টাকা

এখন, I = Pnr

বা, ১ = P × ১ × $\frac{৭৩}{১৮ \times ৩৬৫ \times ১০০}$

∴ P = ৯০০০ টাকা

৩২. শতকরা কত হার সুদে কোন আসল ১০ বছরে সুদে আসলে চার গুণ হবে?

ⓚ ২০% ⓚ ৪%
● ৩০% ⓖ ২৫%

যুক্তি : ধরি, আসল ১০০ টাকা।

∴ সুদ আসল ৪০০ টাকা

এখন, A = P(১ + nr)

বা, ৪০০ = ১০০ (১ + ১০r)

RAISUL ISLAM HRIDOY

∴ r = ০·৩
∴ সুদের হার = ০.৩ × ১০০ = ৩০%

৩৩. কোন আসল ৮% হার সুদে ৩ বছরে সুদে-আসলে ১৮৬০ টাকা হয়। কত বছরে তা সুদে-আসলে ২০৪০ টাকা হবে?

● $৪\frac{১}{২}$ বছরে ⓚ ৫ বছরে
ⓖ ৬ বছরে ⓖ $৭\frac{১}{২}$ বছরে

যুক্তি : ৮% হার সুদে
১০০ টাকায় ৩ বছরে সুদ হয় ৮ × ৩ = ২৪ টাকা
সুদেআসলে (১০০ + ২৪) = ১২৪ টাকা হলে আসল = ১০০ টাকা

∴ ” ১,৮৬০ ” ” ” $\frac{১০০ \times ১.৮৬০}{১২৪}$ ”
= ১৫০০ টাকা

সুদ = ১৮৬০ − ১৫০০ = ৩৬০ টাকা
আবার সুদ = ২০৪০ − ১৫০০ = ৫৪০ টাকা
∴ ৩৬০ টাকা সুদ হয় ৩ বছরে

∴ ৫৪০ ” ” ” $\frac{৩ \times ৫৪০}{৩৬০} = ৪\frac{১}{২}$ বছরে

৩৪. ৫০০ এর ৪০% কত?

● ২০০ ⓚ ১০০
ⓖ ১৫০ ⓖ ৩০০

যুক্তি : ৫০০ এর $\frac{৪০}{১০০} = ২০০$

৩৫. বার্ষিক ৪.৫% সরল সুদে কত টাকা বিনিয়োগ করলে ৪ বছরে তা ৮২৬ টাকা হবে?

ⓚ ৫০০ টাকা ⓚ ৫৫০ টাকা
ⓖ ৫৭০ টাকা ● ৭০০ টাকা

যুক্তি : ১০০ টাকায় ১ বছরে সুদ ৪.৫ টাকা
∴ ১০০ ” ৪ ” ” (৪.৫ × ৪) = ১৮ টাকা
∴১০০ টাকা সুদেআসলে হয় ১০০ + ১৮ = ১১৮ টাকা
সুদেআসলে ১১৮ টাকা হলে আসল ১০০ টাকা

∴ ” ১ ” ” ” $\frac{১০০}{১১৮}$ ”

∴ ” ৮২৬ ” ” ” $\frac{১০০ \times ৮২৬}{১১৮}$ ”
= ৭০০ টাকা

৩৬. এক ব্যক্তি ৪৮০০ টাকার কিছু পরিমাণ টাকা ৫% মুনাফায় বিনিয়োগ করে এবং অবশিষ্ট টাকা ৪% মুনাফায় বিনিয়োগ করে। বছর শেষে ঐ ব্যক্তি ২০৪ টাকা মুনাফা করে। ৫% টাকা হারে মুনাফায় তিনি বিনিয়োগ করেছিলেন —

ⓚ ১০০০ টাকা ● ১২০০ টাকা
ⓖ ১৩০০ টাকা ⓖ ১৪০০ টাকা

যুক্তি : মনে করি, ৫% মুনাফায় বিনিয়োগ করা হয়েছিল x টাকা
∴ ৪% ” ” ” ” (৪৮০০ − x) টাকা

৫% হারে, x টাকায় সুদ হয় = $\frac{৫ \times x}{১০০}$ টাকা

৪% হারে (৪৮০০ − x) টাকায় সুদ হয় = $\frac{৪(৪৮০০ - x)}{১০০}$ টাকা

শর্তমতে, $\frac{৫x}{১০০} + \frac{৪(৪৮০০ - x)}{১০০} = ২০৪$

বা, $\frac{৫x + ৪ \times ৪৮০০ - ৪x}{১০০} = ২০৪$

বা, x + ৪ × ৪৮০০ = ২০৪ × ১০০
বা, x = ২০৪০০ − ১৯২০০
∴ x = ১২০০

৫% হারে বিনিয়োগকৃত টাকা ১২০০

৩৭. বার্ষিক ১০% সরল সুদে কত টাকা ৫ বছরে সুদে আসলে ৭৫০ টাকা হবে?

● ৫০০ টাকা ⓚ ৬০০ টাকা
ⓖ ৭০০ টাকা ⓖ ৮০০ টাকা

যুক্তি : ১০% সরল সুদে ১০০ টাকায় ৫ বছরে সুদ = ১০ × ৫
= ৫০ টাকা
∴ সুদ-আসল (১০০ + ৫০) = ১৫০ টাকা
∴ সুদ-আসল ১৫০ টাকা হলে আসল ১০০ টাকা

∴ ” ৭৫০ ” ” ” $\frac{১০০ \times ৭৫০}{১৫০}$ ”
= ৫০০ টাকা

৩৮. শতকরা বার্ষিক কত হার সুদে যে-কোন ম লধন ১০ বৎসরে সুদে-আসলে দ্বিগুণ হয়?

ⓚ ২৫% ⓚ ২০%
ⓖ ১৫% ● ১০%

যুক্তি : প্রশ্নমতে, আসল ১০০ টাকা হলে সুদেআসলে হয়
২ × ১০০ = ২০০ টাকা
∴ সুদ হয় (২০০ − ১০০) = ১০০ টাকা
∴ ১০০ টাকার ১০ বছরে সুদ ১০০ টাকা

∴ ” ” ১ ” ” $\frac{১০০}{১০}$ ”
= ১০%

৩৯. শতকরা বার্ষিক কত হার সুদে যে কোন ম লধন ৫ বছরে সুদে আসলে দ্বিগুণ হয়?

ⓚ ১৫% ● ২০%
ⓖ ২৫% ⓖ ৩০%

যুক্তি : মনে করি, আসল ১০০ টাকা
সুদাসল = আসলের দ্বিগুণ = ১০০ × ২ = ২০০ টাকা
∴ সুদ = (২০০ − ১০০) টাকা = ১০০ টাকা

অতএব শতকরা সুদের হার = $\frac{১০০ \times \text{সুদ}}{\text{আসল} \times \text{সময়}}$

= $\frac{১০০ \times ১০০}{১০০ \times ৫}$
= ২০ টাকা

৪০. যদি আসল এবং ৫ বছরের সুদ একত্রে ৩,০০০.০০ টাকা এবং যদি সুদ আসলের $\frac{৩}{৮}$ অংশ হয় তবে আসল কত টাকা?

ⓚ ২০০০ টাকা ⓚ ২১০০ টাকা
ⓖ ২২০০ টাকা ● ২৪০০ টাকা

যুক্তি : মনে করি, আসল ৮ টাকা

সুদ = ৮ টাকা এর $\frac{৩}{৮}$ অংশ = ৩ টাকা

সুদাসল = সুদ + আসল
= (৩ + ৮) টাকা = ১১ টাকা

সুদাসল ১১ টাকা হলে আসল = ৮ টাকা

” ১ ” ” ” = $\frac{৮}{১১}$ ”

” ৩০০০ ” ” ” = $\frac{৮ \times ৩০০০}{১১}$ ” = ২৪০০ টাকা

∴ আসল ২৪০০ টাকা

৪১. ৫০০ টাকার ৪ বছরের সুদ এবং ৬০০ টাকার ৫ বছরের সুদ একত্রে ৫০০ টাকা হলে সুদের হার কত?

ⓚ ৫% ⓚ ৬%
● ১০% ⓖ ১৫%

যুক্তি : ৫০০ টাকার ৪ বছরের সুদ = ২০০০ টাকার ১ বছরের সুদ



= ১০ টাকার ১ বছরের সুদ

৪২. সুদের হার শতকরা ৭ হলে ৬৫০ টাকার ছয় বছরের সুদ হবে—

ⓚ ২৭০ টাকা ⓚ ২৭৫ টাকা
● ২৭৩ টাকা ⓖ ২৮০ টাকা

যুক্তি : ১০০ টাকার ১ বছরের সুদ ৭ টাকা
∴ ১ ” ১ ” ” $\frac{৭}{১০০}$ ”

RAISUL ISLAM HRIDOY

∴ ৬৫০ " ৬ " " $\frac{৭ \times ৬৫০ \times ৬}{১০০}$ = ২৭৩ টাকা

৪৩. বার্ষিক সুদের হার ৫% থেকে হ্রাস পেয়ে $৪\frac{৩}{৪}$% হওয়ায় এক ব্যক্তির ৮০ টাকা আয় কমে গেল। তার মঙ লধন কত ছিল?

ক ২৪০০ টাকা খ ৩৬০০ টাকা
গ ৩৩০০ টাকা ● ৩২০০০ টাকা

যুক্তি : $\left(৫ - ৪^{৩}/_{৪}\right)\% = {}^{১}/_{৪}\%$

$^{১}/_{৪}$ টাকা আয় কমলে মঙ লধন ১০০ টাকা

∴ ৮০ " " " " $\frac{১০০ \times ৪ \times ৮০}{১}$ "

= ৩২০০০ টাকা

- সরল মুনাফার ক্ষেত্রে, I = Pnr
- A= P + I = P + Pnr = P (1 + nr)
- চক্রবৃদ্ধি মুনাফার ক্ষেত্রে

- আসল = $\frac{}{\text{সময় } \times \text{ হার}}$
- আসল = $\frac{১০০ \times \text{সুদাসল}}{১০০ + (\text{সময় } \times \text{ হার})}$

৪৪. ৬ $^{১}/_{৪}$% হার সুদে কত সময়ে ৯৬ টাকার সুদ ১৮ টাকা হয়?

ক ২ বছর ● ৩ বছর
গ ৪ বছর ঘ ৫ বছর

যুক্তি : ১০০ টাকার ১ বছরের সুদ $^{২৫}/_{৪}$ টাকা

∴ ৯৬ " ১ " " $\frac{২৫ \times ৯৬}{৪ \times ১০০}$ = ৬ টাকা

৬ টাকা সুদ হয় ১ বছরে

∴ ১৮ " " " $\frac{১ \times ১৮}{৬}$

= ৩ বছরে

প্রথম স ত্রটি হতে বজ্রগুণন প্রক্রিয়ায় সমাধানের অন্যান্য যে স ত্রগুলো পাওয়া যায় সেগুলো হলো :

ক. সুদ = $\frac{\text{আসল } \times \text{ সময় } \times \text{ হার}}{১০০}$

খ. সময় = $\frac{১০০ \times \text{সুদ}}{\text{আসল } \times \text{ হার}}$

গ. সুদের হার =

১. কোন পরীক্ষায় ১০০ জন ছাত্রের প্রাপ্ত গড় নম্বর ৮০। যদি ২০% ছাত্রকে বাদ দেওয়া হয় তবে বাকি ছাত্রদের প্রাপ্ত গড় নম্বর হবে ৯০। ২০% ছাত্রের প্রাপ্ত গড় নম্বর কত?

ক ৩২ খ ৩৬
● ৪০ ঘ ৪২

যুক্তি : ১০০ জন ছাত্রের প্রাপ্ত গড় নম্বর ৮০
∴ মোট নম্বর (৮০ × ১০০) = ৮০০০
২০% ছাত্রবাদে মোট ছাত্র (১০০ − ২০) = ৮০ জন
∴ ৮০ জন ছাত্রের গড়ে নম্বর ৯০
∴ তাদের মোট নম্বর (৮০ × ৯০) = ৭২০০
∴ ২০ জন ছাত্রের প্রাপ্ত নম্বর = (৮০০০ − ৭২০০) = ৮০০
∴ তাদের গড় নম্বর (৮০০ ÷ ২০) = ৪০

২. ২ থেকে শুর করে পর পর ৫টি জোড় সংখ্যার গড় কত হবে?

ক ৪ খ ৫
● ৬ ঘ ৭

যুক্তি : ২ + ৪ + ৬ + ৮ + ১০ = ৩০
∴ সংখ্যাগুলোর গড় = ৩০ ÷ ৫ = ৬

৩. এক দোকানদার ১২ দিনে ৫০৪ টাকা আয় করলেন। প্রথম ৪ দিনে গড় আয় ৪০ টাকা হলে বাকী দিনগুলোর গড় আয় কত টাকা হবে?

ক ৪০ টাকা খ ৪২ টাকা
● ৪৩ টাকা ঘ ৪৭ টাকা

যুক্তি : ৪ দিনের মোট আয় (৪০ × ৪) টাকা = ১৬০ টাকা
অবশিষ্ট দিন (১২ − ৪) দিন = ৮ দিন
১২ দিনে আয় ৫০৪ টাকা
৪ দিনে আয় ১৬০ টাকা
∴ ৮ দিনে আয় ৩৪৪ টাকা
∴ ১ দিনে আয় (৩৪৪ ÷ ৮) টাকা = ৪৩ টাকা

৪. ১১টি সংখ্যার গড় ৩০; প্রথম ৫টি সংখ্যার গড় ২৫ ও শেষের ৫টি সংখ্যার গড় ২৮। ষষ্ঠ সংখ্যাটি কত?

ক ৫৫ খ ৫৮
● ৬৫ ঘ ৬৭

যুক্তি : প্রথম ৫টি সংখ্যার সমষ্টি = ২৫ × ৫ বা, ১২৫
শেষ ৫ " " " = ২৮ × ৫ বা, ১৪০
সবগুলো (১১টি) " " = ৩০ × ১১ বা, ৩৩০
∴ ষষ্ঠ সংখ্যাটি = ৩৩০ - (১২৫ + ১৪০)
= ৩৩০ - ২৬৫ = ৬৫

৫. ৭ জন লোকের গড় ওজন ৩ পাউন্ড কমে যায় যখন ১০ স্টোন ওজনের একজন লোকের পরিবর্তে নতুন একজন যোগদান করে। নতুন লোকটির ওজন কত?

ক $৭\frac{১}{২}$ স্টোন খ ৮ স্টোন
● $৮\frac{১}{২}$ স্টোন ঘ ৯ স্টোন

যুক্তি : ১ স্টোন = ১৪ পাউন্ড
∴ ১০ " = ১৪০ পাউন্ড
১০ স্টোন ওজনের একজন লোকের পরিবর্তে নতুন একজন করায় গড়ে ৩ পাউন্ড ওজন কমলো
∴ মোট কমলো = ৭ × ৩ = ২১ পাউন্ড
∴ নতুন লোকটির ওজন = ১৪০ - ২১ = ১১৯ পাউন্ড

= $\frac{১১৯}{১৪}$ স্টোন

= $৮\frac{১}{২}$ স্টোন

৬. এক স্থানে সপ্তাহের গড় তাপমাত্রা ৩০° সেলসিয়াস। প্রথম ৩ দিনের গড় তাপমাত্রা ২৮° সেলসিয়াস ও শেষ ৩ দিনের গড় তাপমাত্রা ২৯° সেলসিয়াস হলে চতুর্থ দিনের তাপমাত্রা কত?

ক ৩৩° সেলসিয়াস খ ৩৫° সেলসিয়াস
● ৩৯° সেলসিয়াস ঘ ৪৩° সেলসিয়াস

যুক্তি : এক সপ্তাহের মোট তাপমাত্রা (৩০ × ৭)° সে. বা ২১০° সে.
প্রথম ৩ দিন ও শেষ ৩ দিন মোট ৬ দিনের মোট তাপমাত্রা
(২৮ × ৩ + ২৯ × ৩)° সে.
= ১৭১° সে.

RAISUL ISLAM HRIDOY

∴ চতুর্থ দিনের তাপমাত্রা = (২১০° − ১৭১°) সে.
= ৩৯° সে.

৭. ৭৩, ৭৫, ৭৫, ৭৭, ৭৯ ও ৮১ এর গড় কত?
ক ৭৫ খ ৭৬
● ৭৭ ঘ ৭৮
যুক্তি : গড় $= \frac{৭৩ + ৭৫ + ৭৫ + ৭৭ + ৭৯ + ৮১}{৬}$
$= \frac{৪৬০}{৬} = ৭৬.৬৭ = ৭৭$ (প্রায়)

৮. একজন বোলার গড়ে ২০ রান দিয়ে ১২টি উইকেট পান। পরবর্তী খেলায় গড়ে ৪ রান দিয়ে ৪টি উইকেট পান। এখন তাঁর ইউকেট প্রতি গড় রান কত?
● ১৬ খ ১৭
গ ১৮ ঘ ২০
যুক্তি : প্রথম খেলায় মোট রান (১২ × ২০) = ২৪০
পরবর্তী খেলায় মোট রান = (৪ × ৪) = ১৬
∴ সর্বমোট রান (২৪০ + ১৬) = ২৫৬
মোট উইকেট = ১২ + ৪ = ১৬
∴ উইকেট প্রতি গড় রান ২৫৬ ÷ ১৬ = ১৬

৯. ১ থেকে ২০ পর্যন্ত বেজোড় সংখ্যাগুলির গড় কত?
ক ১৩ খ ১২
● ১০ ঘ ৮
যুক্তি : ১ থেকে ২০ পর্যন্ত বিজোড় সংখ্যার যোগফল = ১ + ৩ + ৫ + ৭ + ৯ + ১১ + ১৩ + ১৫ + ১৭ + ১৯ = ১০০
∴ সংখ্যাগুলোর গড় ১০০ ÷ ১০ = ১০

১০. একজন বোলার গড়ে ১৮ রান দিয়ে ১০টি উইকেট পান। পরবর্তী খেলায় গড়ে ৪ রান দিয়ে ৪টি উইকেট পান। এখন তাঁর উইকেট প্রতি গড় রান কত?
ক ১২ ● ১৪
গ ১৬ ঘ ১৮
যুক্তি : ১ম খেলায় মোট রান (১৮ × ১০) = ১৮০
পরবর্তী খেলায় রান (৪ × ৪) = ১৬
∴ সর্বমোট রান = ১৮০ + ১৬ = ১৯৬
∴ সর্বমোট উইকেট = (১০ + ৪) = ১৪
∴ উইকেট প্রতি গড় রান = ১৯৬ ÷ ১৪ = ১৪

১১. x-সংখ্যক ছেলে বয়সের গড় y বছর এবং a সংখ্যক ছেলে বয়সের গড় b বছর। সব ছেলের বয়সের গড় কত?
ক $\frac{x + a}{2}$ খ $\frac{y + b}{2}$
গ $\frac{xy + ba}{2}$ ● $\frac{xy + ab}{x + a}$
যুক্তি : x সংখ্যক ছেলের বয়সের সমষ্টি xy
a সংখ্যক ছেলের বয়সের সমষ্টি ab
∴সব ছেলের বয়সের গড় $= \frac{xy + ab}{x + a}$

১২. একজন বোলার গড়ে ১৪ রান দিয়ে ১২টি উইকেট পান। পরবর্তী খেলায় গড়ে ৬ রান দিয়ে ৪টি উইকেট পান। এখন তাঁর উইকেট প্রতি গড় রান কত?
ক ৯ খ ১০
● ১২ ঘ ১৪
যুক্তি : ১ম খেলায় মোট রান = ১৪ × ১২ = ১৬৮
পরবর্তী খেলায় মোট রান (৬ × ৪) = ২৪
∴সর্বমোট রান (১৬৮ + ২৪) = ১৯২
∴ সর্বমোট উইকেট = (১২ + ৪) = ১৬
∴ উইকেট প্রতি গড় রান ১৯২ ÷ ১৬ = ১২

১৬. p সংখ্যক সংখ্যার গড় m এবং q সংখ্যক সংখ্যার গড় n। সবগুলো সংখ্যার গড় কত?
ক $\frac{p + q}{2}$ খ $\frac{m + n}{2}$
● $\frac{pm + qn}{p + q}$ ঘ $\frac{pm + qn}{m + n}$
যুক্তি : P সংখ্যক সংখ্যার সমষ্টি pm
q সংখ্যক সংখ্যার সমষ্টি qn
∴ সবগুলো সংখ্যার গড় $= \frac{pm + qn}{p + q}$
∴ গড় গতিবেগ ৫০ কি. মি. / ঘণ্টা

১৭. ১ থেকে ৫৯ পর্যন্ত ক্রমিক সংখ্যাগুলোর গড় কত?
ক ২৫ খ ২৭
গ ২৮ ● ৩০
যুক্তি : সমষ্টি $= \frac{\text{শেষপদ} + \text{প্রথমপদ}}{২} \times \text{পদ সংখ্যা}$
$= \frac{৫৯ + ১}{২} \times ৫৯$
$= ১৭৭০$
∴ গড় $= \frac{১৭৭০}{৫৯} = ৩০$

১৮. ১ থেকে ৪৯ পর্যন্ত ক্রমিক সংখ্যাগুলির গড় কত?
ক ২৩.৫ ● ২৫
গ ৪৯.৫ ঘ ৫০
যুক্তি : সমষ্টি $= \frac{\text{শেষপদ} + \text{প্রথমপদ}}{২} \times \text{পদ সংখ্যা}$
$= \frac{৪৯ + ১}{২} \times ৪৯ = ২৫ \times ৪৯$
∴ গড় $= \frac{২৫ \times ৪৯}{৪৯} = ২৫$

১৩. ১ হতে ৪০ পর্যন্ত ক্রমিক সংখ্যাগুলোর গড় কত?
ক ৪১ খ ২১
● ২০.৫ ঘ ২২
যুক্তি : ১ হতে ৪০ পর্যন্ত ক্রমিক সংখ্যার সমষ্টি
$= \frac{(১ + ৪০) \times ৪০}{২} = ৮২০$
∴ গড় $= \frac{৮২০}{৪০} = ২০.৫$

১৪. ২০টি ক্রমিক সংখ্যার প্রথম ১০টির যোগফল ৫৫ হলে শেষ ১০টির যোগফল কত?
ক ৬০ খ ১১৫
● ১৫৫ ঘ ১০৫
যুক্তি : প্রথম ১০টি অপেক্ষা পরের ১০টির যোগফল বেশি হবে
= ১ + ২ + ৩ + ৪ + ... + ১০
$= \frac{(১ + ১০) \times ১০}{২} = ৫৫$
অতঃপর ১১ + ১২ + ১৩ + ...+ ২০
$= \frac{(১১ + ২০) \times ১০}{২}$
$= ৩১ \times ৫ = ১৫৫$
∴ শেষ ১০টির যোগফল হবে = ১৫৫

১৫. একটি ক্লাসের ১০ জন ছাত্রের ওজনের গড় ৫০ কেজি। একজন নতুন ছাত্র আসায় তাদের ওজনের গড় হলো ৫৫ কেজি। নতুন ছাত্রের ওজন কত?
ক ৬০ কেজি খ ৮৫ কেজি
গ ১০০ কেজি ● ১০৫ কেজি
যুক্তি : ১০ জন ছাত্রের ওজনের সমষ্টি = ৫০ × ১০ = ৫০০ কেজি
১১ ,, ,, ,, ,, = ৫৫ × ১১ = ৬০৫ ,,
নতুন ছাত্রের ওজন = ৬০৫ − ৫০০ = ১০৫ কেজি

১৯. X জন ছাত্র-ছাত্রীর গণিতে প্রাপ্ত নম্বরের সমষ্টি ১১৯০। এর সাথে ৮৮ নম্বর প্রাপ্ত একজন ছাত্রের নম্বর যোগ করায় ছাত্র-ছাত্রীদের প্রাপ্ত নম্বরের গড় ১ বেড়ে যায়। ছাত্র-ছাত্রীর সংখ্যা (X) নির্ণয় করুন।
ক ১৫ জন খ ১৬ জন
● ১৭ জন ঘ ১৮ জন

RAISUL ISLAM HRIDOY

যুক্তি : $\frac{১১৯০ + ৮৮}{ী + ১} = \frac{১১৯০}{ী} + ১$

বা, $\frac{১২৭৮}{ী + ১} = \frac{১১৯০ + ী}{ী}$

বা, ১২৭৮x = ১১৯০x + x^2 + ১১৯০ + x

বা, x^2 – ৮৭x + ১১৯০ = ০

বা, x^2 – ৭০x – ১৭x + ১১৯০ = ০

বা, x(x – ৭০) – ১৭(x – ৭০) = ০

বা, (x – ৭০) (x – ১৭) = ০

∴ x = ১৭, ৭০

ছাত্র-ছাত্রীর সংখ্যা ৭০ হতে পারে না তাই সঠিক উত্তর ১৭

∴ ছাত্র-ছাত্রীর সংখ্যা ১৭ জন

২০. তিনটি সংখ্যার গড় ৫৫। দ্বিতীয় সংখ্যাটি প্রথম সংখ্যার দ্বিগুণ অপেক্ষা ১ বেশি এবং তৃতীয় সংখ্যাটি প্রথম সংখ্যার ৩ গুণ অপেক্ষা ৪ কম বৃহৎ সংখ্যাটি কত?

ক ৭০ ● ৮০

গ ৯০ ঘ ৫০

যুক্তি :

মনে করি, প্রথম সংখ্যাটি = x, দ্বিতীয় সংখ্যাটি = ২x + ১

এবং তৃতীয় সংখ্যাটি = ৩x – ৪

প্রশ্নমতে, x + ২x + ১ + ৩x – ৪ = ৫৫ × ৩

বা, ৬x – ৩ = ১৬৫

বা, ৬x = ১৬৫ + ৩

বা, ৬x = ১৬৮

∴ x = ২৮

∴ বৃহৎ সংখ্যাটি = ৩x – ৪

= ৩ × ২৮ – ৪

= ৮০

∴ বৃহৎ সংখ্যাটি = ৮০

২১. ক, খ, ও গ এর আয় ৮২৫ টাকা। খ, গ ও ঘ এর গড় আয় ১০৫০ টাকা। যদি ঘ এর আয় ১২২৫ টাকা হয় তবে ক এর আয় কত?

ক ৫০০ টাকা খ ৫১০ টাকা

গ ৫৩০ টাকা ৫৫০ টাকা

যুক্তি : ক, খ ও গ এর গড় আয় = ৮২৫ টাকা

∴ ক, খ ও গ এর মোট আয় = ৮২৫ × ৩

= ২৪৭৫ টাকা

খ, গ ও ঘ এর গড় আয় = ১০৫০ টাকা

∴ খ, গ ও ঘ এর মোট আয় = ১০৫০ × ৩

= ৩১৫০ টাকা

ঘ এর মোট আয় = ১২২৫ টাকা

খ ও গ এর মোট আয় = ১৯২৫ টাকা (বিয়োগ করে)

ক, খ ও গ এর মোট আয় = ২৪৭৫ টাকা

খ ও গ এর মোট আয় = ১৯২৫ টাকা

ক এর মোট আয় = ৫৫৫ টাকা (বিয়োগ করে)

∴ ক এর আয় ৫৫০ টাকা।

২২. ১১ জন লোকের গড় ওজন ৭০ কেজি। ৯০ কেজি ওজনের একজন লোক চলে গেলে বাকিদের গড় ওজন কত কেজি?

ক ৬২ কেজি ● ৬৮ কেজি

গ ৮০ কেজি ঘ ৭২ কেজি

যুক্তি : ১১ জনের মোট ওজন ৭০ × ১১ = ৭৭০ কেজি

∴ ১১ ” ” ” (৭৭০ – ৯০) = ৬৮০ কেজি

∴ ১০ ” ” ” $\frac{৬৮০}{১০}$ = ৬৮ কেজি

২৩. ৪, ৬, ৭ এবং x এর গড় মান ৫.৫ হলে x এর মান কত?

● ৫.০ খ ৫.৬

গ ৫.৭ ঘ ৬.১

যুক্তি : $\frac{৫+৬+৭+ী}{৪} = ৫.৫$

বা, x = ৫

২৪. কোনো শ্রেণীর ১২ জন ছাত্রের কোনো পরীক্ষার ফলাফলের গড় ৭০। অপর ১৮ জনের ফলাফলের গড় ৮০। তবে ৩০ জন ছাত্রের ফলাফলের সার্বিক গড় কত?

ক ৭৩.৭৫ খ ৭৫.২৫

● ৭৬ ঘ ৭৭.৬৫

যুক্তি : $\frac{৭০\times১২+১৮\times৮০}{৩০} = \frac{৮৪০ + ১৪৪০}{৩০} = ৭৬$

২৫. তিন বছর আগে রহিম ও করিমের বয়সের গড় ছিল ১৮ বছর। আলম তাদের সঙ্গে যোগদান করায় তাদের বয়সের গড় বেড়ে ২২ বছর হয়। আলমের বয়স কত?

● ৩০ বছর খ ২৮ বছর

গ ২৭ বছর ঘ ২৪ বছর

যুক্তি : রহিম, করিম ও আলমের বয়সের সমষ্টি (২২ × ৩) বছর

= ৬৬ বছর

রহিম ও করিমের বয়সের সমষ্টি (১৮ × ২) বছর = ৩৬ বছর

∴ আলমের বয়স (৬৬ – ৩৬) = ৩০ বছর

২৬. পিতা ও দুই পুত্রের বয়স অপেক্ষা মাতা ও উক্ত দুই পুত্রের বয়সের গড় ২ বছর কম। মাতার বয়স ২৫ বছর হলে পিতার বয়স কত?

ক ৩০ বছর ● ৩১ বছর

গ ৩২ বছর ঘ ৩৪ বছর

যুক্তি : ধরি, পিতা ও দুই পুত্রের বয়সের গড় x বছর

∴ মাতা ও ” ” ” ” (x – ২) ”

∴ পিতা ও দুই পুত্রের বয়সের সমষ্টি ৩x বছর

এবং মাতা ও ” ” ” ”{(x – ২) × ৩} ”

= (৩x – ৬) বছর

∴ দুই পুত্রের বয়সের সমষ্টি (৩x – ৬ – ২৫) বছর

= (৩x – ৩১) বছর

∴ পিতার বয়স = (৩x – ৩x + ৩১) বছর

= ৩১ বছর

২৭. পিতা ও দুই পুত্রের বয়স অপেক্ষা মাতা ও উক্ত দুই পুত্রের বয়সের গড় ৩ বছর কম। পিতার বয়স ৩২ বছর হলে মাতার বয়স কত?

ক ২১ বছর খ ২২ বছর

● ২৩ বছর ঘ ২৪ বছর

যুক্তি : পিতার বয়স = ৩২ বছর

মাতা ও দুই পুত্রের গড়ে বয়স কম ৩ বছর

∴ ” ” ” মোট ” ” (৩ × ৩) = ৯ বছর

শর্তমতে, পিতার বয়স পুত্রের বয়স = (মাতার বয়স + ২ পুত্রের বয়স) + ৯

বা, ৩২ বছর = মাতার বয়স + ৯

বা, মাতার বয়স = ৩২ - ৯

∴ মাতার বয়স = ২৩ বছর।

২৮. পিতা ও ৩ পুত্রের বয়স অপেক্ষা মাতা ও উক্ত ৩ পুত্রের বয়সের গড় ১$\frac{১}{২}$ বছর কম। মাতার বয়স ৩০ বছর হলে পিতার বয়স কত?

ক ৩২ বছর খ ৩১$\frac{১}{২}$ বছর

গ ৩৩ বছর ● ৩৬ বছর

যুক্তি : মাতার বয়স ৩০ বছর

মাতা ও পুত্রের গড়ে বয়স কম ১$\frac{১}{২}$ বা $\frac{৩}{২}$ বছর

∴ ” ও ৩ ” মোট বয়স কম ৪ × $\frac{৩}{২} = \frac{১২}{২}$ = ৬ বছর

শর্তমতে, পিতার বয়স + ৩ পুত্রের বয়স = মাতার বয়স + ৩ পুত্রের বয়স + ৬

বা, পিতার বয়স = মাতার বয়স + ৬

∴ পিতার বয়স = ৩০ + ৬ = ৩৬ বছর

২৯. পিতা ও দুই পুত্রের বর্তমান গড় বয়স ২২ বছর। ৩ বছর পর দুই পুত্রের গড় বয়স ১৩ হলে পিতার বর্তমান বয়স কত?

ক ৪০ বছর খ ৪২ বছর

গ ৪৪ বছর ● ৪৬ বছর

যুক্তি : পিতা ও দুই পুত্র মোট ৩ জনের বয়সের সমষ্টি (২২ × ৩)

RAISUL ISLAM HRIDOY

= ৬৬ বছর।
৩ বছর পর দুই পুত্রের বয়সের সমষ্টি (১৩ × ২) বছর
= ২৬ বছর
দুই পুত্রের বর্তমান বয়সের সমষ্টি = {২৬ − (৩ + ৩)} বছর
= ২০ বছর
∴ পিতার বর্তমান বয়স = (৬৬ − ২০) বছর
= ৪৬ বছর

৩০. পিতা ও দুই সন্তানের গড় বয়স ৩০ বছর। দুই সন্তানের বয়সের গড় ২০ বছর হলে, পিতার বয়স কত?
ক ২০ বছর খ ৩০ বছর
গ ৪০ বছর ● ৫০ বছর
যুক্তি : পিতা ও দুই সন্তানের বয়সের সমষ্টি (৩০× ৩) বছর
= ৯০ বছর
দুই সন্তানের বয়সের গড় (২০ × ২) বছর = ৪০ বছর
∴ পিতার বয়স = (৯০ − ৪০) বছর = ৫০ বছর

৩১. তিন পুত্রের বয়সের গড় ১৬ বছর। পিতাসহ পুত্রদের বয়সের গড় ২৫ বছর। পিতার বয়স কত?
ক ৪৫ বছর খ ৪৮ বছর
গ ৫০ বছর ● ৫২ বছর
যুক্তি : তিন পুত্রের বয়সের সমষ্টি (১৬ × ৩) বছর বা, ৪৮ বছর
পিতাসহ পুত্রদের বয়সের সমষ্টি (২৫ × ৪) বছর
বা, ১০০ বছর
∴ পিতার বয়স (১০০ − ৪৮) বছর বা, ৫২ বছর

৩২. পাঁচ সন্তানের বয়সের গড় ৭ বছর এবং পিতাসহ তাদের বয়সের গড় ১৩ বছর। পিতার বয়স কত?
ক ৩৩ বছর ● ৪৩ বছর
গ ৫৩ বছর ঘ ৬৩ বছর
যুক্তি : পাঁচ সন্তানের বয়সের সমষ্টি (৭ × ৫) বছর বা, ৩৫ বছর
পিতাসহ তাদের বয়সের সমষ্টি (১৩ × ৬) বছর বা ৭৮ বছর
∴ পিতার বয়স (৭৮ − ৩৫) বছর বা ৪৩ বছর

৩৩. পিতা ও দুই সন্তানের বয়সের গড় ২৭ বছর। দুই সন্তানের বয়সের গড় ২০ বছর হলে পিতার বয়স কত?
● ৪১ বছর খ ৩৫ বছর
গ ৩৮ বছর ঘ ৪৭ বছর
যুক্তি : পিতা ও দুই সন্তানের বয়সের সমষ্টি (২৭ × ৩) বছর
বা, ৮১ বছর
দুই সন্তানের বয়সের সমষ্টি (২০ × ২) বছর বা ৪০ বছর
∴ পিতার বয়স (৮১ − ৪০) বছর = ৪১ বছর

৩৪. ৬ জন পুরুষ, ৮ জন মহিলাক ও ১ জন বালকের বয়সের গড় ৩৫ বছর। পুরুষের বয়সের গড় ৪০ বছর এবং মহিলাকের বয়সের গড় ৩৪ বছর। বালকের বয়স কত?
● ১৩ বছর খ ১৪ বছর
গ ১৫ বছর ঘ ১৬ বছর
যুক্তি : ৬ জন পুরুষ, ৮ জন মহিলাক ও ১ জন বালকের বয়সের সমষ্টি (৩৫ × ১৫) = ৫২৫ বছর
৬ জন পুরুষের বয়সের সমষ্টি (৪০ × ৬) বছর = ২৪০ বছর
৮ জন মহিলাকের বয়সের সমষ্টি (৩৪ × ৮) বছর = ২৭২ বছর
∴ বালকের বয়স {৫২৫ − (২৪০ + ২৭২)} বছর
= ১৩ বছর।

৩৫. কোন শ্রেণীতে ২০ জন ছাত্রীর বয়সের গড় ১২ বছর। ৪ জন নতুন ছাত্রী ভর্তি হওয়ায় বয়সের গড় ৪ মাস কমে গেল। নতুন ৪ জন ছাত্রীর বয়সের গড় কত?
ক ৮ বছর খ ৯ বছর
● ১০ বছর ঘ ১১ বছর
যুক্তি : ২০জন ছাত্রীর গড় বয়স ১২ বছর বা ১৪৪ মাস
∴ তাদের মোট বয়স (২০ × ১৪৪) মাস = ২৮৮০ মাস
৪জন ছাত্রী নতুন ভর্তি হওয়ায় মোট ছাত্রী (২০ + ৪) জন
= ২৪জন
বয়সের গড় ৪ মাস কমে যাওয়ায় নতুন গড় বয়স (১৪৪ − ৪) মাস
= ১৪০ মাস
∴ ২৪ জনের মোট বয়স = (২৪ × ১৪০) মাস = ৩৩৬০ মাস
∴ বর্ধিত বয়স (৩৩৬০ − ২৮৮০) মাস = ৪৮০ মাস
= (৪৮০ ÷ ১২) বছর
= ৪০ বছর
৪ জন ছাত্রীর বয়সের গড় বয়স = (৪০ ÷ ৪) = ১০ বছর

৩৬. তিন পুত্রের বয়সের গড় ১৬ বছর। পিতাসহ পুত্রদের বয়সের গড় ২৫ বছর। পিতার বয়স কত?
● ৫২ বছর খ ৫০ বছর
গ ৪৮ বছর ঘ ৪৫ বছর
যুক্তি : তিন পুত্রের বয়সের গড় ১৬ বছর
∴ " " " সমষ্টি (১৬ × ৩) বছর
= ৪৮ বছর
পিতাসহ পুত্র মোট ৪ জনের বয়সের গড় ২৫ বছর
∴ " " " ৪ " " "সমষ্টি (২৫ × ৪) "
= ১০০ বছর
∴ পিতার বয়স (১০০ − ৪৮) বছর
= ৫২ বছর

৩৭. ১৫ জন লোকের বয়সের গড় ২৯ বছর। তাদের মধ্যে ২ জনের গড় বয়স ৫৫ বছর। তাহলে বাকি ১৩ জনের বয়সের গড় কত?
ক ২৯ বছর খ ২৭ বছর
গ ২৬ বছর ● ২৫ বছর
যুক্তি : ১৫ জন লোকের বয়সের সমষ্টি (২৯ × ১৫) বছর
= ৪৩৫ বছর
২ জন লোকের বয়সের সমষ্টি = (৫৫ × ২) বছর
= ১১০ বছর
∴ ১৩ জন লোকের বয়সের সমষ্টি = (৪৩৫ − ১১০) বছর
= ৩২৫ বছর
∴ ১৩ " " " গড় = (৩২৫ ÷ ১৩) বছর
= ২৫ বছর

৩৮. পিতা ও মাতার গড় বয়স ৪০ বছর। পিতা, মাতা ও পুত্রের গড় বয়স ৩২ বছর হলে, পুত্রের বয়স কত?
ক ১৪ বছর ● ১৬ বছর
গ ১৮ বছর ঘ ২০ বছর
যুক্তি : পিতা, মাতা ও পুত্রের বয়সের সমষ্টি (৩২ × ৩) বছর
= ৯৬ বছর
পিতা ও মাতার বয়সের সমষ্টি (৪০ × ২) বছর বা ৮০ বছর
∴ পুত্রের বয়স (৯৬ − ৮০) বছর বা, ১৬ বছর

৩৯. পিতা, মাতা ও পুত্রের বয়সের গড় ৩৭ বৎসর। আবার পিতা ও পুত্রের বয়সের গড় ৩৫ বৎসর। মাতার বয়স কত?
ক ৩৮ বছর ● ৪১ বছর
গ ৪৫ বছর ঘ ৪৮ বছর
যুক্তি : পিতা, মাতা ও পুত্রের বয়সের সমষ্টি = ৩৭ × ৩ = ১১১ বছর
পিতা ও পুত্রের বয়সের সমষ্টি = ৩৫ × ২ = ৭০ "
∴ মাতার বয়স = ১১১ − ৭০ = ৪১ বছর

৪০. পিতা ও মাতার বয়সের গড় ৪৫ বৎসর। আবার পিতা, মাতা ও এক পুত্রের বয়সের গড় ৩৬ বৎসর। পুত্রের বয়স হবে —
ক ৯ বছর খ ১৪ বছর
গ ১৫ বছর ● ১৮ বছর
যুক্তি : পিতা, মাতা ও পুত্রের বয়সের সমষ্টি = ৩৩ ×৩ = ১০৮ বছর
পিতা ও মাতার বয়সের সমষ্টি = ৪৫×২ = ৯০ বছর
(বিয়োগ করে) ∴ পুত্রের বয়স = ১৮ বছর

৪১. পিতা ও দুই সন্তানের বয়সের গড় ১৭ বছর। দুই সন্তানের বয়সের গড় ২ বছর হলে পিতার বয়স কত?
● ৪৭ বছর খ ৪১ বছর
গ ৩৮ বছর ঘ ৩৫ বছর
যুক্তি : পিতা + ২ সন্তানের মোট বয়স ১৭ × ৩ = ৫১ বৎসর
শুধু ২ সন্তানের " " ২ × ২ = ৪ "

RAISUL ISLAM HRIDOY

(বিয়োগ করে) ∴ পিতার বয়স = ৪৭ বৎসর

৪২. পিতা ও ৫ পুত্রের বয়সের গড় ৩০ বৎসর। যদি ৫ পুত্রের বয়সের গড় ২৫ বৎসর হয় তবে পিতার বয়স কত?

● ৫৫ বছর ⓚ ৬০ বছর
ⓖ ৬৫ বছর ⓘ ৭০ বছর

যুক্তি : পিতা ও ৫ পুত্রের বয়সের সমষ্টি = ৩০ × ৬ = ১৮০ বছর
৫ পুত্রের বয়সের সমষ্টি = ২৫ × ৫ = ১২৫ বছর
∴ পিতার বয়স = (১৮০ – ১২৫) = ৫৫ বছর

৪৩. ভ্রমণের প্রথম ৬ ঘন্টায় একটি গাড়ির গড় বেগ ছিল ৪০ কিমি/ঘন্টা এবং বাকি অংশের গড় বেগ ছিল ৬০ কিমি/ঘন্টা। যদি সম্ভ র্ণ ভ্রমণে গাড়িটির গড় বেগ ৫৫ কিমি/ ঘন্টা হয় তবে ভ্রমণের মোট সময়কাল কত?

ⓚ ১৮ ঘন্টা ⓚ ২০ ঘন্টা
ⓖ ২২ ঘন্টা ● ২৪ ঘন্টা

যুক্তি : মনেকরি, গাড়িটি x ঘণ্টা চলে
∴ মোট অতিক্রান্ত দ ত্ব (৫৫ × x) কি.মি.
প্রথম ৬ ঘণ্টায় গাড়িটি অতিক্রম করে
(৪০ × ৬) কি.মি. = ২৪০ কি. মি.
৬ ঘণ্টা চলার পর বাকী থাকে (x – ৬) ঘণ্টা
∴ অবশিষ্ট সময়ে অতিক্রম করে {(x – ৬) × ৬০} কি. মি.
= (৬০x – ৩৬০) কি. মি.
∴ ৬০x – ৩৬০ + ২৪০ = ৫৫x
বা, ৬০x – ১২০ = ৫৫x
বা, ৫x = ১২০
∴ x = ২৪

৪৪. এক ব্যক্তি ঘণ্টায় ৪ কিলোমিটার বেগে কোন স্থানে গেল এবং ঘণ্টায় ৩ কিলোমিটার বেগে চলে ফিরে আসল। যাতায়াতে তার গড় গতিবেগ কত?

ⓚ ৩ কি: মি: ● $৩\frac{৩}{৭}$ কি: মি:
ⓖ ৪ কি: মি: ⓘ $৪\frac{৩}{৭}$ কি: মি:

যুক্তি : ধরি, দ ত্ব = x

$\therefore$ গড়বেগ $= \frac{\text{মোট দ ত্ব}}{\text{মোট সময়}} = \frac{x + x}{\frac{x}{৪} + \frac{x}{৩}}$

[□ সময় $= \frac{\text{দ ত্ব}}{\text{বেগ}}$]

$= \frac{২x}{\frac{৭x}{১২}} = \frac{২৪}{৭} = ৩\frac{৩}{৭}$ কি. মি./ ঘণ্টা

৪৫. একটি ট্রেন 'ক' স্টেশন থেকে যাত্রা করে ৪৫ মিনিট পর 'খ' স্টেশনে থামে। স্টেশন দুইটির দ রত্ব ৮৪ কিলোমিটার হলে ট্রেনটির গড় গতিবেগ হবে–

● ১১২ কি.মি./ঘন্টা ⓚ ১১৫ কি.মি./ঘন্টা
ⓖ ১১৮ কি.মি./ঘন্টা ⓘ ১২০ কি.মি./ঘন্টা

যুক্তি : $\frac{৪৫}{৬০}$ ঘন্টায় যায় ৮৪ কি. মি.

∴ ১ " " $\frac{৮৪ \times ৬০}{৪৫}$ "
= ১১২ কি. মি.
∴ গতিবেগ ১১২ কি. মি./ঘন্টা

৪৬. একজন সাইকেল আরোহী ঘন্টায় y কি.মি. বেগে x কি.মি. এবং ঘন্টায় q কি.মি. বেগে p কি.মি. যান। ভ্রমণে তার গড় গতিবেগ কত?

ⓚ $\frac{x + p}{y + q}$ ⓚ $\frac{xy + pq}{2}$
ⓖ $\frac{xy + pq}{y + q}$ ⓘ $\frac{xy + pq}{\frac{x}{y} + \frac{p}{q}}$

যুক্তি : আরোহী দুই বারে মোট যায় (x + p) কি. মি.
y কি. মি. বেগে,
১ম বার যেতে সময় লাগে $\frac{x}{y}$ কি. মি.
x কি. মি. বেগে ২য় বার যেতে সময় লাগে $\frac{p}{q}$ কি. মি.
∴ ভ্রমণের গড় গতিবেগ $= \frac{x + p}{\frac{x}{y} + \frac{p}{q}}$

৪৭. এক ব্যক্তি ৪০ কি. মি. বেগে ২ ঘণ্টা এবং ঘণ্টায় ৬০ কি. মি. বেগে আরো ২ ঘণ্টা গাড়ি চালালেন। তাঁর গতিবেগ কত?

ⓚ ৪৫ কি. মি./ ঘণ্টা ● ৫০ কি. মি. / ঘণ্টা
ⓖ ৫২ কি. মি. / ঘণ্টা ⓘ ৫৫ কি. মি. / ঘণ্টা

যুক্তি : ১ ঘণ্টায় যায় ৪০ কি. মি.
∴ ২ " " (৪০ × ২) কি. মি. = ৮০ কি. মি.
আবার,
১ ঘণ্টায় যায় ৬০ কি. মি.
∴ ২ " " (৬০ × ২) " " = ১২০ কি. মি.
∴ (২ + ২) ঘণ্টা বা ৪ ঘণ্টায় যায় (৮০ + ১২০) কি. মি.
= ২০০ কি. মি.
∴ ১ " " $\frac{২০০}{৪}$ কি. মি.
= ৫০ কি. মি.

৪৮. এক ব্যক্তি সাইকেল চালিয়ে ঘণ্টায় ১২ মাইল বেগে অফিসে যায় এবং ঘণ্টায় ৯ মাইল বেগে ফিরে আসে। তার গড় গতিবেগ কত?

ⓚ $\frac{৭২}{৭}$ মাইল/ঘন্টা ⓚ ১০ মাইল/ঘন্টা
ⓖ ১১ মাইল/ঘন্টা ● ১০.৫ মাইল/ঘন্টা

যুক্তি : ধরি, ব্যক্তিটি ৩৬ মাইল দ রে যায় [□ ১২ ও ৯ ল.সা.গু. = ৩৬]
যাওয়ার সময় $= \frac{৩৬}{১২} = ৩$ ঘন্টা
আসার সময় $= \frac{৩৬}{৯} = ৪$ ঘন্টা
∴ যাওয়া আসার গড় গতিবেগ $= \frac{৩৬ \times ২}{৩ + ৪}$
$= \frac{৭২}{৭}$ মাইল/ঘন্টা
= ১০.৫ মাইল/ঘন্টা

৪৯. এক ব্যক্তি স্রোতের অনুকূলে নৌকা বেয়ে ঘন্টায় ১০ কি.মি. বেগে চলে কোনো স্থানে গেল এবং ঘন্টায় ৬ কি.মি. বেগে স্রোতের প্রতিক লে চলে যাত্রারম্ভের স্থানে ফিরে এলো। যাতায়াতে তার গড় গতিবেগ কত?

ⓚ ৫১/২ কি.মি. ⓚ ৬১/২ কি.মি.
● ৭১/২ কি.মি. ⓘ ৮১/২ কি.মি.

যুক্তি : ধরি, মোট দ ত্ব ক কি.মি.
∴ যেতে সময় লাগে $\frac{ক}{১০}$ ঘণ্টা
আসতে সময় লাগে $\frac{ক}{৬}$ "

RAISUL ISLAM HRIDOY

মোট সময় লাগে $\frac{ক}{১০} + \frac{ক}{৬}$

$= \frac{৩ক + ৫ক}{৩০} = \frac{৮ক}{৩০}$ ঘণ্টা

$\frac{৮ক}{৩০}$ ঘণ্টায় যাতায়াত করে ২ক কি.মি.

$\therefore$ ১ " " " $\frac{৩০ \times ২ক}{৮ক}$

$= ৭\frac{১}{২}$ কি.মি.

৫০. এক ব্যক্তি খাড়া প র্বদিকে ৫ মাইল দ রত্ব অতিক্রম করে প্রতি মাইল ২ মিনিটে এবং খাড়া পশ্চিম দিকে প র্বস্থানে ফিরে আসে প্রতি মিনিটে ২ মাইল হিসেবে। ঐ ব্যক্তির গড় গতিবেগ ঘণ্টায় কত মাইল?

ক ৪৫ মাইল খ ৪৬ মাইল
গ ৪৭ মাইল ● ৪৮ মাইল

যুক্তি : যেতে সময় লাগে ৫ × ২ = ১০ মিনিট

আসতে " " $\frac{৫}{২}$ "

মোট দণ্ড রত্ব $\left(১০ + \frac{৫}{২}\right) = \frac{২০ + ৫}{২} = \frac{২৫}{২}$ মিনিট

$\frac{২৫}{২}$ মিনিটে যায় ১০ মাইল

$\therefore$ ১ " " $\frac{১০ \times ২}{২৫}$ "

$\therefore$ ৬০ " " $\frac{১০ \times ২ \times ৬০}{২৫}$ " = ৪৮ মাইল

৫১. একটি গাড়ী ঘণ্টায় ৪৫ মাইল বেগে ২০ মিনিট চলার পর ৬০ মাইল বেগে ৪০ মিনিট চলে। সম্ভ র্ণ পথে গাড়িটির গতিবেগের গড় কত?

ক ৫০ মাইল/ঘ. খ ৫২.৫ মাইল/ঘ.
গ ৫৪ মাইল/ঘ. ● ৫৫ মাইল/ঘ.

যুক্তি : $৪৫ \times \frac{২০}{৬০} + ৬০ \times \frac{৪০}{৬০}$

$= (১৫ + ৪০) = ৫৫$ মাইল/ঘণ্টা

৫২. ঢাকা ও চট্টগ্রামের দ ত্ব রত্ব ৩০০ কি.মি.। ঢাকা হতে একটি ট্রেন সকাল ৭ টায় ছেড়ে গিয়ে বিকেল ৩ টায় চট্টগ্রামে পৌঁছে। ট্রেনটির গড় প্রতি ঘন্টায় কত ছিল?

ক ২৪.৫ কি.মি.
খ ২৫.৭ কি.মি.
● ৩৭.৫ কি.মি.
ঘ ৪৫.০ কি.মি.

যুক্তি : সকাল ৭টা থেকে বিকেল ৩টা পর্যন্ত মধ্যবর্তী সময়ের পার্থক্য = ৮ ঘণ্টা

$\therefore$ ট্রেনের গড় গতিবেগ = $\frac{\text{মোট অতিক্রান্ত দ রত্ব}}{\text{মোট ব্যয়িত সময়}}$

$= \frac{৩০০}{৮}$ কি.মি.

$= ৩৭.৫$ কি.মি.

১. একই জাতীয় বিভিন্ন রাশির যোগফলকে উক্ত রাশিগুলোর মোট সংখ্যা দ্বারা ভাগ করলে যে ফল পাওয়া যায় তাকে ঐ রাশিগুলোর গড় বলা হয়।

২. গড়কে অনেক সময় 'গাণিতিক গড়' নামেও অভিহিত করা হয়।

৩. গড় = $\frac{\text{সমষ্টি}}{\text{মোট সংখ্যা}}$

৪. ক্রমিক সংখ্যার যোগফল = $\frac{(\text{প্রথম পদ} + \text{শেষপদ}) \times \text{পদসংখ্যা}}{২}$

৫. পদ সংখ্যা = $\frac{\text{শেষপদ} - \text{প্রথমপদ}}{\text{প্রতিপদের বৃদ্ধি}} + ১$

১১. বর্গমূল

১. দুইটি ক্রমিক প র্ণ সংখ্যা নির্ণয় কর ন যাদের বর্গের অন্ত র ৪৭।

ক ২১ এবং ২২ খ ২২ এবং ২৩
● ২৩ এবং ২৪ ঘ ২৪ এবং ২৫

যুক্তি : ধরি, একটি সংখ্যা x
অপরটি (x + ১)

প্রশ্নানুসারে, $(x + ১)^2 - (x)^2 = ৪৭$
বা, $x^2 + ২x + ১ - x^2 = ৪৭$
বা, $২x = ৪৭ - ১$
বা, $২x = ৪৬$
$\therefore x = ২৩$
$\therefore$ একটি সংখ্যা = ২৩, অপরটি (২৩ + ১) = ২৪

RAISUL ISLAM HRIDOY

২. ০.০০০১-এর বর্গমূল কত?
ক ০.১ ● ০.০১
গ ০.০০১ ঘ ১.০
যুক্তি : $\sqrt{০.০০০১}$ = ০.০১[ক্যালকুলেটরের সাহায্য নিয়ে]

৩. $ক^২ = ১৬$, $খ^২ = ২৫$ হলে ক. খ-এর মান হবে —
ক ২৫ খ ৩০
● ২০ ঘ ৩৫
যুক্তি : $ক^২ = ১৬$, $খ^২ = ২৫$
∴ $ক^২.খ^২ = ১৬.২৫$
বা, $(ক.খ)^২ = ১৬.২৫$
∴ $ক.খ = \sqrt{১৬}.\sqrt{২৫} = ৪ \times ৫ = ২০$

৪. কোন ক্ষুদ্রতম পূর্ণ বর্গ সংখ্যা ৯, ১৫, ও ২৫ দ্বারা বিভাজ্য?
ক ৬২৫ খ ৬০০
● ২২৫ ঘ ২০২৫
যুক্তি : ৯, ১৫ ও ২৫ এর ল.সা.গু. = ২২৫, যা একটি পূর্ণ বর্গ।

৫. কোন ক্ষুদ্রতম সংখ্যা দ্বারা ৩২০ কে গুণ করলে গুণফল পূর্ণ বর্গ সংখ্যা হবে?
● ৫ খ ৩
গ ৪ ঘ ১০
যুক্তি : $৩২০ = ২ \times ২ \times ২ \times ২ \times ২ \times ২ \times ২ \times ৫$
$= ২^২ \times ২^২ \times ২^২ \times ৫$, যা পূর্ণ বর্গ নয়।
∴ পূর্ণ বর্গ হতে হলে ৫ দ্বারা গুণ করতে হবে।

৬. ৫৫০ হতে কোন ক্ষুদ্রতম সংখ্যা বিয়োগ করলে এটি পূর্ণ বর্গ সংখ্যা হবে?
ক ২৬ ● ২১
গ ৭৫ ঘ ৫০
যুক্তি : ৫৫০ এর বর্গমূল করলে ২৩.৪৫ পাওয়া যাবে। পূর্ববর্তী পূর্ণ সংখ্যা ২৩। এবার ২৩ এর বর্গ করতে হবে। তাহলে ৫২৯ পাওয়া যাবে।
∴ বিয়োগ করতে হবে = ৫৫০ − ৫২৯ = ২১

৭. ৫০ জন পুরুষ ও মহিলার মধ্যে ১৭০ টাকা এমনভাবে ভাগ করে দেয়া হয় যেন প্রত্যেক পুরুষ ৩.৫০ টাকা ও প্রত্যেক মহিলা ৩.২৫ টাকা পায়। পুরুষ ও মহিলার সংখ্যা নির্ণয় করুন।
● ৩০ জন, ২০ জন খ ২৫ জন, ১৫ জন
গ ১৫ জন, ৫ জন ঘ ৩৫ জন, ২০ জন
যুক্তি : ধরি, পুরুষ = x জন
মহিলা = (৫০ − x)
প্রশ্নানুসারে, ৩.৫x + ৩.২৫(৫০ − x) = ১৭০
বা, ৩.৫x + ১৬২.৫ − ৩.২৫x = ১৭০
বা, ০.২৫x = ৭.৫
∴ x = ৩০
∴ পুরুষ = ৩০ জন
∴ মহিলা (৫০ − ৩০) = ২০ জন

ক দুটি বিপরীত বাহু খ দুটি বিপরীত কোণ

গ কর্ণের দৈর্ঘ্য ● এক বাহু ও এক কোণ

যুক্তি : চতুর্ভুজ আঁকতে বামপক্ষে পাঁচটি উপাত্ত প্রয়োজন। রম্বসের ক্ষেত্রে চারটি বাহুই সমান তাই এক বা বাহু ও এক কোণ দেয়া থাকলে তা আঁকা সম্ভব।

৪১. ABCD রম্বসের ∠A=৬০° হলে ∠D = কত?

ক ৬০° খ ৩০°

● ১২০° ঘ ১৮০°

যুক্তি : রম্বসের দুইটি সন্নিহিত কোণের যোগফল ১৮০°

বা, ∠A + ∠D = ১৮০°

∴ ∠D = ১৮০° − ৬০°

∴ ∠D = ১২০°

৪২. রম্বসের কর্ণদ্বয় পরস্পর 'O' বিন্দুতে ছেদ করেছে কর্ণদ্বয়ের অন্ ভ ক্ত কোণ —

ক স ক্ষকোণ খ স্থ লকোণ

RAISUL ISLAM HRIDOY

(গ) সরলকোণ ● সমকোণ

যুক্তি : আমরা জানি, রম্বসের কর্ণদ্বয় পরস্পর পরস্পরকে সমকোণে সমদ্বিখণ্ডিত করে।

৪৩. রম্বসের কর্ণদ্বয় পরস্পর পরস্পরকে কত কোণে বিভক্ত করে?

● ৯০° (খ) ১২০°

(গ) ৪৫° (ঘ) ১৮০°


যুক্তি : রম্বসের কর্ণদ্বয় পরস্পর পরস্পরকে সমকোণে সমদ্বিখণ্ডিত করে।

সমকোণ = ৯০°

৪৪. একটি রম্বসের কর্ণদ্বয়ের দৈর্ঘ্য ৪০ সেন্টিমিটার ও ৩০ সেন্টিমিটার হলে এর পরিসীমা কত ?

(ক) 50 সে.মি. (খ) 60 সে.মি.

(গ) 70 সে.মি. ● 100 সে.মি.



যুক্তি : রম্বসটি ABCD হলে

এক বাহুর দৈর্ঘ্য $AD = \sqrt{AO^2 + OD^2}$

[∵ কর্ণদ্বয় পরস্পরকে সমকোণে সমদ্বিখণ্ডিত করে]

বা, $AD = \sqrt{(২০)^২ + (১৫)^২}$

$= ২৫$

∴ রম্বসের পরিসীমা = ৪ × বাহুর দৈর্ঘ্য

= ৪ × ২৫

= ১০০ সে. মিটার

৪৫. একটি ট্রাপিজিয়ামের ক্ষেত্রফল ২০ বর্গ সে. মি.। সমান্তরাল বাহুদ্বয়ের দৈর্ঘ্য ৩ সে. মি. ও ৭ সে. মি.। সমান্তরাল বাহুদ্বয়ের মধ্যবর্তী দণ্ড রত্ব কত ?

(ক) ২ সে. মি. (খ) ৩ সে. মি.

● ৪ সে. মি. (ঘ) ৫ সে. মি.

যুক্তি : ট্রাপিজিয়ামের ক্ষেত্রফল = $\frac{১}{২}$ × (সমান্তরাল বাহু দুইটির সমষ্টি) × উহাদের মধ্যবর্তী দণ্ড রত্ব

বা, $২০ = \frac{১}{২} \times (৩ + ৭) \times$ উহাদের মধ্যবর্তী দণ্ড রত্ব

বা, মধ্যবর্তী দণ্ড রত্ব = $\frac{২০ \times ২}{১০}$

∴ মধ্যবর্তী দণ্ড রত্ব = ৪ সে. মি.

৪৬. একটি ট্রাপিজিয়ামের ক্ষেত্রফল ৬০ বঃমিঃ এবং সমান্তরাল বাহু দুইটির মধ্যবর্তী লম্ব দণ্ড রত্ব ৮ মিঃ। একটি বাহুর দৈর্ঘ্য ৬ মিঃ হলে অপর বাহুটির দৈর্ঘ্য হবে—

(ক) ৭ মিঃ (খ) ৮ মিঃ

● ৯ মিঃ (ঘ) ১২ মিঃ

যুক্তি: মনেকরি, একটি বাহু x মিটার

ট্রাপিজিয়াসের ক্ষেত্রফল = ১/২ সমান্তরাল বাহু দুইটির সমষ্টি × উহাদের মধ্যবর্তী দণ্ড রত্ব

বা, ৬০ = ১/২ × (x + ৬) × ৮

বা, ৬০ = ৪x + ২৪

বা, ৪x = ৬০ − ২৪

∴ x = ৯

৪৭. একটি ট্রাপিজিয়ামের সমান্তরাল বাহু দুইটির দৈর্ঘ্য ৫ মিটার ও ৭ মিটার। এর ক্ষেত্রফল ৪৮ বর্গমিটার হলে, বাহু দুইটির মধ্যবর্তী লম্ব দুরত্ব কত হবে?

(ক) ৬ বর্গমিটার (খ) ৮ বর্গমিটার

(গ) ৯ বর্গমিটার (ঘ) ১০ বর্গমিটার

যুক্তি : আমরা পাই, ট্রাপিজিয়ামের ক্ষেত্রফল = $\frac{১}{২} \times (৫ + ৭) \times$ লম্ব দণ্ড রত্ব

বা, ৪৮ = ৬ × লম্ব দণ্ড রত্ব

বা, লম্বদণ্ড রত্ব = ৮ মিটার

সঠিক উত্তর : ৮ মিটার

৪৮. কোন ট্রাপিজিয়ামের ক্ষেত্রফর ৪০ বর্গমিটার এবং সমান্তরাল বাহু দুইটির মধ্যবর্তী লম্ব দণ্ড রত্ব ৮ মিটার। একটি বাহুর দৈর্ঘ্য ৬ মিটার হলে, অপর বাহুর দৈর্ঘ্য কত?

● ৪ মিটার (খ) ৬ মিটার

RAISUL ISLAM HRIDOY

(গ) ৮ মিটার (ঘ) ১০ মিটার

যুক্তি: মনেকরি, একটি বাহু x মিটার
ট্রাপিজিয়ামের ক্ষেত্রফল = ১/২ সমান্ত রাল বাহু দুইটির
সমষ্টি × উহাদের মধ্যবর্তী দণ্ড রত্ব
বা, ৪০ = ১/২ × (x + ৬) × ৮
বা, ৪০ = ৪x + ২৪
বা, ৪x = ৪০–২৪
বা, ৪x =১৬
∴ x = ৪

৪৯. একটি ট্রাপিজিয়ামের সমান্ রাল বাহুদ্বয়ের দৈর্ঘ্য যথাক্রমে ৩ ফুট ও ৫ ফুট এবং উচ্চতা ৪ ফুট। উহার ক্ষেত্রফল কত?

● (ক) ১৬ বর্গফুট (খ) ৬০ বর্গফুট
(গ) ৬ বর্গফুট (ঘ) ১২ বর্গফুট

যুক্তি : ট্রাপিজিয়ামের ক্ষেত্রফল $= \frac{১}{২} \times (৩ + ৫) \times ৪$
$= ৮ \times ২$
$= ১৬$ বর্গফুট

৫০. একটি আয়তক্ষেত্রের পরিসীমা ৪৪ মিটার। প্রস্থ অপেক্ষা দৈর্ঘ্য ২ মিটার বেশি হলে, দৈর্ঘ্য ও প্রস্থ হবে যথাক্রমে —

(ক) ১০ মি., ৮ মি. (খ) ১৪ মি.,১২ মি.
● ১২ মি., ১০ মি. (ঘ) ৮ মি., ৬ মি.

যুক্তি : মনে করি,
আয়তক্ষেত্রটির প্রস্থ x মিটার
∴ " " দৈর্ঘ্য (x + ২) "
∴ " " পরিসীমা {২ (x + x + ২)}মি.
= {২ (২x + ২)}মি.
= (৪x + ৪) মি.
শর্তমতে
৪x + ৪ = ৪৪
বা, ৪x = ৪৪ – ৪
বা, ৪x = ৪০
বা, $x = \frac{৪০}{৪}$
∴ x = ১০
∴ আয়তক্ষেত্রটির দৈর্ঘ্য (১০ + ২) মিটার বা ১২ মিটার
∴ আয়তক্ষেত্রটির প্রস্থ ১০ মিটার

৫১. একটি আয়তাকার ঘরের দৈর্ঘ্য বিস্ ারের দ্বিগুণ। এর ক্ষেত্রফল ৫১২ বর্গমিটার হলে, পরিসীমা কত ?

(ক) ৯৮ মিটার ● ৯৬ মিটার
(গ) ৯৪ মিটার (ঘ) ৯২ মিটার

যুক্তি : ধরি, বিস্ত ার = 'ক' মিটার
∴ দৈর্ঘ্য = ২ক মিটার
শর্তমতে, ২ক^{২} = ৫১২
∴ ক = ১৬
অর্থাৎ বিস্ত ার = ১৬
দৈর্ঘ্য = ২ × ১৬ = ৩২
আয়তকারটির পরিসীমা = ২(৩২ + ১৬) মিটার = ৯৬ মিটার

৫২. চতুর্ভুজের চার কোণের অনুপাত ১ ঃ ২ ঃ ২ ঃ ৩ হলে বৃহত্তম কোণের পরিমাণ হবে —

(ক) ১০০° (খ) ১১৫°
● ১৩৫° (ঘ) ২২৫°

যুক্তি : ধরি, কোণ চারটি x, ২x, ২x, ৩x
এখানে, x + ২x + ২x + ৩x = ৩৬০°
∴ $x = \frac{৩৬০^\circ}{৮} = ৪৫^\circ$
সুতরাং বৃহত্তম কোণ = ৩ × ৪৫° = ১৩৫°

৫৩. 20x পরিসীমাবিশিষ্ট আয়তক্ষেত্রের এক বাহুর দৈর্ঘ্য 4x + 3 হলে, অপর বাহুর দৈর্ঘ্য কত ?

(ক) 4x – 3 (খ) 5x + 3
(গ) 5x – 3 ● 6x – 3

যুক্তি : অপর বাহুর দৈর্ঘ্য p হলে

RAISUL ISLAM HRIDOY

$20x = 2(4x + 3 + p)$

বা, $p = \frac{20x - 8x - 6}{2}$

$\therefore p = 6x - 3$

৫৪. একটি আয়তকার ক্ষেত্রের দৈর্ঘ্য ২০% বৃদ্ধি ও প্রস্থ ১০% হ্রাস করা হলে, ক্ষেত্রফলের শতকরা কত পরিবর্তন হবে ?

ক ৭% বৃদ্ধি খ ৯% বৃদ্ধি
● ৮% বৃদ্ধি ঘ ১০% বৃদ্ধি

যুক্তি : ধরি, ক্ষেত্রটির দৈর্ঘ্য x এবং প্রস্থ y

$\therefore$ ক্ষেত্রটির ক্ষেত্রফল = xy

দৈর্ঘ্য ২০% বৃদ্ধি এবং প্রস্থ ১০% হ্রাস হলে নতুন ক্ষেত্রফল = (x + x এর ২০%) (y – y এর ১০%)

$= \frac{6x}{5} \times \frac{9y}{10}$

$= \frac{27xy}{25}$

ক্ষেত্রফল বৃদ্ধি পায় $= \frac{27xy}{25} - xy = \frac{2xy}{25}$

ক্ষেত্রফল xy-এ বৃদ্ধি পায় $\frac{2xy}{25}$

ক্ষেত্রফল ১ এ বৃদ্ধি পায় $\frac{2xy}{25 \times xy}$

ক্ষেত্রফল ১০০ এ বৃদ্ধি পায় $\frac{2xy \times 100}{25 \times xy} = ৮\%$ বৃদ্ধি

৫৫. একটি আয়তক্ষেত্রের দৈর্ঘ্য 5 মিটার কম এবং প্রস্থ 3 মিটার অধিক হলে এর ক্ষেত্রফল অপরিবর্তিত থাকে। আবার দৈর্ঘ্য 5 মিটার অধিক এবং প্রস্থ 2 মিটার কম হলেও এর ক্ষেত্রফল অপরিবর্তিত থাকে। এর দৈর্ঘ্য ও প্রস্থ —

● 25, 12 খ 20, 10
গ 21, 9 ঘ 24, 10

যুক্তি : ধরি, ক্ষেত্রটির দৈর্ঘ্য x ও প্রস্থ y

$\therefore$ ক্ষেত্রটির ক্ষেত্রফল = xy বর্গমিটার

১ম শর্তে,

$(x - 5)(y + 3) = xy$

বা, $xy - 5y + 3x - 15 = xy$

বা, $3x - 5y = 15$ ..... (i)

২য় শর্তে, $(x + 5)(y - 2) = xy$

বা, $xy + 5y - 2x - 10 = xy$

$\therefore 5y - 2x = 10$ ..... (ii)

(i) + (ii) হতে পাই, x = 25 অর্থাৎ দৈর্ঘ্য = 25 মিটার

x = 25 (i) এ বসালে, y = 12 অর্থাৎ প্রস্থ = 12 মিটার

সুতরাং দৈর্ঘ্য 25 মিটার, প্রস্থ 12 মিটার।

৫৬. একটি আয়তক্ষেত্রের ক্ষেত্রফল ১ এয়র, এর দৈর্ঘ্য ১২.৫ মিটার হলে আয়তক্ষেত্রটির প্রস্থ কত?

ক ৪ মিটার খ ৬ মিটার
● ৮ মিটার ঘ ১০ মিটার

যুক্তি : আয়তক্ষেত্রটি প্রস্থ $= \frac{১০০}{১২.৫}$ মি. = ৮ মি.

[□ ১ এয়র = ১০০ বর্গ মি.]

৫৭. একটি আয়তক্ষেত্রের ক্ষেত্রফল ২৪৭ বর্গফুট। দৈর্ঘ্য ১৯ ফুট হলে প্রস্থ কত?

ক ১২ ফুট ● ১৩ ফুট
গ ১৪ ফুট ঘ ১১ ফুট

যুক্তি : আয়তক্ষেত্রটির প্রস্থ $= \frac{২৪৭}{১৯}$ ফুট = ১৩ ফুট

৫৮. একটি ঘরের দৈর্ঘ্য ৮ মি., প্রস্থ ৬ মি. এবং উচ্চতা ৩ মি. হলে ঘরের চার দেয়ালের ক্ষেত্রফল কত হবে?

● ৮৪ বর্গমিটার খ ৮৬ বর্গমিটার
গ ৮৮ বর্গমিটার ঘ ৯০ বর্গমিটার

যুক্তি : ঘরটির সমগ্র দেয়ালের ক্ষেত্রফল

$= ২(৮ \times ৬ + ৬ \times ৩ + ৩ \times ৮)$ বর্গ মি.

= ১৮০ বর্গ মি.

দুই দেয়ালের ক্ষেত্রফল = ২ (৮ × ৬) বর্গ মি.

= ৯৬ বর্গ মি.

RAISUL ISLAM HRIDOY

∴ ঘরটির চার দেয়ালের ক্ষেত্রফল
= (১৮০ − ৯৬) বর্গ মি.
= ৮৪ বর্গ মি.

৫৯. একটি চতুর্ভুজের দৈর্ঘ্য ৮ মিটার এবং প্রস্থ ৬ মিটার হলে চতুর্ভুজটির পরিসীমা কত?
ক ১৪ মিটার খ ২২ মিটার
● ২৮ মিটার ঘ ৪৮ মিটার
যুক্তি : চতুর্ভুজটির পরিসীমা = ২ (৮ + ৬) মিটার = ২৮ মিটার

৬০. একটি আয়তক্ষেত্রের দৈর্ঘ্য প্রস্থের $১\frac{১}{২}$ গুণ। দৈর্ঘ্য ৪৮ মিটার হলে, ক্ষেত্রটির পরিসীমা কত?
ক ৬৪ মিটার খ ১৪৪ মিটার
● ১৬০ মিটার ঘ ৯৬ মিটার
যুক্তি : দৈর্ঘ্য ৪৮ মিটার
∴ প্রস্থ = $৪৮ \div \frac{৩}{২} = ৩২$ মিটার
পরিসীমা = ২(৪৮ + ৩২) = ১৬০ মিটার

৬১. একটি ত্রিভুজের ভূমির পরিমাণ ৪ মিটার ও উচ্চতা ৩ মিটার। হলে ত্রিভুজের ক্ষেত্রফল কত?
ক ৯ বর্গমিটার খ ১৮ বর্গমিটার
গ ১২ বর্গমিটার ● ৬ বর্গমিটার
যুক্তি : ত্রিভুজের ক্ষেত্রফল = $\frac{১}{২} \times$ ভূমি $\times$ উচ্চতা
$= \frac{১}{২} \times ৪ \times ৩$
= ৬ বর্গ মিটার

৬২. একটি আয়তক্ষেত্রের ক্ষেত্রফল ২৫ এয়র। এর দৈর্ঘ্য ১০০ মিটার হলে প্রস্থ কত?
ক ০.২৫ মিটার ● ২৫ মিটার
গ ৫০ মিটার ঘ ৪ মিটার
যুক্তি : ক্ষেত্রফল = দৈর্ঘ্য $\times$ প্রস্থ
বা, (২৫ $\times$ ১০০) = ১০০ $\times$ প্রস্থ
∴ প্রস্থ = ২৫ মিটার

৬৩. একটি আয়তাকার ঘরের দৈর্ঘ্য বিস্ তারের দেড় গুণ। এর ক্ষেত্রেফল ২১৬ বর্গমিটার হলে, এর পরিসীমা কত?
● ৬০ মিটার খ ৬৫ মিটার
গ ৭০ মিটার ঘ ৭৫ মিটার
যুক্তি : ধরি, বিস্ তার x মিটার ∴ দৈর্ঘ্য $১\frac{১}{২}x = \frac{৩}{২}$ মিটার
প্রশ্নমতে, $x \times \frac{৩}{২} = ২১৬$
বা, $৩x^২ = ৪৩২$
বা, $x^২ = ১৪৪$
∴ x = ১২
∴ বিস্ তার = ১২ মিটার, দৈর্ঘ্য = $\frac{৩ \times ১২}{২} = ১৮$ মিটার
∴ পরিসীমা = ২(১৮ + ১২) = ৬০ মিটার

৬৪. একটি আয়তক্ষেত্রের দৈর্ঘ্য ২০% বাড়ানো হলো এবং প্রস্থ ২০% কমানো হলো। ক্ষেত্রফলের কি পরিবর্তন হবে?
ক ৩% ● ৪%
গ ৫% ঘ ৬%
যুক্তি : ধরি, দৈর্ঘ্য ১০০ মি. ও প্রস্থ ৫০ মি.
∴ ক্ষেত্রফল ৫০০০ বর্গ মি.
নতুন ক্ষেত্রফল হবে ১২০ $\times$ ৪০ বর্গ মি.
= ৪৮০০ বর্গ মি.
∴ ক্ষেত্রফল কমবে $\frac{২০০ \times ১০০}{৫০০০}\% = ৪\%$

৬৫. একটি বর্গক্ষেত্রের পরিসীমা একটি আয়তক্ষেত্রের পরিসীমার সমান। আয়তক্ষেত্রটির দৈর্ঘ্য এর প্রস্থের ৩ গুণ এবং ক্ষেত্রফল ৭৬৮ বর্গমিটার। বর্গক্ষেত্রের এক বাহুর দৈর্ঘ্য কত?
● ৩২ মিটার খ ৩০ মিটার

RAISUL ISLAM HRIDOY

(গ) ২৫ মিটার (ঘ) ২৭ মিটার

যুক্তি : ধরি, আয়তক্ষেত্রের প্রস্থ = x, দৈর্ঘ্য = ৩x মিটার

প্রশ্নমতে, ৩x.x = ৭৬৮

বা, $৩x^2 = ৭৬৮$

বা, $x^2 = ২৫৬$

∴ x = ১৬

∴ আয়তক্ষেত্রের প্রস্থ = ১৬ মিটার,

দৈর্ঘ্য = ৩ × ১৬ = ৪৮ মিটার

এবং পরিসীমা = ২(১৬ + ৪৮)

= ২ × ৬৪ = ১২৮ মিটার

= বর্গক্ষেত্রের পরিসীমা

∴ বর্গক্ষেত্রের ১ বাহুর দৈর্ঘ্য = $\frac{১২৮}{৪}$

= ৩২ মিটার

৬৬. একটি আয়তাকার ক্ষেত্রের দৈর্ঘ্য প্রস্থের দ্বিগুণ। এর ক্ষেত্রফল ৩২ বর্গমিটার হলে তার লম্বা বাহুর দৈর্ঘ্য কত মিটার?

(ক) ২ (খ) ৪

(গ) ৬ ● ৮

যুক্তি : ধরি, প্রস্থ ক মিটার

∴ দৈর্ঘ্য ২ক মিটার

∴ ২ক × ক = ৩২

বা, ক^২ = ১৬

∴ ক = ৪

∴ দৈর্ঘ্য (৪ × ২) মি. = ৮ মি.

৬৭. একটি আয়তাকার ক্ষেত্রের দৈর্ঘ্য বিস্তারের ৩ গুণ। দৈর্ঘ্য ৪৮ মিটার হলে, ক্ষেত্রটির পরিসীমা কত?

(ক) ৬৪ মিটার (খ) ৬৮ মিটার

(গ) ১২০ মিটার ● ১২৮ মিটার

যুক্তি : দৈর্ঘ্য ৪৮ মিটার

∴ বিস্তার $\frac{৪৮}{৩}$ মিটার = ১৬ মিটার

∴ পরিসীমা = ২(৪৮ + ১৬) মিটার

= ১২৮ মিটার।

RAISUL ISLAM HRIDOY

১. চার কোণের সমষ্টি চার সমকোণ বা ৩৬০°।

২. বৃত্তস্থ চতুর্ভুজের বিপরীত কোণদ্বয়ের সমষ্টি দুই সমকোণ বা ১৮০°।

৩. পরিসীমা = AB + BC + CD + DA = a + b +c+ d.

৪. যে কোনো তিনবাহুর দৈর্ঘ্যের যোগফল চতুর্থবাহুর দৈর্ঘ্যের চেয়ে বড়।

৫. বর্গক্ষেত্রের চারটি বাহু সমান, কর্ণদ্বয় সমান ও প্রতিটি কোণ ১ সমকোণ।

৬. বর্গক্ষেত্রের ক্ষেত্রফল = (বাহু)^২ = a^2

৭. বর্গক্ষেত্রের কর্ণ = $\sqrt{২}$ × বাহু

৮. বর্গক্ষেত্রের পরিসীমা = ৪a

৯. আয়তক্ষেত্রের বিপরীত বাহু সমান ও সমান্তরাল।

১০. আয়তক্ষেত্রের কর্ণদ্বয় সমান এবং প্রত্যেক কোণ সমকোণ।

১১. আয়তক্ষেত্রের ক্ষেত্রফল = দৈর্ঘ্য × প্রস্থ = a × b

১২. আয়তক্ষেত্রের কর্ণ = $\sqrt{(\text{দৈর্ঘ্য})^২ + (\text{প্রস্থ})^২}$

= $\sqrt{a^2 + b^2}$

১৩. আয়তক্ষেত্রের পরিসীমা = ২ × দৈর্ঘ্য + ২ × প্রস্থ

= ২(a + b)

১৪. রম্বসের চারটি বাহু সমান, বিপরীত বাহু সমান্তরাল এবং কর্ণদ্বয় অসমান।

১৫. রম্বসের ক্ষেত্রফল = $\frac{১}{২}$ × কর্ণদ্বয় এর গুণফল।

১৬. রম্বসের কর্ণদ্বয় পরস্পর পরস্পরকে সমকোণে সমদ্বিখণ্ডিত করে।

১৭. রম্বসের পরিসীমা = ৪ × বাহুর দৈর্ঘ্য

৫. বৃত্ত

১. বৃত্তের বৃহত্তম জ্যা হচ্ছে —
ক ব্যাসার্ধ খ ব্যাসার্ধের অর্ধেকের সমান জ্যা
● ব্যাস ঘ কেন্দ্র হতে দণ্ড রবর্তী জ্যাটি


২. স্পর্শ বিন্দুগামী ব্যাসার্ধ এবং স্পর্শকের অন্ তর্ভুক্ত কোণ —
ক এক সমকোণের অর্ধেক খ দুই সমকোণ
গ তিন সমকোণ ● এক সমকোণ

৩. বৃত্তের একটি চাপের উপর অঙ্কিত কেন্দ্রস্থ কোণ বৃত্তস্থ কোণের কত অংশ?
ক অর্ধেক খ সমান
● দ্বিগুণ ঘ তিনগুণ

যুক্তি : আমরা জানি, বৃত্তের একটি চাপের উপর অঙ্কিত কেন্দ্রস্থ কোণ বৃত্তস্থ কোণের দ্বিগুণ।

৪. কোন বৃত্তের বহিঃস্থ কোন বিন্দু থেকে বৃত্তের উপর কয়টি স্পর্শক আঁকা যেতে পারে?
● ২টি খ ৪টি
গ ৩টি ঘ ১টি

যুক্তি :



কোন বৃত্তের বহিঃস্থ কোন বিন্দু থেকে বৃত্তের উপর দুইটি স্পর্শক আঁকা যেতে পারে।

৫. একটি ঘড়িতে বিকাল ৩টায় ঘন্টার কাঁটা ও মিনিটের কাঁটার মধ্যে যে কোণ তৈরী করে তার ক্ষুদ্রতম কোণটি কত ডিগ্রি?
ক ১৮০ ● ৯০
গ ২৭০ ঘ ৬০

যুক্তি : প্রতিটি ঘরের মান $\frac{৩৬০^\circ}{১২} = ৩০^\circ$
৩ টার সময় ঘন্টার কাঁটা ও মিনিটের কাঁটার মধ্যে ৪টি ঘর থাকে।
∴ মধ্যবর্তী ক্ষুদ্রতম কোণ = ৩ × ৩০° = ৯০°

৬. বৃত্তের পরিধি ও ব্যাসের অনুপাত কত?
ক $\frac{৩৩}{৩}$ খ $\frac{৭৪}{২২}$
● $\frac{২২}{৭}$ ঘ $\frac{২০}{৭}$

যুক্তি : বৃত্তের পরিধি ও ব্যাসের অনুপাত সর্বদা $\frac{২২}{৭}$

৭. একটি বৃত্তের ব্যাসার্ধ অপর একটি বৃত্তের ব্যাসার্ধের দ্বিগুণ হলে প্রথমটির ক্ষেত্রফল দ্বিতীয়টির ক্ষেত্রফলের কত গুণ হবে?
ক ২ ● ৪
গ ৮ ঘ ১৬

যুক্তি : ধরি, অপর বৃত্তের ব্যাসার্ধ = r
∴ একটি ,, ,, = ২r
∴ অপর বৃত্তের ক্ষেত্রফল = πr^2
∴ একটি ,, ,, = $\pi (২r)^2 = ৪\pi ২r^2$
∴ প্রথমটির ক্ষেত্রফল দ্বিতীয়টির ক্ষেত্রফলের = $\frac{৪\pi ৎ}{\pi ৎ}$
= ৪ গুণ

৮. একটি ঘোড়ার গাড়ির সামনের চাকার পরিধি ৩ মিটার পিছনের চাকার পরিধি ৪ মিটার। গাড়িটি কত পথ গেলে সামনের চাকা পিছনের চাকার চেয়ে ১০০ বার বেশি ঘুরবে?
ক ১৪০০ মিটার খ ১৫০০ মিটার
● ১২০০ মিটার ঘ ১০০০ মিটার

যুক্তি : ৩ ও ৪ এর ল. সা. গু. = ১২
১২ মিটার যেতে সামনে চাকা ঘুরে ৩ বার
১২ ” ” পেছনের ” ” ৪ বার

RAISUL ISLAM HRIDOY

∴ সামনের চাকা ১ বার বেশি ঘুরে ১২ মি. যেতে
∴ " " ১০০ " " " (১০০ × ১২) " "
= ১২০০ মি. যেতে


৯. বৃত্তের যে কোন দুটি বিন্দুর সংযোজক সরলরেখাকে কি বলে?
ক ব্যাস খ চাপ
গ ব্যাসার্ধ ● জ্যা
যুক্তি : বৃত্তের যে কোন দুটি বিন্দুর সংযোজক সরলরেখাকে জ্যা বলে।

১০. দুইটি নির্দিষ্ট বিন্দু দিয়ে কয়টি বৃত্ত আঁকা যাবে?
ক ১টি খ ২টি
গ ৩টি ● অসংখ্য
যুক্তি : দুইটি নির্দিষ্ট বিন্দু দিয়ে ১টি বৃত্ত আঁকা যাবে।

১১. বৃত্তের কেন্দ্রের নিকটবর্তী জ্যা দ রবর্তী জ্যা —
● অপেক্ষা বড় হবে খ অপেক্ষা ছোট হবে
গ এর সমান হবে ঘ এর দ্বিগুণ হবে
যুক্তি : আমরা জানি, বৃত্তের কেন্দ্রের নিকটবর্তী জ্যা দ রবর্তী জ্যা অপেক্ষা বড়।

১২. বৃত্তস্থ সামান্ত রিক একটি —
● বর্গক্ষেত্র খ ট্রাপিজিয়াম
গ রম্বস ঘ আয়তক্ষেত্র
যুক্তি : বৃত্তস্থ সামান রিক একটি বর্গক্ষেত্র কারণ বর্গক্ষেত্রের চার বাহু সমান এবং কর্ণদ্বয় পরস্জর পরস্জরকে সমকোণে সমদ্বিখ িত করে।

১৩. ১০ সেন্টিমিটার ব্যাসার্ধের বৃত্তের কেন্দ্র থেকে ৬ সেন্টিমিটার দ রত্বে অবস্থিত জ্যা-এর দৈর্ঘ্য কত?
● ১২ সেন্টিমিটার খ ১৪ সেন্টিমিটার
গ ১৬ সেন্টিমিটার ঘ ১৮ সেন্টিমিটার
যুক্তি : এখানে, OA = ১০ সে. মি. OC = ৬ সে. মি.
∴ OB = ১০ সে. মি.
$BC = \sqrt{OC^2 + OB^2}$
$= \sqrt{(6)^2 + (10)^2}$
$= \sqrt{36 + 100}$
$= \sqrt{136}$
= ১১. ৬৬
= ১২ সে. মি. (প্রায়)



১৪. বৃত্তের দুটি জ্যা পরস্জরকে সমদ্বিখ িত করলে ছেদবিন্দুর অবস্থান কোথায় হবে ?
● বৃত্তের কেন্দ্রে
খ বৃত্তের ওপরে
গ বৃত্তের বাইরে
ঘ কেন্দ্র ছাড়া বৃত্তের ভিতরে
যুক্তি : বৃত্তের দুটি জ্যা পরস্জরকে সমদ্বিখ িত করলে ছেদবিন্দু বৃত্তের কেন্দ্রে অবস্থান করবে।

১৫. একই চাপের উপর দ ায়মান পরিধিস্থ কোণ ৪০¬ হলে কেন্দ্রস্থ কোণের পরিমাণ হবে—
● ৮০° খ ৪০°
গ ২০° ঘ ১৪০°
যুক্তি: একই চাপের ওপর দ ায়মান কেন্দ্রস্থ কোণ পরিধিস্থ কোণের দ্বিগুণ। সুতরাং কেন্দ্রস্থ কোণ = ৪০° × ২ = ৮০°

১৬. একই চাপের উপর দ ায়মান কেন্দ্রস্থ কোণের পরিমাণ ১০০° হলে পরিধিস্থ কোণের পরিমাণ হবে —
ক ১০০° খ ৮০°
● ৫০° ঘ এর কোনটিই নয়
যুক্তি: একই চাপের ওপর দ ায়মান পরিধিস্থ কোণ কেন্দ্রস্থ কোণের অর্ধেক। সুতরাং পরিধিস্থ কোণ = $\frac{১০০^\circ}{২}$ = ৫০°

১৭. একই চাপের উপর দ ায়মান পরিধিস্থ কোণের পরিমাণ ৬০° হলে, কেন্দ্রস্থ কোণের পরিমাণ হবে—
● ১২০° খ ৩০°
গ ৬০° ঘ ১৮০°
যুক্তি: একই চাপের ওপর দ ায়মান কেন্দ্রস্থ কোণ পরিধিস্থ কোণের দ্বিগুণ। সুতরাং কেন্দ্রস্থ কোণ = ৬০° × ২ = ১২০°

১৮. অর্ধবৃত্তস্থ ত্রিভুজের স ক্ষ্মকোণদ্বয়ের একটি অপরটির দ্বিগুণ হলে ক্ষুদ্রতম কোণটির পরিমাণ হবে—
● ৩০° খ ৬০°
গ ৯০° ঘ ১২০°
যুক্তি : অর্ধবৃত্তস্থ কোন এক সমকোণ অর্থাৎ ৯০°
বাকি স ক্ষ্মকোণদ্বয়ের সমষ্টি হবে = ১৮০° − ৯০°=৯০°
একটি অপরটির দ্বিগুণ হলে ক্ষুদ্রতম কোনটি = ৩০°

RAISUL ISLAM HRIDOY

১৯. বৃত্তের ব্যাস তিনগুণ বৃদ্ধি করলে ক্ষেত্রফল কতগুণ বৃদ্ধি পাবে?

ক ৪ ● ৯

গ ১২ ঘ ১৬

যুক্তি : ধরি, বৃত্তের ব্যাস = ২r

∴ ব্যাসার্ধ = r এবং ক্ষেত্রফল = πr^2

ব্যাস তিন গুণ বৃদ্ধি করলে ব্যাসার্ধ হবে = ৩r

∴ ক্ষেত্রফল $\pi(৩r)^2 = \pi.৯r^2$

∴ ক্ষেত্রফল বৃদ্ধি পাবে $\frac{\pi . 9r^2}{\pi r^2} = ৯$ গুণ


২০. **ABCD** বৃত্তে **AB** এবং **CD** দুইটি সমান জ্যা পরস্পর **P** বিন্দুতে ছেদ করলে কোনটি সত্য ?

ক PC=PD খ PA=PB

গ PB=PA ● PB=PD

যুক্তি : সমান সমান জ্যা পরস্পর সমান বিন্দুতে ছেদ করে।

সেক্ষেত্রে PB = PD



২১. বৃত্তের ক্ষেত্রফল **18π** একক হলে, বৃত্তের পরিসীমা কত ?

ক $5\sqrt{2}$ খ 8π

● $6\sqrt{2}\pi$ ঘ $4\sqrt{3}$

যুক্তি : বৃত্তের ক্ষেত্রফল $\pi r^2 = 18\pi$

$\therefore r^2 = 18$

$r = 3\sqrt{2}$

∴ বৃত্তের পরিসীমা বা পরিধি $= 2\pi r$

$= 2 \times \pi \times 3\sqrt{2}$

$= 6\sqrt{2}\pi$

২২. দুইটি বৃত্ত পরস্পর স্পর্শ করলে তাদের কেন্দ্রদ্বয় এবং স্পর্শবিন্দু সংযোজক রেখা কেমন হবে ?

ক বক্ররেখা ● সরলরেখা

গ পরাবৃত্ত ঘ উপবৃত্ত

যুক্তি :



দুইটি বৃত্ত পরস্পর স্পর্শ করলে তাদের কেন্দ্রদ্বয় এবং স্পর্শ বিন্দুর সংযোজক রেখা সরলরেখা (AB) হবে ।

২৩. দুইটি বৃত্তের ব্যাসের অনুপাত ১ ঃ ৩। এদের ক্ষেত্রফলের অনুপাত —

ক ১ ঃ ২৭ খ ১ ঃ ১৮

গ ১ ঃ ১২ ● ১ ঃ ৯

যুক্তি : দুটি বৃত্তের ব্যাসের অনুপাত ১ ঃ ৩

∴ ব্যাসার্ধ $= \frac{১}{২} : \frac{৩}{২}$

∴ ক্ষেত্রফলের অনুপাত $\pi\left(\frac{১}{২}\right)^2 : \pi\left(\frac{৩}{২}\right)^2$

$= \frac{১}{৪} : \frac{৯}{৪}$

$= ১ : ৯$

২৪. একটি বৃত্তের ব্যাসার্ধ ৫০% বৃদ্ধি করা হলে এর পরিধি শতকরা কত ভাগ বৃদ্ধি পাবে ?

ক ২৫% ● ৫০%

গ ১২.৫% ঘ ৭৫%

যুক্তি : ধরি, বৃত্তের ব্যাসার্ধ = r

∴ বৃদ্ধি পেয়ে হবে $= \frac{১৫০}{১০০} r = \frac{3r}{2}$

প্রাথমিক পরিধি $= 2\pi r$

বৃদ্ধি পেয়ে হবে $= 2\pi \times \frac{3r}{2} = 3\pi r$

∴ পরিধি বৃদ্ধি পাবে $= 3\pi r - 2\pi r = \pi r$

RAISUL ISLAM HRIDOY

∴ পরিধি শতকরা বৃদ্ধি পাবে $\frac{\pi r}{2\pi r} \times 100\ \% = ৫০\%$

২৫. একটি গাড়ির চাকার ব্যাসার্ধ ৩৫০ সেন্টিমিটার। ২ কিলোমিটার রাস্তা চলতে চাকাটিকে কতবার ঘুরতে হবে? $\left[\pi = \frac{22}{7}\right]$

● প্রায় ৯১ বার (খ) প্রায় ৮০ বার
(গ) প্রায় ২২ বার (ঘ) প্রায় ১৫ বার

যুক্তি : চাকার পরিধি $= 2\pi r$

$= ২ \times \frac{২২}{৭} \times ৩৫০$

$= ২২০০$ সেন্টিমিটার

$= ২২$ মিটার

চাকাকে ঘুরতে হবে $= \frac{২ \times ১০০০}{২২}$

$= ৯০.৯$ বার বা ৯১ বার (প্রায়)

২৬. $x^2 + y^2 = ১০০$ বৃত্তের কেন্দ্রের স্থানাঙ্ক কত ?

● (০, ০) (খ) (১০, ০)
(গ) (০, ১০) (ঘ) সবগুলো

যুক্তি : $(x - ০)^2 + (y - ০)^2 = (১০)^2$

∴ কেন্দ্র (০, ০)

২৭. দুইটি বৃত্তে মোট কয়টি সাধারণ স্পর্শক আঁকা যায়?

● ১টি (খ) ৩টি
(গ) ২টি (ঘ) ৪টি

যুক্তি : দুইটি বৃত্তে কেবলমাত্র ১টি সাধারণ স্পর্শক আঁকা যায়।

২৮. অর্ধবৃত্তস্থ কোণের পরিমাপ কত?

● এক সমকোণ (খ) দুই সমকোণ
(গ) সরল কোণ (ঘ) উপরে একটি ও নয়

যুক্তি : আমরা জানি, অর্ধবৃত্তস্থ কোণ এক সমকোণ।

২৯. $2x^2 + 2y^2 - 4x - 12y + 11 = 0$ বৃত্তটির ব্যাসার্ধ কত ?

(ক) $\sqrt{29}$ ● $\sqrt{15.5}$
(গ) 29 (ঘ) $\sqrt{4.5}$

যুক্তি : সমীকরণটি $2x^2 + 2y^2 - 4x - 12y + 11 = 0$

বা, $x^2 + y^2 - 2x - 6y + \frac{11}{2} = 0$

∴ কেন্দ্রের স্থানাঙ্ক (1, 3)

∴ ব্যাসার্ধ $= \sqrt{1^1 + 3^2 + \frac{11}{2}} = \sqrt{\frac{31}{2}} = \sqrt{15.5}$

৩০. O কেন্দ্রবিশিষ্ট বৃত্তে D, AB জ্যায়ের মধ্যবিন্দু। $\angle ODB$ = কত ?

(ক) 45° (খ) 70°
● 90° (ঘ) 120°

যুক্তি : বৃত্তের জ্যায়ের সমদ্বিখন্ডক কেন্দ্রের সাথে সমকোণী ত্রিভুজ তৈরি করে

∴ $\angle ODB = 90°$

৩১. একটি বৃত্তের ব্যাসার্ধ ৪ গজ ১ ফুট ৫ ইঞ্চি। বৃত্তটির পরিধি—

(ক) ২৯ গজ ৩ ইঞ্চি
● ২৮ গজ ৪ ইঞ্চি
(গ) ৩০ গজ ৬ ইঞ্চি
(ঘ) কোনটিই নয়

যুক্তি : ৪ গজ ১ ফুট ৫ ইঞ্চি

$(৪ \times ৩৬ + ১ \times ১২ + ৫)$ ইঞ্চি

$= ১৬১$ ইঞ্চি

∴ ১৬১ ইঞ্চি ব্যাসার্ধ বিশিষ্ট বৃত্তের পরিধি

$= ২ \times \frac{২২}{৭} \times ১৬১$

$= ১০১২$ ইঞ্চি

$= ২৮$ গজ ৪ ইঞ্চি

RAISUL ISLAM HRIDOY

- বৃত্তের কেন্দ্রগামী সরলরেখাই বৃত্তের ব্যাস।
- বৃত্তের বৃহত্তম জ্যা হলো ব্যাস।
- বৃত্তের ব্যাস ভিন্ন কোন জ্যা এর মধ্যবিন্দু ও কেন্দ্রের সংযোজক রেখাংশ ঐ জ্যায়ের উপর লম্ব।
- বৃত্তের কেন্দ্র থেকে ব্যাস ভিন্ন অন্য কোন জ্যা এর উপর অঙ্কিত লম্ব ঐ জ্যাকে সমদ্বিখ িত করে।
- বৃত্তের সমান সমান জ্যা কেন্দ্র হতে সমদ ূরবর্তী।
- বৃত্তের কেন্দ্রে নিকটবর্তী জ্যা অন্য যে কোনো জ্যা অপেক্ষা বৃহত্তর।
- বৃত্তের একই চাপের উপর দ ায়মান বৃত্তস্থ কোণ কেন্দ্রস্থ কোণের অর্ধেক।
- বৃত্তের একই চাপের উপর দ ায়মান বৃত্তস্থ কোণগুলো পরস্প্র সমান।
- অর্ধবৃত্তস্থ কোণ এক সমকোণ।
- বৃত্তে অন র্লিখিত সামান রিক একটি আয়তক্ষেত্র।

RAISUL ISLAM HRIDOY

RAISUL ISLAM HRIDOY

MODEL 1

১. কোনো সম্পত্তির $\frac{৭}{৮}$ অংশের মূল্য ৯২১২ টাকা। ঐ সম্পত্তির $\frac{৩}{৪}$ অংশের মূল্য কত?

ক ৮,৭৫৬ টাকা খ ৭,৭৫০ টাকা
গ ৯,০০০ টাকা ঘ ৭,৮৯৬ টাকা **ঘ**

২. ক, খ ও গ একত্রে ব্যবসা করে ১,২০০ টাকা লাভ করে। যদি ক, খ ও গ-এর মূলধনের অনুপাত ২ ঃ ৩ ঃ ৫ হয়, তবে ক কত লাভ্যাংশ পাবে?

ক ৪৮০ টাকা খ ১৮০ টাকা
গ ২৪০ টাকা ঘ ২৮০ টাকা **গ**

৩. কাগজের মূল্য ২০% কম হয়ে গেলে কাগজের ব্যবহার শতকরা কত বাড়লে খরচ পূর্বের সমান থাকবে?

ক ১৬% খ ২০%
গ ২৫% ঘ ৩০% **গ**

৪. পিতা ও পুত্রের বয়সের সমষ্টি ৬৩ বছর এবং তাদের বয়সের অনুপাত ৭ ঃ ২। ৯ বছর পূর্বে তাদের বয়সের অনুপাত কত ছিল?

ক ৬ ঃ ১ খ ৭ ঃ ১
গ ৮ ঃ ১ ঘ ৯ ঃ ১ **গ**

৫. ক, খ ও গ ২৮০ টাকা নিয়ে কারবার শুরু করল। ক ও খ-এর মূলধন সমান কিন্তু গ-এর মূলধন ২০ টাকা কম। মোট ৫৬ টাকা লাভ হবে, গ কত টাকা লাভ পাবে?

ক ১৪ টাকা খ ১৬ টাকা
গ ২০ টাকা ঘ ২৪ টাকা **খ**

৬. একটা থলিয়ায় ১ টাকা, ৫০ পয়সা, ২৫ পয়সা ও ১০ পয়সার মুদ্রা আছে এবং সর্বসমেত ৫৫.৫০ টাকা আছে। প্রত্যেক প্রকার মুদ্রার সংখ্যা কত?

ক ৩০ খ ২৫
গ ৩৫ ঘ ৪০ **ক**

৭. ক, খ ও গ-এর বেতনের অনুপাত ৭ ঃ ৫ ঃ ৩। খ, গ অপেক্ষা ২২২ টাকা বেশি পেলে, ক-এর বেতন কত?

ক ৫৫৫ টাকা খ ৩৩৩ টাকা
গ ৭৭৭ টাকা ঘ ৮৮৮ টাকা **গ**

৮. একটি খুঁটির অর্ধাংশ মাটির নিচে, একতৃতীয়াংশ পানির মধ্যে ও ১২ ফুট পানির ওপরে আছে। খুঁটির দৈর্ঘ্য কত?

ক ৭২ ফুট খ ৮০ ফুট
গ ৬০ ফুট ঘ ৫৪ ফুট **ক**

৯. পিতা ও পুত্রের বর্তমান বয়স একত্রে ৮০ বছর। ৪ বছর পূর্বে পিতার বয়স পুত্রের বয়সের ৫ গুণ ছিল। তাদের বর্তমান বয়সের অনুপাত কত?

ক ৬৪ ঃ ১৬ খ ৬০ ঃ ২০
গ ৫৬ ঃ ২৪ ঘ ৬৮ ঃ ১২ **ক**

১০. একখানা গাড়ির মূল্য ১,৫০০ টাকা ও একটা ঘোড়ার মূল্য ২,০০০ টাকা। যদি গাড়ির মূল্য শতকরা ৫ টাকা ও ঘোড়ার মূল্য শতকরা ৮ টাকা বৃদ্ধি পায়, তবে গাড়ি ও ঘোড়ার মূল্য একত্রে কত হবে?

ক ৩,৫৩৭ খ ৩,৭৩৫
গ ৩,৫৯৭ ঘ ৩,৭৭৫ **খ**

১১. কোনো স্থানে যত লোক ছিল তার প্রত্যেক তত ৫ পয়সা করে দেওয়ায় ৩১.২৫ টাকা হলো। ঐ স্থানে কত লোক ছিল?

ক ২৫ জন খ ৩০ জন
গ ৪০ জন ঘ ৫০ জন **ক**

১২. ১০টি সংখ্যার যোগফল ৪৬২। এদের প্রথম ৪টির গড় ৫২ এবং শেষের ৫টির গড়, ৩৮ পঞ্চম সংখ্যাটি কত?

ক ৬০ খ ৬৪
গ ৬৮ ঘ ৭২ **খ**

১৩. একটি সমকোণী ত্রিভুজের অতিভুজ ছাড়া অন্য দুটি বাহুর দৈর্ঘ্য যথাক্রমে ০.১ এবং ০.২ মিটার। ত্রিভুজটি ক্ষেত্রফল কত?

ক ১০০ বর্গ সে.মি. খ ০.০১ বর্গ মিটার
গ ২০০ বর্গ সে.মি. ঘ ০.০২ বর্গ মিটার **খ**

১৪. বার্ষিক শতকরা ১০ টাকা হার সুদে কোন মূলধন কত বছর পরে আসলের দ্বিগুণ হবে।

ক ১০ বছর খ ২০ বছর
গ ৩০ বছর ঘ ৪০ বছর **ক**

১৫. রহিম একটি কাজ ৫ দিনে করে, রাজু ঐ কাজটি ১০ দিনে ও কামাল তা ২৫ দিনে করে। তারা একত্রে ঐ কাজটি কত দিনে করবে?

ক ৩ দিন খ ২ দিন
গ $২\frac{১৬}{১৭}$ দিন ঘ ৪ দিন **গ**

১৬. ৪, ৬, ১০, ১৮ সংখ্যার সিরিজের পঞ্চম সংখ্যাটি কত?

ক ৩৬ খ ৩৪
গ ৩২ ঘ ৩০ **খ**

১৭. সোনিয়া ও লিনিয়ার বর্তমান বয়সের সমষ্টি ১৬ বছর। চার বছর পরে সোনিয়ার বয়স লিনিয়ার তিনগুণ হলে, সোনিয়ার বর্তমান বয়স কত?

ক ৮ বছর খ ১০ বছর
গ ১২ বছর ঘ ১৪ বছর **ঘ**

১৮. যদি $x^3 - hx + 10 = 0$ এর একটি সমাধান 2 হয়, তবে h এর মান কত?

ক 10 খ 9
গ -9 ঘ -2 **খ**

১৯. $y = 3x + 2$, $y = -3x + 2$ এবং $y = 2$ দ্বারা গঠিত জ্যামিতিক চিত্রটি কি?

ক একটি সমবাহু ত্রিভুজ
খ একটি সমদ্বিবাহু ত্রিভুজ
গ একটি বিষমবাহু ত্রিভুজ
ঘ একটি সমকোণী ত্রিভুজ **খ**

২০. ৩২-এর ২ ভিত্তিক লগারিদম কত?

ক ৩ খ ৪
গ ৫ ঘ ৬ **গ**

RAISUL ISLAM HRIDOY

MODEL 02

১. p- এর মান কত হলে $4x^2 - px + p$ একটি পূর্ণ বর্গ হবে?
ক 10 খ 9
গ 16 ঘ 12 **গ**

২. নৌকা ও স্রোতের বেগ ঘণ্টায় যথাক্রমে ১০ ও ৫ কি.মি.। নদী পথে ৪৫ কি.মি. দীর্ঘ পথ একবার অতিক্রম করে ফিরে আসতে কত ঘণ্টা সময় লাগবে?
ক ৯ ঘণ্টা খ ১২ ঘণ্টা
গ ১০ ঘণ্টা ঘ ১৮ ঘণ্টা **খ**

৩. সুষম বহুভুজের একটি অন্তঃকোণের পরিমাণ ১৩৫° হলে, এর বাহুর সংখ্যা কত?
ক 8 খ ৮
গ ৭ ঘ ৬ **খ**

৪. ১৯, ৩৩, ৫১, ৭৩, - পরবর্তী সংখ্যা কত?
ক ৮৫ খ ৯৮
গ ৯৯ ঘ ১২১ **গ**

৫. ২ টা ১৫ মিনিটের সময় ঘণ্টার কাঁটা ও মিনিটের কাঁটার মধ্যে কত ডিগ্রী কোণ উৎপন্ন হয়?
ক ২৯° খ $22\frac{1^\circ}{2}$
গ ২৩° ঘ $23\frac{1^\circ}{2}$ **খ**

৬. ৬০ লিটার কেরোসিন ও পেট্রোলের মিশ্রণের অনুপাত ৭ ঃ ৩। ঐ মিশ্রণে আর কত লিটার পেট্রোল মিশালে অনুপাত ৩ ঃ ৭ হবে?
ক ৭০ খ ৮০
গ ৯০ ঘ ৯৮ **খ**

৭. ১ থেকে ৩০ পর্যন্ত কয়টি মৌলিক সংখ্যা আছে?
ক ১১টি খ ৮টি
গ ১০টি ঘ ৯টি **গ**

৮. ১, ২ ও ৩ দ্বারা তিন অংকের যতগুলো সংখ্যা লেখা যায় তাদের সমষ্টি কত?
ক ১২২৩ খ ১২৩৩
গ ১৩২২ ঘ ১৩৩২ **ঘ**

৯. ১, ৩, ৭, ২১, ৩১, ৪৩ ধারার মধ্যবর্তী সংখ্যা কত?
ক ১৩ খ ১৫
গ ১৭ ঘ ১৯ **ক**

১০. একটি পাহাড় থেকে নামতে যে সময় লাগে উঠতে তার তিনগুণ বেশি সময় লাগে। পাহাড়ে ওঠা-নামা আর সেই সঙ্গে ২ ঘণ্টা বিশ্রাম নিয়ে যদি সর্বমোট ১৪ ঘণ্টা লাগে তাহলে পাহাড়ের চূড়ায় উঠতে কত সময় লাগবে?
ক ৭ ঘণ্টা খ ৮ ঘণ্টা
গ ৯ ঘণ্টা ঘ ১১ ঘণ্টা **গ**

১১. $x + \frac{1}{x} = 4$ হলে $x^4 + \frac{1}{x^4}$ -এর মান কত?
ক 149 খ 147
গ 119 ঘ 194 **ঘ**

১২. একটি ঘোড়ার গাড়ির সামনের চাকার পরিধি ২ মিটার এবং পেছনের চাকার পরিধি ৩ মিটার। কমপক্ষে কত দূরত্ব অতিক্রম করলে সামনের চাকা পেছনের চাকা অপেক্ষা ১০ বার বেশি ঘুরবে?
ক ২০ মিটার খ ৪০ মিটার
গ ৬০ মিটার ঘ ৩০ মিটার **গ**

১৩. ৬০ জন লোক কোনো কাজ ১৮ দিনে করতে পারে। উক্ত কাজ ৩৬ জন লোক কত দিনে সম্পন্ন করতে পারবে?
ক ৬০ দিনে খ ৩৬ দিনে
গ ৩০ দিনে ঘ ১৮ দিনে **গ**

১৪. একটি আয়তকার বাগানের দৈর্ঘ্য ১৬ গজ ও প্রস্থ ১২ গজ। এর ভেতরে চারদিকে ২ গজ চওড়া একটি রাস্তা আছে। রাস্তার ক্ষেত্রফল কত?
ক ৮০ বর্গগজ খ ৯৬ বর্গগজ
গ ৯০ বর্গগজ ঘ ৯৫ বর্গগজ **খ**

১৫. ১ কিলোমিটার কত মাইলের সমান?
ক ০.৬৫ মাইল খ ১.৬০ মাইল
গ ১.৬২ মাইল ঘ ০.৬২ মাইল **ঘ**

১৬. পিতা ও পুত্রের বয়সের অনুপাত ৭ ঃ ৩। চার বছর পূর্বে তাদের বয়সের অনুপাত ছিল ১৩ ঃ ৫। বর্তমানে কার বয়স কত?
ক ৫৬ বছর, ২৪ বছর খ ৫৬ বছর, ৩৪ বছর
গ ৪৬ বছর, ৩৬ বছর ঘ ৬৬ বছর, ২৪ বছর **ক**

১৭. কোনো ভগ্নাংশকে লঘিষ্ঠ আকারে প্রকাশ করতে হলে এর লব ও হরের গরিষ্ঠ সাধারণ গুণনীয়ক দিয়ে –
ক লব ও হরকে গুণ করতে হবে
খ লব ও হরকে ভাগ করতে হবে
গ হরকে ভাগ করতে হবে
ঘ লবকে গুণ করতে হবে **খ**

১৮. দুটি সংখ্যার অন্তর ১২; বড়টির সঙ্গে ১ যোগ করলে ছোটটির দ্বিগুণ হয়। সংখ্যা দুটি কি কি?
ক ৩৫, ২৩ খ ২০, ৮
গ ৩০, ১৮ ঘ ২৫, ১৩ **ঘ**

১৯. $\frac{a - b + b(a - b)}{a - b}$ কত?
ক $\frac{1 + b}{a - b}$ খ $\frac{(a - b)(1 + b)}{a - b}$
গ $a + b$ ঘ $1 + b$ **ঘ**

২০. একটি সরল রেখার সাথে আর একটি রেখাংশ মিলিত হয়ে যে দুটি সন্নিহিত কোণ উৎপন্ন করে তাদের সমষ্টি কত হবে?
ক ১৬০ ডিগ্রি খ ১৮০ ডিগ্রি
গ ১২০ ডিগ্রি ঘ ৯০ ডিগ্রি **খ**

MODEL 3

১. একটি সমকোণী ত্রিভুজের ক্ষেত্রফল ১৪৪ বর্গ একক। সমকোণ সন্নিহিত বাহুদ্বয়ের একটির দৈর্ঘ্য ১২ একক হলে, অপরটির কত?

RAISUL ISLAM HRIDOY

ক ১৫ একক খ ৩০ একক
গ ২০ একক ঘ ২৪ একক — ঘ

২. কোনো বৃত্তের ওপর অবস্থিত বিন্দু থেকে কয়টি স্পর্শক আঁকা যেতে পারে?
ক ২টি খ ৪টি
গ ১টি ঘ ৩টি — গ

৩. তিন লিটার পানির ওজন কত?
ক ৪ কিলোগ্রাম খ ৩ কিলোগ্রাম
গ ২.৫ কিলোগ্রাম ঘ ২.৭৫ কিলোগ্রাম — খ

৪. যদি $x^3 - hx + 10 = 0$ এর সমাধান 2 হয়, তবে h এর মান কত?
ক 10 খ 9
গ – 9 ঘ – 2 — খ

৫. ২৫ বছর আগে এক হালি কমলার দাম ১.০০ টাকা ছিল। বর্তমানে একটি কমলার দাম ৪.০০ টাকা হলে কমলার দাম কতগুণ বৃদ্ধি পেল?
ক ৪ গুণ খ ৮ গুণ
গ ১২ গুণ ঘ ১৬ গুণ — ক

৬. একজন দোকানদার ৫টি লেবু যে দামে কিনে, ৪টি লেবু সেই দামে বিক্রি করে। তার শতকরা লাভ কত?
ক ২০ খ ২৫
গ ৩০ ঘ ৪০ — খ

৭. একটি বর্গাকৃতি বাগানের ক্ষেত্রফল ১ হেক্টর। বাগানটির পরিসীমা কত?
ক ২০০ মিটার খ ৩০০ মিটার
গ ৪০০ মিটার ঘ ৫০০ মিটার — গ

৮. $x + y = 12$ এবং $x - y = 2$ হলে xy এর মান কত?
ক 35 খ 70
গ 140 ঘ 144 — ক

৯. $p + \frac{1}{p} = -3$ হলে $p^3 + \frac{1}{p_3}$ এর মান কত?
ক – 18 খ – 27
গ 0 ঘ 144 — ক

১০. কোন ত্রিভুজের তিনটি বাহুকে বর্ধিত করলে উৎপন্ন বহিঃস্থ কোণ তিনটির সমষ্টি কত হবে?
ক ১৮০° খ ২৭০°
গ ৩৬০° ঘ ৫৪০° — গ

১১. কোন লঘিষ্ঠ সংখ্যাকে ২৪ ও ৩৬ দ্বারা ভাগ করলে যথাক্রমে ১৪ ও ২৬ অবশিষ্ট থাকবে?
ক ৪৮ খ ৭২
গ ৬২ ঘ ৮৪ — গ

১২. $\frac{০.১\times০.০১\times০.০০১}{০.২\times০.২\times০.০০২}$ এর মান কত?
ক $\frac{১}{২}$ খ $\frac{১}{৮০}$
গ $\frac{১}{৪০}$ ঘ $\frac{১}{৮}$ — ঘ

১৩. একটি ঘোড়ার গাড়ির সামনের চাকার পরিধি ২ মিটার এবং পেছনে চাকার পরিধি ৩ মিটার। কমপক্ষে কত দূরত্ব অতিক্রম করলে সামনের চাকা পেছনের চাকা অপেক্ষা ১০ বার বেশি ঘুরবে?
ক ২০ মিটার খ ৪০ মিটার
গ ৩০ মিটার ঘ ৬০ মিটার — ঘ

১৪. শতকরা বার্ষিক $১২\frac{১}{২}$ % টাকা হার সুদে কত টাকার ৪ বছরের সুদ ১০০ টাকা হবে?
ক ২০০ টাকা খ ৩০০ টাকা
গ ২৫০ টাকা ঘ ৪০০ টাকা — ক

১৫. কোন সংখ্যাটি বৃহত্তম?
ক ০.৩ খ $\sqrt{০.৩}$
গ $\frac{১}{৩}$ ঘ $\frac{২}{৫}$ — খ

১৬. $x + y = 12$ এবং $x - x = 2$ হলে x-এর মান কত?
ক 35 খ 140
গ 70 ঘ 144 — ক

১৭. $x^4 = 81$ হলে এবং x ধনাত্মক হলে x-এর মান কত?
ক $\frac{81}{4}$ খ 7
গ $\frac{4}{81}$ ঘ 3 — ঘ

১৮. দুটি ত্রিভুজের মধ্যে কোন উপাদানগুলো সমান হওয়া সত্ত্বেও ত্রিভুজ দুটি সর্বসম হবে না?
ক দুই বাহু ও অন্তর্ভুক্ত কোণ
খ দুই কোণ ও এক বাহু
গ তিন বাহু
ঘ তিন কোণ — ঘ

১৯. O কেন্দ্র বিশিষ্ট বৃত্তে AB, A বিন্দুতে স্পর্শক। $\angle AOB = ৬০^\circ$ হলে $\angle ABO$ = কত?
ক ৩০° খ ৪৫°
গ ৪০° ঘ ৬০° — ক

২০. ABCD সামান্তরিকের DC ভূমিকে E পর্যন্ত বাড়ানো হলো। $\angle BAD = ১০০^\circ$ হলে $\angle BCE$ = কত?
ক ৬০° খ ৯০°
গ ৮০° ঘ ১০০° — গ

MODEL 4

১. একটি আয়তক্ষেত্রের পরিসীমা ৩৬ মিটার এবং ক্ষেত্রফল ৮০ বর্গমিটার হলে, তার দৈর্ঘ্য ও প্রস্থ কত মিটার?
ক ১৬ ও ৫ মিটার খ ১০ ও ৮ মিটার
গ ১২ ও ৮ মিটার ঘ ২০ ও ৪ মিটার — খ

২. ৯.০০ টাকার শতকরা ৭ অপেক্ষা ১১.০০ টাকার শতকরা ৬ কত বেশি?
ক .০০৩ টাকা খ ০.০৩ টাকা
গ ০.৩ টাকা ঘ ৩.০০ টাকা — ক

RAISUL ISLAM HRIDOY

৩. বেলা ৩ টায় একটি ঘড়ির ঘণ্টা ও মিনিটের কাঁটার মধ্যবর্তী কোণের মান কত?

ক π° খ $\frac{\pi^\circ}{3}$

গ $\frac{\pi^\circ}{4}$ ঘ $\frac{\pi^\circ}{2}$ **ঘ**

৪. কোনো ত্রিভুজের কোণত্রয়ের সমদ্বিখন্ডকের ছেদবিন্দুকে কি বলে?

ক ভরকেন্দ্র খ পরিকেন্দ্র

গ বহিঃকেন্দ্র ঘ অন্তঃকেন্দ্র **ঘ**

৫. ১৮ ফুট উঁচু একটি খুঁটি এমনভাবে ভেঙ্গে গেল যে ভাঙ্গা অংশটি বিচ্ছিন্ন না হয়ে ভূমির সঙ্গে ৩০° কোণে স্পর্শ করলো। খুঁটিটি মাটি থেকে কতটুকু উঁচুতে ভেঙ্গে গিয়েছিল?

ক ১২ ফুট খ ৬ ফুট

গ ৯ ফুট ঘ ৩ ফুট **খ**

৬. $a^m.a^n = a^{m+n}$ কখন হবে?

ক m ধনাত্মক হলে

খ n ধনাত্মক হলে

গ m ও n ধনাত্মক হলে

ঘ m ধনাত্মক ও n ঋণাত্মক হলে **গ**

৭. একটি দ্রব্য ৩৮০ টাকায় বিক্রয় করায় ২০ টাকা ক্ষতি হলো। ক্ষতির শতকরা হার কত?

ক ৪% খ ৫%

গ ৬% ঘ ৭% **খ**

৮. একটি ত্রিভুজাকৃতি জমির ভূমি ৫০ মিটার এবং উচ্চতা ২০ মিটার। প্রতি বর্গমিটার ১.৫ টাকা হিসেবে ঘাস লাগাতে কত খরচ হবে?

ক ৬০০ টাকা খ ৬৫০ টাকা

গ ৭০০ টাকা ঘ ৭৫০ টাকা **ঘ**

৯. $a^3 - 7a - 6$-এর উৎপাদক কত?

ক $(a + 1)(a - 2)(a - 3)$

খ $(a + 1)(a + 2)(a - 3)$

গ $(a - 1)(a + 2)(a - 3)$

ঘ $(a - 1)(a - 2)(a - 3)$ **খ**

১০. সমকোণী ত্রিভুজের সমকোণ সংলগ্ন বাহুদ্বয় যথাক্রমে ৩ ও ৪ সেন্টিমিটার হলে এর অতিভুজের মান কত?

ক ৬ সে.মি. খ ৫ সে.মি.

গ ৮ সে.মি. ঘ ৭ সে.মি. **খ**

১১. দুই অঙ্ক বিশিষ্ট একটি সংখ্যার এককের অঙ্ক দশকের অঙ্ক অপেক্ষা ৩ বেশি। সংখ্যাটি এ অঙ্কদ্বয়ের সমষ্টির তিনগুণ অপেক্ষা ৪ বেশি। সংখ্যাটি কত?

ক ৪৭ খ ৩৬

গ ২৫ ঘ ৩৪ **গ**

১২. এক গোয়ালা তার কিছু সংখ্যক গাভীকে চার পুত্রের মধ্যে নিম্নলিখিতভাবে বণ্টন করে দিল। প্রথম পুত্রকে $\frac{১}{২}$ অংশ, দ্বিতীয় পুত্রকে $\frac{১}{৪}$ অংশ, তৃতীয় পুত্রকে $\frac{১}{৫}$ অংশ এবং বাকি ৭টি গাভী চতুর্থ পুত্রকে দিল। ঐ গোয়ালার গাভীর সংখ্যা কত ছিল?

ক ১০০টি খ ১৪০টি

গ ১৮০টি ঘ ২০০টি **খ**

১৩. ১৮ ফুট উঁচু একটি খুঁটি এমনভাবে ভেঙ্গে গেল যে ভাঙ্গা অংশটি বিচ্ছিন্ন না হয়ে ভূমির সঙ্গে ৩০ কোণে স্পর্শ করলো। খুঁটিটি মাটি থেকে কত ফুট উঁচুতে ভেঙ্গে গিয়েছিল?

ক ১২ ফুট খ ৯ ফুট

গ ৬ ফুট ঘ ৩ ফুট **গ**

১৪. শতকরা ৫ টাকা হার সুদে ২০ বছরে সুদে-আসলে ৫০,০০০ টাকা হলে মূলধন কত?

ক ২০,০০০ টাকা খ ২৫,০০০ টাকা

গ ৩০,০০০ টাকা ঘ ৩৫,০০০ টাকা **খ**

১৫. একটি আয়তক্ষেত্রের দৈর্ঘ্য প্রস্থের দেড় গুণ। ক্ষেত্রটির আয়তন ৯৬ বর্গমিটার হলে ক্ষেত্রটির দৈর্ঘ্য কত?

ক ১২ মিটার খ ৬ মিটার

গ ৮ মিটার ঘ ১৬ মিটার **ক**

১৬. ১৫ টাকার শতকরা ৭ অংশ কত হয়?

ক ১.০৫ খ ১০.৫

গ ১.৫ ঘ ৭.৫ **খ**

১৭. $a^3 + b^3$ -এর উৎপাদক কোনটি?

ক $(a + b)(a + b)(a + b)$

খ $(a + b)(a^2 + ab + b^2)$

গ $(a - b)(a + b)(a^2 + b^2)$

ঘ $(a + b)(a^2 - ab + b^2)$ **ঘ**

১৮. কোন তিনটি মাত্রায় জ্যামিতিক ঘনবস্তু তৈরি হয়?

ক দৈর্ঘ্য, ভর ও সময়

খ ভর, ওজন ও ঘনত্ব

গ দৈর্ঘ্য, প্রস্থ ও ভর

ঘ দৈর্ঘ্য, প্রস্থ ও উ□চতা **ঘ**

১৯. কোন ক্ষেত্রটি সামান্তরিক ক্ষেত্র নয়?

ক আয়তক্ষেত্র খ ট্রাপিজিয়ম

গ রম্বস ঘ বর্গক্ষেত্র **খ**

২০. একটি আয়তাকার ক্ষেত্রের দৈর্ঘ্য ২০% বৃদ্ধি ও প্রস্থ ১০% হ্রাস করা হলে ক্ষেত্রফলের শতকরা কত পরিবর্তন হবে?

ক ৮% বৃদ্ধি খ ৮% হ্রাস

গ ১০৮% বৃদ্ধি ঘ ১০৮% হ্রাস **ক**

MODEL 5

১. দুই ব্যক্তি একত্রে একটি কাজ ৮ দিনে করতে পারে। প্রথম ব্যক্তি একাকী কাজটি ১২ দিনে করতে পারে। দ্বিতীয় ব্যক্তি একাকী কাজটি কত দিনে করতে পারবে?

ক ২০ দিনে খ ২২ দিনে

গ ২৪ দিনে ঘ ২৬ দিনে **গ**

RAISUL ISLAM HRIDOY

২. শতকরা বার্ষিক কত হার সুদে ১ বছরের সুদ আসলের ১৫ অংশ হবে?
ক ১০% খ ১৫%
গ ২০% ঘ ২৫% খ

৩. একটি বর্গাকৃতি বাগানের ক্ষেত্রফল ১ হেক্টর। বাগানটির পরিসীমা কত মিটার?
ক ২০০ খ ৩০০
গ ৪০০ ঘ ৫০০ গ

৪. একটি ঘোড়ার গাড়ীর সামনের চাকার পরিধি ২ মিটার এবং পিছনের চাকার পরিধি ৩ মিটার। কমপক্ষে কত দূরত্ব অতিক্রম করলে সামনের চাকা পিছনের চাকা অপেক্ষা ১০ বার বেশি ঘুরবে?
ক ২০ মিটার খ ৩০ মিটার
গ ৪০ মিটার ঘ ৬০ মিটার ঘ

৫. এক ব্যক্তি কোন দ্রব্যের ধার্যমূল্যের ৮% কমিশন দিয়েও ১৫% লাভ করে। যে দ্রব্যের ক্রয়মূল্য ২৮০.০০ টাকা তার ধার্যমল্য কত টাকা?
ক ৩২৫.০০ খ ৩৫০.০০
গ ৪০০.০০ ঘ ৫৬০.০০ খ

৬. ৪৭০৮০ জন সৈন্য থেকে কমপক্ষে কত জন সৈন্য সরিয়ে নিয়ে সৈন্যদলকে বর্গাকারে সাজানো যাবে?
ক ১২৪ খ ২২৪
গ ৪২৪ ঘ ৫০৪ গ

৭. একজন দোকানদার ৫টি লেবু যে মূল্যে ক্রয় করে ৪টি লেবু সেই মূল্যে বিক্রয় করে। তার শতকরা লাভ কত হবে?
ক ২০% খ ২৫%
গ ৩০% ঘ ৪০% ক

৮. $\frac{1}{2}\{(a+b)^2+(a-b)^2\}$ = কত?
ক a^2+b^2 খ a^2-b^2
গ $\left(\frac{a+b}{2}\right)^2\left(\frac{a-b}{2}\right)^2$
ঘ $(a+b)^2+(a-b)^2$ ক

৯. $a^m.a^n = a^{m+n}$ কখন হবে?
ক m ধনাত্মক হলে
খ m ও n ধনাত্মক হলে
গ m ও n ধনাত্মক হলে
ঘ m ধনাত্মক হলে n ঋণাত্মক হলে গ

১০. সমকোণী ত্রিভুজের সমকোণ সংলগ্ন বাহুদ্বয় যথাক্রমে ৩ ও ৪ সেন্টিমিটার হলে এর অতিভুজের মান কত?
ক ৬ সে.মি. খ ৫ সে.মি.
গ ৮ সে.মি. ঘ ৭ সে.মি. খ

১১. কর্তা, গিন্নি স্ত্রীসহ তাদের দুই পুত্র, আর প্রতি পুত্রের ৪টি করে সন্তান হলে পরিবারের মোট সদস্য কয়জন?
ক ৮ খ ১৬
গ ১২ ঘ ১৪ ঘ

১২. পাঁচটি বিড়াল পাঁচটি ইঁদুর ধরতে সময় নেয় পাঁচ মিনিট। ৩০টি বিড়াল ৩০টি ইঁদুর ধরতে সময় নেবে-
ক ৬ মিনিট খ ১ মিনিট
গ ৩০ মিনিট ঘ ৫ মিনিট ঘ

১৩. একটি চৌবাচ্চা দুটি নল দ্বারা যথাক্রমে ২০ এবং ৩০ মিনিটে পূর্ণ হয়। দুটি নল এক সঙ্গে খুলে, দিলে চৌবাচ্চাটি কত সময়ে পূর্ণ হবে?
ক ৬ মিনিটে খ ৯ মিনিটে
গ ১২ মিনিটে ঘ ১৫ মিনিটে গ

১৪. তিন অঙ্কের ক্ষুদ্রতম সংখ্যা হতে কোন লঘিষ্ঠ সংখ্যা বিয়োগ করলে বিয়োগফল ৫, ১০ ও ১৫ দ্বারা বিভাজ্য হবে?
ক ৫ খ ১০
গ ১৫ ঘ ২০ খ

১৫. শতকরা বার্ষিক কত হার সুদে ১ বছরের সুদ, সুদ-আসলের $\frac{১}{৫}$ অংশ হবে?
ক ১০% খ ১৫%
গ ২০% ঘ ২৫% গ

১৬. একটি বর্গাকৃতি বাগানের ক্ষেত্রফল ১ হেক্টর। বাগানটির পরিসীমা কত মিটার?
ক ২০০ খ ৩০০
গ ৪০০ ঘ ৫০০ গ

১৭. একটি ঘোড়ার গাড়ির সামনের চাকার পরিধি ২ মিটার এবং পেছনের চাকার পরিধি ৩ মিটার। কমপক্ষে কত দূরত্ব অতিক্রম করলে সামনের চাকা পেছনের চাকা অপেক্ষা ১০ বার বেশি ঘুরবে?
ক ২০ মিটার খ ৩০ মিটার
গ ৪০ মিটার ঘ ৬০ মিটার ঘ

১৮. এক ব্যক্তি কোনো দ্রব্যের ধার্যমূল্যের উপর ৮% কমিশন দিয়েও ১৫% লাভ করে। যে দ্রব্যের ক্রয় মূল্য ২৮০.০০ টাকা তার ধার্যমল্য কত টাকা?
ক ৩২৫.০০ খ ৩৫০.০০
গ ৪০০.০০ ঘ ৫৬০.০০ খ

১৯. ৪৭০৮০ জন সৈন্য থেকে কমপক্ষে কত জন সৈন্য সরিয়ে নিলে সৈন্যদলকে বর্গাকারে সাজানো যাবে।
ক ১২৪ খ ২২৪
গ ৪২৪ ঘ ৫০৪ গ

২০. একজন দোকানদার ৫টি লেবু যে মূল্যে ক্রয় করে ৪টি লেবু সেই মূল্যে বিক্রয় করে। তার শতকরা লাভ কত হবে?
ক ২০% খ ২৫%
গ ৩০% ঘ ৪০% খ

MODEL 6

১. $a+\frac{1}{a}=3$ হলে $a^4+\frac{1}{a^4}$ = কত?
ক 47 খ 49
গ 51 ঘ 54 ক

২. $a-b+b(a-b)$ ভাগ $a-b$ = কত?
ক $1+b$ খ $1-b$
গ $a+b$ ঘ $a-b$ খ

৩. $a(a+b)$, $a^2(a-b)$ এর গ. সা. গু কত?

RAISUL ISLAM HRIDOY

ক a^2 খ a
গ $a^2 - b^2$ ঘ $a^2(a^2 - b^2)$ **খ**

৪. $m > n$ হলে $a^{m+n} \times a^{m-n}$ এর মান কত?
ক a^{2m} খ a^{2n}
গ a^{2m-2n} ঘ a^{mn} **ক**

৫. $a^3 - 7a - 6$ এর উৎপাদক কত?
ক $(a + 1)(a - 2)$
খ $(a - 1)(a + 2)(a - 3)$
গ $(a + 1)(a + 2)(a - 3)$
ঘ $(a - 1)(a - 2)(a - 3)$ **গ**

৬. দুই অঙ্কবিশিষ্ট কোনো সংখ্যার অঙ্ক দুটির অন্তর ২। অঙ্ক দুটি স্থান বিনিময় করলে যে সংখ্যা পাওয়া যায়, তা প্রদত্ত সংখ্যার দ্বিগুণ অপেক্ষা ৬ কম। সংখ্যাটি কত?
ক ২৪ খ ৩৫
গ ৪২ ঘ ৫৩ **ক**

৭. দুটি কোণের সমষ্টি এক সমকোণের সমান হলে তাদের একটিকে অপরটির কি কোণ বলে?
ক সমপূরক খ পূরক
গ সন্নিহিত ঘ প্রবৃদ্ধ **খ**

৮. ΔABC এর $\angle B$ এব $\angle C$ এর অন্তর্দ্বিখন্ডকদ্বয় O বিন্দুতে মিলিত হলে, $\angle BOC$ = কত?
ক $90° - \frac{1}{2}\angle A$ খ $90° + \frac{1}{2}\angle B$
গ $90° + \frac{1}{2}\angle C$ ঘ $90° + \frac{1}{2}\angle A$ **ঘ**

৯. ABCD রম্বসের $\angle A = 60°$ হলে $\angle D$ = কত?
ক $60°$ খ $90°$
গ $120°$ ঘ $180°$ **গ**

১০. কোনটি সামান্তরিকের ক্ষেত্রফল নির্ণয়ের সূত্র?
ক $\frac{১}{২}$ (ভূমি + উচ্চতা) খ দৈর্ঘ্য + প্রস্থ
গ $\frac{১}{২}$ (ভূমি × উচ্চতা) ঘ ভূমি × উচ্চতা **ঘ**

১১. সুষম ষড়ভুজের একটি বাহুকে বর্ধিত করলে উৎপন্ন বহিঃস্থ কোণের পরিমাণ কত ডিগ্রী?
ক $60°$ খ $75°$
গ $90°$ ঘ $180°$ **ক**

১২. A ও B কেন্দ্রবিশিষ্ট দুটি বৃত্ত O বিন্দুতে বহিঃস্থভাবে স্পর্শ করেছে। $\angle AOB$ = কত?
ক $90°$ খ $120°$
গ $160°$ ঘ $180°$ **ঘ**

১৩. কোনো দেশে জনসংখ্যা দ্বিগুণ হবার সময় নির্ধারণের সূত্র হলো—
ক ৭০/জনসংখ্যা বৃদ্ধির বার্ষিক হার
খ (CBR – CDE) × ১০
গ (CGR – CDE)/১০
ঘ ওপরের কোনোটিই নয় **ক**

১৪. 'ক', 'খ' ও 'গ' এর গড় বয়স ৪০ বছর, 'ক' ও 'গ' এর বয়স একত্রে ৮৫ বছর। 'খ' এর বয়স হবে—
ক ৩০ বছর খ ৩৫ বছর
গ ৪০ বছর ঘ ৪৫ বছর **খ**

১৫. এক ব্যক্তি দিনে ১০টি সিগারেটপূর্ণ ৫টি প্যাকেট ধূমপান করেন। প্রতি সপ্তাহে তার শরীরে যে পরিমাণ তামাক প্রবেশ করে তা জানার জন্য ন্যূনতম যে কয়টি সিগারেটের রাসায়নিক পরীক্ষা করতে হবে—
ক ৩৫টি প্যাকেট খ ৫টি প্যাকেট
গ ১টি প্যাকেট ঘ ১টি মাত্র সিগারেট **ঘ**

১৬. যদি $a + b = 7$ এবং $ab = 12$ হয়, তবে $(a - b)^2$ হবে --
ক 50 খ 125
গ 5 ঘ 1 **ঘ**

১৭. দুটি সংখ্যা 'a' ও 'b'র মধ্যে অনুপাত নির্ধারণের একটি সূত্র হলো--
ক $\frac{a}{b}$ খ $\frac{a}{a+b}$
গ $\frac{a+b}{a}$
ঘ উপরের কোনোটিই নয় **ক**

১৮. একটি ঘনকের (Cube) সমকোণের মোট সংখ্যা--
ক ৪টি খ ৮টি
গ ১৮টি ঘ ২৪টি **ঘ**

১৯. একটি বড় বাক্সের মধ্যে ৪টি বাক্স আছে। এর প্রত্যেকটির মধ্যে ৪টি করে ছোট বাক্স আছে। মোট বাক্সের সংখ্যা কত?
ক ২১ খ ২০
গ ১৮ ঘ ১৭ **ক**

২০. শূন্যস্থানের সংখ্যাটি কত? ৫২, —, ৩৯, ৩৪
ক ৫০ খ ৪৮
গ ৪৫ ঘ ৪২ **গ**

MODEL 7

১. ৫টি বিড়াল ৫টি ইঁদুর ধরতে ৫ মিনিট সময় নেয়। ১০০টি বিড়াল ১০০টি ইঁদুর ধরতে কত সময় নেবে?
ক ২০ খ ১৫
গ ১০ ঘ ৫ **ঘ**

২. একটি চৌবাচ্চার দৈর্ঘ্য, প্রস্থ ও বেগ প্রত্যেকটি ০.১ মিটার। এতে কত পানি ধরবে?
ক ০.১ ঘ. মি. খ ০.০১ ঘ. মি.
গ ০.০০১ ঘ. মি. ঘ ০.০০০১ ঘ. মি. **গ**

৩. -১ থেকে কত বিয়োগ করলে বিয়োগফল শূন্য হবে?
ক -১ খ ১
গ -২ ঘ ২ **ক**

৪. কর্তা, গিন্নী ও স্ত্রীসহ তাদের দুই পুত্র। আর প্রতি পুত্রের ৪টি করে সন্তান। পরিবারের মোট জনসংখ্যা কত?
ক ৮ খ ১০
গ ১৪ ঘ ১৬ **ঘ**

RAISUL ISLAM HRIDOY

৫. কোনো গ্রামের ২৫,০০০ জনসংখ্যার মধ্যে ১,৫০০ জন শিক্ষিত। ঐ গ্রামে শিক্ষিতের শতকরা হার কত?
ক ৪% খ ৫%
গ ৬% ঘ ৭% **গ**

৬. প্রতিদিন কচুরিপানা দ্বিগুণ হারে বৃদ্ধি পায়। ৩০ দিনে পুকুরটি কচুরিপানায় ভর্তি হলে কতদিনে শেষ অর্ধাংশ ভর্তি হয়েছে?
ক ১৫ দিনে খ ২ দিনে
গ ১ দিনে ঘ ২৯ দিনে **ঘ**

৭. x পূর্ণ সংখ্যা হলে $16x^2 + 16x + 2$ এর সাথে ন্যূনতম কত যোগ করলে এটি একটি পূর্ণ বর্গ সংখ্যা হবে?
ক ২ খ ১
গ ৪ ঘ ৩ **ক**

৮. ১০০০ মিলিয়নে কত টাকা হয়?
ক ১০০ কোটি খ ১০ কোটি
গ ১০ লক্ষ ঘ ১০০ লক্ষ **ক**

৯. কোন চতুর্ভুজটির কেবলমাত্র দুটি বাহু সমান্তরাল?
ক বর্গক্ষেত্র খ আয়তক্ষেত্র
গ রম্বস ঘ ট্রাপিজিয়াম **ঘ**

১০. কোনো ব্যক্তি একটি কাজ সকাল সোয়া আটটায় শুরু করে এক ঘণ্টা বিরতিসহ ৭ ঘণ্টা ৩০ মিনিটে শেষ করলেন? কয়টার সময় তার কাজ শেষ হলো?
ক বিকাল ৩টা ৪৫ মি. খ বিকাল ৪টা ৪৫ মি.
গ বিকাল ৩টা ১৫ মি. ঘ বিকাল ৪টা **খ**

১১. ১৯৯৪ সনের ১ জানুয়ারিতে যার জন্ম ১৯৯৫ সনের ৩১ জানুয়ারি তার বয়স কত হবে?
ক ৩৯৪ দিন খ ৩৯৫ দিন
গ ৩৯৬ দিন ঘ ৩৯৭ দিন **গ**

১২. যত দাতা প্রত্যেকে তত ১০ পয়সা দেয়াতে ২৫০ পয়সা হলো। দাতার সংখ্যা কত?
ক ৫ খ ১০
গ ২০ ঘ ২৫ **ক**

১৩. একশত টাকার শতকরা দুইভাগ কত হয়?
ক ২০০ টাকা খ ২০ টাকা
গ ২ টাকা ঘ ২,০০০ টাকা **গ**

১৪. একটি পেনসিল ১.২৫ টাকায় কিনে ১.৩০ টাকায় বিক্রি করলে শতকরা কত লাভ হবে?
ক ১০% খ ৮%
গ ৫% ঘ ৪% **ঘ**

১৫. একটি শ্রেণীতে যতজন ছাত্র আছে, প্রত্যেকে তত টাকা চাঁদা প্রদান করলে মোট ৬৫৬১ টাকা হয়। ছাত্রসংখ্যা কত?
ক ৯২ জন খ ৭৫ জন
গ ৯১ জন ঘ ৮১ জন **ঘ**

১৬. একটি বড় বাক্সের মধ্যে ৪টি বাক্স আছে এবং তার প্রত্যেকটির ভেতর ৩টি করে ছোট বাক্স আছে। মোট বাক্সের সংখ্যা কত?
ক ১৩টি খ ১৭টি
গ ২১টি ঘ ২৫টি **খ**

১৭. একটি ক্রিকেট দলে যতজন 'স্ট্যাম্প আউট' হলো তার দেড়গুণ 'বোল্ড আউট' হলো। মোট উইকেটের অর্ধেক 'কট আউট' হলে দলের কতজন 'বোল্ড আউট' হলো?
ক ৫ জন খ ৪ জন
গ ৩ জন ঘ ২ জন **গ**

১৮. নিচের দশমিক সংখ্যাগুলোর বৃহত্তম সংখ্যা দ্বারা ক্ষুদ্রতম সংখ্যাকে গুণ করলে গুণফল কত হবে?
.১, .০০০৯, .০২০, .০০১ --
ক .০০০৯ খ .০০০০৯
গ .০০০১৮ ঘ .০০০০১৮ **খ**

১৯. একটি ট্রেন ঘণ্টায় ৪৮ কি.মি. বেগে চলে ২২০ মিটার দীর্ঘ একটি প্ল্যাটফর্ম ৩০ সেকেন্ডে অতিক্রম করতে পারে। ট্রেনটির দৈর্ঘ্য কত?
ক ১৮০ মিটার খ ২০০ মিটার
গ ২২০ মিটার ঘ ২৪০ মিটার **ক**

২০. ১০টি সংখ্যার যোগফল ৪৬২। প্রথম ৪টির গড় ৫২ এবং শেষ ৫টির গড় ৩৮। পঞ্চম সংখ্যাটি কত?
ক ৫০ খ ৬০
গ ৬২ ঘ ৬৪ **ঘ**

MODEL 8

১. যদি $a^3 - b^3 = 513$ এবং $a - b = 3$ হয়, তবে ab এর মান কত?
ক 34 খ 45
গ 54 ঘ 55 **গ**

২. $x + \frac{1}{x} = 2$ হলে $\frac{x}{x^2 + x - 1}$ এর মান কত?
ক 1 খ 2
গ 3 ঘ 4 **ক**

৩. $\angle A$ ও $\angle B$ পরস্পর সম্পূরক কোণ। $\angle A = 115$ হলে $\angle B =$ কত?
ক 65° খ 75°
গ 85° ঘ 90° **ক**

৪. O কেন্দ্রবিশিষ্ট বৃত্তে AB, A বিন্দুতে স্পর্শক। $\angle AOB = 60°$ হলে $\angle ABO =$ কত?
ক 60° খ 75°
গ 85° ঘ 30° **ঘ**

৫. কোনো সুষম বহুভুজের কোণের পরিমাণ ১৩৫° হলে এর বাহুর সংখ্যা কত?
ক ৬ খ ৭
গ ৮ ঘ ১০ **গ**

৬. $a + \frac{1}{a} = 3$ হলে $a^4 + \left(\frac{1}{a}\right)^4 =$ কত?
ক ২৭ খ ৪৭
গ ৪৯ ঘ ৫১ **খ**

৭. রাহুলের আয় আসমার আয় অপেক্ষা ২৫% বেশি। আসমার আয় রাহুলের আয় অপেক্ষা শতকরা কত কম?
ক ১০ খ ১৫
গ ২০ ঘ ২৫ **গ**

RAISUL ISLAM HRIDOY

৮. $a^3 - 7a - 6$ এর উৎপাদক কত?
ক (a + 1) (a – 2) (a – 3)
খ (a – 1) (a + 2) (a – 3)
গ (a + 1) (a + 2) (a – 3)
ঘ (a – 1) (a – 2) (a – 3) — গ

৯. $৬\frac{১}{৪}$ % হার সুদে কত সময়ে ৯৬ টাকার সুদ ১৮ টাকা হয়?
ক ২ বছর — খ ২.৫ বছর
গ ৩ বছর — ঘ ৪ বছর — গ

১০. একটি দ্রব্য ৮০ টাকায় বিক্রয় করায় ২০ টাকা ক্ষতি হলো। শতকরা ক্ষতি কত?
ক ২০% — খ ২৫%
গ ৬% — ঘ ৭% — ক

১১. একটি ত্রিভুজাকৃতি জমির ভূমি ৫০ মিটার এবং উচ্চতা ২০ মিটার। প্রতি বর্গমিটার ১.৫০ টাকা হিসাবে ঘাস লাগাতে কত হবে?
ক ৬০০ টাকা — খ ৬৫০ টাকা
গ ৭০০ টাকা — ঘ ৭৫০ টাকা — খ

১২. ৪২ গ্রাম ওজনের একটি গয়নায় সোনা ও তামার অনুপাত ৪ ঃ ৩। এতে আর কত সোনা মিশালে সোনা ও তামার অনুপাত ৫ ঃ ৩ হবে?
ক ৬ গ্রাম — খ ৮ গ্রাম
গ ৫ গ্রাম — ঘ ১০ গ্রাম — ক

১৩. a + b = 7 এবং ab = 12 হলে a – b = কত?
ক 3 — খ 22
গ 1 — ঘ 4 — গ

১৪. নিম্নের দশমিক সংখ্যাগুলোর বৃহত্তম সংখ্যা দ্বারা ক্ষুদ্রতম সংখ্যাকে গুণ করলে গুণফল কত হবে?
.১, .০০১, .০২, .০০০৯
ক .০০০০৯ — খ .০০০০০৯
গ .০০০১৮ — ঘ .০০০০১৮ — ক

১৫. ৬০ লিটার কেরোসিন ও পেট্রোলের মিশ্রণের অনুপাত ৭ ঃ ৩। ঐ মিশ্রণে আর কত লিটার পেট্রোল মিশালে অনুপাত ৩ ঃ ৭ হবে?
ক ৭০ — খ ৮০
গ ৯০ — ঘ ৯৬ — খ

১৬. একটি গোল মুদ্রা টেবিলে রাখা হলো। এ মুদ্রার চার পাশে একই মুদ্রা কতটি রাখা যেতে পারে যেন তারা মাঝের মুদ্রাটিকে এবং পাশাপাশি পরস্পরকে স্পর্শ করতে পারে?
ক 8 — খ ৬
গ ৮ — ঘ ১০ — খ

১৭. একটা লোক খাড়া উত্তর দিকে m মাইল দূরত্ব অতিক্রম করে প্রতি মাইল ২ মিনিটে এবং খাড়া দক্ষিণ দিকে পূর্ব স্থানের দিকে ফিরে আসে মিনিটে ২ মাইল হিসেবে। লোকটির গড় গতিবেগ ঘণ্টায় কত মাইল?
ক ৩০ — খ ৪৮
গ ৬০ — ঘ ৭৫ — খ

১৮. বাংলাদেশের স্থূল জন্মের হার ৪৬ এবং স্থূল মৃত্যুর হার ২০। জনসংখ্যার স্বাভাবিক প্রবৃদ্ধির শতকরা হার কত?
ক ২৬ জন — খ ২.৬ জন
গ ০.২৬ জন — ঘ ০.০২৬ জন — খ

১৯. পাঁচটি ঘণ্টা একত্রে বেজে যথাক্রমে ৩, ৫, ৭, ৮ ও ১০ সেকেন্ড অন্তর অন্তর বাজতে লাগল। কতক্ষণ পরে ঘণ্টাগুলো পুনরায় একত্রে বাজবে?
ক 8 মিনিট — খ ১০ মিনিট
গ ১৪ মিনিট — ঘ ৬৩০ সেকেন্ড — গ

২০. একটি বর্গাকৃতি বাগানের ক্ষেত্রফল ১ হেক্টর। বাগানটির পরিসীমা কত?
ক ২০০ মিটার — খ ৩০০ মিটার
গ ৪০০ মিটার — ঘ ৫০০ মিটার — গ

MODEL 9

১. একটি ঘড়ি ১০% ক্ষতিতে বিক্রি করা হলো। বিক্রয় মূল্য ৪৫ টাকা বেশি হলে ৫% লাভ হতো। ঘড়িটির ক্রয়মূল্য কত?
ক ২৫০ টাকা — খ ৩০০ টাকা
গ ৩৫০ টাকা — ঘ ৪০০ টাকা — খ

২. যদি $x^3 + nx + 10 = 0$-এর একটি সমাধান ২ হয় তবে n-এর মান কত?
ক -২ — খ ১০
গ ৯ — ঘ -৯ — ঘ

৩. $a + \frac{1}{a} = 3$ হলে $a^4 + \left(\frac{1}{a}\right)^4$ কত?
ক 27 — খ 47
গ 49 — ঘ 51 — খ

৪. {a – (a – (a + 1)}-এর মান কত?
ক 1 — খ a
গ a – 1 — ঘ a + 1 — ঘ

৫. যদি $a^3 - b^3 = 513$ এবং a – b = 3 হয় তবে ab-এর মান কত?
ক 36 — খ 49
গ 54 — ঘ 60 — গ

৬. x = y = 14 হলে xy-এর বৃহত্তম মান কত?
ক 36 — খ 49
গ 65 — ঘ 63 — খ

৭. 6x – y = 1 এবং – 6x + 5y = 7 সমীকরণে x, y-এর মান কত?
ক $\left(\frac{1}{2}, 2\right)$ — খ $\left(\frac{1}{2}, -2\right)$
গ $\left(-\frac{1}{2}, 2\right)$ — ঘ (2, 3) — ক

৮. ABCD রম্বসের, A = 60° হলে ∠D = কত?
ক 60° — খ 80°
গ 100° — ঘ 120° — ক

৯. সমকোণী ত্রিভুজের বাহুগুলোর অনুপাত কত?
ক ৬ ঃ ৪ ঃ ৩ — খ ৬ ঃ ৫ ঃ ৪
গ ১২ ঃ ৮ ঃ ৪ — ঘ ১৩ ঃ ১২ ঃ ৫ — ঘ

RAISUL ISLAM HRIDOY

১০. r ব্যাসার্ধবিশিষ্ট একটি অর্ধবৃত্তের মধ্যে অন্তর্লিখিত করা যায় এরূপ সর্ববৃহৎ ত্রিভুজের ক্ষেত্রফল কত?
ক r^2 খ $2r^2$
গ $\frac{1}{2}r^2$ ঘ r^3 **ক**

১১. ABC-এ AD, ∠A-এর সমদ্বিখণ্ডক এবং ∠ADB সূক্ষ্ম কোণ হলে—
ক AD > AC খ AB > AC
গ AB < AC ঘ BD < CD **গ**

১২. কোনো সুষম বহুভুজের বহিঃস্থ কোণের পরিমাণ কত হলে বাহুর সংখ্যা ৬টি হবে?
ক ৬০° খ ৯০°
গ ১২০° ঘ ১৮০° **ক**

১৩. বৃত্তের একই চাপের দন্ডায়মান কেন্দ্রস্থ কোণ পরিধিস্থ কোণের কত গুণ?
ক অর্ধেক খ সমান
গ দ্বিগুণ ঘ তিনগুণ **গ**

১৩. $\frac{.১\times.০১\times.০০১}{.২\times.০২\times.০০২}$ এর মান কত?
ক $\frac{১}{৮০}$ খ $\frac{১}{৮০০}$
গ $\frac{১}{৮০০০}$ ঘ $\frac{১}{৮}$ **ঘ**

১৪. $\frac{১৫ + ১৫ \times ১৫}{(১৫ - ১৫)}$ এর ১৫ সরল করলে তার মান হবে–
ক ০ খ ১
গ ২২৫ ঘ $\frac{১}{২২৫}$ **ক**

১৫. a – [a – (a + 1)] = কত?
ক a – 1 খ 1
গ 0 ঘ a + 1 **ঘ**

১৬. অতিভুজের বিপরীতে থাকে–
ক সমকোণ খ সরল কোণ
গ স্থূল কোণ ঘ সূক্ষ্মকোণ **ক**

১৭. $(০.০১ \times ১)^২$ = কত?
ক .১ খ ০.১
গ .০০১ ঘ .০০০১ **ঘ**

১৮. ৩০ লিটার পরিমাণ মিশ্রণে এসিড ও পানির অনুপাত ৭ ঃ ৩। ঐ মিশ্রণে কি পরিমাণ পানি মিশ্রিত করলে এসিড ও পানির অনুপাত ৩ ঃ ৭ হবে?
ক ৩০ লিটার খ ৩৫ লিটার
গ ৪০ লিটার ঘ ৪৫ লিটার **গ**

৯. $a^m.a^n = a^{m+n}$ কখন হবে?
ক m ধনাত্মক হলে
খ m ও n উভয়েই ধনাত্মক হলে
গ m ধনাত্মক কিন্তু n ঋণাত্মক হলে
ঘ m ও n উভয়েই ঋনাত্মক হলে **খ**

২০. $x + \frac{1}{x} = 2$ হলে $\frac{x}{x^2 - x + 1}$ এর মান কত?
ক 1 খ 2
গ 3 ঘ 4 **ক**

MODEL 10

১. ১ থেকে ৯৯ পর্যন্ত সংখ্যার যোগফল–
ক ৪৮৫০ খ ৪৯৫০
গ ৫৭৫০ ঘ ৫৯৫০ **খ**

২. তিন অংকের ক্ষুদ্রতম সংখ্যা থেকে কোন লঘিষ্ঠ সংখ্যা বিয়োগ করলে বিয়োগফল ৫, ১০ ও ১৫ দ্বারা বিভাজ্য হবে?
ক ৫ খ ১৫
গ ১০ ঘ ২০ **গ**

৩. $a + b + c = 9$; $a^2 + b^2 + c^2 = 29$ হলে $ab + bc + ca$ এর মান কত?
ক 52 খ 46
গ 26 ঘ 22 **গ**

৪. "≅" প্রতীকের অর্থ হলো–
ক আকার ও আকৃতি সমান
খ আকার ও পরিমাণ সমান
গ আকার, আকৃতি ও পরিমাণ সমান
ঘ আকার ও আকৃতি সমান নয় **গ**

৫. ABCD সামান্তরিকের DC ভূমিকে E পর্যন্ত বাড়ানো হলো। <BAD = ১০০° হলে <BCE = কত?
ক ৬০° খ ৮০°
গ ৯০ ঘ ১০০° **খ**

৬. ত্রিভুজের ক্ষেত্রফল নির্ণয়ের সূত্র কোনটি?
ক $\frac{১}{২}$ (ভূমি × উ□চতা) খ $\frac{১}{২}$ (ভূমি + উ□চতা)
গ $\frac{১}{২}$ (ভূমি – উ□চতা) ঘ $\frac{১}{২}$ (ভূমি / উ□চতা) **ক**

৭. O কেন্দ্রবিশিষ্ট বৃত্তে D, AB জ্যায়ের মধ্যবিন্দু। <ODB = কত?
ক ৪৫° খ ৯০°
গ ১১০° ঘ ১৮০° **খ**

৮. একটি ক্রিকেট দলের যত জন স্ট্যাম্প আউট হলো তার দেড়গুণ কট আউট হলো এবং মোট উইকেটের অর্ধেক বোল্ড হলো। এই দলের কত জন কট আউট হলো?
ক ৪ খ ৩
গ ২ ঘ ৫ **খ**

৯. শতকরা বলতে কি বুঝায়?
ক একটি ভগ্নাংশ
খ একটি সম□র্ণ সংখ্যা
গ একটি ভগ্নাংশ যার হর ১ ও লব ১০০
ঘ একটি ভগ্নাংশ যার হর ১০০ **ঘ**

RAISUL ISLAM HRIDOY

১০. একটি সমকোণী ত্রিভুজের ভূমি ৮ ফুট এবং লম্ব ৬ ফুট হলে অতিভুজের দৈর্ঘ্য কত?
ক ৯ ফুট খ ১০ ফুট
গ ১১ ফুট ঘ ১২ ফুট — খ

১১. $p + \frac{1}{p} = 3$ হলে, $p^4 + \left(\frac{1}{p}\right)^4$ কত?
ক 27 খ 47
গ 57 ঘ 67 — খ

১২. $x^3 - 7x - 6$ এর উৎপাদক কত?
ক $(x + 1)(x - 2)(x - 3)$
খ $(x - 1)(x + 2)(x - 3)$
গ $(x + 1)(x + 2)(x - 3)$
ঘ $(x - 1)(x - 2)(x - 3)$ — গ

১৩. a : b = 4 : 7 এবং b : c = 5 : 6 হলে, a:b:c = কত?
ক 4 : 7 : 6 খ 20 : 35 : 24
গ 20 : 35 : 42 ঘ 24 : 35 : 30 — গ

১৪. একটি চৌবাচ্চার দৈর্ঘ্য, প্রস্থ ও গভীরতা ০.১ মিটার। ঐ চৌবাচ্চায় কত ঘনমিটার পানি ধরবে?
ক ০১ খ ০.০১
গ ০.০০১ ঘ ০.০০০১ — গ

১৫. এক ব্যক্তি তার স্ত্রীর চেয়ে ৫ বছরের বড়। স্ত্রীর বয়স ছেলের বয়সের চারগুণ। পুত্রের বর্তমান বয়স ১৫ হলে ঐ ব্যক্তির বর্তমান বয়স কত বছর?
ক ৬৫ খ ২৮
গ ৩৩ ঘ ৫৩ — ক

১৬. বৃত্তের পরিধি ও ব্যাসের অনুপাত কত?
ক $\frac{২৯}{৩}$ খ $\frac{২২}{৭}$
গ $\frac{২৫}{৯}$ ঘ $\frac{৩১}{৬}$ — খ

১৭. দুই অঙ্কবিশিষ্ট একটি সংখ্যার এককের অঙ্ক দশকের অংক অপেক্ষা ৩ বেশি। সংখ্যাটি এর অঙ্কদ্বয়ের সমষ্টির ৩ গুণ অপেক্ষা ৪ বেশি। সংখ্যাটি কত?
ক ৪৭ খ ৩৬
গ ২৫ ঘ ১৪ — গ

১৮. কত কিউবিক সেন্টিমিটার (সি.সি.)-এ এক লিটার হয়?
ক ১০ খ ১০০
গ ১০০০ ঘ ১০০০০ — গ

১৯. ভগ্নাংশগুলোর মধ্যে কোনটি সবচেয়ে বড়?
ক $\frac{২}{৩}$ খ $\frac{৪}{৫}$
গ $\frac{১৩}{১৫}$ ঘ $\frac{২৩}{৩০}$ — গ

২০. O কেন্দ্রবিশিষ্ট বৃত্তে AB, B বিন্দুতে স্পর্শক। ∠AOB = ৬০° হলে, ∠OAB = কত ডিগ্রী?
ক ৩০° খ ৪৫°
গ ৬০° ঘ ৭৫° — ক

MODEL 11

১. একটি আয়তক্ষেত্রের বড় বাহু ৫০ মিটার এবং ছোট বাহু ২০ মিটার। প্রতি বর্গমিটারে ১.৫০ টাকা হিসেবে ক্ষেত্রটিতে ঘাস লাগাতে কত খরচ হবে?
ক ১২০০ টাকা খ ১৩০০ টাকা
গ ১৪০০ টাকা ঘ ১৫০০ টাকা — ঘ

২. কোন সংখ্যার $\frac{৩}{৭}$ অংশ ৪৮-এর সমান?
ক ১২৮ খ ১৩২
গ ১১২ ঘ ১৪০ — গ

৩. এক কিলোমিটার এক মাইলের কত অংশের সমান?
ক ০.৬৭ খ ০.৬২
গ ০.৭০ ঘ .০৭২ — খ

৪. যদি x + 3y = 40 এবং y = 3x হয়, তবে y = ?
ক 6 খ 10
গ 8 ঘ 12 — ঘ

৫. $x^2 - 3x - 10$ এর সঠিক উৎপাদক কোন দুটি?
ক $(x - 2)(x + 5)$ খ $(x + 2)(x - 5)$
গ $(x + 3)(x - 5)$ ঘ $(x + 5)(x - 3)$ — ঘ

৬. একটি সরল রেখার উপর অঙ্কিত বর্গ ঐ সরল রেখার অর্ধেকের উপর অঙ্কিত বর্গের কত গুণ?
ক দ্বিগুণ খ তিন গুণ
গ চারগুণ ঘ পাঁচ গুণ — গ

৭. শতকরা বার্ষিক কত হার সুদে যে কোনো আসল ৫ বছরে সুদে আসলে দ্বিগুণ হবে?
ক ২৫% খ ২০%
গ ১৫% ঘ ১০% — খ

৮. দুটি সংখ্যার ল. সা. গু. $a^2b(a + b)$ এবং গ. সা. গু. $a(a + b)$। একটি সংখ্যা $a^3 + a^2b$ হলে অপর সংখ্যাটি কত?
ক $a^3b + a^2b^2$ খ $a^2b + ab^2$
গ $ab^2 + a^2b^2$ ঘ $a^3 - b^3$ — খ

৯. $2x^2 - x - 3$ এর উৎপাদক কোনটি?
ক $(2x + 3)(x + 1)$ খ $(2x + 3)(x - 1)$
গ $(2x - 3)(x - 1)$ ঘ $(2x - 3)(x + 1)$ — ঘ

১০. $9a^2 + 16b^2$ রাশিটির সাথে কোনটি যোগ করলে যোগফল পূর্ণ বর্গ হবে?
ক 12ab খ 24ab
গ 36ab ঘ 144ab — খ

১১. ΔABC এর BC বাহুকে D পর্যন্ত বাড়ানো হলো। ∠A = ৬০° এবং ∠B = ৯০° ∠ACD = কত?
ক ৯০° খ ১৫০°
গ ১৬০° ঘ ১৭০° — খ

১২. কোন দুটি সংখ্যার যোগফল ১০ এবং গুণফল ২৪?
ক – ৪, – ৬ খ – ৬, – ৪
গ – ১২, – ২ ঘ ৪, ৬ — ঘ

RAISUL ISLAM HRIDOY

১৩. একটি সমবাহু ত্রিভুজের এক বাহুর দৈর্ঘ্য ৪ সে. মি. হলে, এর ক্ষেত্রফল হবে কত?
ক √৩ বর্গ সে. মি. খ ২√৩ বর্গ সে. মি.
গ ৪√৩ বর্গ সে. মি. ঘ $\frac{১}{২}$√৩ বর্গ সে. মি. গ

১৪. (৬, ৬) এবং (২, ৩) বিন্দুদ্বয়ের দূরত্ব কত?
ক √১৭ একক খ ৫ একক
গ ৭ একক ঘ ২৫ একক খ

১৫. $a - \frac{1}{a} = 3$ হলে $a^2 + \frac{1}{a^2} = ?$
ক 6 খ 7
গ 9 ঘ 11 খ

১৬. কোনো আসল ৮% হার সুদে ৩ বছরে সুদে-আসলে ১৮৬০ টাকা হয়। কত বছরে তা সুদে-আসলে ২০৪০ টাকা হবে?
ক ৪.৫ বছরে খ ৫ বছরে
গ ৬ বছরে ঘ ৭.৫ বছরে ক

১৭. একটি আয়তকার মেঝের ক্ষেত্রফল ২৭৩ বর্গমিটার। দৈর্ঘ্য ৫ মিটার বেশি হলে মেঝের ক্ষেত্রফল হতো ৩৩৮ বর্গমিটার। ঐ মেঝের প্রস্থ কত?
ক ১৩ মিটার খ ২১ মিটার
গ ২৬ মিটার ঘ ২৪০ সেকেন্ড ক

১৮. স্রোতের প্রতিকূলে যেতে যে সময় লাগে, স্রোতের অনুকূলে যেতে তার অর্ধেক সময় লাগে। যাতায়াতে যদি ২৪ ঘন্টা সময় লাগে, তবে স্রোতের অনুকূলে যেতে কত সময় লাগে?
ক ১০ মিনিট খ ৯০ সেকেন্ড
গ ১৪ মিনিট ঘ ২৪০ সেকেন্ড গ

১৯. স্রোতের প্রতিকূলে যেতে যে সময় লাগে, স্রোতের অনুকূলে যেতে তার অর্ধেক সময় লাগে। যাতায়াতে যদি ২৪ ঘন্টা সময় লাগে, তবে স্রোতের অনুকূলে যেতে কত সময় লাগে?
ক ৪ ঘণ্টা খ ৬ ঘণ্টা
গ ৮ ঘণ্টা ঘ ১২ ঘণ্টা গ

২০. কোন লঘিষ্ঠ সংখ্যার সাথে ৩ যোগ করলে যোগফল ২৪, ৩৬ এবং ৪৮ দ্বারা বিভাজ্য হবে?
ক ৮৯ খ ১৪১
গ ২৪৮ ঘ ১৭০ খ

MODEL 12

১. একটি সংখ্যার তিনগুণের সাথে দ্বিগুণ যোগ করলে ৯০ হয়। সংখ্যাটি কত?
ক ১৬ খ ১৮
গ ২০ ঘ ২৪ খ

২. পর পর দশটি সংখ্যার প্রথম ৫টি যোগফল ৫৬০ হলে শেষ ৫টির যোগফল কত?
ক ৫৮৫ খ ৫৮০
গ ৫৭৬ ঘ ৫৭০ ক

৩. কোন ভগ্নাংশটি $\frac{2}{3}$ থেকে বড়?
ক $\frac{33}{50}$ খ $\frac{8}{11}$
গ $\frac{3}{5}$ ঘ $\frac{13}{27}$ খ

৪. ৬, ৮, ১০ এর গাণিতিক গড় ৭, ৯ এবং কোন সংখ্যার গাণিতিক গড় এর সমান?
ক ৫ খ ৮
গ ৬ ঘ ১০ খ

৫. ১২ ও ৯৬ এর মধ্যে (এ দুটি সংখ্যাসহ) কয়টি সংখ্যা ৪ দ্বারা বিভাজ্য?
ক ২১ খ ২৩
গ ২৪ ঘ ২২ ঘ

৬. ১২.৫০ টাকার একটি জিনিস দোকানদার আপনার নিকট ১০ টাকায় বিক্রয় করলে, আপনাকে শতকরা কতভাগ রেয়াত দেয়া হলো?
ক ২% খ ২.৫%
গ ২০% ঘ ২৫% গ

৭. এক গ্যালন রং দিয়ে ২০০ বর্গফুট দেয়াল রং করা যায়। ৭৬০ বর্গফুট একটি দেয়াল রং করতে ন্যূনতম কয়টি ১ গ্যালন রঙের টিন কিনতে হবে?
ক ৩ খ ৪
গ ৫ ঘ ৬ খ

৮. একটি আয়তক্ষেত্রের দৈর্ঘ্য ২০% বাড়ালে এবং প্রস্থ ২০% কমালে তার আয়তন --
ক ২০% কমবে খ ৪% কমবে
গ ২৫% কমবে ঘ পরিবর্তন হবে না খ

৯. ঢাকা ও চট্টগ্রাম এই দুই রেল ষ্টেশন থেকে প্রতি ঘন্টায় একটি ট্রেন এক ষ্টেশন থেকে অন্য ষ্টেশনের দিকে যাত্রা করে। সব ট্রেনগুলোই সমান গতিতে চলে এবং গন্তব্যস্থলে পৌছতে প্রত্যেক ট্রেনের ৫ ঘণ্টা সময় লাগে। এক স্টেশন থেকে যাত্রা করে অন্য স্টেশনে পৌছানো পর্যন্ত একটি ট্রেন কয়টি ট্রেনের দেখা পাবে?
ক ৮ খ ১০
গ ১১ ঘ ১২ খ

১০. ৩৬০০ টাকা করে দুটি চেয়ার বিক্রয় করা হয়েছে। একটি ২০% লাভে এবং অন্যটি ২০% লোকসানে বিক্রয় করা হয়েছে। সব মিলিয়ে কত লোকসান হয়েছে?
ক ৯০০ টাকা খ ৩০০ টাকা
গ ৬০০ টাকা
ঘ লাভ লোকসান কিছুই হয়নি খ

১১. ঢাকা থেকে টাঙ্গাইলের দূরত্ব ৪৫ মাইল। করিম ঘণ্টায় ৩ মাইল বেগে ও রহিম ঘণ্টায় ৪ মাইল বেগে হাঁটে। করিম ঢাকা থেকে রওয়ানা হওয়ার এক ঘণ্টা পর রহিম টাঙ্গাইল থেকে ঢাকা রওয়ানা হয়েছে। রহিম কত মাইল হাঁটার পর করিমের সাথে দেখা হবে?
ক ২৪ খ ২৩
গ ২২ ঘ ১৮ ক

১২. ৫৬ ফুট ব্যাসের একটি বৃত্তাকার ক্ষেত্রকে একই ক্ষেত্রফলের একটি বর্গক্ষেত্র করলে, বর্গক্ষেত্রের যে কোনো একদিকের দৈর্ঘ্য কত হবে?
ক ২৮ ফুট খ ৩৬.৮ ফুট

RAISUL ISLAM HRIDOY

গ ৪৯.৬ ফুট ঘ ৪৬ ফুট **গ**

১৩. একটি ত্রিভুজাকৃতি ক্ষেত্রের ক্ষেত্রফল ৮৪ বর্গগজ। ত্রিভুজটির শীর্ষবিন্দু থেকে ভূমির উপর অঙ্কিত লম্বের দৈর্ঘ্য ১২ গজ হলে ভূমির দৈর্ঘ্য কত?

ক ১০ গজ খ ১২ গজ
- ☑ **Importance of Values Education and Good Governance in the life of an Individual as a citizen as well as in the Making of Society and National Ideals.**

নৈতিকতা, মূল্যবোধ ও সুশাসন

০১। নৈতিকতার ইংরেজি শব্দ **Morality** কোন শব্দ থেকে উদ্ভূত?
(ক) ল্যাটিন (খ) গ্রীক (গ) জার্মান (ঘ) স্প্যানিশ

০২। নৈতিকতা কী?
(ক) কতিপয় আইন (খ) কতিপয় বিধান (গ) কর্তব্য (ঘ) দায়িত্ব

০৩। দরিদ্রের সাহায্য পাবার অধিকার কোন জাতীয় অধিকার?
(ক) সামাজিক (খ) মৌলিক (গ) রাষ্ট্রীয় (ঘ) নৈতিক

০৪। নৈতিকতা কে রাজনীতি থেকে পৃথক করেছেন কোন রাষ্ট্রবিজ্ঞানী?
(ক) প্লেটো (খ) এরিস্টটল (গ) ম্যাকিয়াভেলী (ঘ) কার্ল মার্কস

০৫। কোন অধিকারের পিছনে কোন আইনগত স্বীকৃতি থাকে না?
(ক) নৈতিক অধিকার (খ) সামাজিক অধিকার (গ) মৌলিক অধিকার (ঘ) রাষ্ট্রীয় অধিকার

০৬। নৈতিক অধিকার ভঙ্গকারীকে কী ভোগ করতে হয়?
(ক) জেল (খ) জরিমানা (গ) সামাজিক সমালোচনা (ঘ) রাষ্ট্রীয় আইনের সাজা

০৭। প্রকৃত শিক্ষা মানুষকে কোনটি অর্জনে সহায়তা করে?
(ক) জ্ঞান (খ) মানসিকতা (গ) মানবিকতা (ঘ) মনুষ্যত্ব

০৮। নৈতিক অধিকার কোথা হতে উদ্ভূত?
(ক) সামাজিক ন্যায়বোধ (খ) সামাজিক মূল্যবোধ (গ) সামাজিক চেতনাবোধ (ঘ) সামাজিক দায়বদ্ধতা

০৯। সুনাগরিকের শ্রেষ্ঠ প্রতিবন্ধকতা কোনটি?
(ক) সততা (খ) অলসতা (গ) ধর্মান্ধতা (ঘ) নির্লিপ্ততা

১০। সুনাম ধরে রাখতে সাহায্য করে –
(ক) নৈতিক মূল্যবোধ (খ) রাজনীতি (গ) ধর্ম (ঘ) সমাজ

১১। ব্যক্তির ব্যক্তিত্বকে শক্তিশালী করে –
(ক) বাড়ি (খ) গাড়ি (গ) নৈতিক জ্ঞান (ঘ) রাজনীতি

১২। সমাজ গঠনে কিসের ভূমিকা বেশী?
(ক) শিক্ষার (খ) আদর্শের (গ) আইনের (ঘ) পাকার

১৩। কোনটি মূল্যবোধ জাগ্রত করে?
(ক) নীতিশাস্ত্র (খ) অর্থশাস্ত্র (গ) পদার্থবিজ্ঞান (ঘ) সমাজবিজ্ঞান

১৪। উত্তম চরিত্র গঠনে সাহায্য করে –
(ক) রাষ্ট্রবিজ্ঞান (খ) নীতিশাস্ত্র (গ) ভূগোল (ঘ) অর্থনীতি

১৫। সুনাগরিকের বৈশিষ্ট্য কোনটি?
(ক) বুদ্ধি (খ) বিবেক (গ) ক + খ (ঘ) চরিত্র

১৬। এক জাতি থেকে অন্য জাতির পার্থক্য বুঝা যায় –
(ক) পরিবেশ দেখে (খ) মূল্যবোধ দেখে (গ) খেলাধুলা দেখে (ঘ) কোনটিই নয়

১৭। নৈতিকতা কী?
(ক) ব্যক্তির মর্যাদা ও গুণ (খ) ব্যক্তির পরিচয় (গ) ব্যক্তির দেশাত্মবোধ (ঘ) ব্যক্তির সচেতনতাবোধ

১৮। কোনটি নাগরিকের বুদ্ধি বিকাশ সাধন করে?

RAISUL ISLAM HRIDOY

(ক) সততা (খ) শিক্ষা (গ) সংযম (ঘ) আত্মমর্যাদাবোধ

১৯। দেশপ্রেমের প্রধান উপাদান –
(ক) বিবেক (খ) আত্মসংযম (গ) বুদ্ধিমত্তা (ঘ) সংবেদনশীলতা

২০। আইনের মূল কথা কী?
(ক) ব্যক্তিস্বাধীনতার রক্ষক (খ) আইনের চোখে সবাই সমান (গ) বাহ্যিক আচরণ নিয়ন্ত্রন করে (ঘ) রীতি নীতির সাথে সম্পর্কযুক্ত

২১। বাংলাদেশের সমাজে চরম অবক্ষয় ও অবনতি ঘটেছে –
(ক) আইনের (খ) নীতির (গ) মূল্যবোধের (ঘ) শাসনের

২২। বাংলাদেশের পিতা-মাতা তাদের মেয়ের কোন দিকটা অবহেলা করে?
(ক) শিক্ষা (খ) স্বাস্থ্য (গ) বয়স (ঘ) সৌন্দর্য

২৩। সবসময় নিজের অবস্থান বা কর্ম পরিবর্তন করা সফলতার অনুকূলে নয়। যে ব্যক্তি ক্ষণে ক্ষণে মত পরিবর্তন করে তাকে নিয়োগকর্তা ও বন্ধু-বান্ধবেরা নির্ভরযোগ্য বলে মনে করেন না। স্বভাবই তাকে কেউ সাহায্য করেনা। যার ফলে তার সফলতা লাভ অসম্ভব হয়ে পড়ে।
উপরের বক্তব্য অনুযায়ী সফলতার জন্য প্রয়োজন –
(ক) ক্ষমতা (খ) স্থিতিশীলতা (গ) নতুনত্ব (ঘ) অস্থিতিশীলতা

২৪। সুজলা-সুফলা আমাদের এই পৃথিবীকে আমরাই ধীরে ধীরে আমাদের বস-বাসের অযোগ্য করে ফেলেছি। জনসংখ্যা বৃদ্ধি, শহরায়ন এবং যান্ত্রিকতার প্রভাবে আমাদের এই ধরণী তার নির্মলতা হারাচ্ছে। আমাদের বাসযোগ্য পৃথিবী ধীরে ধীরে আমাদের কাছে বিষময় হয়ে উঠছে। এই অনুচ্ছেদে যে বিষয়টির প্রতি গুরুত্ব দেওয়া হয়েছে তা হল –
(ক) কর্ম বিমুখতা (খ) নৈতিক অবক্ষয় (গ) পরিবেশ সচেতনতা (ঘ) প্রাকৃতিক দুর্যোগ

২৫। দুঃখ কষ্ট মানবের মনকে সবল ও দৃঢ় করে। জীবনে যে যত উন্নতি করতে চায় তাকে তত বাধাবিঘ্ন সহ্য করতে হয়। যার মধ্যে সহিষ্ণুতা নেই। সে বড় বড় বাধাবিঘ্ন অতিক্রম করতে পারে না। ব্যক্তিগত কিংবা জাতীয় জীবনে সহিষ্ণুতা ছাড়া কোন বড় কাজ করা যায় না– এই অনুচ্ছেদে কোন বিষয়টির উপর গুরুত্ব দেওয়া হয়েছে?
(ক) কষ্টসাধ্য (খ) জীবন পরিসর (গ) ধৈর্য্য (ঘ) স্থিতিশীলতা

২৬। **What would be the most usefull things to do first of all. If you see your neighbour's house on fire?**
(ক) Run away for personal safety (খ) Shout "Help, help"
(গ) Telephone for the fire brigade (ঘ) Don't involve youreslf

২৭। মানুষের জন্মগত ইচ্ছা হলো অজানাকে _____ করা।
(ক) আবিষ্কার (খ) উদঘাটন (গ) উদ্ধার (ঘ) সমাধান

২৮। পরিষ্কার-পরিচ্ছন্নতা ও স্বাস্থ্য রক্ষার জন্য _____ প্রয়োজন –
(ক) সাবান (খ) পানি (গ) পরিকল্পনা (ঘ) সচেতনতা

২৯। প্রকৃত শিক্ষাই মানুষকে _____ অর্জন করতে সহয়তা করে।
(ক) জ্ঞান (খ) বাস্তবতা (গ) কর্মদক্ষতা (ঘ) মনুষ্যত্ব

৩০। মাতা-পিতাকে শ্রদ্ধা করা আমাদের –
(ক) ফ্যাশন (খ) ধর্ম (গ) কর্তব্য (ঘ) নিয়ম

৩১। সুশাসন কী?
(ক) আইন (খ) বিধান (গ) চলমান প্রক্রিয়া (ঘ) নিয়ম-কানুন

৩২। সুশাসনের একপক্ষ সরকার, অন্যপক্ষ –
(ক) রাষ্ট্র (খ) জনগণ (গ) আইন (ঘ) বিধি

৩৩। সেখানে সুশাসন নেই, যেখানে _____ নেই।
(ক) দেশপ্রেম (খ) আইন (গ) বিধান (ঘ) প্রথা

৩৪। সুশাসন প্রতিষ্ঠার মুখ্য উপাদান –
(ক) নৈতিকতা (খ) মূল্যবোধ (গ) আইনের শাসন (ঘ) জনগণ

৩৫। গণতন্ত্রকে শক্তিশালী করতে হলে দরকার –
(ক) ক্ষমতা বিকেন্দ্রীকরণ (খ) ক্ষমতা কেন্দ্রীভুত করণ (গ) ন্যায় বিচার (ঘ) কোনটিই নয়

৩৬। নিম্নের কোন দেশে সংবিধান লিখিত আকারে নেই –
(ক) সৌদি আরবে (খ) ইরাকে (গ) মিশরে (ঘ) দক্ষিণ আফ্রিকায়

৩৭। সুশাসনের অন্যতম প্রতিবন্ধকতা –
(ক) অবিচার (খ) অন্যায় (গ) দুর্নীতি (ঘ) কোনটিই নয়

RAISUL ISLAM HRIDOY

৩৮। ন্যায় বিচার প্রতিষ্ঠা করা যে বিভাগের কাজ –

(ক) নির্বাহী বিভাগ (খ) বিচার বিভাগ (গ) আইন বিভাগ (ঘ) দুদক

৩৯। **E-Governance** প্রয়োজন হয় –

(ক) শাসন প্রতিষ্ঠায় (খ) সুশাসন প্রতিষ্ঠায় (গ) বিচার প্রক্রিয়ায় (ঘ) কোনটিই নয়

৪০। সুশাসনের আভাস পাওয়া যায় –

(ক) উনবিংশ শতাব্দীর শেষ দিকে (খ) বিংশ শতাব্দীর দিকে

(গ) সপ্তদশ শতাব্দীর প্রথম দিকে (ঘ) উনবিংশ শতাব্দীর প্রথম দিকে

৪১। আইন কোন জাতীয় নিয়ম?

(ক) সমাজ স্বীকৃত (খ) রাষ্ট্র অনুমোদিত (গ) কতগুলো বিধি (ঘ) সমাজ স্বীকৃত ও রাষ্ট্র অনুমোদিত

৪২। আধুনিক কালে আইনের সবচেয়ে বড় উৎস কোনটি?

(ক) সরকার (খ) শাসন বিভাগ (গ) আমলাতন্ত্র (ঘ) আইন বিভাগ

৪৩। সভ্য সমাজের মানদন্ড কোনটি?

(ক) গণতন্ত্র (খ) আইনের শাসন (গ) ব্যক্তি শাসন (ঘ) বিজ্ঞানের উন্নতি

৪৪। কোনটি সুশাসনের উপাদান নয়?

(ক) জবাবদিহিতা (খ) আইনের শাসন (গ) বিচার বিভাগের স্বাধীনতা (ঘ) পেশী শক্তি

৪৫। মানবাধিকার লঙ্ঘিত হলে অচল হয়ে পড়ে –

(ক) গণতন্ত্র (খ) সমাজতন্ত্র (গ) রাজতন্ত্র (ঘ) স্বৈরতন্ত্র

৪৬। **Muscle Power** এর বাংলা প্রতিশব্দ –

(ক) পেশী (খ) পেশী শক্তি (গ) মানসিক শক্তি (ঘ) দৈহিক শক্তি

৪৭। **"Civil SOciety"** এর বাংলা প্রতিশব্দ –

(ক) সুশীল সমাজ (খ) সচেতন সমাজ (গ) গোষ্ঠী (ঘ) সম্প্রদায়

৪৮। স্বচ্ছতার ইংরেজি প্রতিশব্দ হল –

(ক) Transparent (খ) Governance (গ) Transparency (ঘ) None of them

৪৯। আইন নিষ্প্রয়োজন হয় যদি –

(ক) শাসক ন্যায়পরায়ন হয় (খ) দেশে সুশাসন থাকে (গ) দেশে মানবাধিকার (ঘ) কোনটিই নয়

৫০। **"First State"** হল –

(ক) পৃথিবীর উন্নত দেশ (খ) সরকারী দল (গ) বিরোধী দল (ঘ) মিডিয়া

-ঃ উত্তরমালা ঃ-

০১. ক	০২. খ	০৩. ঘ	০৪. গ	০৫. ক	০৬. গ	০৭. ঘ	০৮. ক	০৯. ঘ	১০. ক
১১. গ	১২. ক	১৩. ক	১৪. খ	১৫. গ	১৬. খ	১৭. ক	১৮. খ	১৯. ক	২০. খ
২১. গ	২২. ক	২৩. খ	২৪. গ	২৫. গ	২৬. গ	২৭. খ	২৮. ঘ	২৯. ঘ	৩০. গ
৩১. গ	৩২. খ	৩৩. ক	৩৪. গ	৩৫. ক	৩৬. ক	৩৭. গ	৩৮. খ	৩৯. খ	৪০. ক
৪১. ঘ	৪২. ঘ	৪৩. খ	৪৪. ঘ	৪৫. ক	৪৬. খ	৪৭. ক	৪৮. গ	৪৯. ক	৫০. খ

RAISUL ISLAM HRIDOY

বিসিএস ডাইজেস্ট

Discussion	Ethics, Values & Good Governance

☑ **Impact of values Education and Good Governance in National Development.**
☑ **How the element of Good Governance and values Education can be established in a given social context.**
☑ **The benefits of values Education and Good Governance and the cost society pays adversely in their absence.**

নৈতিকতা, মূল্যবোধ ও সুশাসন

০১। নৈতিকতা ও মূল্যবোধ অর্জনের প্রধান উৎস –
(ক) পরিবার (খ) সমাজ (গ) বিদ্যালয় (ঘ) রাষ্ট্র

০২। কোন গুণের কারণে মানুষ অন্যান্য জীব হতে আলাদা?
(ক) নৈতিকতা (খ) মূল্যবোধ (গ) বিবেক (ঘ) কোনটিই নয়

০৩। **Ethics** এর বাংলা প্রতিশব্দ –
(ক) নীতিশাস্ত্র (খ) পৌরনীতি (গ) সমাজনীতি (ঘ) মূল্যবোধ

০৪। সময়ের সাথে কোনটির পরিবর্তন হয়?
(ক) নৈতিকতার (খ) মূল্যবোধের (গ) সুশাসনের (ঘ) নিয়মের

০৫। সমাজিক মূল্যবোধ নষ্ট হয় কোনটি দ্বারা?
(ক) সংস্কৃতি (খ) অপসংস্কৃতি (গ) আইন (ঘ) প্রথা

০৬। বাংলাদেশের সংবিধানের কত নং অনুচ্ছেদে ধর্মীয় স্বাধীনতার কথা বলা হয়েছে?
(ক) ৪০ (খ) ৪১ (গ) ৪২ (ঘ) ৪৫

০৭। সঞ্চয় করার প্রবণতা কোন জাতীয় মূল্যবোধ?.
(ক) সামাজিক (খ) পারিবারিক (গ) রাষ্ট্রিয় (ঘ) ব্যক্তিগত

০৮। বাংলাদেশের সংবিধানের কোন অনুচ্ছেদে 'ন্যায়পাল' এর কথা বলা হয়েছে?
(ক) ৭০ (খ) ৭৫ (গ) ৭৭ (ঘ) ৮০

০৯। নির্বাহী বিভাগ থেকে বিচার বিভাগ পৃথক করার কথা বলা হয়েছে সংবিধানের কোন অনুচ্ছেদে?
(ক) ২২ (খ) ২৫ (গ) ৩০ (ঘ) ১১৮

১০। **Transpareny International** এর সদর দপ্তর কোথায়?
(ক) ঢাকা (খ) বার্লিন (গ) প্যারিস (ঘ) টোকিও

১১। নাগরিকতা অর্থপূর্ণ হয় –
(ক) কর্তব্যপালনে (খ) মূল্যবোধে (গ) নৈতিকতায় (ঘ) অধিকারে

১২। প্রশাসন যন্ত্রের ধারক ও বাহক হলো –
(ক) রাষ্ট্র (খ) সরকার (গ) মন্ত্রীসভা (ঘ) প্রেসিডেন্ট

১৩। 'আমলাতন্ত্রেরতন্ত্রের জনক কে?
(ক) কার্লমার্কস (খ) ম্যাক্স ওয়েবার (গ) ম্যাকিয়াভেলী (ঘ) প্লেটো

১৪। যৌতুক কী?
(ক) প্রথা (খ) সংস্কৃতি (গ) রীতি (ঘ) নীতি

১৫। "অ্যামনেষ্টি ইন্টারন্যাশনাল" কোন দেশ ভিত্তিক মানবাধিকার সংগঠন?
(ক) UK (খ) USA (গ) Germany (ঘ) Japan

১৬। **Referendum** এর বাংলা প্রতিশব্দ কী?
(ক) গণভোট (খ) নির্বাচন (গ) ইশতেহার (ঘ) অনাক্রমন

১৭। **Apartmeid** বা বর্ণবাদ কী?
(ক) সংস্কৃতি (খ) আইন (গ) প্রথা (ঘ) বিধি

১৮। স্থানীয় সরকার ব্যবস্থাকে কার্যকর করতে হলে –
(ক) ক্ষমতা কেন্দ্রীভূত করতে হবে (খ) প্রধানমন্ত্রীর ক্ষমতা খর্ব করতে হবে
(গ) ক্ষমতা বিকেন্দ্রীকরণ করতে হবে (ঘ) সংসদ সদস্যদের ক্ষমতা খর্ব করতে হবে

RAISUL ISLAM HRIDOY

১৯। জনমতের প্রতিফল ঘটে কোথায়?
(ক) সংবাদ পত্রে (খ) টেলিভিশনে (গ) গণমাধ্যমে (ঘ) ইন্টারনেটে

২০। সুশাসনের অনুকূল পরিবেশকে বিনষ্ট করছে কোনটি?
(ক) অপসংস্কৃতি (খ) দুর্নীতি (গ) প্রথা (ঘ) স্বজনপ্রীতি

২১। জাতি ও দেশের অভিভাবক ও পরামর্শদাতা বলতে বুঝায় –
(ক) বুদ্ধিজীবি (খ) সংবাদ মাধ্যম (গ) সুশীল সমাজ (ঘ) বিজ্ঞানী

২২। বিশ্ব ব্যাংক চিহ্নিত সুশাসনের সূচক কয়টি?
(ক) ৪টি (খ) ৫টি (গ) ৬টি (ঘ) ৭টি

২৩। 'সু-শাসন' ধারণার উদ্ভাবক –
(ক) বিশ্বব্যাংক (খ) IMF (গ) TIB (ঘ) জাতিসংঘ

২৪। সু-শাসন নিশ্চিত করার বড় উপায় –
(ক) গণতন্ত্র (খ) সংবিধান (গ) ন্যায়বিচার (ঘ) গণমাধ্যম

২৫। আইন হল _____ আদেশ।
(ক) মন্ত্রীর (খ) সার্বভৌমের (গ) নাগরিকের (ঘ) বিচারকের

২৬। কোন আইন সংবিধানে উল্লেখ থাকে?
(ক) ফৌজদারি আইন (খ) প্রশাসনিক আইন (গ) শাসনতান্ত্রিক আইন (ঘ) পারিবারিক আইন

২৭। দীর্ঘদিনের চিরচরিত প্রথা হচ্ছে –
(ক) রাষ্ট্রগঠনের উপাদান (খ) আইনের উৎস (গ) সমাজ প্রতিষ্ঠার উপাদান (ঘ) সরকার গঠনের উপাদান

২৮। আইনের শাসনের অর্থ কী?
(ক) আইনের প্রাধান্য স্বীকার (খ) মত প্রকাশের স্বাধীনতা (গ) আবেদন করার অধিকার (ঘ) পুলিশের সংখ্যা বৃদ্ধি

২৯। কোনটি গণতন্ত্রের ভিত?
(ক) নির্বাচন (খ) লিখিত সংবিধান (গ) বহুদলীয় ব্যবস্থা (ঘ) আইনের শাসন

৩০। আইন কে সাধারণত কয় ভাগে ভাগ করা যায়?
(ক) ২ (খ) ৩ (গ) ৪ (ঘ) ৫

৩১। **TIB (Transparency Intarnational)** কত সালে গঠিত?
(ক) ১৯৯০ সালে (খ) ১৯৯২ সালে (গ) ১৯৯৩ সালে (ঘ) ১৯৯৪ সালে

৩২। **The concept of 'Good Governance' often emerges as a modle to compare –**
(ক) Effective economics (খ) In effective economics
(গ) Economics (ঘ) Politics

৩৩। **The Term 'Good Governance' is used in –**
(ক) Development (খ) Intenational Development
(গ) National Development (ঘ) None of them

৩৪। **Which institution can be reformed to ptomote 'Good Governance' –**
(ক) The state (খ) The Private Sector (গ) Civil Society (ঘ) All of them

৩৫। **Accountable** এর বাংলা পরিভাষা হল –
(ক) স্বচ্ছ (খ) ন্যায় পরায়ন (গ) জবাবদিহিতা (ঘ) কোনটিই নয়

৩৬। নিম্নের কোনটি রাষ্ট্রের 'Pressur Group'?
(ক) ব্যবসায়ীবৃন্দ (খ) আইন (গ) সংবিধান (ঘ) বিচার বিভাগ

৩৭। নিম্নের কোনটি বাংলাদেশের সংবিধানিক সংস্থা?
(ক) UGC (খ) ACC (গ) EC (ঘ) None of them

৩৮। 'অ্যামনেষ্টি ইন্টারন্যাশনাল' কোন জাতীয় সংগঠন?
(ক) মানবাধিকার (খ) পরিবেশবাদী (গ) আঞ্চলিক (ঘ) আন্তর্জাতিক

৩৯। 'স্বাধীনভাবে চলাফেরা করা কোন জাতীয় অধিকার?
(ক) মৌলিক (খ) মানবাধিকার (গ) রাষ্ট্রীয় (ঘ) নৈতিক

৪০। বাংলাদেশে "স্থানীয় সরকার কমিশন" গঠন করা হয় কত সালে?
(ক) ১৯৭২ সালে (খ) ১৯৭৬ সালে (গ) ১৯৯০ সালে (ঘ) ১৯৯৬ সালে

RAISUL ISLAM HRIDOY

৪১। আইন প্রনয়ন করা কার কাজ –
(ক) শাসন বিভাগের (খ) বিচার বিভাগের (গ) আইন বিভাগের (ঘ) প্রেসিডেন্টের

৪২। সুশাসন প্রতিষ্ঠায় করণীয় –
(ক) জবাব দিহিতা (খ) গণমাধ্যমের স্বাধীনতা (গ) সংবিধান (ঘ) ক + খ

৪৩। 'সরকারি কর্ম কমিশন' প্রতিষ্ঠিত সংবিধানের কত নং অনুচ্ছেদ অনুযায়ী?
(ক) ১৩৫ (খ) ১৩৭ (গ) ১৪১ (ঘ) ১৩৮

৪৪। ব্যক্তির সাথে রাষ্ট্রের সম্পর্ক রক্ষার জন্য কোন আইন প্রণয়ন করা হয়?
(ক) ব্যক্তিগত আইন (খ) সরকারি আইন (গ) বেসরকারী আইন (ঘ) আন্তর্জাতিক আইন

৪৫। নিম্নের কোনটি আইনের উৎস নয়?
(ক) ধর্ম (খ) প্রথা (গ) ন্যায়বোধ (ঘ) সংবিধান

৪৬। **Rule of Law** অর্থ –
(ক) আইনের শাসন (খ) শাসনের আইন (গ) আইনের সাম্য (ঘ) কোনটিই নয়

৪৭। সুশাসনের জন্য দরকার –
(ক) স্বাধীন বিচার বিভাগ (খ) স্বাধীন নির্বাচন কমিশন (গ) প্রধানমন্ত্রীর ক্ষমতা বৃদ্ধি (ঘ) ক + খ

৪৮। **Good Governance** ও **E-governance** এর মধ্যে সম্পর্ক –
(ক) ঘনিষ্ঠ (খ) বিরোধ (গ) বিচ্ছেদ (ঘ) কোনটিই নয়

৪৯। কোনটি প্রতিষ্ঠিত হলে দুর্নীতি রোধ হবে?
(ক) Good Governance (খ) E-governance (গ) ক + খ (ঘ) ধর্মীয় সহিষ্ণুতা

৫০। নিম্নের কোনটি জন প্রশাসনের জন্য একটি নব্য সংস্কৃতি?
(ক) স্বাধীন বিচার বিভাগ প্রতিষ্ঠা (খ) স্বাধীন গণমাধ্যম
(গ) সুশাসন (ঘ) কোনটিই নয়

-ঃ উত্তরমালা ঃ-

০১. ক	০২. গ	০৩. ক	০৪. খ	০৫. খ	০৬. খ	০৭. ঘ	০৮. গ	০৯. ক	১০. খ
১১. ক	১২. খ	১৩. খ	১৪. ক	১৫. ক	১৬. ক	১৭. গ	১৮. গ	১৯. গ	২০. খ
২১. গ	২২. গ	২৩. ক	২৪. ক	২৫. খ	২৬. গ	২৭. খ	২৮. ক	২৯. ঘ	৩০. খ
৩১. গ	৩২. খ	৩৩. খ	৩৪. ঘ	৩৫. ঘ	৩৬. ক	৩৭. গ	৩৮. ক	৩৯. ক	৪০. ঘ
৪১. গ	৪২. ঘ	৪৩. খ	৪৪. গ	৪৫. ঘ	৪৬. ক	৪৭. ঘ	৪৮. ক	৪৯. গ	৫০. গ

RAISUL ISLAM HRIDOY

বিসিএস ভাইজেস্ট

সূচীপত্র ভৌত বিজ্ঞান-০৫

পদার্থ কাকে বলে?
পরমাণুর গঠন
কার্বনের বহুমুখী ব্যবহার
অ্যাসিড ও অ্যাসিডের ধর্ম
ক্ষারক
লবণ
সাবান
ভৌত রাশি বা প্রাকৃতিক রাশি
তড়িৎ চুম্বক
শব্দ কাকে বলে
তাপ
আলো
তড়িৎ পরিবাহী
ইলেকট্রনিক্স
ক্ষমতা
শক্তি

আধুনিক পদার্থবিজ্ঞান
পারমাণবিক শক্তি
খনিজ উৎস
শক্তির রূপান্তর
শক্তির উৎস
আলোক যন্ত্রপাতি
মৌলিক কণা ধাতব পদার্থ ও তাদের যৌগসমূহ
ধাতব পদার্থ ও তাদের যৌগ সমূহ
জারণ, বিজারণ – জারক ও বিজারক পদার্থ
তড়িৎকোষ
জৈব যৌগ ও অজৈব যৌগ
তড়িৎ চুম্বক
ট্রান্সফরমার
এক্স রশ্মি
তেজস্ক্রিয়তা
বিজ্ঞানের বিভিন্ন আবিষ্কার ও সাল

RAISUL ISLAM HRIDOY

সূচীপত্র		
জীববিজ্ঞান		আধুনিক বিজ্ঞান
ডাউনলোড ইবুক		

সাধারণ বিজ্ঞান সিলেবাস

ভৌত বিজ্ঞান	জীব বিজ্ঞান	আধুনিক বিজ্ঞান

০৫	০৫	০৫

পদার্থ কাকে বলে?

যার ভর আছে,স্থান দখল করে,বল প্রয়োগ করলে বাধাঁ সৃষ্টি করে এবং যা পাঁচটি ইন্দ্রিয় দ্বারা অনুভব করা যায়, তাকে পদার্থ বলে। অন্যভাবে বলা যায় চিরায়ত বৈজ্ঞানিক দৃষ্টিভঙ্গিতে যা কিছু কোনও স্থান বা আয়তন দখল করে এবং জড়তা (বা ভর) ও মহাকর্ষ ধর্ম প্রদর্শন করে, তাকে পদার্থ বলে।

পদার্থের অবস্থা ও পরিবর্তন

পদার্থ

যার ভর আছে, যা কোন স্থান দখল করে এবং অবস্থান আছে তাকে পদার্থ বলে।

বৈশিষ্ট্য	**পদার্থ**	**শক্তি**
ভর	ভর আছে	ভর নাই
স্থান দখল	করে।	করে না
উদাহরণ	বায়ু, পানি	তাপ, বিদ্যুৎ, আলোক বা আলো

পদার্থের অবস্থা

পদার্থ সাধারণত ৩টি অবস্থায় থাকতে পারে।যথা: কঠিন, তরল ও বায়বীয়।তবে পদার্থের আরও একটি অবস্থা আছে। যার নাম প্লাজমা।

কঠিন পদার্থ: কঠিন পদার্থের নির্দিষ্ট আয়তন, আকার এবং দৃঢ়তা রয়েছে।এর অণুসমূহ পরস্পরের সন্নিকটে অবস্থান করে। যেমন: বালু, পাথর, লবন ইত্যাদি।

তরল পদার্থ: তরল পদার্থের নির্দিষ্ট আয়তন আছে কিন্তু নির্দিষ্ট আকার নেই। তরল পদার্থের অণুসমূহ পরস্পরের সন্নিকটে থাকলেও তাদের মধ্যকার আকর্ষণ কঠিন পদার্থের মত প্রবল নয়। যেমন: পেট্রোল. কেরেসিন, ভোজ্য তেল, পানি।

গ্যাসীয় পদার্থ: গ্যাসীয় পদার্থের নির্দিষ্ট আয়তন ও নির্দিষ্ট আকার নেই। গ্যাসীয় পদার্থের অণুসমূহের দূরত্ব অনেক বেশি তাই আকর্ষণ শক্তি অনেক কম।ফলে তারা প্রায় সম্পূর্ণ মুক্তভাবে চলাচল করে। যেমন: অক্সিজেন, নাইট্রোজেন, মিথেন।

পদার্থের তিন অবস্থায় রূপান্তরের প্রধান কারণ তাপ।পানি একমাত্র পদার্থ যা প্রকৃতিতে কঠিন (বরফ), তরল (পানি), ও বায়বীয় (জলীয় বাষ্প) এই তিন অবস্থাতেই পাওয়া যায়।

গলনাংক: যে তাপমাত্রায় কঠিন হতে তরল পদার্থের সৃষ্টি হয় তাকে পদার্থের গলনাংক বলে। পানির গলনাংক ০০ সেন্টিগ্রেড।

স্ফুটনাংক: যে তাপমাত্রায় তরল পদার্থ ফুটতে থাকে তাকে স্ফুটনাংক বলে।

ঊর্ধ্বপাতন: কোনো কোনো ক্ষেত্রে কঠিন পদার্থ উত্তপ্ত করলে তা তরলে রূপান্তরিত না হয়ে বাষ্পে সরাসরি রূপান্তরিত হয় তখন তাকে ঊর্ধ্বপাতন বলে। উদাহরণ: কর্পুর, গন্ধক, আয়োডিন, ন্যাপথালিন, এমোনিয়াম ক্লোরাইড, কার্বন ডাই অক্সাইড, আর্সেনিক, বেনজোয়িক এসিড প্রভৃতি।

পদার্থের শ্রেণিবিভাগ:

RAISUL ISLAM HRIDOY

পদার্থের শ্রেণিবিভাগকে দুই ভাগে ভাগ করা হয়েছে।

যথা: ১. মিশ্রণ

২. খাঁটি বস্তু

**খাঁটি বস্তু আবার দুই প্রকার। যথা: মৌল ও যৌগ

মিশ্রন: দুই বা ততোধিক পদার্থেকে যে কোন অনুপাতে একত্রে মিশালে যদি তারা নিজ নিজ ধর্ম বজায় রেখে পাশাপাশি অবস্থান করে, তবে উক্ত সমাবেশকে মিশ্রণ বলা হয়। বায়ু একটি মিশ্র পদার্থ। কারণ বায়ুতে উপাদান মৌল সমূহ যেমন: নাইট্রোজেন, অক্সিজেন, কার্বন-ডাই-অক্সাইড ইত্যাদি নিজ নিজ ধর্ম বজায় রেখে পাশাপাশি অবস্থান করে।

খাঁটি বস্তু

মৌল বা মৌলিক পদার্থ: যে বস্তুকে রাসায়নিকভাবে বিশ্লেষণ করে অন্য কোন সহজ বস্তুতে রূপান্তরিত করা যায় না, তাকে মৌল বা মৌলিক পদার্থ বলা হয়। যেমন: হাইড্রোজেন, নাইট্রোজেন, অক্সিজেন, সোনা, তামা, লোহা ইত্যাদি। পৃথিবীতে বর্তমানে মৌলিক পদার্ত ১১৮টি। এদের মধ্যে ৯৮টি মোল প্রকৃতিতে পাওয়া যায়। কৃত্রিম উপায়ে প্রাপ্ত মৌলিক পদার্থের সংখ্যা ২০।

সবচেয়ে হালকা মৌল	হাইড্রোজেন (H)
সবচেয়ে হালকা মৌলিক গ্যাস	হাইড্রোজেন (H)
সবচেয়ে ভারী মৌলিক গ্যাস	রেডন (RN)

RAISUL ISLAM HRIDOY

যৌগ বা যৌগিক পদার্থ

যে বস্তুকে রাসায়নিকভাবে বিশ্লেষণ করলে দুই বা ততোধিক মৌলিক পদার্থ পাওয়া যায়, তাকে যৌগ বা যৌগিক পদার্থ বলা হয়। যেমন: হাইড্রোজেন ও অক্সিজেন এ দুইটি মৌল নির্দিষ্ট ভর অনুপাতে পরস্পর যুক্ত হয়ে পানি উৎপন্ন করে। অতএব পানি একটি যৌগিক পদার্থ।

পদার্থের পরিবর্তন

পদার্থের পরিবর্তন দুই ধরনের। যথা: ভৌত বা অবস্থানগত পরিবর্তন হয় এবং রাষায়নিক পরিবর্তন হয়।

ভৌত বা অবস্থানগত পরিবর্তন

যে পরিবর্তনের ফলে পদার্থের শুধু বাহ্যিক আকার বা অবস্থার পরিবর্তন হয় কিন্তু নতুন কোনো পদার্থের পরিণত হয় না, তাকে ভৌত বা অবস্থানগত পরিবর্তন বলে।

উদাহরণ:

১. পানিকে ঠাণ্ডা করে বরফে এবং তাপ দিয়ে জলীয়বাষ্পে পরিণত করা।

২. একটি লোহর টুকরোকে চুম্বুক দ্বারা ঘর্ষণ করে চুম্বকে পরিণত করা।

৩. তাপ দিয়ে মোম গলানো

রাসায়নিক পরিবর্তন

যে পরিবর্তনের ফলে এক বা একাধিক বস্তু প্রত্যেকে তার নিজস্ব সত্তা হারিয়ে সম্পূর্ণ নতুন ধর্ম বিশিষ্ট এক বা একাধিক নতুন বস্তুতে পরিণত হয়, তাকে রাসায়নিক পরিবর্তন বলে।

উদাহরণ:

১. লোহায় মরিচা ধরা। মরিচা হলো আর্দ্র ফেরিক অক্সাইড (Fe2O3. nH2O)। লোহায় মরিচা ধরার জন্য পানি ও অক্সিজেন দরকার।

২. দুধকে চানায় পরিণত করা।

৩. চাল সিদ্ধ করে ভাতে পরিণত হয়।

৪. দিয়াশলাইয়ের কাঠি জ্বালানো।

আবিষ্কার	আবিষ্কারক	দেশ	সময়কাল
হাইড্রোজেন	হেরি ক্যাভেন্ডিস	যুক্তরাজ্য	১৭৬৬
অক্সিজেন	জে বি প্রিস্টলি	যুক্তরাজ্য	১৭৭৪
বৈদ্যুতিক কোষ	আলেকসান্ড্রো ভোল্টা	ইতালি	১৮০০
পারমানবিক ভর	জন ডাল্টন	যুক্তরাষ্ট্র	১৮০৩
তড়িৎ বিশ্লেষণের সূত্র	ফ্যারাডে	যুক্তরাজ্য	১৮৩৪
শুষ্ক কোষ	জর্জেস লেকল্যান্স	ফ্রান্স	১৮৬৪
প্লাস্টিক	আলেকজান্ডার পার্কস	যুক্তরাজ্য	১৮৬২

RAISUL ISLAM HRIDOY

পরমাণুর গঠন

একটা পরমানুর মধ্যে তিনটি মূল জিনিস থাকে। এরা হচ্ছে ইলেকট্রন, প্রোটন এবং নিউট্রন। পরমানু নিয়ে জানার আগে এদের সম্পর্কে আমাদের ভালো করে জানতে হবে।

ইলেকট্রন

ইলেকট্রন হচ্ছে একটি কোয়ান্টাম বস্তু বা অতি ক্ষুদ্র একটি বস্তু। এটি পরমানুর কেন্দ্র বা নিউক্লিয়াসের চারদিকে নির্দিষ্ট অরবিটে ঘুরতে থাকে। ইলেকট্রনকে তরঙ্গধর্মী বা wave particle হিসেবে কল্পনা করা হয় এবং একে প্রকাশ করা হয় wave function হিসেবে। ইলেকট্রনের wave function আমাদের ধারনা দেয় পরমানুতে কোন কোন জায়গায় ইলেকট্রনকে পাওয়া সম্ভব।

একটি ইলেকট্রনের ভর me = 9.11×10^{-31} kg

এবং চার্জ Qe = - 1.6×10^{-19} C

নিউক্লিয়াস

পরমানুর কেন্দ্রে যে জায়গাটায় নিউট্রন এবং প্রোটন থাকে সেই জায়গাকে নিউক্লিয়াস বলে। তবে এখন পর্যন্ত কেউই জানেন না নিউক্লিয়াস দেখতে আসলে কেমন। কারন একটা পরমানুর তুলনায় নিউক্লিয়াস অত্যন্ত ছোট। নিউট্রন এবং প্রোটনকে নিউক্লিওন (Nucleon) বলে। ইলেকট্রনের মত এই দুটো নিউক্লিওন গুলোও

তরঙ্গের মত আচরণ করে। কিন্তু তবুও এদেরকে particle বা কণা হিসেবে ধরা হয়। প্রোটন এবং নিউট্রন পরমানুর কেন্দ্রে খুব কম জায়গা দখল করে।

প্রোটন এবং নিউট্রনেরও ভর আছে। কিন্তু প্রোটনের চার্জ থাকলেও নিউট্রন চার্জহীন।

প্রোটনের ভর mp= 1.673 x 10^{-27} kg এবং চার্জ Qp = + 1.6 x 10^{-11} C

আবার নিউট্রনের ভর mn = 1.675 x 10^{-27} kg

নিউক্লিয়াসের ভর ইলেকট্রনের ভরের ১৮০০ গুন বেশি। তাই পরমানুর ভর বা atomic mass হিসাব করার সময় ইলেকট্রনের ভরকে neglect করা হয়। পরমানু wave particle (তরঙ্গ এবং কণা) হিসেবে আচরণ করে বলে এর ব্যাসার্ধ বা Radius সঠিকভাবে বের করা যায় না। তাই পরমানুর ব্যাসার্ধ বের করার জন্য নিউক্লিয়াসের কেন্দ্র থেকে ইলেকট্রন মেঘের প্রান্ত পর্যন্ত জায়গাকে ধরা হয়। সাধারনত হিসাবের সুবিধার জন্য নিউক্লিয়াসের radius এর মান ধরা হয়-

r = (1.5 x 10-15 m) (number of nucleons)1/3

পারমাণবিক ভর (Atomic Mass)

প্রতিটা পরমানুতে একটা নির্দিষ্ট ভর থাকে। এই ভরকে বের করা হয় সেই পরমানুর ইলেকট্রন, প্রোটন এবং নিউট্রন সংখ্যা ব্যবহার করে। পরমানুর এই ভরকে Atomic Mass বলে। ইলেকট্রনের ভর অনেক নগণ্য বলে নিউক্লিয়াসে অবস্থিত প্রোটন এবং নিউট্রনের ভরের যোগফলকেই Atomic mass হিসেবে ধরা হয়। যেহেতু একটা পরমানুর ভর অনেক অনেক ছোট তাই এই ভরকে unified atomic mass unit দিয়ে প্রকাশ করা হয়। এটি বের করার হিসাব হচ্ছে-

1 u (unified atomic mass unit) = 1.66054 x 10^{-27} kg

যদি পরমানুর এই ক্ষুদ্র ভরের ওপর আইনস্টাইনের $E = mc^2$ সূত্র প্রয়োগ করা হয় তবে এই ক্ষুদ্র পরিমান ভর বিশাল একটা শক্তিতে পরিনত হবে। এভাবেই নিউক্লিয়ার ফিজিক্স কাজ করে।

RAISUL ISLAM HRIDOY

কার্বনের বহুমুখী ব্যবহার

কার্বনের সংকেত C

কার্বনের যোজ্যতা বা যোজনী 4

কার্বনের পারমাণবিক গুরুত্ব 12

কার্বন একটি অদ্ভুত মৌল – বিভিন্ন রূপে পৃথিবীতে অবস্থান করে। একে কখনো মূল্যবান হীরক রূপে ধনীর ঘরে আবার কখনো কালো কয়লারূপে রান্নাঘরে জ্বালানি রূপে দেখা যায়। মুক্ত অবস্থায় এবং অন্যান্য মৌলের সঙ্গে যুক্ত অবস্থায় প্রকৃতির মধ্যে প্রচুর পরিমাণে কার্বন আছে।

ক) মুক্ত অবস্থায় কার্বন

মুক্ত অবস্থায় কার্বনকে হীরক এবং গ্রাফাইট রূপে স্ফটিকাকারে এবং কয়লারূপে অনিয়তাকারে পাওয়া যায়।

খ) অন্যান্য মৌলের সঙ্গে যুক্ত অবস্থায়

- ১. প্রাণী ও উদ্ভিদ জগতের অপরিহার্য উপাদান হলো কার্বন।
- ২. কার্বনকে হাইড্রোজেনের সঙ্গে হাইড্রোকার্বনরূপে পেট্রোলিয়াম, মার্স গ্যাস, প্রাকৃতিক গ্যাস প্রভৃতির মধ্যে পাওয়া যায়।

- ৩. অক্সিজেন ও হাইড্রোজেন এর সঙ্গে কার্বনকে কার্বোহাইড্রেট রূপে চিনি, গ্লুকোজ, স্টার্চ প্রভৃতির মধ্যে পাওয়া যায়।
- ৪. অক্সিজেন, হাইড্রোজেন এবং নাইট্রোজেনের সঙ্গে প্রোটিন এবং
- ৫. কার্বনের যৌগ রূপে ডলোমাইট $MgCO_3$, $CACO_3$ লাইমস্টোন প্রভৃতির মধ্যে পাওয়া যায়।
- ৬. বায়ুর একটি উপাদান হলো কার্বন-ডাই-অক্সাইড
- ৭. তেল ও চর্বি জাতীয় পদার্থের কার্বন পাওয়া যায়।

কার্বনের বহুরূপতা

অনেক সময় দেখা যায়, একই মৌলিক পদার্থ ভিন্ন ধর্ম বিশিষ্ট হয়।কোন কোন মৌলিক পদার্থ নিজের মূল রাসায়নিক ধর্ম অক্ষুন্ন রেখে বিভিন্নরূপে আত্মপ্রকাশ করতে পারে। একই মৌলের বিভিন্ন রূপে প্রকাশিত হওয়ার এই বিশেষ ধর্মকে বহুরূপতা বলে। মৌলিক পদার্থের বিভিন্ন রূপকে রূপভেদ বলে।এই সব মৌলের বিভিন্ন রূপের মধ্যে ভৌত ধর্মের পার্থক্য বেশি দেখা যায়। এদের রাসায়নিক ধর্মেও সামান্য পার্থক্য দেখা যায়।

বহুরূপতার কারণ

ক) মৌলের কেলাসন পদ্ধতির পার্থক্য।

খ) মৌলের অণুর মধ্যে পরমাণুর সংখ্যার তারতম্য হলেও বহুরূপতা দেখা যায়। যেমন অক্সিজেন O_2 এবং ওজন O_3।

গ) অণুর মধ্যে পরমাণু গুলির অবস্থানের তারতম্যের জন্য বহুরূপতা দেখা যায়। কার্বন ও গন্ধকের বহুরূপতা এই কারণে হয়ে থাকে।

ঘ) বিভিন্ন রূপভেদের অভ্যন্তরীণ শক্তির তারতম্যের জন্য অনেক সময় বহুরূপতা দেখা যায়। যেমন রম্বিক সালফারে তাপ প্রয়োগ করলে মনোক্লিনিক সালফারে পরিণত হয়। কাজেই মনোক্লিনিক সালফারে অভ্যন্তরীণ শক্তি বেশি থাকে। কার্বন সালফার ফসফরাস অক্সিজেন এবং আরও অনেক মৌলের বহুরূপতা দেখা যায়। অক্সিজেনের একটি বহু রূপ হল ওজোন গ্যাস।

কার্বনের রূপভেদ

কার্বন প্রাকৃতিক ভাবে দুই প্রকারের হয়

ক) কেলাসাকার

খ) অনিয়তাকার

ক) কেলাসাকার কার্বনের রূপভেদ

ক. হীরক এবং

খ. গ্রাফাইট

খ) অনিয়তাকার কার্বনের রূপভেদ

১. অঙ্গার বা চারকোল, উৎস অনুসারে দুই রকমের অঙ্গার আছে যথা

প্রাণীজ অঙ্গার এবং উদ্ভিদজ অঙ্গার

• প্রাণীজ অঙ্গার দুই প্রকারের

অস্থি কয়লা এবং রক্ত কয়লা

•উদ্ভিদজ অঙ্গার দু'প্রকারের

RAISUL ISLAM HRIDOY

কাঠ কয়লা এবং শর্করা কয়লা

২. ঝুল বা ভুসাকালি

৩. কোক

৪. গ্যাস কার্বন

৫. উজ্জীবিত কয়লা

ক) হীরক

দক্ষিণ আফ্রিকা, ব্রাজিল, রাশিয়া এবং ভারতের গোলকুণ্ডাতে ফেরত পাওয়া যায়। হীরক দুই রকম অবস্থায় পাওয়া যায়- একরকম হলো উজ্জ্বল, স্বচ্ছ কেলাসিত, প্রতিসারঙ্ক বেশি, তাই আলো পড়লে জ্বলজ্বল করে। অন্যরকম হলো কাল অসচ্ছ- এর নাম কার্বনেডো। আপেক্ষিক গুরুত্ব 3.5।

হীরকের ব্যবহার

উজ্জ্বল দ্যুতির জন্য রত্ন রূপে ব্যবহার করা হয়। হীরক দিয়ে কাচ কাটা হয়। পাথর ছিদ্র করা এবং পালিশ করার কাজে কার্বনেডো লাগে।

খ) গ্রাফাইট

শ্রীলংকা, সাইবেরিয়া, আমেরিকা এবং ইটালিতে পাওয়া যায়। গ্রাফাইট ধূসর বর্ণের কেলাসিত পদার্থ ও চকচকে। স্পর্শে নরম ও পচ্ছিল। তড়িৎ পরিবহন করে। আপেক্ষিক গুরুত্ব 2.25।

ব্যবহার

পেন্সিলের শীষ, উচ্চ তাপ সহ মুচি, ব্যাটারির তড়িৎ দ্বার, বৈদ্যুতিক চুল্লির তড়িৎদ্বার, ইলেক্ট্রোটাইপ, লুব্রিকেটিং তেল, লোহার দ্রব্য ও বারুদ পালিশ করতে এবং পারমাণবিক চুল্লিতে গ্রাফাইট ব্যবহার করা হয়।

- ১. অঙ্গার বা চারকোল
- অনিয়তাকার কালো রংয়ের কঠিন পদার্থ। এর মধ্যে অনেক ছিদ্র আছে। তাপ ও তড়িৎ এর সুপরিবাহী।
- কাঠের গুঁড়োকে বাতাসের অবর্তমানে লোহার বকযন্ত্রে উত্তপ্ত করে অন্তর্ধূম পাতন করলে বাকযন্ত্রে অবশেষরূপে কাঠ কয়লা পাওয়া যায়।
- ব্যবহার
- জ্বালানি রূপে, বিজারক রূপে ও বারুদ প্রস্তুতিতে ব্যবহৃত হয়।
- শর্করা কয়লা
- চিনি জাতীয় পদার্থের দ্রবণের সঙ্গে গারো সালফিউরিক এসিড যোগ করলে, গারো সালফিউরিক এসিডের চীনির অনুর থেকে জলীয় অংশ শোষণ করে নেয়। হলে পড়ে থাকে বিশুদ্ধ কার্বন।এইভাবে যে কয়লা পাওয়া যায় তাকে পাতিত জলের ধুলে এবং তারপরে শুষ্ক করলে বিশুদ্ধ কার্বন পাওয়া যায়।
- ব্যবহার
- পরীক্ষাগারে বিশুদ্ধ কার্বন রূপে শর্করা কয়লা ব্যবহৃত হয়।
- জীবজন্তুর হারকে চর্বিমুক্ত করার পর গুঁড়ো করে অন্তর্ধূম পাতন করলে অবশেষরূপে প্রাণিজ কয়লা পাওয়া যায়।
- ব্যবহার

RAISUL ISLAM HRIDOY

- চিনি শোধন, আইভরি ব্ল্যাক নামে কালো রং প্রস্তুতিতে ব্যবহার হয়।
- ২. ভুসাকালি
- তেলকে বা প্রাকৃতিক গ্যাসকে কম বাতাসে দহন করলে ভুসাকালি পাওয়া যায়। রান্না ঘরের ঝুল বা চোখের কাজলও ভুসা কালি।
- ব্যবহার
- ছাপার কালি, জুতোর কালে ও কালো রং প্রস্তুতিতে ব্যবহৃত হয়।
- ৩. কোক
- লোহার বকযন্ত্রে কয়লা রেখে অন্তর্ধূমপাতন করলে অবশেষে রুপে কোক পাওয়া যায়। পাতিত দ্রব্য রূপে কোল গ্যাস, অ্যামোনিয়া দ্রব, আলকাতরা গ্যাস কার্বন প্রভৃতি পাওয়া যায়।
- ব্যবহার
- জ্বালানি রূপে, ধাতুবিদ্যায় বিজারক রূপে, প্রডিউসার গ্যাস, ওয়াটার গ্যাস প্রস্তুতিতে, কৃত্রিম পেট্রোল প্রস্তুতিতে ব্যবহার হয়।
- ৪. গ্যাস কার্বন
- লোহার বকযন্ত্রে কয়লার অন্তর্ধূম পাতনের সময় বকযন্ত্রের গায়ে কাল গুড়োর আকারে যে আস্তরণ পাওয়া যায় তাকেই গ্যাস কার্বন বলে।
- ব্যবহার
- আর্ক আলো, ব্যাটারির তড়িৎদ্বার, ডায়নামো এবং মোটরের ব্রাশ প্রস্তুতিতে ব্যবহৃত হয়।
- ৫. উজ্জীবিত কয়লা
- নারকেলের খোলকে অন্তর্ধূম পাতন করলে এই কয়লা পাওয়া যায়। এই কার্বনের গ্যাস শোষণ করার ক্ষমতা আছে।
- ব্যবহার
- গ্যাস মুখোশ প্রস্তুতিতে, পেটের অসুখে অষুধ রূপে ব্যবহৃত হয়।

RAISUL ISLAM HRIDOY

কার্বনের বিভিন্ন রূপ ভেদগুলি দেখতে বিভিন্ন হলেও তারা প্রত্যেকেই আসলে কার্বন ছাড়া অন্য কিছু নয় তার প্রমাণ

কার্বনের বিভিন্ন রূপভেদ গুলির প্রত্যেকটি সমপরিমাণ নিয়ে বিশুদ্ধ এবং শুষ্ক অক্সিজেনের মধ্যে পৃথকভাবে দহন করানো হলো। এর ফলে প্রত্যেক ক্ষেত্রেই বর্ণহীন গন্ধহীন গ্যাস নির্গত হয়, যা স্বচ্ছ চুন জলকে ঘোলা করে। এর থেকে প্রমাণিত হয় যে, প্রতিটি রূপভেদের দহনে কার্বন ডাই অক্সাইড উৎপন্ন হয়। আরও দেখা গেল, প্রতিটি রূপভেদ এর দহনে উৎপন্ন কার্বন ডাই অক্সাইডের পরিমাণ একই হয়।এর দ্বারা প্রমাণিত হয় যে কার্বনের রূপভেদ গুলির প্রত্যেকে কার্বন ছাড়া অন্য কিছু নয়।

কার্বন ইস্পাতের সুবিধাসমূহ

কার্বন ইস্পাত মূলত দুই বা ততোধিক ধাতুর বিশেষ সংমিশ্রণ। যাতে কার্বনের উচ্চ ঘনত্ব রয়েছে। সহজ কথায়, এটি স্টেইনলেস স্টিল এবং ঢালাই লোহার মিশ্রণ যা রান্না করার জন্য উপযুক্ত। কয়েকটি বিশেষ কারণে এটি রান্না বিশেষজ্ঞের পছন্দের তালিকায় রয়েছে। জেনে নিন কারণ-

বহুমুখী

বিশেষজ্ঞদের মতে, অন্যান্য ধাতুর তুলনায় কার্বন ইস্পাত তাপ খুব বেশি সময় ধরে রাখে এবং অত্যন্ত টেকসই। চুলার জন্য সর্বত্র এটি ব্যবহার করতে পারেন। এটি গ্রিল এবং এমনকি ক্যাম্পফায়ার রান্নার জন্য ভাল কাজ করে।

দ্রুত গরম হয়

কার্বন ইস্পাত ঢালাই লোহার চেয়ে দ্রুত গরম হয়ে যায়। কাস্ট-আয়রনের জন্য ১০-৩০ মিনিটের প্রিহিটিং প্রয়োজন সেখানে কার্বন ইস্পাত কেবল ৩-৫ মিনিট সময় নেয়। এটি কেবল রান্নার সময়ই সাশ্রয় করে না, প্রচুর জ্বালানিও সাশ্রয় করে

ননস্টিক

ঢালাই লোহার একটি অমসৃণ পৃষ্ঠ রয়েছে কিন্তু কার্বন ইস্পাতের ননস্টিক পৃষ্ঠ থাকার কারণে রান্না সহজ করে তোলে। এছাড়া কার্বন ইস্পাতের প্যানে মরিচা পড়ে না।

ওজনে হালকা

ঢালাই লোহা বা স্টেইনলেস স্টিলের তুলনায় কার্বন ইস্পাত পাতলা এবং হালকা। বিশেষজ্ঞদের মতে, ১০ ইঞ্চি স্কিললেটের ওজন প্রায় ৫-৬ পাউন্ড। একই আকারের একটি কার্বন ইস্পাত প্যানের ওজন ৩-৪ পাউন্ড।

স্ক্র্যাচমুক্ত

ননস্টিক প্যানের সবচেয়ে বড় সমস্যা হলো সময়ের সাথে সাথে এগুলো আঠালো হয়ে যায় ফলে পরে ব্যবহার করা যায়না। তবে কার্বন স্টিলের সাহায্যে প্যানটি একবার ভালো করে পলেপ দিলে এটি ননস্টিক পৃষ্ঠ দেয় ফলে নিয়মিত ননস্টিক প্যানগুলোর তুলনায় দীর্ঘায়িত হয়।

সস্তা

বিশেষজ্ঞদের মতে, কার্বন স্টিলের কথা এলে সবচেয়ে বড় পয়েন্টগুলোর মধ্যে একটি হলো দামের পয়েন্ট। ঢালাই লোহা এবং কার্বন ইস্পাত দাম একই হয়। কার্বন ইস্পাত স্টেইনলেস স্টিল প্যানের তুলনায় সস্তা।

RAISUL ISLAM HRIDOY

কার্বনের বহুমুখী ব্যবহার

- বহুরূপতা হলো – প্রকৃতিতে একই মৌলের ভিন্ন ভিন্ন রূপে অবস্থান করার প্রবণতা।
- কার্বন একটি – বহুরূপী মৌল।
- কার্বনের রূপভেদ হলো – হীরক ও গ্রাফাইট।
- অধাতু হলেও বিদ্যুৎ পরিবহন করে – গ্রাফাইট।
- প্রকৃতিতে সবচেয়ে শক্ত পদার্থ হলো – হীরক।
- কাঁচ কাটতে ব্যবহৃত হয় – হীরা।
- যে মৌলের যৌগের সংখ্যা সবচেয়ে বেশি – কার্বন।
- উড পেন্সিলের সীসরূপে ব্যবহৃত হয় – গ্রাফাইট।
- নতুন অাবিস্কৃত যৌগ 'বোরোজেন' হীরক অপেক্ষা – কঠিন।
- কার্বন সবচেয়ে বেশি অাছে – অ্যানথ্রাসাইড কয়লায়।
- একখন্ড হীরক হচ্ছে – একটি বৃহৎ অণু।
- হীরক উজ্জ্বল দেখায় – পূর্ণ অভ্যন্তরীণ প্রতিফলনের জন্য।
- কয়লার মূল উপাদান – কার্বন।
- ক্যাটেনেশন ধর্ম দেখায় – কার্বন।

- পীট কয়লার বৈশিষ্ট্য – নরম ও ভেজা।
- জৈব যৌগ হলো – কার্বন ও অন্যান্য মৌলের সমন্বয়ে গঠিত যৌগ।
- কার্বন পরমাণুবিহীন প্রায় সকল যৌগ – অজৈব যৌগ।
- সাধারণ ড্রাইসেলে ধনাত্মক পাত হিসেবে ব্যবহৃত হয় – কার্বনদণ্ড।
- শুষ্ক কোষে ইলেকট্রন দান করে – কার্বনদণ্ড।
- মসৃণকারক হিসেবে ব্যবহৃত হয় – গ্রাফাইট।
- পারমাণবিক চুল্লীতে নিউট্রনের গতি হ্যাসের জন্য মন্থরক হিসেবে ব্যবহৃত হয়, – গ্রাফাইট।
- কালো রং হিসেবে ছাপার কালিতে ব্যবহৃত হয় – ভুষা কয়লা।
- কার্বন হলো – একটি বিজারক পদার্থ।
- চিনি শোধন করতে ব্যবহৃত হয় – প্রাণিজ কয়লা।
- ধাতু নিষ্কাশনে ব্যবহৃত হয় – কাঠ কয়লা।
- নরম ও সাবানের মতো পিচ্ছিল হওয়ায় গ্রাফাইট ব্যবহৃত হয় – কলকব্জায় পিচ্ছিলকারক বা লুব্রিকেন্ট হিসেবে।
- গ্রাফাইট থেকে সীস তৈরি হয় – কাদা মিশিয়ে।
- এক্সরের সাহায্যে চেনা যায় – আসল না নকল হীরা।
- হীরকচূর্ণ দিয়ে তৈরি করা হয় – রং।
- অপর্যাপ্ত আবদ্ধ পাত্রে প্রাণীর হাড় ও রক্ত রেখে তাপ প্রয়োগ করলে বিধ্বংসী পাতনের ফলে এক প্রকার কয়লা উৎপন্ন হয় একে বলে – প্রাণিজ কয়লা।
- প্রাণিজ দেহের হাড়ের বিধ্বংসী পাতনের ফলে উৎপন্ন কয়লাকে বলে – অস্থিজ কয়লা।
- অস্থিজ কয়লাকে HCl দ্বারা প্রক্রিয়াজাত করে তৈরি করা হয় – আইভরি ব্ল্যাক।
- আইভরি ব্ল্যাক ব্যবহৃত হয় – কালো রং হিসেবে।

RAISUL ISLAM HRIDOY

অ্যাসিড কাকে বলে

হাইড্রোজেন যুক্ত যে যৌগের স্বাদ অম্ল এবং যে যৌগের হাইড্রোজেন পরমাণুকে ধাতু বা ধাতুর মতো আচরণকারি মুলক দ্বারা আংশিক বা সম্পূর্ণরূপে প্রতিস্থাপন করা যায়, তাকে অ্যাসিড বলে।

আয়নীয় তত্ত্ব অনুযায়ী অ্যাসিডের সংজ্ঞা

যে হাইড্রোজেন ঘটিত যৌগ জলীয় দ্রবণে বিয়োজিত হয়ে ক্যাটায়ন রূপে শুধু H+ আয়ন দেয় সেই যৌগকে অ্যাসিড বলে। সালফিউরিক অ্যাসিড, হাইড্রোক্লোরিক অ্যাসিড, নাইট্রিক অ্যাসিড, ফসফরিক অ্যাসিড, কার্বনিক অ্যাসিড প্রভৃতি কয়েকটি প্রধান এসিড। খনিজ পদার্থ থেকে এগুলি প্রস্তুত করা হয় বলে এদেরকে খনিজ এসিড বলে। এসিডের জলীয় দ্রবণে H+ আয়ন ছাড়া অন্য ক্যাটায়ন থাকে না।

$HCl \rightleftharpoons H^+ + Cl^-$

অ্যাসিটিক অ্যাসিড, ফরমিক অ্যাসিড প্রভৃতি অ্যাসিড জৈব পদার্থ থেকে পাওয়া যায় বলে এদেরকে জৈব এসিড বলে।

অ্যাসিডের ধর্ম

- অ্যাসিডের ধর্ম (প্রধান) হল জলীয় দ্রবণে হাইড্রোজেন আয়ন উৎপন্ন করা। এই H+ আয়নের উপস্থিতির জন্য দ্রবণে অ্যাসিডের ধর্ম প্রকাশ পায়।

- ক) এসিডের স্বাদ অম্ল হবেই। খুব পাতলা হাইড্রোক্লোরিক অ্যাসিড এক ফোঁটা জিভে লাগালে টক লাগে।
- খ) অ্যাসিড নির্দেশকের বর্ণ পরিবর্তন করে। যেমন অ্যাসিড লিটমাস কাগজকে লাল করে দেয় এবং মিথাইল অরেঞ্জকে গোলাপী লাল রঙে কনভার্ট করে দেয়।
- গ) ক্ষার বা ক্ষারকের সঙ্গে বিক্রিয়ায় লবণ এবং জল উৎপন্ন করে যেমন হাইড্রোক্লোরিক এসিডের সঙ্গে সোডিয়াম হাইড্রোক্সাইড এর বিক্রিয়ায় সোডিয়াম ক্লোরাইড লবণ এবং জল উৎপন্ন হয়।
- $HCl+NaOH=NaCl+H_2O$
- ঘ) ধাতুর সঙ্গে বিক্রিয়া
- হাইড্রোজেন এর চেয়ে বেশি তড়িৎ ধনাত্মক ধাতুর সঙ্গে বিক্রিয়ায় এসিডের প্রতিস্থাপনযোগ্য হাইড্রোজেন, ধাতু দ্বারা প্রতিস্থাপিত হয়ে লবণ উৎপন্ন করে এবং হাইড্রোজেন গ্যাস নির্গত হয়।
- $Mg+2HCl=MgCl_2+H_2$
- ঙ) কার্বনেট অথবা বাই কার্বনেট লবণ থেকে কার্বন ডাই অক্সাইড উৎপন্ন করে।
- $H_2SO_4+NaCO_3=NaSO_4+CO_2+H_2O$ছ) এসিডের ক্ষারগ্রাহীতা
- চ) কোন এসিডের একটি অনুর মধ্যে যত সংখ্যক প্রতিস্থাপনীয় হাইড্রোজেন পরমাণু থাকে সেই সংখ্যাকেই এসিডের ক্ষারগ্রাহীতা বলে।
- হাইড্রোক্লোরিক এসিডের ক্ষারগ্রাহীতা 1। ফসফরিক এসিডের ক্ষারগ্রাহীতা 3। সালফিউরিক এসিডের ক্ষারগ্রাহীতা 2।
- চ) আয়নীয় বিয়োজনে এসিডের জলীয় দ্রবণে ক্যাটায়ন রূপে শুধু H+ বর্তমান থাকে।

তীব্র অ্যাসিড কি

যে এসিড জলীয় দ্রবণে তড়িৎ বিভাজিত হয়ে বেশি পরিমাণ H+ আয়ন উৎপন্ন করে তাকে তীব্র অ্যাসিড বলে। যেমন HCl, H_2SO_4, HNO_3

মৃদু অ্যাসিড কি

যে এসিড জলীয় দ্রবণে তড়িৎ বিভাজিত হয়ে অল্প সংখ্যক H+ আয়ন দেয়, তাকে মৃদু অ্যাসিড বলে। যেমন কার্বনিক অ্যাসিড, এসিটিক এসিড, ফসফরিক এসিড ইত্যাদি।

অ্যাসিডের শনাক্তকরণ

- ক) লিটমাস দ্রবণ অ্যাসিড এর সংস্পর্শে এলে লাল হয়ে যায়। মিথাইল অরেঞ্জ নির্দেশক এসিডের মধ্যে দু'ফোঁটা যোগ করলে এসিডের বর্ণ লাল হয়ে যায়।
- 'খ) সোডিয়াম কার্বনেট দ্রবনে এসিড যোগ করলে প্রচুর বুদবুদ সৃষ্টি হয়। এবং কার্বন-ডাই-অক্সাইড গ্যাস নির্গত হতে থাকে।

ক্ষারক

যে যৌগ (সাধারণত ধাতব অক্সাইড বা হাইড্রোক্সাইড) অ্যাসিডের সঙ্গে বিক্রিয়া করে লবণ ও জল উৎপন্ন করে তাকে ক্ষারক বলে।

যেমনNa_2O, MgO, $Al(OH)_3$ প্রভৃতি।

$ZnO+2HCl=ZnCl_2+H_2O$

আয়নীয় তত্ত্ব অনুযায়ী ক্ষারের সংজ্ঞা

RAISUL ISLAM HRIDOY

যেসব যৌগ জলীয় দ্রবণে আয়নিত হয় হাইড্রোক্সিল (OH-) আয়ন উৎপন্ন করে, এবং হাইড্রোক্সিল আয়ন ছাড়া অন্য কোন অ্যানায়ন উৎপন্ন করে না তাদের ক্ষারক বলে।

$NaO+ H_2O= 2NaOH$

NH3, ধাতব অক্সাইড বা হাইড্রোক্সাইড নয়, কিন্তু যেহেতু NH3 এসিডের সঙ্গে বিক্রিয়ায় লবণ উৎপন্ন করে এবং জলীয় দ্রবণে OH– আয়ন দেয়, তাই NH3 কে ক্ষারক হিসেবে গণ্য করা হয়।

ক্ষারকের ধর্ম

- ক) ক্ষারক নির্দেশক এর বর্ণ পরিবর্তন করে
- লিটমাস এ ক্ষারক যোগ করলে নীল বর্ণ ধারণ করে, মিথাইল অরেঞ্জ এর সাথে ক্ষারক যোগ করলে হলুদ বর্ণ ধারণ করে, ফেনালপ্থ্যালিনের সাথে ক্ষারক যোগ করলে বর্ণহীন হয়।
- খ) জলে দ্রবণীয় ক্ষারক গুলি জলীয় দ্রবণে তড়িৎ বিয়োজিত হয়ে অ্যানায়ন রূপে কেবল OH– আয়ন উৎপন্ন করে NaOH=Na++OH–
- গ) অ্যাসিডের সঙ্গে বিক্রিয়া করে লবণ এবং জল উৎপন্ন করে।
- NaOH এর সঙ্গে HCl এর বিক্রিয়ায় NaCl লবণ এবং জল উৎপন্ন হয়।
- Cu এর সঙ্গে সালফিউরিক এর বিক্রিয়ায় $CuSO_4$ লবণ এবং জল উৎপন্ন করে।
- সুতরাংNaOH, $CuSO_4$ প্রভৃতি ক্ষারক পদার্থ।
- ঘ) ক্ষারক এর OH– আয়ন সর্বদাই এসিডের OH+ আয়নের সঙ্গে বিক্রিয়া করে জলের অনু গঠন করে। সেই জন্য ক্ষারককে H+ আয়ন বা প্রোটন গ্রাহক বলে।

ক্ষার

যে সমস্ত ক্ষারক (ধাতব অক্সাইড বা হাইড্রোক্সাইড) জলে দ্রবীভূত হয়, তাদের ক্ষার বলে। ক্ষারের জলীয় দ্রবণ লাল লিটমাসকে নীল করে এবং অ্যাসিডের সঙ্গে বিক্রিয়া দ্বারা লবণ ও জল উৎপন্ন করে। ক্ষার দ্রবণে হাত দিলে সাবানের মত পিচ্ছিল বোধ হয়।

সব ক্ষারক জলে দ্রবণীয় না হতে পারে, কিন্তু ক্ষার মাত্রই জলে দ্রাব্য। সুতরাং সকল ক্ষারক ক্ষার নয় কিন্তু সকল ক্ষারই ক্ষারক। যেমন $Al(OH)^3$ জলে দ্রবীভূত হয় না সুতরাং এটি ক্ষারক, ক্ষার নয়।

NaOH একটি ক্ষারক, কিন্তু জলে দ্রবীভূত হয়ে আয়নিত হয় এবং OH– আয়ন দেয় তাই এটি ক্ষার। ক্ষারক জলে দ্রবীভূত হয়ে ক্ষার উৎপন্ন করে সুতরাং সব ক্ষারই ক্ষারক কিন্তু যেহেতু সব ক্ষারক জলে দ্রবীভূত হয় না তাই সব ক্ষারক ক্ষার নয়।

তীব্র ক্ষার

যে ক্ষার জলীয় দ্রবণে তড়িৎ বিভাজিত হয়ে বেশি পরিমাণে OH– আয়ন উৎপন্ন করে তাকে তীব্র ক্ষার বলে। যেমন সোডিয়াম হাইড্রোক্সাইড পটাশিয়াম হাইড্রোক্সাইড ক্যালসিয়াম হাইড্রোক্সাইড প্রভৃতি তীব্র ক্ষার।

মৃদু ক্ষার

যেসব ক্ষার জলীয় দ্রবণে তড়িৎ বিয়জিত হয়ে কম সংখ্যাক OH– আয়ন উৎপন্ন করে তাকে মৃদু ক্ষার বলে। যেমন অ্যামোনিয়াম হাইড্রোক্সাইড NH4OH ফেরিক হাইড্রক্সাইড Fe(OH)3 ইত্যাদি।

ক্ষারক বা ক্ষারের অম্ল গ্রহীতা

কোন ক্ষারকের একটি অনুর মধ্যে যত সংখ্যক OH মূলক বর্তমান থাকে, ওই সংখ্যাকে ওই ক্ষারের অম্ল গ্রহীতা বলে। যেমন সোডিয়াম হাইড্রোক্সাইড NaOHএর অম্ল গ্রহীতা 1, ক্যালসিয়াম হাইড্রোক্সাইড Ca (OH)2 এর অম্ল গ্রহীতা 2।

RAISUL ISLAM HRIDOY

দ্রাব্যতা ও দ্রাব্যতার উপর উষ্ণতার প্রভাব

ক্ষার সনাক্তকরণ

- ক) ক্ষারের জলীয় দ্রবণে দু'ফোঁটা লাল লিটমাস দ্রবণ যোগ করলে দ্রবণটি নীল হয়ে যায়।
- খ) দু-এক ফোঁটা ফেনোলফ্থলেইন দ্রবণ ক্ষার দ্রবণে যোগ করলে দ্রবণের বর্ণ লালচে বেগুনি হয়ে যায়।

লবণ

লবণের সংজ্ঞা

এসিডের প্রতিস্থাপনযোগ্য হাইড্রোজেন পরমাণু,ধাতু বা অন্য কোনো পজিটিভ তড়িৎ গ্রস্ত মূলক দ্বারা অথবা সম্পূর্ণরূপে প্রতিস্থাপিত হয়ে যে যৌগ উৎপন্ন করে তাকে লবণ বলে।

$HCl+NaOH=NaCl+H_2O$

লবণ,তড়িৎ বিয়োজিত অবস্থায় হাইড্রোজেন আয়ন ছাড়া অন্য ক্যাটায়ন এবং হাইড্রোক্সিল ছাড়া অন্য অ্যানায়ন উৎপন্ন করে।

$HCl=H^{++}Cl^-$

$NaOH= Na^{++} OH^-$

$HCl+NaOH=H_2O+Na^{++}Cl^-$

এখানে H+আয়ন দ্বারা প্রতিস্থাপিত হয়ে NaCl লবণ উৎপন্ন করে এবংNaCl তড়িৎ বিয়োজিত হয়ে H+এবং Cl– আয়ন উৎপন্ন করে।

লবনের শ্রেণীবিভাগ

- ক) সমিত বা নরমাল লবণ
- কোন অ্যাসিডের অণুতে প্রতিস্থাপনীয় সমস্ত হাইড্রোজেন পরমাণু, ধাতু বা অন্য কোনো পজিটিভ তড়িৎগ্রস্ত মূলক দ্বারা প্রতিস্থাপিত হয়ে যে লবণ উৎপন্ন করে তাকে নরমাল লবণ বা সমিত লবণ বলে।হাইড্রোক্লোরিক অ্যাসিড থেকে উৎপন্ন সোডিয়াম ক্লোরাইড সালফিউরিক অ্যাসিড থেকে উৎপন্ন সোডিয়াম সালফেট নর্মাল লবণের উদাহরণ।
- খ) ক্ষারকীয় লবণ
- কোন ক্ষারকের সমস্ত হাইড্রোক্সিল মূলক এসিড দ্বারা সম্পূর্ণ প্রশমিত না হয় আংশিক প্রশমিত হওয়ার ফলে যে লবণ উৎপাদন হয় তাকে ক্ষারকীয় লবণ বলে
- $Pb(OH)_2+HNO=Pb(OH)NO_3-+H_2O$
- ক্ষারীয় লেড কার্বনেট $Pb(OH)_2$, $2PbCO_3$ ক্ষারীয় কপার কার্বনেট $CuCO_3$,$CuOH_2$ প্রভৃতি ক্ষারীয় লবণের উদাহরন।
- গ) এসিড লবণ
- এসিডের প্রতিস্থাপনীয় হাইড্রোজেন পরমাণু, ধাতু বা অন্য কোনো পজিটিভ তড়িৎগ্রস্ত মূলক দ্বারা প্রতিস্থাপিত হয়ে যে লবণ উৎপন্ন করে তাকে এসিড লবণ বলা হয়।
- $H_2OSO_4+NaOH=NaHSO_4+H_2O$হাইড্রোজেন পরমাণু দ্বারা প্রতিস্থাপিত হয়ে সোডিয়াম বাই সালফেট লবনের উৎপন্ন করেছে। $NaHSO_4$ একটি এসিড লবণ।

RAISUL ISLAM HRIDOY

- সোডিয়াম বাই কার্বনেট $NaHCO_3$, ডাই সোডিয়াম হাইড্রোজেন ফসফেট Na_2HPO_4 প্রভৃতি লবণগুলি এসিড লবণ।
- ঘ) দ্বিধাতব লবণ
- অনেক সময় দুটি লবণ নির্দিষ্ট আণবিক অনুপাতে যুক্ত হয়ে নতুন লবন সৃষ্টি করে।কঠিন অবস্থায় এই লবণ স্থায়ী কিন্তু জলে দ্রবীভূত অবস্থায় তড়িৎ বিয়োজিত হয়ে উপাদান লবণ আয়ন উৎপন্ন করে। অ্যালাম K_2SO_4, AL $(SO_4)_3$, $24H_2O$ ক্রম অ্যালাম K_2SO_4,$Cr_2(SO_4)_3$, $24H_2O$ এই জাতীয় লবণের উদাহরণ।

প্রশমন

প্রশমনের সংজ্ঞা

এসিড বা ক্ষারের মধ্যে বিক্রিয়া সম্পূর্ণ হলে ধর্ম সম্পূর্ণরূপে লোপ পেয়ে লবণ ও জল উৎপন্ন হয়। এসিড ও ক্ষারের মধ্যে এইরকম বিক্রিয়াকে প্রশমন ক্রিয়া বলে।

তুল্য পরিমাণ এসিডের সঙ্গে তুল্য পরিমাণ ক্ষারের বিক্রিয়ায় লবণ ও জল উৎপন্ন হয়। উৎপন্ন দ্রবণে এসিড বা ক্ষারের ধর্ম প্রকাশ পায় না। এইরকম বিক্রিয়াকে প্রশমন বলে।

যেমন HCl এর সঙ্গে NaOH এর বিক্রিয়ায় NaCl লবণ ও জল উৎপন্ন হয়।

$HCl+NaOH=NaCl+H_2O$

- অ্যাসিডের দ্রবণে H+ আয়ন থাকে এবং দ্রবণে এসিডের ধর্ম এই H+ আয়নের জন্য। আবার ক্ষার দ্রবণে OH– আয়ন থাকে দ্রবণের ক্ষারীয় ধর্ম OH– আয়নের জন্য। জলের মধ্যে এসিডের ধর্ম ও নাই আবার ক্ষারের ধর্ম নেই।

  সুতরাং, জলীয় দ্রবণের তুল্যাঙ্ক পরিমাণে এসিড ও ক্ষার মেশালে এসিডের H+ আয়ন ও ক্ষারের OH– আয়নের সঙ্গে যুক্ত হয়ে তড়িৎ নিরপেক্ষ জলের অণু উৎপন্ন করে। দ্রবণে অতিরিক্ত H+ আয়ন অথবা অতিরিক্ত OH– থাকে না। ফলে দ্রবণে এসিড বা ক্ষার এর কোন কোন প্রকাশ পায় না। এই দ্রবণ লাল লিটমাসকে নীল, নীল লিটমাসকে লাল করে না। এসিডের অ্যানায়ন এবং ক্যাটায়ন এর কোন পরিবর্তন হয়না।
- HCl=H++Cl–

  NaOH= Na++ OH–

  HCl+NaOH=H2O+Na++Cl–

  ল্যাবরেটরীতে এসিড ও ক্ষারের প্রশমন বিক্রিয়া ঘটানো হয় টাইট্রেশন পদ্ধতিতে।

বিলীয়মান রং

এমোনিয়া জলে দ্রবীভূত হয়ে অ্যামোনিয়াম হাইড্রোক্সাইড উৎপন্ন করে। অ্যামোনিয়াম হাইড্রোক্সাইড একটি মৃদু ক্ষার। অ্যামোনিয়াম হাইড্রোক্সাইড এর সঙ্গে সামান্য ফেনোফথ্যালিন নির্দেশক যোগ করলে দ্রবণের বর্ণ লালচে বেগুনি হয়ে যায়। সাদা কাপড়ে এই রং দিলে কাপড়টি লালচে বেগুনি হয়ে যায়। যেহেতু এমোনিয়া একটি গ্যাস,তাই বাতাসের সংস্পর্শে এলে ওই দ্রবণ থেকে অ্যামোনিয়া বাষ্পীভূত হয়ে উড়ে যায়।এমোনিয়া না থাকায় দ্রবণের ক্ষার ধর্ম আর থাকেনা প্রসম হয়ে যায়। প্রশম দ্রবণে ফেনোফথ্যালিন এর কোন বর্ণ নেই, তাই

RAISUL ISLAM HRIDOY

ওই লালচে বেগুনি রং অদৃশ্য হয়ে যায়। কাপটি আবার আগের মত সাদা হয়ে যায়। ফেনোফথ্যালিন যুক্ত অ্যামোনিয়াম হাইড্রোক্সাইড এর দ্রবণকে তাই বিলীয়মান রং বলে।

নির্দেশক এবং প্রশমন বিক্রিয়ায় নির্দেশক এর প্রয়োজনীয়তা

কতকগুলি জৈব যৌগ আছে যাদের বর্ণ এসিডে একরকম এবং ক্ষারে অন্যরকম হয়। এই জৈব যৌগ গুলিকে নির্দেশক বলে।টাইট্রেশন এর সময় অ্যাসিড এবং ক্ষারের মধ্যে বিক্রিয়ায়এই নির্দেশক গুলি নিজেদের বর্ণ পরিবর্তন করে বিক্রিয়ায় প্রশমন ক্ষন নির্দেশ করে। লিটমাস দ্রবণ, মিথাইল অরেঞ্জ, ফেনোফথ্যালিন প্রভৃতি এই জাতীয় জৈব যৌগ। এরা নির্দেশক। দ্রবণের নির্দেশক এর বর্ণ দেখে দ্রবণটি আম্লিক না ক্ষারীয় বা প্রশমন তা জানা যায়।

তুল্য পরিমাণ অ্যাসিড কাকে বলে

এসিডের যত ভাগ ওজনের একভাগ ওজনের প্রতিস্থাপনীয় হাইড্রোজেন থাকে তাকে তুল্য পরিমাণ এসিড বলে।তুল্য পরিমাণ ক্ষার কাকে বলে

ক্ষারের যতভাগ ওজন এক তুল্য পরিমাণ অ্যাসিডকে প্রশমিত করে, তাকে তুল্য পরিমাণ ক্ষার বলে।

অম্ল,ক্ষারক ও লবণের ব্যবহার

১. দুর্বল এসিড – যে সকল এসিড পানিতে আংশিকভাবে বিয়োজিত হয় অর্থাৎ যতগুলো এসিডের অণু থাকে তার সবগুলো হাইড্রোজেন আয়ন(H+) তৈরি করে না। জৈব এসিডসমূহ দুর্বল এসিডের অন্তর্ভুক্ত। উদাহরণঃ এসিটিক এসিড(CH_3COOH),সাইট্রিক এসিড($C_6H_8O_7$) ও অক্সালিক এসিড(HOOC-COOH) । ব্যতিক্রমঃ কার্বোনিক এসিড(H_2CO_3) ইহা জৈব এসিড নয় কিন্তু দুর্বল এসিড।

২. শক্তিশালী এসিড – যে সকল খনিজ এসিড পানিতে পুরোপুরি বিয়োজিত হয় অর্থাৎ যতগুলো এসিডের অণু থাকে তার সবগুলো হাইড্রোজেন আয়ন (H+) তৈরি করে।উদাহরণঃ সালফিউরিক এসিড (H_2SO_4),নাইট্রিক এসিড(HNO_3) ও হাইড্রোক্লোরিক এসিড(HCl)

৩. ভিটামিন সি/এসকরবিক এসিড – ক্ষত সারাতে সাহায্য করে। এর অভাবে স্কার্ভি রোগ হয়।

৪. আম, জলপাই ইত্যাদির আচার সংরক্ষণে ব্যবহৃত হয় – ভিনেগার বা এসিটিক এসিড (CH_3COOH)

৫. বোরহানি বা দই –এ বিদ্যমান এসিডের নাম – ল্যাকটিক এসিড; হজমে সহায়তা করে ।

৬. পাউরুটি ফোলাতে ব্যবহৃত হয় – বেকিং সোডা। তাপ দিলে বেকিং সোডা ভেঙে কার্বন ডাই অক্সাইড উৎপন্ন হয়, যা পাউরুটি ফুলিয়ে তোলে।

৭. টয়লেট পরিষ্কারকের মূল উপাদান – শক্তিশালী এসিড HCl, HNO_3, H_2SO_4

৮. সৌর প্যানেল, IPS (Instant Power Supply) বা গাড়িতে যে ব্যাটারি ব্যবহার করা হয় তার অত্যাবশ্যকীয় উপাদান – সালফিউরিক এসিড

৯. বোলতা/ভীমরুল ও বিচ্ছুর হুলে থাকে – হিস্টামিন নামক ক্ষারক।মলম হিসেবে ব্যবহার করা হয় ভিনেগার বা বেকিং সোডা যেগুলো এসিড। এসিড ক্ষারক বিক্রিয়ায় জ্বালা প্রশমিত হয়।

১০. সার কারখানায় রাসায়নিক সার যেভাবে তৈরি হয় –

ফসফরিক এসিড [$H3(PO_4)$] থেকে – অ্যামোনিয়াম ফসফেট [$(NH_4)_3\ PO_4$]

সালফিউরিক এসিড থেকে – অ্যামোনিয়াম সালফেট [$(NH_4)_2\ SO_4$]

নাইট্রিক এসিড থেকে – অ্যামোনিয়াম নাইট্রেট $NH_4\ NO_3$

RAISUL ISLAM HRIDOY

১১. এসিড ছোড়ার শাস্তি – যাবজ্জীবন কারাদণ্ড থেকে মৃত্যুদণ্ড পর্যন্ত (নারী ও শিশু নির্যাতন আইন ১৯৯৫ অনুযায়ী)

১২. pH কী – কোনো একটি জলীয় দ্রবণে হাইড্রোজেন আয়নের ঘনমাত্রার[H+] নেগেটিভ লগারিদমকে pH বলে। pH এর মান কোনো দ্রবণের অম্ল,ক্ষারক বা নিরপেক্ষতা নির্দেশ করে। যেমনঃ

কোনো দ্রবণের pH = ৭ হলে তা নিরপেক্ষ জলীয় দ্রবণ বা বিশুদ্ধ পানি হবে ।

কোনো দ্রবণের pH < ৭ হলে তা অম্লীয় বা এসিডীয় দ্রবণ ।

কোনো দ্রবণের pH > ৭ হলে তা ক্ষারীয় দ্রবণ।

১৩. আমাদের ধমনীর রক্তের pH – প্রায় ৭.৪(~০.৪ হেরফের হলে মারাত্মক বিপর্যয় এমনকি মৃত্যু হতে পারে)

১৪. জিহ্বার লালার সবচেয়ে কার্যকর ভূমিকা রাখতে প্রয়োজনীয় pH হলো – ৬.৬

১৫. আমাদের পাকস্থলীতে খাদ্য হজম করতে দরকারি pH হলো – ২ (~০.৫ হেরফের হলে বদহজম সৃষ্টি করে)

১৬.আমাদের প্রসাবের স্বাভাবিক pH হলো- ৭ এর কম

১৭. মাটির pH – ৪ থেকে ৮ হয়ে থাকে।

১৮. নবজাতক শিশুর ত্বকের pH – ৭ এর কাছাকাছি

১৯. এসিড ও ক্ষারের বিক্রিয়ায় উৎপন্ন হয় – নিরপেক্ষ পদার্থ লবণ এবং পানি

২০. ক্ষারক লাল বর্ণের লিটমাস কাগজের রং পরিবর্তন করে নীল করে।

ক্ষারক কমলা বর্ণের মিথাইল অরেঞ্জের রং পরিবর্তন করে হলুদ করে।

ক্ষারক লাল বর্ণের মিথাইল রেডের রং পরিবর্তন করে হলুদ করে।

ক্ষারক বর্ণহীন ফেনলফথ্যালিনের রং পরিবর্তন করে গোলাপি করে; ফেনলফথ্যালিন (Phenolphthalein) একটি বর্ণহীন দুর্বল এসিড।

RAISUL ISLAM HRIDOY

বিভিন্ন চাকরির পরীক্ষায় আসা প্রশ্নোত্তর

কৃষি জমিতে প্রধানত চুন ব্যবহার করা হয় –
মাটির অম্লতা হ্রাসের জন্য।

নিম্নের কোনটি বেকিং পাউডারের মূল উপাদান
— সোডিয়াম বাই কার্বনেট

ফুল ও ফলের মিষ্টি গন্ধের জন্য দায়ী কোনটি?
উ এস্টার।

পাকা কলায় কোন এস্টার থাকে?
উ অ্যামাইল অ্যাসিটেট।

পাকা আনারসে কোন এস্টার থাকে?
উ ইথাইল বিউটারেট।

বোলতা,মৌমাছি ও লাল পিঁপড়া প্রভৃতির কামড়ে কি থাকে?
উ ফরমিক এসিড(মিথানয়িক এসিড)।

কাপড়ে কালির দাগ লাগলে কিভাবে উঠানো যায়?
উ দাগের উপর লেবুর র
দিয়ে ঘষে।

লেবুর রসে থাকে..
উ সাইট্রিক এসিড।

আমলকিতে থাকে..
উ অক্সালিক এসিড।

আপেল,টমেটোতে থাকে..
উ ম্যালিক এসিড।

তেতুল বা আঙ্গুরে থাকে..
উ টারটারিক এসিড।

কমলালেবুতে থাকে..

উ অ্যাসকরবিক এসিড।
দুধে থাকে..
উ ল্যাকটিক এসিড।
কচু খেলে চুলকায় কেন?
= ক্যালসিয়াম অক্সালেট থাকার কারণে
ব্লিচিং পাউডারের রাসায়নিক নাম
= ক্যালসিয়াম ক্লোরো হাইপো ক্লোরাইড
ডেটলের প্রধান উপাদান
= ট্রাইক্লোরোফেনল
আমাদের খাদ্যদ্রব্য হজম করার জন্য পাকস্থলীতে অত্যাবশকীয় এসিড
= হাইড্রোক্লোরিক এসিড
"অ্যালুমিনিয়াম সালফেটকে" চলতি বাংলায় কী বলে?
= ফিটকিরি
সলিড ফিনাইল ব্যবহার করা হয়_
পায়খানা ও প্রসাব খানায়
সাপের উপদ্রব কমানোর জন্য ব্যবহৃত হয় কোন এসিড?
⇝ কার্বোলিক এসিড
সোনার গহনা তৈরির সময় ব্যবহৃত হয় কোন এসিড?
⇝ নাইট্রিক এসিড
মানুষের খাদ্যের মধ্যে অবস্থিত এসিডগুলো হল?
⇝ জৈব এসিড
পাকস্থলীতে খাদ্যদ্রব্য হজমে কাজ করে কোন এসিড?
⇝ হাইড্রোক্লোরিক এসিড
এসিডের সাথে ক্ষারকের বিক্রিয়ায় উৎপন্ন হয়__
লবণ ও পানি
আম, জলপাই ইত্যাদি নানা রকম আচার সংরক্ষণে ব্যবহৃত হয়
= এসিডির এসিড বা ভিনেগার
টেস্টিং সল্ট -এর রাসায়নিক নাম কী?
=সোডিয়াম মনোগ্লুটামেট
যদি পানির PH এর মান ৭ হয়, তবে তা –
= নিরপেক্ষ পানি

RAISUL ISLAM HRIDOY

সাবান

সাবানের প্রকৃতি

সাবান হলো উচ্চ আনবিক ওজন বিশিষ্ট জৈব ফ্যাটি এসিডের (যেমন স্টিয়ারিক এসিড, অলিক এসিড, পামিটিক অ্যাসিড ইত্যাদি) সোডিয়াম বা পটাশিয়াম লবণ। সাধারণ উষ্ণতায় কঠিন, জলে দ্রাব্য। সাবান এর জলীয় দ্রবণ ক্ষারীয়। জলে মিশে ফেনা উৎপন্ন করে।

সাবান তৈরির জন্য নারকেল তেল, তিলের তেল, তুলা বীজ তেল এবং প্রাণিজ চর্বি ব্যবহার করা হয়। এই তেলের সঙ্গে তীব্র ক্ষার যেমন সোডিয়াম হাইড্রোক্সাইড বা পটাশিয়াম হাইড্রোক্সাইড এর বিক্রিয়ায় সাবান উৎপন্ন হয়। এই বিক্রিয়াকে সাবানীভবন বলে।

সাবান জলে মেশালে আদ্র বিশ্লেষণ ঘটে ক্ষার উৎপন্ন করে, সেই জন্য পিচ্ছিল বোধ হয়।

সাবানের ব্যবহার

ক) জামা কাপড় পরিষ্কার করতে এবং দেহের ময়লা দূর করতে সাবান ব্যবহার করা হয়।
খ) জীবাণু নাশক হিসেবেও কার্বলিক সাবান ব্যবহার করা হয়।

ভৌত রাশি বা প্রাকৃতিক রাশি

দৈনন্দিন জীবনে আমরা বিভিন্ন বিষয়, বস্তু এগুলোর পরিমাপ করে থাকি। একটি উদাহরণ দিলে বিষয়টি পরিষ্কার হয়ে যাবে– ধরা যাক কোন এক ব্যক্তি মুদি দোকানে গেল এবং দোকানদারের কাছে এক কিলোগ্রাম

ডাল এক লিটার তেল এবং একশ গ্রাম হলুদ চাইল। তারপর বাড়ি ফিরলেন। বাজার থেকে বাড়ি ফিরে তিনি দেখলেন তার আসতে কুড়ি মিনিট সময় লেগেছে।

এই উদাহরণ গুলোর মধ্যে দু'টি বিষয়ে আমাদের কাছে স্পষ্ট হল।

ডাল হলুদ এর ভর পরিমাপ করার জন্য আমরা কিলোগ্রাম গ্রামের ব্যবহার করেছি, তেল পরিমাপের জন্য লিটার এবং সময় পরিমাপ করার জন্য আমরা মিনিটের ব্যবহার করেছি।

অর্থাৎ আমরা ভর, আয়তন এবং সময়কে পরিমাপ করতে পারি তাই এরা এক একটি রাশি বা ভৌত রাশি।

গ্রাম কিলোগ্রাম, লিটার ও মিনিট এরা একক।

রাশি র সংজ্ঞা

প্রাকৃতিক বস্তু, ঘটনা ইত্যাদি সম্পর্কে যা পরিমাপ করা যায় তাকেই রাশি ভৌত রাশি বা প্রাকৃতিক রাশি বলে অর্থাৎ পরিমাপযোগ্য যেকোনো জিনিসকে এক কথায় আমরা রাশি বলতে পারি। যেমন দৈর্ঘ্য,প্রস্থ, ভর, আয়তন, ঘনত্ব এগুলো প্রত্যেকেই এক একটি রাশি কারণ এদেরকে পরিমাপ করা যায়।

রাশির প্রকারভেদ বা রাশি কত প্রকার

অভিমুখ নির্দেশ অনুসারে মূলত রাশি দুই প্রকার

১. স্কেলার রাশি ও ২. ভেক্টর রাশি।

স্কেলার রাশি

যেসব রাশির শুধুমাত্র মান আছে কিন্তু কোন অভিমুখ নেই তাদেরকে আমরা স্কেলার রাশি বা দিকহীন বলি । যেমন দৈর্ঘ্য, ভর, আয়তন, ক্ষেত্রফল, দ্রুতি, সময় ইত্যাদি কারণ এদের শুধুমাত্র মান আছে কিন্তু কোন অভিমুখ নেই এর উদাহরণ দিয়ে বলি একটি পাইপের দৈর্ঘ্য ২ মিটার বললে পাইপের শুধু দৈর্ঘ্যের মান বোঝায় ১ কিলোগ্রাম ডাল বললে ওই ডালের শুধু ভরকে বোঝায় কোন অভিমুখ বোঝায় না।

RAISUL ISLAM HRIDOY

ভেক্টর রাশি

যেসব রাশির মান এবং দিক দুটোই আছে তাদেরকে ভেক্টর রাশি বলে । যেমন ওজন, বেগ, ত্বরন, বল, সরণ ইত্যাদি রাশিগুলি হল ভেক্টর রাশি। ধরা যাক একটি বাইক ৪০ কিলোমিটার / ঘন্টা বেগে উত্তর দিকে যাচ্ছে। এখানে বেগের মান হচ্ছে ৪০ কিলোমিটার / ঘন্টা এবং দিক হলো উত্তর দিক।

স্কেলার রাশি ও ভেক্টর রাশির পার্থক্য

স্কেলার রাশি ও ভেক্টর রাশির পার্থক্য নিচে পয়েন্ট সহকারে উল্লেখ করা হল—-

স্কেলার রাশি	ভেক্টর রাশির
স্কেলার রাশির শুধুমাত্র মান আছে কিন্তু কোনরকম দিক নির্দেশ করে না।	ভেক্টর রাশির মান আছে এবং সাথে সাথে দিক বা অভিমুখ নির্দেশ করে থাকে।
দুটো স্কেলার রাশি গুন করলে সব সময় গুণফল স্কেলার রাশি হয়।	দুটি ভেক্টরের গুণ করলে গুণফল একটি ভেক্টর রাশি বা স্কেলার রাশিও হতে পারে।

দুটি স্কেলার রাশির মান শূন্য না হলে এদের গুণফল কখনোই শূন্য হবে না।	দুটি ভেক্টর রাশির মধ্যে একটির মান যদি শূন্য হয় তাহলে গুণফল শূন্য হতে পারে।
সাধারণ গাণিতিক নিয়মে যোগ বিয়োগ গুন ভাগ করা যায় ।	সাধারণ গাণিতিক নিয়মে যোগ বিয়োগ গুন ভাগ করা যায় না।
স্কেলার রাশি শুধুমাত্র মান পরিবর্তন করলে এর পরিবর্তন হয়।	ভেক্টর রাশি পরিবর্তন করতে গেলে মান অথবা দিক অথবা উভয়ের পরিবর্তন করতে হয়।

তড়িৎ চুম্বক

অন্তরিত তার দিয়ে একটি কাঁচা লোহার দন্ডের গায়ে বেশ কয়েক পাক জড়িয়ে, ওই তারে সমপ্রবাহী তড়িৎ চালনা করলে লোহার দন্ডটি চুম্বকত্ব পায় এবং এর দুই প্রান্তে দুই মেরুর সৃষ্টি হয়। তড়িৎ প্রবাহ যতক্ষণ চলে চুম্বকত্ব ততক্ষণে স্থায়ী হয়- তড়িৎ প্রবাহ বন্ধ করার সঙ্গে সঙ্গে লোহার দন্ডটি চুম্বকত্ব হারিয়ে ফেলে।
তড়িৎ প্রবাহের সাহায্যে কোন চৌম্বক পদার্থকে চুম্বকে পরিণত করা হলে সেই চুম্বককে তড়িৎ চুম্বক বলে।
খুব জোরালো তড়িৎ চুম্বক তৈরি করতে হলে কাঁচা লোহার দন্ডটিকে U আকারের করা হয়। কাঁচা লোহার দন্ডটিকে সলিনয়েডের মজ্জা বলে। এর দুই বাহুর উপর অন্তরিত তার জড়িয়ে একটি সলিনয়েড গঠন করা হয়। এক বাহুর উপর তার জরানো শেষ হলে ওই তারের প্রান্তটিকে বাহুটির উপরের পৃষ্ঠ থেকে বের করে অন্য বাহুটির তলা দিয়ে তারটিকে নিয়ে ওই বাহুটিকে জড়ানো হয়।এই বাহুটিতে তার জড়ানো শেষ হলে তারের শেষপ্রান্তটি অপরটির শেষ প্রান্ত থেকে বের হয়। এইভাবে দুই বাহুতে পরস্পরের বিপরীত দিকে তার জড়ানো হয়। যেমন উপরের ছবিতে S বাহুতে তার জড়িয়ে তারের প্রান্তটিকে বাহুটির উপর থেকে বের করে N বাহুটির তলা দিয়ে বের করে N বাহুটিকে জড়ানো হয়েছে।

RAISUL ISLAM HRIDOY

তড়িৎ চুম্বকের মেরু নির্ণয়

তড়িৎ চুম্বকের মধ্য দিয়ে সমপ্রবাহি তড়িৎ - প্রবাহ হলে, লোহার দন্ডের যে প্রান্তের দিকে লম্বভাবে তাকালে কুন্ডলীর মধ্য দিয়ে ঘড়ির কাটার দিকে তড়িৎ প্রবাহ হয়, সেই প্রান্তে দক্ষিণ মেরু এবং যে প্রান্তে ঘড়ির কাঁটার বিপরীত দিকে তড়িৎ প্রবাহ হয়, সেই প্রান্তে উত্তর মেরুর সৃষ্টি হয়।

তড়িৎ চুম্বকের মেরু শক্তি কোন কোন বিষয়ের উপর নির্ভর করে

- তড়িৎ প্রবাহের ফলে কাঁচা লোহার দন্ডটি যে চুম্বকত্ব পায়, সেই তড়িৎ চুম্বকের শক্তি নিচের বিষয়গুলোর উপর নির্ভর করে
- ক) মজ্জাটির পদার্থগত গুণের উপর।
- খ) প্রবাহের তীব্রতার উপর
- প্রবাহ বাড়ালে চুম্বকের শক্তি বাড়ে। আবার প্রবাহের অভিমুখ পরিবর্তন করলে তড়িৎ চুম্বকের মেরু বদলে যায়। প্রবাহ বন্ধ করলে চুম্বকত্ব লোপ পায়।
- গ) মদ যায় তারের পাক সংখ্যা বাড়লেও চুম্বক শক্তি বাড়ে। পাক সংখ্যা এবং তড়িৎ প্রবাহের মাত্রা (অ্যাম্পিয়ার এককে) এই দুইয়ের গুণফলকে এম্পিয়ার পাক বলে।
- ঘ) মজ্জার চৌম্বক প্রবণতা যত বেশি হয়, তড়িৎ চুম্বকের শক্তি তত বেশি হয়। আবার চুম্বক ধারণক্ষমতা শুন্য মানের হওয়া চাই।

- ঙ) U আকৃতির তড়িৎ চুম্বকের দুই মেরু সঙ্গে বিশেষ আকৃতির মেরু মুখ যোগ করে খুব কম জায়গায় শক্তিশালী চৌম্বক ক্ষেত্রের সৃষ্টি করা যায়।

কৃত্রিম চুম্বক ও তড়িৎ চুম্বকের মধ্যে পার্থক্য

ক) তড়িৎ চুম্বক ব্যবহারের সুবিধা

খুব শক্তিশালী কৃত্রিম চুম্বক তৈরি করা ব্যয়সাপেক্ষ। তাছাড়া এই রকম চুম্বকের আকার বিরাট হবে যা রক্ষা করা সহজ নয়। কিন্তু খুব শক্তিশালী তড়িৎ চুম্বক তৈরি করা এবং রক্ষা করা সহজ। এর আকারও খুব বড় হয় না।

খ) প্রবাহের তীব্রতা এবং এম্পিয়ার পাক সংখ্যার পরিবর্তন করে তড়িৎ চুম্বকের চৌম্বক শক্তি ইচ্ছামত বাড়ানো যায় বা লোপ করা যায়। প্রাকৃতিক বা কৃত্রিম চুম্বকের শক্তি ইচ্ছামত বাড়ানো বা কমানো যায় না।

গ) তড়িৎ চুম্বক প্রবাহের অভিমুখ পরিবর্তন করে চৌম্বক ক্ষেত্রের অভিমুখ ইচ্ছামত বদলানো যায়। প্রাকৃতিক বা কৃত্রিম চুম্বকের মেরুর অভিমুখ পরিবর্তন করা যায় না।

চুম্বকের ব্যবহার

ক) কারখানায় তড়িৎ চুম্বকের সাহায্যে খুব ভারী লোহার বস্তুকে এক জায়গা থেকে তুলে অন্য জায়গায় সরানো হয়।

খ) অচৌম্বক পদার্থের মিশ্রণ থেকে লোহাকে বা চৌম্বক পদার্থকে পৃথক করার কাজে তড়িৎ চুম্বক ব্যবহৃত হয়।

গ) চোখে লোহার টুকরো পড়লে ওই লোহার টুকরো বের করতে ডাক্তারেরা তড়িৎ চুম্বকের সাহায্য নেন।

ঘ) ক্ষণস্থায়ী চুম্বকের প্রয়োজন হয়, এইরকম কাজে এর বহুল ব্যবহার আছে।লাউডস্পিকার, বৈদ্যুতিক ঘন্টা, টেলিগ্রাফ, টেলিফোন প্রভৃতি যন্ত্রে তড়িৎ চুম্বক ব্যবহার করা হয়।

ঙ) বৈদ্যুতিক পাখা, ট্রাম, ইলেকট্রিক ট্রেন, বৈদ্যুতিক মোটর, ডায়নামো প্রভৃতি যন্ত্রে সীমিত স্থানে তীব্র চৌম্বক ক্ষেত্রের সৃষ্টি করতে ব্যবহার করা হয়।

চ) স্থায়ী চুম্বক তৈরির কাজে শক্তিশালী তড়িৎ চুম্বক ব্যবহার করা হয়।

ছ) আবেশ কুণ্ডলী প্রস্তুতিতে এর ব্যবহার আছে।

RAISUL ISLAM HRIDOY

শব্দ কাকে বলে

কোন কম্পনশীল বস্তু থেকে কোন জড় মাধ্যমের ভেতর দিয়ে যে শক্তি আমাদের কানে এসে পৌঁছায় এবং মস্তিষ্কে এক বিশেষ অনুভূতি সৃষ্টি করে তাকে শব্দ বলে।

শব্দ বিস্তারের জন্য জড় মাধ্যমের প্রয়োজন হয়। কারণ জড় মাধ্যমের মধ্য দিয়েই তরঙ্গ আকারের শব্দ চারিদিকে ছড়িয়ে পড়ে। শূন্য স্থানের মধ্যে দিয়ে শব্দ সঞ্চালিত হতে পারে না।

শব্দ শুনতে গেলে তিনটি জিনিসের প্রয়োজন হয়।

১. কম্পনশীল স্বনক বা শব্দ উৎস

২. স্থিতিস্থাপক মাধ্যম (যেমন বায়ু জল লোহা কাঠ ইত্যাদি) এবং

৩. শব্দের গ্রাহক (কানের পর্দা)

শব্দ একরকমের শক্তি

শব্দ শ্রুতিগোচর হতে গেলে শব্দকে কিছু কার্য করতে হয়। আবার বিজ্ঞানের পরিভাষায় আমরা জানি কার্য করার সামর্থ্যকে শক্তি বলে। অর্থাৎ, কার্য করতে গেলে শক্তির প্রয়োজন হয়। বোমা ফাটার আওয়াজে কাচের

জানালা ভেঙে যায়। অর্থাৎ বস্তুর মধ্যে কম্পনের সৃষ্টি হয়। অর্থাৎ স্বনকের কম্পনের যান্ত্রিক শক্তি শব্দ শক্তিতে রূপান্তরিত হয়। এছাড়াও বিভিন্ন ধরনের শক্তি শব্দ শক্তিতে এবং শব্দ শক্তিকে অন্যান্য প্রকাশকদের রূপান্তরিত করা যায়। এ থেকে এই সিদ্ধান্তে উপনীত হওয়া যায় যে শব্দ একরকমের শক্তি।

শব্দের বৈশিষ্ট্য বা ধর্ম

প্রত্যেক শক্তির মতো শব্দের নিজস্ব বৈশিষ্ট্য বা ধর্ম আছে। নিচে শব্দের বৈশিষ্ট্য বা ধর্ম সম্বন্ধে জেনে নেব।

১. কম্পনশীল বস্তু থেকে শব্দ উৎপন্ন হয়।

২. শব্দ এক প্রকার শক্তি।

৩. শূন্য মাধ্যম দিয়ে বিস্তার লাভ করতে পারে না।

৪. স্থিতিস্থাপক মাধ্যম অবলম্বন করে তরঙ্গের আকারে বিস্তার লাভ করে।

৫. শব্দের বিস্তারের সময় মাধ্যম স্থানচ্যুত হয় না।

শব্দের উৎস কাকে বলে (সংজ্ঞা)

কম্পনশীল যে বস্তু থেকে শব্দ উৎপন্ন হয় সেটি হল শব্দের উৎস। শব্দের উৎসকে স্বনক বলা হয়।

শব্দের উৎস কঠিন তরল ও গ্যাসীয় হতে পারে। গিটারের তার টেনে ছেড়ে দিলে মিষ্টি শব্দ উৎপন্ন হয়, এক বালতি জলের মধ্যে একটি কয়েন ফেলে দিলে শব্দ শোনা যায়, একটি টিউনিং ফর্ক হাতুড়ি দিয়ে আঘাত করলে মিষ্টি শব্দ উৎপন্ন হয়। এখানে গিটারের তার বা বালতির জল বা টিউনিং ফর্ক এগুলি হল শব্দের উৎস বা স্বনক।

শব্দ উচ্ছের কম্পনের ফলে উৎপন্ন শব্দই আমরা শুনতে পাই না।

শ্রুতিগোচর শব্দ কি (সংজ্ঞা)

কোন বস্তুর কম্পন সেকেন্ডে কুড়ি থেকে কুড়ি হাজার বারের মধ্যে হলে সেই বস্তু থেকে উৎপন্ন শব্দ আমরা শুনতে পাই।

মানব শিশুরা কুড়ি হাজার কম্পাঙ্কের শব্দ স্পষ্ট শুনতে পায়, কিন্তু বয়স্ক ব্যক্তিরা 15 হাজারের বেশি কম্পাঙ্কের শব্দ শুনতে পায় না।

শব্দোত্তর শব্দ কি বা কাকে বলে (সংজ্ঞা)

কোন বস্তুর কম্পন সেকেন্ডের কুড়ি হাজার বারের বেশি হলে ঐ বস্তু থেকে উৎপন্ন শব্দ আমরা শুনতে পাই না। অর্থাৎ এই ধরনের শব্দ শ্রুতিগোচর হয় না। এই শব্দকে শব্দোত্তর শব্দ বলে। ওই কম্পনশীল বস্তু দ্বারা জড় মাধ্যমে সৃষ্ট তরঙ্গকে শব্দোত্তর তরঙ্গ বলে।

কুকুর বিড়াল বাঁদর প্রভৃতি প্রাণীরা মানুষের তুলনায় উচ্চতর কম্পাঙ্কের শব্দ শুনতে পায়।

শব্দেতর শব্দ কাকে বলে (সংজ্ঞা)

কোন বস্তুর কম্পন সেকেন্ডে কুড়ি বারের কম হলে বস্তু থেকে উৎপন্ন শব্দ আমরা শুনতে পাই না। এই শব্দকে আমরা শব্দেতর শব্দ বলি। এবং ঐ বস্তু দ্বারা জড় মাধ্যমে সৃষ্ট তরঙ্গকে শব্দতর তরঙ্গ বলে।

বস্তুর কম্পনের ফলে শব্দ সৃষ্টি হয়

কোন বস্তুকে হাতুড়ি দিয়ে আঘাত করলে, ঢাক বাজালে, বাঁশিতে ফুঁ দিলে শব্দ শোনা যায়। শব্দ উৎপন্ন হওয়ার সময় ওই পদার্থের কম্পনের সৃষ্টি হয় এবং কম্পন থেমে যাওয়ার সঙ্গে সঙ্গে শব্দ থেমে যায়।

সুরশলাকার পরীক্ষার মাধ্যমে দিয়ে আমরা প্রমান করতে পারব যে বস্তুর কম্পন এর ফলেই শব্দের সৃষ্টি হয়।

সুরশলাকা দ্বারা শব্দ সৃষ্টি

RAISUL ISLAM HRIDOY

টিউনিং ফর্ক বা সুরশলাকা হলো হাতলযুক্ত U আকৃতির একটি ইস্পাত দন্ড। দন্ডটির বাঁকের নিচে একটি ইস্পাতের হাতল আছে। এর কোন এক বাহুতে আঘাত করলে বাহুতে পর্যাবৃত গতিতে কাঁপতে থাকে এবং একটি মিষ্টি শব্দ উৎপন্ন হয়।

সুরশলাকার কম্পনের বৈশিষ্ট্য হল এই যে, এর একটি নির্দিষ্ট কম্পাঙ্ক আছে। তাই সুরশলাকা থেকে নির্গত শব্দ হলো সুর। শব্দ বিজ্ঞানের বিভিন্ন পরীক্ষায় সুরশলাকা ব্যবহার করা হয়ে থাকে।

উৎসের কম্পনে যে শব্দ সৃষ্টি হয় তা দেখাতে পরীক্ষাগারে একটি সুরশলাকা, একটি শোলার বল, স্ট্যান্ড ও রবারের হাতুড়ির প্রয়োজন হয়। কাঠের তৈরি কোন পাপা বাক্সের ওপর একটি সুরশলাকার সোজাভাবে বসানো থাকে। ওই সুরশলাকাটির কাছাকাছি একটি উলম্ব দন্ডের সঙ্গে অনুভূমিকভাবে যুক্ত অপর কোন দন্ড থেকে সরু সুতোর সাহায্যে একটি শোলার বলকে সুরশলাকার একটি বাহু স্পর্শ করে ঝুলিয়ে রাখা হয়। এই অবস্থায় সুরশলাকার বিপরীত বাহুতে রবারের হাতুড়ি দিয়ে আঘাত করলে শব্দ সৃষ্টি হবে। এবং দেখা যাবে যে, শোলার বলটি সুরশলাকার বাহুতে বারবার ধাক্কা খেয়ে দূরে ছিটকে যাচ্ছে। এ থেকে বোঝা যায় সুরশলাকার বাহু দুটি কম্পিত হয়ে শব্দ সৃষ্টি করছে।

এবার সুরশলাকার বাহুকে হাত দিয়ে স্পর্শ করলে, সুরশলাকার বাহুর কম্পন বন্ধ হয়ে যাবে এবং সেই সঙ্গে শব্দ থেমে যাবে। কম্পন বন্ধ হওয়ায় শোলার বলটিও সুরশলাকার বাহু কে স্পর্শ করে স্থির হবে।

উপরের এই পরীক্ষাটি প্রমাণ করে যে জড় বস্তুর কম্পনের ফলে শব্দ সৃষ্টি হয়।

তরঙ্গ কাকে বলে (সংজ্ঞা)

স্থিতিস্থাপক মাধ্যমের কণাগুলোর সমষ্টিগত কম্পনের ফলে উৎপন্ন যে আন্দোলন এগিয়ে গিয়ে মাধ্যমের একস্থান থেকে অন্যস্থানে শক্তি সঞ্চালিত করে অথচ মাধ্যমের কণাগুলোকে স্থানচ্যুতি করে না, তাকে তরঙ্গ বলে।

যে পদ্ধতিতে শক্তি এক স্থান থেকে অন্য স্থানে বিস্তার লাভ করে, তাকে তরঙ্গগতি বলে।

তরঙ্গ কত প্রকার ও কি কি

তরঙ্গ দুই প্রকারের হয়। যথা

১. অনুদৈর্ঘ্য তরঙ্গ এবং

২. তির্যক তরঙ্গ।

RAISUL ISLAM HRIDOY

অনুদৈর্ঘ্য তরঙ্গ কাকে বলে (সংজ্ঞা)

কোন সমসত্ত্ব স্থিতিস্থাপক মাধ্যমের কণাগুলোর সমষ্টিগত কম্পনের ফলে, মাধ্যমে যে তরঙ্গের সৃষ্টি হয় এবং তরঙ্গ বিস্তারের সময় মাধ্যমের কণাগুলো যদি তরঙ্গের গতির অভিমুখের সঙ্গে সমান্তরালভাবে কম্পিত হয়, তবে ওই তরঙ্গকে অনুদৈর্ঘ্য তরঙ্গ বলে।

অনুদৈর্ঘ্য তরঙ্গের উদাহরণ

এটি লম্বা জ্বালানো স্প্রিংএর নিচের প্রান্ত টেনে ছেড়ে দিলে দেখা যাবে,স্প্রিংএর প্রত্যেক অংশ ওঠানামা করে স্প্রিংএর বিভিন্ন অংশে সংকোচন-প্রসারণের সৃষ্টি করছে। এই সংকোচন-প্রসারণ স্প্রিংএর দৈর্ঘ্য বরাবর অগ্রসর হয়ে তরঙ্গ সৃষ্টি করে। এইভাবেই স্প্রিংএ যে তরঙ্গের সৃষ্টি হয় সেই তরঙ্গ হলো অনুদৈর্ঘ্য তরঙ্গ।

তির্যক তরঙ্গ কাকে বলে

কোন স্থিতিস্থাপক মাধ্যমে তরঙ্গ বিস্তারের সময় মাধ্যমের কণাগুলোর যদি তরঙ্গের গতির অভিমুখে সঙ্গে লম্বভাবে কম্পিত হয়, তবে ওই তরঙ্গকে তির্যক তরঙ্গ বলে।পুকুরের জলে ঢিল ফেললে জল আন্দোলিত হয়

এবং তরঙ্গ চারিদিকে ছড়িয়ে পড়ে। এখানে জলে তরঙ্গের সৃষ্টি হলেও জলকণাগুলি শুধু একই জায়গায় থেকে ওঠা নামা করতে থাকে এবং পাশের কনাগুলিতে আন্দোলন সঞ্চারিত করে — তরঙ্গের সঙ্গে কিন্তু কণাগুলি এগিয়ে যায় না। কণাগুলি তরঙ্গের অভিমুখে সঙ্গে তীর্যকভাবে ওঠানামা করে। তাই জলের মধ্যে উৎপন্ন এই তরঙ্গ হলো তির্যক তরঙ্গ।

তির্যক তরঙ্গের উদাহরণ

আলোক তরঙ্গ, বেতার তরঙ্গ, তাপ তরঙ্গ প্রভৃতি তরঙ্গ তির্যক তরঙ্গের উদাহরণ।

শব্দ বিস্তারের জন্য জড় মাধ্যমের প্রয়োজন হয় কেন

নিম্নলিখিত বৈশিষ্ট্যগুলির কারণে শব্দ বিস্তারের জন্য জড় মাধ্যমের প্রয়োজন হয়।

১. তরঙ্গ সৃষ্টির জন্য কোন বস্তুর কম্পনের প্রয়োজন, শব্দ সৃষ্টির জন্য একইভাবে বস্তুর কম্পনের প্রয়োজন।

২. তরঙ্গ যেমন মাধ্যম অবলম্বন করে চলে, শব্দও তেমনি মাধ্যম ছাড়া এক স্থান থেকে অন্য স্থানে যেতে পারে না।

৩. তরঙ্গ যখন বেগ আছে; শব্দ তেমনি বিভিন্ন মাধ্যমে বিভিন্ন গতি বেগে প্রবাহিত হয়। এই গতিবেগ মাধ্যমের স্থিতিস্থাপকতা ও ঘনত্বের উপর নির্ভর করে।

৪. তরঙ্গ বিস্তারের সময় যেমন মাধ্যমের স্থায়ী স্থানচ্যুতি ঘটে না, তেমনি শব্দ বিস্তারের সময়ও মাধ্যমের স্থানীয় স্থানচ্যুতি ঘটে না।

৫. তরঙ্গে দেওয়ার প্রতিফলন ও প্রতিসরণ হয় শব্দের ক্ষেত্রেও তেমনি প্রতিফলন ও প্রতিসরণ হয়ে থাকে।

৬. তরঙ্গ বিস্তারের জন্য সময়ের প্রয়োজন হয়, শব্দ বিস্তারের ক্ষেত্রেও সময়ের প্রয়োজন হয়।

এক কথায় বলা যায়, শব্দ বিস্তারের জন্য তরঙ্গ বিস্তারের প্রয়োজন হয়। তরঙ্গ বিস্তারের জন্য জড় মাধ্যমের প্রয়োজন হয়। ঠিক সেই কারণে শব্দ বিস্তারের জন্যও জড় মাধ্যমের প্রয়োজন হয়।

শব্দ তরঙ্গের প্রকৃতি বা ধর্ম বা বৈশিষ্ট্য

শব্দ একরকমের শক্তি, যা উৎসের কম্পনের ফলে উৎপন্ন হয়ে তরঙ্গের আকারে চারিদিকে ছড়িয়ে পড়ে। কোন সুরশলাকাকে রাবারের হাতুড়ি দিয়ে আঘাত করলে ওই সুরশলাকাতে যে কম্পনের সৃষ্টি হয়, তা থেকে উৎপন্ন শব্দ জড় মাধ্যমের মধ্য দিয়ে অনুদৈর্ঘ্য তরঙ্গের আকারে চারিদিকে ছড়িয়ে পড়ে। ওই তরঙ্গগুলি শ্রোতার কানের পর্দায় আঘাত করলে শ্রোতা শব্দ শুনতে পায়।

শব্দ তরঙ্গের কিছু বৈশিষ্ট্য আছে। নিচে শব্দ তরঙ্গের বৈশিষ্ট্য বা ধর্ম বা প্রকৃতি সম্বন্ধে আলোচনা করা হলো।

১. কোন বস্তুর কম্পন ব্যতীত শব্দ তরঙ্গের সৃষ্টি হয় না।

২. শব্দ তরঙ্গের ক্ষেত্রে প্রতিফলন এবং প্রতিসরণ দুইই ঘটে।

৩. শব্দ তরঙ্গের বেগ আছে এবং বিভিন্ন মাধ্যমে গতিবেগের ভিন্নতা দেখা যায়।

৪. শব্দতরঙ্গ মাধ্যম অবলম্বন করে চলে। কোন মাধ্যম ছাড়া শব্দ তরঙ্গ বিস্তার লাভ করতে পারে না।

৫. শব্দতরঙ্গ বিস্তারের জন্য মাধ্যমের স্থানচ্যুতি ঘটে না।

তাপ

তাপ একপ্রকার শক্তি যা আমাদের শরীরে ঠান্ডা বা গরমের অনুভূতি তৈরি করে। তাপগতিবিদ্যা অনুসারে, যখন দুটি বস্তুর মধ্যে প্রথমটি থেকে দ্বিতীয়টিতে আরেকটিতে শক্তি স্থানান্তরিত হয়, তখন প্রথমটি দ্বিতীয়টি অপেক্ষা গরম হয় (অর্থাৎ, একটি অন্যটির চেয়ে বেশি তাপশক্তি অর্জন করে)। আর অন্যভাবে বলা যায়,

RAISUL ISLAM HRIDOY

তাপ হলো পদার্থের অণুগুলোর গতির সাথে সম্পর্কযুক্ত এমন এক প্রকার শক্তি, যা কোনো বস্তু ঠান্ডা না গরম তার অনুভূতি জন্মায়।

তাপগতিবিদ্যা কাকে বলে?

বিজ্ঞানের যে শাখায় তাপ ও কাজের সম্পর্ক সম্বন্ধে আলোচনা করা হয়, তাকে তাপগতিবিদ্যা (Thermodynamics) বলে।

বিজ্ঞানের যে শাখায় গতিশীল তাপের বিভিন্ন বৈশিষ্ট্য বা কার্যাবলী আলোচনা করা হয়, তাকে তাপগতিবিদ্যা বলে।

বিজ্ঞানের যে শাখায় তাপ, যান্ত্রিক শক্তি ও বিভিন্ন প্রকার শক্তি যথা- বৈদ্যুতিক শক্তি, চৌম্বক শক্তি ও বিদীর্ণ শক্তির মধ্যে সম্পর্ক নিয়ে আলোচনা করে তাকে তাপগতিবিদ্যা বলে।

ঐতিহাসিকভাবে, তাপগতিবিদ্যা প্রাথমিক বাষ্প ইঞ্জিনগুলির কার্যকারিতা বাড়ানোর উদ্দেশে বিকশিত হয়েছিল, বিশেষ করে ফরাসি পদার্থবিদ নিকোলাস লিওনার্দ সাদি কার্নোটের (১৮২৪) কাজের মাধ্যমে, যিনি বিশ্বাস করতেন যে ইঞ্জিনের কার্যকারিতা হল মূল চাবিকাঠি যা ফ্রান্সকে নেপোলিয়নিক যুদ্ধে জয়ী হতে পারে[1]। স্কটস-আইরিশ পদার্থবিজ্ঞানী লর্ড কেলভিন ১৮৫৪ সালে সর্বপ্রথম তাপগতিবিদ্যার একটি সংক্ষিপ্ত সংজ্ঞা প্রণয়ন করেন: তাপ-গতিবিদ্যা হল কোনো পদার্থের দেহ সংলগ্ন অংশগুলির মধ্যে কাজ করা শক্তির সাথে তাপের সম্পর্ক ও বৈদ্যুতিক শক্তির সাথে তাপের সম্পর্ক।"

যান্ত্রিক তাপ ইঞ্জিনে তাপগতিবিদ্যার প্রাথমিক প্রয়োগ যা রাসায়নিক যৌগ এবং রাসায়নিক বিক্রিয়ার অধ্যয়ন দ্রুত প্রসারিত হচ্ছিল। রাসায়নিক থার্মোডাইনামিক্স, রাসায়নিক বিক্রিয়ায় এনট্রপির অবস্থা ও প্রকৃতি অধ্যয়ন করে যা তাপগতিবিদ্যার সম্প্রসারণ ও এ সম্পর্কিত জ্ঞানের সিংহভাগ আবিষ্কৃত হয়েছে যা থেকে পরবর্তিতে তাপগতিবিদ্যার অন্যান্য সূত্রের আবিষ্কার হয়। পরিসংখ্যানগত তাপগতিবিদ্যা বা পরিসংখ্যানগত বলবিদ্যার ক্ষেত্রে উত্তেজিত কণাদের আণুবীক্ষণিক আচরণ থেকে কণার সম্মিলিত গতির সম্পর্কে ধারণা করা হয়েছিল। ১৯০৯ সালে, কনস্ট্যান্টিন ক্যারাথিওডোরি একটি স্বতঃসিদ্ধ সূত্রে একটি সম্পূর্ণ গাণিতিক পদ্ধতির উপস্থাপন করেছিলেন। এবং সেই গাণিতিক পদ্ধতির ব্যাখ্যাকে প্রায়শই জ্যামিতিক তাপগতিবিদ্যা হিসাবে উল্লেখ করা হয় ।তাপগতিবিদ্যার শাখা

থার্মোডাইনামিক্যাল সিস্টেমের অধ্যয়ন বিভিন্ন সম্পর্কিত শাখায় বিকশিত হয়েছে, প্রতিটি তাত্ত্বিক বা পরীক্ষামূলক ভিত্তি হিসাবে একটি ভিন্ন মৌলিক মডেল ব্যবহার করে, বা বিভিন্ন ধরণের সিস্টেমে নীতিগুলি প্রয়োগ করে।

আদর্শ তাপগতিবিদ্যা

আদর্শ থার্মোডাইনামিকস হল কাছাকাছি ভারসাম্যের থার্মোডাইনামিক সিস্টেমগুলির অবস্থার বর্ণনা, যা ম্যাক্রোস্কোপিক ও পরিমাপযোগ্য বৈশিষ্ট্য ব্যবহার করে। এটি তাপগতিবিদ্যার সমীকরণের উপর ভিত্তি করে শক্তি, কাজ এবং তাপের বিনিময় মডেল তৈরি করতে করতে ব্যবহৃত হয় । কোয়ালিফায়ার ক্লাসিক্যাল এই সত্যটিকে প্রতিফলিত করে যে এটি ১৯ শতকে বিকশিত বিষয়ের প্রথম স্তরের প্রতিনিধিত্ব করে এবং পরীক্ষামূলক ম্যাক্রোস্কোপিক (বড় স্কেল এবং পরিমাপযোগ্য) প্যারামিটারের পরিপ্রেক্ষিতে একটি সিস্টেমের পরিবর্তন বর্ণনা করে। এই ধারণাগুলির একটি মাইক্রোস্কোপিক ব্যাখ্যা পরে পরিসংখ্যানগত বলবিদ্যার বিকাশ দ্বারা সরবরাহ করা হয়েছিল ।

পরিসংখ্যানগত বলবিদ্যা

RAISUL ISLAM HRIDOY

পরিসংখ্যানগত বলবিদ্যা, যা পরিসংখ্যানগত তাপগতিবিদ্যা নামেও পরিচিত, ১৯ শতকের শেষের দিকে এবং ২০ শতকের গোড়ার দিকে পারমাণবিক এবং আণবিক তত্ত্বগুলির বিকাশের সাথে তাপগতিবিদ্যা আবির্ভূত হয় এবং পৃথক কণা বা কোয়ান্টাম-মেকানস-এর মধ্যে মাইক্রোস্কোপিক মিথস্ক্রিয়াগুলির একটি ব্যাখ্যার সাথে শাস্ত্রীয় তাপগতিবিদ্যা সমানুপাতিক হয়। এই ক্ষেত্রটি পৃথক পরমাণু এবং অণুগুলির মাইক্রোস্কোপিক বৈশিষ্ট্যগুলিকে ম্যাক্রোস্কোপিক উপাদানগুলির বাল্ক বৈশিষ্ট্যগুলির সাথে সম্পর্কিত করে যা মানব চোখে পর্যবেক্ষণ করা যায়, যার ফলে আদর্শ তাপগতিবিদ্যাকে পরিসংখ্যান, ক্লাসিক্যাল মেকানিক্স এবং মাইক্রোস্কোপিক স্তরে কোয়ান্টাম তত্ত্বের প্রাকৃতিক ফলাফল হিসাবে ব্যাখ্যা করে।

রাসায়নিক তাপগতিবিদ্যা

রাসায়নিক তাপগতিবিদ্যা, রাসায়নিক বিক্রিয়া বা তাপগতিবিদ্যার সমীকরণের সীমাবদ্ধতার মধ্যেকার অবস্থা পরিবর্তনের সাথে শক্তির মধ্যকার আন্তঃসম্পর্ক সম্পর্কে ধারনা দেয়। রাসায়নিক তাপগতিবিদ্যার প্রাথমিক উদ্দেশ্য হল প্রদত্ত রূপান্তরের স্বতঃস্ফূর্ততা নির্ধারণ করযে

সুষম তাপগতিবিদ্যা

সুষম তাপগতিবিদ্যাসিস্টেম বা সংস্থাগুলিতে পদার্থ এবং শক্তির স্থানান্তরের অধ্যয়ন যা তাদের আশেপাশের সংস্থাগুলির দ্বারা তাপগতিগত ভারসাম্যের এক অবস্থা থেকে অন্য অবস্থায় চালিত হতে পারে। 'থার্মোডাইনামিক ভারসাম্য' শব্দটি ভারসাম্যের একটি অবস্থা নির্দেশ করে, যেখানে সমস্ত ম্যাক্রোস্কোপিক প্রবাহ শূন্য। সবচেয়ে সহজ সিস্টেমের ক্ষেত্রে, তাদের নিবিড় বৈশিষ্ট্যগুলি একই জাতীয় এবং সীমানার সাথে লম্বভাবে চাপ প্রদান করে। একটি ভারসাম্যের অবস্থায় সিস্টেমের ম্যাক্রোস্কোপিকভাবে স্বতন্ত্র অংশগুলির মধ্যে কোনও ভারসাম্যহীন সম্ভাবনা বা চালিকা শক্তি থাকে না। ভারসাম্য থার্মোডাইনামিক্সের একটি কেন্দ্রীয় লক্ষ্য হল: একটি সুসংজ্ঞায়িত প্রাথমিক সিস্টেমকে ভারসাম্য অবস্থা প্রদান করা এবং এর চারপাশে গঠনমূলক দেয়াল গঠন করা।

ভারসাম্যহীন তাপগতিবিদ্যা

ভারসাম্যহীন তাপগতিবিদ্যা হল থার্মোডাইনামিকসের একটি শাখা যা থার্মোডাইনামিক ভারসাম্য নেই এমন সিস্টেমগুলির সাথে কাজ করে। প্রকৃতিতে পাওয়া বেশিরভাগ সিস্টেম তাপীয় ভারসাম্যে নেই কারণ তারা স্থির অবস্থায় নেই এবং অবিচ্ছিন্নভাবে একটি সিস্টেম থেকে অন্যান্য সিস্টেমে এবং পদার্থ থেকে অন্য পদার্থে শক্তির প্রবাহ হতে থাকে। ভারসাম্যহীন সিস্টেমগুলির তাপগতিগত অধ্যয়নের জন্য ভারসাম্য তাপগতিবিদ্যা দ্বারা মোকাবিলা করার চেয়ে আরও সাধারণ ধারণার প্রয়োজন হয়। অনেক প্রাকৃতিক ব্যবস্থা আজও পরিচিত ম্যাক্রোস্কোপিক থার্মোডাইনামিক পদ্ধতির বাইরে রয়ে গেছে।

আলো বা আলোক কি

শব্দ তাপ বিদ্যুৎ প্রভৃতি শক্তির মত আলো এক ধরনের শক্তি, যা আমাদের চোখে দর্শনের অনুভূতি জাগায়। আলোকশূন্য স্থানে কোন বস্তু থাকলে আমরা ঐ বস্তুকে দেখতে পাই না। আলোর অভাবকে অন্ধকার বলে। একটি বস্তুর নিজস্ব আলো থাকতে পারে বা অন্য কোন উৎস থেকে এসে বস্তুতে আলো বাধাপ্রাপ্ত হয় আমাদের চোখে এসে পড়ে তখন বস্তুটিকে আমরা দেখতে পাই। কাজেই আলোক একটি কারণ যার জন্য দর্শনের অনুভূতি জন্মায়। আলোকের সাজে আমরা বিভিন্ন বস্তুকে দেখতে পেলেও আলোক নিজে কিন্তু অদৃশ্য। একটি অন্ধকার ঘরে জানলার ছোট একটি ছিদ্র দিয়ে সূর্যরশ্মি ঘরের মধ্যে পড়লে আলোক পথে ভাসমান ধূলিকণাগুলো আমাদের দৃষ্টিগোচর হয়। কিন্তু ওই ঘরে যদি ধূলিকণা মুক্ত হয় তবে আমরা কিছুই

RAISUL ISLAM HRIDOY

দেখতে পাই না। এর দ্বারা প্রমাণিত হয় যে আলোক বিভিন্ন বস্তুকে দৃশ্যমান করে তোলে ঠিকই কিন্তু নিজে অদৃশ্য থেকে যায়।

আলোক একরকম শক্তি

আলোক একরকম শক্তি; এই শক্তি, শক্তির নিত্যতা সূত্র মেনে চলে এবং এর সৃষ্টি বা ধ্বংস হয় না। আলোকে অন্য শক্তিতে রূপান্তরিত করা যায় এবং অন্য শক্তি থেকে আলো পাওয়া যায় । যেমন —

১. একটি লোহার টুকরো দিয়ে একটি পাথরকে আঘাত করলে আলোকেরই স্ফুলিঙ্গ সৃষ্টি হয়। কাচি, ছুরি প্রভৃতিকে শান দেওয়ার চাকায় চেপে ধরলে অজস্র আলোক তরঙ্গের সৃষ্টি হয়। এখানে যান্ত্রিক শক্তি আলোক শক্তিতে রূপান্তরিত হয়।

২. কাঠ কয়লা বিভিন্ন রকমের তেল প্রভৃতিকে বায়ুতে পোড়ালে ওইসব পদার্থে সঞ্চিত রাসায়নিক শক্তি তাপ ও আলোক শক্তিতে রূপান্তরিত হয়।

৩. বৈদ্যুতিক বাতিতে সরু তারের মধ্যে তড়িৎ প্রবাহিত হলে বাতি জ্বলে ওঠে এবং আলো বিকিরণ করে। ফলে তড়িৎ শক্তি আলোক শক্তিতে রূপান্তরিত হয়।

৪. আবার দেখা যায় খুব পাতলা প্লাটিনামের পাতের চাকার উপর তীব্র আলো ফেললে চাকাটি ঘুরতে থাকে এখানে আলোক শক্তি যান্ত্রিক শক্তিতে রূপান্তরিত হয়।

৫. ফটোইলেকট্রিক কোষে আলো পড়লে বর্তনীতে তড়িৎ প্রবাহের সৃষ্টি হয়। এই পরিবর্তনে আলোক শক্তি বৈদ্যুতিক শক্তিতে রূপান্তরিত হয়।

আলোর উৎস বা প্রভব (source of light)

যে বস্তু আলো বিকিরণ করে তাকে আলোক প্রভব বা আলোক উৎস বলে। সূর্য ও নক্ষত্রগুলো আলোর স্বাভাবিক উৎস। মোমবাতি, কাঠ, কয়লা বৈদ্যুতিক বাতি প্রভৃতি হল আলোর কৃত্রিম উৎস।

আলোর উৎসের প্রকারভেদ

আলোর উৎস দু'রকম। যথা

১. স্বপ্রভ বা স্বয়ংপ্রভ উৎস এবং

২. অপ্রভ বা নিষ্প্রভ উৎস।

১. স্বপ্রভ বা স্বয়ংপ্রভ উৎস

যেসব বস্তু নিজেই আলো বিকিরণ করে তাদের স্বপ্রভ বস্তু বলে।

পৃথিবীতে আলোর প্রধান উৎস সূর্য। এছাড়াও নক্ষত্র, জ্বলন্ত বাতি প্রভৃতি স্বপ্রভ বস্তু।

২. নিষ্প্রভ বস্তু

যেসব বস্তুর নিজের আলো নেই এবং তারা স্বপ্রভ বস্তুর আলোয় দৃশ্যমান হয় তাদের নিষ্প্রভ বস্তু বলে অপ্রভ বস্তু বলে।

পৃথিবীতে অধিকাংশ বস্তুই নিষ্প্রভ বস্তু। যেমন কাঠ, মাটি, গাছপালা আমাদের চারিপাশে দৃশ্যমান বিভিন্ন অন্যান্য বস্তু নিস্প্রভ বস্তু। স্বপ্রভ বস্তুর আলো যখনই নিষ্প্রভ বস্তুগুলো থেকে প্রতিফলিত হয়ে আমাদের চোখে পড়ে, তখনই আমরা ওই নিষ্প্রভ বস্তুকে দেখতে পাই।

• নিষ্প্রভ বা স্বপ্রভ হাওয়া ঐ বস্তুর অবস্থানের উপর নির্ভর করে।

যেমন সাধারণ উষ্ণতায় একখন্ড লোহা নিষ্প্রভ বস্তু। কিন্তু তাপ দিয়ে লোহাখন্ডটিকে শ্বেততপ্ত করলে অডিতেদ আলো বিকিরণকারী স্বপ্রহ বস্তু তে পরিণত হয়।

RAISUL ISLAM HRIDOY

• চাঁদকে নিষ্প্রভ বস্তু বলা হয় কেন

চাঁদ একটি নিষ্প্রভ বস্তু। কারণ চাঁদের নিজস্ব কোন আলো নেই। সূর্যের আলো চাঁদের উপর পড়লে চাঁদ সেই আলো চারিদিকে বিকিরণ করে। গ্রহ উপগ্রহ প্রভৃতি জ্যোতিষ্ক যাদের নিজের আলো নেই, তারা প্রত্যেকেই নিষ্প্রভ বস্তু।

আলোর বিন্দু উৎস বা বিন্দু প্রভব

আলোর উৎসকে যদি জ্যামিতিক বিন্দু হিসাবে ধরা হয়, তবে তাকে আলোর বিন্দু উৎস বলে। স্বপ্রভ বস্তুর প্রত্যেক বিন্দু থেকেই চারিদিকে আলোয় বিকীর্ণ হয়। কিন্তু আলোচনার সুবিধার জন্য আলোক বিজ্ঞানের কোন কোন ক্ষেত্রে আলোর উৎসকে একটি জ্যামিতিক বিন্দু হিসেবে কল্পনা করা হয়ে থাকে, যাকে আলোর বিন্দু উৎস বা বিন্দু প্রভব বলে। বাস্তব ক্ষেত্রে বিন্দু উৎসের কোন অস্তিত্ব নেই। বহু দূরে থাকার জন্য সূর্য ও নক্ষত্রগুলোকে আলোর বিন্দু উৎস হিসেবে ধরা হয়।

আলোর প্রতিফলন (reflection of light) কাকে বলে ও কত প্রকার

আমরা যদি একটি আয়নাকে সূর্যের দিকে কাত করে ধরি তাহলে দেখা যায়, সূর্যের রশ্মি আয়নার চকচকে তলে পড়ে আবার আয়নার দল থেকে বেরিয়ে ভিন্ন দিকে চলে যায়। পূর্ণিমা রাতে পুকুরের কালো জলে চাঁদের আলো পড়ে, তারপর সেই আলো জলতল থেকে বেরিয়ে আমাদের চোখে পড়ে, তাই আমরা ঐ কালো জলের মধ্যে চাঁদকে দেখতে পাই। সমসত্ত্ব মাধ্যমে আলো সরল রেখায় চলে। কিন্তু আলো যখন এক সমসত্ত্ব মাধ্যম থেকে অন্য এক সমসত্ত মাধ্যমে আপতিত হয় তখন নিম্নলিখিত তিনটি ঘটনা ঘটে।

১. আপতিত আলোর কিছু অংশ দ্বিতীয় মাধ্যম তল থেকে দিক পরিবর্তন করে পুনরায় প্রথম মাধ্যমে ফিরে আসে, এই ঘটনাকে আলোর প্রতিফলন বলে।

২. আপতিত রশ্মির কিছু অংশ দ্বিতীয় মাধ্যমে প্রবেশ করে অন্য পথে চলে যায়। একে আলোর প্রতিসরণ বলে।

৩. আপতিত রশ্মির অবশিষ্ট অংশ দ্বিতীয় মাধ্যমে স্তরে শোষিত হয়।

আলোর প্রতিফলন কাকে বলে (এর সংজ্ঞা)

আলোক রশ্মি কোন সমসত্ত্ব স্বচ্ছ মাধ্যমের মধ্য দিয়ে যেতে যেতে অন্য কোন মাধ্যমে আপতিত হলে, ওই আলোকরশ্মির কিছু অংশ দ্বিতীয় মাধ্যমের তল থেকে অভিমুখ পরিবর্তন করে আবার প্রথম মাধ্যমে ফিরে আসে। এই ঘটনাকে আলোর প্রতিফলন বলে।

দুই মাধ্যমের মধ্যে যে বিভেদ তল থেকে আলোর প্রতিফলন ঘটে সেই তলকে প্রতিফলক বলে। সমতল দর্পণ এবং বিভিন্ন মসৃণ ও চকচকে ধাতব পদার্থ প্রতিফলকের কাজ করে।

প্রতিফলিত আলোকের পরিমাণ কোন কোন বিষয়ের উপর নির্ভর করে

প্রতিফলিত আলোকের পরিমাণ যে যে বিষয়ের উপর নির্ভর করে তা হল

১. প্রতিফলক তলে কত কোণে আলোক রশ্মি আপতিত হয় তার উপর নির্ভর করে। আলোকরশ্মি প্রতিফলন তলের সঙ্গে যত কম কোণ উৎপন্ন করে পড়বে অর্থাৎ আপতন কোণটি যত বড় হবে, প্রতিফলিত রশ্মির পরিমাণ তত বেশি হবে।

২. প্রতিফলকের প্রকৃতি এবং মাধ্যমের উপর নির্ভর করে।

বায়ু থেকে কাচের উপর লম্বভাবে আলোক রশ্মি পড়লে ওর সামান্য অংশও প্রতিফলিত হয় কিন্তু বায়ু থেকে দর্পণে আলোকরশ্মি পড়লে ও'র বেশিরভাগই প্রতিফলিত হয়।

RAISUL ISLAM HRIDOY

প্রতিফলনের প্রকার

আলোকরশ্মির প্রতিফলন দুই রকমের হয়। যথা

১. নিয়মিত প্রতিফলন এবং

২. বিক্ষিপ্ত প্রতিফলন।

১. নিয়মিত প্রতিফলন কাকে বলে

সমান্তরাল রশ্মি গুচ্ছ যখন কোন মসৃণ সমতলে আপতিত হয়, তখন প্রতিফলিত আলোকরশ্মি গুলো পরস্পর সমান্তরাল রশ্মি হিসেবে একটি নির্দিষ্ট দিকে চলে যায়। এইরকম প্রতিফলনকে নিয়মিত প্রতিফলন বলে। নিয়মিত প্রতিফলনের প্রতিবিম্ব সৃষ্টি হয়। আয়নায় সূর্যের রশ্মি পড়ে যে প্রতিফলন হয় সেই প্রতিফলন হলো নিয়মিত প্রতিফলন।

নিয়মিত প্রতিফলনে প্রতিফলিত রশ্মিগুচ্ছ আপতিত রশ্মিগুচ্ছের মত হয়। আয়না, স্থির জলের উপরিতল, মসৃণ ধাতবতল প্রভৃতি থেকে আলোর নিয়মিত প্রতিফলন ঘটে। নিয়মিত প্রতিফলনের অধিকাংশ আলো আমাদের চোখে এসে পড়ে বলে প্রতিফলন চকচকে দেখায়।

প্রতিফলন সম্পর্কিত প্রশ্নোত্তর

সিনেমার পর্দা সাদা এবং অমসৃণ হয় কেন?

সিনেমার পর্দা সাদা এবং অমসৃণ প্রকৃতির করা হয় কারণ, পর্দা অমসৃণ হলে ওর উপর আপতিত আলোকরশ্মি বিক্ষিপ্ত প্রতিফলন ঘটে। পর্দা থেকে বিক্ষিপ্ত আলোকরশ্মি গুলো হলের চারিদিকে ছড়িয়ে যায় এবং প্রতিটি দর্শকের চোখে পড়ে। ফলে হলের মধ্যে যেকোন স্থান থেকেই পর্দায় উৎপন্ন ছবি দর্শকের চোখে পড়ে।

সিনেমার পর্দা সাদা রংয়ের হয় কারণ সাদা বস্তু কোন আলোক রশ্মি শোষণ করে, প্রতিফলিত করে দেয়। তাই সিনেমার পর্দায় ছবির ঔজ্জ্বল্য কমেনা।

কালো রঙের হলে ওর উপর আলোকরশ্মি পড়ে প্রতিফলিত না হয়ে শোষিত হয়ে যেত। কারণ কালো রং আলোক রশ্মি শোষণ করে নেয়। তাই পর্দা থেকে কোন রশ্মি প্রতিফলিত হতো না। ফলে ছবি দেখা যেত না।

সিনেমার পর্দা চকচকে এবং মসৃণ হলে ওর থেকে নিয়মিত প্রতিফলন হত। ফলে পর্দায় আলোক রশ্মি প্রতিফলিত হয়ে নির্দিষ্ট দিকে চলে যেত। ওই রশ্মি গুলি যাদের চোখে পড়তো শুধুমাত্র তারা পর্দাকে চোখে দেখত আর অন্যান্য দর্শক পর্দায় কোন ছবি দেখতে পেত না।

সিনেমার পর্দা রং কালো করা হয় না কেন

সিনেমার পর্দার রং কালো হলে আলো শোষণ করবে। তাই কালো রংয়ের পর্দার উপর আপতিত আলোকরশ্মি প্রতিফলিত না হয়ে শোষিত হবে। এর ফলে কালো পর্দার উপর ছবি দেখা যাবে না। এইজন্য সিনেমার পর্দার রং কালো করা হয় না।

আয়নায় আলো পড়লে আয়না চকচক করে, কিন্তু ঘরের দেয়ালে আলো পড়লে দেয়াল চকচক করে না কেন।

আয়না মসৃণ বলে আয়নায় আপতিত আলোকরশ্মির নিয়মিত প্রতিফলন ঘটে এবং উৎস থেকে আসা বেশিরভাগ আলোকরশ্মি আয়না থেকে প্রতিফলিত হয়ে নির্দিষ্ট পথে আমাদের চোখে এসে পড়ে। ফলে আয়নায় যে অংশ থেকে প্রতিফলন ঘটে সেই অংশকে আমরা চকচকে দেখি।

কিন্তু ঘরের দেওয়ালের তল অমসৃণ হওয়ার ফলে দেওয়ালে আপতিত আলোর রশ্মিগুলোর বিক্ষিপ্ত

RAISUL ISLAM HRIDOY

প্রতিফলন ঘটে। এই বিক্ষিপ্ত রশ্মিগুলোর কিছু অংশ আমাদের চোখে আপতিত হয়। হলে আমরা দেয়ালটিকে দেখতে পাই। এছাড়া বিক্ষিপ্ত প্রতিফলনের ফলে প্রতিফলিত রশ্মি চারিদিকে ছড়িয়ে পড়ায় যে কোন দিক থেকে দেখলে দেওয়ালটিকে সমান উজ্জ্বল দেখায়।

জলে ভেজা ঘষা কাঁচ স্বচ্ছ চকচকে দেখায় কেন

ঘষা কাচ অমসৃণ হয়। এজন্য ঘষা কাঁচের উপর আপতিত আলোকরশ্মিগুলির বিক্ষিপ্ত প্রতিফলন ঘটে। তাই ঘষা কাঁচ অস্বচ্ছ দেখায়।

কিন্তু ঘষা কাঁচকে জলে ভাসালে ওর উপর স্বচ্ছ জলের একটি পাতলা আস্তরণ পড়ে। ফলে ঘষা কাঁচের অমসৃণ তলটি কিছুটা মসৃণ হয়।

এই অবস্থায় ঘষা কাঁচটির উপর আলো আপতিত হলে আলোর কিছু অংশ ওই মসৃণ তল থেকে প্রতিফলিত হয়। এবং কিছু অংশ কাঁচের মধ্যে প্রবেশ করে। ফলে ভেজানো কাঁচটি স্বচ্ছ এবং চকচকে দেখায়।

সূর্যোদয়ের কিছু আগে এবং সূর্যাস্তের কিছুর পরেও আমরা সূর্যালোক দেখতে পাই কেন

সূর্যোদয়ের কিছু আগে এবং সূর্যাস্তের কিছু পরে সূর্য দিগন্ত রেখার নিচে থাকে। ফলে সূর্যের আলোর সরাসরি আমাদের চোখে আসতে পারে না। এই সময়ে যেসব রশ্মি উপরের আকাশের ধূলিকণা ও জলকণার উপর আপতিত হয়, সেইসব রশ্মির বিক্ষিপ্ত প্রতিফলন ঘটে। তখন ওই প্রতিফলিত রশ্মির কিছু অংশ আমাদের চোখে এসে পৌঁছায়।

এজন্য সূর্যোদয়ের কিছু আগে এবং সূর্যাস্তের কিছুর পরেও আমরা পৃথিবীকে আলোকিত দেখি। সূর্যোদয়ের পূর্বে এই আলোকিত অবস্থাকে ঊষা এবং সূর্যাস্তের পরে অনুরূপ আলোকিত অবস্থাকে গোধূলি বলে। ওই সময়ে আকাশে ভাসমান ধূলিকণা ও জলকণার দ্বারা কিছু আলোক রশ্মির বিচ্ছুরণ ঘটে বলে আকাশ লাল হয়ে ওঠে।

গোধূলি কেন হয়

সূর্যাস্তের পরও ভূপৃষ্ঠ কিছুক্ষণ অল্প আলোকিত থাকে, একে গোধূলি বলে। বাতাসের মধ্যে অসংখ্য ধূলিকণা ভাসমান অবস্থায় থাকে। সূর্যাস্তের পর সূর্যের রশ্মি আর আমাদের কাছে পৌঁছতে পারেনা। কিন্তু ধূলিকণা গুলি উপরে থাকায় ওদের উপর পড়ে সূর্য রশ্মির বিক্ষিপ্ত প্রতিফলন হয়। সেই বিক্ষিপ্ত রশ্মি গুলি চারিদিকে ছড়িয়ে যায় এবং ভূপৃষ্ঠে এসে পৌঁছায়। তাই সূর্যাস্তের পর ধূলিকণা থেকে বিক্ষিপ্ত প্রতিফলনে ভূপৃষ্ঠে অল্প আলো পায়, ফলে গোধূলির সৃষ্টি হয়

আলোর গতিবেগের বৈশিষ্ট্য

১. শূন্য মাধ্যমে আলোর গতিবেগ পদার্থবিজ্ঞান এর একটি মৌলিক ধ্রুবক। আইনস্টাইনের আপেক্ষিকতাবাদে দেখিয়েছেন যে, এই বিশ্বে কোন বস্তু বা শক্তির গতিবেগ শূন্য মাধ্যমে আলোর গতিবেগের চেয়ে বেশি হতে পারে না। শূন্য মাধ্যমে আলোর গতিবেগ চরম ও পর্যবেক্ষক নিরপেক্ষ। অর্থাৎ দুজন ব্যক্তির মধ্যে আপেক্ষিক গতি যাই হোক না কেন, তাদের উভয়ের কাছে আলোর গতিবেগ একই হবে। ঘনতর মাধ্যমের তুলনায় লঘুতর মাধ্যমে আলোর বেগ বেশি হয়।

২. বিভিন্ন মাধ্যমে আলোর গতিবেগ বিভিন্ন হয়

আলোকবর্ষ

মহাকাশে যে অসংখ্য নক্ষত্র রয়েছে তাদের পারস্পরিক দূরত্ব এত বেশি যে, কিলোমিটারে ওইসব দূরত্বকে প্রকাশ করলে প্রতিক্ষেত্রে একটি করে বিরাট আকারের সংখ্যা পাওয়া যাবে। যার ফলে ওই বিরাট

RAISUL ISLAM HRIDOY

সংখ্যাগুলোকে সহজে মনে রাখা সম্ভব হবে না। এইজন্য নক্ষত্রদের দূরত্ব পরিমাপ করতে জ্যোতির্বিদ্যায় আলোকবর্ষ একক ব্যবহার করা হয়।

আলোকবর্ষ সংজ্ঞা

শূন্য মাধ্যমে আলোর এক বছর সময়ে যে দূরত্ব অতিক্রম করে তাকে এক আলোকবর্ষ বলে।

অর্থাৎ 1 আলোকবর্ষ মান = 300000×365×24×60×60 কিলোমিটার

= 9.46×1012 কিলোমিটার প্রায়।

পৃথিবীর নিকটতম নক্ষত্র আলফা সেন্টাউরি থেকে পৃথিবীতে আলো আসতে প্রায় 4.4 বছর সময় লাগে। অর্থাৎ পৃথিবী থেকে ওই নক্ষত্রটির দূরত্ব প্রায় 4.4 আলোকবর্ষ। এছাড়া আকাশে এমন সব নক্ষত্র রয়েছে পৃথিবী থেকে তাদের দূরত্ব বহু কোটি আলোকবর্ষ।

তড়িৎ পরিবাহী

যেসব পদার্থের মধ্যে দিয়ে তড়িৎ প্রবাহ হয়, তাদের তড়িৎ পরিবাহী পদার্থ বলে। যেমন সোনা, রুপা, তামা, গ্রাফাইট ইত্যাদি। তড়িৎ পরিবহনে সক্ষম এমন পদার্থ গুলিকে দুটি শ্রেণীতে ভাগ করা যায়। অর্থাৎ পরিবাহীর দুই রকম

১. ধাতব পরিবাহী এবং

২. তড়িৎ বিশ্লেষ্য পদার্থ।

১. ধাতব পরিবাহী

কতকগুলি পদার্থ তড়িৎ পরিবহন করে কিন্তু তড়িৎ পরিবহনের ফলে পদার্থগুলির কোন রাসায়নিক পরিবর্তন ঘটে না। বিভিন্ন ধাতু হলো এই জাতীয় পরিবাহী। তাই এদেরকে ধাতব পরিবাহী বলে।

গ্রাফাইট অধাতু হলেও তড়িৎ পরিবহনে সক্ষম।

এই জাতীয় পরিবাহীর মধ্য দিয়ে তড়িৎ প্রবাহের সময় ইলেকট্রন কণা তড়িৎ পরিবহন করে।

২. তড়িৎ বিশ্লেষ্য পদার্থ

কতকগুলি পদার্থ জলে দ্রবীভূত বা গলিত অবস্থায় তড়িৎ পরিবহন করে। এবং তড়িৎ পরিবহনের সঙ্গে সঙ্গে পদার্থ গুলির রাসায়নিক পরিবর্তন ঘটে নতুন পদার্থ উৎপন্ন হয়। অ্যাসিড, ক্ষার, লবণ জাতীয় পদার্থ গুলি হল এই শ্রেণীর পরিবাহী। H_2OSO_4, HCl, NaOH, KOH, NaCl, প্রভৃতি এই জাতীয় পদার্থ।

তড়িৎ অবিশ্লেষ্য পদার্থ

যে যৌগ গলিত অবস্থায় বা জলে দ্রবীভূত অবস্থায় তড়িৎ পরিবহণ করতে পারে না, তাকে তড়িৎ অবিশ্লেষ্য পদার্থ বলে। চিনির দ্রবণ, গ্লিসারিন, বেঞ্জিন, অ্যালকোহল তড়িৎ পরিবহণ করে না। এরা সব তড়িৎ অবিশ্লেষ্য পদার্থ।

তড়িৎ অপরিবাহী

যেসব পদার্থের মধ্যে দিয়ে তড়িৎ প্রবাহ হয় না সেগুলিকে তড়িৎ পরিবাহী পদার্থ বলে। যেমন কাঠ, রবার এবোনাইট কাচ ইত্যাদি।

তড়িৎ বিশ্লেষণ

গলিত বা জলে দ্রবীভূত অবস্থায় তড়িৎ বিশ্লেষ্য পদার্থের মধ্যে তড়িৎ প্রবাহের ফলে পদার্থটির রাসায়নিক বিভাজন ঘটে নতুন পদার্থ উৎপন্ন হয়। এই প্রক্রিয়াকে তড়িৎ বিশ্লেষণ বলে।

RAISUL ISLAM HRIDOY

জলে দ্রবীভূত বা গলিত অবস্থায় তড়িৎ বিশ্লেষ্য পদার্থের অনুগুলির বেশ কিছু সংখ্যক বিয়োজিত হয়ে পজিটিভ এবং নেগেটিভ তড়িৎ গ্রস্ত কণায় পরিণত হয়। এই তড়িৎগ্রস্ত কনাগুলিকে আয়ন বলে।

আয়ন

পরমাণু বা মূলক ইলেকট্রন গ্রহণ বা বর্জন করে তড়িৎ গ্রস্ত কণায় পরিণত হয়। এইরকম তড়িৎ যুক্ত পরমাণু বা মূলককে আয়ন বলে। পজিটিভ তড়িৎগ্রস্ত কনা গুলিকে ক্যাটায়ন এবং নেগেটিভ তড়িৎগ্রস্ত কণাগুলোকে অ্যানায়ন বলে। এখন এই অবস্থায় তড়িৎ বিশ্লেষ্য মধ্যে দুটি তড়িৎদ্বার (প্লাটিনাম) আংশিক ডুবিয়ে তড়িৎদ্বারের একটির সঙ্গে ব্যাটারীর পজেটিভ মেরু এবং অপরটির সঙ্গে নেগেটিভ মেরু যোগ করা হলে তড়িৎ বিশ্লেষ্য পদার্থের মধ্যে তড়িৎ প্রবাহ হবে।

তড়িৎ বিশ্লেষ্যের মধ্য দিয়ে তড়িৎ প্রবাহের ফলে ক্যাটায়নগুলি ক্যাথোডের দিকে আকৃষ্ট হয়। ক্যাটায়নগুলি ক্যাথোডের সংস্পর্শে এসে প্রয়োজনমতো ইলেকট্রন গ্রহণ করে তড়িৎ নিরপেক্ষ পরমাণুতে পরিণত হয়। কখনো কখনো এইভাবে উৎপন্ন পরমাণু দ্রবণের জল বা অ্যানোড থেকে উৎপন্ন কোন পদার্থের সঙ্গে বিক্রিয়া করে নতুন পদার্থ উৎপন্ন করে।

অ্যানায়নগুলি অ্যানোডের দিকে সহজেই আকৃষ্ট হয়এবং এসিডের সংস্পর্শে এসে বাড়তি ইলেকট্রন বর্জন করে তড়িৎ নিরপেক্ষ পরমাণু বা মূলকে পরিণত হয়। এইভাবে তড়িৎ বিশ্লেষণ দ্বারা উৎপন্ন পদার্থ গুলি কেবল তড়িৎদ্বারে উৎপন্ন হয়।

যেমন গলিত সোডিয়াম ক্লোরাইডের মধ্যে প্লাটিনাম তড়িৎদ্বারে সাহায্যে তড়িৎ প্রবাহ চালনা করলে ক্যাথোড Na+ আয়নগুলি ইলেকট্রন গ্রহণ করে Na তে পরিণত হয় এবং Cl– আয়ন গুলি অ্যানোডে ওর বাড়তি ইলেকট্রন বর্জন করে Cl_2 তে পরিণত হয়। NaCl(গলিত) ⇌ Na+ + Cl–

কোন মৌল বা মূলকের যোজ্যতা যত, ওই মৌল বা মূলক এর একক তড়িৎ বর্তমান থাকে। যেমন

একযোজী মৌল বা মূলকের আয়নে এক একক তড়িৎ বর্তমান থাকে। যেমন Na+, K+, Cl–

দ্বিযোজী মৌল বা মূলকের আয়নে 2 একক তড়িৎ বর্তমান থাকে। যেমন S=, Ca++, Cu++, SO_4=

ত্রিযোজী মৌল বা মূলকের আয়নে 3 একক তড়িৎ বর্তমান থাকে। যেমন Al+++, $(PO_4)_3$-, Fe+++

তড়িৎ বিশ্লেষ্য পদার্থের আয়ন রূপে এইভাবে বিয়োজন এর পদ্ধতিকে আয়নীয় বিয়োজন বলে।

ধাতব লবণের তড়িৎ বিশ্লেষণ করলে ধাতব আয়ন অর্থাৎ ক্যাটায়নগুলি ক্যাথোড এবং অধাতব অর্থাৎ অ্যানায়নগুলি অ্যানোডে মুক্ত হয়। তাই ধাতু গুলিকে তড়িৎ ধনাত্মক এবং অধাতু গুলোকে তড়িৎ ঋণাত্মক মৌল বলে। যেমন Na+, K+, Ca++ প্রভৃতি ক্যাটায়নগুলি ক্যাথোডে মুক্ত হয়। Na, K, Ca প্রভৃতি ধাতু গুলি তড়িৎ ধনাত্মক মৌল।

S=, Cl–, Br–প্রভৃতি অ্যানায়নগুলি অ্যানোডে মুক্ত হয়। তাই সালফার ক্লোরিন ব্রোমিন প্রভৃতি অধাতু গুলি তড়িৎ ঋণাত্মক মৌল। জলের তড়িৎ বিশ্লেষণ করলে হাইড্রোজেন অধাতু হলেও হাইড্রোজেন প্লাস আয়ন ক্যাথোডে মুক্ত হয়, তাই হাইড্রোজেন তড়িৎ ধনাত্মক মৌল।

ভোল্টা মিটার কি

কোন তড়িৎ বিশ্লেষ্য পদার্থের ভিতর দিয়ে তড়িৎ প্রবাহ করতে হলে পদার্থটিকে জলে দ্রবীভূত বা গলিত অবস্থায় একটি পাত্রের মধ্যে নেওয়া হয়। এই পাত্রটিকে ভোল্টা মিটার বলে।

তড়িৎদ্বার কি

ভোল্টমিটারের রাখা গলিত বা জলে দ্রবীভূত তড়িৎ বিশ্লেষ্যের দ্রবণের মধ্যে দুটি সুপরিবাহী ধাতু পাত (প্লাটিনাম, কপার ইত্যাদি) আংশিক ডুবিয়ে রাখা হয়। এই পাত দুটিকে তড়িৎদ্বার বলে।

RAISUL ISLAM HRIDOY

অ্যানোড

যে তড়িৎদ্বার এর সঙ্গে ব্যাটারীর পজেটিভ মেরু যুক্ত থাকে সেই তড়িৎদ্বারটিকে অ্যানোড বলে। তড়িৎ বিশ্লেষণের সময় অ্যানোডে অ্যানায়ন গুলি এসে তাদের ইলেকট্রন বর্জন করে।

ক্যাথোড

যে তড়িৎদ্বারের সঙ্গে ব্যাটারীর নেগেটিভ মেরুকে যোগ করা হয়, তাকে ক্যাথোড বলে। তড়িৎ বিশ্লেষণের সময় ক্যাটায়ন গুলি ক্যাথোডে এসে ইলেকট্রন গ্রহণ করে।

স্থির ও চল তড়িৎ - গুরুত্বপূর্ণ প্রশ্নাবলী

১) বিদ্যুৎ বিলের হিসাব কিভাবে করা হয়? ➪ কিলোওয়াট - ঘন্টায়।

২) বৈদ্যুতিক পাখা ধীরে ঘুরলে ও খরচ - ➪ একই হবে।

৩) আকাশে বিদ্যুৎ চমকায় - ➪ অসংখ্য জলকণা / বরফ কণার মধ্যে চার্জ সঞ্চিত হলে।

৪) বাসা বাড়িতে বিদ্যুতের ফ্রিকুয়েন্সি কত? ➪ ৫০ হার্জ।

৫) বিদ্যুৎবাহী তারে পাখি বসলে সাধারণত বিদ্যুৎস্পৃষ্ট হয় না কেন? ➪ মাটির সাথে সংযোগ হয় না।

৬) বিদ্যুৎ পরিবাহকের রোধের একক কি? ➪ ওহম।

৭) বৈদ্যুতিক ক্ষমতার একক কি? ➪ ওয়াট।

৮) টেলিফোন লাইনের মধ্য দিয়ে প্রবাহিত হয় - ➪ তড়িৎ শক্তি।

৯) কোন যন্ত্র যান্ত্রিক শক্তিকে তাড়িৎ শক্তিকে তড়িৎ শক্তিতে রুপান্তর করে? ➪ ডায়নামো।

১০) ক্যাপাসিটরের প্রধান কাজ কি? ➪ শক্তি সংরক্ষণ করা।

১১) বজ্রপাতের সময় কোথায় থাকা উচিত? ➪ গুহার ভিতর বা মাটিতে শুয়ে।

১২) একটি ধাতব পদার্থের উচ্চতা বৃদ্ধির সাথে এর - ➪ এর বৈদ্যুতিক রোধ বেড়ে যায়।

১৩) বৈদ্যুতিক মিটারে এক ইউনিট বিদ্যুৎ খরচ বলতে বুঝায়- ➪ এক কিলোওয়াট - ঘন্টা।

১৪) বৈদ্যুতিক মটর এমন একটি যন্ত্রকৌশল, যা - ➪ তড়িৎ শক্তিকে যান্ত্রিক শক্তিতে রুপান্তর করে।

১৫) সাধারণত ড্রাইসেলের ইলেকট্রোড হিসেবে কি ব্যবহার করা হয়? ➪ কার্বন দন্ড ও দস্তার কৌটা।

১৬) বিদ্যুৎ প্রবাহের বাণিজ্যিক একক কি? ➪ কিলোওয়াট - ঘন্টা।

১৭) এসি কারেন্টের বৈশিষ্ট্য - ➪ সময়ের সাথে দিক পরিবর্তন করে।

১৮) ড্রাইসেল ব্যাটারির বিদ্যুৎ চালক শক্তি কত? ➪ ১.৫ volt .

১৯) তড়িৎ কারেন্ট হলো কোনো তড়িৎ পরিবাহকের মধ্য দিয়ে - ➪ ইলেক্ট্রনের প্রবাহ।

২০) বৈদ্যুতিক বাল্বের ফিলামেন্ট কোন ধাতু দিয়ে তৈরি? ➪ টাংস্টোন।

২১) ওহমের সূত্র প্রযোজ্য হওয়ার ক্ষেত্রে - ➪ উষ্ণতা অপরিবর্তিত থাকা উচিত।

২২) কর্ণফুলী জলবিদ্যুৎ ষ্টেশনে বিদ্যুৎ উৎপাদনের জন্য কতটি টারবাইন আছে? ➪ ৫ টি।

২৩) বৈদ্যুতিক ফিউজে ব্যবহার করা হয় কোনটি? ➪ সীসা ও টিন।

২৪) ইলেকট্রন - ভোল্ট কিসের একক? ➪ শক্তির।

ইলেকট্রনিক্স

ইলেকট্রনিক্স তড়িৎ প্রকৌশলের একটি শাখা। যেখানে ভ্যাকিউম টিউব অথবা অর্ধ-পরিবাহী(semi conductor) যন্ত্রাংশের মধ্য দিয়ে ইলেকট্রনের প্রবাহ আলোচিত হয়। এতে সাধারণত ক্ষুদ্র আকারের বৈদ্যুতিক যন্ত্রপাতি যেমন কম্পিউটার, আই সি(Integrated Circuit) ইত্যাদি আলোচিত হয়।

RAISUL ISLAM HRIDOY

১৯০৪ সালে জন অ্যামব্রোস ফ্লেমিং দুইটি তড়িৎ ধারক (electrodes) বৈশিষ্ট সম্পূর্ণ বদ্ধ কাঁচের এক প্রকার নল (vacuum tube) উদ্ভাবন করেন ও তার মধ্য দিয়ে একমুখী তড়িৎ পাঠাতে সক্ষম হন। তাই সেই সময় থেকে ইলেকট্রনিক্সের শুরু হয়েছে বলা যায়।

ইলেকট্রনিক প্রকৌশল প্রধানত ইলেকট্রনিক বর্তনীর নকশা প্রণয়ন এবং পরীক্ষণের কাজে ব্যবহৃত হয়। ইলেকট্রনিক বর্তনী সাধারণত রেজিস্টর, ক্যাপাসিটর, ইন্ডাক্টর, ডায়োড প্রভৃতি দ্বারা কোন নির্দিষ্ট কার্যক্রম সম্পাদন করার জন্য তৈরি করা হয়। বেতার যন্ত্রেরটিউনার যেটি শুধুমাত্র আকাংক্ষিত বেতার স্টেশন ছাড়া অন্য গুলোকে বাতিল করতে সাহায্য করে, ইলেকট্রনিক বর্তনীর একটি উদাহরণ।

দ্বিতীয় বিশ্বযুদ্ধের আগে ইলেকট্রনিক্স প্রকৌশল রেডিও প্রকৌশল বা বেতার প্রকৌশল নামে পরিচিত ছিল। তখন এর কাজের পরিধি রাডার, বাণিজ্যিক বেতার (Radio) এবং আদি টেলিভিশনে সীমাবদ্ধ ছিল। বিশ্বযুদ্ধের পরে যখন ভোক্তা বা ব্যবহারকারী-কেন্দ্রিক যন্ত্রপাতির উন্নয়ন শুরু হল, তখন থেকে প্রকৌশলের এই শাখা বিস্তৃত হতে শুরু করে এবং আধুনিক টেলিভিশন, অডিও ব্যবস্থা, কম্পিউটার এবং মাইক্রোপ্রসেসর এই শাখার অন্তর্ভুক্ত হয়। পঞ্চাশের দশকের মাঝামাঝি থেকে বেতার প্রকৌশল নামটি ধীরে ধীরে পরিবর্তিত হয়ে দশকের শেষ নাগাদ ইলেকট্রনিক্স নাম ধারণ করে।

১৯৫৯ সালে সমন্বিত বর্তনী (integrated circuit or IC)আবিষ্কারের আগে ইলেকট্রনিক বর্তনী তৈরি হতো বড় আকারের পৃথক পৃথক যন্ত্রাংশ দিয়ে। এই সব বিশাল আকারের যন্ত্রাংশ দিয়ে তৈরি বর্তনীগুলো বিপুল জায়গা দখল করত এবং এগুলো চালাতে অনেক শক্তি লাগত। এই যন্ত্রাংশগুলোর গতিও ছিল অনেক কম। অন্যদিকে সমন্বিত বর্তনী বা আই সি অসংখ্য (প্রায়ই ১০ লক্ষ বা এক মিলিয়নেরও বেশি) ক্ষুদ্রাতিক্ষুদ্র তড়িৎ যন্ত্রাংশ, যাদের বেশিরভাগই মূলত ট্রানজিস্টর দিয়ে গঠিত হয়। এই যন্ত্রাংশগুলোকে একটি ছোট্ট পয়সা আকারের সিলিকন চিলতে বা চিপের উপরে সমন্বিত করে সমন্বিত বর্তনী তৈরি করা হয়। বর্তমানের অত্যাধুনিক কম্পিউটার বা নিত্য দিনের প্রয়োজনীয় ইলেকট্রনিক যন্ত্রপাতি সবই প্রধানত সমন্বিত বর্তনী বা আই সি দ্বারা নির্মিত।

RAISUL ISLAM HRIDOY

ক্ষমতা

কার্য করার হারকে ক্ষমতা বলে। কোন বল এক সেকেন্ডে যতটুকু কার্য সম্পাদন করে তাই হলো ক্ষমতার পরিমাণ।

ধরি t সময়ে কোন বল w কাজ করে

অতএব 1 সেকেন্ডে বলটি $\frac{w}{t}$ কার্য করে।

এখন ক্ষমতাকে P দ্বারা সূচিত করলে P = $\frac{w}{t}$, অর্থাৎ ক্ষমতা = $\frac{\text{কৃতকার্য}}{\text{সময়}}$

কার্য ও ক্ষমতার সম্পর্ক

কার্য ও ক্ষমতার সম্পর্ক নিম্নরূপ

একক সময়ে সম্পাদিত কার্যকে ক্ষমতা বলে।

অর্থাৎ, ক্ষমতা = কার্য/সময়

বা, কার্য = ক্ষমতা × সময়

কম সময়ে যদি কৃতকার্যের পরিমাণ বেশি হয় তাহলে ক্ষমতা বেশি হয়। মনে রাখা দরকার, ক্ষমতা কখনো কার্যের মোট পরিমাণের উপর নির্ভর করে না —- কত সময় ধরে ওই কার্য করা হলো তার ওপর নির্ভর করে। একজন লোক দু সেকেন্ডে ৬০০ ফুট পাউন্ড কার্য করে, দ্বিতীয় জন 5 সেকেন্ডে ১২০০ ফুট পাউন্ড কার্য করে।

এখন দেখা যাক কার ক্ষমতা বেশি—

প্রথম ব্যক্তির ক্ষমতার হিসাব = ৬০০/২ = ৩০০ ফুট পাউন্ড/সেকেন্ড

দ্বিতীয় ব্যক্তির ক্ষমতা্র হিসাব = ১২০০/৫ = ২৪০ ফুট পাউন্ড/সেকেন্ড

সুতরাং প্রথমজনের ক্ষমতা বেশি।

ক্ষমতার একক

ক্ষমতার একক দু প্রকারের ১. পরম একক

২. অভিকর্ষীয় একক

ক্ষমতার পরম একক

১. সিজিএস পদ্ধতিতে ক্ষমতার একক আর্গ/সেকেন্ড

এক সেকেন্ডে এক আর্গ কার্য করা হলে, সেই ক্ষমতা হলো আর্গ/সেকেন্ড

২. এম কে এস পদ্ধতিতে ক্ষমতার একক ওয়াট।

এক সেকেন্ডে এক জুল কার্য করা হলে সেই ক্ষমতা কে বলা হয় এক ওয়াট

৩. এফপিএস পদ্ধতিতে ক্ষমতার একক ফুট পাউন্ডাল/সেকেন্ড

এক সেকেন্ডে এক ফুট পাউন্ডাল কার্য করা হলে সেই ক্ষমতা কে বলা হয় এক ফুট পাউন্ডাল/সেকেন্ড।

ক্ষমতার অভিকর্ষীয় একক

সিজিএস পদ্ধতিতে ক্ষমতার অভিকর্ষ একক গ্রাম সেমি/সেকেন্ড

1 গ্রাম ভরের বস্তুকে অভিকর্ষের বিরুদ্ধে এক সেকেন্ডে 1 সেন্টিমিটার উপরে ওঠাতে যে ক্ষমতার দরকার তাকে 1 গ্রাম সেমি / সেকেন্ড বলে।

এফ পি এস পদ্ধতিতে ক্ষমতার অভিকর্ষীয় একক ফুট পাউন্ড / সেকেন্ড।

এক পাউন্ড ভরের বস্তুকে অভিকর্ষের বিরুদ্ধে এক সেকেন্ডে 1 ফুট উপরে ওঠাতে যে ক্ষমতার প্রয়োজন তাকে এক ফুট পাউন্ড / সেকেন্ড বলে।

এমকেএস পদ্ধতিতে ক্ষমতার অভিকর্ষ একক কিলোগ্রাম মিটার / সেকেন্ড।

1 কিলোগ্রাম ভরের বস্তুকে অভিকর্ষের বিরুদ্ধে এক সেকেন্ডে 1 মিটার উপরে ওঠাতে যে ক্ষমতার দরকার তাকে কিলোগ্রাম মিটার সেকেন্ড বলে।

ওয়াট ও আর্গের মধ্যে সম্পর্ক

এক ওয়াট = 1 জুল/সেকেন্ড = 10^7 আর্গ/সেকেন্ড

1000 ওয়াট =10^{10}আর্গ/সেকেন্ড

অশ্বশক্তি বা হর্সপাওয়ার কি

এফপিএস পদ্ধতিতে ক্ষমতার ব্যবহারিক একককে হর্সপাওয়ার বা অশ্বশক্তি বলে। 550 পাউন্ড ভরের বস্তুকে অভিকর্ষের বিরুদ্ধে এক সেকেন্ডে এক ফুট খাড়াভাবে উপরে ওঠাতে যে ক্ষমতার দরকার হয় তাকে এক হর্সপাওয়ার বলে বা এক অশ্বশক্তি বলে।

অর্থাৎ 1 সেকেন্ডে 550 ফুট পাউন্ড কার্য করা হলে ক্ষমতা এক হর্সপাওয়ার হয়।

1 হর্সপাওয়ার =550 ফুড পাউন্ড / সেকেন্ড

= 55032 ফুটট পাউন্ডাল / সেকেন্ড = 550324.210^5 আর্গ/সে

RAISUL ISLAM HRIDOY

= 550324.2*10^5 জুল / সেকেন্ড

= 746 ওয়াট

এক কিলোওয়াট= 1.34 হর্সপাওয়ার

শক্তি

কোনো বস্তু কাজ করতে সক্ষম হলে ধরে নিতে হবে তার শক্তি আছে। কোনো বস্তু মোট যে পরিমাণ কাজ করতে পারে তা দিয়ে বস্তুটির শক্তির পরিমাপ করা হয়। অর্থাৎ কৃত কাজ দিয়ে আমরা শক্তি পরিমাপ করতে পারি। কোনো বস্তু নিজে কাজ করলে বস্তুটির শক্তি কমে। যে বস্তুর উপর কাজ করা হয় তার শক্তি বাড়ে। শক্তির ভর, ভার, আয়তন নেই। যার কাজ করার সামর্থ্য যত কম তার শক্তিও তত কম। অতএব বলা যায় কাজ শক্তির মাপকাঠি। যদি বলা হয় কোনো বস্তু W পরিমাণ কাজ করল, তবে বুঝতে হবে যে, তার ব্যয়িত শক্তির পরিমান W। কোনো বস্তু বলের বিরুদ্ধে কাজ করলে তখন তা শক্তি হারায়। আবার বস্তুর উপর বল ক্রিয়া করলে তা শক্তি লাভ করে।

সংজ্ঞাঃ কাজ করার সামর্থ্যকে শক্তি বলে। কাজের মতো শক্তিও একটি স্কেলার রাশি।

শক্তির পরিমাণ = কৃত কাজ = প্রযুক্ত বল x বল প্রয়োগে বিন্দুর সরণ।

মোটর ইঞ্জিনে পেট্রোলের বাষ্প, বাষ্পীয় ইঞ্জিনে জলীয় বাষ্পের চাপ পিস্টন দ্বারা সৃষ্টি হয়। সুতরাং, বাষ্পের শক্তি আছে। আবার বিদ্যুতেরও শক্তি আছে। এই শক্তিতেই ট্রেন ও কল-কারখানা চলে। শক্তি আছে বলে মহাবিশ্ব চলছে। শক্তি রুপ পরিবর্তন করতে পারে, কিন্তু শক্তি সৃষ্টি বা ধ্বসে করা যায় না। তাই রূপান্তর প্রক্রিয়ায় মোট শক্তি অপরিবর্তিত থাকে। এ সম্পর্কে শক্তির নিত্যতার সূত্রে আমরা বিস্তারিত জানব।

শক্তির বিভিন্ন রূপ আছে। যেমনঃ

(i) যান্ত্রিক শক্তি (Mechanical energy)

(ii) তাপ শক্তি (Heat energy)

(iii) আলোক শক্তি (Light energy)

(iv) শব্দশক্তি (Sound energy)

(v) চৌম্বক শক্তি (Magnetic energy)

(vi) তড়িৎ শক্তি (Electrical energy)

(vii) রাসায়নিক শক্তি (Chemical energy)

(viii) পারমাণবিক শক্তি (Nuclear energy)

(ix) সৌর শক্তি (Solar energy)

আমরা এখন যান্ত্রিক শক্তি সম্পর্কে আলোচনা করব।

যান্ত্রিক শক্তি

কোনো বস্তুর মধ্যে তার পারিপার্শ্বিক অবস্থা বা অবস্থানের সাপেক্ষে অথবা গতির জন্য যদি কাজ করা যে সামর্থ্য তথা শক্তি থাকে, তবে ওই শক্তিকে যান্ত্রিক শক্তি বলে।

যান্ত্রিক শক্তি প্রধানত দুই প্রকার। যথাঃ

(১) গতিশক্তি (kinetic energy) এবং

(২) বিভব বা স্থিতিশক্তি (potential energy)

শক্তির একক

RAISUL ISLAM HRIDOY

যেহেতু কৃত কাজ দিয়েই শক্তি'র পরিমাপ করা হয় সুতরাং কাজ ও শক্তি'র একক একই। অর্থাৎ এস.আই.(SI) পদ্ধতিতে শক্তির একক জুল (J)।

শক্তির মাত্রা

শক্তি ও কাজের মাত্রা একই, [E] = [ML2T-2]

বস্তু গতিশীল হলে সেটি গতিশক্তি অর্জন করে। যেমনঃ m ভরের বস্তু v বেগে গতিশীল হলে 1/2 mv2 পরিমাণ গতিশক্তি (kinetic energy) অর্জন করে। শক্তি'র সবচেয়ে সাধারণ রূপ হচ্ছে যান্ত্রিক শক্তি।

শক্তি ও ক্ষমতার মধ্যে তুলনা

শক্তি ও ক্ষমতার মধ্যে তুলনা নিম্নে বর্ণিত হলো

শক্তি	ক্ষমতা
১. কোন বস্তুর কার্য করার সামর্থ্যকে শক্তি বলে।	১. বস্তুর কার্যকর হারকে ক্ষমতা বলে।
২. মোট কৃতকার্য দ্বারা বস্তুর শক্তি পরিমাপ করা হয়, যেখানে সময়ের কোনো প্রশ্ন আসে না।	২. একক সময়ে কৃতকার্য দ্বারা ক্ষমতা পরিমাপ করা হয়, সুতরাং এখানে সময়ের প্রশ্ন আসে।
৩. আন্তর্জাতিক পদ্ধতিতে শক্তির একক জুল।	৩. আন্তর্জাতিক পদ্ধতিতে ক্ষমতার একক ওয়াট।
৪. শক্তি একটি স্কেলার রাশি।	৪. এটি একটি স্কেলার রাশি।

এই ছিল শক্তি ও ক্ষমতার মধ্যে তুলনা

কার্য শক্তি ও ক্ষমতা এর মধ্যে সম্পর্ক

কার্য শক্তি ও ক্ষমতার মধ্যে সম্পর্ক নিম্নরূপ

১. কার্য হল শক্তির বহিঃপ্রকাশ। সম্পাদিত কার্য দ্বারা শক্তির পরিমাপ করা হয়। তাই কার্য এবং শক্তির একক একই কিন্তু ক্ষমতার একক ভিন্ন।

২. কার্য এবং শক্তির সঙ্গে সময়ের কোনো সম্পর্ক নেই কিন্তু ক্ষমতার সঙ্গে সময় এর সম্পর্ক আছে।

৩. একটি বস্তুর কার্য করার সামর্থ্য থাকলে বুঝতে হবে বস্তুটির মধ্যে কিছু পরিমাণ শক্তি জমা আছে। বস্তুটি যখন প্রকৃতই কার্যকরে তখনই তার ক্ষমতার কথা আসে।

RAISUL ISLAM HRIDOY

অশ্বশক্তি বা হর্সপাওয়ার কি

এপিএস পদ্ধতিতে ক্ষমতার ব্যবহারিক একককে হর্সপাওয়ার বা অশ্বশক্তি বলে। 550 পাউন্ড ভরের বস্তুকে অভিকর্ষের বিরুদ্ধে এক সেকেন্ডে এক ফুট খাড়াভাবে উপরে ওঠাতে যে ক্ষমতার দরকার হয় তাকে এক হর্সপাওয়ার বলে বা এক অশ্বশক্তি বলে।

ওয়াট ও আর্গের মধ্যে সম্পর্ক কি

এক ওয়াট = 1 জুল/সেকেন্ড = 10^7 আর্গ/সেকেন্ড

1000 ওয়াট =10^{10}আর্গ/সেকেন্ড

আধুনিক পদার্থবিজ্ঞান

আধুনিক পদার্থবিজ্ঞান পদার্থবিজ্ঞানের একটি শাখা। এর শুরু বিংশ শতাব্দীর শুরুর দিকে অথবা বিংশ শতাব্দীর শুরুর পদার্থবিজ্ঞানের উপরে ভিত্তি করে। আধুনিক পদার্থবিজ্ঞানের উল্লেখযোগ্য শাখার মধ্যে রয়েছে কোয়ান্টাম বলবিদ্যা, আপেক্ষিকতার বিশেষ তত্ত্ব এবং আপেক্ষিকতার সাধারণ তত্ত্ব।

চিরায়ত পদার্থবিজ্ঞান সাধারণত দৈনন্দিন ঘটনাবলী নিয়ে আলোচনা করে যেখানে গতি আলোর গতি অপেক্ষা অনেক কম এবং ভর পরমাণুর ভর অপেক্ষা অনেক বেশি। তবে আধুনিক পদার্থবিজ্ঞানে আরও চরম অবস্থা নিয়ে আলোচনা করে, যেমন আলোর গতির সাথে তুলনীয় গতি, পরমাণুর ব্যাসার্ধের সমান দুরত্ব (কোয়ান্টাম বলবিদ্যা) এবং উচ্চ শক্তি। কোয়ান্টাম বলবিদ্যা আপেক্ষিকতার বিশেষ তত্ত্বের সাথে সঙ্গতিপূর্ণ হলেও আপেক্ষিকতার সাধারণ তত্ত্বের সাথে একে একীভূত করা সম্ভব হয়নি।
আধুনিক পদার্থবিজ্ঞান হলো বিজ্ঞান ও প্রকৌশলের বিভিন্ন সরঞ্জাম ব্যবহার করে পদার্থের বিভিন্ন মিথস্ক্রিয়ার অন্তর্নিহিত প্রক্রিয়া বোঝার একটি প্রচেষ্টা। আক্ষরিক অর্থে আধুনিক পদার্থবিজ্ঞান বলতে হালনাগাদকৃত পদার্থবিজ্ঞানকে বোঝায়। তবে ১৮৯০ পরবর্তী সময়ে বিজ্ঞানের বেশ কিছু আবিষ্কারের কারণে বিজ্ঞানের প্রচলিত অনেক ধারণা ও বিশ্বাস পরিবর্তন হয়ে যায়। বিশেষত কোয়ান্টাম বলবিদ্যা এবং আপেক্ষিকতার তত্ত্ব আবিষ্কারের ফলে বিজ্ঞানীদের কাজের ধারা অনেক পরিবর্তিত হয়ে যায়। আধুনিক পদার্থবিজ্ঞান বলতে এখন কোয়ান্টাম বলবিদ্যা এবং আপেক্ষিকতার তত্ত্ব সংশ্লিষ্ট বিজ্ঞানকেই বোঝায়।

শক্তির উৎস ও প্রয়োগ

শক্তির উৎস বলতে যে বস্তুর মধ্যে কাজ করার ক্ষমতা নিহিত থাকে তাকেই শক্তির উৎস বলে। বর্তমান আধুনিক সভ্যতার গড়ে উঠার পেছনে মূল শক্তির উৎসই হলো বিদ্যুৎ শক্তি।

- জ্বালানি
- পারমাণবিক শক্তি
- সূর্য রশ্মি
- ভূ-গর্ভস্থ তাপ
- থার্মো ইলেকট্রিক পাওয়ার
- থার্মো আয়নিক কনভার্টার
- ধাবমান স্রোত
- বায়ুপ্রবাহ
- সামুদ্রিক জোয়ার ভাটা
- জ্বালানি সেল
- ম্যাগনেটো হাইড্রো ডাইনামিক

RAISUL ISLAM HRIDOY

নবায়নযোগ্য শক্তি বা রিনিউয়েবল এনার্জি হলো এমন শক্তির উৎস যা স্বল্প সময়ের ব্যবধানে পুনরায় ব্যবহার করা যায় এবং এর ফলে শক্তির উৎসটি নিঃশেষ হয়ে যায় না। বিভিন্ন প্রাকৃতিক উৎস যেমন: সূর্যের আলো ও তাপ, বায়ু প্রবাহ, জলপ্রবাহ, জৈব শক্তি (জৈবভর), ভূ-তাপ, সমুদ্র তরঙ্গ, সমুদ্র-তাপ, জোয়ার-ভাটা, শহুরে আবর্জনা, হাইড্রোজেন ফুয়েল সেল ইত্যাদি নবায়নযোগ্য শক্তির উৎস হিসেবে বিবেচিত হয়। অধিকাংশ দেশ তাদের বিদ্যুৎের চাহিদা মেটাতে নবায়যোগ্য শক্তি ব্যবহারের লক্ষ্যমাত্রা ঠিক করেছে। নবায়নযোগ্য শক্তি সমূহ পরিবেশ বান্ধব এবং কার্বন নিঃসরণ মুক্ত। জলবায়ু পরিবর্তন মোকাবিলা এবং একটি টেকশই জ্বালানি ব্যবস্থায় পৌঁছানোর জন্য জাতিসংঘ ও বিশ্বব্যাপী পরিবেশবাদী আন্দোলনসমূহ নবায়নযোগ্য শক্তি ব্যবহারে উৎসাহ অব্যহত রেখেছে।

বিশ্বে জীবাশ্ম জ্বালানির অধিকাংশ ব্যয় হয় বিদ্যুৎ উৎপাদনে, মোটরযান চলাচলে এবং বাসা বাড়ির তাপ-উৎপাদনে। এজন্য নবায়নযোগ্য শক্তি ব্যবহার করে টেকশই বিদ্যুৎ ব্যবস্থা, টেকশই যানবাহন ব্যবস্থা এবং গ্রিন টেকনোলজি সমৃদ্ধ শক্তি সাশ্রয়ী গৃহস্থালি পণ্য প্রবর্তনে আন্তর্জাতিকভাবে বিভিন্ন গবেষণা প্রক্রিয়াধীন আছে।

নবায়নযোগ্য শক্তির প্রকারভেদ

সৌর শক্তি

সূর্য আমাদের সৌরজগৎ এর কেন্দ্রীয় নক্ষত্র, যা একটি বিশাল গ্যাসীয় পিন্ড। এর কেন্দ্রে ফিউশন বিক্রিয়ার ফলে বিশাল পরিমাণ শক্তি উৎপন্ন হয় যা আলোক ও তাপ রূপে পৃথিবীতে পৌঁছায়। প্রধানত দুটি উপায়ে সূর্য থেকে শক্তি সংগ্রহ করা যায়। প্রথমত, সূর্য থেকে আলোক শক্তি সংগ্রহ করে, দ্বিতীয়ত, সূর্য থেকে তাপ শক্তি সংগ্রহ করে। আলোক শক্তি সংগ্রহের জন্য ব্যবহার করা হয় ফটোইলেক্ট্রিক ইফেক্ট বা আলোকতড়িৎ ক্রিয়া। আলোক সংবেদী অর্ধপরিবাহী দ্বারা তৈরি

ফোটোভোল্টাইক সেল (পিভি) ব্যবহার করে তৈরি করা হয় সোলার প্যানেল। এইসব প্যানেলের বিশাল অ্যারে বা শ্রেণি তৈরি করে আলোক শক্তি থেকে ডাইরেক্ট কারেন্ট বা ডিসি বিদ্যুৎ শক্তি সংগ্রহ করা হয়।

তাপ শক্তি সংগ্রহ করার জন্য ব্যবহার করা হয় কনসেন্ট্রেটেড সোলার পাওয়ার বা 'কেন্দ্রীভূত সৌর শক্তি পদ্ধতি'। অনেকগুলো দর্পনের সাহায্যে সূর্যের আলোককে একটি টাওয়ার বা মিনারের অগ্রভাবে প্রতিফলিত করা হয়। সব দর্পনের এই কেন্দ্রীভূত প্রতিফলনের ফলে সৃষ্ট তাপকে কাজে লাগিয়ে বাষ্প তৈরি করা হয় যা থেকে পরে বিদ্যুৎ উৎপন্ন করা হয়। এছাড়াও বাড়ির ছাদে জল গরম করার জন্য ব্যবহার করা যায় সৌর-জল-উত্তাপক বা সোলার ওয়াটার হিটার। শীতপ্রধান দেশে বা কলকারখানার গরম পানির চাহিদা মেটাতে এটি ব্যবহার করা হয়।

প্রতিদিন পৃথিবীতে এক ঘণ্টায় যে পরিমাণ সৌরশক্তি পৌঁছায় তা দিয়ে পুরো পৃথিবীর দুই বছরের বিদ্যুৎ চাহিদা মেটানো যাবে।

বায়ু শক্তি

বায়ু প্রবাহ হয়ে থাকে তাপমাত্রার পার্থক্যের কারণে। এটি মূলত সৌর শক্তিরই আরেক রূপ। বায়ুর গতিতে থাকে গতি শক্তি বা কাইনেটিক এনার্জি। এই গতি শক্তিকে সাধারণত টারবাইনের মাধ্যমে যান্ত্রিক শক্তিতে রূপান্তরিত করা হয়। সেই যান্ত্রিক শক্তি থেকে বিদ্যুৎ শক্তি পাওয়া যায়। বায়ুমন্ডলের যতো উপরে যাওয়া যায়, ততোই স্থির বেগের বায়ু প্রবাহ পাওয়া যায়। তাই উঁচু টাওয়ারের মাথায় বায়ুকল বসিয়ে বিদ্যুৎ তৈরি করা হয়। বায়ুকলগুলো সাধারণত শ্রেণিবদ্ধভাবে বসানো হয়। যেখানে বায়ুকলগুলো বসানো হবে তার আগে প্রায় দুই-তিন বছরের বায়ু প্রবাহের গতি পর্যালোচনা করে দেখা হয় সেখানে বছর জুড়ে যথেষ্ট বায়ু প্রবাহ আছে কি না। স্থলভূমিতে বায়ুকল বসালে তাকে বলা হয় অন-শোর-উইন্ড বা ভূমিস্থ-বায়ু-শক্তি। আর সমুদ্রে, যেখানে তুলনামূলক বেশি বায়ু প্রবাহ পাওয়া যায়, সেখানে বসালে তাকে বলা হয় 'অফ-শোর-উইন্ড' বা সামুদ্রিক-বায়ু-শক্তি।

জৈব শক্তি

মানুষ অথবা পশু-পাখির বিষ্ঠা এবং পচনশীল আবর্জনা থেকে বায়োগ্যাস তৈরি করা যায়। যা রান্নার কাজে বা বিদ্যুৎ উৎপাদনে কাজে লাগে। কিছু বিষেশ ধরনের শর্করা উৎপাদক শস্য যেমন সয়াবিন, আখ ইত্যাদি গাছ থেকে বায়োফুয়েল তৈরি করা যায় [1]। গাঁজন প্রক্রিয়ায় শর্করা থেকে মেথানল, ইথানল অথবা সরাসরি জ্বালানি হাইড্রকার্বন প্রস্তুত করা যায়। এই ফুয়েল সরাসরি যানবাহনে জ্বালানি হিসেবে ব্যবহার করা যায়। এছাড়াও সামুদ্রিক শৈবাল ব্যবহার করে সমুদ্রের পানি, বাতাসের কার্বন-ডাই-অক্সাইড ও সূর্যালোক থেকে বায়োফুয়েল তৈরির গবষণা চলছে।

গাছপালা যেগুলো বপনের পঁচিশ-ত্রিশ বছরের মধ্যেই পূর্নাঙ্গ বৃক্ষে পরিণত হতে পারে সেগুলো ব্যবহার করেও বিদ্যুৎ শক্তি উৎপন্ন করা যায়। গাছের কাঠ উচ্চ-কর্মদক্ষতা সম্পন্ন চুল্লিতে পুড়িয়ে তাপ পাওয়া যায়। সেই তাপে পানি বাষ্প করে টাইবাইন চালিয়ে বিদ্যুৎ পাওয়া যায়। একটি ম্যানেজড ফরেস্ট বা পরিকল্পিত বনে এমনভাবে হিসাব করে গাছ

RAISUL ISLAM HRIDOY

কাটা ও লাগানো হয় যাতে করে ঐ বনে মোট গাছের সংখ্যা কখনই না কমে, বরং বাড়ে। এই ধরনের বিদ্যুৎ কেন্দ্রকে বলা হয় বায়োম্যাস বিদ্যুৎ কেন্দ্র। বিভিন্ন ফসলের উচ্ছিষ্টাংশ, খড়, চিটা কাজে লাগিয়েও এই ধরনের বিদ্যুৎ কেন্দ্র করা যায়। এটি একটি কার্বন নিউট্রাল প্রক্রিয়া। ঐ গাছগুলো না পোড়ালেও তাতে সঞ্চিত কার্বন কোনো না কোনো ভাবে বায়ুমন্ডলে চলে যেতো।

সমুদ্র শক্তি

পৃথিবীর পৃষ্ঠের অধিকাংশ এলাকা জুড়ে রয়েছে সাগর-মহাসাগর। এই বিশাল সমুদ্র অংশ সম্পদ ও শক্তির ভান্ডার। সমুদ্র থেকে বিভিন্ন উপায়ে নবায়নযোগ্য শক্তি সংগ্রহ করা যায়। এর মাঝে প্রচলিত কয়েকটির বর্ণনা হলো-

সমুদ্র তরঙ্গ শক্তি

সমুদ্রের তরঙ্গ বা ঢেউতে রয়েছে গতি শক্তি ও যান্ত্রিক শক্তি। এটাকে কাজে লাগিয়ে বিদ্যুৎ উৎপন্ন করা যায়। সমুদ্রের ঢেউ এর সাথে ওঠা-নামা করতে পারে এমন ভাসমান বয়ার নড়া-চড়াকে কাজে লাগিয়ে ফ্লুইডকে (বাতাস অথবা পানিকে) প্রেসারাইসড্ করা হয়। সেই ফ্লুইডের চাপে টারবাইন ঘুরিয়ে বিদ্যুৎ পাওয়া যায়।

সমুদ্র তাপ শক্তি

ওশেন থার্মাল এনার্জি কনভার্শন (ওটেক) বা সমুদ্র-তাপ শক্তি থেকে বিদ্যুৎ শক্তি উৎপাদন করা যায়। সমুদ্রের উপরিতলের তাপমাত্রা থাকে গড়ে ২৫ থেকে ৩০ ডিগ্রি সেলসিয়াস। আর প্রায় এক কিলোমিটার নিচে গেলেই এই তাপমাত্রা কমে গিয়ে দাঁড়ায় ১০ থেকে ১৫ ডিগ্রি। এই তাপমাত্রার পার্থক্যকে কাজে লাগিয়ে কম স্ফুটনাঙ্ক বিশিষ্ট তরল যেমন অ্যামোনিয়ার প্রসারণ দ্বারা টারবাইন ঘুরিয়ে বিদ্যুৎ পাওয়া যায়।

জোয়ার ভাটা শক্তি

জোয়ার ভাটার সময় দিনে দুইবার করে সমুদ্রের পানির উচ্চতা কম বেশি হয়। বাঁধ দিয়ে এই উচ্চতার পার্থক্যকে কাজে লাগিয়ে টার্বাইন ঘুরিয়ে বিদ্যুৎ পাওয়া যায়।

ভূতাপ শক্তি

জিওথার্মাল এনার্জি বা ভূতাপ শক্তি হলো পৃথিবীর অভ্যন্তরের শক্তি। পৃথিবীর কেন্দ্র একটি গলিত ধাতুর পিন্ড যার তাপমাত্রা প্রায় ৬ হাজার ডিগ্রি সেন্টিগ্রেড। সেই তাপমাত্রা পৃথিবী পৃষ্ঠের নীচ পর্যন্ত পরিচলন পদ্ধতিতে চলে আসে। তাছাড়াও পৃথিবীর অভ্যন্তরের তেজস্ক্রিয় পদার্থ যেমন থোরিয়াম, ইউরেনিয়ামের ক্ষয়ের ফলে যে তাপ সৃষ্টি হয় সেটিও ভূ-পৃষ্ঠের নীচ পর্যন্ত পরিচালিত হয়। এই তাপকে কাজে লাগিয়ে বিদ্যুৎ উৎপন্ন করা যায়। সাধারণ যেসব জায়গায় টেকটনিক প্লেটের কিনারা আছে বা উষ্ণ প্রস্রবণ আছে সেখানে ভূ-পৃষ্টের প্রায় এক-দুই কিলোমিটার নিচে পাইপ দিয়ে পানি চালনা করে বাষ্প করা হয়। যা থেকে পরবর্তিতে টার্বাইন চালানো করে বিদ্যুৎ পাওয়া যায়। আইসল্যান্ডের বিদ্যুৎ চাহিদার প্রায় চার-ভাগের এক ভাগ আসে ভূতাপ শক্তি থেকে। । কয়েক প্রকারের ভূতাপ শক্তি কেন্দ্র রয়েছে। যেমন-

- ✓ হাইপারথার্মাল বা উচ্চতাপী (প্রতি কি.মি. তে তাপমাত্রার পার্থক্য ৮০ ডিগ্রি কেলভিনের বেশি)
- ✓ সাবথার্মাল বা নিম্নতাপী (প্রতি কি.মি. তে তাপমাত্রার পার্থক্য ৪০-৮০ ডিগ্রি কেলভিন)
- ✓ নরমাল বা সাধারণ (প্রতি কি.মি. তে তাপমাত্রার পার্থক্য ৪০ ডিগ্রি কেলভিনের কম)

জলবিদ্যুৎ

নবায়নযোগ্য শক্তির সব থেকে পরিচিত মাধ্যমটি হলো জলবিদ্যুৎ। সাধারণত পাহাড়ি এলাকায় নদীর বুকে বিশাল আকৃতির বাঁধ দিয়ে পানির উচ্চতা বাড়ানো হয়। সেই পানিকে নিয়ন্ত্রিত ভাবে নিচে পড়তে দিয়ে তার ধাক্কায় টার্বাইন ঘুরানো হয়। এভাবে বিদ্যুৎ পাওয়া যায়। পাহাড়ি অঞ্চল ছাড়াও স্রোতস্বিনী নদীতে বাঁধা দিয়ে 'রান-অফ-দা-রিভার হাইড্রো পাওয়ার' তৈরি করা যায়। এছাড়াও মাইক্রো হাইড্রো বা পিকো হাইড্রোর মতো ব্যবস্থাও আছে যেখানে ছোট পাহাড়ি ছড়ার স্রোতে টার্বাইন চালিয়ে স্বল্প মাত্রায় বিদ্যুৎ পাওয়া যায়।

শহুরে আবর্জনা

RAISUL ISLAM HRIDOY

শহুরে আবর্জনা থেকে বিদ্যুৎ বা 'মিউনিসিপ্যালিটি ওয়েস্ট টু এনার্জি' [৪] বর্তমান যুগে দারুণ জনপ্রিয় একটি নবায়নযোগ্য বিদ্যুৎ উৎপাদন মাধ্যম। প্রতিটি মেগসিটি বা বড় শহরে প্রতিদিন কয়েক লক্ষ টন সলিড-ওয়েস্ট বা আবর্জনা তৈরি হয়। এই আবর্জনাগুলো কাজে লাগানো যায় বিদ্যুৎ উৎপাদনের মাধ্যমে। আবর্জনাগুলো থেকে দাহ্য পদার্থ যেমন প্লাস্টিক, কাঠ-খড় ইত্যাদি বাছাই করে আলাদা করা হয়। সেগুলো দক্ষ ফার্নেসে পুড়িয়ে বাষ্প তৈরি করে বিদ্যুৎ পাওয়া যায়। উৎপন্ন গ্যাসকে বিভিন্ন উপায়ে পরিশোধন করে বায়ুমন্ডলে ছেড়ে দেয়া হয়।

শহরের পচনশীল আবর্জনা এবং পয়নিষ্কাশিত আবর্জনা থেকে বায়োগ্যাস তৈরি করে বিদ্যুৎ পাওয়া যায়।

হাইড্রোজেন ফুয়েল সেল

হাইড্রোজেন মৌলটি মহাবিশ্বে পরিমাণ হিসেবে সব থেকে বেশি রয়েছে। মহাবিশ্বে যতো মৌল আছে তার ৭৫ শতাংশ হলো হাইড্রোজেন [1]। হাইড্রোজেনকে জ্বালানি হিসাবে ব্যবহার করে বিদ্যুৎ উৎপন্ন করা যায়। এই পদ্ধতিকে হাইড্রোজেন ফুয়েল সেল বলা হয়। এটি একটি ব্যাটারির মতো ডাইরক্ট কারেন্ট তৈরি করে। কিন্তু এই ব্যাটারি চালাতে জ্বালানি হিসেবে ক্যাথোডে দেওয়া হয় বিশুদ্ধ হাইড্রোজেন এবং অ্যানোডে দেওয়া হয় বাতাসের অক্সিজেন। এরা নিজেদের মধ্যে বিক্রিয়া করে পানি এবং তাপ উৎপন্ন করে। সাথে ক্যাথোড থেকে অ্যানোডে ইলেকট্রন প্রবাহ চলে। বড় মাপের ফুয়েল সেল থেকে প্রাপ্ত তাপশক্তিকে কাজে লাগিয়ে একটি ছোটো বাষ্প ইঞ্জিন থেকেও বিদ্যুৎ সহ-উৎপাদন বা কো-জেনারেট করা যায়। এরকম ক্ষেত্রে ফুয়েল সেলের কর্মদক্ষতা প্রায় ৮০-৯০% ।

হাইড্রোজেন সংগ্রহ করার জন্য তিন ধরনের পদ্ধতি ব্যবহার করা যায়-

- ✓ হাইড্রোকার্বন প্রোসেসিং (মিথেন, ইথেন গ্যাস বা জীবাশ্ম তেল থেকে হাইড্রোজেন আলাদা করা)
- ✓ ইলেক্ট্রলাইসিস (পানিতে নবায়নযোগ্য উৎস হতে বিদ্যুৎ পরিচালনা করে অক্সিজেন ও হাইড্রোজেন আলাদা করা)
- ✓ ফটোলাইসিস (বিশেষ ব্যাকটেরিয়ার মাধ্যমে সূর্যালোকের উপস্থিতিতে পানি থেকে হাইড্রোজেন আলাদা করা)

RAISUL ISLAM HRIDOY

মোটোরযানে এবং এমন কোনো স্থাপনায় যেখানে নিরবচ্ছিন্ন বিদ্যুতের প্রয়োজন আছে সেখানে ফুয়েল সেল ব্যবহার করা হয়।

হাইড্রোজেন ফিউশন নিউক্লিয়ার পাওয়ার

এটি গবেষণাধীন একটি নবায়নযোগ্য নিউক্লিয়ার পাওয়ার । হাইড্রোজেন একটি প্রাচুর্যপূর্ণ মৌল, এটিকে ব্যবহার করে ফিউশন বিক্রিয়ার মাধ্যমে (যা সূর্যের অভ্যন্তরে ঘটে) প্রচুর পরিমাণে শক্তি উৎপাদন করা যায়। প্রথাগত ফিশন নিউক্লিয়ার পাওয়ারকে নবায়নযোগ্য বলা হয় না কারণ তার জ্বালানি ইউরেনিয়াম, প্লুটোনিয়াম, থোরিয়ামের মজুদ সীমিত। এদেরকে বলা হয় বিকল্প শক্তি বা অল্টার্নেটিভ এনার্জি। কিন্তু হাইড্রোজেন ফিউশন নিউক্লিয়ারের জ্বালানি হাইড্রোজেন পানি থেকে সহজেই সংগ্রহ করা যায় এবং মহাবিশ্ব হাইড্রোজেন মৌলের পরিমাণ প্রায় ৭৫%, তাই এটি একটি নবায়নযোগ্য শক্তি।

শক্তির উৎস এবং এর প্রয়োগ সংক্ষিপ্ত প্রশ্নোত্তর

কোনো বস্তুর কাজ করার সামর্থ্যকে বলা হয়? — শক্তি বলে।

শক্তির পরিমাপ করা হয় কিসের দ্বারা? — কৃতকাজের দ্বারা।

কাজের একক এবং শক্তির একক মূলত — একই এবং অভিন্ন।

মোটামুটিভাবে শক্তির কয়টি রূপ দিয়ে প্রাকৃতিক সব ঘটনা ব্যাখ্যা করা যায়? — নয়টি।

কোনো বস্তুর অবস্থান বা গতির কারণে এর মাঝে যে শক্তি নিহিত থাকে তাকে বলা হয়? — যান্ত্রিক শক্তি।
কোনো গতিশীল বস্তু তার গতির জন্য কাজ করার যে সামর্থ্য লাভ করে তাকে বলে? — গতি শক্তি।
কোনো বস্তু তার অবস্থানের পরিবর্তনের জন্যে কাজ করার যে সামর্থ্য লাভ করে তাকে বলে? — বিভব শক্তি।

সকল শক্তির উৎস কাকে বলা হয়? — সূর্য কে।
পৃথিবীর বর্তমান ভৌত অবস্থায় যে সকল শক্তির উৎস নতুন করে সৃষ্টি হওয়ার নয় তাকে বলে?
— অনবায়নযোগ্য শক্তি।
নবায়নযোগ্য জ্বালানী কোনটি? — পরমাণু শক্তি।
নবায়নযোগ্য শক্তির উৎস কোনটি? — সূর্য রশ্মি।
সূর্যে শক্তি উৎপন্ন হয়? — পরমাণুর ফিউশন পদ্ধতিতে।
সূর্য থেকে যে শক্তি পাওয়া যায় তাকে বলে? — সৌরশক্তি।
নবায়নযোগ্য শক্তির উৎস কোনটি? — পানি।
পানির স্রোত বা প্রবাহকে কাজে লাগিয়ে যে তড়িৎ তৈরি করা হয় তাকে বলে? — জলবিদ্যুৎ।
কোন দেশ জোয়ার-ভাটা শক্তিকে কাজে লাগিয়ে উৎপাদন প্রকল্প সফলভাবে কাজ করছে? — ফ্রান্সে।
বায়োমাস বলতে কি বুঝ? — যেসব জৈব পদার্থকে শক্তিতে রূপান্তর করা যায়।
বায়োগ্যাসে গোবর-পানির মিশ্রণ কত? — ১:২।

RAISUL ISLAM HRIDOY

পারমাণবিক শক্তির উৎস

বাংলাদেশের পরমাণু শক্তি কমিশন গঠিত হয় কোন সালে? — ১৯৭৩ সালে।
ফিউশন প্রক্রিয়ায় যা হয় — একাধিক পরমাণু যুক্ত হয়ে নতুন পরমাণুর গঠন।
যে নিউক্লিয় বিক্রিয়ায় প্রাপ্ত শক্তিকে বিদ্যুৎ উৎপাদনে ব্যবহার করা হয় সেই বিক্রিয়াকে বলা হয়? — নিউক্লিয় ফিশন।
নিউক্লিয় বিক্রিয়ায় মূলত কিসের রূপান্তর চলে? — ভর শক্তির।
নিউক্লিয় বিক্রিয়ায় এক টন ইউরেনিয়াম থেকে যে শক্তি পাওয়া তা কত লক্ষ টন কয়লা পুড়িয়ে পাওয়ার সমান? — দশ লক্ষ টন।
আধুনিককালে তাপ বিদ্যুৎ কেন্দ্রের প্রধান উপাদান কি? — কয়লা।
প্রাকৃতিক গ্যাসের প্রধান উপাদানর নাম কি? — মিথেন।
তড়িৎ শক্তি শব্দশক্তিতে রূপান্তরিত হয় কোন যন্ত্রের মাধ্যমে? — লাউড স্পিকার।
বৈদ্যুতিক মটর এমন একটি যন্ত্রকৌশল যা — তড়িৎ শক্তি যান্ত্রিক শক্তিতে রূপান্তর।
শক্তির মূলত কোনো ধ্বংস বা সৃষ্টি নেই, কেবল একরূপ থেকে অন্যরূপে — রূপান্তর ঘটে।
হাতে হাত ঘষলে তাপ উৎপন্ন হয়।এটি কোন শক্তি? — যান্ত্রিক শক্তি।

ফটোগ্রাফিক কাগজের উপর আলোর ক্রিয়ার ফলে আলোক শক্তি কোন শক্তিতে রূপান্তর হয়?
— রাসায়নিক শক্তিতে।
বৈদ্যুতিক মটরে কোন শক্তির রূপান্তর চলে? — তড়িৎ শক্তি যান্ত্রিক শক্তিতে।
নিউক্লিয় সাবমেরিনে নিউক্লিয় শক্তি কোন শক্তি তে রূপান্তর হয়? — যান্ত্রিক শক্তিতে।
যে বিষয়ে অণুবীক্ষণ যন্ত্রের গঠন ও কার্যপ্রণালী আলোচনা করা হয় তাকে বলে? — মাইক্রোস্কপি।
অণুবীক্ষণ যন্ত্র মূলত কত প্রকার? — ২ প্রকার।
স্বাভাবিক চোখের দৃষ্টি পাল্লার বিস্তৃতি কত? — ২৫ সেমি হতে অসীম পর্যন্ত।
চোখের ত্রুটি কয় ধরনের হয়ে থাকে? — ২ ধরনের।
চালসে ত্রুটির জন্য কোন লেন্স ব্যবহার করা হয়? — দ্বি ফোকাস লেন্স।
নকুলান্ধতা এর জন্য ব্যবহার করা হয়? — টরিক লেন্স।

পারমাণবিক শক্তি

পারমাণবিক শক্তি হল শক্তির এক প্রকার রূপ। নিউক্লীয় ফিউশন বা ফিশন বিক্রিয়ার ফলে এই শক্তির উদ্ভব ঘটে। পরমাণুর নিউক্লিয়াসের ভর হতে শক্তির রূপান্তর আইনস্টাইনের $\Delta E = \Delta mc^2$ শক্তির সাথে সঙ্গতিপূর্ণ, যেখানে ΔE=উৎপন্ন শক্তি, Δm=শক্তি উৎপন্নকারী পদার্থের ভর এবং c=আলোর গতিবেগ (শূণ্য মাধ্যমে)। ফ্রেঞ্চ পদার্থবিদ হেনরি বেকেরেল সর্বপ্রথম ১৮৯৬ সালে পারমাণবিক শক্তি উদ্ভাবন করেন। তিনি অন্ধকারে ইউরেনিয়ামের পাশে রক্ষিত ফটোগ্রাফিক প্লেটের বর্ণ পরিবর্তন দেখে এই বিষয়ে উদ্বুদ্ধ হন। অবশ্য ১৮৯৫ সালে এই ঘটনাটির আবিষ্কার হয়। নিম্নোক্তভাবে পারমাণবিক শক্তির উদ্ভব ঘটতে পারেঃ

- তেজস্ক্রিয় ক্ষয়, তেজস্ক্রিয় পদার্থের পরমাণুর নিউক্লিয়াসে অবস্থিত নিউট্রন বা প্রোটনের ক্ষয়ের ফলে অন্যান্য ক্ষুদ্রাতিক্ষুদ্র কণা, তড়িচ্চুম্বকীয় বিকিরণ, নিউট্রনের উদ্ভবের মাধ্যমে।
- নিউক্লীয় ফিউশন, দুইটি পারমাণবিক নিউক্লিয়াসের সংযোজনের মাধ্যমে বৃহত্তর নিউক্লিয়াসের গঠনের ফলে।
- নিউক্লীয় ফিশন, বড় নিউক্লিয়াসের ভাঙনে দুই বা ততোধিক হালকা নিউক্লিয়াসে বিয়োজনের মাধ্যমে।

কোন একটি ভারী মৌলের পরমাণুকে নিউট্রন দ্বারা আঘাত করলে ভারী মৌলটি ভেংগে দুইটি হাল্কা মৌলের পরমাণুতে পরিণত হয় এবং বিপুল পরিমাণ তাপ শক্তির বিকিরন ঘটে। এই শক্তিকেই বলা হয় পরমাণু শক্তি। এই বিক্রিয়া সংঘটিত হওয়ার সময় সাধারণত ৩টি নিউট্রনও উৎপন্ন হয় যা পুনরায় নতুন ৩টি বিক্রিয়ায় অংশগ্রহণ করে। ফলে আরও ৯টি নিউট্রন পাওয়া যায়, যা ক্রমান্বয়ে বাড়তে থাকে। এজন্য এই বিক্রিয়াকে বলা হয় চেইন রিঅ্যাকশন। অনিয়ন্ত্রিত পারমাণবিক বিক্রিয়া বিপুল পরিমাণ তাপ উৎপন্ন করে যা খুবই বিপজ্জনক। পারমাণবিক বোমা মূলত অনিয়ন্ত্রিত পারমাণবিক বিক্রিয়া। অন্যদিকে নিয়ন্ত্রিত পারমাণবিক বিক্রিয়া প্রয়োজন মত সঠিক পরিমাণে তাপ উৎপাদন করে যা বিভিন্ন গবেষণা ও বিদ্যুৎ উৎপাদনের কাজে ব্যবহার করা হয়।

খনিজ উৎস

ভূপৃষ্ঠে বা ভূগর্ভে শিলাস্তূপ থেকে প্রাপ্ত মুক্ত মৌল বা যৌগ যা থেকে ধাতু বা অধাতু পাওয়া যায় তাদেরকে খনিজ (ইংরেজি: mineral) বলে। মূলত, এগুলো অজৈব পদার্থ এবং সাধারণভাবে কেলাসরূপে বিদ্যমান থাকে। এই খনিজ বিভিন্ন অর্থে বিভিন্ন প্রকারের হয় মৌল ও যৌগ বিবেচনায় দুইপ্রকার আবার ভৌত

RAISUL ISLAM HRIDOY

অবস্থা বিবেচনায় তিন প্রকার। সাধারণ শিলা বা পাথরের সাথে খনিজের মূল পার্থক্য হলো এদের নির্দিষ্ট রাসায়নিক গঠন রয়েছে যা সাধারণ পাথরের নেই। পৃথিবীতে ৫৩০০ এরও বেশি খনিজ রয়েছে যার মধ্যে ৫২৯০টি(সেপ্টেম্বর, ২০১৭) International Mineralogical Association (IMA) দ্বারা অনুমোদিত। ভূত্বকের শতকরা নব্বই ভাগেরও বেশি সিলিকেট খনিজ দ্বারা তৈরী, যার মূল
উপাদান সিলিকন ও অক্সিজেন। এই কারণেই ভূত্বকে অক্সিজেন ও সিলিকন সবচেয়ে বেশি পরিমানে পাওয়া যায় (যথাক্রমে ৪৬% ও ২৭%)।
বিভিন্ন রাসায়নিক বৈশিষ্ট্য (যেমন, এসিডের সাথে বিক্রিয়া, তেজস্ক্রিয়তা ইত্যাদি) ও ভৌত বৈশিষ্ট্য (যেমন, রং, ঔজ্জ্বল্য, দৃঢ়তা, আপেক্ষিক গুরুত্ব, স্বাদ, ঘ্রাণ, চুম্বকত্ব ইত্যাদি) এর মাধ্যমে খনিজ পদার্থগুলো একটি অপরটির থেকে পৃথক হয়। এদের রাসায়নিক গঠন ও কেলাসের কাঠামোগত পরিবর্তন হয় মূলত এদের ভূতাত্ত্বিক অবস্থানের কারণে। তাপমাত্রা ও চাপের পরিবর্তনও খনিজের বৈশিষ্ট্যগত পরিবর্তন আনে।

শক্তির রূপান্তর

শক্তি
পদার্থের সঙ্গে যুক্ত থেকে পদার্থের ক্রিয়া-কলাপ যে নিয়ন্ত্রণ করে তাকেই শক্তি বলে। রেল ইঞ্জিন একটা পদার্থ। ইঞ্জিনটি যখন চলতে শুরু করেন তখন ওর মধ্যে একটি শক্তির আবির্ভাব ঘটে। শক্তির বিকাশ এর ফলেই পদার্থের গতি এবং স্থিতি হয়, পদার্থকে তাই শক্তির বাহক বলে।
শক্তির সংজ্ঞা:
বস্তুর কাজ করার সামর্থ্যকে শক্তি বলে। শক্তি দেখা যায় না, এর উপস্থিতি বস্তুর মধ্যে কোন পরিবর্তন লক্ষ্য করলে বুঝতে পারা যায়। যেমন তাপ একটি শক্তি। পদার্থের উপর এর প্রভাব পদার্থটির উষ্ণতার পরিবর্তন প্রসারণ ইত্যাদি দেখে আমরা বুঝতে পারি। বিদ্যুৎ একটি শক্তি; এর অস্তিত্ব আমরা বুঝতে পারি যখন কোনো বৈদ্যুতিক পাখাকে এই শক্তি দ্বারা ঘোরানো হয়।
শক্তি মূলত এক কিন্তু শক্তির কতগুলো রূপ আমরা সাধারণত দেখতে পাই যেমন–
যান্ত্রিক শক্তি
কোন গতিশীল বস্তু তার গতির জন্য তার স্থির অবস্থায় আসার আগে পর্যন্ত কিছু কার্য করতে পারে। যেমন একটা লোহার ভারী গোলক গড়িয়ে আসছে। ওর সামনে একটা ছোট টিনের বাক্স রেখে দিলে দেখা যাবে বাক্সটিকে গোলকটি অনেকটা ঠেলে নিয়ে গেল। গোলকটি স্থির থাকলে এটা হতো না। কাজেই বলা যায় গতিশীল বস্তুর মধ্যে শক্তি আছে। একেই গতিশক্তি বলে।
পাঁচ তলা বাড়ির ছাদে লোহার ট্যাংকে জল ভর্তি আছে। ওখান থেকে পাইপের মধ্যে দিয়ে একতলায় স্নানের ঘরে জল আসে। জলের কলটি খুলে দিলে দেখবে বেগে জল পড়ছে। জলের এই স্রোতের মাঝে একটি দাঁতযুক্ত চাকা ধরলে দেখা যায় চাকাটি ঘুরছে। অর্থাৎ চাকাটি কার্য করতে শুরু করেছে। এর দ্বারা বোঝা যায় পাঁচতলায় ছাদের ট্যাংকের জল স্থির অবস্থায় থাকলেও ওই উঁচু জায়গায় থাকার জন্য স্থির অবস্থাতেও জলের মধ্যে কিছু শক্তি সঞ্চিত আছে। স্থির অবস্থায় থাকাকালে কোন বস্তুর মধ্যে নিহিত এই শক্তি হল স্থিতিশক্তি।
যান্ত্রিক শক্তির সংজ্ঞাঃ
গতিশক্তি এবং স্থিতিশক্তিকে একসঙ্গে যান্ত্রিক শক্তি বলা হয়। কোন বস্তুর যান্ত্রিক কার্য করার সামর্থ্যকে যান্ত্রিক শক্তি বলে। যান্ত্রিক শক্তিকে দুই ভাগে ভাগ করা যায় স্থিতিশক্তি ও গতিশক্তি

RAISUL ISLAM HRIDOY

স্থিতিশক্তির সংজ্ঞা

কোন বস্তুকে স্বাভাবিক অবস্থানে থেকে পারিপার্শ্বিক এর তুলনায় কোনো বিশেষ অবস্থানে আনলে ওর মধ্যে কার্য করার যে সামর্থ্য জন্মে তাকে ঐ বস্তুর স্থিতিশক্তি বলে। স্বাভাবিক অবস্থানে থেকে কোন বস্তুর অবস্থান পরিবর্তন করার জন্য বস্তুটিকে যতটা কার্য করতে হয় তাই হল স্থিতি শক্তির মান।

স্থিতি শক্তির পরিমাপ একটি বস্তুকে মাটি থেকে নির্দিষ্ট খাড়া উচ্চতায় নিয়ে গেলে ওর মধ্যে কতটা স্থিতিশক্তি আছে তা এইভাবে পরিমাপ করা যায়-

ধরি m ভর বিশিষ্ট একটি বস্তুকে অভিকর্ষের বিরুদ্ধে এই উচ্চতায় খাড়াভাবে তোলা হলো। বস্তুটিকে h উচ্চতায় তুলতে যে কার্য করা হয়েছে তা বস্তুটির মধ্যে স্থিতি শক্তি রূপে সঞ্চিত আছে। এখন বস্তুটিকে ছেড়ে দিলে স্থিতি শক্তির জন্য বস্তুটি মাটির দিকে পড়তে শুরু করবে।

অতএব h উচ্চতায় বস্তুটির স্থিতিশক্তি = ওই উচ্চতায় নিয়ে যাওয়ার জন্য সম্পাদিত কার্য

এখন কার্য = বল ×সরণ

এক্ষেত্রে বল = বস্তুর ওজন =mg এবং সরণ=h

সুতরাং সম্পাদিত কার্য সমান mgh অর্থাৎ বস্তুর স্থিতিশক্তি mgh

গতিশক্তি

গতিশীল অবস্থায় থাকার জন্য বস্তুর মধ্যে কার্য করার যে সামর্থ্য জন্মে তাকে ঐ বস্তুর গতিশক্তি বলে।

গতিশক্তির পরিমাপ

একটি সচল বস্তুকে বলপ্রয়োগ করে থামাতে গেলে বস্তুটি থেমে যাওয়ার আগের মুহূর্তপর্যন্ত ওই বলের বিরুদ্ধে যতখানি কার্য করবে তাই হবে বস্তুটির গতিশক্তি পরিমাপ।

ধরি m ভর বিশিষ্ট একটি বস্তু v বেগে চলছে।

বস্তুটিকে p বল দ্বারা গতি শূন্য করলে বস্তুটির থেমে যাওয়ার পূর্বে ওই প্রযুক্ত বলের বিরুদ্ধে যে পরিমান কাজ করে তাই হল বস্তুটির গতিশক্তি সমান।

বস্তুটির গতিশক্তি = ½ ভর×বেগ^2 =½ mv^2

RAISUL ISLAM HRIDOY

শক্তির প্রকারভেদ

শক্তি বিভিন্ন প্রকারের হয়। যেমন তাপ শক্তি, শব্দ শক্তি, আলোক শক্তি, চুম্বক শক্তি, তড়িৎশক্তি, রাসায়নিক শক্তি, পারমাণবিক শক্তি ইত্যাদি। শক্তিকে বিভিন্নরূপে পরিবর্তন করা যায়। এই পরিবর্তনকে শক্তির রূপান্তর বলা হয়।

তাপ শক্তির সংজ্ঞাঃ

তাপের কাজ করার ক্ষমতা আছে যেমন জলে তাপ প্রয়োগ করে স্টিম উৎপন্ন করা হয়। এই স্টিম পিস্টনকে ঠেলে স্টিম ইঞ্জিন চালায়। তাছাড়া তাপ পদার্থের অবস্থার পরিবর্তন করতে পারে। তাই তাপও একরকম শক্তি।

শব্দ শক্তির সংজ্ঞাঃ

যুদ্ধের সময় দেখা যায় বোমা পড়লে শুধু প্রচন্ড শব্দে কাচের জানালা ভেঙে টুকরো টুকরো হয়ে গেছে। শব্দ যে মাধ্যমের মধ্য দিয়ে যায় সেই মাধ্যমের কণাগুলোকে বিচলিত করে ওই মাধ্যমে তরঙ্গের সৃষ্টি করে এবং এই ভাবেই শব্দ চারিদিকে ছড়িয়ে পড়ে। তাই বলা যায় শব্দ ও একরকম শক্তি।

আলোক শক্তির সংজ্ঞাঃ

আলোক একরকম শক্তি আলোকের সাহায্যে অনেক রাসায়নিক বিক্রিয়া ঘটানো যায়। কয়েকটি ধাতুর উপর আলো পড়লে ওই ধাতুতে তড়িৎ প্রবাহ হয়।

চৌম্বক শক্তির সংজ্ঞাঃ

একটি লোহার পেরেককে চুম্বক কাছে টানতে পারে। কারখানায় দেখা যায় বড় বড় লোহার রেলকে তড়িৎ চুম্বক ক্রেনের সাহায্যে তুলে নিয়ে এক জায়গা থেকে অন্য জায়গায় নিয়ে যায়।

তড়িৎ শক্তির সংজ্ঞাঃ

তড়িৎ একরকম শক্তি। এর দ্বারা অনেক কার্য করা হয়। তড়িৎ শক্তি পাখা ঘুরায় বৈদ্যুতিক আলো জ্বালায় বৈদ্যুতিক ট্রেনকে দ্রুত গতিতে এক দেশ থেকে অন্য দেশে নিয়ে যায়।

রাসায়নিক শক্তির সংজ্ঞাঃ

রাসায়নিক বিক্রিয়ার সময় শক্তি নির্গত হয়, এই শক্তিকে রাসায়নিক শক্তি বলে। যেমন ব্যাটারীতে যে রাসায়নিক বিক্রিয়া হয় তা থেকেই তড়িৎ প্রবাহের সৃষ্টি হয়।

পারমাণবিক শক্তির সংজ্ঞাঃ

ইউরেনিয়াম, প্লুটোনিয়া্ রেডিয়াম থোরিয়াম ইত্যাদি মৌলের পরমাণুর কেন্দ্রে যে নতুন মৌল উৎপন্ন হয় তার ভর আগের মৌলের ভরের চেয়ে সামান্য কমে যায়।যে পরিমাণ ভর কমে যায় সেই ঘরের সমতুল্য বিরাট শক্তির সৃষ্টি হয় একেই পারমাণবিক শক্তি বলে।

RAISUL ISLAM HRIDOY

শক্তির নিত্যতা সূত্র বা শক্তির সংরক্ষনশীলতা

- ✓ শক্তি এক রূপ থেকে অন্য একটি বা তার বেশি সংখ্যক রূপে পরিবর্তিত হতে পারে।
- ✓ শক্তি সৃষ্টি করা যায় না বা শক্তিকে ধ্বংস করা ও যায় না। যেকোনো একরকম শক্তি রূপান্তরিত হলে সেই শক্তিকে সমপরিমাণ অন্য শক্তি রূপে দেখা যায়। বিশ্বের মোট শক্তির কোন তারতম্য হয় না। একেই শক্তির নিত্যতা সূত্র বা অবিনাশিতা সূত্র বলে।
- ✓ শক্তির নিত্যতা বা অবিনাশিতা সূত্র সংজ্ঞা:
- ✓ শক্তির সৃষ্টি বা বিনাশ নাই। শক্তি কেবল এক রূপ থেকে অন্য এক বা একাধিক রূপে রূপান্তরিত হতে পারে। মহাবিশ্বে মোট শক্তির পরিমাণ নির্দিষ্ট এবং অপরিবর্তনীয়।

শক্তির রূপান্তর

শক্তি এক রূপ থেকে অন্য রূপে পরিবর্তিত হতে পারে। এই ঘটনাকে শক্তির রূপান্তর বলে। সব রকম শক্তি নানা রূপান্তরের মধ্য দিয়ে গিয়ে শেষ পর্যন্ত তাপ শক্তিতে রূপান্তরিত হয়।

উদাহরণ-

স্থিতি শক্তির গতি শক্তিতে রূপান্তর এবং গতিশক্তির স্থিতি শক্তিতে রূপান্তর:

একটি পাথরের টুকরাকে পাঁচতলার ছাদের উপর রেখে দিলে পাথরটি স্থির অবস্থায় থাকে। এই অবস্থায় পাথরটিতে স্থিতি শক্তি থাকে। এখন পাথরটি মুক্তভাবে নিচে পড়তে দিলে পাথরটির স্থিতি শক্তি গতি শক্তিতে রূপান্তরিত হয়।

একটি পাথরের টুকরোকে খুব জোরে ঠিক লম্বাভাবে উপরের দিকে ছুড়ে দিলে যত উপরে উঠবে এর গতি ক্রমশ অভিকর্ষ বলের প্রভাবে কমতে থাকবে। এর গতিশক্তি তত কমতে থাকবে এবং ওই হ্রাস পাওয়া গতি শক্তি স্থিতি শক্তিতে রূপান্তরিত হয় থাকে। সর্বোচ্চ অবস্থায় এলে পাথরটি মুহূর্তের জন্য অস্থির হয়ে যায়। ওই অবস্থায় ওর গতিশক্তি সম্পূর্ণভাবে স্থিতি শক্তিতে রূপান্তরিত হয়।

যান্ত্রিক শক্তির রূপান্তরঅন্য শক্তিতে

- যান্ত্রিক শক্তির রূপান্তর তাপ শক্তিতে
- হাতে হাত ঘষলে হাতের তালু দুটি উত্তপ্ত হয়ে ওঠে। এখানে হাতের গতি শক্তি তাপ শক্তিতে রূপান্তরিত হয়।
- যান্ত্রিক শক্তির রূপান্তর তড়িৎ শক্তিতে
- ডায়নামো ঘোরার ফলে ডায়নামোর যান্ত্রিক শক্তি তড়িৎ শক্তিতে রূপান্তরিত হয়।

যান্ত্রিক শক্তির রূপান্তর শব্দ শক্তি

একটি কাসার বাটির গায়ে কাঠের হাতুড়ি দিয়ে আঘাত করলে বাটির কিনারা কাঁপতে থাকে এবং শব্দ উৎপন্ন হয়। এখানে বাটির যান্ত্রিক শক্তি শব্দ শক্তিতে রূপান্তরিত হয়।

যান্ত্রিক শক্তির রূপান্তর তাপ শক্তি এবং আলোক শক্তি:

ঘূর্ণায়মান শান দেওয়ার চাকায় ছুরি-কাঁচি ধরলে সেগুলো উত্তপ্ত হয়ে আলোর ফুলকি উৎপন্ন করে। এখানে শান দেওয়ার চাকার যান্ত্রিক শক্তি তাপ এবং আলোক শক্তিতে রূপান্তরিত হয়।

যান্ত্রিক শক্তির রূপান্তরচৌম্বক শক্তিতে:

একটি লোহার দন্ড চুম্বক দ্বারা উপযুক্ত পদ্ধতিতে ঘর্ষণ করলে লোহা চুম্বকে পরিণত হয়।

তাপ শক্তির রূপান্তর অন্য শক্তিতে

তাপ শক্তির রূপান্তর গতি শক্তিতে:

রেল ইঞ্জিনে কয়লা পুড়িয়ে যে তাপশক্তি উৎপন্ন হয় সেই তাপশক্তি জলকে বাষ্পে পরিণত করে বাস্পের চাপে পিষ্টনের চাকা ঘোরায়। এখানে তাপ শক্তি গতি শক্তিতে রূপান্তরিত হয়।

তাপ শক্তির রূপান্তর রাসায়নিক শক্তিতে

পটাশিয়াম ক্লোরেটকে উত্তপ্ত না করলে বিয়োজিত হয় না। উত্তপ্ত করলে বিয়োজিত হয়ে পটাশিয়াম ক্লোরাইড এবং অক্সিজেন গ্যাস উৎপন্ন করে। এখানে তাপ শক্তি রাসায়নিক শক্তিতে রূপান্তরিত হয়।

তাপ শক্তির রূপান্তর আলোক শক্তিতে

সরু প্লাটিনাম তারকে খুব উত্তপ্ত করলে তারটি উজ্জ্বল আলো বিকিরণ করে। এখানে তাপশক্তি আলোক শক্তিতে রূপান্তরিত হয়।

তাপ শক্তির রূপান্তর বিদ্যুৎ শক্তিতে

তামার পাত ও লোহার পাত দুটি প্রান্তদয় জোড়া লাগিয়ে কোন একটি জোড়ের মুখে বার্নার দিয়ে উত্তপ্ত করলে তামা থেকে লোহার দিকে তড়িৎ প্রবাহিত হয়। এখানে তাপ শক্তি তড়িৎ শক্তিতে রূপান্তরিত হয়।

তড়িৎ শক্তির অন্য শক্তিতে রূপান্তর

তড়িৎ শক্তির রূপান্তর যান্ত্রিক শক্তি তে

বৈদ্যুতিক পাখার মধ্য দিয়ে তড়িৎ প্রবাহ করলে পাখাটি ঘুরতে থাকে।এখানে তড়িৎ শক্তি যান্ত্রিক শক্তিতে (গতি শক্তি) রূপান্তরিত হয়।

RAISUL ISLAM HRIDOY

তড়িৎ শক্তির রূপান্তর তাপ শক্তিতে

বৈদ্যুতিক হিটার এর মধ্য দিয়ে তড়িৎ প্রবাহ করলে হিটারের তার খুব উত্তপ্ত হয়ে ওঠে। এখানে তড়িৎ শক্তি তাপ শক্তিতে রূপান্তরিত হয়।

তড়িৎ শক্তির রূপান্তর আলোক শক্তি

বৈদ্যুতিক বাল্ব এর মধ্য দিয়ে তড়িৎ প্রবাহ হলে আলোর সৃষ্টি হয়। এখানে তড়িৎ শক্তি আলোক শক্তিতে রূপান্তরিত হয়।

তড়িৎ শক্তির রূপান্তর শব্দ শক্তি

রেডিও বৈদ্যুতিক ঘন্টা প্রভৃতি যন্ত্রের তড়িৎ শক্তি শব্দ শক্তিতে রূপান্তরিত হয়।

তড়িৎ শক্তির রূপান্তর চুম্বক শক্তিতে

একটি কাঁচা লোহাকে আন্তরিত তার দিয়ে জড়িয়ে তারের মধ্যে তড়িৎ প্রবাহ চালনা করলে চুম্বক এ পরিণত হয়। এখানে তড়িৎ শক্তি চুম্বক শক্তিতে রূপান্তরিত হয়।

আলোকশক্তির রূপান্তর অন্য শক্তিতে

আলোক শক্তির রূপান্তর তড়িৎ শক্তিতে

ফটোইলেকট্রিক কোষে আলো পড়লে তড়িৎ প্রবাহ সৃষ্টি করে।

আলোক শক্তির রূপান্তর রাসায়নিক শক্তিতে

হাইড্রোজেন ও ক্লোরিন গ্যাস দুটি মিশিয়ে সূর্যালোকে রাখলে রাসায়নিক বিক্রিয়া ঘটে হাইড্রোজেন ক্লোরাইড গ্যাস উৎপন্ন করে।

গাছের পাতা সূর্যালোকের উপস্থিতিতে ক্লোরোফিলের সাহায্যে বাতাসের কার্বন-ডাইঅক্সাইড এর সঙ্গে যুক্ত হয়ে জল উৎপন্ন করে।

চৌম্বক শক্তির রূপান্তর অন্য শক্তিতে

চুম্বক শক্তির রূপান্তর যান্ত্রিকতে

আয়রন চরণের কাছে চুম্বকের কোন মেরু আনলে আয়রন চুলগুলি আকৃষ্ট হয়ে চুম্বকের গায়ে লেগে যায় এখানে চুম্বক শক্তি যান্ত্রিক শক্তিতে রূপান্তরিত হয়।

চুম্বক শক্তির রূপান্তর তাপ শক্তিতে

একটি লোহার দন্ড কে বারবার চুম্বকিত করলে এবং বিচার করলে লোহার দন্ড টি উত্তপ্ত হয়ে ওঠে।

চুম্বক শক্তির রূপান্তর তড়িৎ শক্তিতে

চুম্বকেরচৌম্বক ক্ষেত্রের মধ্যে দিয়ে একটি পরিবাহী তারের কুণ্ডলী ঘোরালে তাদের মধ্যে দিয়ে তড়িৎ প্রবাহ হয়।

রাসায়নিক শক্তির রূপান্তর অন্য শক্তিতে

রাসায়নিক শক্তির রূপান্তর তাপ শক্তি

একটি টেক্সট টিউবের মধ্যে সামান্য শুষ্ক পটাশিয়াম পার ম্যাঙ্গানেট গুড়ো দিয়ে ওর সঙ্গে দু ফোটা গ্লিসারিন যোগ করলে কিছুক্ষণের মধ্যে খুব উত্তপ্ত হয়ে আগুন ধরে যায়। এখানে রাসায়নিক শক্তি তাপ শক্তিতে রূপান্তরিত হয়।

রাসায়নিক শক্তির রূপান্তর শব্দ শক্তিতে

বারুদের মসলায় প্রচণ্ড চাপ সৃষ্টি করলে প্রচন্ড বিস্ফোরণ ঘটে রাসায়নিক শক্তি শব্দ শক্তিতে রূপান্তরিত হয়।

RAISUL ISLAM HRIDOY

শব্দ শক্তির রূপান্তর অন্য শক্তিতে

শব্দ শক্তির রূপান্তরযান্ত্রিক শক্তিতে

বিস্ফোরণের প্রচন্ড শব্দে জানালার কাচ ভেঙে যায় এটা হল শব্দ শক্তি যান্ত্রিক শক্তিতে রূপান্তর হয় ।

শব্দ শক্তির রূপান্তর তড়িৎ শক্তিতে

টেলিফোনের প্রেরক যন্ত্র এর কাছে কথা বললে ওর ধাতব ডায়াফ্রাম কাঁপতে থাকে। এর ফলে ডায়াফ্রামের কাছে রাখা চুম্বকের বলরেখার পরিবর্তন ঘটে। এইভাবে চৌম্বক বলরেখার পরিবর্তনের ফলে ওর মধ্যে রাখা পরিবাহী তারের মধ্য দিয়ে তড়িৎ প্রবাহ হয়।

পারমাণবিক শক্তির রূপান্তর অন্য শক্তিতে

পারমাণবিক শক্তির রূপান্তর তাপ শক্তিতে

পরমাণুর কেন্দ্র ভাঙলে প্রচুর তাপ উৎপন্ন হয় এভাবে পারমাণবিক শক্তি তাপ শক্তিতে রূপান্তরিত হয়।

পারমাণবিক শক্তির রূপান্তর যান্ত্রিক শক্তিতে

পারমাণবিক বোমা ফাটলে যে প্রচন্ড বিস্ফোরণ হয় তাতে ঘরবাড়ি ধ্বংস হয় এখানে পারমাণবিক শক্তি যান্ত্রিক শক্তিতে রূপান্তরিত হয়।

পারমাণবিক শক্তির রূপান্তর তড়িৎ শক্তিতে

পরমাণুর কেন্দ্র বিভাজন করলে যে প্রচণ্ড তাপ শক্তি পাওয়া যায় তার দ্বারা জলকে উত্তপ্ত করে স্ট্রিম উৎপন্ন করা হয় এবং সেই স্ট্রিম এর সাহায্যে ডায়নামো চালিয়ে তড়িৎ শক্তি উৎপন্ন করা হয়।

শক্তির উৎস

শক্তির উৎস সম্বন্ধে আলোচনা করতে হলে আগেই নাম আছে সূর্যের । সূর্য থেকে শক্তি সরাসরি আমাদের কাছে আসে না।

সূর্য থেকে তাপ শক্তি নিয়ে সমুদ্রের জল বাষ্পে পরিণত হয় সেই বাষ্প মেঘলা আকাশে উঠে বৃষ্টি হয়ে মাটিতে পড়ে। আবার বড় পর্বত চূড়ায় জমা হয় । সেখান থেকে নদীরূপে সমতলের নেমে আসে। নদীর জল নিচে নামার সময় গতিশক্তি লাভ করে। জলের এই গতি শক্তি দিয়ে ডায়নামোর চাকা ঘুরিয়ে তড়িৎ শক্তি উৎপন্ন করা হয়। সেই তড়িৎ শক্তি আমাদের ঘরের আলো জ্বালায় অর্থাৎ আলোক শক্তিতে রূপান্তরিত হয়; ঘরের পাখা ঘোড়ায় অর্থাৎ গতি শক্তিতে রূপান্তরিত হয়।

পৃথিবীতে কাঠ কয়লা পেট্রোলিয়াম থেকে আমরা তাপ শক্তি পাই এবং এই তাপ শক্তিকে রূপান্তরিত করে অন্যান্য শক্তি পাওয়া যায়। এই কাঠ-কয়লা পেট্রোলিয়াম পৃথিবীতে পাওযার মূলে আছে সূর্য। উদ্ভিদ সূর্যের কিরণে রাসায়নিক শক্তি দ্বারা খাবার তৈরি করে নিজের দেহ পুষ্ট করে। সুতরাং গাছ থেকে যে কাঠ পাওয়া যায় তার মধ্যে সূর্যের শক্তি থাকে, কাঠকে পোড়ালে ওই শক্তি তাপ শক্তিতে রূপান্তরিত হয়ে বেরিয়ে আসে। এই উদ্ভিদ দ্বারা পুষ্ট প্রাণী মাটির নিচে হাজার হাজার বছর চাপা থাকলে ওইগুলো যথাক্রমে কয়লা ও খনিজ তেলে পরিণত হয়। কাজেই কয়লা বা খনিজ তেল থেকে যে তাপ শক্তি পাওয়া যায় তাও সূর্য থেকে আসে।

সৌর শক্তির উৎস

সূর্যের ভেতরে অবস্থিত পদার্থ গুলির পরমাণু কেন্দ্র সর্বদা ভাঙতে থাকে। এর ফলে পরমাণুর ভর, শক্তিতে রূপান্তরিত হয় প্রচন্ড তাপশক্তি উৎপন্ন করে। সূর্যে পদার্থ গুলির নিউক্লিয়াসের বিভাজন এর ফলে পারমাণবিক শক্তির যে বিপুল তাপ শক্তিতে রূপান্তরিত হয় তার 200 কোটি ভাগের এক ভাগ মাত্র পৃথিবীতে আসে।

RAISUL ISLAM HRIDOY

কোন কোন শক্তি সূর্য থেকে আসে না

কতগুলি মৌলিক পদার্থের পরমাণুর কেন্দ্রকে বিভাজন করলে উৎপন্ন পরমাণু গুলির মোট ভর পূর্বের ভরের চেয়ে কমে যায়। তখন এই কমে যাওয়া ভর এর সমতুল্য এক শক্তির সৃষ্টি হয়। একেই পারমাণবিক শক্তি বলে। এই সব শক্তি সৃষ্টিতে কিন্তু সূর্যের প্রত্যক্ষ বা পরোক্ষ কোনো প্রভাব নেই। এছাড়া পৃথিবীর অভ্যন্তরীণ তাপ শক্তি ও সূর্য থেকে আসে না।

- বর্তমান মত অনুযায়ী পদার্থ বা ভর এবং শক্তি আলাদা নয়। পদার্থ কে ধ্বংস করে বিপুল শক্তি পাওয়া যায়।

আলোক যন্ত্রপাতি

আলো একপ্রকার শক্তি যা আমাদের চোখে প্রবেশ করে দর্শনের অনুভূতি জাগায় । বায়ুশূন্য স্থানে বা বায়ুতে $3 \times 10\ 8\ ms^{-1}$ বেগে আলো গমন করে থাকে । আলো সর্বদা সরল পথে গমন করে থাকে । এটি অনুপস্থ বা আড়তরঙ্গ । আলোর উৎস ব্যাখ্যা করে বিজ্ঞানিগণ আলোর ৪টি তত্ত্ব প্রদান করেন । ১৯০৫ সালে বিখ্যাত জার্মান পদার্থবিজ্ঞানি আলবার্ট আইনস্টাইন সর্বপ্রথম ফোটনকে ব্যবহার করেন অর্থাৎ আলো আলোর কোয়ান্টাম তত্ত্ব অনুসারে ফটোতড়িৎ ক্রিয়া ব্যাখ্যা করেন । এই ঐতিহাসিক ব্যাখ্যার জন্য ১৯২১ সালে তিনি পদার্থবিজ্ঞানে নোবেল পুরস্কার লাভ করেন ।

এই টপিকসের আলোকে বিভিন্ন পরীক্ষায় আসা প্রশ্ন সমুহ -

০১) চাঁদ দিগন্তের কাছে অনেক বড় দেখায় কেন? ➪ বায়ুমন্ডলীয় প্রতিসরণের কারণে ।

০২) লাল আলোতে নীল রঙের বস্তু কেমন দেখায়? ➪ কালো ।

০৩) অফটিক্যাল ফাইবারে আলোর কোন ঘটনাটি ঘটে? ➪ পূর্ণ অভ্যন্তরীণ প্রতিফলন ।

০৪) বায়ুমন্ডলের কোন স্তরে বেতার তরঙ্গ প্রতিফলিত হয়? ➪ আয়োনোস্পিয়ার ।

০৫) রঙ্গিন টেলিভিশন থেকে ক্ষতিকর কোন রশ্মি বের হয়? ➪ মৃদু রঞ্জন রশ্মি ।

০৬) আলো আমাদের চোখে বা মস্তিষ্কে কত সেকেন্ড স্থায়িত্ব লাভ করে? ➪ ০.১ সেকেন্ড ।

০৭) স্বাভাবিক চোখের জন্য স্পষ্ট দর্শনের ন্যুনতম দুরত্ব কত? ➪ ০.২৫ মি. / ২৫ সে.মি / ২৫০ মি.মি ।

০৮) যে মসৃণ তলে আলোর নিয়মিত প্রতিফলন ঘটে তাকে কি বলে? ➪ দর্পণ ।

০৯) রঙ্গিন টেলিভিশনের মৌলিক রং কয়টি? ➪ ৩ টি ।

১০) আকাশ নীল দেখায় কেন? ➪ নীল আলোর বিক্ষেপণ অপেক্ষাকৃত বেশি বলে ।

১১) যে তিনটি মূখ্য বর্ণের সমন্বয়ে অন্যান্য বর্ণ সৃষ্টি করা যায় সেগুলো কি কি? ➪ নীল, লাল সবুজ ।

১২) আকাশে রংধনু সৃষ্টির কারণ কি? ➪ বৃষ্টির কণা ।

১৩) কোন বর্ণের বস্তুর তাপ শোষণ করার ক্ষমতা সবচেয়ে বেশী? ➪ কালো ।

১৪) কোন বর্ণের বস্তুর তাপ শোষণ করার ক্ষমতা সবচেয়ে কম? ➪ সাদা ।

১৫) আলোর তরঙ্গতত্ব উদ্ভাবন করেন কে? ➪ হাইগেন ।

১৬) বরফ সাদা দেখায় কেন? ➪ আলোর সব রশ্মিই প্রতিফলিত করে ।

১৭) দৃশ্যমান বর্ণালীর বৃহত্তম তরঙ্গদৈর্ঘ্য কোনটির? ➪ লাল ।

১৮) কোন বর্ণের আলোর প্রতিসরণ সবচাইতে বেশি? ➪ বেগুনি ।

১৯) কোন রঙের তরঙ্গ দৈর্ঘ্য সবচাইতে কম? ➪ বেগুনি ।

২০) হলুদ ফুলকে নীল কাঁচের মধ্য দিয়ে দেখলে কেমন দেখায়? ➪ কালো ।

RAISUL ISLAM HRIDOY

২১) গোধূলির কারণ কি? ➪ আলোর বিক্ষেপণ।

২২) দুটি স্বচ্ছ মাধ্যমের বিভেদতলে আলোক রশ্মির দিক পরিবর্তন করার ঘটনাকে কি বলে?➪ প্রতিসরণ।

২৩) বিপদ সংকেতের জন্য লাল আলো ব্যবহার করা হয় কেন? ➪ লাল আলোর তরঙ্গ দৈর্ঘ্য বেশি।

২৪) আলোর কোয়ান্টাম তত্ত্বের প্রবর্তক কে? ➪ হাইগেন।

২৫) মানুষের চোখের মধ্যকার লেন্সের আকৃতি কেমন? ➪ দ্বি - উত্তল।

মৌলিক কণা ধাতব পদার্থ ও তাদের যৌগসমূহ

মৌলিক পদার্থেও ক্ষুদ্রতম কণা সাধারণত যার স্বাধীন অস্তিত্ব নেই, কিন্তু ক্ষুদ্রতম একক রুপে সরাসরি রাসায়নিক বিক্রিয়ায় অংশগ্রহন করতে পারে, তাকে পরমাণু বলে। প্রত্যেক মৌলের প্রতীক দ্বারা ঐ মৌলের পরমাণুকে বুঝানো হয়। যেমন:H দ্বারা হাইড্রোজেনের পমাণু বুঝায়।

পরমাণুসমূহকে বিভিন্ন ভাবে ভেঙ্গে যে সব কণা আবিষ্কিত হয়েছে মোটামুটি ভাবে তাদেরকে পরমাণুর মূল কাণিকা বলা হয়। অবশ্য অন্যভাবেও কিছু কিছু কণার সৃষ্টি সম্ভব হয়েছে। তাদের সংখ্যা প্রায় ২০০ এর মত এবং এ সংখ্যা আরও বাড়ছে। মূল উপাদানরূপ যে সব অতি সূক্ষ কণিকা দ্বারা পরমাণু গঠিত তাদের কে পরমাণুর মূল কণিকা বলে।

মূল কণিকা দুই প্রকার। যথা:

১. স্থায়ী মূল কণিকা ও

২.অস্থায়ী মূল কণিকা।

১. স্থায়ী মূল কণিকা: যে সব অতি মূল কণিকা সব মৌলের পরমাণুতে থাকে, তাদেরকে স্থায়ী মূল কণিকা। স্থায়ী মূল কণিকা তিন প্রকার। যথা:

ক. ইলেকট্রন

খ. প্রোটন

গ. নিউট্রন

২.অস্থায়ী মূল কণিকা: যে সব মূল কণিকা কোন কোন মৌলের পরমাণুতে অতি অল্প সময়ের জন্য অস্থায়ীভাবে থাকে, তাদের কে অস্থায়ী মূল কণিকা বলে। অস্থায়ী কণিকার কয়েকটি হচ্ছে; (ক) পাইওন (খ) মিউওন (গ) নিউট্রিনো ও (ঘ) মেসন প্রভৃতি। অস্থায়ী কণিকাগুলো সৃষ্টির সঙ্গে সঙ্গে অন্য কণায় পরিণত হয়।

স্থায়ী কণিকা:

ক. ইলেকট্রন $(^{0}_{-1}e)$: ১৮৯৭ খ্রিস্টাব্দে স্যার জে. জে. থমসন ক্যাথোড রশ্মির উপর পরীক্ষার সময় ইলেকট্রনের অস্থিত্ব আবিষ্কার করেন। সব প্রকার পরমাণুতে কম বেশি ইলেকট্রন বিদ্যমান। পদার্থের মধ্যে ইলেকট্রন সর্বাপেক্ষা ক্ষুদ্রতম কণা।

ইলেকট্রন আবিষ্কার: তড়িৎ বা চৌম্বকক্ষেত্রে এদের বিক্ষেপনের ধরন থেকে জে. জে. থমসন এই কণাগুলোকে ঋণাত্মক বলে প্রমাণ করেন। এই ঋণাত্মক বিদুৎবাহী কণাগুলো ইলেকট্রন নামে পরিচিত। লঘু চাপে (0.1 – 0.001 mm (Hg) একটি কাচের আবদ্ধ পাত্রে কোন গ্যাস নিয়ে এর ভিতরে দুটি তড়িৎদ্বার প্রবেশ করিয়ে যতেষ্ঠ বিদ্যুত বিভব প্রয়োগ করলে তড়িৎদ্বার দুইটির ভিতর বিদ্যুৎক্ষরণ হতে থাকে এবং ক্যাথোড হতে সোজাসোজি আলোক রশ্মি বের হয়। কোন বাধা না থাকলে এই রশ্মি ক্যাথোড হতে অ্যানোডের দিকে প্রবাহমান থেকে অ্যানোডের পিছনে কাচের উপর পতিত হয়ে প্রতিপ্রভা সৃষ্টি করে । এরাই

RAISUL ISLAM HRIDOY

ক্যাথোড রশ্মি আবার যদি পাত্রকে কোন তড়িৎ ক্ষেত্রে এমনভাবে বসানো হয় যাতে ক্যাথোড রশ্মির প্রবাহ পথের এক পাশে দ্বিতীয় আরেকটি তড়িৎ ক্ষেত্রের ধনাত্মাক (অ্যানোড) তড়িৎদ্বার ও অপর পাশে ঋনাত্মক তড়িৎদ্বার (ক্যাথোড) থাকে তাহলে দেখা যায় প্রবাহমান এই রশ্মি নিজের পথ থেকে ধনাত্মাক তড়িৎদ্বারের (অ্যানোড) দিকে বেঁকে যায়। এতে বুঝা যায় এই রশ্মি ঋনাত্মক আধানের ক্ষুদ্র প্রবাহ।

ক্যাথোড রশ্মিতে উৎপন্ন ইলেকট্রনগুলো মুক্ত ও সর্বদাই একই প্রকার। যে কোন গ্যাস থেকে একই ইলেকট্রন রশ্মি বের হয় এবং এরা ক্যাথোডের প্রকৃতির উপর নির্ভরশীল নয়। অথাৎ পরীক্ষার সাহয্যে জানা গেছে যে, যে কোন উপায়ে যে কোন উৎস থেকে প্রাপ্ত ও যে কোনো গতিবেগ সম্পন্ন সব ইলেকট্রন একই রকম, একই চার্জ (-1.6×10-19 C) যুক্ত ও একই ভর (9.1085×10-28 g) বিশিষ্ট।

প্রোটন $({}_{1}^{1}P)$: ইলেকট্রনের মত প্রোটনও সব পদর্থের পরমাণুর একটি সাধারন উপাদান। ১৯১৯ খ্রিস্টাব্দে বিজ্ঞানী রাদারফোর্ড এ তথ্য সর্ব প্রথম প্রমাণ করেন। প্রোটন পরমাণুর নিউক্লিয়াসে বিদ্যমান সর্বাপেক্ষ হালকা ধনাত্মক চার্জ বিশিষ্ট একটি স্থায়ী কণা।

প্রোটন আবিষ্কার: ১৮৮৬ খ্রিস্টাব্দে বিজ্ঞানী গোল্ডস্টাইন ক্যাথোড রশ্মি নল পরীক্ষা দ্বারা ধনাত্মক আয়ন আবিষ্কার করেন। ক্যাথোড রশ্মি যন্ত্রে সচ্ছিদ্র ক্যাথোড ব্যবহার কার হয় তাহলে লক্ষ্য করলে দেখা যায় ক্যাথোড হতে অ্যানোডের দিকে ক্যাথোড রশ্মির মত এক বিপরীত মূখী রশ্মি অ্যানোড হতে ক্যাথোডের দিকে সঞ্চালিত হয়ে ক্যাথোডের ছিদ্র পথে নির্গত হয়ে ক্যাথোড তড়িৎদ্বারের পিছনে কাচের দেওয়ালে দীপ্তিমান (প্রতি প্রভা সৃষ্টির মাধ্যমে) করে তুলে। এ রশ্মিকে অ্যানোড রশ্মি বা ধনাত্মক বশ্মি বা ক্যানাল রশ্মি ।

আবার যদি পাত্রকে কোন তড়িৎ ক্ষেত্রে এমনভাবে বসানো হয় যাতে অ্যানোড রশ্মির প্রবাহ পথের এক পাশে দ্বিতীয় আরেকটি তড়িৎ ক্ষেত্রের ধনাত্মাক (অ্যানোড) তড়িৎদ্বার ও অপর পাশে ঋনাত্মক তড়িৎদ্বার (ক্যাথোড) থাকে তাহলে দেখা যায় প্রবাহমান এই রশ্মি নিজের পথ থেকে ঋনাত্মক তড়িৎদ্বারের (ক্যাথোড) দিকে বেঁকে যায়। এতে বুঝা যায় এই রশ্মি ধনাত্মাক আধানের ক্ষুদ্র প্রবাহ।

বিভিন্ন গ্যাসীয় পরমানু থেকে উদ্ভূত এই ধনাত্মাক বিদ্যুৎ ধর্মী কণা গুলো বিভিন্ন। এদের ধনাত্মাক বিদ্যুৎ মাত্র এক হলেও এদের ভর এক নয়। বিভিন্ন গ্যাস নিয়ে পরীক্ষা দেখা যায় হাইড্রোজেন গ্যাস থেকে উৎপন্ন ধনাত্মাক বিদ্যুত বাহী কণা সবচেয়ে হালকা। একেই প্রোটন বলে। সব ধনাত্মাক বিদ্যুৎ ধর্মী কণার ভর মোটামুটি একটি প্রোটোনের চার্জ ইলেকট্রনের চার্জেও সমান, কিন্তু বিপরীত ধর্মী অথাৎ ধনাত্মাক বিদ্যুৎ ধর্মী।

প্রোটনের চার্জ (+1.6×10-19 C) ও ভর (1.672×10-24 g)।

নিউট্রন $({}_{0}^{1}n)$: ১৯২০ খ্রিস্টাব্দে বিজ্ঞানী রাদারফোর্ড পরমাণুর মধ্যে চার্জ বিহীন ও প্রোটনের মত এক একক ভর বিশিষ্ট এক ধরনের মূল কণিকার অস্তিত্ব কল্পনা করেন। কারণ দেখা গেছে, কোন পরমাণুতে উপস্থিত চার্জ যুক্ত প্রোটন এবং ঋনাত্মক চার্জ যুক্ত ইলেকট্রনের মোট ভরের চেয়ে পরমাণুর মোট ভর বা পারমাণবিক ভর বেশি। পরবর্তিতে ১৯৩২ খ্রিস্টাব্দে বিজ্ঞানী জেমস চ্যাডউইক মূল কণিকা হিসাবে পরমাণুর নিউক্লিয়াসে চার্জ নিরপেক্ষ নিউট্রনের উপস্থিতি প্রমাণ করেন।

ধাতব পদার্থ ও তাদের যৌগ সমূহ

ধাতু (Metal)

RAISUL ISLAM HRIDOY

যেসব পদার্থ চকচকে, তাপ ও বিদ্যুৎ সুপরিবাহী, আঘাত করলে টুনটুন শব্দ হয়, ঘাতসহ, প্রসারণশীল ও নমনীয় তাদেরকে ধাতু বলে। ধাতুর ঘনত্ব বেশি থাকে। ধাতুর পরমানু সমূহ ইলেকট্রন ত্যাগ করতে পারে যাদেরকে ক্যাটায়ন বলে।

অর্থাৎ যারা ইলেকট্রন ত্যাগ করে তারা ক্যাটায়নে পরিনত হয়।

নিচে কতগুলো ধাতুর নাম ও বৈশিষ্ট্য নিয়ে আলোচনা করা হলো-

লিথিয়াম (Li) – সবচেয়ে হালকা ধাতু

প্লাটিনাম (Pt) – সবচেয়ে ভারী এবং মূল্যবান ধাতু

টাংস্টেন (W) – সবচেয়ে বেশি গলনাংক বিশিষ্ট ধাতু, বৈদ্যুতিক বালবের ফিলামেন্ট তৈরিতে ব্যবহার করা হয়

সোডিয়াম (Na) – পানিতে ভাসে এবং ছুরি দিয়ে কাটা যায়, সোডিয়ামকে পোড়ালে উজ্জ্বল হলুদ বর্ণের শিখা পাওয়া যায়, এটি পানির থেকেও হালকা হয়

পটাশিয়াম (K) – সবচেয়ে বেশি সক্রিয় ধাতু এবং ছুরি দিয়ে কাটা এক্কায়

জিংক বা দস্তা (Zn) – সবচেয়ে তাড়াতাড়ি ক্ষয়প্রাপ্ত ধাতু

কপার বা তামা (Cu) – মানুষ সর্বপ্রথম এই ধাতুর ব্যবহার শেখে, সবচেয়ে বেশি তাপ পরিবাহক ধাতু, বিদ্যুতের তার বা wire বানানোর জন্য বেশি ব্যবহৃত হয়

মার্কারি বা পারদ (Hg) – সর্বনিম্ন গলনাংকের ধাতু, সবচেয়ে ভারী তরল পদার্থ, প্রকৃতিতে ভারী মৌল হিসেবে পরিচিত, তরল ধাতু হিসেবে পরিচিত, তাপের পরিবর্তনে এই ধাতুর আয়তনে বেশি পরিবর্তন হয় বলে থার্মোমিটারে এই ধাতু বেশি ব্যবহার করা হয়

এলুমিনিয়াম (Al) – ভূপৃষ্টে সবচেয়ে বেশি পাওয়া ধাতু

লোহা বা আয়রন (Fe) – পৃথিবীতে সবচেয়ে বেশি ব্যবহৃত ধাতু হচ্ছে লোহা, একটা দেশ কতটা উন্নত সেটা বোঝা যায় সে দেশের লোহার ব্যবহার কতখানি হয় সেটা দেখে

সিজিয়াম (Cs) – পারদের মত স্বাভাবিক তাপমাত্রায় তরল অবস্থায় থাকে, এটি সবচেয়ে বেশি তড়িৎ ঋণাত্নক

মৌল

এন্টিমনি (Sb) – এই ধাতুকে আঘাত করলে কোনো শব্দ হয় না

সিলভার বা রুপা (Ag) – এই ধাতুর বিদ্যুৎ পরিবহন ক্ষমতা সবচেয়ে বেশি

স্বর্ণ বা সোনা (Au) – সবচেয়ে বেশি ঘাত যুক্ত ধাতু, বিশুদ্ধ সোনা ২৪ ক্যারেটের হয়

অসমিয়াম (Os) – সবচেয়ে বেশি স্ফুটনাংক বিশিষ্ট ধাতু, সবচেয়ে বেশি ঘনত্ব বিশিষ্ট পদার্থ

ইউরেনিয়াম (U) – প্রকৃতিতে সবচেয়ে বেশি ভারী মৌল এটি, তেজস্ক্রিয় গবেষণা এবং নিউক্লিয়ার বিক্রিয়ায় ব্যবহৃত হয় এটি

লেড বা সীসা (Pb) – সিদুর তৈরিতে ব্যবহার করা হয়

তরল ধাতু

স্বাভাবিক তাপমাত্রা ও চাপে এসব ধাতু তরল অবস্থায় থাকে। চারটা ধাতুকে তরল ধাতু বলে-

ফ্রান্সিয়াম (Fr), গ্যালিয়াম (Ga), মার্কারী (Hg) এবং সিজিয়াম (Cs)

মুদ্রা ধাতু

RAISUL ISLAM HRIDOY

এদের ধাতু দিয়ে মুদ্রা বা কয়েন তৈরি করা হয়। এরা হচ্ছে তামা (Cu), রুপা (Ag) এবং সোনা (Au)

উজ্জ্বল ধাতু

ক্যালসিয়াম (Ca), ম্যাগনেসিয়াম (Mg), সোডিয়াম (Na), সিলভার (Ag), এলুমিনিয়াম (Al)

নরম ধাতু

লেড (Pb), সোডিয়াম (Na), ক্যালসিয়াম (Ca), পটাশিয়াম (K)

নিকৃষ্ট ধাতু

কপার (Cu) এবং আয়রন (Fe)

ধাতুর সক্রিয়তার ক্রম

কোন ধাতুর চেয়ে কোন ধাতু বেশি সক্রিয় সেটা বোঝানোর জন্য ধাতুর সক্রিয়তার একটা সিরিজ বা সিকুয়েন্স থাকে। নিচে ধাতুর সক্রিয়তার সিরিজটা দেখো-

পটাশিয়াম (K)	জিংক (Zn)	কপার (Cu)
ক্যালসিয়াম (Ca)	আয়রন (Fe)	মার্কারি (Hg)
সোডিয়াম (Na)	টিন (Sn)	সিলভার (Ag)
ম্যাগনেশিয়াম (Mg)	লেড (Pb)	প্লাটিনাম (Pt)
এলুমিনিয়াম (Al)	হাইড্রোজেন (H)	স্বর্ণ (Au)

এই সিরিজের মানে হচ্ছে, যদি লেড এবং মার্কারির কথা ধরি তবে লেডের অবস্থান মার্কারির উপরে হওয়ায় লেড মার্কারির চেয়ে বেশি সক্রিয়। অন্যভাবে বলা যায় মার্কারি লেডের চেয়ে বেশি নিষ্ক্রিয়।

গ্যালভানাইজিং

লোহাকে গলিত জিংকের মধ্যে ডুবিয়ে তার উপর জিংকের প্রলেপ দেওয়ার প্রক্রিয়াকে গ্যালভানাইজিং বলে। গ্যালভানাইজিং এর উদ্দেশ্য হচ্ছে লোহার জিনিসকে মরিচা পড়ার হাত থেকে রক্ষা করা।

ইলেকট্রোপ্লেটিং

ধাতুর তৈরি জিনিসপত্রের ক্ষয় রোধের জন্য তড়িৎ বিশ্লেষণ পদ্ধতিতে একটা ধাতুর উপর অন্য একটা ধাতুর পাতলা প্রলেপ দেওয়ার পদ্ধতিকে ইলেকট্রোপ্লেটিং বলে। অন্যভাবে বলা যায় একটা সক্রিয় ধাতুর উপর অন্য একটা কম সক্রিয় ধাতুর প্রলেপ দেওয়ার প্রক্রিয়াকে ইলেকট্রোপ্লেটিং বলে। কম সক্রিয় ধাতু হিসেবে নিকেল (Ni) এবং ক্রোমিয়ামকে (Cr) ব্যবহার করা হয়।

যেমন ঘড়ির লোহার চেইনের উপর ক্রোমিয়ামের প্রলেপ দেয়া হয় এবং চামচের উপর নিকেলের প্রলেপ দেয়া হয়। ফলে ঘড়িতে এবং চামচে কোনো মরিচা ধরে না।

অধাতু (ইংরেজি: Nonmetal, অথবা non-metal) হল মৌলিক পদার্থের একটি শ্রেণীবিভাগ যা রসায়ন বিজ্ঞানে ব্যবহার করা হয়ে থাকে। মৌলিক পদার্থের ভৌত এবং রাসায়নিক ধর্মের উপর ভিত্তি করে এই শ্রেণীবিভাগ করা হয়ে থাকে এবং পর্যায় সারণীর মৌলসমূহকে ধাতু এবং অধাতু এই দুটি সাধারণ শ্রেণীতে ভাগ করা হয়েছে। তবে বিশেষ বৈশিষ্ট সম্পন্ন কিছু মৌলকে ধাতুকল্প নামের আলাদা শ্রেণীতে অন্তর্ভুক্ত করা হয়েছে।

যে মৌলসমূহ অধাতু হিসাবে পরিচিত:

- হাইড্রোজেন (H)
- গ্রুপ ১৪ এর মৌল: কার্বন (C)

RAISUL ISLAM HRIDOY

- গ্রুপ ১৫ এর মৌল (pnictogens): নাইট্রোজেন (N), ফসফরাস (P)
- গ্রুপ ১৬ এর একাধিক মৌল, chalcogens: অক্সিজেন (O), সালফার (S), selenium (Se)
- গ্রুপ ১৭ এর সকল মৌল - হ্যালোজেনসমূহ
- গ্রুপ ১৮ এর সকল মৌল - নিষ্ক্রিয় গ্যাসসমূহ

জারণ, বিজারণ – জারক ও বিজারক পদার্থ

জারণ এর সংজ্ঞা

যে রাসায়নিক প্রক্রিয়ায় কোন মৌল বা যৌগ অক্সিজেন বা অন্য কোন তড়িৎ ঋণাত্মক মৌল বা মূলক যুক্ত হয় কিংবা কোন যৌগ থেকে হাইড্রোজেন বা অন্য কোন তড়িৎ ঋণাত্মক মৌল অপসারিত হয় সেই প্রক্রিয়াকে জারণ প্রক্রিয়া বলে।

১. ম্যাগনেসিয়াম ধাতুকে অক্সিজেনে উত্তপ্ত করলে ম্যাগনেসিয়াম অক্সাইড উৎপন্ন হয়। $2Mg + O_2 = 2MgO$

এই বিক্রিয়ায় ম্যাগনেসিয়াম এর সঙ্গে অক্সিজেন যুক্ত হয়েছে, ম্যাগনেসিয়াম অক্সিজেন দ্বারা জারিত হয়ে ম্যাগনেসিয়াম অক্সাইড এ পরিণত হয়েছে। এখানে অক্সিজেন জারক।

দ্রাব্যতা ও দ্রাব্যতার উপর উষ্ণতার প্রভাব

২. বর্ণহীন ফেরাস ক্লোরাইড দ্রবণের ভেতর দিয়ে ক্লোরিন গ্যাস চালনা করলে দ্রবণের বর্ণ হলুদে পরিণত হয় এবং ফেরাস ক্লোরাইড ফেরিক ক্লোরাইডে পরিণত হয়।

$2FeCl_2+Cl_2=2FeCl_3$

এই বিক্রিয়ায় $FeCl_2$ এর সঙ্গে তড়িৎ ঋণাত্মক মৌল ক্লোরিন যুক্ত হয়েছে, সুতরাং এটা জারণ। ফেরাস ক্লোরাইড ও ক্লোরিন দ্বারা তাড়িত হয়ে ফেরিক ক্লোরাইডে পরিণত হয়েছে। ক্লোরিন এখানে জারক।

বিজারণ

যে রাসায়নিক প্রক্রিয়ায় কোন মৌল বা যৌগে হাইড্রোজেন বা অন্য কোন তড়িৎ ধনাত্মক মৌল বা মুলক যুক্ত হয় কিংবা কোন যৌগ থেকে অক্সিজেন বা অন্য কোন তড়িৎ ঋণাত্মক মৌল বা মূলক অপসারিত হয় সেই প্রক্রিয়াকে বিজারণ বলে।

১. ক্লোরিন জলের মধ্যে দিয়ে হাইড্রোজেন সালফাইড গ্যাস চালনা করলে হাইড্রোক্লোরিক এসিড উৎপন্ন হয় এবং হলুদ বর্ণের সালফার অধঃক্ষিপ্ত হয়।

$Cl_2 + H_2S = 2HCl + S$

এই বিক্রিয়ায় Cl2 এর সঙ্গে H_2 যুক্ত হয়ে HCl উৎপন্ন করে। তাই Clএর বিজারণ হয়েছে। এখানে H_2S বিজারক।

২. জায়মান হাইড্রোজেন হলুদ বর্ণের ফেরিক ক্লোরাইড দ্রবণ কে বিজারিত করে বর্ণহীন ফেরাস ক্লোরাইড উৎপন্ন করে।

$FeCl_3 + H = FeCl_2 + HCl$

এই বিক্রিয়ায় FeCl3 থেকে তড়িৎ ঋণাত্মক মৌল ক্লোরিনের অপসারণ হয়েছে সুতরাং এটি বিজারণ। জায়মান হাইড্রোজেন এখানে বিজারক।

জারক ও বিজারক পদার্থ

জারক দ্রব্য

যে পদার্থ অন্য পদার্থকে জারিত করে নিজে বিজারিত হয় তাকে জারক দ্রব্য বলে।

RAISUL ISLAM HRIDOY

জারক দ্রব্যের উদাহরণ

- গ্যাসীয় জারক দ্রব্য — অক্সিজেন, ওজন, ফ্লোরিন, ক্লোরিন নাইট্রোজেন ডাই অক্সাইড
- তরল জারক দ্রব্য — নাইট্রিক অ্যাসিড, গাঢ় সালফিউরিক অ্যাসিড, হাইড্রোজেন পারঅক্সাইড, ব্রোমিন।
- কঠিন জারক দ্রব্য — পটাশিয়াম পারম্যাঙ্গানেট, পটাশিয়াম ডাইক্রোমেট, রেড লেড।

বিজারক দ্রব্যের উদাহরণ

- ✓ গ্যাসীয় বিজারক দ্রব্য— হাইড্রোজেন, সালফার ডাই অক্সাইড, হাইড্রোজেন সালফাইড, কার্বন মনোক্সাইড ইত্যাদি
- ✓ তরল বিজারক দ্রব্য— নাইট্রাস অ্যাসিড, হাইড্রোব্রোমিক অ্যাসিড, হাইড্রো আয়ডিক অ্যাসিড
- ✓ কঠিন বিজারক দ্রব্য— কার্বন, স্ট্যানাস ক্লোরাইড

জারণ ও বিজারণ একসঙ্গে ঘটে

মনে রাখতে হবে যে, রাসায়নিক বিক্রিয়ায় চারণ এবং বিচার প্রক্রিয়া একসঙ্গে ঘটে। কোন বিক্রিয়ায় জারণ ক্রিয়ার ঘটলেই বিজারণ ক্রিয়াও ঘটবে।

১. যেমন, কালো রংয়ের লেড সালফাইডের সঙ্গে হাইড্রোজেন পার অক্সাইড এর বিক্রিয়ায় সাদা রংয়ের লেড সালফেট এবং জল উৎপন্ন হয়। এখানে Pb_S (কালো), H_2O_2 দাঁড়া জারিত হয়ে $PbSO_4$ (সাদা) উৎপন্ন করে এবং H_2O_2 নিজে বিজারিত হয় H_2O তে পরিণত হয়।

$PbS + 4H_2O_2 = PbSO_4 + 4H_2O$

এখানে নীল রং দ্বারা জারণ এবং লাল রং দ্বারা বিজারণ কে বোঝানো হয়েছে।

২. লাল রঙের ব্রোমিন জলের মধ্যে দিয়ে সালফার ডাই অক্সাইড চালনা করলে ব্রোমিন বিজারিত হয় HBr উৎপন্ন করে, তাই Br_2এর লাল রং বর্ণহীন হয়। আর SO_2 জারিত হয়ে H_2SO_4 এ পরিণত হয়। এখানে Br_2 জারক এবং SO_2 বিজারক।

জারক পদার্থ অক্সিজেন এবং বিজারক পদার্থ হাইড্রোজেন কি থাকতেই হবে

জারণ বলতে কোন মৌল বাপ যৌগের সঙ্গে শুধু অক্সিজেনের সংযোগ বোঝায় না। মৌল বা যৌগের সঙ্গে তড়িৎ ঋণাত্মক মৌল বা মূলকের সংযোগ কিংবা কোন যৌগ থেকে হাইড্রোজেনের বা তড়িৎ ধনাত্মক মৌলের অপসারণও বোঝায়। সুতরাং জারক পদার্থের অক্সিজেনের উপস্থিতি অতি প্রয়োজনীয় নয়। যেমন Br_2 এর সঙ্গে H_2S এর বিক্রিয়ায় H_2S, Br_2 দ্বারা জারিত হয়ে S উৎপন্ন করে। এখানে Br_2 জারক, এই জারণ বিক্রিয়ায় O_2 যুক্ত হয় নি— সালফার থেকে H2এর অপসারণ দ্বারা জারণ ক্রিয়ার ঘটেছে।

$H_2S + Br_2 = 2HBr + S$

আবার বিজারণ বলতে শুধু H_2 এর সংযোগ বোঝায় না। মৌল ও যৌগের সঙ্গে তড়িৎ ধনাত্মক মৌল বা মূলক এর সংযোগ কোন যৌগ থেকে অক্সিজেন বা তড়িৎ ঋণাত্মক মৌলের অপসারণও বোঝায়। তাই বিজারক দ্রব্য হাইড্রোজেন না থাকলেও চলে। যেমন উত্তপ্ত কপার অক্সাইড এর উপর দিয়ে কার্বন মনোক্সাইড চালনা করলে কপার অক্সাইড বিজারিত হয়ে ধাতব কপারে পরিণত হয়। এখানে কভার মনোক্সাইড বিজারক–এতে হাইড্রোজেন নেই।

$CuO + CO = Cu + CO_2$

তড়িৎকোষ

RAISUL ISLAM HRIDOY

তড়িৎকোষ বা বৈদ্যুতিক কোষ বা ইংরেজি পরিভাষায় ব্যাটারি (ইংরেজি: Electric battery) বলতে এমন একটি যন্ত্রাংশকে বোঝায় যেটিতে এক বা একাধিক তড়িৎ-রাসায়নিক কোষ থাকে, এবং যেটির বহির্ভাগে সংযোগ স্থাপনের ব্যবস্থা থাকে। সংযুক্ত হলে তড়িৎকোষ বিভিন্ন বৈদ্যুতিক যন্ত্র যেমন ফ্ল্যাশলাইট, মোবাইল ফোন, এমনকি বৈদ্যুতিক গাড়ি চালানোর জন্য প্রয়োজনীয় বৈদ্যুতিক শক্তি সরবরাহ করতে পারে। যখন কোনও তড়িৎকোষ বৈদ্যুতিক শক্তি সরবরাহ করে, তখন এটির বৈদ্যুতিকভাবে ধনাত্মক প্রান্তটিকে ক্যাথোড তড়িৎদ্বার এবং ঋণাত্মক প্রান্তটিকে অ্যানোড তড়িৎদ্বার বলে। ঋণাত্মক হিসেবে চিহ্নিত প্রান্তটি হল ইলেকট্রনের উৎস; এটি বহিঃস্থ কোন বর্তনীর সাথে যুক্ত হলে ইলেকট্রনগুলি প্রবাহিত হওয়া শুরু করে এবং বহিঃস্থ যন্ত্রাংশটিতে বৈদ্যুতিক শক্তি সরবরাহ করে। তড়িৎকোষের ভেতরে ইলেকট্রোলাইটগুলি আধান বা আয়ন হিসেবে প্রবাহিত হয় এবং রাসায়নিক বিক্রিয়া সম্পূর্ণ করে বহিঃস্থ বর্তনীতে শক্তি সরবরাহ করে। ঐতিহাসিকভাবে ইংরেজি ভাষাতে ব্যাটারি বলতে একাধিক তড়িৎকোষবিশিষ্ট যন্ত্রাংশকে বোঝালেও বর্তমানে একটিমাত্র তড়িৎকোষবিশিষ্ট যন্ত্রকেও ব্যাটারি বলা হয়।

জৈব যৌগ ও অজৈব যৌগ

জৈব যৌগ কাকে বলে?

জৈব যৌগঃ হাইড্রোকার্বন ও হাইড্রোকার্বন থেকে তৈরি যৌগ সমূহকে জৈব যৌগ বলা হয়। যেমনঃ মিথেন,ইথেন,প্রোপিন ইত্যাদি। পৃথীবির প্রায় এক কোটি যৌগের মধ্যে প্রায় নব্বই লক্ষই জৈব যৌগ। একে মূলত দুইভাবে ভাগ করা হয়,যথাঃ মুক্তশিকল ও বদ্ধশিকল।

অজৈব যৌগ সাধারণত একটি রাসায়নিক যৌগ যাতে কার্বন – হাইড্রোজেন বন্ধন থাকে না অর্থাৎ এটি একটি যৌগ যা কোনও জৈব যৌগ নয়। অজৈব যৌগের অধ্যয়ন অজৈব রসায়ন হিসাবে পরিচিত। পৃথিবীর ভূত্বকের বেশিরভাগটাই অজৈব যৌগ নিয়ে গঠিত।

জৈব ও অজৈব যৌগের মধ্যে পার্থক্য

জৈব যৌগ	অজৈব যৌগ
কার্বন পরমাণুর ক্যাটিনেশন ধর্মের জন্য অনেক জৈব যৌগের অনুর গঠন জটিল হয়। যেমন চর্বি, তেল, শ্বেতসার প্রভৃতি জটিল ও উচ্চ আণবিক গুরুত্ব বিশিষ্ট্য যৌগ। এদের অনুতে বহু পরমানু থাকে। যেমন স্টার্চের আনবিক সংকেত C1200H2000O1000	S.B.O এবং Si র সামান্য ক্যাটিনেশন ধর্ম ছাড়া অন্যান্য অজৈব যৌগের মধ্যে ক্যাটিনেশন ধর্ম দেখা যায় না । তাই অজৈব অনুর গঠন জৈব যৌগের তুলনায় সরল হয়। অজৈব অনুতে বেশি সংখ্যক পরমানু থাকে না।
প্রত্যেকটি জৈব যৌগের অণুতে কার্বন আছে। কার্বনের সাথে হাইড্রোজেন ও অক্সিজেন মিলে বেশিরভাগ ক্ষেত্রে জৈব যৌগ গঠন করে। এছাড়াও নাইট্রোজেন হ্যালোজেন, সালফার ফসফরাস ও কয়েকটি মাত্র ধাতু আছে যারা জৈব যৌগ গঠন করে। কয়েকটি মৌল মিলে জৈব যৌগ তৈরি করে তা সত্ত্বেও জৈব যৌগে সংখ্যা প্রায় দশ লক্ষেরও বেশি।	অজৈব যৌগ গুলিতে কার্বন থাকতেই হবে এমন কোনো বাধ্যবাধকতা নেই। অজৈব যৌগ সবরকম মৌল দিয়ে গঠিত হতে পারে।যদিও অজৈব যৌগের গঠনে প্রায় শতাধিক মৌল অংশগ্রহণ করে তবুও অজৈব যৌগের সংখ্যা 75 হাজার মাত্র। যা জৈব যৌগের তুলনায় অনেক কম।

RAISUL ISLAM HRIDOY

জৈব যৌগগুলির গলনাঙ্ক ও স্ফুটনাঙ্ক ও অপেক্ষাকৃত কম হয়।	অজৈব যৌগ গুলির গলনাঙ্ক ও স্ফুটনাঙ্কও জৈব যৌগের তুলনায় বেশি হয়।
উচ্চ উষ্ণতায় প্রায় সমস্ত জৈব যৌগের অনু ভেঙ্গে যায়। যৌগগুলি সাধারণত দাহ্য পদার্থ। এবং কম উষ্ণতায় গলে যায়।	উচ্চ উষ্ণতায় প্রায় সমস্ত জৈব যৌগ স্থায়ী ও অজৈব যৌগগুলি বেশিরভাগ দাহ্য নয় এবং এদের গলনাঙ্ক উচ্চ হয়।
কার্বনের ক্যাটিনেশন ধর্ম কারণে জৈব যৌগতে কার্বন পরমাণুগুলি পরস্পর যুক্ত হয়ে লম্বা বা বৃত্তাকার সারিতে অতিদীর্ঘ কার্বন শৃংখল গঠনের মাধ্যমে বেশি আণবিক গুরুত্ববিশিষ্ট যৌগ উৎপন্ন করতে পারে। এইভাবে ১০০০ কার্বন পরামানু পরস্পর যুক্ত হয়ে একই যৌগে অবস্থান করতে পারে।	অজৈব যৌগের অনুর গঠন করতে পারে না, অপেক্ষাকৃত সরল এবং এদের আণবিক গুরুত্ব জৈব যৌগের তুলনায় অনেক কম হয়। সিলিকন ও বোরনের ক্ষেত্রে মাত্র কয়েকটি যৌগে এই গুন দেখা যায়।
বেশিরভাগ জৈব যৌগগুলি সমযোজী হওয়ায় এদের বিক্রিয়া ধীরে ধীরে হয়।	অজৈব তড়িৎযোজী যৌগগুলি জলীয় দ্রবণে আয়ন উৎপন্ন করাই এদের বিক্রিয়া দ্রুত হয়।
জৈব যৌগ গুলির বেশিরভাগই সমযোজী পদার্থ	অজৈব যৌগ গুলি অধিকাংশই তড়িৎযোজী পদার্থ
জৈব যৌগগুলি সাধারণত জলে অদ্রাব্য কিন্তু এলকোহোল, ইথার, বেনজিন প্রভৃতি জৈব যৌগ তরলে দ্রাব্য।	অজৈব যৌগ সাধারণত জলে দ্রাব্য এবং জৈব তরলে অদ্রাব্য।
জৈব যৌগে অনুসংযোজন বিক্রিয়ার সাহায্যে বেশি আণবিক গুরুত্বযুক্ত যৌগ উৎপন্ন হয়। যেমন লোহিত তপ্ত লোহার নলের ভিতর দিয়ে অ্যাসিটিলিন গ্যাস পাঠালে তিন অনু অ্যাসিটিলিন যুক্ত হয়ে এক অনু বেনজিন উৎপন্ন করে।	অজৈব যৌগের অনু সংযোজন বিক্রিয়া দেখা যায় না।
একটি জৈব যৌগের দুই বা ততোধিক অনু নিজেদের মধ্যে যুক্ত হয়ে আলাদা ধর্ম বিশিষ্ট অন্য যৌগের অনু গঠন করতে পারে।	অজৈব যৌগের ক্ষেত্রে এই রকম ঘটতে দেখা যায় না।
জৈব যৌগের আণবিক সংকেত যুক্ত কিন্তু ভিন্ন ধর্ম বিশিষ্ট একাধিক যৌগ পাওয়া যায়।জৈব যৌগের এই বৈশিষ্ট্যকে সমবয়বতা এবং যৌগগুলোকে সমবয়ব বলে। যেমন C_2H_6O দ্বারা ইথাইল অ্যালকোহল (C_2H_5OH), আবার ডাইমিথাইল ইথার (CH_3OCH_3) কেও প্রকাশ করা যায়। আবার C_6H14 সংকেত দিয়ে পাঁচটি বিভিন্ন যৌগের সংকেত বোঝানো যায়।	অজৈব যৌগের ক্ষেত্রে সমবায়বতা সাধারণত দেখা যায় না। অজৈব যৌগের একটি আণবিক সংকেত নির্দিষ্ট কোন যৌগকে প্রকাশ করে। যেমন H_2O সংকেত এর মাধ্যমে জল ছাড়া অন্য কোন যজ্ঞ কে বোঝায় না।
জৈব যৌগ গুলি সাধারণত উদ্বায়ী পদার্থ।	অজৈব যৌগ গুলি সাধারণত অনুদ্বায়ী পদার্থ।
বিভিন্ন কার্যকরী মূলকের উপস্থিতি অনুযায়ী জৈব যৌগগুলিকে বিভিন্ন সমগোত্র শ্রেণীতে ভাগ করা যায়। যেমন অ্যালকোহল,	অজৈব যৌগের মধ্যে এইরকম কোন কার্যকরী মূলকের উপস্থিতি দেখা যায় না। বিভিন্ন অজৈব যৌগের ধর্ম বিভিন্ন হয়।

RAISUL ISLAM HRIDOY

অ্যালডিহাইড ইত্যাদি। একেকটি সমগোত্রীয় শ্রেণীর অন্তর্ভুক্ত বিভিন্ন যৌগের রাসায়নিক ধর্ম একই।	

তড়িৎ চুম্বক

তড়িৎ প্রবাহের চৌম্বক ক্রিয়া ব্যবহার করে যে চুম্বক তৈরি করা হয় তাকে তড়িৎ চুম্বক বলে। অন্তরিত পরিবাহী তারের স্প্রিং এর ভিতরে কাঁচা লোহা বা ইস্পাতের দণ্ড প্রবেশ করিয়ে তড়িৎ চুম্বক তৈরি করা হয়। তারের ভিতর দিয়ে তড়িৎ প্রবাহিত করলে দণ্ডটি অস্থায়ী চুম্বকত্ব লাভ করে। এই অস্থায়ী চুম্বকই তড়িৎ চুম্বক।

তড়িৎ চুম্বকের ব্যবহার

তড়িৎ চুম্বকের ব্যবহার নিচে দেয়া হলো:

- ✓ স্পিকার, মাইক্রোফোন ইত্যাদিতে তড়িৎ চুম্বক ব্যবহার করা হয়।
- ✓ লোহা ও ইস্পাতের ভারি জিনিস উঠানামা করার কাজে যে ক্রেন ব্যবহার করা হয় তাতে তড়িৎ চুম্বক ব্যবহার করা হয়।
- ✓ চোখের ভিতর লোহা বা ইস্পাতের ছোট কণা ঢুকলে তা বের করার কাজে ব্যবহার করা হয়।

তড়িৎ চুম্বক ব্যবহারের সুবিধা

শক্তিশালী স্থায়ী চুম্বক তৈরি করার খরচ বেশি। প্রকৃতিতেও শক্তিশালী স্থায়ী চুম্বক পাওয়া যায় না। কিন্তু অল্প খরচে শক্তিশালী তড়িৎ চুম্বক তৈরি করা যায়। তড়িৎ চুম্বকের চৌম্বক প্রাবল্যের মান সহজেই নিয়ন্ত্রণ করা যায়।

তড়িৎ প্রবাহের সাহায্যে কোন চৌম্বক পদার্থকে চুম্বকে পরিণত করা হলে সেই চুম্বককে তড়িৎ চুম্বক বলে। খুব জোরালো তড়িৎ চুম্বক তৈরি করতে হলে কাঁচা লোহার দন্ডটিকে U আকারের করা হয়। কাঁচা লোহার দন্ডটিকে সলিনয়েডের মজ্জা বলে। এর দুই বাহুর উপর অন্তরিত তার জড়িয়ে একটি সলিনয়েড গঠন করা হয়।

RAISUL ISLAM HRIDOY

ট্রান্সফরমার

ট্রান্সফরমার কি

ট্রান্সফরমার হচ্ছে একটি ইলেক্ট্রিক্যাল ডিভাইস যা বৈদ্যুতিক শক্তিকে একটি সার্কিট হতে অন্য সার্কিটে পাঠায় ইলেক্ট্রোম্যাগনেটিক ইন্ডাকশন প্রক্রিয়ার মাধ্যেমে। এটা মূলত সার্কিটের ভোল্টেজ বাড়াতে বা কমাতে ব্যবহার করা হয় প্রয়োজন অনুযায়ী। ট্রান্সফরমার ফ্যারাডের সুত্র অনুসারে কাজ করে। ভোল্টেজের পরিমান ফ্লাক্স পরিবর্ত হারের সাথে সমানুপাতিক। ট্রান্সফরমারে কোন মুভিং ডিভাইস থাকে না। এটা সলিড স্টেট ডিভাইস।

ট্রান্সফরমার যে কারনে ব্যবহার করা হয়

যদি আপনার বাসা পাওয়ার স্টেশন থেকে বেশি দূরে হয় এবং আপনি আপনার কাঙ্খিত ভোল্টেজ পেতে চান তাহলে সেখানে স্টিপ আপ ট্রান্সফরমার ব্যবহার করে সেই নির্দিষ্ট দুরুত্তে কাঙ্খিত ভোল্টেজ সঞ্জালন করা হয়। আবার বাসা বাড়িতে যদি বিভিন্ন ধরনের ইলেক্ট্রনিক্স ডিভাইস চালাতে চান তাহলে সেগুলোর জন্য কম ভোল্টেজ প্রয়োজন। এই কম ভোল্টেজ এর জন্য স্টিপ ডাউন ট্রান্সফরমার ব্যাবহার করা হয়।

ট্রান্সফরমারের কাজ

ট্রান্সফরমার এক প্রকারের ভোল্টেজ গ্রহন করে এবং অন্য ভোল্টেজ ডেলিভারি করে। এই কারনেই ট্রান্সফরমার বেশি দুরুত্তে বিদ্যু শক্তি স্তানান্তর করতে পারে। মিউচুয়াল ইনডাকশন তৈরি হয় প্রাইমারী এবং সেকেন্ডারী ওয়াইন্ডিং এ এবং এই ওয়ান্ডিং কয়েল হিসেবে পরিচিত এবং এই মিউচুয়াল ইন্ডাকশনের নিতী মেনে ট্রান্সফরমার কাজ করে যা ট্রান্সফরমারকে এক সার্কিট থেকে আরেক সার্কিটে এনার্জি প্রবাহিত করতে সাহায্য করে।

সাধারনত ট্রান্সফরমারের প্রাইমারী কয়েলে ভোল্টেজ গ্রহন করে এবং অল্টারনেটিং কারেন্ট কয়েলে সর্বদাই পরিবর্তন হতে থাকে এবং অল্টারনেটিং ফ্লাক্স প্রাইমারী ওয়াইন্ডিং এ তৈরি হয়। তখন সেকেন্ডারী কয়েল যা প্রাইমারী কয়েলের নিকটবর্তী থাকায় এই ফ্লাক্স সংগ্রহ করে। এই ফ্লাক্সটি সর্বদাই পরিবর্তন হতে থাকে এবং সেকেন্ডারী কয়েলে EMF তৈরি করে যা ফ্যারাডের ইলেক্ট্রোম্যাগনেটিক ইন্ডাকশনের সুত্র অনুসারে সংগঠিত হয়। যদি সেকেন্ডারী সার্কিট বন্ধ হয় তাহলে কারেন্ট প্রবাহিত হবে এবং এটিই ট্রান্সফরমারের বেসিক কাজ।

ট্রান্সফরমারের গঠন

ট্রান্সফরমার মূলত তিনটি জিনিস দিয়ে গঠিত হয়ঃ

- প্রাইমারী কয়েল/ওয়ান্ডিং (Primary coil): প্রাইমারী ওয়ান্ডিং হচ্ছে মেইন ওয়ান্ডিং যা অল্টারনেটিং কারেন্ট এ আবিষ্ট থাকে। স্টিপ আপ অথবা স্টিপ ডাউন ট্রান্সফরমারের ক্ষেত্রে ওয়াইন্ডিং এর গঠন একটু ভিন্ন হয়।
- সেকেন্ডারী কয়েল/ওয়ান্ডিং (Secondary coil): সেকেন্ডারী কয়েলের ক্ষেত্রে স্টিপ আপ অথবা স্টিপ ডাউন ট্রান্সফরমারের ক্ষেত্রে ওয়াইন্ডিং এর গঠনও একটু ভিন্ন হবে।
- ম্যাগনেটিক কোর (Magnetic core): ম্যাগনেটিক ফ্লাক্স প্রাইমারী ওয়ান্ডিং থেকে সেকেন্ডারী ওয়ান্ডিং প্রবাহের জন্য ব্যবহার করা হয়। ম্যাগনেটিক কোর কোল্ড রোলার গ্রেইন অরিন্টেড সিলিকন স্টীল দিয়ে তৈরি করা হয়।

RAISUL ISLAM HRIDOY

ট্রান্সফরমারের প্রকারভেদ

ভোল্টেজ অনুসারে ট্রান্সফরমারের প্রকার হলঃ

- স্টিপ আপ ট্রান্সফরমার (Step up transformer)
- স্টিপ ডাউন ট্রান্সফরমার (Step down transformer)
- আইসোলেশন ট্রান্সফরমার (Isolation Transformer)

কোর মিডিয়াম অনুসারে ট্রান্সফরমারের প্রকার হলঃ

- এয়ার কোর ট্রান্সফরমার (Air core transformer)
- আয়রন কোর ট্রান্সফরমার (Iron core transformer)
- ফেরাইট কোর ট্রান্সফরমার (Ferrite Core Transformer)

ব্যবহার অনুসারে ট্রান্সফরমারের প্রকার হলঃ

- পাওয়ার ট্রান্সফরমার (Power Transformer)
- ডিস্ট্রিবিউশন ট্রান্সফরমার (Distribution Transformers)
- ইলেক্ট্রিক্যাল সাপ্লাই অনুসারে ট্রান্সফরমারের প্রকার হলঃ
- সিঙ্গেল ফেজ ট্রান্সফরমার (Single phase transformer)
- ত্রি ফেজ ট্রান্সফরমার (Three phase transformer)

- ব্যবহারের ধরন অনুযায়ী ট্রান্সফরমারের প্রকার হলঃ
- ইনডোর ট্রান্সফরমার (Indoor Transformer)
- আউটডোর ট্রান্সফরমার (Outdoor Transformer)

স্টিপ আপ ট্রান্সফরমার (Step up transformer): যে ধরনের ট্রান্সফরমারের প্রাইমারীতে কয়েলের তুলনায় সেকেন্ডারী কয়েলে বেশি ভোল্টেজ থাকে সেটাই হল স্টিপ আপ ট্রান্সফরমার।

স্টিপ ডাউন ট্রান্সফরমার (Step down transformer): যে ধরনের ট্রান্সফরমারের প্রাইমারী কয়েলের তুলনায় সেকেন্ডারী কয়েলে কম ভোল্টেজ থাকে সেটাই হল স্টিপ ডাউন ট্রান্সফরমার।

এক্স রশ্মি

বিজ্ঞানী রন্টজেন 1895 সালে একটি তড়িৎ ক্ষরণ হলে 0.01 মিলিমিটার চাপে গ্যাসেরকে তৈরি করেন করতে গিয়ে দেখেন যে নলটির পাশে রাখা বেরিয়াম প্ল্যাটিনোসায়ানাইড লিপ্ত একটি প্লেট থেকে প্রতিপ্রভা সৃষ্টি হয়ে আলোক নির্গত হচ্ছে। তড়িৎ মোক্ষন লালটির পাশে কাগজে মোড়া ফটোগ্রাফিক প্লেট রেখে তিনি দেখলেন কাগজে মোড়া থাকা সত্ত্বেও তা নষ্ট হয়ে গেছে। এই ঘটনা থেকে তিনি সিদ্ধান্ত নেন যে, কোন শক্তিশালি অদৃশ্য রশ্মি নল থেকে নির্গত হচ্ছে। এই শক্তিশালী অদৃশ্য রশ্মির নাম এক্স রশ্মি (এক্সরে) এবং ওই রশ্মির ভেদন ক্ষমতা আছে। ক্যাথোড রশ্মি কাঁচের দেয়ালের উপর পড়ে ওর গতি থেমে যাওয়ার ফলে এই অদৃশ্য শক্তিশালী রশ্মির সৃষ্টি হয়।

এক্স রশ্মি (এক্সরে) সৃষ্টির কারণ

শক্তি ধ্বংস হয় না, এক শক্তি থেকে অন্য শক্তিতে রূপান্তরিত হয় মাত্র। ক্যাথোড রশ্মি প্রচণ্ড বেগে ক্যাথোড থেকে অ্যানোড এর দিকে যায় ওর গতিপথে কোন কঠিন বস্তু রাখলে, বাধা পেয়ে গতিশক্তি হারায়। তখন ক্যাথোড রশ্মির (ইলেকট্রন) প্রচন্ড গতিশক্তির কিছুটা তাপ শক্তিতে রূপান্তরিত হয়। এবং বাকি অংশ একরকম অদৃশ্য রশ্মির সৃষ্টি করে। ক্যাথোড রশ্মি যেখানে বাধা পায়, সেখান থেকে এই অদৃশ্য রশ্মি নির্গত হয়।

প্রচন্ড গতিশীল ইলেকট্রন প্রবাহ (ক্যাথোড রশ্মি) কোন কঠিন বস্তুর ওপর গিয়ে পড়লে ওই বস্তু থেকে আলোকরশ্মির তরঙ্গ দৈর্ঘ্যের চেয়ে অনেক ছোট তরঙ্গ দৈর্ঘ্য বিশিষ্ট অদৃশ্য রশ্মি নির্গত হয়। এই শক্তিশালী অদৃশ্য রশ্মির নাম এক্স রশ্মি (এক্সরে)

ক্যাথোড রশ্মির খুব সামান্য অংশ 0.1% ক্ষুদ্র তরঙ্গ দৈর্ঘ্য বিশিষ্ট একটি রূপান্তরিত হয়। এক্স রশ্মির আবিষ্কারক রন্টজেনের নাম অনুসারে এই রশ্মির নামকরণ করা হয় রন্টজেন রশ্মি এবং 1901 সালে তাকে পদার্থবিদ্যায় নোবেল পুরস্কার দেওয়া হয়।

এক্সরে বা এক্স রশ্মির সংজ্ঞা

তীব্র গতি সম্পন্ন ইলেকট্রন প্রবাহ তথা ক্যাথোড রশ্মি যখন উচ্চ গলনাংক বিশিষ্ট কোন কঠিন লক্ষ্যবস্তুতে আঘাত করে, তখন ওই কঠিন বস্তু থেকে উচ্চভেদন শক্তি সম্পন্ন এবং আলোক রশ্মির তরঙ্গ দৈর্ঘ্যের চেয়ে অনেক ছোট তরঙ্গ দৈর্ঘ্য বিশিষ্ট হচ্ছে অদৃশ্য রশ্মি নির্গত হয়, তাকে এক্স রশ্মি বলে বা এক্সরে বলে।

এক্সরে বা এক্স রশ্মির ধর্ম

আলো বা ক্যাথোড রশ্মির মতো এক্স এক্স রশ্মির কিছু ধর্ম আছে। নিচে এক্সরে বা এক্স রশ্মির ধর্ম সম্বন্ধে আলোচনা করা হলো।

১. এক্স রশ্মি খালি চোখে দেখা যায় না। এক্সরে অদৃশ্য রশ্মি। কারণ আলোকরশ্মির চেয়ে এক্স রশ্মির তরঙ্গদৈর্ঘ্য অনেক কম (10^{-6} থেকে 10^{-9} সেন্টিমিটার)।

RAISUL ISLAM HRIDOY

২. সাধারণ আলোকরশ্মির মত এক্সরে তড়িৎ চুম্বকীয় তরঙ্গ।

৩. শূন্য মাধ্যমে এক শ্রেণীর গতিবেগ আলোর গতিবেগের সমান 3×10^{10} সেন্টিমিটার/ সেকেন্ড

৪. এক্স রশ্মি সাধারণ আলোর মতো ফটোগ্রাফিক ফিল্মের উপর ক্রিয়া করে। এক্স-রের প্রভাবে ফটোগ্রাফিক ফিল্মে প্রতিপ্রভা দেখা যায় এবং ফিল্ম কালো হয়ে যায়।

৫. কোন বস্তুর ওপর এক্স রশ্মি পড়লে বস্তুটি উত্তপ্ত হয় না।

৬. ক্যাথোড রশ্মির মত এক্সরে কোন গ্যাসের মধ্যে দিয়ে গেলে, গ্যাসকে আয়নিত করতে পারে। এটি গ্যাসের অনুগুলির আয়নে বিশ্লিষ্ট করে গ্যাসকে উত্তম তড়িৎ পরিবাহীতে পরিণত করে।

৭. এক্স রশ্মি তড়িৎ ক্ষেত্র বা চৌম্বক ক্ষেত্র দ্বারা বিক্ষিপ্ত হয় না। অর্থাৎ এক্সরে তড়িৎ গ্রস্ত কণায় প্রবাহ নয়, এক্স রশ্মি নিস্তড়িত।

৮. কেলাসের ভিতর দিয়ে যাওয়ার সময় এক্স রশ্মি বিচ্ছুরিত হয়।

৯. এক্স রশ্মির তরঙ্গ দৈর্ঘ্য কম বলে ভেদন ক্ষমতা আছে। বাল্বের ক্যাথোড এবং অ্যানোডের মধ্যে বিভব পার্থক্য যত বেশি হবে ভেদন ক্ষমতা তত বেশি হবে।

এক্স-রের ভেদন ক্ষমতা বেশি হলে সেই রশ্মিকে হার্ড এক্সরে বা হার্ড এক্স রশ্মি বলে; ভেদন ক্ষমতা কম হলে সেই এক্সেরেকে সফ্ট এক্স রশ্মি বা সফ্টএক্সরে বলে।

১০. এক্সরে পদার্থ দ্বারা শোষিত হয়। যে পদার্থের ঘনত্ব যত বেশি সেই পদার্থ ততো বেশি এক্সরে শোষণ করতে পারে। পদার্থ যত পুরনো হয় কিংবা পদার্থের পারমাণবিক গুরুত্ব বেশি হয়, শোষণ ক্ষমতা ততো বেশি হয়।

১১. এক্স রশ্মি কতগুলি পদার্থের (বেরিয়াম প্লাটিনোসায়ানাইড, ক্যালসিয়াম টাংস্টেট প্রভৃতি) উপর পড়ে প্রতিপ্রভার সৃষ্টি করে।

১২. কয়েকটি বিশেষ ধাতু (সোডিয়াম পটাশিয়াম রুবিডিয়াম ইত্যাদি) আছে যাদের উপর এক্সরে পড়লে ওই ধাতু থেকে ইলেকট্রন নির্গত হয়। এই ঘটনাকে ফটোতড়িৎ ক্রিয়া বলে।

১৩. ধাতব পাতের উপর এক্স রশ্মি পড়লে অনেক সময় গৌণ এক্স রশ্মির সৃষ্টি হয়।

১৪. এক্স রশ্মি সরলরেখায় চলে এবং বিশেষ অবস্থায় সাধারণ আলোর মতো প্রতিফলন, প্রতিসরণ প্রভৃতির সৃষ্টি করে। তবে তরঙ্গদৈর্ঘ্য খুব কম হওয়ায় সাধারণ উপায়ে এক্স-রের ধর্ম দেখানো যায় না।

১৫. তরঙ্গ দৈর্ঘ্য কম হওয়ার কারণে এক্সরে অ্যালুমিনিয়াম, চামড়া, কাগজ, কাঠ, মাংসপেশি প্রভৃতিকে ভেদ করতে পারে। এক্স রের তরঙ্গদৈর্ঘ্য যত কম হয়, ভেদন ক্ষমতাও তত বেড়ে যায়। তাই তুলনামূলকভাবে কম তরঙ্গ দৈর্ঘ্য বিশিষ্ট কঠিন এক্স-রের ভেদন ক্ষমতা বেশি। এবং বেশি তরঙ্গ দৈর্ঘ্য বিশিষ্ট কোমল এক্স-রের ভেদন ক্ষমতা কম।

[সফ্ট এক্সরে বা কোমল এক্স রশ্মি মাংসপেশি ভেদ করে যেতে পারে কিন্তু হাড় ভেদ করতে পারে না। এক্স রশ্মির এই ধর্মের জন্য ওই রশ্মির সাহায্যে শরীরের মধ্যে হাড়ের ছবি নেওয়া যায়। কঠিন এক্স-রশ্মি দেহের পক্ষে বিশেষ ক্ষতিকারক]

১৬. এক্সরে জীবন্ত কোষকে নষ্ট করতে পারে। এক্স-রের এই ধর্মকে কাজে লাগিয়ে ক্যান্সার রোগগ্রস্থ দেহকোষের ওপর এক্স রশ্মি ফেলে ক্যান্সার রোগগ্রস্থ কোষগুলো নষ্ট করা হয়। একে এক্সরে থেরাপি বলে। বেশি মাত্রায় এক্স রশ্মি প্রয়োগকে প্রাণীদেহে গভীর ক্ষতের সৃষ্টি হয়।

এই ছিল মোটামুটিভাবে এক্স রশ্মি বা এক্স-রের ধর্ম নিয়ে আলোচনা।

RAISUL ISLAM HRIDOY

এক্সরে বা এক্স রশ্মির ব্যবহার

আধুনিক যুগে এক্স রশ্মি আবিষ্কারের পর থেকে বিভিন্ন কাজে এক্সরে বা এক্সরশ্মি ব্যবহার করা হয়। নিচে এক্সরে বা এক্স রশ্মির ব্যবহার সম্বন্ধে আলোচনা করা হলো।

১. চিকিৎসা বিজ্ঞানে এক্স-রের ব্যবহার

দেহের ভেতরের কোন অংশ পরীক্ষা করতে এক্স-রে ব্যবহার করা হয়। এক্স রশ্মি শরীরের চামড়া ও মাংসপেশির ভেদ করতে পারে কিন্তু হাড় করতে পারে না। তাই দেহের মধ্যে দিয়ে এক্স রশ্মি চালনা করে ওই রশ্মিকে ফটোগ্রাফিক প্লেটের উপর ফেলে শরীরের ভেতরের হাড়ের আলোকচিত্র পাওয়া যায়, একে রেডিওগ্রাফ বলে। এক্স-রের দ্বারা ফটো তুলে শরীরের কোন জায়গায় হাড় ভেঙেছে, শরীরের কোন স্থানে বুলেট বিদ্ধ হয়ে আছে, অথবা শরীরের কোন হাড়ের অবাঞ্ছিত বৃদ্ধি হলে বা পাকস্থলীতে পাথর হলে তার অবস্থান নির্ণয় করার জন্য এক্স-রের ব্যবহার করা হয়। এই জন্য অস্ত্র চিকিৎসায় এক্স রশ্মির ব্যবহার অপরিহার্য।

ক্যান্সার টিউমার প্রভৃতি রোগের চিকিৎসায় এক্সরশ্মি ব্যবহৃত হয়। এইসব ক্ষেত্রে ক্যান্সার রোগগ্রস্ত কোষের উপর উপযুক্ত মাত্রায় এক্স রশ্মি প্রয়োগ করে কোষ গুলোকে নষ্ট করে দেয়া হয়; একে এক্সরে থেরাপি বলে।

২. বিজ্ঞান গবেষণায় এক্স রশ্মির ব্যবহার

পরমাণুর গঠন বিষয়ক নানা পরীক্ষায় এক্স রশ্মি ব্যবহার করা হয়। তাছাড়া এক্স রশ্মির সাহায্যে বিভিন্ন কেলাসের গঠন সম্বন্ধে অনেক মূল্যবান তথ্য পাওয়া যায়।

হীরের মত দামী পাথর বিশুদ্ধ কিনা তা এক্স রশ্মির সাহায্যে জানা যায়।

ঝিনুকের মধ্যে মুক্তা আছে কিনা জানতে এক্স রশ্মির ব্যবহার করা হয়।

৩. শিল্পক্ষেত্রে এক্সরের ব্যবহার

ধাতুর তৈরি কড়ি, বর্গা প্রভৃতি ঢালাই করা ধাতুর ভেতরের অংশে কোন ফাঁক বা দুর্বল স্থান আছে কিনা ঐ বস্তুর এক্স রশ্মির ফটোগ্রাফি জানা যায়।

ঢালাই করা কোন বস্তু, সেতু তৈরির থাম, কল-কারখানার বয়লার, ইস্পাতের কাঠামো প্রভৃতির ভেতর কোনো ফাটল বা নির্মাণ জনিত কোনো ত্রুটি আছে কিনা তা এক্স রশ্মির সাহায্যে নির্ণয় করা যায়।

৪. গোয়েন্দা বিভাগে এক্স-রের ব্যবহার

এক্স রশ্মির সাহায্যে বাক্সের ভিতরের ছবি তুলে কাঠ বা চামড়ার বাক্সে অস্ত্রশস্ত্র, গহনা বা দামি রত্ন অথবা নিষিদ্ধ কোন পদার্থ লুকানো আছে কিনা তা জানা যায়।

কোন মূল্যবান বস্তুকে গিলে ফেললে গোয়েন্দা বিভাগ ও শুল্ক বিভাগের কর্মীরা এক্স রশ্মির সাহায্যে তা ধরে ফেলতে পারে। মেটাল ডিটেক্টর এক্স রশ্মি ব্যবহার করা হয়।

ক্যাথোড রশ্মি এক্স রশ্মির মধ্যে পার্থক্য

ক্যাথোড রশ্মি এবং এক্স রশ্মির মধ্যে অনেক তফাৎ বা পার্থক্য আছে। নিজের টেবিলে এক্স রশ্মি ও ক্যাথোড রশ্মির মধ্যে পার্থক্য দেওয়া হল।

ক্যাথোড রশ্মি	এক্সরে বা এক্স রশ্মি
ক্যাথোড রশ্মি হল ইলেকট্রন কণা স্রোত।	এক্স রশ্মি অতি ক্ষুদ্র তরঙ্গ দৈর্ঘ্য বিশিষ্ট উচ্চশক্তিসম্পন্ন তড়িৎ চুম্বকীয় তরঙ্গ।

RAISUL ISLAM HRIDOY

ক্যাথোড রশ্মির জীবন্ত করে ধ্বংস করার ক্ষমতা কম।	জীবন্ত কোষ ধ্বংস করার ক্ষমতা ক্যাথোড রশ্মির চেয়ে এক্স রশ্মির অনেক বেশি।
ক্যাথোড রশ্মির গতিবেগ ধ্রুবক (স্থির) নয়।	এক্স রশ্মি আলোর বেগে চলে; অর্থাৎ এক্স রশ্মির গতিবেগ ধ্রুবক।
ক্যাথোড রশ্মির ভেদন ক্ষমতা এক্স রশ্মির তুলনায় খুবই কম।	এক্স রশ্মির ভেদন ক্ষমতা ক্যাথোড রশ্মির তুলনায় অনেক বেশি।
ক্যাথোড রশ্মির প্রতিটি ইলেকট্রনের নেগেটিভ তড়িৎএর পরিমাণ হল 1.6×10^{-19} কুলম্ব।	এক্স রশ্মি কোনরকম তড়িৎযুক্ত নয়। এটি নিস্তড়িত।
ক্যাথোড রশ্মি তড়িৎ ক্ষেত্র বা চৌম্বক ক্ষেত্র দ্বারা প্রভাবিত হয় । কারণ ক্যাথোড রশ্মির কণাগুলোর নেগেটিভ তড়িৎ গ্রস্ত।	এক্স রশ্মি তড়িৎ ক্ষেত্র বা চৌম্বক ক্ষেত্র দ্বারা প্রভাবিত হয় না।
ক্যাথোড রশ্মি ধাতব পাতের উপর পড়লে ধাতব পাতকে উত্তপ্ত করে।	এক্সরে ধাতব পাতের উপর পড়লে ধাতব পাতকে উত্তপ্ত করে না।
ক্যাথোড রশ্মি হল পদার্থ কনা। এই পদার্থ কনা অর্থাৎ ইলেকট্রন কণা নির্দিষ্ট ভরা আছে। একটি ইলেকট্রনের ভর হলো 9.11×10^{-28} গ্রাম।	এক্স-রের ভর নেই।
ক্যাথোড রশ্মির ভরবেগ আছে। কারণ এই রশ্মির গতিপথে পাখাযুক্ত হালকা চাকা রাখলে চাকাটি ঘুরতে থাকে।	এক্স-রের ভরবেগ নেই। তাই এক্স-রের গতিপথে পাখাযুক্ত হালকা চাকা রাখলে চাকাটি ঘরে না।

RAISUL ISLAM HRIDOY

ক্যাথোড রশ্মি ও এক্স-রের ধর্মের সাদৃশ্য

ধর্মের পার্থক্য থাকলেও ক্যাথোড রশ্মি ও এক্স রশ্মির মধ্যে বেশ কিছু সাদৃশ্য লক্ষ্য করা যায়। নিচে ক্যাথোড রশ্মি ও এক্স-রের সাদৃশ্য বর্ণিত হলো।

ক্যাথোড রশ্মি	এক্স রশ্মি
ক্যাথোড রশ্মি কাঁচ, জিংক সালফাইড ক্যালসিয়াম টাংস্টেট, প্রভৃতির উপর আপতিত হয় প্রতি প্রভার সৃষ্টি করে। এ থেকে ক্যাথোড রশ্মির অস্তিত্ব বোঝা যায়।	এক্সরে বেরিয়াম প্লাটিনোসায়ানাইড, জিংক সালফাইড ক্যালসিয়াম টাংস্টেট, প্রভৃতির উপর আপতিত হয় প্রতি প্রভার সৃষ্টি করে। এ থেকে এক্স-রের অস্তিত্ব জানা যায়।
ক্যাথোড রশ্মি অদৃশ্য	এক্স রশ্মি ও অদৃশ্য।
ক্যাথোড রশ্মি গ্যাসকে আয়নিত করে।	এক্স-রে ও গ্যাসকে আয়নিত করে।
ক্যাথোড রশ্মি সরলরেখায় চলে।	এক্স-রে ও সরল রেখায় চলে।
ক্যাথোড রশ্মি ফটোগ্রাফিক প্লেট এর উপর ক্রিয়া করে।	এক্স রশ্মি ও ফটোগ্রাফিক প্লেট এর উপর ক্রিয়া করে।
উপযুক্ত অবস্থায় ক্যাথোড রশ্মির প্রতিফলন ও প্রতিসরণ ইত্যাদি হয়।	উপযুক্ত অবস্থায় এক্স রশ্মির প্রতিফলন প্রতিসরণ ইত্যাদি ঘটাতে পারে।

তেজস্ক্রিয়তা

তেজস্ক্রিয়তা হলো যেসকল মৌলের পারমাণবিক সংখ্যা ৮২ এর বেশি, তাদের নিউক্লিয়াস দ্রুত গতির নিউটন দ্বারা আঘাত করলে নিউক্লিয়াস থেকে স্বতঃস্ফূর্ত ভাবে উচ্চভেদন সম্পূর্ণ বিকিরণ নির্গত হওয়ার ঘটনা।

ফরাসি বিজ্ঞানী অঁতোয়ান অঁরি বেকরেল ১৮৯৬ সালে এক্সরে নিয়ে গবেষণা করার সময় এমন একটি স্বতঃস্ফূর্ত প্রাকৃতিক ঘটনা আবিষ্কার করে ফেলেন যা সারা বিশ্বের বিজ্ঞান জগতে দারুন আলোড়ন সৃষ্টি করে। তিনি দেখতে পান যে, ইউরেনিয়াম ধাতুর নিউক্লিয়াস থেকে স্বতঃস্ফূর্তভাবে অবিরত বিশেষ ভেদন শক্তি সম্পন্ন রশ্মি বা বিকিরন নির্গত হয়। তার নামানুসারে এই রশ্মির নাম দেওয়া হয় বেকারেল রশ্মি। তিনি লক্ষ করেন যে মৌল থেকে এই রশ্মি নির্গত হয়, তা একটি সম্পূর্ণ নতুন মৌলে রুপান্তরিত না হওয়া পর্যন্ত এই রশ্মি নির্গমন অব্যাহত থাকে। পরবর্তীকালে মাদাম কুরি ও তার স্বামী পিয়ের কুরি ব্যাপক গবেষণা চালিয়ে দেখতে পান যে রেডিয়াম, পোলোনিয়াম, থোরিয়াম, অ্যাক্টিনিয়াম প্রভৃতি ভারী মৌলের নিউক্লিয়াস থেকেও বেকরেল রশ্মির মত একই ধরনের রশ্মি নির্গত হয়, যা এখন তেজস্ক্রিয় রশ্মি নামে পরিচিত। যে সব মৌল হতে তেজস্ক্রিয় রশ্মি নির্গত হয় তাদেরকে তেজস্ক্রিয় মৌল বলে। তেজস্ক্রিয় রশ্মি নির্গমনের এই ঘটনাকে তেজস্ক্রিয়তা(Radioactivity) বলে।

বৈশিষ্ট্য

- ✓ যে সকল মৌলের পারমাণবিক সংখ্যা ৮৩(83)-এর বেশি, সাধারণত সেই সকল পরমাণু তেজস্ক্রিয় হয়। তবে ৮৩র থেকে হাল্কা অনেক মৌলের-ই কিছু সমস্থানিক তেজস্ক্রিয়।
- ✓ তেজস্ক্রিয় পদার্থ সাধারনতঃ আলফা, বিটা ও গামা এই তিন ধরনের তেজস্ক্রিয় রশ্মি বিকিরণ করতে পারে। তবে অনেক ক্ষেত্রেই পজিট্রন, নিউট্রন, নিউট্রিনো, ইত্যাদিও নির্গত হতে পারে।
- ✓ তেজস্ক্রিয়তা একটি সম্পূর্ণ নিউক্লিয় ঘটনা, এর মাধ্যমে নিউক্লিয়াসের ভাঙনের ফলে একটি মৌল আরেকটি নতুন মৌলে রূপান্তরিত হয়।
- ✓ নিউক্লিয় ঘটনা বলে তেজস্ক্রিয়তা কে চাপ, তাপ, বিদ্যুৎ বা চৌম্বক ক্ষেত্রের ন্যায় বাইরের কোন সাধারণ ভৌত প্রক্রিয়া দ্বারা এর সক্রিয়তাকে রোধ বা হ্রাস বৃদ্ধি করা যায় না। তবে অত দ্রুতবেগ নিউট্রন, বা সূর্যের অভ্যন্তরের মত তীব্র তাপমাত্রা, বা সুপারনোভা বিস্ফোরণের সময়কালীন চাপের মত চরম অবস্থায় নিউক্লিয় বিক্রিয়া ঘটান সম্ভব।।। ইউরেনিয়াম,রেডিয়াম ইত্যাদি তেজস্ক্রিয় পদার্থ।

তেজস্ক্রিয়তার একক

তেজষ্ক্রিয়তা পরিমাপ করার জন্য যে একক ধরা হয় তাকে বলা হয় বেকেরেল। প্রতি সেকেন্ডে একটি তেজষ্ক্রিয় বিভাজন বা তেজষ্ক্রিয় ক্ষয়কে এক বেকেরেল বলে। তেজস্ক্রিয়তা তথা বিকিরণের পরিমাপ তিন ধাপের (Radioactivity, Absorbed Dose, Effective dose) জন্য তিনভাবে করা হয়। পারমাণবিক চুল্লী ও তেজস্ক্রিয় মৌলের ব্যাপারে যখন বিকিরণের (Radiation) ব্যাপারটি আসে তখন দেখা হয় উৎস থেকে বিকিরণের পরিমাণ কত। এই পরিমাণকে বেকরেল বা ক্যুরি দিয়ে প্রকাশ করা হয়। প্রতি সেকেন্ডে একটি বিকিরণকে বলা হয় Becquerel। প্রতি সেকেন্ডে ৩৭,০০০,০০০,০০০ বিকিরণকে বলা হয় 1 curie (১ গ্রাম রেডিয়াম-২২৬ এক সেকেন্ডে ১ ক্যুরি বিকিরণ ত্যাগ করে)। উৎস থেকে দুরত্ব, মানুষের বয়স, শারীরিক কাঠামো, বিকিরণের গ্রেড, সময় ইত্যাদির উপর ভিত্তি করে তেজস্ক্রিয়তার প্রতিক্রিয়া ব্যক্তি ও বস্তু বিশেষে বিভিন্ন রকম হতে পারে। বিকিরণগুলো বিভিন্ন বস্তুতে কতটুকু শোষিত হল তা (Absorbed Dose) প্রকাশের

RAISUL ISLAM HRIDOY

জন্য ব্যবহার হয় রেড (rad) বা গ্রে (gray)। যখন স্বাস্থ্য, চিকিৎসা ও পরিবেশ সংক্রান্ত ব্যাপার আসে তখন বিকিরণগুলো কতটুকু বিপজ্জনক অর্থ্যাৎ কোন বস্তু বা ব্যক্তি বিকিরণ (Absorbed Dose) শোষণ করার পর ক্ষতির (biological effects) পরিমাণ কতটুকু সেটাই (effective dose) পরিমাপ করা হয়। এই ডোসের পরিমাণকে রেম (rem) বা সিভার্ট (sievert)দিয়ে প্রকাশ করা হয়। মানুষের শরীরে শোষিত বিকিরণ যদি বিটা, গামা বা এক্স রশ্মির হয় তবে 1 gray = 1 dose = 1 sievert ধরা হয়। আর যদি আলফা রশ্মির হয় তবে 1 gray = 1 dose = 20 sievert ধরা হয়। অর্থ্যাৎ কোন মানুষের শরীর যদি বিটা/গামার এক গ্রে'র একটি ডোস ও আলফা রশ্মির একটি ডোস গ্রহণ করে তবে ক্ষতির পরিমাণ হিসেবে তা হবে ২১ সিভার্ট। কারণ আলফা রশ্মির ক্ষতি বিটা/গামা রশ্মি অপেক্ষা প্রায় ২০ গুণ বেশি।

তেজস্ক্রিয়তার উৎস

তেজস্ক্রিয়তার উৎসকে তিন ভাগে ভাগ করা যায়: প্রাকৃতিক, মানুষের সৃষ্ট ও পারিপার্শ্বিক পরিবেশগত।

- প্রাকৃতিক উৎস - পৃথিবীর সবদিকে মহাশূন্য থেকে ইলেকট্রন, প্রোটন ও কয়েকটি পরমাণুর নিউক্লিয়াস প্রায় আলোর বেগে পৃথিবীতে আঘাত হানে। এদেরকে মহাজাগতিক রশ্মি (Cosmic rays) বলে। এই রশ্মিগুলো বৈদ্যুতিক চার্জযুক্ত। প্রাকৃতিক তেজস্ক্রিয়তা অল্প মাত্রায় বায়ুমণ্ডল ভেদ করে ভূপৃষ্ঠে চলে আসে। সমুদ্রপৃষ্ঠ থেকে ভূপৃষ্ঠের উচ্চতা যত বেশি হয়, এর মাত্রা ততই বাড়তে থাকে। প্রাকৃতিক উৎসের মধ্যে সবচেয়ে গুরত্বপূর্ণ হচ্ছে রেডন গ্যাস। এটি বাতাস থেকে ৮ গুণ ভারী। এর তিনটি প্রাকৃতিক আইসোটোপ রয়েছে। এগুলো রেডিয়াম, ইউরানিয়াম ও থোরিয়ামের তেজস্ক্রিয়তা থেকে সৃষ্টি হয়। এছাড়া প্রাকৃতিক শিলা, উদ্ভিদ, প্রাণী ও বিভিন্ন শিল্প থেকে প্রচুর রেডিয়ান গ্যাস বায়ুমন্ডলে যোগ হয়।
- মানুষের সৃষ্ট - চিকিৎসায় এক্স-রে (রঞ্জন রশ্মি) ও অন্যান্য বিকিরণ থেরাপির মেশিন তেজস্ক্রিয়তার উল্লেখযোগ্য উৎস। শিল্প ক্ষেত্রে উৎপাদন বৃদ্ধি ও দ্রব্যের মান যাচাইয়ের জন্য বিভিন্ন কমপোনেন্ট ব্যবহার হয় যেগুলো থেকে বিপজ্জনক বিরণের সৃষ্টি হয়। সামরিক নিউক্লিয়ার চুল্লী, পারমাণবিক মারণাস্ত্র পরীক্ষা-নিরিক্ষা ও পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র থেকে বিভিন্ন দূর্ঘটনায় বিপুল পরিমানে তেজস্ক্রিয় পদার্থ আশেপাশের বিরাট এলাকায় ছড়িয়ে পড়ে।
- পারিপার্শ্বিক পরিবেশ - আমাদের আশেপাশের প্রায় প্রত্যেক বস্তু থেকেই কমবেশি বিকিরণ হচ্ছে। আমাদের বাড়িঘর, খাদ্য, পানীয় এমনকি আমাদের নিজের শরীর থেকেও তেজস্ক্রিয় রশ্মির বিকিরণ হচ্ছে। এই বিকিরণ খুবই কম মাত্রার যা মানুষের জন্য ক্ষতিকর নয়।

ব্যবহার

- ক্যান্সার রোগ নিরাময়ের কাজে তেজষ্ক্রিয়তার ব্যবহার করা হয়।
- উন্নত বীজ তৈরির গবেষণায় তেজষ্ক্রিয়তা সফল ভাবে ব্যবহৃত হচ্ছে।
- খনিজ পদার্থে বিভিন্ন ধাতুর পরিমাণ নির্ণয়ে উক্ত ধাতুর তেজষ্ক্রিয় আইসোটোপ তেজষ্ক্রিয় প্রদর্শক হিসেবে বহুল ব্যবহৃত হচ্ছে।
- ঘড়ির কাঁটায় তেজষ্ক্রিয় থোরিয়ামের সাথে জিঙ্ক সালফাইড মিশিয়ে ঘড়ির কাঁটা ও নম্বরে প্রলেপ দেওয়া হয় ফলে এরা অন্ধকারে জ্বলজ্বল করে।
- তেজস্ক্রীয় আইসোটোপ থেকে ফিশন প্রক্রিয়ায় উৎপাদিত তাপ শক্তিকে কাজে লাগিয়ে টারবাইন ও জেনারেটরের মাধ্যমে বিদ্যুৎ উৎপাদন করা হয়।

RAISUL ISLAM HRIDOY

- ❖ নির্মাণ বা উৎপাদন-শিল্পে কাগজ, প্লাস্টিক, অ্যালুমিনিয়াম ইত্যাদি বিভিন্ন বস্তুর পুরুত্ব, ঘনত্ব ও উপাদানের সঠিক পরিমাণ নির্ণয়ে আলফা ও বিটা রশ্মিকে ব্যবহার করা হয়।
- ❖ কার্বন ডেটিং পদ্ধতিতে (তেজস্ক্রিয়তা-ক্ষয়ের পরিমাপ) বিশ্লেষণ করে জীবাশ্মসংক্রান্ত নমুনা ও শিলাখন্ডের বয়স নির্ধারণ করা হয়।

বিজ্ঞানের বিভিন্ন আবিষ্কার

১) মাইক্রোস্কোপ – জ্যানসেন – ইতালি – ১৫৯০.
২) টকি মেশিন – আলভা এডিসন – আমেরিকা যুক্তরাষ্ট্র – ১৮৮৪.
৩) থার্মোমিটার – গালিলিয়ও গ্যালিলি – ইতালি – ১৫৯৩.
৪) মাইক্রোফোন – বর্ণিলর – আমেরিকা যুক্তরাষ্ট্র – ১৮৭৮.
৫) টেলিস্কোপ – লিপারসে – হল্যান্ড – ১৬০৮.
৬) ডায়নামো – পিকিনোত্তি – ইতালি – ১৮৬০.
৭) দূরবীক্ষণ – গালিলিয় গালিলি – ইতালি – ১৬০৮.
৮) পেনিসিলিন – আলেকজান্ডার ফ্লেমিং – স্কটল্যান্ড - ১৯২৮.
৯) ইলেকট্রন – জে জে টমসন – ইংল্যান্ড – ১৬৮৭.
১০) মুদ্রণ যন্ত্র – গুটেনবার্গ – জার্মানি – ১৮৬৪.
১১) বসন্তরোগের টিকা – ডাঃ জেনার – ইংল্যান্ড – ১৭৮৬.
১২) ব্যারোমিটার – টরেসেলি – ইতালি – ১৬৪৪.
১৩) রেডিয়াম – পিয়ের কুরি – ফ্রান্স – ১৮৯১.
১৪) কালাজ্বরের ওষুধ – উপেন্দ্র নাথ ব্রহ্মচারী – ভারত – ১৯২২.
১৫) ক্যামেরা – ইস্টম্যান কোডাক - আমেরিকা যুক্তরাষ্ট্র – ১৮৮৮.
১৬) বাই সাইকেল – ম্যাকমিলান – স্কটল্যান্ড – ১৮৩৯.
১৭) ট্রাক্টর – ফ্রয়েলিচ - আমেরিকা যুক্তরাষ্ট্র – ১৮৯২.
১৮) এরোপ্লেন – রাইট ভ্রাতৃদ্বয় - আমেরিকা যুক্তরাষ্ট্র – ১৯০৩.
১৯) টেলিফোন – গ্রাহাম বেল - আমেরিকা যুক্তরাষ্ট্র – ১৮৭৬.
২০) রিভালবার – স্যামুয়েল কোল্ট - আমেরিকা যুক্তরাষ্ট্র – ১৮৩৫.
২১) চশমা – স্পিনা – ইতালি – ১৮১৬.
২২) ন্যাপথলিন – গার্ডেন – ইংল্যান্ড – ১৯২৬.
২৩) মাধ্যাকর্ষণ তত্ত্ব – আইজ্যাক নিউটন – ইংল্যান্ড – ১৬৮৭.
২৪) স্টিম ইঞ্জিন – জেমস ওয়াট – স্কটল্যান্ড – ১৭৭৪.
২৫) খনির আলো – হামফ্রে ডেভি – ইংল্যান্ড – ১৮১৫.
২৬) কম্পিউটার – চার্লস ব্যারেজ – ইংল্যান্ড – ১৮৩৫.
২৭) ডিনামাইট – আলফ্রেড নোবেল – সুইডেন – ১৮৬৬.
২৮) বাল্ব – আলভা এডিসন - আমেরিকা যুক্তরাষ্ট্র – ১৮৭৯.
২৯) মোটর গাড়ি – কার্ল বেনজ – জার্মানি – ১৮৮৫.
৩০) রেডিয়ো – মারকনি – ইতালি – ১৯০১.

RAISUL ISLAM HRIDOY

৩১) টেলিভিশন – জন বেয়ারড – স্কটল্যান্ড – ১৯২৬.
৩২) ব্রেইল প্রণালী – লুই ব্রেইল – ফ্রান্স – ১৮২৯.
৩৩) অণুবীক্ষণ যন্ত্র – জনসন – ইংল্যান্ড – ১৫৯০.
৩৪) টেলিগ্রাফ – স্যামুয়েল মোর্স – আমেরিকা যুক্তরাষ্ট্র – ১৮৩১.
৩৫) টাইফয়েড জীবাণু – আলবার্ট গ্যাফকি – জার্মানি – ১৮৮০.
৩৬) ভাইরাস – দিমিত্রি ইভানোভস্কি – রাশিয়া – ১৮৯২.
৩৭) এক্স-রে – কনরাড রন্টজেন – জার্মানি -
৩৮) স্টেথোস্কোপ – রেনী লেনেক – ফ্রান্স – ১৮১৯.
৩৯) ইস্পাত – রোসেমার – ইংল্যান্ড – ১৭৮৫.
৪০) দেশলাই – জন ওয়াকার – ইংল্যান্ড – ১৮২৭.
৪১) সেলাইকল – ইলিয়াম হো – আমেরিকা যুক্তরাষ্ট্র – ১৮৪৬.
৪২) গ্রামোফোন – আলভা এডিসন – আমেরিকা – ১৮৭৭.
৪৩) মোবাইল – ডঃ মারতিন কুপার – আমেরিকা – ১৯৭৩.
৪৪) যুদ্ধের ট্যাংক – সুইট নস – ইংল্যান্ড – ১৯১৪.
৪৫) সিনেমা – আলভা এডিসন – আমেরিকা – ১৮৯৩.
৪৬) বল পেন – জন. জে. লাউড – আমেরিকা – ১৮৮৮.
৪৭) টায়ার – বয়েন্ড ডানলপ – ইংল্যান্ড – ১৮৮৮.
৪৮) প্যারাসুট – এ. জে. গারনেরিন – ফ্রান্স – ১৭৯৭.
৪৯) ব্লেড – কিং জিলেট – আমেরিকা – ১৮৯৫.
৫০) বেলুন – জ্যাকুইস, জোসেফ মন্ট্যাল – ফ্রান্স – ১৭৮৩.
৫১) সিমেন্ট – জোসেফ আস্পডিন – ইংল্যান্ড – ১৮২৪.
৫২) পেন্ডুলাম – হিউকেনেস – নেদারল্যান্ড – ১৮৬৫.
৫৩) ফাউন্টেন পেন – ওয়াটার ম্যান - আমেরিকা – ১৮৮৪.
৫৪) হাতঘড়ি – ম্যানফ্রেডি – ইতালি -
৫৫) শর্ট-হ্যান্ড – আইজ্যাক পিটম্যান – ইংল্যান্ড – ১৮৩৭.
৫৬) ব্যাটারি - এলোসান্ডো ভোল্ট – ইতালি – ১৮০০.
৫৭) কাচ – আগসবারগ – জার্মানি – ১০৮০.
৫৮) বায়ুনিস্কাশন যন্ত্র – অটোভন গেরিক – জার্মানি – ১৬৫০.
৫৯) গতির সূত্র – আইজ্যাক নিউটন – ইংল্যান্ড – ১৬৮৭.
৬০) ডুবো জাহাজ – ডেভিশ বুশনেল – আমেরিকা – ১৭৭৬.
৬১) রেফ্রিজারেটর – জেমস হ্যারিসন – আমেরিকা – ১৮৫০.
৬২) বার্নার – রবার্ট বুনসেন – জার্মানি – ১৮৫৫.
৬৩) মোটর সাইকেল – জি ডেমলার – জার্মানি – ১৮৮৫.
৬৪) পোলিও টিকা – জোনাস সক – আমেরিকা – ১৯৫৪.
৬৫) জলাতঙ্কের টিকা – লুই পাস্তুর – ফ্রান্স – ১৮৬০.

RAISUL ISLAM HRIDOY


৬৬) ক্যান্সারের প্রতিষেধক- ডা.ফুডা ফোকম্যান – যুক্তরাষ্ট্র - ১৯৯৮.
৬৭) গতির সুত্র - আইজ্যাক নিউটন – ইংল্যান্ড – ১৬৮৭.
৬৮) এয়ার কন্ডিশনার – ডব্লিউ এইচ ক্যারিয়ার – আমেরিকা – ১৯১১.
৬৯) কলেরার জীবাণু – রবার্ট কচ – জার্মানি – ১৯৪০.
৭০) টাইপ রাইটার – পেলেগ্রিন ট্যারি – আমেরিকা – ১৮১৭.
৭১) টেপ রেকর্ডার – ডলমেয়ার – আমেরিকা – ১৮৯৩.
৭২) হোমিওপ্যাথি – স্যামুয়েল হ্যানিম্যান – জার্মানি – ১৮১০.
৭৩) হাইড্রোজেন – হেনরি ক্যাভেন্ডিস – ইংল্যান্ড – ১৭৬৬.
৭৪) অক্সিজেন – জোসেফ প্রিস্টলি – ইংল্যান্ড – ১৭৭৪.
৭৫) ওয়াশিং মেশিন – হারলি কোম্পানি – আমেরিকা – ১৯০৭.
৭৬) ক্যালকুলেটর – উইলহেম লিবানিজ – জার্মানি – ১৬৭১.
৭৭) ক্রোনোমিটার – জিন হ্যারিসন – ইংল্যান্ড – ১৭৩৫.
৭৮) গাড়ি – নিকোলাস ক্যানট – ফ্রান্স – ১৭৬৯.
৭৯) সৌরজগৎ - কোপার্নিকাস – পোল্যান্ড – ১৫৪০.
৮০) সেফটিপিন – ওয়াটার হাল্ট – আমেরিকা – ১৮৪৯.
৮১) রবার – চার্লস ম্যাকিনটোস – ইংল্যান্ড – ১৮২৩.
৮২) রক্ত সঞ্চালন – উইলিয়াম হারভে – ইংল্যান্ড – ১৬২৮.
৮৩) ডি. ডি. টি – পল মূলার – সুইজারল্যান্ড – ১৯৪১.
৮৪) ক্লোরোফর্ম – জেমস – সিম্পসন – ইংল্যান্ড – ১৮৩১.
৮৫) বংশগতির সূত্র – গ্রেগর মেন্ডেল – অস্ট্রিয়া – ১৮৬৫.
৮৬) ফনোগ্রাফ – আলভা এডিসন – আমেরিকা – ১৮৮৪.
৮৭) প্লবতা – আর্কিমিডিস – সিসিলি – ২৮৭ খ্রিস্টপূর্ব.
৮৮) প্রেসার কুকার – রবার্ট বয়েল – ফ্রান্স – ১৮৭৮.
৮৯) পেট্রোল ইঞ্জিন – নিকলাস অটো – জার্মানি – ১৮৭৬.
৯০) আণবিক বোমা – অটো হান – আমেরিকা – ১৯৪৫.
৯১) টেরামাইসিন- ফিনলে – আমেরিকা – ১৯৫০.
৯২) নাইলন – ডঃ ওয়ারলেস ও ক্যারথারস – আমেরিকা - ১৯৩৭.
৯৩) কুষ্ঠের জীবাণু – হ্যানসেন – নরওয়ে ১৮৭৩.
৯৪) ব্যাকটেরিয়া – লিউয়েন হুক – নেদারল্যান্ড – ১৬৮৩.
৯৫) ইথার – লং – আমেরিকা – ১৮৪০ .
৯৬) ক্রেস্কোগ্রাফ – জগদীশ চন্দ্র বসু – ভারত – ১৯৩৭.
৯৭) ওয়্যারলেস – টেলর ও ইয়ং – আমেরিকা – ১৯২২.
৯৮) রক্তের গ্রুপ – কার্ল ল্যান্ডস্টেইনার – অস্ট্রিয়া – ১৯০১.
৯৯) গ্যাসের আলো – মারডক – ইংল্যান্ড – ১৭৭৯.
১০০) বিদ্যুৎ - উইলিয়াম গিলবারট – আমেরিকা – ১৫৭০.

RAISUL ISLAM HRIDOY

RAISUL ISLAM HRIDOY

সূচীপত্র-জীব বিজ্ঞান-০৬

পদার্থের জীববিজ্ঞান ও বিভিন্ন শাখা
টিস্যু
জেনেটিক্স
জীববৈচিত্র্য
প্রাণিবৈচিত্র্য
উদ্ভিদবৈচিত্র্য
কোষ বিভাজন
মানবদেহের অর্গান সিস্টেম
সালোক সংশ্লেষণ
ভাইরাস
ব্যাকটেরিয়া
সংক্রামক রোগ
জুলোজিক্যাল নমেনক্লেচার,
বোটানিক্যাল নমেনক্লেচার
উদ্ভিদ, ফুল ও ফল
রক্ত ও রক্ত সঞ্চালন
রক্তচাপ
হৃৎপিণ্ড ও হৃদরোগ
স্নায়ু ও স্নায়ুরোগ
খাদ্য ও পুষ্টি
ভিটামিন
মাইক্রোবায়োলজি
উদ্ভিদ পুষ্টি (Plant Nutrition)
পরাগায়ন



পদার্থের জীববিজ্ঞান ও বিভিন্ন শাখা

RAISUL ISLAM HRIDOY

জীববিজ্ঞান কি?

যে বিজ্ঞান জীবিত বস্তু এবং তাদের জীবন প্রক্রিয়ার অধ্যয়ন নিয়ে কাজ করে তাকে বলা হয় জীববিদ্যা (গ্রীক শব্দ, বায়োস – জীবন, লোগো – অধ্যয়ন)। এটি জীবন্ত প্রাণীর অধ্যয়নের সমস্ত দিক যেমন ঘটনা, শ্রেণীবিভাগ, বাস্তুশাস্ত্র, অর্থনৈতিক গুরুত্ব, বাহ্যিক রূপ, সংগঠন, অভ্যন্তরীণ গঠন, পুষ্টি, স্বাস্থ্য এবং অন্যান্য শরীরের কার্যাবলী, প্রজনন, জীবনের ইতিহাস, উত্তরাধিকার এবং উত্স অন্তর্ভুক্ত করে। বিস্তৃত – ভিত্তিক এবং বহু-বিষয়ক, জীববিজ্ঞান শব্দটি প্রায়শই জীবন বিজ্ঞান বা জৈবিক বিজ্ঞান শব্দ দ্বারা প্রতিস্থাপিত হয়। অ্যারিস্টটলকে জীববিজ্ঞানের জনক বলা হয়। জীববিজ্ঞান শব্দটি ল্যামার্ক দ্বারা উদ্ভাবিত হয়েছিল। জীববিজ্ঞানের তিনটি প্রধান শাখা রয়েছে - উদ্ভিদবিদ্যা, প্রাণিবিদ্যা এবং মাইক্রোবায়োলজি। উদ্ভিদবিদ্যা হল জীববিজ্ঞানের একটি শাখা যা উদ্ভিদের বিভিন্ন দিক নিয়ে গবেষণা করে। থিওফ্রাস্টাসকে উদ্ভিদবিদ্যার জনক বলা হয়। প্রাণীবিদ্যা হল জীববিজ্ঞানের একটি শাখা যা প্রাণীদের বিভিন্ন দিক অধ্যয়নের সাথে যুক্ত। অ্যারিস্টটলকে প্রাণিবিদ্যার জনক বলা হয়। মাইক্রোবায়োলজি হল জীববিজ্ঞানের একটি শাখা যা অণুজীবের বিভিন্ন দিক নিয়ে গবেষণা করে। লিউয়েনহোককে মাইক্রোবায়োলজির জনক বলা হয়।

জীববিজ্ঞানের কয়েকটি প্রধান শাখা নীচে সংক্ষেপে আলোচনা করা হল:

1. শ্রেণীবিন্যাস: এটি হল জীবের সনাক্তকরণ, নামকরণ এবং শ্রেণিবিন্যাসের বিজ্ঞান।
2. রূপবিদ্যা: এটি জীবের বিভিন্ন জীবন্ত অঙ্গের বাহ্যিক রূপ, আকার, আকৃতি, রঙ, গঠন এবং আপেক্ষিক অবস্থানের অধ্যয়ন।
3. অ্যানাটমি: এটি অভ্যন্তরীণ কাঠামোর অধ্যয়ন যা ব্যবচ্ছেদের পরে অসহায় চোখ দিয়ে পর্যবেক্ষণ করা যায়।

4. হিস্টোলজি: এটি হালকা মাইক্রোস্কোপের মাধ্যমে পর্যবেক্ষণ করা টিস্যুর সংগঠন এবং কাঠামোর অধ্যয়ন।
5. কোষবিদ্যা: এটি নিউক্লিয়াস এবং অন্যান্য অর্গানেলের আচরণ সহ কোষের গঠন এবং গঠন অধ্যয়ন।
6. কোষ জীববিজ্ঞান:এটি কোষ এবং এর উপাদানগুলির আকারগত, সাংগঠনিক, জৈব রাসায়নিক, শারীরবৃত্তীয়, জেনেটিক, উন্নয়নমূলক, রোগগত এবং বিবর্তনীয় দিকগুলির অধ্যয়ন।
7. মলিকুলার বায়োলজি: এটি প্রকৃতি, ভৌত রাসায়নিক সংগঠন, জৈব-অণুর সংশ্লেষণের কাজ এবং মিথস্ক্রিয়া যা প্রোটোপ্লাজমের বিভিন্ন ক্রিয়াকলাপ নিয়ে আসে এবং নিয়ন্ত্রণ করে।
8. ফিজিওলজি: এটি শরীরের বিভিন্ন ধরনের কাজ এবং প্রক্রিয়ার অধ্যয়ন।
9. ভ্রূণবিদ্যা: এটি ভ্রূণে জাইগোটের নিষিক্তকরণ, বৃদ্ধি, বিভাজন এবং বংশের গঠন এবং আকার অর্জনের আগে জীবের প্রাথমিক বিকাশের অধ্যয়ন।
10. বাস্তুশাস্ত্র:এটি জীবন্ত প্রাণীর অধ্যয়ন হল অন্যান্য জীব এবং তাদের পরিবেশের সাথে সম্পর্ক।
11. জেনেটিক্স: এটি চরিত্রের উত্তরাধিকার বা বংশগতি এবং তারতম্যের অধ্যয়ন। বংশগতি হল অভিব্যক্তির অধ্যয়ন এবং পিতামাতা থেকে সন্তানদের মধ্যে বৈশিষ্ট্যের সংক্রমণ।
12. ইউজেনিক্স: এটি এমন একটি বিজ্ঞান যা জাতি, বিশেষ করে মানুষের উন্নতি বা দুর্বলতা সম্পর্কিত বিষয়গুলি নিয়ে কাজ করে।
13. বিবর্তন: এটি জিনগত পরিবর্তন এবং অভিযোজন জড়িত পরিবর্তনের মাধ্যমে জীবনের উৎপত্তির পাশাপাশি পূর্বের জীবের থেকে নতুন ধরনের জীবের অধ্যয়ন করে।
14. প্যালিওন্টোলজি: এটি বিভিন্ন বয়সের শিলায় বিদ্যমান জীবাশ্ম বা অবশিষ্টাংশ এবং অতীতের জীবের ছাপ নিয়ে গবেষণা করে।
15. এক্সোবায়োলজি:এটি বৈজ্ঞানিক অনুসন্ধানের শাখা যা মহাকাশে জীবনের সম্ভাবনা নিয়ে কাজ করে।
16. ভাইরোলজি: এটি ভাইরাসগুলির সমস্ত দিক নিয়ে অধ্যয়ন।

আধুনিক জীববিজ্ঞানের ভিত্তি

আণবিক জীববিজ্ঞান

আণবিক জীববিজ্ঞান, যাতে জীবপদার্থবিজ্ঞান ও জীবরসায়ন অন্তর্গত শাখা থেকে আধুনিক জীববিজ্ঞানের সবচেয়ে মৌলিক অবদানগুলি এসেছে। সমস্ত জীবিত বস্তুর প্রধানতম অণুসমূহ যথা নিউক্লিক অ্যাসিড ও প্রোটিন-এর গঠন ও কাজ সম্পর্কে এখন আমরা অনেক কিছু জানি। বংশগতির কৌশল নির্ধারণ ছিল আধুনিক বিজ্ঞানের অন্যতম প্রধান আবিষ্কার। আরও একটি গুরুত্বপূর্ণ আবিষ্কার হল কীভাবে জীবদেহের অণুগুলি বিপাক ক্রিয়া সম্পাদন করে জীবনের জন্য প্রয়োজনীয় শক্তি প্রক্রিয়া করে।

কোষ জীববিজ্ঞান

কোষ জীববিজ্ঞান বা কোষবিদ্যা আণবিক জীববিজ্ঞানের সাথে ঘনিষ্ঠভাবে সম্পর্কিত। জীবিত বস্তুর কাঠামোগত একক কোষের কার্যপদ্ধতি বোঝার জন্য কোষ জীববিজ্ঞানীরা আণবিক পর্যায়ে কোষের বিভিন্ন অংশের গবেষণা করেন। জীবদেহ-সংক্রান্ত জীববিজ্ঞান, একইভাবে, কোষ জীববিজ্ঞানের সাথে জড়িত, কারণ একটি বহুকোষীয় জীব কীভাবে আচরণ করবে তা নির্ভর করে তার কোষগুলির কার্যাবলী ও এদের মধ্যকার মিথষ্ক্রিয়ার উপর। বহুকোষীয় জীবদেহের গবেষণার মধ্যে রয়েছে এগুলির বৃদ্ধি ও বিকাশ (বিকাশ জীববিজ্ঞান), এবং এগুলি কীভাবে কাজ করে (শারীরবিদ্যা)। এছাড়াও মস্তিষ্ক ও স্নায়ুতন্ত্র সংক্রান্ত গবেষণা (স্নায়ুশারীরবিদ্যা) এবং প্রাণী আচরণ (ethology) গুরুত্বপূর্ণ।

RAISUL ISLAM HRIDOY

বিবর্তন

জীববিজ্ঞানের একটি কেন্দ্রীয় সাংগঠনিক ধারণা হ'ল বিবর্তনের মাধ্যমে জীবন পরিবর্তন হয় এবং বিকাশ লাভ করে এবং পরিচিত সমস্ত জীবন-রূপের একটি সাধারণ উত্স রয়েছে । বিবর্তন তত্ত্ব নির্দেশ করে যে পৃথিবীতে সমস্ত জীব, জীবিত এবং বিলুপ্তপ্রায় উভয়ই একটি সাধারণ পূর্বপুরুষ বা পৈত্রিক জিন পুল থেকে বিবর্তিত হয়েছে। সমস্ত জীবের এই সর্বজনীন সাধারণ পূর্বপুরুষ প্রায় ৩.৫ মিলিয়ন বছর আগে আবির্ভূত হয়েছিল বলে বিশ্বাস করা হয়। জীববিজ্ঞানীরা জিনগত কোডকে সর্বব্যাপী সমস্ত ব্যাকটিরিয়া, আর্কিয়া এবং ইউক্যারিওটসের (দেখুন: জীবনের উত্স) সর্বজনীন সাধারণ বংশোদ্ভূত তত্ত্বের পক্ষে যথাযথ প্রমাণ হিসাবে গণ্য করেন।

"বিবর্তন" শব্দটি ১৯০৯ সালে জিন-ব্যাপটিস্ট ডি ল্যামার্ক দ্বারা বৈজ্ঞানিক অভিধানে প্রবর্তিত হয়েছিল, এবং পঞ্চাশ বছর পরে চার্লস ডারউইন বিবর্তনের চালিকা শক্তি হিসাবে প্রাকৃতিক নির্বাচনের বৈজ্ঞানিক মডেল পেশ করেছিলেন। (আলফ্রেড রাসেল ওয়ালেস বিবর্তনের ধারণাটি নিয়ে গবেষণা ও পরীক্ষা-নিরীক্ষায় সহায়তা করার কারণে এই ধারণার সহ-আবিষ্কারক হিসাবে স্বীকৃত হন।) বিবর্তনটি এখন পৃথিবীতে প্রাপ্ত জীবনের বিস্তর পরিবর্তনগুলি ব্যাখ্যা করতে ব্যবহৃত হয়।

ডারউইন তার তত্ত্বে বলেছেন যে প্রাকৃতিক নির্বাচন বা নির্বাচনী প্রজনন প্রক্রিয়াগুলির মাধ্যমে কোন একটি প্রজাতি বৃদ্ধি পায় বা মারা যায়। তত্ত্বের আধুনিক সংশ্লেষণে জেনেটিক ড্রিফটকে বিবর্তনীয় বিকাশের অতিরিক্ত প্রক্রিয়া হিসাবে গ্রহণ করা হয়েছে।

RAISUL ISLAM HRIDOY

শক্তি

জীবিত জীবের বেঁচে থাকা নির্ভর করে শক্তির অবিচ্ছিন্ন সরবরাহের উপর। জীবের শরীরস্থ রাসায়নিক প্রতিক্রিয়া যা এর গঠন এবং কার্যকারিতার জন্য দায়ী সেই রাসায়নিকগুলো তার খাদ্য হিসাবে যে পদার্থগুলি গ্রহণ করা হয় তা থেকে শক্তি আহরণ করে। এ শক্তিকে রূপান্তর করে নতুন কোষ গঠনে সহায়তা করে এবং তাদের স্বাভাবিকতা বজায় রাখতে সহায়তা করে। এই প্রক্রিয়াতে, রাসায়নিক পদার্থের অণুগুলি যা খাদ্য গঠন করে তা দুটি ভূমিকা পালন করে; প্রথমত, এগুলিতে এমন একটি শক্তি রয়েছে যা জীবের জৈবিক কাজে রাসায়নিক বিক্রিয়ায় রূপান্তর করা যায় ও পুনঃব্যবহার করতে পারে; দ্বিতীয়ত, খাদ্যটি নতুন অণু কাঠামোতে (বায়োমোলিকুলস) রূপান্তরিত হতে পারে যা সেই জীবের জন্য ব্যবহারযোগ্য ও উপকারী।

একটি বাস্তুতন্ত্রের মধ্যে শক্তি প্রদানকারী জীবগুলি নির্মাতা বা অটোট্রোফ হিসাবে পরিচিত। এ জাতীয় প্রায় সমস্ত জীবই মূলত সূর্য থেকে তাদের শক্তি আহরণ করে। গাছপালা এবং অন্যান্য ফোটোট্রফগুলি সৌর শক্তি ব্যবহার করে সালোকসংশ্লেষণ নামে পরিচিত একটি প্রক্রিয়ায় সংগৃহিত কাঁচামালকে জৈব রেণুগুলিতে রূপান্তরিত করে যেমন এটিপি, যার বন্ডগুলি শক্তি যোগানোর জন্য সহজেই ভাঙ্গা যেতে পারে। কেমোট্রফ নামক অন্য কিছু জীব রয়েছে যারা ইকোসিস্টেমগুলিতে বেচে থাকার জন্য পুরোপুরি মিথেন, সালফাইডস বা অন্যান্য অ- লুমিনাল শক্তি উত্স থেকে আহরিত শক্তির উপর নির্ভর করে।

জীবসমষ্টি জীববিজ্ঞান

জীবসমষ্টি জীববিজ্ঞান ১৯৭০-এর দশকে এসে জীববিজ্ঞানের একটি অন্যতম প্রধান শাখা হিসেবে প্রতিষ্ঠিত হয়। এই শাখার কেন্দ্রীয় শাস্ত্র হল বিবর্তনমূলক জীববিজ্ঞান, যাতে বিজ্ঞানী চার্লস ডারউইনের অবদান বহুদিন পরে যথাযথ মর্যাদা পায়। জীবসমষ্টি বংশগতিবিদ্যা (Population genetics), যেখানে

জীবসমষ্টিগুলির ভেতরে জীনের পরিবর্তন গবেষণা করা হয়, এবং বাস্তুবিজ্ঞান, যেখানে প্রাকৃতিক আবাসস্থলে জীবসমষ্টির আচরণ গবেষণা করা হয়, ১৯৩০-এর দশক থেকে শাস্ত্র হিসেবে প্রতিষ্ঠা লাভ করেছে। এই দুইটি শাস্ত্র ১৯৬০-এর দশকে জীবসমষ্টি জীববিজ্ঞান নামের এক দ্রুত বর্ধনশীল নতুন শাস্ত্র গঠন করে। এদের সাথে সম্পর্কিত একটি নতুন প্রাণী-আচরণ বিষয়ক শাস্ত্র হচ্ছে সমাজজীববিজ্ঞান, যাখানে প্রাণীদের মধ্যকার সামাজিক মেলামেশা এদের জীনের উপর কতটা প্রভাব ফেলে তার উপর গবেষণা করা হয়।

জীবপ্রযুক্তি জীববিজ্ঞানের একটি আধুনিক ও প্রয়োগমুখী শাখা।

জীববিজ্ঞানে মানুষের উপরও আণবিক, কোষীয় ও দৈহিক পর্যায়ে গবেষণা করা হয়। এই জ্ঞান মানুষের স্বাস্থ্যের উন্নতি ও সুরক্ষার কাজে চিকিৎসাশাস্ত্রে কাজে লাগানো হয়। রীতি অনুযায়ী মানুষদেরকে সাধারণত জীববিজ্ঞানের আওতায় ধরা হয় না। নৃবিজ্ঞান ও অন্যান্য সামাজিক বিজ্ঞানে মানুষের বিভিন্ন দিক আলোচনা করা হয়।

টিস্যু বা কলা

কলা (Tissue) হল, উৎপত্তিগতভাবে এক, একই প্রকার অথবা একাধিক ধরণের কিছু কোষ সমষ্টি যারা একই স্থানে অবস্থান করে, একটি সাধারণ কাজে নিয়োজিত থাকে। মূলত ঐ কোষ সমষ্টি এবং তাদের নিঃসৃত আন্তঃকোষীয় পদার্থ বা মাতৃকা বা ধাত্রই কলা।

কলার গঠন, সংখ্যা বৈশিষ্ট্য এবং মাতৃকার পরিমাণ, বৈশিষ্ট্য ইত্যাদির উপর ভিত্তি করে কলা প্রধানত চার প্রকার:তা হল

আবরণী কলা (Epithelial tissue)

যোজক কলা (connective tissue)

পেশী কলা (Muscular tissue)

স্নায়ুকলা (Nervous tissue)

উদ্ভিদ কলা প্রধানত দুই প্রকার। যথা: স্থায়ী কলা ও ভাজক কলা।

স্থায়ী টিস্যু বিভাজনে সক্ষম নয় এবং এর উৎপত্তি ভাজক টিস্যু হতে ঘটে। স্থায়ী টিস্যু ৩ প্রকার।

তা হল:--

সরল টিস্যু

জটিল টিস্যু

নিঃস্রাবী বা ক্ষরণকারী টিস্যু

সরল টিস্যু:-

যে স্থায়ী টিস্যুর প্রতিটি কোষ আকার, আকৃত ও গঠনের দিক থেকে অভিন্ন তাকে সরল টিস্যু বলে। কোষের প্রকৃতির উপর ভিত্তি করে সরল টিস্যুকে ৩ ভাগে ভাগ করা হয়েছে।

প্যারেনকাইমা

কোলেনকাইমা

স্ক্লেরেনকাইমা

জটিল টিস্যু:-

RAISUL ISLAM HRIDOY

যে স্থায়ী কলা একাধিক প্রকার কোষ দিয়ে গঠিত এবং সম্মলিতভাবে একই ধরণের কাজ সম্পন্ন করে তাকে জঠিল কলা বলে। কাজ, অবস্থান ও গঠন প্রকৃতি অনুযায়ী জঠিল কলা দুই প্রকার। যথাঃ ক)জাইলেম কলা খ) ফ্লোয়েম কলা

জাইলেম কলা:--

জাইলেম শব্দের উদ্ভব হয়েছে গ্রিক শব্দ Xylos থেকে যার ইংরেজি প্রতিশব্দ wood, বাংলায় যাকে বলা হয় কাঠ। বিজ্ঞানী নাগালি ১৮৫৮ সালে এ শব্দের প্রচলন করেন। কাঠ তথা জাইলেমই হল উদ্ভিদের দৃঢ়তা প্রদানকারী অন্যতম প্রধান অংশ। বিভিন্ন কাজকর্মে যে কাঠ পাওয়া যায় তাকে সেকেন্ডারি জাইলেম বলে।

উদ্ভিদ টিস্যু (Plant tissue)

একই বা বিভিন্ন প্রকারের একগুচ্ছ কোষ একত্রিত হয়ে যদি একই কাজ করে এবং তাদের উৎপত্তিও যদি অভিন্ন হয়, তখন তাদের টিস্যু বা কলা বলে। টিস্যু দুই ধরনের, ভাজক টিস্যু এবং স্থায়ী টিস। ভাজক টিস্যুর কোষগুলো বিভাজনে সক্ষম কিন্তু স্থায়ী টিস্যুর কোষগুলো বিভাজিত হতে পারে না। স্থায়ী টিস্যু তিন ধরনের, সরল টিস্যু, জটিল টিস্যু এবং নিঃস্রাবী (ক্ষরণকারী) টি। এখানে শুধু সরল এবং জটিল টিস্যু নিয়ে আলোচনা করা হবে।

(a) সরল টিস্যু (Simple tissue)

যে স্থায়ী টিস্যুর প্রতিটি কোষ আকার, আকৃতি ও গঠনের দিক থেকে অভিন্ন, তাকে সরল টিস্যু বলে। কোষের প্রকৃতির উপর ভিত্তি করে সরল টিস্যকে তিন ভাগে ভাগ করা হয়েছে। যথা, প্যারেনকাইমা, কোলেনকাইমা এবং স্লেরেনকাইমা।

প্যারেনকাইমা (Parenchyma):

উদ্ভিদদেহের সব অংশে এদের উপস্থিতি লক্ষ করা যায়। এ টিস্যুর কোষগুলো জীবিত, সমব্যাসীয়, পাতলা প্রাচীরযুক্ত এবং প্রোটোপ্লাজম দিয়ে পূর্ণ। এই টিস্যুতে আন্তঃকোষীয় ফাঁক দেখা যায়। কোষপ্রাচীর পাতলা এবং সেলুলোজ দিয়ে তৈরি হয়। এসব কোষে যখন ক্লোরোপ্লাস্ট থাকে, তখন তাকে ক্লোরেনকাইমা (Chlorenchyma) বলে। জলজ উদ্ভিদের বড় বড় বায়ুকুঠুরিযুক্ত প্যারেনকাইমাকে অ্যারেনকাইমা (Aerenchyma) বলে। প্যারেনকাইমা টিস্যুর প্রধান কাজ দেহ গঠন করা, খাদ্য প্রস্তুত করা, খাদ্য সঞ্চয় করা এবং খাদ্যদ্রব্য পরিবহন করা।

কোলেনকাইমা (collenchyma):

এগুলো বিশেষ ধরনের প্যারেনকাইমা কোষ দিয়ে তৈরি হয়। কোষপ্রাচীরে সেলুলোজ এবং পেকটিন জমা হয়ে পুরু হয়। তবে এদের কোষপ্রাচীর অসমভাবে পুরু এবং কোণাগুলো অধিক পুরু হয়। এ টিস্যুর কোষগুলো লম্বাটে ও সজীব। এরা প্রোটোপ্লাজমপূর্ণ কোষ দিয়ে তৈরি হয়। এতে আন্তঃকোষীয় ফাঁক থাকতে পারে। কোষপ্রান্ত চৌকোনাকার, সরু ৰা তির্যক হতে পারে। খাদ্য প্রস্তুত এবং উদ্ভিদদেহকে দৃঢ়তা প্রদান করা এদের প্রধান কাজ। পাতার শিরা এবং পত্রবৃন্তে এদের দেখা যায়। কচি ও নমনীয় কাণ্ড, যেমন কুমড়া ও দণ্ডকলসের কাণ্ডে এ টিস্যু দৃঢ়তা প্রদান করে। এ কোষে যখন ক্লোরোপ্লাস্ট থাকে, তখন এরা খাদ্য প্রস্তুত করে।

স্ক্লেরেনকাইমা (Sclerenchyma):

এ টিস্যুর কোষগুলো শক্ত, অনেক লম্বা এবং পুরু প্রাচীরবিশিষ্ট হয়। প্রোটোপ্লাজমবিহীন, লিগনিনযুক্ত এবং

RAISUL ISLAM HRIDOY

যান্ত্রিক কাজের জন্য নির্দিষ্ট কোষ দিয়ে গঠিত টিস্যুকে স্ক্লেরেনকাইমা টিস্যু বলে। প্রাথমিক অবস্থায় কোষগুলোতে প্রোটোপ্লাজম উপস্থিত থাকলেও খুব তাড়াতাড়ি তা নষ্ট হয়ে মৃত কোষে পরিণত হয়। কোষগুলো প্রধানত দুই ধরনের, ফাইবার এবং স্ক্লুরাইড। উদ্ভিদদেহে দৃঢ়তা প্রদান এবং পানি এবং খনিজ লবণ পরিবহন করা এর মূল কাজ। ।

(d) ফাইবার বা তন্তু (Fibre):

এরা অত্যন্ত দীর্ঘ, পুরু প্রাচীরযুক্ত, শক্ত এবং দুই প্রান্ত সরু। তবে কখনো কখনো ভোঁতা হতে পারে। প্রাচীরের গায়ে ছিদ্র থাকে, এ ছিদ্রকে কূপ বলে। অবস্থান এবং গঠনের ভিত্তিতে এদের বিভিন্ন নাম দেওয়া হয়েছে, যেমন বাস্ট ফাইবার, সার্ফেস ফাইবার, জাইলেম তন্তু বা কাষ্ঠত।

(ii) স্ক্লুরাইড (Sclereids):

এদেরকে স্টোন সেলও বলা হয়। এরা খাটো, সমব্যাসীয়, কখনো লম্বাটে আবার কখনো তারকাকার হতে পারে। এদের গৌণপ্রাচীর খুবই শপ্ত, অত্যন্ত পুরু এবং লিপনিনসুক। পরিণত স্ক্লুরাইড কোষ সাধারণত মৃত থাকে এবং এদের কোষপ্রাচীর কূপযুক্ত হয়। নগ্নবীজী ও দ্বিবীজপত্রী উদ্ভিদের কর্টেক্স, ফল ও বীজত্বকে স্ক্লুরাইড টিস্যু দেখা যায়। বহিঃত্বক জাইলেম এবং ফ্লোয়েমের সাথে একত্রে পত্রবৃন্তে কোষগুচ্ছরূপে থাকতে পারে। একক কাজ কাজ: তিন ধরনের সরল টিস্যুর চিত্র অঙ্কন।

(b) জটিল টিস্যু (complex tissues)

বিভিন্ন ধরনের কোষের সমন্বয়ে যে স্থায়ী টিস্যু তৈরি হয়, তাকে জটিল টিস্যু বলে। এরা উদ্ভিদে পরিবহনের কাজ করে, তাই এদের পরিবহন টিস্যুও বলা হয়। এ টিস্যু দুই ধরনের, জাইলেম এবং ফ্লোয়েম। জাইলেম এবং ফ্লোয়েম একত্রে উদ্ভিদের পরিবহন টিস্যুগুচ্ছ (vascular bundle) গঠন করে। জাইলেম (xylem); জাইলেম দুই ধরনের, প্রাথমিক ও গৌণ জাইলেম। প্রোক্যাম্বিয়াম থেকে সৃষ্ট জাইলেমকে প্রাথমিক জাইলেম বলে। প্রাথমিক বৃদ্ধি । শেষে যেসব ক্ষেত্রে গৌণবৃদ্ধি ঘটে, সেখানে গৌণ জাইলেম সৃষ্টি হয়। প্রাথমিক জাইলেম দুই ধরনের। প্রাথমিক অবস্থায় একে প্রোটোজাইলেম এবং পরিণত অবস্থায় মেটাজাইলেম বলে। মেটাঙ্গাইলেমের । অভ্যন্তরীণ ফাঁকা গহ্বরটি বড় থাকে। জাইলেমে কয়েক ধরনের কোষ থাকে, যেমন: ট্রাকিড, ভেসেল, জাইলেম প্যারেনকাইমা ও জাইলেম ফাইবার।

(i) ট্রাকিড (Tracheids):

ট্রাকিড কোষ লম্বা। এর প্রান্তদ্বয় সরু এবং সুচালো। প্রাচীরে লিগনিন জমা হয়ে পুরু হয় এবং অভ্যন্তরীণ গহবর বন্ধ হয়ে যায়। ফলে পানির চলাচল পাশাপাশি জোড়া কূপের (paired pits) মাধ্যমে হয়ে থাকে। প্রাচীরের পুরুত্ব কয়েক ধরনের । হয়, যেমন- বলয়াকার, সর্পিলাকার,সোপানকার, জালিকাকার কিংবা কূপাক্ষিত। ফার্নবর্গ, নগ্নবীজী ও আবৃতবীজী উদ্ভিদের প্রাথমিক ও গৌণ জাইলেম কলায় ট্রাকিড দেখা যায়। কোষরসের পরিবহন এবং অঙ্গকে দৃঢ়তা প্রদান করা এদের প্রধান কাজ। তবে কখনো খাদ্য সঞ্চয়ের কাজও এই টিস্যু করে থাকে।

বীজী উদ্ভিদের সব অঙ্গে দেখা যায়। নগ্নবীজী উদ্ভিদের মধ্যে উন্নত উদ্ভিদ, যেমন নিটামে (Gretum) প্রাথমিক পর্যায়ের ভেসেল থাকে। পানি এবং খনিজ লবণ পরিবহনে এবং অঙ্গকে দৃঢ়তা প্রদান করা এর প্রধান

RAISUL ISLAM HRIDOY

কাজ।

(ii) জাইলেম প্যারেনকাইমা (xylem parenchyma):

জাইলেমে অবস্থিত প্যারেনকাইমা কোষকে জাইলেম প্যারেনকাইমা বা উড প্যারেনকাইমা (wood parenchyma) বলে। এদের প্রাচীর পুরু বা পাতলা হতে পারে। প্রাইমারি জাইলেমে অবস্থিত প্যারেনকাইমার কোষ পাতলা। প্রাচীরযুক্ত। তবে গৌণ জাইলেমে এরা পুরু প্রাচীরযুক্ত হয়ে থাকে। খাদ্য সঞ্চয় এবং পানি পরিবহন করা এদের প্রধান কাজ।

(iv) জাইলেম ফাইবার (xylem fibre):

জাইলেমে অবস্থিত ক্লেরেনকাইমা কোষই হচ্ছে জাইলেম ফাইবার। এদের উড ফাইবারও বলে। এ কোষগুলো লম্বা, এদের দুপ্রান্ত সরু। পরিণত কোষে প্রোটোপ্লাজম থাকে না বলে এরা মৃত। উদ্ভিদে এরা যান্ত্রিক শক্তি যোগায়। দ্বিবীজপত্রী উদ্ভিদের সব জাইলেমে এরা অবস্থান করে। পানি ও খনিজ পদার্থ পরিবহন, খাদ্য সঞ্চয়, উজিদকে যান্ত্রিক শান্তি আর দৃঢ়তা প্রদান করা জাইলেম টিস্যুর প্রধান কাজ। ফ্লোয়েম (phloem): উদ্ভিদ কাণ্ডে এরা জাইলেমের সাথে একত্রে পরিবহন টিস্যুগুচ্ছ তৈরি করে। সিভনল, সঙ্গীকোষ, ফ্লোয়েম প্যারেনকাইমা এবং ফ্লোয়েম তন্তু নিয়ে ফ্লোয়েম টিস্যু গঠিত হয়। জাইলেম যেমন খাদ্যের কাঁচামাল পানি সরবরাহ করে, তেমনি ফ্লোয়েম পাতায় প্রস্তুত খাদ্য উদ্ভিদ দেহের বিভিন্ন স্থানে পরিবহন করে।

প্রাণিটিস্যু

বহুকোষী প্রাণিদেহে অনেক কোষ একত্রে কোনো বিশেষ কাজে নিয়োজিত থাকে। একই ভ্রূণীয় কোষ থেকে উৎপন্ন হয়ে এক বা একাধিক ধরনের কিছুসংখ্যক কোষ জীবদেহের কোনো নির্দিষ্ট স্থানে অবস্থান করে সমষ্টিগতভাবে একটা কাজে নিয়োজিত থাকলে ঐ কোষগুলো সমষ্টিগতভাবে টিস্যু (Tissue) বা তন্ম তৈরি করে। একটি টিস্যুর কোষগুলোর উৎপত্তি, কাজ এবং গঠন একই ধরনের হয়। টিস্যু নিয়ে আলোচনাকে টিস্যতত্ত্ব (Histology) বলে। কোষ এবং টিস্যুর মধ্যে পার্থক্য খুবই নির্দিষ্ট। কোষ হচ্ছে টিস্যুর গঠনগত ও কার্যকরী একক, যেমন লোহিত রক্তকণিকা, শ্বেত রক্তকণিকা এবং অণুচক্রিকা বিভিন্ন ধরনের রক্তকোষ। আবার এরা একত্রে তরল যোজক যোজক টিস্যুনামে এক ধরনের টিস্যু হিসেবে পরিচিত। তরল যোজক টিস্যু রক্ত দেহের বিভিন্ন প্রয়োজনীয় শারীরবৃত্তীয় কাজে অংশ নেয়।

মানবদেহে নানা ধরনের কোষ আছে, যারা ভিন্ন ভিন্ন কাজে নিয়োজিত। মানবদেহের স্নায়ুকোষ দেহজুড়ে জালের মতোছড়িয়ে থাকে। দেহের যে কোনো অংশের উদ্দীপনা গ্রহণ করে মস্তিষ্কে প্রেরণ করা, আবার মস্তিষ্কের কোনো বার্তা শরীরের নির্দিষ্ট অংশে পৌঁছে দেওয়াই এদের কাজ। চোখের স্নায়ুকোষগুলে দেখতে এবং কানের মায়ুকোষগুলো শুনতে সাহায্য করে। মানুষের চোখের মতোবিভিন্ন ধরনের বায়ুকোষ থাকায় বেশিরভাগ প্রাণীই পৃথিবীর দৃশ্যমান বস্তুগুলো রঙিন হিসেবে দেখতে পারে না, অনেক প্রাণী শুধু দিনে বা রাতে দেখতে পায়। আমাদের কাজকর্মে, হাঁটা-চলায় এবং নড়াচড়ায় পেশিকোষ ব্যবহৃত হয়। তিন ধরনের রুস্তকোষ মানব দেহের বিভিন্ন কাজে নিয়োজিত। লোহিত রক্তকণিকা কোষগুলো ফুসফুসে অক্সিজেন গ্রহণ করে হৃদ্যন্ত্রের সাহায্যে ধমনির মাধ্যমে কৈশিকনালি হয়ে দেহের প্রতিটি কোষে অক্সিজেন সরবরাহ করে। শ্বেত রক্তকণিকা দেহের রোগ প্রতিরোধ করে। রক্তের অণুচক্রিকা কোষগুলো শরীরের কেটে যাওয়া অংশ থেকে রক্তক্ষরণ বন্ধ করতে সাহায্য করে। শরীরের ত্বকীয় কোষগুলো দেহের আবরণ দেওয়া ছাড়াও শরীরের অবস্থানভেদে বিভিন্ন কাজ করে থাকে। মাথার ত্বকীয় কোষগুলো থেকে চুল গজিয়ে থাকে। শরীরের ত্বকীয়

RAISUL ISLAM HRIDOY

কোষগুলো নির্দিষ্ট স্থানে ঘাম নির্গমন কোষ থেকে ঘাম নির্গত করে। অস্থিকোষ দেহে অস্থি অথবা কোমলাস্থি তৈরি করে দেহের দৃঢ়তা দিয়ে থাকে। দেহের আকার, গঠন, অস্থির বৃদ্ধি ইত্যাদিতে অস্থিকোষের অবদান বিশেষভাবে উল্লেখযোগ্য। প্রাণি টিস্যুর প্রকারভেদ: প্রাণি টিস্যু তার গঠনকারী কোষের সংখ্যা, বৈশিষ্ট্য এবং তাদের নিঃসৃত পদার্থের বৈশিষ্ট্যের ভিত্তিতে প্রধানত চার ধরনের হয়— আবরণী টিস্যু, যোজক টিস্যু, পেশি টিস্যু এবং স্নায়ু টিস্যু।

(a) আবরণী টিস্যু (Epithelial Tissue)

এই টিস্যু বিভিন্ন অঙ্গের আবরণ (lining) হিসেবে কাজ করে। তবে অঙ্গকে আবৃত রাখাই আবরণী। টিস্যুর একমাত্র কাজ নয়। এই টিস্যুর আরও চারটি কাজ হলো: অঙ্গকে আবৃত রাখা, সেটিকে বাইরের আঘাত থেকে রক্ষা করা (protection), প্রোটিনসহ বিভিন্ন পদার্থ ক্ষরণ বা নিঃসরণ করা (secretion), বিভিন্ন পদার্থ শোষণ করা (absorption) এবং কোষীয় স্তর পেরিয়ে সুনির্দিষ্ট পদার্থের পরিবহন (transcellular transport)। আবরণী টিস্যুর কোষগুলো ঘন সন্নিবেশিত এবং একটি ভিত্তিপর্দার উপর বিন্যস্ত থাকে। কোষের আকৃতি, প্রাণিদেহে তার অবস্থান এবং কাজের প্রকৃতিভেদে এ টিস্যু তিন ধরনের হয়। যেমন:

(i) কোয়ামাস আবরণী টিস্যু (squamous Epithelial Tissue):

এই টিস্যুর কোষগুলো মাছের আঁশের মতোচ্যাপটা এবং এদের নিউক্লিয়াস বড় আকারের হয়। উদাহরণ: বৃক্কের বোম্যান্স ক্যাপসুল প্রাচীর। এই টিস্যু প্রধানত আবরণ ছাড়াও ছাঁকনির কাজ করে থাকে।

(ii) কিউবয়ডাল আবরণী টিস্যু (cuboidal Epithelial Tissue):

এই টিস্যুর কোষগুলো ঘনাকার বা কিউব আকৃতির অর্থাৎ কোষগুলোর দৈর্ঘ্য, প্রস্থ এবং উচ্চতা প্রায় সমান। উদাহরণ: বৃকের সংগ্রাহক নালিকা। এই টিস্যু প্রধানত পরিশোষণ এবং আবরণ কাজে লিপ্ত থাকে।

(iii) কলামনার আবরণী টিস্যু (columnar Epithelial Tissue):

এই টিস্যুর কোষসমূহ স্তম্ভের মতোসরু এবং লম্বা। উদাহরণ: প্রাণীর অন্যের অন্তঃপ্রাচীরের কোষগুলো প্রাধনত ক্ষরণ, রক্ষণ এবং শশাষণ কাজ করে থাকে। প্রাণিদেহে ভিত্তিপর্দার উপর সজ্জিত কোষগুলোর সংখ্যার ভিত্তিতে এপিথেলিয়াল বা আবরণী টিস্যুকে তিন ভাগে ভাগ করা যায়। যথা:

(i) সাধারণ আবরণী টিস্যু:

ভিত্তিপর্দার উপর কোষসমূহ একস্তরে সজ্জিত। উদাহরণ: বৃক্কের বোম্যান্স। ক্যাপসুল, বৃক্কের সংগ্রাহক নালিকা, অন্য প্রাচীর।

(ii) স্ট্র্যাটিফাইড আবরণী টিস্যু:

ভিত্তিপর্দার উপর কোষগুলো একাধিক স্তরে সজ্জিত। এমন স্ট্র্যাটিফাইড আবরণী টিসও আছে, যার স্তরের সংখ্যা মিনিটের মধ্যে পাল্টে যেতে পারে—কখনো দেখা যায় তিনচারটি স্তর আবার পরক্ষণেই দেখা যায় সাত-আটটি। তাই একে বলে ট্রানজিশনাল আবরণী। উদাহরণ: মেরুদী প্রাণিদের ত্বক।

(iii) সিউডো-স্ট্র্যাটিফাইড আবরণী টিস্যু:

এই টিস্যুর কোষগুলো ভিত্তিপর্দার উপর একস্তরে বিন্যস্ত থাকে। তবে কোষগুলো বিভিন্ন উচ্চতার হওয়ায় এই টিস্যুকে দেখতে স্তরীভূত টিস্যু মনে হয়। উদাহরণ ট্রাকিয়া।

আবরণী টিস্যুর কোষগুলো আবার বিভিন্ন কাজের জন্য নানাভাবে রূপান্তরিত হয়। যেমন

(i) সিলিয়াযুক্ত আবরণী টিস্যু: মেরুদণ্ডী প্রাণীদের শ্বাসনালির প্রাচীরে দেখা যায়। ।

(ii) ফ্লাজেলাফুক আবরণী টিস্যু: হাইড্রার এন্ডোডার্মে থাকে।

RAISUL ISLAM HRIDOY

(iii) ক্ষণপদযুক্ত আবরণী টিস্যু: হাইড্রার এন্ডোডার্মে এবং মেরুদণ্ডী প্রাণীদের অন্ত্রে দেখা যায়।
(iv) জনন অঙ্গের আবরণী টিস্যু: বিশেষভাবে রূপান্তরিত আবরণী টিস্যু যা থেকে শুক্রাণু এবং ডিম্বাণু কোষ উৎপন্ন হয়। এরা প্রজননে অংশগ্রহণ করে প্রজাতির ধারা অক্ষুন্ন রাখে।

(v) গ্রন্থি আবরণী টিস্যু:

বিভিন্ন ধরনের রস নিঃসরণ করে। দেখা যাচ্ছে যে আবরণী টিস্যু কোনো অঙ্গের বা নালির ভিতরের ও বাইরের অংশ তৈরি করে থাকে। আবার এই টিস্যু রূপান্তরিত হয়ে রক্ষণ, ক্ষরণ, শোষণ, ব্যাপন, পরিবহন এই সব কাজে অংশ নেয়। । আবরণী টিস্যু রূপান্তরিত হয়ে গ্রন্থি টিস্যু এবং জন টিস্যুতে পরিণত হয় এবং দেহের বিভিন্ন গুরুত্বপূর্ণ কাজে অংশগ্রহণ করে থাকে।

(b) যোজক টিস্যু (connective Tissue)

যোজক বা কানেকটিভ টিস্যুতে মাতৃকার (Matrix) পরিমাণ তুলনামূলকভাবে বেশি এবং কোষের সংখ্যা কম। গঠন এবং কাজের ভিত্তিতে কানেকটিভ টিস্যু প্রধানত তিন ধরনের হয়। যথা(6) ফাইব্রাস যোজক টিস্যু (Fibrous Connective Tissue): এই ধরনের যোজক টিস্যু দেহত্বকের নিচে পেশির মধ্যে থাকে। এদের মাতৃকায় বিভিন্ন ধরনের তন্তুর আধিক্য দেখা যায়।

(ii) কেলিটাল যোজক টিস্যু (Skeletal connective Tissue):

দেহের অভ্যন্তরীণ কাঠামো গঠনকারী টিস্যুকে কেলিটাল যোজক টিস্যু বলে। এই টিস্যু দেহের অভ্যন্তরীণ কাঠামো গঠন করে। দেহকে নির্দিষ্ট আকৃতি এবং দৃঢ়তা দেয়। অঙ্গ সঞ্চালন এবং চলনে সহায়তা করে। মস্তিষ্ক, মেরুরজ্জ, ফুসফুস, হৃৎপিণ্ড এরকম দেহের নরম ও নাজুক অঙ্গগুলোকে রক্ষা করে। বিভিন্ন ধরনের রক্তকণিকা উৎপাদন করে। ঐচ্ছিক পেশিগুলোর সংযুক্তির ব্যবস্থা করে। পঠনের ভিত্তিতে স্কেলিটাল যোজক টিস্যু দুধরনের হয়। যেমন: কোমলাস্থি এবং অস্থি। কোমলাস্থি (Cartilage): কোমলাস্থি এক ধরনের নমনীয় স্কেলিটাল যোজক টিস্যু। মানুষের নাক ও কানের পিনা কোমলাস্থি দিয়ে তৈরি। অস্থি; অস্থি বিশেষ ধরনের দৃঢ়, ভঙ্গুর এবং অনমনীয় কেলিটাল কানেকটিভ টিস্যু। এদের মাতৃকায় ক্যালসিয়াম-জাতীয় পদার্থ জমা হয়ে অস্থির দৃঢ়তা প্রদান করে।

(iii) তরল যোজক টিস্যু (Fluid connective tissue):

তরল টিস্যুর মাতৃকা তরল। মাতৃকায় বিভিন্ন ধরনের জৈব পদার্থ দ্রবীভূত অবস্থায় থাকে। এই টিস্যুর প্রধান কাজ দেহের অভ্যন্তরে বিভিন্ন দ্রব্যাদি পরিবহন করা, রোগ প্রতিরোধ করা এবং রক্ত জমাট বাঁধায় বিশেষ ভূমিকা রাখা। তরল যোজক টিস্যু দুই ধরনের, রক্ত এবং লসিকা।

রক্ত

রক্ত এক ধরনের ক্ষারীয়, ঈষৎ লবণাক্ত এবং লালবর্ণের তরল যোজক টিস্যু। ধমনি, শিরা ও । কৈশিকনালির মধ্য দিয়ে প্রবাহিত হয়ে রক্ত অভ্যন্তরীণ পরিবহনে অংশ নেয়। উষ্ণ স্তবাহী প্রাণীর দেহে রক্ত তাপমাত্রার ভারসাম্য রক্ষা করে। রক্তের উপাদান দুটি— রক্তরস এবং রক্তকণিকা। রক্তরস (Plasma) রকের তরল অংশ, এর রং ঈষৎ হলুদাভ। এর প্রায় 91-92% অংশ পানি এবং ৪-9% অংশ জৈব ও অজৈব পদার্থ। এসব রক্তরসের ভিতর বিভিন্ন ধরনের প্রোটিন এবং বর্জ্য পদার্থ থাকে। রক্তকণিকা তিন ধরনের, যথা- লোহিত রক্তকণিকা (Erythrocyte বা Red blood corpuscles বা RBC), শ্বেত রক্তকণিকা (Leukocyte বা white blood corpuscles বা WBC) এবং অণুচক্রিকা (Thrombocytes বা Blood platelet)। লোহিত রক্তকণিকায় হিমোগ্লোবিন নামে একটি লৌহজাত যৌগ থাকে, যার জন্য রক্ত লাল হয়। হিমোগ্লোবিন

RAISUL ISLAM HRIDOY

অক্সিজেনের সঙ্গে যুক্ত হয়ে একটি অক্সিহিমোগ্লোবিন যৌগ গঠন করে এবং শরীরের বিভিন্ন স্থানে অক্সিজেন পরিবহন করে। শ্বেত রক্তকণিকা জীবাণু ধ্বংস করে দেহের প্রকৃতিগত আত্মরক্ষায় অংশ নেয়। মানবদেহে বেশ কয়েক ধরনের শ্বেত রক্তকণিকা থাকে। অণুচক্রিকা ন্ত জমাট বাঁধায় অংশ নেয়। ষষ্ঠ অধ্যায়ে রক্ত নিয়ে বিস্তারিত আলোচনা করা হবে। লসিকা:

মানবদেহে বিভিন্ন টিস্যর মধ্যবর্তী ফাঁকা স্থানে (Intercellular space) যে জলীয় পদার্থ জমা হয় তাকে লসিকা বলে। এগুলো ছোট নালির মাধ্যমে সংগৃহীত হয়ে একটি আলাদা নালিকাত গঠন করে, যাকে লসিকাত (Lymphatic system) বলে। লসিকা ঈষৎ ক্ষারীয় স্বচ্ছ হলুদ বর্ণের তরল পদার্থ। এর মধ্যে কিছু রোগপ্রতিরোধী কোষ থাকে, এদের লসিকাকোষ (Lymphoid cell) বলে।

(c) coffetfoy (Muscular Tissue)

ভূণের মেসোডার্ম থেকে তৈরি সংকোচন ও প্রসারণশীল বিশেষ ধরনের টিস্যুকে পেশি টিস্যু বলে। এদের মাতৃকা প্রায় অনুপস্থিত। পেশিকোষগুলো সরু, লম্বা এবং তন্তুময়। যেসব তন্দুতে আড়াআড়ি ডোরাকাটা থাকে, তাদের ডোরাকাটা পেশি (striated muscle) এবং ডোরাবিহীন তন্তুকে মসৃণ পেশি (Smooth muscle) বলে। পেশিকোষ সংকোচন এবং প্রসারণের মাধ্যমে দেহের বিভিন্ন অঙ্গ সঞ্চালন, চলন ও অভ্যন্তরীণ পরিবহন ঘটায়। অবস্থান, গঠন এবং কাজের ভিত্তিতে পেশি টিস্যু তিন ধরনের, ঐচ্ছিক পেশি, অনৈচ্ছিক পেশি এবং হৃৎপেশি।

(i) ঐচ্ছিক পেশি (voluntary) বা ডোরাকাটা পেশি (Striated muscle);

এই পেশি প্রাণীর ইচ্ছানুযায়ী সংকুচিত বা প্রসারিত হয়। ঐচ্ছিক পেশিটিস্যুর কোষগুলো নলাকার, শাখাবিহীন ও আড়াআড়ি ডোরামুক্ত হয়। এদের সাধারণত একাধিক নিউক্লিয়াস থাকে। এই পেশি দ্রুত সংকুচিত এবং প্রসারিত হতে পারে। ঐচ্ছিক পেশি অস্থিতন্ত্রে সংলগ্ন থাকে। উদাহরণ: মানুষের হাত এবং পায়ের পেশি।

(ii) অনৈচ্ছিক পেশি (Involuntary muscle) বা মসৃণ পেশি (Smooth muscle):

এই পেশি টিস্যুর সংকোচন ও প্রসারণ প্রাণীর ইচ্ছাধীন নয়। এ পেশি কোষগুলো মাকু আকৃতির। এদের গায়ে আড়াআড়ি দাগ থাকে না। এজন্য এ পেশিকে মসৃণ পেশি বলে। মেরুদণ্ডী প্রাণীদের রক্তনালি, পৌষ্টিকনালি ইত্যাদির প্রাচীরে অনৈচ্ছিক পেশি থাকে। অনৈচ্ছিক পেশি প্রধানত দেহের অভ্যন্তরীণ অঙ্গাদির সঞ্চালনে অংশ নেয়। যেমন খাদ্য হজম প্রক্রিয়ায় অন্ত্রের ক্রমসংকোচন।

(iii) কার্ডিয়াক পেশি বা হৃৎপেশি (cardiac muscle):

এই পেশি মেরুদণ্ডী প্রাণীদের হৃৎপিণ্ডের এক বিশেষ ধরনের অনৈচ্ছিক পেশি। এই টিস্যুর কোষগুলো নলাকৃতি, শাখান্বিত ও আড়াআড়ি দাপযুক্ত। এ টিস্যুর কোষগুলোর মধ্যে ইন্টারক্যালাটেড ডিস্ক (Intercalated disc) থাকে। এদের সংকোচন ও প্রসারণ প্রাণীর ইচ্ছাধীন নয়। অর্থাৎ কার্ডিয়াক পেশির গঠন ঐচ্ছিক পেশির মতোহলেও কাজ অনৈচ্ছিক পেশির মতো। কার্ডিয়াক পেশির কোষগুলো শাখার মাধ্যমে পরস্পর যুক্ত থাকে। হৃৎপিণ্ডের সব কার্ডিয়াক পেশি সমন্বিতভাবে সংকুচিত ও প্রসারিত হয়। মানব ভ্রুণ সৃষ্টির একটা বিশেষ পর্যায় থেকে মৃত্যুর পূর্বমুহূর্ত পর্যন্ত হৃৎপিণ্ডের কার্ডিয়াক পেশি একটা নির্দিষ্ট গতিতে সংকুচিত ও প্রসারিত হয়ে দেহের মধ্যে রক্ত চলাচলের প্রক্রিয়া সচল রাখে।

d) স্নায়ু টিস্যু (Nerve tissue)

দেহের বিশেষ সংবেদী কোষ নিউরন বা স্নায়ুকোষগুলো একত্রে স্নায়ু টিস্যু গঠন করে। স্নায়ু টিস্যু অসংখ্য

RAISUL ISLAM HRIDOY

নিউরন দিয়ে গঠিত। এর গঠন সম্পর্কে তোমরা দশম । অধ্যায়ে আরও বিস্তারিতভাবে জানতে পারবে। স্নায়ু টিস্যু পরিবেশ থেকে উদ্দীপনা, যেমন তাপ, স্পর্শ, চাপ ইত্যাদি গ্রহণ করে দেহের ভিতরে মস্তিষ্কে বহন করে এবং মস্তিষ্কের বিশ্লেষণের পর সিদ্ধান্ত অনুযায়ী উপযুক্ত কাজ করে থাকে। একটি আদর্শ নিউরনের তিনটি অংশ থাকে, কোষদেহ, ডেনড্রাইট এবং অ্যাক্সন। নিউরন কোষ বহুভুজাকৃতি এবং নিউক্লিয়াসযুক্ত। কোষের সাইটোপ্লাজমে মাইটোকন্ড্রিয়া, গলজিবডি, রাইবোজোম, এন্ডোপ্লাজমিক রেটিকুলাম ইত্যাদি থাকে, তবে নিউরনের সাইটোপ্লাজমে সক্রিয় সেন্ট্রিওল থাকে না বলে নিউরন বিভাজিত হয় না। কোষদেহের চারদিকের শাখাযুক্ত ক্ষুদ্র ক্ষুদ্র প্রলম্বিত অংশকে ডেনড্রন বলে। ডেনড্রন থেকে যে শাখা বের হয়, তাদের ডেনড্রাইট বলে। ডেনড্রাইটের সংখ্যা এক বা একাধিক হতে পারে। নিউরনের কোষদেহ থেকে একটি লম্বা স্নায়ুতন্তু পরবর্তী নিউরনের ডেনড্রাইটের সাথে যুক্ত থাকে, তাকে অ্যাক্সন বলে। একটি নিউরনের একটি মাত্র অ্যাক্সন থাকে। পরপর দুটি নিউরনে প্রথমটির অ্যাক্সন এবং পরেরটির ডেনড্রাইটের মধ্যে একটি স্নায়ুসন্ধি গঠিত হয়, তাকে সিন্যাপস (synapse) বলে। সিন্যাপসের মধ্য দিয়েই একটি নিউরন থেকে উদ্দীপনা পরবর্তী নিউরনে পরিবাহিত হয়। সায়ুটিস্যু উদ্দীপনা গ্রহণ করে মস্তিষ্কে প্রেরণ করে এবং মস্তিষ্ক তাতে সাড়া দেয়। উচ্চতর প্রাণীতে স্নায়ুটিস্যু স্মৃতি সংরক্ষণ (Memorise) করাসহ দেহের বিভিন্ন অঙ্গের কাজ নিয়ন্ত্রণ এবং তাদের মধ্যে সমন্বয় সাধন করে। অনেকের মধ্যে একটা ধারণা প্রচলিত আছে যে আমরা আমাদের মস্তিষ্কের মাত্র দশ শতাংশ ব্যবহার করতে পারি। ধারণাটি সঠিক নয়। প্রকৃতপক্ষে স্বাভাবিক অবস্থায় মানুষ বা অন্য সব প্রাণী তার মস্তিষ্কের একশো শতাংশ ব্যবহার করে থাকে। এটা ঠিক যে সবসময় একই সাথে মস্তিষ্কের সকল অংশ সমানভাবে সক্রিয় থাকে না। কিন্তু মস্তিষ্কের সবগুলো অংশ কখনো না কখনো আমরা কোনো না কোনোভাবে ব্যবহার করে থাকি। এমনকি এটাও ঠিক নয় যে একটা নির্দিষ্ট সময়ে মস্তিষ্কের দশ শতাংশের বেশি ব্যবহার করা যায় না। এরকম কোনো সীমা নেই। বিবর্তনগতভাবে এরকম কোনো সীমা আরোপিত হওয়ার কোনো কারণ নেই।

RAISUL ISLAM HRIDOY

জেনেটিক্স

বংশাণুবিজ্ঞান হল বংশাণু, বংশগতিক বৈশিষ্ট্য এবং এক জীব থেকে আরেক জীবের জন্মগত চারিত্রিক সাযুজ্য ও পার্থক্য সম্বন্ধীয় বিজ্ঞান। বংশাণুবিজ্ঞানের ইংরেজি পরিভাষা হল "জেনেটিকস", যা বিজ্ঞানী উইলিয়াম বেটসন ১৯০৫ খ্রিষ্টাব্দে প্রবর্তন করেন।

জীবমাত্রই যে তার পিতা-মাতার বৈশিষ্ট্য আহরণ করে তা প্রাগৈতিহাসিক কাল থেকেই মানুষের জানা এবং নির্বাচিত প্রজননের মাধ্যমে তারা শস্য ও গৃহপালিত পশুর মধ্যে কাঙ্ক্ষিত গুণাবলীর সমাবেশ ঘটিয়েছেন। তবে বংশগতির মূলসূত্র অনুসন্ধানে অভীষ্ট আধুনিক বংশাণুবিজ্ঞানের বয়স খুব বেশি নয়। ঊনবিংশ শতাব্দীতে অস্ট্রিয়ান ধর্মযাজক গ্রেগর মেন্ডেলের গবেষণার মধ্য দিয়ে এই বিজ্ঞানের আনুষ্ঠানিক যাত্রা শুরু হয়। তখনো মানুষ বংশগতির গাঠনিক ভিত্তি সম্বন্ধে খুব বেশি অবহিত ছিল না। তদসত্ত্বেও মেন্ডেল তার পর্যবেক্ষণ থেকে ধারণা করেছিলেন পিতা-মাতা থেকে চারিত্রিক বৈশিষ্ট্য পরবর্তী প্রজন্মে সঞ্চারিত হয় বংশগতির কিছু বিচ্ছিন্ন একক দ্বারা, যাদের পরবর্তীতে বংশাণু হিসেবে চিহ্নিত করা হয়েছে।

বংশাণু ডিএনএ'র নির্দিষ্ট স্থানে অবস্থান করে। ডিএনএ হল এমন একটি অণু যা কিনা চারটি ভিন্ন প্রকৃতির নিউক্লিওটাইডে তৈরি, যাদের বিন্যাসই কোনো অর্গানিজমের বংশাণুগত বৈশিষ্ট্যাদি নির্ধারণ করে দেয়। ডিএনএ সাধারণতঃ দ্বি-সর্পিল তন্তুর ন্যায় বিন্যাসিত থাকে; যেখানে কোন একটি নিউক্লিওটাইড অপর

তন্তুতে অবস্থিত নিউক্লিওটাইডের পরিপূরক। প্রতিটি তন্তুই ডিএনএ প্রতিলিপিকরণের সময় তার পরিপূরক তন্তুর জন্যে ছাঁচ হিসাবে কাজ করে, যা কি-না উত্তরাধিকার সূত্রে বংশাণু প্রতিলিপিকরণের ভৌত পদ্ধতি। বংশাণুর নিউক্লিওটাইডের পরম্পরা অনুযায়ী জীবকোষ এমিনো এসিড তৈরি করে। এমিনো এসিড থেকে প্রোটিন উৎপন্ন হয় - প্রোটিনে এমিনো এসিডের ক্রম আর বংশাণুতে নিউক্লিওটাইডের ক্রম অভিন্ন রকম হয়ে থাকে। নিউক্লিওটাইডের ক্রম আর এমিনো এসিডের ক্রমের এই সম্পর্ককে বংশগতীয় সঙ্কেত (জেনেটিক কোড) বলে। প্রোটিনে অবস্থিত এমিনো এসিড নির্ধারণ করে প্রোটিনের ত্রি-মাত্রিক গঠন কী-রূপ হবে; আর এর গঠন প্রোটিনের কাজ কী হবে তা নির্ধারণ করে। বংশাণুতে অবস্থিত ডিএনএ'র একটি ছোট্ট পরিবর্তন প্রোটিন গঠনকারী এমিনো এসিডের আকার ও কাজে বড় ধরনের পরিবর্তন সৃষ্টি করতে পারে, যা কিনা ঐ কোষ ও সম্পূর্ণ জীবদেহে নাটকীয় পরিবর্তন আনতে পারে।

যদিও বংশাণুবিজ্ঞান কোন জীবের বাহ্যিক গঠন ও আচরণ নির্ধারণে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে, বংশাণুবিজ্ঞান আর জীবসত্ত্বার অভিজ্ঞতার সমন্বয়ে তার বৈশিষ্ট্য নির্ধারিত হয়। যেমন, যদিও বংশাণু কোন ব্যক্তির উচ্চতা নির্ধারণ করে, তবু তার বাল্যকালের স্বাস্থ্য ও পুষ্টির ব্যাপারটিও এতে বড় প্রভাব ফেলে।

১৮শ শতকের মাঝামাঝি সময়ে মেন্ডেলের তত্ত্বগত ও ব্যবহারিক কাজের মাধ্যমে বংশাণুবিজ্ঞানের সূচনা হলেও তার আগেও বংশবৈশিষ্ট্য সম্বন্ধে কিছু ধারণা প্রচলিত ছিলো। মিশ্র উত্তরাধিকার নামক একটি তত্ত্ব মেন্ডেলের আমলে খুব জনপ্রিয় ছিল। এ সরল তত্ত্ব অনুযায়ী কোন জীব তার বাবা-মার বৈশিষ্ট্য সমূহের যথাযথ মিশ্রণের অধিকারী হয়। মেন্ডেলের কাজ এই তত্ত্বকে ভুল প্রমাণিত করে এবং দেখায় যে চরিত্র বৈশিষ্ট্য বংশাণু মিশ্রণ নয়, বরং ভিন্ন ভিন্ন বংশাণুর সমন্বয়। সে সময় আরেকটি মতবাদ প্রচলিত ছিল: পিতা-মাতার শক্তিশালী বংশাণুগুলোই তাদের উত্তরপ্রজন্ম পরিগ্রহ করে। এই তত্ত্বটি (যা কিনা জ্যঁ বাপ্তিস্ত লামার্কের সাথে জড়িত)বর্তমানে ভুল প্রমাণিত হয়েছে: কোন একক সত্ত্বার বৈশিষ্ট্য ও অভিজ্ঞতার ওপর তার ভবিষ্যত প্রজন্মে বংশাণুর অতিক্রমণ নির্ভর করে না। অন্যান্য তত্ত্বের মধ্যে রয়েছে চার্লস ডারউইনের প্যানজেনেসিস (যার মধ্যে উত্তরাধিকার ও আহরণ দুটো প্রক্রিয়াই ছিল) এবং ফ্রান্সিস গ্যালটনের ব্যক্তিগত ও উত্তরাধিকারে প্যানজেনেসিসের পুনর্বিন্যাস।

RAISUL ISLAM HRIDOY

ডিএনএ ও ক্রোমোসোম

বংশাণুর আণবিক ভিত্তি হল ডিঅক্সিরাইবোনিউক্লিয়িক এসিড (ডিএনএ)। ডিএনএ নিউক্লিওটিডের শৃংখলে তৈরি, যা আবার চার ধরনের: এডেনিন(A), সাইটোসিন(C), গুয়ানিন(G) ও থাইমিন(T)। ডিএনএতে বংশাণুগত তথ্য এই নিউক্লিওটিডগুলোর বিন্যাসের ওপর নির্ভরশীল আর বংশাণু ডিএনএ শৃংখলে ক্রমান্বয়ে সজ্জিত থাকে। একমাত্র "ভাইরাসই এই নিয়মের ব্যতিক্রম - এর বংশাণুগত তথ্য আরএনএতেও তৈরি হতে পারে।

ডিএনএ সাধারণভাবে একটি দ্বি-সূত্রক তন্তু, যা কিনা পাকানো দ্বি-সর্পিল অবস্থায় থাকে। ডিএনএ'র প্রতিটি নিউক্লিওটাইড অপর তন্তুতে অবস্থিত তার সহযোগী নিউক্লিওটাইডের সাথে বন্ধনযুক্ত হয়: A জোট বাঁধে T এর সাথে, আর G, C এর সাথে। এভাবে তৈরি দ্বি-সর্পিল আকারে প্রতিটি সূত্রকেই তার পরিপূরক সূত্রকের প্রয়োজনাতিরিক্ত হয়ে সকল প্রয়োজনীয় তথ্য সংরক্ষণ করে। ডিএনএ'র গঠনই বংশগতির ভৌত ভিত্তি: ডিএনএ দ্বিত্বকরণের মাধ্যমে বংশাণুগত তথ্য প্রতিলিপি করা হয়, যখন সূত্রকদুটি বিচ্ছিন্ন হয়ে গিয়ে প্রতিটি সুতোই নিজের পরিপূরক সুতো তৈরির ছাঁচের মতো কাজ করে।

ডিএনএ সূত্রকে বংশাণু মাত্রিকভাবে সজ্জিত থাকে, যাকে ক্রোমোসোম বলে। ব্যাকটেরিয়াতে প্রতিটি কোষেই একক বৃত্তাকার ক্রোমোসোম থাকে, যেখানে সুকেন্দ্রিক জীবে (যার মধ্যে উদ্ভিদ ও প্রাণী অন্তর্ভুক্ত) বহু সংখ্যক মাত্রিক ক্রোমোসোমে ডিএনএ সজ্জিত থাকে। এই ডিএনএ সূত্রকগুলো অনেক লম্বা হয়; উদাহরণস্বরূপ বলা যায় মানুষের দীর্ঘতম ক্রোমোসোম প্রায় ২৪৭ মিলিয়ন ক্ষার-জোড়া (base pair) নিয়ে গঠিত। কোন ক্রোমোসোমে অবস্থিত ডিএনএ তার গাঠনিক প্রোটিনের সাথে সম্পর্কযুক্ত, যা তাকে সংগঠিত ও বিন্যস্ত রাখে এবং ডিএনএ'র সাথে যোগাযোগ নিয়ন্ত্রণ করে, যা কিনা ক্রোমাটিন নামক একটি পদার্থের মাধ্যমে সম্পাদিত হয়; সুকেন্দ্রিক জীবে ক্রোমাটিন সাধারণতঃ নিউক্লিওসোমে তৈরি হয়, যা হল হিস্টোন প্রোটিনের কোরের (core) চারপাশে ডিএনএ পেঁচিয়ে তৈরি হয়। কোন জীবের বংশগতিগত পদার্থের সম্পূর্ণ সেটকে (সাধারণতঃ সব ক্রোমোসোমের সম্মিলিত ডিএনএ অনুক্রম) বংশাণুসমগ্র বলা হয়।

যেখানে হ্যাপ্লয়েড জীবের একটি ক্রোমোসোমের কেবল একবারই থাকে সেখানে অনেক ডিপ্লয়েড জীবের (উদ্ভিদ ও প্রাণী) প্রতিটি ক্রোমোসোম দুবার করে আছে, ফলে তাদের প্রতিটি বংশাণুরও দুটি প্রতিলিপি আছে। [6] কোন বংশাণুর অ্যালিলদ্বয় অপত্য ক্রোমাটিডের সদৃশ লোকাইতে অবস্থান করে, আর প্রতিটি অ্যালিল প্রত্যেক পূর্বপুরুষের (পিতা বা মাতা) কাছ থেকে আসে।

সেক্স ক্রোমোসোম একটি ব্যতিক্রমধর্মী ক্রোমোসোম, অনেক প্রাণীর লিঙ্গ নির্ধারণে বিশেষ কিছু ক্রোমসোমের ভূমিকা আছে। মানুষ এবং অন্যান্য প্রাণীতে Y ক্রোমোসোমে অল্প কিছু বংশাণু থাকে এবং এটি পুরুষ লিঙ্গিক বৈশিষ্ট্যের বিকাশ ঘটায়, যেখানে X ক্রোমোসোম অন্যান্য ক্রোমোসোমের মতই অনেক বংশাণু বহন করে, যার অনেকগুলোর সাথে লিঙ্গ নির্ধারণের কোন সম্পর্ক নেই। মেয়েদের X ক্রোমোসোমের দুটি প্রতিলিপি থাকে, যেখানে ছেলেদের একটি X ও একটি Y ক্রোমোসোম থাকে - X ক্রোমোসোমের প্রতিলিপি সংখ্যার এই পার্থক্যই সেক্স -লিঙ্কড ডিজঅর্ডারের মত অস্বাভাবিক বংশগতির নমুনা সূত্রপাত করে।

Raisul Islam Hridoy

জীববৈচিত্র্য

জীবগোষ্ঠীর সার্থক বাসভূমি হল এই পৃথিবী। পৃথিবীর প্রায় সর্বত্রই ছোটো বড়ো উদ্ভিদ ও প্রানীর সমাবেশ লক্ষ করা যায়। পৃথিবীর যে কোনো স্থানে বিভিন্ন প্রকার জীবের এই বৈচিত্র্যপূর্ন সমাবেশ হল জীববৈচিত্র্য। জীববৈচিত্র্য বলতে সাধারণত একটি নির্দিষ্ট অঞ্চলে বিভিন্ন প্রকার জীবের একত্র সমাবেশ কে বোঝানো হয়ে থাকে। আবার অন্য ভাবে বললে কোনো অঞ্চলের নির্দিষ্ট প্রজাতির মধ্যে জীনগত, প্রজাতিগত ও বাস্তুতান্ত্রিক যে তারতম্য বা বিভিন্নতা রয়েছে, তাই হল জীববৈচিত্র্য।

জীববিজ্ঞানী ম্যাকেঞ্জি ১৯৯৯ সালে জীববৈচিত্র্যের যে সংজ্ঞা দেন, তা হল- বিভিন্ন বাস্তুতন্ত্রের বিভিন্ন স্তরের জীবদের ক্ষেত্রে একই প্রজাতির জীবের জিনগত প্রকরন থেকে বিভিন্ন প্রজাতির বৈচিত্র্য সমূহ কে জীববৈচিত্র্য বলে।

উদাহরণ – যেমন ভারতবর্ষ পৃথিবীর অন্যতম প্রধান জীববৈচিত্র্য সম্পন্ন দেশ, যেখানে বিশ্বের মোট ২,৫০,০০০ আবিষ্কৃত উদ্ভিদ প্রজাতির প্রায় ৪৫,০০০ এবং ১৫,০০,০০০ প্রাণী প্রজাতির মধ্যে প্রায় ৭৫,০০০ প্রজাতির সমাবেশ দেখা যায় ভারতে। যা পৃথিবীর ৫.৭% প্রানী প্রজাতি এবং ১১ % উদ্ভিদ প্রজাতি কে অন্তর্ভুক্ত করে।

জীববৈচিত্র্য শব্দের ব্যবহারঃ

বন্যপ্রানী বিজ্ঞানী ও সংরক্ষণবিদ Raymond F. Dasmann ১৯৬৮ সালে তাঁর লেখা বই "A Different Kind of Country" তে প্রথম 'Biological Diversity' শব্দটি ব্যবহার করেন। তবে Biological

Diversity শব্দটি ব্যাপক ভাবে ব্যবহৃত হতে শুরু করে ১৯৮০ এর দশকে Thomas Lovejoy এর কাজের দ্বারা এবং Biological Diversity টির সংক্ষিপ্তরূপ হিসাবে 'Biodiversity' শব্দটি প্রথম ব্যবহার করেন ওয়াল্টার জি. রোসেন ১৯৮৫ সালে এবং এটি কে ১৯৮৮ সালে জনসমক্ষে আনেন পতঙ্গবিদ E. O. Wilson। তাই দুবারে Pulitzer পুরস্কার বিজেতা E. O. Wilson কে জীববৈচিত্র্যের জনক বলা হয়। বর্তমানে Biological Diversity টির থেকে Biodiversity শব্দটি বেশি ব্যবহৃত হয়।

জীববৈচিত্র্যের প্রকারভেদ:

জীববৈচিত্র্যকে তিনটি পারস্পারিক সম্পর্কযুক্ত তিনটি শ্রেণীতে ভাগ করা যায়, যথা – জিনগত বৈচিত্র্য, প্রজাতিগত বৈচিত্র্য ও বাস্তুতান্ত্রিক বৈচিত্র্য।

ক. জিনগত বৈচিত্র্য – একই প্রকার জীবের মধ্যে যে জিনগত প্রাচুর্য বা প্রকরন দেখা যায়, তাকে জিনগত বৈচিত্র্য বলে। একই প্রজাতিভুক্ত বিভিন্ন জীবের পারস্পারিক পার্থক্যকেই জন্মগত বা জিনগত বৈচিত্র্য বলে। যেমন – প্রতিটি মানুষ একে অন্যের থেকে আলাদা জিনগত বৈচিত্র্যের জন্য সহজেই পৃথক করা যায়। একটি নির্দিষ্ট প্রজাতির মধ্যে জন্মগত জীব সংখ্যার সুষম বিকাশের জন্য জিনগত বৈচিত্র্য অত্যন্ত গুরুত্বপূর্ন। কারণ একটি প্রজাতির জিনগত বৈচিত্র্য হ্রাস পেলে প্রজাতির বিলুপ্ত হওয়ার সম্ভাবনা থাকে। কেননা জিনগত বৈচিত্র্য একটি প্রজাতিকে পরিবেশ গত পরিবর্তনের সাথে অভিযোজন করতে সহায়তা করে।

খ. প্রজাতিগত বৈচিত্র্য-

একটি নির্দিস্ট অঞ্চল বা বাস্তুতন্ত্রের মধ্যে যে বিভিন্ন প্রকার জীবের সমাবেশ দেখা যায়, তাকেই প্রজাতি গত বৈচিত্র্য বলে। সাধারণত জীববৈচিত্র্য বলতে এই প্রজাতিগত বৈচিত্র্য কেই বোঝানো হয়ে থাকে। ভিন্ন ভিন্ন বাস্তুতন্ত্রের প্রজাতিগত বৈচিত্র্য বিভিন্ন রকম হয়ে থাকে। পৃথিবীর প্রাকৃতিক অঞ্চল গুলির মধ্যে নিরক্ষীয় অঞ্চলেই সবচেয়ে বেশি সমৃদ্ধশালী প্রজাতিগত বৈচিত্র্য পরিলক্ষিত হয়। উদাহরন স্বরূপ বলা যায় – তৃণভূমির বাস্তুতন্ত্রে ভিন্ন ভিন্ন জীবের সমাবেশ।

গ. বাস্তুতান্ত্রিক বৈচিত্র্য– পৃথিবীর বিভিন্ন বাস্তুতন্ত্র গুলির মধ্যে যে উদ্ভিদ ও প্রানীগত বিভিন্নতা রয়েছে, তাকেই বাস্তুতান্ত্রিক বৈচিত্র্য।

উদাহরন স্বরূপ বলা যায় – অরন্যের বাস্তুতন্ত্র, তৃনভূমির বাস্তুতন্ত্র, মরুভূমির বাস্তুতন্ত্র, জলাভূমির বাস্তুতন্ত্র।

জীববৈচিত্র্য পরিমাপের পদ্ধতি বা কৌশল

বিভিন্ন আয়তনের ভৌগোলিক অঞ্চলে উপস্থিত জীববৈচিত্র্য পরিমাপের উদ্দেশ্যে ভিন্ন ভিন্ন জ্যামিতিক সূচক ব্যবহৃত হয়ে থাকে। জীববৈচিত্র্য দুটি প্রধান উপাদান দ্বারা পরিমাপ করা হয় –

১. প্রজাতির প্রাচুর্যতা (Species richness)

২. প্রজাতির সমতা (Species evenness)

১. প্রজাতির প্রাচুর্যতা (Species richness) – একটি নির্দিষ্ট সম্প্রদায়ের মধ্যে পাওয়া প্রজাতির সংখ্যাকে বোঝায়। প্রজাতির প্রাচুর্যতা পরিমাপের পদ্ধতি গুলি হল -

ক) আলফা বৈচিত্র্য

– একটি নির্দিষ্ট অঞ্চলে উপস্থিত বিভিন্ন প্রকার জীবের বৈচিত্র্যকে আলফা বৈচিত্র্য বলে।

আলফা বৈচিত্র্যের মাধ্যমে কোনো অঞ্চলে প্রজাতির প্রাচুর্য সম্পর্কে জানা যায়। আলফা বৈচিত্র্যের মান বেশি হলে প্রজাতির প্রাচুর্যতা বেশি হবে।

RAISUL ISLAM HRIDOY

খ) বিটা বৈচিত্র্য পাশাপাশি অবস্থিত দুটি অঞ্চলের মধ্যে যে প্রজাতিগত বৈচিত্র্য লক্ষ্য করা যায় তার মাত্রা কে নির্দেশ করে। বিটা বৈচিত্র্যের মান বেশি হওয়ার অর্থ দুটি অঞ্চলে উপস্থিত বিভিন্ন প্রজাতির মধ্যে সাদৃশ্য কম।

গ) গামা বৈচিত্র্য – একটি বৃহদায়তন ভৌগোলিক অঞ্চলের মধ্যে থাকা বিভিন্ন বাসস্থানের প্রজাতির প্রাচুর্যকে গামা বৈচিত্র্য বলে।

২. প্রজাতির সমতা – একটি নির্দিষ্ট অঞ্চলে প্রাপ্ত প্রজাতির অনুপাত কে পরিমাপ করে। স্বল্প সমতা স্বল্প প্রজাতির সমাবেশ কে নির্দেশ করে।

Simpson index – এটি একটি বাসস্থানের প্রজাতির সংখ্যাগত জীববৈচিত্র্য পরিমাপের জন্য ব্যবহৃত হয়। সিম্পসনের বৈচিত্র্য সূচকটি প্রজাতির প্রাচুর্যতা ও সমতা দুটোকেই বিবেচিত করে।

Shannon index – একটি নিদিষ্ট সম্প্রদায়ের প্রজাতির বৈচিত্র্যকে চিহ্নিত করতে Shannon diversity index ব্যবহৃত হয়।

জীববৈচিত্র্য সংরক্ষণের পদ্ধতিঃ

উদ্ভিদ ও প্রাণী প্রজাতির রক্ষনাবেক্ষন, তাদের বিজ্ঞানসম্মত ব্যবহার ও পুনরুদ্ধারকে জীববৈচিত্র্য সংরক্ষণ বলে।

জীববৈচিত্র্য সংরক্ষণের জন্য মূলত দুটি কৌশল অবলম্বন করা হয়। যথা –

অ) ইন-

সিটু সংরক্ষণ – জীব প্রজাতিকে যখন তার নিজ প্রাকৃতিক পরিবেশে সংরক্ষণ করা হয়, তখন তাকে ইন-সিটু সংরক্ষণ বলে।

যেমন – সুন্দরবনের বাঘ ও সুন্দরী গাছকে সুন্দরবনের প্রাকৃতিক বাস্তুতন্ত্রে সংরক্ষণ করাকে ইন-সিটু সংরক্ষণ বলা হয়। স্বস্থানে সংরক্ষণের উদ্দেশ্যে জাতীয় উদ্যান, অভয়ারণ্য, জীবমন্ডল সংরক্ষণ অঞ্চল গড়ে তোলা হয়েছে।

আ) এক্স- সিটু সংরক্ষণ – জীব প্রজাতিকে যখন তার প্রাকৃতিক পরিবেশের বাইরে, অন্য কোনো মনুষ্য সৃষ্ট কৃত্রিম পরিবেশে সংরক্ষণ করা হয়, তখন তাকে এক্স-সিটু সংরক্ষণ বলে।

যেমন – বোটানিক্যাল গার্ডেন, চিড়িয়াখানা।

ক্রায়ো সংরক্ষণ – উদ্ভিদের পরাগ, বীজ, কোশ ও প্রানীর জিন কে খুব শীতল তাপমাত্রায় (১৯০ ডিগ্রি সেলসিয়াস) সংরক্ষণ করাকে ক্রায়ো সংরক্ষণ বলে।

DNA কি

DNA এর পূর্ণরুপ হলো Deoxyribonucleic acid. ডিএনএ হলো একটি অণু যা কোনও জীবের বিকাশ, বাঁচতে এবং পুনরুত্পাদন করার প্রয়োজনীয় নির্দেশাবলী ধারণ করে। এই নির্দেশাবলী প্রতিটি সেল/কোষের ভিতরে পাওয়া যায় এবং এর মাধ্যমে পিতামাতাদের কিছু বৈশিষ্ট্য তাদের বাচ্চাদের কাছে দেওয়া হয়। সুতরাং ডিএনএ হলো এক ধরনের নিউক্লিক এসিড যা ক্রোমোজোমে অবস্থিত জিনের রাসায়নিক রুপ।

ডিএনএ-র আবিষ্কার তথ্যঃ

ফ্রেডরিচ মাইসচার নামে একজন জার্মান বায়োকেমিস্ট ডিএনএ প্রথম পর্যবেক্ষণ করেছিল ১৮৬৯ সালে। জেমস ওয়াটসন, ফ্রান্সিস ক্রিক, মরিস উইলকিনস এবং রোজালিন্ড ফ্র্যাঙ্কলিন ডিএনএ -র একটি কাঠামো

RAISUL ISLAM HRIDOY

আবিষ্কার করেছিলেন ১৯৫৩ সালে এবং তারা বুঝতে পেরেছিলেন যে ডিএনএ জৈবিক তথ্য বহন করতে পারে।

নিউক্লিক অ্যাসিডের আণবিক কাঠামো এবং জীবন্ত উপাদানের তথ্য স্থানান্তরের জন্য এর তাৎপর্য সম্পর্কিত তাদের আবিষ্কারের জন্য ওয়াটসন, ক্রিক এবং উইলকিনসকে ১৯৬২ সালে মেডিসিনে নোবেল পুরষ্কার দেওয়া হয়।

জিনঃ

জিনগুলি ডিএনএর সংক্ষিপ্ত বিভাগ। জিনগুলি নির্দিষ্ট বৈশিষ্ট্যের জন্য কানের আকার বা চোখের রঙের মতো তথ্য বহন করে। জিনের বিভিন্ন সেট বিভিন্ন বৈশিষ্ট্যের জন্য তথ্য বহন করে। ক্রোমোজোমে অনেকগুলি জিন রয়েছে।

ক্রোমোজোমঃ

নিউক্লিয়াসের মধ্যে,ডিএনএ ক্রোমোজোম নামক কয়েলড স্ট্র্যান্ডগুলিতে সংগঠিত হয়। কোষ বিভাগের সময়, ক্রোমোসোমগুলি দৃশ্যমান হয়।

সাধারণত মানুষের ২৩ জোড়া বা ৪৬টি ক্রোমোজোম থাকে। ২৩ তম জোড়টিকে যৌন ক্রোমোজোম বলা হয় এবং পুরুষ এবং স্ত্রীদের মধ্যে পৃথক হয়। মহিলাদের X ক্রোমোজোম বা XX দুটি কপি থাকে, পুরুষদের মধ্যে একটি X এবং একটি Y ক্রোমোজোম থাকে।

DNA/ডিএনএ কী দিয়ে তৈরিঃ

ডিএনএতে চারটি রাসায়নিক ঘাঁটি রয়েছে:

- Adenine (A)
- Guanine (G)
- Cytosine (C)
- Thymine (T)

DNA TEST কি?

ডিএনএ পরীক্ষা করে কাউকে সনাক্ত করা যায় অর্থাৎ কারো পিতামাতা সনাক্ত করতে ডিএনএ টেষ্ট করা যায়। DNA টেষ্টিং এর অনেকগুলো নাম রয়েছে যেমন: ডিএনএ ফিঙ্গারপ্রিন্টিং,ডিএনএ টাইপিং, ডিএনএ প্রোফাইলিং ইত্যাদি।

বিভিন্ন ক্ষেত্রে ডিএনএ টেষ্ট কারনো হয় যেমন: পিতৃত্ব নির্ণয়, উত্তরাধিকার নির্ণয়, ধর্ষণ, খুন ইত্যাদি।

ডিএনএ/DNA গুরুত্বপূর্ণ কেন?

ডিএনএকে জীবনের বিল্ডিং ব্লক বলা হয়। আমাদের দেহের প্রতিটি কোষে উপস্থিত। ডিএনএ বহু আচরণ, প্রক্রিয়া এবং রোগগুলির জন্য আণবিক স্তরে অধ্যয়ন করে থাকে।

ডিএনএতে এমবেড করা সিকোয়েন্সগুলি আসলে এমন কোড যা আমাদের উপরে উল্লিখিত ফাংশন সম্পাদনকারী প্রোটিন তৈরি করতে সহায়তা করে। জিনগুলি আন্তঃকোষীয় এবং বহির্মুখী জীবের বিভিন্ন পরিবর্তন ও প্রকাশ ঘটায় এবং প্রতিটি কোষ সম্পাদন করতে হয় এমন কার্যাদিও নিয়ন্ত্রণ করে।

বিজ্ঞান নিশ্চিত করেছে যে জিনগুলি কোনও ক্রিয়াকলাপ চালু করতে বা সেগুলি জীবনের জন্য নিয়ন্ত্রক ব্লক তৈরি করতে কোষে স্যুইচ হিসাবে কাজ করে। জীবনের জন্য অণুগুলির অনুভূতিতে এটি সত্য যে

RAISUL ISLAM HRIDOY

ডিএনএ একটি উদ্ভিদ, প্রাণী এবং মানুষের মতো বেশিরভাগ প্রজাতির একটি গুরুত্বপূর্ণ বিল্ডিং হিসাবে দাঁড়িয়েছে।

তাছাড়া, আমাদের ডিএনএর কারণে আমরা বিদ্যমান। এটি আমাদের দেহের জিনগত উপাদান এবং অ্যামিনো অ্যাসিডের কোডিং সম্পর্কিত তথ্য সংরক্ষণ করে এবং পলিমারাইজেশনে প্রোটিন তৈরি করে। প্রোটিনগুলি বেশিরভাগ এনজাইম হিসাবে কাজ করে এবং এইভাবে আমাদের দেহের বিপাক ক্রিয়াগুলি ত্বরান্বিত করে। প্রোটিনগুলিও আমাদের বাঁচতে সহায়তা করে বিপাকীয় মধ্যস্থতাকারী হিসাবে কাজ করে।

RNA কি

আরএনএর অণুগুলি নিউক্লিওটাইডগুলির গঠিত একক-অচল নিউক্লিক অ্যাসিড । প্রোটিন সংশ্লেষণে একটি প্রধান ভূমিকা পালন করে, কারণ এটি ট্রান্সক্রিপশন, ডিকোডিং এবং প্রোটিন উৎপন্ন করার জন্য জেনেটিক কোডের অনুবাদকে অন্তর্ভুক্ত করে । আরএনএ রাবাণুকলিক অ্যাসিডের জন্য দাঁড়িয়েছে এবং ডিএনএর মতো, আরএনএন নিউক্লিওটাইড তিনটি উপাদান ধারণ করে:

- একটি নাইট্রোজেন বেস
- একটি পাঁচ কার্বন চিনি
- একটি ফসফেট গ্রুপ

আরএনএ নাইট্রোজেনীয় উপাদানের মধ্যে রয়েছে অ্যাডিনাইন (এ), গুয়ানিন (জি), সায়োসিসাইন (সি) এবং ইউরাসিল (ইউ) । আরএনএ-তে পাঁচটি কার্বন (প্যানটোস) চিনি হল রাবোজো। আরএনএ অণু নিউক্লিওটাইডের পলিমারগুলি এক নিউক্লিওটাইডের ফসফেট এবং অন্যটির চিনির মধ্যে যৌগিক বন্ধন দ্বারা একে অপরের সাথে যুক্ত হয়। এই সংযোগগুলি ফোফোডিয়েস্টার লিঙ্কগুলি বলা হয়।

যদিও একক ফাঁকা, আরএনএ সবসময় রৈখিক নয়। এটি জটিল ত্রি-মাত্রিক আকৃতির মধ্যে বাঁকা এবং hairpin loops গঠন করার ক্ষমতা রয়েছে। যখন এই ঘটবে, নাইট্রোজেনের ঘাঁটি একে অপরের সাথে আবদ্ধ। ইউরেসিলে (এউ) এবং সাইনিসাইন (জি সি) সহ গুয়ানাইন জোড়া দিয়ে অ্যাডেনাইন জোড়া। হেয়ারপিন লুপগুলি সাধারণত আরএসএন অণুগুলিতে যেমন বার্তাবাহক আরএনএ (এমআরএনএ) এবং আরএনএ (টিআরএনএ) স্থানান্তরিত হয়।

RAISUL ISLAM HRIDOY

আরএনএ এর প্রকার

যদিও একক ফাঁকা, আরএনএ সবসময় রৈখিক নয়। এটি জটিল তিনটি মাত্রিক আকৃতির মধ্যে বাঁকা এবং hairpin loops গঠন করতে সক্ষম।

আরএনএ অণু আমাদের কোষের নিউক্লিয়াসে উত্পাদিত হয় এবং এটিও ক্রোমোজোমে পাওয়া যায়। আরএনএ অণুর তিনটি প্রকারের বার্তাবাহক আরএনএ, আরএনএ এবং রিবোসোমাল আরএনএ স্থানান্তরিত হয়।

মেসেঞ্জার আরএনএ (এমআরএনএ) ডিএনএ'র ট্রান্সক্রিপশনটিতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। ট্রান্সক্রিপশন প্রক্রিয়াকরণ সংশ্লেষণের প্রক্রিয়া যা ডিএনএর মধ্যে থাকা একটি জেনেটিক তথ্যকে একটি আরএনএ বার্তাে কপি করা হয়। ট্রান্সক্রিপশন চলাকালীন, কিছু প্রোটিন ট্রান্সক্রিপশন কারনগুলি ডিএনএ ভ্রমনকে উদ্দীপ্ত করে এবং এনজাইম আরএনএ পলিমারেজকে শুধুমাত্র ডিএনএর একক প্রান্তে রূপান্তর করার অনুমতি দেয়। ডিএনএ চারটি নিউক্লিওটাইড বেসেস এডিনিন (এ), গুয়ানিন (জি), সায়োসিসাইন (সি) এবং থিমেইন (টি) যা একসঙ্গে যুক্ত করা হয় (এটি এবং সিজি) রয়েছে। যখন আরএনএ পলিমারেজ একটি

এমআরএনএ অণুতে ডিএনএ রূপান্তর করে, তখন গারাইনিন (এউ এবং সিজি) সাথে ইউরিকিল এবং সাইটোসাইন জোড়া দিয়ে অ্যাডেনিন জোড়া। ট্রান্সক্রিপশন শেষে, প্রোটিন সংশ্লেষণের সমাপ্তি ঘটানোর জন্য mRNA সায়োপোলজমে স্থানান্তরিত হয়।

ট্রান্সফার RNA (টিআরএনএ) প্রোটিন সংশ্লেষণের অনুবাদ অংশের একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। এর কাজটি এমআরএন এর নিউক্লিওটাইড সিকোয়েন্সের মধ্যে নির্দিষ্ট অ্যামিনো অ্যাসিড শব্দের মধ্যে বার্তাটি অনুবাদ করা হয়। অ্যামিনো অ্যাসিড সিকোয়েন্সগুলি একটি প্রোটিন গঠন করতে একত্রিত হয়। ট্রান্সফার RNAটি তিনটি লোমশ লুপের সাথে একটি ক্লোভার পাতার মতো আকৃতির। এটি একটি অ্যামিনো অ্যাসিড সংযুক্তি সাইট এক প্রান্তে রয়েছে এবং মধ্যবর্তী লুপের একটি বিশেষ বিভাগ যা এন্টিকডন সাইট নামে পরিচিত। এন্টিকডন একটি কোডন যা mRNA- এ একটি কোডন নামে পরিচিত। একটি কোডন তিনটি ধারাবাহিক নিউক্লিওটাইডের ভিত্তি করে থাকে যা একটি অ্যামিনো অ্যাসিডের কোড বা অনুবাদ শেষে সংকেত দেয়। Ribosomes বরাবর RNA স্থানান্তর mRNA codons পড়া এবং একটি polypeptide চেইন উত্পাদন। সম্পূর্ণরূপে কার্যকরী প্রোটিন হয়ে উঠার আগে বহুবিধ চেইনটি বেশ কয়েকটি পরিবর্তন ঘটায়।

রিবোসোমাল আরএনএ (আরআরএনএ) রবিওসাম নামে পরিচিত কোষ অর্গানেলের একটি উপাদান। একটি ribosome ribosomal প্রোটিন এবং rRNA গঠিত। Ribosomes সাধারণত দুটি উপাংশ গঠিত হয়: একটি বৃহদায়তন এবং একটি ছোট উপকটি। নিউক্লিওলাসের নিউক্লিয়াসে রিবোসোমাল স্যুনিটগুলি সংশ্লেষিত হয়। Ribosomes মধ্যে mRNA জন্য একটি বাঁধাই সাইট এবং বৃহৎ ribosomal সাবুনিট মধ্যে অবস্থিত tRNA জন্য দুটি বাঁধাই সাইট থাকে। অনুবাদের সময়, একটি ছোট ribosomal সাবুনিট্ট একটি mRNA অণু সংযুক্ত একই সময়ে, একটি প্রবর্তক TRNA অণু একই mRNA অণুর উপর একটি নির্দিষ্ট কোডন ক্রম স্বীকার করে এবং বাঁধে। একটি বৃহৎ রিবোসোমাল স্যুবিন্ট তারপর নব গঠিত জটিল সংমিশ্রণে যোগ দেয়। উভয় ribosomal subunits mRNA অণু বরাবর ভ্রমণ mRNA উপর একটি পলিপপটাইড চেইন মধ্যে codons অনুবাদ হিসাবে তারা যান। রিবোসোমাল আরএনএ পলিটাইপটাইড চেনায় অ্যামিনো অ্যাসিডের মধ্যে পেপটাইড বন্ড তৈরির জন্য দায়ী। যখন একটি পরিসমাপ্তি কোডন mRNA অণুতে পৌঁছেছে, অনুবাদ প্রক্রিয়া শেষ হয়। পলিভিপটাইড চেইনটি টিআরএনএ অণু থেকে মুক্তি পায় এবং রিবোওসোম বড় এবং ছোট ছোট অংশে বিভক্ত হয়ে যায়।

RAISUL ISLAM HRIDOY

মাইক্রো RNA

কিছু RNA গুলি, ছোট নিয়ন্ত্রক RNAs নামে পরিচিত, জিন এক্সপ্রেশন নিয়ন্ত্রণ করার ক্ষমতা আছে। মাইক্রোআরএনএ (miRNA) একটি প্রকারের নিয়ন্ত্রক আরএনএ যা অনুবাদ বন্ধ করে জিন এক্সপ্রেশনকে বাধা দিতে পারে। তারা এমআরএনএ-তে একটি নির্দিষ্ট স্থানে বাঁধাই করে, অণুকে অনুবাদ থেকে বিরত না করে মাইক্রোআরএনএগুলি কিছু ধরনের ক্যান্সারের উন্নয়ন এবং একটি বিশেষ ক্রোমোসোম মিউটেশনের সাথে সংযুক্ত করা হয়েছে যা একটি স্থানান্তরণ নামে পরিচিত।

স্থানান্তর আরএনএ

আরএনএ স্থানান্তর (টিআরএনএ) একটি আরএনএ অণু যা প্রোটিন সংশ্লেষণে সাহায্য করে। এটির অনন্য আকৃতিটি একটি অ্যামিনো অ্যাসিড সংযুক্তি সাইট এবং অ্যামিনো অ্যাসিড সংযুক্তি সাইটের বিপরীত দিকে আণবিকের এক প্রান্তে একটি এন্টিকডন অঞ্চল রয়েছে। অনুবাদ চলাকালীন, টিআরএনএর এন্টিকডন অঞ্চলটি মেসেঞ্জার আরএনএ (এমআরএনএ) এ একটি নির্দিষ্ট এলাকা সনাক্ত করে যা একটি কোডন নামে

পরিচিত। একটি codon তিনটি অবিচ্ছিন্ন নিউক্লিওটাইড ঘাঁটি গঠিত যা একটি বিশেষ অ্যামিনো অ্যাসিড নির্দিষ্ট বা অনুবাদ শেষ সংকেত। এমআরএনএ অণুতে তার পরিপূরক কোডন ক্রম সহ টিআরএনএ অণুটি ভিত্তি জোড়া গঠন করে। TRNA অণুর উপর সংযুক্ত আমিনো এসিডটি ক্রমবর্ধমান প্রোটিন শেলিতে তার সঠিক অবস্থানে স্থাপন করা হয়।

প্রাণিবৈচিত্র্য

পৃথিবীর সমস্ত জলচর, স্থলচর ও খেচর প্রাণীর মধ্যে যে জিনগত, প্রজাতিগত ও বাস্তুসংস্থানগত বিভিন্নতা দেখা যায়, সেটিই হচ্ছে প্রাণীর বিভিন্নতা ও প্রাণী বৈচিত্র্য।

জীববিজ্ঞানীগণ এ পর্যন্ত প্রায় 2 লক্ষ 70 হাজার ভাস্কুলার উদ্ভিদ এবং 15 লক্ষেরও বেশি প্রাণী প্রজাতি শনাক্ত করেছেন ।এসব প্রজাতির মধ্যে নানান কারণে ভিন্নতা দেখা দেওয়া সত্ত্বেও সহজভাবে অধ্যয়ন করার জন্য প্রাণীবিজ্ঞানীগণ বিভিন্ন বৈশিষ্ট্যের উপর ভিত্তি করে নির্দিষ্ট নিয়ম অনুযায়ী প্রাণীজগতকে শ্রেণীবিন্যাস করেছেন।

প্রাণীবৈচিত্র্য কি?

পৃথিবীর সমস্ত পরিবেশ যেমন পাহাড়, তুন্দ্রা অঞ্চল, মরুভূমি, সমতল ভূমিতে বিভিন্ন প্রাণীর মধ্যে জিনগত, প্রজাতিগত,বাস্তুসংস্থানগত যে জীববৈচিত্র্য দেখা যায় সেটাই প্রাণীবৈচিত্র্য। দেহের গঠন প্রণালী থেকে শুরু করে খাদ্যগ্রহণ, চলন, প্রজনন ইত্যাদি বিষয়ে প্রায় সকল প্রাণীর মধ্যে সুস্পষ্ট পার্থক্য বিদ্যমান।পৃথিবীর বিচিত্র সব পরিবেশে দৃশ্যমান এবং অদৃশ্যমান প্রাণীরা বিচরণ করে। প্রত্যেক প্রাণী তাদের স্বাতন্ত্র্য বৈশিষ্ট্যে বৈশিষ্ট্যমণ্ডিত।

পৃথিবীর বিচিত্র এবং অনন্য বৈশিষ্টমন্ডিত পরিবেশে কোনো প্রাণী সাঁতার কেটে বেড়াচ্ছে, আবার কোনো প্রাণী মন্থর গতিতে হেঁটে চলেছে অথবা কোনো প্রাণী দ্রুত, কোনো প্রাণী হয়তোবা গাছের ডালে দোল খাচ্ছে, কোনো কোনো প্রাণী ঝাকে ঝাকে পরিযায়ী হচ্ছে, আবার অনেক প্রাণী এতই ছোট যে অণুবীক্ষণ যন্ত্রের সাহায্য ছাড়া দেখাই যায় না। যেমন,ব্যাকটেরিয়া।এদের মধ্যে খাদ্য গ্রহণ প্রক্রিয়াতেও ভিন্নতা লক্ষ্য করা যায় ।যেমন, এদের কেউ তৃণভোজী, আবার কেউ মাংসাশী, কেউ সর্বভুক কিংবা কেউ পরজীবী।

RAISUL ISLAM HRIDOY

প্রাণী বৈচিত্র্যের প্রকারভেদ:

প্রাণীবৈচিত্র্য নিম্নলিখিত তিন প্রকার

1.জিনগত বৈচিত্র্য

2.প্রজাতিগত বৈচিত্র্য

3.বাস্তুতান্ত্রিক বৈচিত্র্য

1. জিনগত বৈচিত্র:

একই প্রজাতির অন্তর্গত বিভিন্ন প্রাণীর মধ্যে জিনগত পার্থক্যের কারণে উক্ত প্রজাতির মধ্যে যে বৈচিত্র্যের উদ্ভব হয় তাই জিনগত বৈচিত্র।এই ধরনের বৈচিত্র্য যেহেতু একই প্রজাতির মধ্যে দেখা যায় সেহেতু এটা অন্তঃপ্রজাতিক বৈচিত্র্য। যেমন একজন আফ্রিকান মানুষ এবং একজন শ্বেতাঙ্গ মানুষ একই প্রজাতির অর্থাৎ হোমো স্যাপিয়েন্সের অন্তর্ভুক্ত হলেও তাদের চোখের রঙ, গায়ের রং, আকৃতিতে কিছুটা পার্থক্য লক্ষ্য করা যায়। জিনগত পার্থক্যের কারণেই এদের মধ্যে বৈচিত্র্যতা দেখা দিয়েছে।

2.প্রজাতিগত বৈচিত্র্য:

ভিন্ন ভিন্ন প্রজাতির জীবের মধ্যে বিদ্যমান বৈচিত্র্যকে প্রজাতিগত বৈচিত্র বলা হয়। দুইটি ভিন্ন প্রজাতির

প্রাণী কখনোই এক রকম হয় না।একই গণভুক্ত প্রজাতিগুলোর মধ্যে ক্রোমোজোম সংখ্যা ও আঙ্গিক গঠনের যথেষ্ট পার্থক্য লক্ষ্য করা যায়। যেমন, রয়েল বেঙ্গল টাইগার এবং সিংহ একই গণভুক্ত দুটি ভিন্ন প্রজাতির প্রাণী। এ ধরনের বৈচিত্র্যকে আন্তঃপ্রজাতিক বৈচিত্র বলা হয়। এদের মধ্যে গণপর্যায়ের বৈশিষ্ট্যপূর্ণ মিল থাকলেও প্রজাতি পর্যায়ে ক্রোমোজোম সংখ্যা ও জিনের বিন্যাস ভিন্ন হওয়ার ফলে এদের বৈশিষ্ট্যাবলীর মধ্যে প্রজাতিগত বৈচিত্র্য বিরাজ করে।

3.বাস্তুতান্ত্রিক বৈচিত্র্য:

পৃথিবীর বিভিন্ন অঞ্চলে ভিন্ন ভিন্ন জলবায়ুর সাথে জীবজগতের মিথস্ক্রিয়ায় ভিন্ন ভিন্ন পরিবেশীয় একক বা বায়োম সৃষ্টি হয়। যেমন মরুবায়োম,তৃণভূমি বায়োম। প্রতিটি বায়োমে নিজস্ব বৈশিষ্ট্যমন্ডিত বিভিন্ন প্রাণী বাস করে।তুন্দ্রা বায়োমের শ্বেত ভাল্লুক এবং বনভূমি বায়োমের ভাল্লুক এর মধ্যে এ বৈচিত্র্য বাস্তুতান্ত্রিক বৈচিত্র্যের একটি উদাহরণ।

উদ্ভিদবৈচিত্র্য

উদ্ভিদকুল (Flora) কোনো দেশ বা অঞ্চলের উদ্ভিদ সম্পদ। বাংলাদেশে রয়েছে প্রায় ৬০০০ প্রজাতির গাছগাছালি। এর মধ্যে প্রায় ৩০০ প্রজাতি বিদেশ থেকে আনা হয়েছে। আটটি প্রজাতি একান্তভাবেই বাংলাদেশের স্থানীয় (endemic)। বাংলাদেশের উদ্ভিদ প্রজাতির প্রায় ৫,০০০টি আবৃতবীজ উদ্ভিদ (সপুষ্পক উদ্ভিদ) এবং চারটি অনাবৃতবীজ উদ্ভিদ। এদেশে যে ৯৫টি প্রজাতি বিপন্ন বলে বিবেচিত তার মধ্যে ৯২টি আবৃতবীজ এবং তিনটি অনাবৃতবীজ উদ্ভিদ। কেবল স্বাদুপানির পরিবেশ থেকেই প্রায় ৩০০ প্রজাতির শৈবালের নাম লিপিবদ্ধ করা হয়েছে। অল্প লোনা পানি এবং সামুদ্রিক আবাসে এদের আরও অনেক প্রজাতি রয়েছে। দেশের ছত্রাক সম্বন্ধে তথ্য এখনও সম্পূর্ণ নয়। বাংলাদেশে প্রায় ২৫০ প্রজাতির ব্রায়োফাইট (bryophyte) রয়েছে এবং এদেশে প্রাপ্ত প্রায় ২৫০টিটেরিডোফাইট (pteridophyte) প্রজাতির মধ্যে ২৩০টি ফার্নজাতীয়।

অর্থকরী উদ্ভিদ ব্যবসা-বাণিজ্য ও শিল্পে ব্যবহৃত উদ্ভিদ বা উদ্ভিদজাত দ্রব্য। সারা পৃথিবীতে গুরুত্বপূর্ণ অর্থকরী উদ্ভিদ প্রজাতি আছে প্রায় ৫০০০। বাংলাদেশেও পর্যাপ্ত অর্থকরী উদ্ভিদ রয়েছে। এদেশের মোট সপুষ্পক উদ্ভিদ প্রজাতির মধ্যে ৩২০টি অর্থনৈতিকভাবে গুরুত্বপূর্ণ। এগুলির মধ্যে ১৫০টি ফসল প্রজাতিই মুখ্য, বাকিগুলির বিপণন নির্দিষ্ট এলাকা বা স্থানীয় লোকদের মধ্যে সীমিত। অর্থকরী উদ্ভিদের মধ্যে ধান, গম ও জোয়ারের মতো দানাশস্যের চাষ ব্যাপক। ধানের পর সর্বাধিক গুরুত্বপূর্ণ অর্থকরী উদ্ভিদ পাট, চা এবং আখ। পাট ও চা প্রধান অর্থকরী ফসল। অন্যান্য অর্থকরী উদ্ভিদের মধ্যে আছে তেলবীজ, আলু, মিষ্টিআলু, তামাক, তুলা ও কয়েক জাতের ডাল। ফল হিসেবেও অনেকগুলি প্রজাতির চাষ হয়। কাঁঠাল ও আম এদেশে পর্যাপ্ত জন্মায়। অন্যান্য সাধারণ ও অর্থকরী ফল কালোজাম, পেয়ারা, আনারস, লিচু, কলা, নারিকেল, কুল, পেঁপে, আমড়া, নানা জাতের লেবু, তরমুজ, শসা, আতা ও শরিফা, বেল ও ডালিম। তিসি, সরিষা, তিল, চীনাবাদাম, কুসুম এগুলিই প্রধান তেলপ্রদায়ী ফসল। শাকসবজির মধ্যে উল্লেখযোগ্য লাউ, কুমড়া, বেগুন, টমেটো, ঢেঁড়শ, পেঁপে, শিম, পালং, মুলা, বাঁধাকপি, ফুলকপি, ডাঁটা ও লতালু। মূল্যবান কাঠ প্রদায়ী বৃক্ষের মধ্যে সেগুন, গর্জন, শাল, গামারি, সুন্দরি, কড়ই, রেইনট্রি, সিভিট, জারুল, শিশু ও তেলসুর উল্লেখযোগ্য। চর্ব্য হিসেবে ব্যবহৃত সুপারিও গুরুত্বপূর্ণ। আদা, হলুদ, পিঁয়াজ, রসুন, ধনে, কালোজিরা, মরিচ, গোলমরিচ, মেথি, দেশি দারচিনি ইত্যাদি মসলাও অর্থকরী। বাঁশ ও বেতের অনেকগুলি প্রজাতি নিত্যদিনের নানা পণ্য তৈরিতে ব্যবহার্য। কাগজ ও মন্ড প্রস্তুতের প্রধান কাঁচামাল কয়েক প্রজাতির বাঁশ, গেওয়া ও কড়ই গাছ।

RAISUL ISLAM HRIDOY

খয়ের গাছ থেকে রঞ্জক পাওয়া যায়। ডালিয়া, গোলাপ, হাসনাহেনা, মালতি, জুঁই, গন্ধরাজ, গাঁদা, জবা, জিনিয়া ইত্যাদি বাগানের উল্লেখযোগ্য ফুল। প্রধান ভেষজ উদ্ভিদের মধ্যে আছে সর্পগন্ধা, হরীতকী, কুমারিকা, ঘৃতকুমারি, যষ্টিমধু, কুরচি, নক্সভূমিকা, কালমেঘ, নিম, বিষকাঁটালি ও বাসক। মিষ্টি রসের জন্য তাল ও খেজুর প্রসিদ্ধ। অপুষ্পক উদ্ভিদেরও অর্থনৈতিক গুরুত্ব আছে, যেমন মাশরুম ও সামুদ্রিক শৈবাল Hypnea। ফার্ন জাতীয় উদ্ভিদের কিছু প্রজাতি সবজি ও বাহারি গাছ হিসেবে আদৃত যেমন Selaginella, Nephrolepis, Adeantum ও Asplenium। সম্প্রতি বাংলাদেশে কিছু বিদেশি অর্থকরী উদ্ভিদের চাষ চলছে যেমন ভুট্টা, সয়াবিন, মেহগনি, অ্যাকাসিয়া, সূর্যমুখী, আঙুর ও রাবার।

ভেষজ উদ্ভিদঃ- ভেষজ গুণসম্পন্ন এবং পশু ও মানুষের রোগনিবারক উদ্ভিদ। এ উপমহাদেশের লোকচিকিৎসার সংহিতায় (Materia Medica) ভেষজ উদ্ভিদের সংখ্যা বর্তমানে প্রায় ২০০০ বলে উল্লেখ আছে। এগুলির মধ্যে বাংলাদেশে জন্মে এমন ৪৫০-৫০০ প্রজাতির উদ্ভিদ এ পর্যন্ত শনাক্ত করা গেছে।

লোকজ ভেষজ জ্ঞানঃ- (Indigenous knowledge and herbal medicine) বাংলাদেশের সাধারণ মানুষের প্রাথমিক চিকিৎসায় সনাতন স্বাস্থ্যসেবার ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। সকল প্রকার জ্ঞান ও বিচক্ষণতার মতো লোকপ্রজ্ঞাও মানুষের সরল শুদ্ধাশুদ্ধ পদ্ধতির প্রয়োগ থেকে জন্মে। সনাতন পদ্ধতিসমূহের মধ্যে লোকপ্রজ্ঞা রোগ শনাক্তকরণ ও স্বাস্থ্যসেবায় প্রধান ভূমিকায় রয়েছে। দ্রুত পশ্চিমায়ন ও আধুনিক ঔষধপত্রের প্রচলনের ফলে অনেক অঞ্চলেই সংশ্লিষ্ট লোকপ্রজ্ঞাসহ সনাতন চিকিৎসা পদ্ধতির ওপর প্রতিকূল প্রভাব পড়েছে। বিশেষভাবে দ্রুত শিল্পায়িত এলাকাগুলিতে লোকপ্রজ্ঞা ও সনাতন চিকিৎসা পদ্ধতি লোপ পেতে চলেছে। আয়ুর্বেদ, হেকিমি ও ইউনানি চিকিৎসার মতো সুলিখিত ও সুনিবন্ধিত পদ্ধতির ক্ষেত্রে বিপদের ঝুঁকি তেমন বেশি নয়। কিন্তু অলিখিত পদ্ধতি বা লোকচিকিৎসা যা মুখে মুখে প্রজন্মান্তরে হস্তান্তরিত, সেগুলির বিপদ অত্যধিক। গ্রামাঞ্চলের কবিরাজি চিকিৎসা লোকপ্রজ্ঞাভিত্তিক চিকিৎসার একটি দৃষ্টান্ত যা প্রাগৈতিহাসিক কাল থেকে ব্যবহৃত ও আদৃত হয়ে আসছে।

বিপন্ন উদ্ভিদঃ- বিভিন্ন পর্যায়ের বিপন্ন অবস্থায় টিকে আছে। ১৯৯২ সালে ব্রাজিলের রিও ডি জেনিরিও-তে আহূত শীর্ষ সম্মেলনে বিশ্বের সকল জাতির প্রতিনিধিরা জীববৈচিত্র্য কনভেনশন (Convention on Biological Diversity/CBD) নামের এক দলিলে স্বাক্ষর করেন এবং তাতে গোটা মানবজাতির কল্যাণের জন্য নিজ নিজ দেশে জীববৈচিত্র্য সুরক্ষার দায়িত্ব তাদের ওপর বর্তায়। বাংলাদেশও এ সনদের স্বাক্ষরদাতা।

সকল শিল্পোন্নত দেশ ও অধিকাংশ উন্নয়নশীল দেশ ইতোমধ্যেই নিজ নিজ রাজনৈতিক ভৌগোলিক এলাকার বিপন্ন প্রজাতির সম্পূর্ণ তালিকা প্রস্তুত এবং নাম, শনাক্তির তথ্যাদি, চিত্র, দেশ ও দেশের বাইরে প্রজাতির বিস্তার, প্রাকৃতিক পরিবেশে বিপন্ন প্রজাতির অবস্থান, বিপন্নতার সুনির্দিষ্ট কারণ, সংরক্ষণের সর্বোত্তম উপায় ইত্যাকার সংশ্লিষ্ট তথ্যাদি সরবরাহ করেছে। এসব তথ্যের সংকলন লাল তথ্য বই (Red Data Book) নামে পরিচিত এবং এটি বিপন্ন প্রজাতিসমূহ সংরক্ষণের কর্মসূচি বাস্তবায়নের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ।

উদ্ভিদের প্রকারভেদ

উদাহরণসহ উদ্ভিদের শ্রেণিবিন্যাস করুন।

উদাহরণসহ উদ্ভিদের শ্রেণিবিন্যাস:

ফুলের উপর ভিত্তি করে উদ্ভিদকে প্রধানত দুই শ্রেণিতে বিভক্ত করা হয়েছে। যেমন-

১) অপুষ্পক উদ্ভিদ এবং

RAISUL ISLAM HRIDOY

২) সপুষ্পক উদ্ভিদ

১) অপুষ্পক উদ্ভিদঃ

এদের ফুল হয় না। ফুল হয় না বলে এদের বীজ ও ফল হয় না। রেণু দিয়ে এদের বংশ বৃদ্ধি ঘটে। যেমন- স্পাইরোগাইরা,অ্যাগারিকাস,ক্লোরেলা ইত্যাদি।

উদ্ভিদের মূল,কাণ্ড ও পাতার উপর ভিত্তি করে অপুষ্পক উদ্ভিদকে আবার তিন ভাগে ভাগ করা হয়েছে। যথা- ক) সমাঙ্গবর্গ, খ) মসবর্গ এবং গ) ফার্ণবর্গ।

ক) সমাঙ্গবর্গঃ

যেসব উদ্ভিদের দেহকে মূল,কাণ্ড ও পাতায় বিভক্ত করা যায় না সেসব উদ্ভিদকে সমাঙ্গবর্গ উদ্ভিদ বলে। এ দলের উদ্ভিদগুলো এককোষী বা বহুকোষী এবং ক্লোরোফিলযুক্ত বা ক্লোরোফিলবিহীন হয়ে থাকে। এদের কোন পরিবহণ তন্ত্র নেই। খাদ্য তৈরির সক্ষমতার উপর ভিত্তি করে সমাঙ্গবর্গীয় উদ্ভিদকে পুনরায় দুই শ্রেণিতে ভাগ করা হয়েছে। যথা- ১) শৈবাল এবং ২) ছত্রাক

১) শৈবাল:

বাড়ির পাশে আবদ্ধ জলাশয়ে, জমে থাকা বৃষ্টির পানি, নর্দমা, কলের পাড়ে স্যাঁতসেঁতে মাটিতে সবুজ জাতীয় উদ্ভিদকে শৈবাল বলে। এদের দেহে সালোক সংশ্লেষণের বর্ণ কণিকা থাকে। এরা স্বভোজী। সূর্যালোক এদের জন্য অপরিহার্য। এরা এককোষী বা বহুকোষী হয়ে থাকে। যেমন- স্পাইরোগাইরা ও ক্লোরেলা।

২) ছত্রাক:

পঁচা, স্যাঁতসেঁতে জায়গা ভ্যাপসা আবহাওয়ায় ব্যাঙের ছাতার মতো ও বাসি, পচা রুটির উপর তুলার অংশের মতো একপ্রকার বস্তু দেখা যায়, এদেরকে ছত্রাক বলে। এদের দেহে সালোক সংশ্লেষণের বর্ণকণিকা ক্লোরোফিল থাকে না, তাই এরা বর্ণহীন। এরা পরভোজী বা মৃতভোজী। সূর্যালোক এদের জন্য অপরিহার্য নয়। যেমন-অ্যারিকাস ও মিউকর।

খ) মসবর্গঃ

এই জাতীয় উদ্ভিদের দেহে কাণ্ড ও পাতাকে পৃথকভাবে শনাক্ত করা যায়। আর সুগঠিত মূলের পরিবর্তে রাইজয়েড থাকে। দেহে ক্লোরোফিল থাকার জন্য নিজের খাদ্য নিজে প্রস্তুত করতে পারে। এরা ছায়াযুক্ত স্যাঁতসেঁতে মাটি, পুরানো দেয়াল ও ছাদে, পুরানো গাছের কান্ড ইত্যাদির উপর জন্মে। যেমন- মস।

গ) ফার্নবর্গঃ

এসব উদ্ভিদের দেহ, কাণ্ড ও পাতায় বিভক্ত করা যায়। এ জাতীয় উদ্ভিদ নিজেরা খাদ্য প্রস্তুত করতে পারে। এরা স্যাঁতসেঁতে ছায়াযুক্ত স্থান এবং পুরানো দেয়ালে জন্মে। ছায়াযুক্ত অপুষ্পক উদ্ভিদের মধ্যে এরা সর্বাপেক্ষা উন্নত। যেমন- ঢেঁকিশাক।

২) সপুষ্পক উদ্ভিদঃ

যে সকল উদ্ভিদের ফুল হয় তাদেরকে সপুষ্পক উদ্ভিদ বলে। এদের দেহকে মুল, কান্ড ও পাতায় বিভক্ত করা যায়। বীজের গঠনের উপর ভিত্তি করে সপুষ্পক উদ্ভিদকে দুই ভাবে বিভক্ত করা হয়েছে। যথা- ক) নগ্নবীজী উদ্ভিদ এবং খ) আবৃতবীজী উদ্ভিদ।

ক) নগ্নবীজী উদ্ভিদঃ

এসব উদ্ভিদের সত্যিকার ফুল হয় না অর্থাৎ এদের ফুলে গর্ভাশয় থাকে না। গর্ভাশয় থাকে না বলে এদের ফল হয় না আর ফল হয় না বলে বীজ নগ্ন অবস্থাতে থাকে। যেমন-সাইকাস, পাইন গাছ।

RAISUL ISLAM HRIDOY

খ) আবৃতবীজী উদ্ভিদঃ

যে সকল উদ্ভিদের ফুল হয়, ফল হয় এবং বীজ ফলের মধ্যে আবৃত অবস্থায় থাকে তাদেরকে আবৃতবীজী উদ্ভিদ বলে। সপুষ্পক উদ্ভিদের মধ্যে এরা সর্বাপেক্ষা উন্নত শ্রেণির। যেমন-আম, জাম, পেয়ারা ইত্যাদি। আবৃতবীজী উদ্ভিদ আবার দুই প্রকার। যথা-১) দ্বিবীজপত্রী উদ্ভিদ এবং ২) একবীজপত্রী উদ্ভিদ

১) দ্বিবীজপত্রী উদ্ভিদ:

যেসব উদ্ভিদের বীজে দুইটি বীজপত্র থাকে তাকে দ্বিবীজপত্রী উদ্ভিদ বলে। যেমন-আম, জাম, বাদাম, শিম, ছোলা প্রভৃতি।

২) একবীজপত্রী উদ্ভিদ:

যে উদ্ভিদের বীজে একটিমাত্র বীজপত্র থাকে, সেই উদ্ভিদকে একবীজপত্রী উদ্ভিদ বলা হয়। উদাহরণ- ধান, গম, ভুট্টা, নারকেল ইত্যাদি।

অপুষ্পক উদ্ভিদ ও সপুষ্পক উদ্ভিদ কাকে বলে? ৩টি করে উদাহরণসহ ব্যাখ্যা করুন।

অপুষ্পক উদ্ভিদঃ

এদের ফুল হয় না। ফুল হয় না বলে এদের বীজ ও ফল হয় না। রেণু দিয়ে এদের বংশ বৃদ্ধি ঘটে। যেমন-

i) স্পাইরোগাইরা,

ii) অ্যাগারিকাস,

iii) ক্লোরেলা ইত্যাদি।

সপুষ্পক উদ্ভিদঃ

যে সকল উদ্ভিদের ফুল হয় তাদেরকে সপুষ্পক উদ্ভিদ বলে। এদের দেহকে মূল,কান্ড ও পাতায় বিভক্ত করা যায়। যেমন-

i) পাইন,

ii) ধান,

iii) শিম ইত্যাদি।

RAISUL ISLAM HRIDOY

অপুষ্পক ও সপুষ্পক উদ্ভিদের পার্থক্য দেওয়া হলো:

অপুষ্পক	সপুষ্পক
১. এদের ফুল ও ফল হয় না।	১. এদের ফুল ও ফল হয়।
২. এ ধরনের উদ্ভিদের মূল,কাণ্ড ও পাতা নেই।	২. এ ধরনের উদ্ভিদের মূল,কাণ্ড ও পাতা আছে।

৩. অপুষ্পক উদ্ভিদ সাধারণত নিজের খাদ্য নিজে তৈরি করতে পারে না।	৩. সপুষ্পক উদ্ভিদ সাধারণত নিজের খাদ্য নিজে তৈরি করতে পারে।
৪. এসব উদ্ভিদের মূল মাটির গভীরে যায় না।	৪. এসব উদ্ভিদের মূল মাটির গভীরে প্রবেশ করে।
৫. এরা আকার-আকৃতিতে ছোট ও নরম।	৫. এরা আকার-আকৃতিতে বড় ও শক্ত।

একবীজপত্রী ও দ্বিবীজপত্রী উদ্ভিদের মধ্যে পার্থক্য:

একবীজপত্রী	দ্বিবীজপত্রী
১) যেসব উদ্ভিদের বীজে একটি মাত্র বীজপত্র থাকে তাকে একবীজ পত্রী উদ্ভিদ বলে।	১) যেসব উদ্ভিদের বীজে দুইটি বীজপত্র থাকে তাকে দ্বিবীজপত্রী উদ্ভিদ বলে।
২) প্রধান মূল থাকে।	২) গুচ্ছমূল থাকে।
৩) ধান, গম, ভুট্টা প্রভৃতি একবীজপত্রী উদ্ভিদের উদাহরণ।	৩) ছোলা, মটর, শিম, প্রভৃতি দ্বিবীজপত্রী উদ্ভিদের উদাহরণ।
৪) একবীজপত্রী উদ্ভিদের বীজের খোসা ছাড়ানো খুব সহজ নয়।	৪) দ্বিবীজপত্রী উদ্ভিদের বীজের খোসা ছাড়ানো অপেক্ষাকৃত সহজ।

RAISUL ISLAM HRIDOY

কোষ বিভাজন

ইংরেজি ভাষায় Cell (ল্যাটিন Cellula অর্থ ছোট ঘর) (কুঠুরী, প্রকোষ্ঠ, মৌমাছির ঘর) শব্দটি এসেছে গ্রীক kytos – ফাঁকা আধার বা স্থান থেকে। বৃটিশ বিজ্ঞানী রবার্ট হুক (Robert Hooke) ১৬৬৫ সালে Cell শব্দটিকে বিশেষ অর্থে সর্বপ্রথম ব্যবহার ও প্রয়োগ করেন যার বাংলা পরিভাষা কোষ। Cell বা কোষ হলো জীবদেহের গঠনগত ও কার্যগত একক। এককোষী বা অকোষী জীবদেহ একটি মাত্র কোষ নিয়ে গঠিত। কিন্তু

বহুকোষী জীবদেহ অসংখ্য কোষের সমষ্টি। এ অসংখ্য কোষ সমষ্টির মিলিত প্রয়াসেই বহুকোষী জীবদেহের সমস্ত জৈবনিক কার্যাবলি সম্পন্ন হয়ে থাকে। জীবনের উৎপত্তি, অবস্থান, জৈবিক কার্যাবলি, বিবর্তন সবই কোষ ভিত্তিক।

দৈহিক গঠন, জীবনযাত্রা প্রণালী ও শারীরবৃত্তীয় কার্যকলাপের দিক থেকে বিবেচনা করে কোষের একাধিক সংজ্ঞা প্রচলিত আছে।

(i) Swanson I Webster (১৯৭৮) এর মতে জীবনের ভৌত সত্তার মৌলিক একককে কোষ বলে।

(ii) De Robertis (১৯৭৮) এর মতে জীবদেহের গাঠনিক ও জৈবনিক কার্যনির্বাহী একককে কোষ বলে।

(ii) ১৯৮৩ সালে লোয়ী এবং সিকেভিজ (Loewy & Sickevitz) নামক দুজন কোষবিজ্ঞানীর মতে অর্ধ প্রবেশ্য পর্দা দ্বারা আবৃত এবং অন্য জৈবতন্ত্রবিহীন মাধ্যমে স্বপুনরুৎপাদনে সক্ষম জীবক্রিয়ার এককের নাম কোষ।

(iv) আধুনিক কালের ধারণা অনুযায়ী, "প্লাজমা পর্দাবেষ্টিত এবং নিউক্লিয়াস নিয়ন্ত্রিত একখণ্ড সাইটোপ্লাজমকে কোষ বলে"।

কোষ হলো জীবদেহের গঠন ও কাজের একক যা স্বনির্ভর ও আত্মপ্রজননশীল, প্রভেদভেদ্য পর্দা দিয়ে পরিবেষ্টিত অবস্থায় প্রোটোপ্লাজম নিয়ে গঠিত এবং পূর্বতন কোষ থেকে সৃষ্ট।

কোষবিদ্যাঃ জীববিজ্ঞানের যে শাখায় কোষের পদার্থিক বা ভৌত ও রাসায়নিক গঠন, জৈবিক কার্যাবলি, বিকাশ, পরিস্ফুরণ, কোষ অঙ্গাণুর গঠন এবং বিভাজন দ্বারা পূর্বতন কোষ থেকে নতুন কোষের উৎপত্তি প্রভৃতি অর্থাৎ এক কথায়, কোষ সম্পর্কে গবেষণা ও পর্যালোচনা করা হয় তাকে কোষবিদ্যা বা Cytology বলা হয়।

কোষের প্রকারভেদ (Types of Cell): ১৯৪৯ সালে জার্মান বিজ্ঞানী ফট (Fott) কোষের নিউক্লিয়াসের গঠনের উপর ভিত্তি করে কোষকে দু'ভাগে ভাগ করেছেন, যথাঃ (i) আদিকোষ (Prokaryotic Cell) এবং (ii) প্রকৃত কোষ (Eukaryotic Cell)।

(i) আদিকোষ (Prokaryotic Cell): যে সব কোষে সুসংগঠিত ও সুনির্দিষ্ট নিউক্লিয়াস নেই সেই কোষকে আদি কোষ বলা হয়। আদি কোষের সাইটোপ্লাজমে রাইবোসোম ব্যতীত অন্য কোন ক্ষুদ্রাঙ্গ (যথা- মাইটোকন্ড্রিয়া, গলজি বডি, প্লাস্টিড, এন্ডোপ্লাজমিক রেটিকুলাম ইত্যাদি) থাকে না। সাধারণত ফিশান (Fission) অথবা অ্যামাইটোটিক পদ্ধতিতে কোষ বিভাজন সম্পন্ন হয়। ভাইরাস, ব্যাকটেরিয়া, নীলাভ সবুজ শৈবাল এর কোষ আদিকোষের প্রকৃষ্ট উদাহরণ।

ii) প্রকৃত কোষ (Eukaryotic Cell): Eukaryotic শব্দটি গ্রিক শব্দ থেকে নেয়া হয়েছে যার অর্থ eu = good; karyon = nucleus অর্থাৎ ভাল নিউক্লিয়াসযুক্ত কোষ। জড় কোষপ্রাচীর বিশিষ্ট যে সব সুগঠিত ও সুনির্দিষ্ট নিউক্লিয়াস বিদ্যমান সেই কোষকে প্রকৃত কোষ বলা হয়।

শারীরবৃত্তীয় কাজের তারতম্যের উপর ভিত্তি করে একটি বহুকোষী জীবের কোষগুলোকে দু'ভাগে ভাগ করা যায়ঃ

১। দেহকোষ (Somatic Cell): বহুকোষী যেসব কোষ শুধু জীবদেহ গঠন করে, জনন কাজে অংশগ্রহণ করে না, সেগুলোকে দেহকোষ বলে। মাইটোসিস বিভাজন প্রক্রিয়ায় পুরনো দেহকোষ থেকে নতুন দেহকোষ সৃষ্টি হয়।

২। জননকোষ বা গ্যামিট (Reproductive Cell or Gamete): বহুকোষী জীবের যেসব কোষ শুধু জনন

RAISUL ISLAM HRIDOY

কাজে অংশগ্রহণ করে, সেগুলোকে জননকোষ বলে। জননকোষ দুরকমের, যথা- শুক্রাণু ও ডিম্বাণু। এরা মিয়োসিস বিভাজন প্রক্রিয়ায় যথাক্রমে শুক্রাণু মাতৃকোষ ও ডিম্বাণু মাতৃকোষ থেকে সৃষ্টি হয়।

কোষর নিউক্লিয়াসে উপস্থিত ক্রোমোসোমের সংখ্যার ভিত্তিতে কোষ প্রধানত দুই প্রকার। যথা-

১। ডিপ্লয়েড কোষ (Diploid Cell): এসব কোষের নিউক্লিয়াসে দু'সেট (2n) ক্রোমোসোম থাকে। প্রতিসেট ক্রোমোসোমকে একত্রে জিনোম বলে। সুতরাং, ডিপ্লয়েড কোষে দু'সেট জিনোম থাকে। সব উদ্ভিদ ও প্রাণির দেহ কোষ ডিপ্লয়েড (2n) অর্থাৎ দুসেট জিনোমবিশিষ্ট।

২। হ্যাপ্লয়েড কোষ (Haploid Cell): যৌন প্রজননকারী প্রাণিদের দেহে পুরুষ ও স্ত্রী জনন কোষ তৈরি হয়। এসব কোষ হ্যাপ্লয়েড (n) ক্রোমোসোমবিশিষ্ট একক এবং চলনক্ষম (motile), হ্যাপ্লয়েড পুরুষ ও স্ত্রী গ্যামিট অর্থাৎ শুক্রাণু (n) এবং ডিম্বাণুর (n) নিষেকের ফলে ডিপ্লয়েড জাইগোট এবং ভ্রূণানু (2n) গঠিত হয়ে শিশুজীবের জীবনের সূচনা হয়।

কোষ পরিমাপের একক (Units of Cell Measurement): কোষ পরিমাপের একক হিসেবে মাইক্রোন (μ) ও অ্যাংস্ট্রম (Å) এর পরিবর্তে বর্তমানে আন্তর্জাতিকভাবে মাইক্রোমিটার (μm) এবং ন্যানোমিটার (nm) ব্যবহৃত হয়।

১ মাইক্রোমিটার (μm) = ১ মাইক্রোন (μ) = ০.০০১ মিলিমিটার (mm)

১ ন্যানোমিটার (nm) = ০.০০১ মাইক্রোমিটার () = ১০ অ্যাংস্ট্রম (Å)

অন্যান্য তথ্য

যে প্রক্রিয়ায় মাতৃ কোষ বিভাজিত হয়ে অপত্য কোষ সৃষ্টি করে তাকে কোষ বিভাজন বলে।

এটি প্রধানত তিন প্রকারের। যথা

1) মাইটোসিস।

2) মিয়োসিস।

3) অ্যামাইটোসিস।

কোষ বিভাজনের সময় নিউক্লিয়াসের বিভাজনকে বলা হয় ক্যারিওকাইনেসিস। অপত্য নিউক্লিয়াস গঠিত হওয়ার পর কোষের সাইটোপ্লাজম সমান দুই ভাগে বিভক্ত হয়ে দুটি অপত্য কোষ সৃষ্টি করে এই পদ্ধতিকে সাইটোকাইনেসিস বলে।

উদ্ভিদ কোষে সাইটোকাইনেসিস কোশপাত বা সেলপ্লেট গঠনের মাধ্যমে সম্পন্ন হয়।

প্রাণী কোষে সাইটোকাইনেসিস ক্লিভেজ গঠনের মাধ্যমে সম্পন্ন হয়।

কোষ বিভাজনের প্রকারভেদ

মাইটোসিস কোষ বিভাজন কাকে বলে?

যে প্রক্রিয়ায় মাতৃ কোষের নিউক্লিয়াস একবার মাত্র বিভাজিত হয়ে সমআকৃতি, সমগুন, সমসংখ্যক ক্রোমোজোম বিশিষ্ঠ দুটি অপত্য কোষ সৃষ্টি করে তাকে মাইটোসিস কোষ বিভাজন বলে।

মাইটোসিস কোষ বিভাজনে মাতৃকোষ থেকে সৃষ্ট অপত্য কোষে ক্রোমোজোম সংখ্যা ও সাইটোপ্লাজম এর পরিমান একই থাকে। তাই মাইটোসিস কে সম বিভাজন বা সদৃশ বিভাজন বলে।

মাইটোসিস কোষ বিভাজনের স্থান

বর্ধনশীল মূলের অগ্রভাগে এবং কাণ্ডে, প্রাণীদের ভ্রূণের পরিস্ফুটনের সময় সমস্ত দেহ কোষের এই বিভাজন পরিলক্ষিত হয়।

RAISUL ISLAM HRIDOY

মাইটোসিস প্রধানত দেহের কোষের বিভাজন। এর পদ্ধতি চারটি দশায় সম্পন্ন হয়। যথা–

1) প্রোফেজ

2) মেটাফেজ

3) অ্যানাফেজ এবং

4) টেলোফেজ।

প্রোফেজ দশায় ক্রোমোজোমের স্থুলী করন, আকৃতি হ্রাস, কুণ্ডলীকরণ ঘটে। এইসময় ক্রোমোজোমের ক্রোমাটিডদ্বয় সেন্ট্রোমিয়ার এর সঙ্গে যুক্ত থেকে পাশাপাশি অবস্থান করেন।

মেটাফেজ দশার শুরুতে নিউক্লিয় পর্দা এবং নিউক্লিওলাসের বিলুপ্ত হয় এবং বেম তন্তু গঠিত হয়। ক্রোমোজোম গুলি বেম তন্তুর বিষুব অঞ্চলে অবস্থান করে। এই দশায় ক্রোমোজোম গুলি সর্বাপেক্ষা স্থুল ও স্পষ্ট হয়।

অ্যানাফেজ দশায় সেন্ট্রোমিয়ার বিভাজিত হয় এবং ক্রোমোজোমের ক্রোমাটিডদ্বয় বিচ্ছিন্ন হয়ে অপত্য ক্রোমোজোম গঠন করে এবং বেমের বিপরীত মেরুর দিকে সরে যেতে থাকে। কোষ বিভাজনের এই দশা সেন্ট্রোমিয়ারের অবস্থানের উপর ভিত্তি করে ক্রোমোজোম গুলি V, L, I, J আকৃতির হয়।

টেলোফেজ দশায় অপত্য ক্রোমোজোমগুলি বেম এর বিপরীত মেরুতে পৌঁছায় এবং তাদের ঘিরে নিউক্লিয় পর্দার আবির্ভাব ঘটে, নিউক্লিওলাস এর পুনার্বি ভাব হয়ে দুটি অপত্য নিউক্লিয়াসের সৃষ্টি হয়।

মিয়োসিস কোষ বিভাজন কাকে বলে?

যে বিভাজন পদ্ধতিতে কোন মাতৃকোষের নিউক্লিয়াসটি পরপর দুবার বিভাজিত হয়ে মাতৃকোষের অর্ধসংখ্যক ক্রোমোজোম সমন্বিত চারটি অপত্য কোষ সৃষ্টি করে তাকে মিয়োসিস কোষ বিভাজন বলে।

মিয়োসিস কোষ বিভাজনের স্থান

প্রধানত জীবের জনন মাতৃকোষ, সপুষ্পক উদ্ভিদের পরাগধানী ও ডিম্বকের মধ্যে, সমস্ত ফার্ন জাতীয় উদ্ভিদের রেনু মাতৃকোষে, নিম্নশ্রেণীর উদ্ভিদে জাইগোস্পোরের অঙ্কুরোদগমের সময় এবং প্রাণী কোষের শুক্রাশয় এবং ডিম্বাশয় জনন কোষ উৎপাদনের সময় মিয়োসিস কোষ বিভাজন ঘটে।

মানুষের জনন মাতৃকোশের ক্রোমোজোম সংখ্যা 23 জোড়া। জনন মাতৃকোষ মিয়োসিস কোষ বিভাজন দ্বারা বিভাজিত হয়ে 23 টি ক্রোমোজোম বিশিষ্ট জনন কোষ উৎপন্ন হয়।

মিয়োসিস কোষ বিভাজনের বিভিন্ন দশা

মিয়োসিস কোষ বিভাজন প্রধানত জীবদেহের জনন মাতৃকোষ ঘটে। মাতৃ নিউক্লিয়াসের দুবার বিভাজন ঘটে প্রথমটি হ্রাস বিভাজন এবং দ্বিতীয়টির সদৃশ বিভাজন। মিয়োসিস বিভাজনের ফলে মাতৃ কোষের ক্রোমোজোমের সংখ্যা অপত্য কোষের অর্ধেক হয়ে যায়, এর ফলে প্রজাতির ক্রোমোজোম সংখ্যা ধ্রুবক থাকে।

প্রথম প্রফেজ-এর লেপ্টোটিন উপদশায় দ্বিগুণ সংখ্যক ক্রোমোজোম গুলি পা পাক হিন্দ লম্বা সুতোর মতো অবস্থান করে। জাইগোটিন উপদশায় সমসংস্থ মাতৃ ও পিতৃ ক্রোমোজোম জোড়ায় জোড়ায় অবস্থান করে এদের বাইভ্যালেন্ট বলে।

প্যাকেটিন উপদশায় বাইভ্যালেন্ট এর ক্রোমোজোম গুলি লম্বালম্বিভাবে বিভাজিত হয়ে টেট্রাড গঠন করে। এই উপদশায় ক্রসিংওভার ঘটে এবং ক্রসিংওভার এর ফলে প্রতি বাইভ্যালেন্টের দেহে X এর মত দৃশ্যমান অংশকে কায়াজমাটা বলে।

RAISUL ISLAM HRIDOY

ডিপ্লোটিন উপদশায় ক্রোমোজোমের কুণ্ডলীগুলি আরও বেশি বৃদ্ধি পায় এবং কায়াজমা ক্রমশ ক্রোমাটিডের প্রান্তের দিকে সরে যায়।

ডায়াকাইনেসিস উপদশায় কায়াজমা বাইভ্যালেন্টাইন এর প্রান্তে পৌঁছয় ক্রোমোজোম গুলি আকারে আরও ছোট ও মোটা হয়।

প্রথম মেটাফেজ দশায় বেম গঠিত হয় এবং বেমের বিষুব অঞ্চলে বাইভ্যালেন্ট গুলি অবস্থান করে।

প্রথম অ্যানাফেজ দশায় বাইভ্যালেন্ট এর ক্রোমোজোম দুটি বিপরীত মেরুর দিকে অগ্রসর হতে থাকে।

প্রথম টেলোফেজ দশায় দুটি অপত্য নিউক্লিয়াস উৎপন্ন হয়।

অপত্য নিউক্লিয়াস দুটি পুনরায় দ্বিতীয় প্রোফেজ, দ্বিতীয় মেটাফেজ, দ্বিতীয় অ্যানাফেজ, দ্বিতীয় টেলোফেজ, এর মাধ্যমে চারটি অপত্য নিউক্লিয়াস গঠন করে। চারটি অপত্য নিউক্লিয়াস সৃষ্টি হলে সাইটোকাইনেসিস ঘটে, ফলে চারটি অপত্য কোষ সৃষ্টি হয়। প্রতিটি অপত্য কোষ মাতৃকোষের অর্ধসংখ্যক ক্রোমোজোম বিশিষ্ট হয়।

অ্যামাইটোসিস কোষ বিভাজন কাকে বলে?

যে প্রক্রিয়ায় কোনো মাতৃকোষ তার নিউক্লিয়াসের সরাসরি বিভাজন ঘটিয়ে অপত্য কোষ সৃষ্টি করে তাকে অ্যামাইটোসিস কোষ বিভাজন বলে।

অ্যামাইটোসিস কোষ বিভাজনের স্থান

ব্যাকটেরিয়া এবং ইস্ট অ্যামিবা এককোষী জীব দেহের এই প্রকার কোষ বিভাজনে পরিলক্ষিত হয়।

ব্যাকটেরিয়া কোষ বিভাজনঃ- বাইনারি ফিশনের মাধ্যমে ঘটে। ডিভিসোম ব্যাকটিরিয়ার একটি প্রোটিন কমপ্লেক্স যা কোষ বিভাজন, বিভাজনের সময় অভ্যন্তরীণ এবং বাইরের ঝিল্লি সংকোচন এবং বিভাগে পেপটাইডোগ্লাইক্যান (পিজি) সংশ্লেষণের জন্য দায়ী। প্রোটিনের মতো একটি টিউবুলিন, FtsZ কোষ বিভাজনের জন্য একটি সংকোচনের রিং গঠনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।

RAISUL ISLAM HRIDOY

উদ্ভিদ ও প্রাণি কোষের পার্থক্য

উদ্ভিদ কোষ	প্রাণী কোষ
১। কোষপ্রাচীর থাকে।	১। কোষপ্রাচীর থাকেনা।
২। প্লাস্টিড থাকে।	২। প্লাস্টিড থাকেনা।
৩। কোষগহ্বর সাধারণত বড় হয় এবং কোষের মধ্যবর্তী স্থানে পাওয়া যায়।	৩। সমস্ত কোষ জুড়ে ছোট ছোট কোষগহ্বর থাকে।
৪। সেন্ট্রিয়োল থাকেনা (ব্যতিক্রম:- কিছু নিম্নশ্রেণীর উদ্ভিদের কোষে সেন্ট্রিয়োল থাকে)।	৪। সকল প্রাণী কোষে সেন্ট্রিয়োল থাকে।
৫। লাইসোসোমের উপস্থিতি বিরল।	৫। প্রাণী কোষে সবসময় লাইসোসোম থাকে।
৬। গ্লাইঅক্সিসোম থাকে।	৬। গ্লাইঅক্সিসোম থাকেনা।

৭। প্লাজমোডেসমাটা থাকে।	৭। প্লাজমোডেসমাটা থাকেনা।
৮। সঞ্চিত খাদ্য- স্টার্চ।	৮। সঞ্চিত খাদ্য- গ্লাইকোজেন।
৯। ডেসমোজোম থাকেনা।	৯। ডেসমোজোম থাকে।
১০। প্রাণী কোষের প্রয়োজনীয় সকল অ্যামিনো এসিড, কো-এনজাইম এবং ভিটামিন সংশ্লেষণ করতে সক্ষম।	১০। নিজের জন্য প্রয়োজন সকল অ্যামিনো এসিড, কো-এনজাইম এবং ভিটামিন সংশ্লেষণ করতে সক্ষম না।
১১। কোষপ্রাচীরের উপস্থিতির কারণে হাইপোটনিক দ্রবণে কোষ বিদীর্ণ হয় না।	১১। যেহেতু কোষপ্রাচীর অনুপস্থিত তাই প্রাণীকোষ হাইপোটনিক দ্রবণে বিদীর্ণ হয়ে যায়।
১২। মাইক্রোভিলাই থাকেনা।	১২। কোষঝিল্লিতে মাইক্রোভিলাই থাকে।

আরো তথ্যঃ-

১। প্রাণীর কোষগুলি সাধারণত উদ্ভিদের কোষের চেয়ে ছোট হয়। প্রাণীকোষ গুলির দৈর্ঘ্য 10 থেকে 30 মাইক্রোমিটার পর্যন্ত হয়, যখন উদ্ভিদের কোষগুলি 10 এবং 100 মাইক্রোমিটার দৈর্ঘ্যের হয়।

২। প্রাণী কোষ বিভিন্ন আকারে আসে এবং বৃত্তাকার বা অনিয়মিত আকার ধারণ করে। গাছের কোষগুলি আকারে আরও সমান এবং সাধারণত আয়তক্ষেত্রাকার বা ঘনক্ষেত্র আকারযুক্ত।

৩। প্রাণী কোষগুলি জটিল কার্বোহাইড্রেট গ্লাইকোজেন আকারে শক্তি সঞ্চয় করে। অন্যদিকে উদ্ভিদ কোষগুলি স্টার্চ হিসাবে শক্তি সঞ্চয় করে।

৪। প্রোটিন উত্পাদনের জন্য প্রয়োজনীয় ২০ টি অ্যামিনো অ্যাসিডের মধ্যে কেবলমাত্র 10 টি প্রাণীর কোষে প্রাকৃতিকভাবে উৎপাদিত হতে পারে। অন্যান্য তথাকথিত প্রয়োজনীয় অ্যামিনো অ্যাসিডগুলি অবশ্যই ডায়েটের মাধ্যমে গ্রহণ করা উচিত। গাছপালা সমস্ত 20 এমিনো অ্যাসিড সংশ্লেষ করতে সক্ষম।

৫। প্রাণীর কোষগুলিতে, কেবল স্টেম সেলগুলি অন্য কোষের ধরণের রূপান্তর করতে সক্ষম। অন্যদিকে বেশিরভাগ উদ্ভিদ কোষের প্রকারভেদ গুলি পার্থক্য করতে সক্ষম।

৬। কোষ বিভাজনের সময় সাইটোপ্লাজমের বিভাজন সাইটোকিনেসিস প্রাণীর কোষে ঘটে যখন একটি ক্লিভেজ ফেরো গঠন করে যা কোষের ঝিল্লিকে অর্ধেক করে দেয়। অন্যদিকে উদ্ভিদ কোষ সাইটোকেইনসিসে একটি সেল প্লেট নির্মিত হয় যা কোষকে বিভক্ত করে।

৭। প্রাণীর কোষগুলিতে লাইসোসোম থাকে যা এনজাইমগুলি ধারণ করে যা সেলুলার ম্যাক্রোমোকলিকুলস হজম করে। অন্যদিকে উদ্ভিদের কোষগুলিতে খুব কমই লাইসোসোম থাকে কারণ উদ্ভিদের শূন্যস্থান অণুর ক্ষয় পরিচালনা করে।

উদ্ভিদ ও প্রাণীর কাজ পরিচালনায় বিভিন্ন প্রকার কোষের ভূমিকা

কোষ জীবদেহের (উদ্ভিদ ও প্রাণী) গঠনের একক। এককোষী ও বহুকোষী প্রাণীদের কোষের কাজ ভিন্ন

RAISUL ISLAM HRIDOY

ভিন্নভাবে পরিচালিত হয়। পৃথিবীর আদি প্রাণের আবির্ভাবের প্রথম দিন থেকে আজ পর্যন্ত এককোষী প্রাণী প্রোটোজোয়া পর্বের প্রজাতিগুলো তাদের দেহের সব ধরনের ক্রিয়াকলাপ—যেমন খাদ্যগ্রহণ, দেহের বৃদ্ধি ও প্রজনন ঐ একটি কোষের মাধ্যেমেই সম্পন্ন করে থাকে। বহুকোষী প্রাণীদের দেহকোষের মাঝে ভিন্নতা আছে, আছে বৈচিত্র্য।

মানব দেহের অর্গান সিস্টেম

মানব শরীরের এক অঙ্গ হিসাবে একসঙ্গে কাজ করে বিভিন্ন অঙ্গ সিস্টেম গঠিত হয়। জীবনের পিরামিড যা জীবনের সমস্ত উপাদানকে বিভাগগুলিতে সংগঠিত করে, অঙ্গ সংগঠনগুলি একটি জীব ও তার অঙ্গগুলির মধ্যে নিস্তেজ হয়। অঙ্গ সিস্টেম একটি অঙ্গ মধ্যে যে অঙ্গ গ্রুপ।

মানব দেহের দশটি প্রধান অঙ্গ সিস্টেমগুলি প্রতিটি সিস্টেমের সাথে যুক্ত প্রধান অঙ্গ বা কাঠামোর সাথে নীচে তালিকাবদ্ধ। শরীরটি স্বাভাবিকভাবে কাজ করার জন্য প্রতিটি সিস্টেম সরাসরি বা পরোক্ষভাবে অন্যদের উপর নির্ভর করে।

অঙ্গ সংগঠনের আপনার জ্ঞান সম্পর্কে আত্মবিশ্বাসী হওয়ার পরে নিজেকে পরীক্ষা করার জন্য একটি সহজ কুইজ চেষ্টা করুন।

সংবহনতন্ত্র

রক্ত সঞ্চালন পদ্ধতির প্রধান কার্যকরী সারা শরীর জুড়ে কোষ এবং টিস্যুতে পুষ্টি এবং গ্যাসেস পরিবহনের জন্য। এই রক্ত সঞ্চালন দ্বারা সম্পন্ন করা হয়। এই সিস্টেম দুটি উপাদান কার্ডিওভাসকুলার এবং লিম্ফ্যাটিক সিস্টেম।

কার্ডিওভাসকুলার সিস্টেম হৃদয়, রক্ত, এবং রক্তবাহী জাহাজ গঠিত হয়। হৃদয়ের মারাত্মক কার্ডিয়াক চক্রটি চালায় যা শরীর জুড়ে রক্ত পাম্প করে।

লিম্ফ্যাটিক সিস্টেম রক্ত সঞ্চালনের জন্য লিম্ফ সংগ্রহ, ফিল্টার এবং ফিরিয়ে দেয় এমন নলাকার এবং নলকূপের একটি নমনীয় নেটওয়ার্ক। ইমিউন সিস্টেমের একটি উপাদান হিসাবে, লিম্ফটিক সিস্টেম লিমিফোসাইট নামক প্রতিরক্ষা কোষ তৈরি করে এবং সঞ্চালিত করে। লিম্ফটিক অঙ্গগুলি লিম্ফ নোটিস, লিম্ফ নোডস, থাইমাস, স্প্লিন এবং টনসিলগুলি অন্তর্ভুক্ত করে।

পাচনতন্ত্র

শরীরের জন্য শক্তি সরবরাহ করার জন্য পাচক সিস্টেম খাদ্য পলিমারকে ছোট অণুতে ভেঙ্গে ফেলে। পাচক রস এবং এনজাইমগুলি খাবারে কার্বোহাইড্রেট, চর্বি এবং প্রোটিন ভাঙ্গতে গোপন থাকে। প্রাথমিক অঙ্গ মুখ, পেট, অন্ত্র এবং মলদ্বার। অন্যান্য আনুষঙ্গিক কাঠামোতে দাঁত, জিহ্বা, লিভার এবং প্যানক্রিয়া অন্তর্ভুক্ত।

অন্তঃস্রাবী সিস্টেম

অন্তঃস্রোত সিস্টেম বৃদ্ধি, হোমিওস্টাসিস, বিপাক এবং যৌন বিকাশ সহ শরীরের গুরুত্বপূর্ণ প্রক্রিয়াগুলিকে নিয়ন্ত্রণ করে। এন্ডোক্রাইন অঙ্গ শরীরের প্রসেস নিয়ন্ত্রণ করতে হরমোন সঙ্কুচিত। মেজর এন্ড্রোকাইন কাঠামোতে পিটুইটারি গ্রন্থি, পাইনাল গ্রন্থি, থাইমাস, ডিম্বাশয়, পরীক্ষা, এবং থাইরয়েড গ্রন্থি অন্তর্ভুক্ত।

ইন্টিগ্রেশন সিস্টেম

RAISUL ISLAM HRIDOY

সংশ্লেষ সিস্টেমটি শরীরের অভ্যন্তরীণ কাঠামোর ক্ষতি থেকে রক্ষা করে, ডিহাইড্রেশন, ফ্যাট সঞ্চয় করে এবং ভিটামিন এবং হরমোন উত্পাদন করে। পরিচায়ক সিস্টেম সমর্থন করে যে কাঠামো ত্বক, নখ, চুল, এবং ঘাম গ্রন্থি অন্তর্ভুক্ত।

পেশীতন্ত্র

পেশী সিস্টেম পেশী সংকোচন মাধ্যমে আন্দোলন সক্রিয়। মানুষের তিন ধরণের পেশী রয়েছে: হৃদস্পন্দন, মসৃণ পেশী এবং কঙ্কালের পেশী। কঙ্কাল পেশী হাজার হাজার নলাকার পেশী fibers গঠিত হয়। রক্তের পাত্র এবং স্নায়ু গঠিত গঠিত সংযোগকারী টিস্যু দ্বারা একত্রিত করা হয়।

স্নায়ুতন্ত্র

স্নায়বিক সিস্টেম অভ্যন্তরীণ অঙ্গ ফাংশন নিরীক্ষণ এবং সমন্বয় এবং বহিরাগত পরিবেশে পরিবর্তন প্রতিক্রিয়া। স্নায়ুতন্ত্রের প্রধান কাঠামোগুলি মস্তিষ্ক, মেরুদণ্ড, এবং স্নায়ু অন্তর্ভুক্ত।

প্রজনন সিস্টেম

প্রজনন ব্যবস্থা একটি পুরুষ এবং মহিলা মধ্যে যৌন প্রজনন মাধ্যমে বংশধর উত্পাদন সক্ষম করে।সিস্টেম পুরুষ এবং মহিলা প্রজনন অঙ্গ এবং কাঠামো গঠিত হয় যা যৌন কোষ উত্পাদন করে এবং সন্তানদের বৃদ্ধি এবং বিকাশ নিশ্চিত করে। প্রধান পুরুষ কাঠামোর মধ্যে রয়েছে testes, scrotum, penis, vas deferens, এবং prostate। প্রধান মহিলা কাঠামো মধ্যে ডিম্বাশয়, গর্ভাশয়, যোনি, এবং স্তন্যপায়ী গ্রন্থি অন্তর্ভুক্ত।

শ্বসনতন্ত্র

শ্বাসযন্ত্রের ব্যবস্থা শরীরের বাহ্যিক পরিবেশ এবং রক্তের গ্যাসের মধ্যে গ্যাসের বিনিময়ের মাধ্যমে অক্সিজেন সরবরাহ করে। প্রধান শ্বাসযন্ত্রের গঠনগুলি ফুসফুস, নাক, ট্র্যাচিয়া এবং ব্রোঙ্কি অন্তর্ভুক্ত।

কঙ্কালতন্ত্র

কঙ্কাল সিস্টেম এটি আকৃতি এবং ফর্ম প্রদান করে শরীর সমর্থন করে এবং রক্ষা করে। প্রধান কাঠামোতে ২০6 টি হাড়, জোয়েন্ট, লিগামেন্ট, কোঁকড়া এবং কার্টিলেজ রয়েছে। এই সিস্টেম আন্দোলন সক্রিয় করতে পেশী সিস্টেমের সাথে ঘনিষ্ঠভাবে কাজ করে।

মূত্রাশয় নির্গমন সিস্টেম

মূত্রাশয় নির্গমন সিস্টেম বর্জ্য বর্জ্য অপসারণ এবং শরীরের মধ্যে জল ভারসাম্য বজায় রাখে। এর ফাংশনের অন্যান্য দিকগুলি শরীরের তরলগুলিতে ইলেক্ট্রোলাইটগুলিকে নিয়ন্ত্রিত এবং রক্ত স্বাভাবিক পিএইচ বজায় রাখা। মূত্রাশয় নির্গমন সিস্টেমের প্রধান কাঠামোগুলি কিডনি, মূত্র মূত্রাশয়, ইউরেথ্রা এবং ureters অন্তর্ভুক্ত।

সালোক সংশ্লেষণ

সালোকসংশ্লেষণ কি?

উদ্ভিত ও প্রাণী উভয়ই খাদ্যের উপর নির্ভরশীল। প্রাণীরা নিজেদের খাদ্যের জন্য অন্যের উপর নির্ভর করলেও উদ্ভিদরা নিজেদের খাদ্য নিজেরাই তৈরি করতে পারে। সালোকসংশ্লেষণ হচ্ছে সবুজ উদ্ভিদের খাদ্য তৈরির রাসায়নিক বিক্রিয়া। গ্রিক শব্দ photos (অর্থ: আলোক; এখানে সূর্যালোক) ও synthesis (অর্থ: সংশ্লেষণ, বা তৈরি করা) এর সমন্বয়ে এই শব্দটি গঠিত হয়েছে।

সালোকসংশ্লেষণের জন্য প্রয়োজনীয় উপাদান গুলো হচ্ছে সূর্যের আলো, কার্বন ডাই অক্সাইড, ক্লোরোফিল ও পানি। গাছের শিকড় মাটি থেকে পানি ও খনিজ উপাদান গ্রহণ করে কান্ডের সাহায্যে পাতায় পৌঁছে দেয়।

RAISUL ISLAM HRIDOY

কার্বন ডাই অক্সাইড গ্যাস পরিবেশ থেকে শোষিত হয়। কার্বন ডাই অক্সাইডের সাহায্যে উদ্ভিদের সবুজ পাতার ক্লোরোফিল গ্লুকোজ ও অক্সিজেন উৎপন্ন করে।

যে শরীরবৃত্তীয় প্রক্রিয়ায় উদ্ভিদ ক্লোরোফিল ও সূর্যালোকের উপস্থিতিতে কার্বন ডাই অক্সাইড ও পানির বিক্রিয়ায় শর্করা বা গ্লুকোজ ও অক্সিজেন উৎপন্ন করে তাকে সালোকসংশ্লেষণ বলা হয়।

সালেকসংশ্লেষণ প্রক্রিয়া

বিক্রিয়া: $6CO_2 + 12H_2O + \text{তাপ} \rightarrow C_6H_{12}O_6 + 6H_2O + 6O_2$

এই প্রক্রিয়া ২টি পর্যায়ে সম্পন্ন হয়- ক) আলোক নির্ভর পর্যায় খ) অন্ধকার পর্যায়

সালোকসংশ্লেষণ প্রক্রিয়ার গুরুত্ব:

শক্তি সংরক্ষণ: সূর্যের আলো থেকে প্রাপ্ত শক্তি উদ্ভিদ সর্বপ্রথম রাসায়নিক শক্তি হিসেবে নিজের মধ্যে আবদ্ধ রাখে। পরবর্তীতে উদ্ভিদ এই রাসায়নিক শক্তিকে খাদ্যে রূপান্তরিত করে ও খাদ্য থেকে প্রাপ্ত শক্তি গ্রহণ করে। সূর্য থেকে প্রাপ্ত শক্তি ধারণে সালোকসংশ্লেষণ প্রধান ভূমিকা পালন করে।

উদ্ভিদের খাদ্য তৈরি: আমরা জানি যে, উদ্ভিদের খাদ্য তৈরির প্রধান উৎস হচ্ছে সালোকসংশ্লেষণ প্রক্রিয়া। সবুজ উদ্ভিদ এর মাধ্যমে শর্করা জাতীয় খাদ্য উৎপন্ন করে এবং সে খাদ্য দিয়ে তার যাবতীয় চাহিদা পূরণ করে।

প্রাণীর খাদ্য তৈরি: প্রাণীরা প্রত্যক্ষ ও পরোক্ষভাবে খাদ্যের জন্য উদ্ভিদের উপর নির্ভরশীল কারণ একমাত্র উদ্ভিদ নিজের খাদ্য নিজে তৈরি করতে পারে। এক্ষেত্রে বলা যায়, প্রাণীজগতে খাদ্য সরবারহে এই প্রক্রিয়া গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।

বিপাকীয় প্রক্রিয়া পরিচালনা করা: উদ্ভিদ ও প্রাণী দেহে প্রতিনিয়ত হরেক রকম জৈব রাসায়নিক প্রক্রিয়া সম্পন্ন হতে থাকে। আর এই জৈব রাসায়নিক প্রক্রিয়া সম্পন্ন হতে প্রচুর পরিমাণে শক্তির প্রয়োজন হয়। সালোকসংশ্লেষণের মাধ্যমে প্রাপ্ত খাদ্য উদ্ভিদ ও প্রাণী দেহে এই শক্তি সরবরাহ করে। সুতরাং, দেখা যাচ্ছে সালোকসংশ্লেষণ প্রক্রিয়া পরোক্ষভাবে বিপাকীয় প্রক্রিয়া পরিচালনা করে।

জ্বালানি উৎপাদন: উদ্ভিদ সালোকসংশ্লেষণের মাধ্যমে উৎপাদিত খাদ্যের কিছুটা খরচ করে সিংহভাগ নিজের জন্য সঞ্চিত রাখে। উদ্ভিদের বিভিন্ন অংশে (পাতা, ফলমূল, কান্ড) খাদ্য সঞ্চিত থাকে। উদ্ভিদ মারা যাওয়ার পর এই সঞ্চিত খাদ্যগুলো জ্বালানিতে রূপান্তরিত হয়। কয়লা, পেট্রোল, তেল এই জ্বালানিগুলো আমরা সাধারণত উদ্ভিদ থেকে পেয়ে থাকি।

উদ্ভিদের শারীরিক বর্ধন: উদ্ভিদ দেহে বিপাক প্রক্রিয়া সুষ্ঠুভাবে সম্পন্ন হওয়ার কারণে উদ্ভিদ পুষ্টি লাভ করে। এই পুষ্টি উদ্ভিদ দেহের বৃদ্ধিতে সহায়তা করে। সালোকসংশ্লেষণর মাধ্যমেই মূলত উদ্ভিদের পুষ্টি লাভের প্রক্রিয়াগুলো সম্পন্ন হয়।

বায়ুমন্ডলের অক্সিজেন ও কার্বনডাইঅক্সাইডের ভারসাম্য রক্ষা: উদ্ভিদ বায়ুমন্ডল থেকে কার্বন ডাই অক্সাইড গ্রহণ করে ও অক্সিজেন ত্যাগ করে। এটি সম্ভব হয় শুধুমাত্র সালোকসংশ্লেষণ প্রক্রিয়ার কারণে। আমরা শ্বসন প্রক্রিয়ার মাধ্যমে কার্বন ডাই অক্সাইড ত্যাগ করি ও অক্সিজেন গ্রহণ করি। শুধুমাত্র শ্বসন প্রক্রিয়া থাকলে দেখা যেত বায়ুমন্ডলে অক্সিজেনের পরিমাণ কমে যাচ্ছে ও কার্বনডাইঅক্সাইডের পরিমাণ বেড়ে যাচ্ছে। এতে পরিবেশের ভারসাম্য নষ্ট হতো। কেবলমাত্র, এই প্রক্রিয়ার কারণে বায়ুমন্ডলে কার্বন ডাই অক্সাইড ও অক্সিজেনের ভারসাম্য বজায় আছে।

সালোকসংশ্লেষণ কোথায় সম্পন্ন হয়?

RAISUL ISLAM HRIDOY

ক্লোরোফিল হচ্ছে সালোকসংশ্লেষণ প্রক্রিয়ার সবচেয়ে গুরুত্বপূর্ণ উপাদান। উদ্ভিদের সবুজ অংশ, বিশেষ করে পাতাতেই ক্লোরোফিল উপস্থিত থাকে। কান্ড বা মূল এসবে ক্লোরোফিল থাকে না। তাই সালোকসংশ্লেষণ উদ্ভিদের পাতায় সম্পন্ন হয়।

কোন আলোতে সালোকসংশ্লেষণ বেশি হয়?

উত্তর: লাল আলোতে

কোন আলোতে সালোকসংশ্লেষন হয় না?

উত্তর: হলুদ ও সবুজ।

সালোকসংশ্লেষণ প্রক্রিয়ায় উপজাত হিসেবে নির্গত হয় কোন গ্যাস?

উত্তর: কার্বন-ডাই-অক্সাইড

শ্বসন কি?

শ্বসন এক ধরণের জৈবিক প্রক্রিয়া। এই প্রক্রিয়ায় খাদ্যবস্তু শরীরে প্রবেশ করার পর, জৈব রাসায়নিক কার্যক্রমের মধ্য দিয়ে খাদ্যবস্তু শক্তি ও তাপ উৎপন্ন করে।

শ্বসন এক প্রকার দহন বিক্রিয়া। দহন হলো অক্সিজেনের সাথে কোন বস্তুর বিক্রিয়া। অক্সিজেনের সাথে যদি কখনো কোন বস্তুর বিক্রিয়া হয় সে বিক্রিয়া আমরা বলি দহন বিক্রিয়া। আমাদের দেহের অভ্যন্তরেও এমন দহন বিক্রিয়া সম্পন্ন হয়। উদাহরণস্বরূপ, আমরা যখন খাবার খাই সে খাবার পাকস্থলীতে হজম হয়। হজম হওয়ার ফলে খাদ্যগুলো ভেঙে গিয়ে এটিপিতে পরিণত হয় এবং আমাদের শরীরের বিভিন্ন অংশে পরিবাহিত হয়। আমাদের কোষে পরিবাহিত হয়। এই কোষস্থ বস্তুর মধ্যে অক্সিজেনের বিক্রিয়া সংগঠিত হয়। সে বিক্রিয়ায় মাধ্যমে যে খাদ্যবস্তু ছিল সেটি জারিত হয়।

জারিত হওয়ার ফলে খাদ্যস্থ রাসায়নিক শক্তি নির্গত হয়। নির্গত হওয়া রাসায়নিক শক্তি গতিশক্তি ও তাপশক্তিতে রূপান্তরিত হয় এবং আমরা কাজ করার সামর্থ্য লাভ করি। আর এই কাজ করার সামর্থ্য লাভ হয় শ্বসন প্রক্রিয়ার মাধ্যমে।

অক্সিজেনের উপস্থিতির বিচারে শ্বসনকার্যকে দুই ভাগে ভাগ করা হয়।

এই ভাগ দুটি হলো- সবাত শ্বসন, অবাত শ্বসন।

RAISUL ISLAM HRIDOY

ভাইরাস

ভাইরাস হলো এক প্রকার অতিক্ষুদ্র জৈব কণা বা অণুজীব যারা জীবিত কোষের ভিতরেই মাত্র বংশবৃদ্ধি করতে পারে। এরা এক্যারিওটা শ্রেণির সদস্য ও আণুবীক্ষণিক এবং অকোষীয়।এরা সরলতম জীব।ভাইরাস জৈব রাসায়নিক পদার্থ দিয়ে গঠিত এবং উপযুক্ত পোষক দেহের অভ্যন্তরে পোষক দেহের জৈব রাসায়নিক উপাদান ব্যবহার করে সংখ্যা বৃদ্ধি করতে সক্ষম । সকল ভাইরাসে এ দুটি গুরুত্বপূর্ণ বৈশিষ্ট্য বিদ্যমান । তাই ভাইরাসকে এক প্রকার জীব হিসেবে বিবেচনা করা হয়।ভাইরাস মানুষ,পশু-পাখি, উদ্ভিদের বিভিন্ন রোগের জন্য দায়ী। এমনকি, কিছু ভাইরাস ব্যাক্টেরিয়ার মধ্যে বংশবৃদ্ধি করে- এদের ব্যাক্টেরিওফেজ (Bacteriophage) বলা হয়।

ভাইরাস ল্যাটিন ভাষা হতে গৃহীত একটি শব্দ। এর অর্থ হল বিষ। আদিকালে রোগ সৃষ্টিকারী যে কোন বিষাক্ত পদার্থকে ভাইরাস বলা হত। বর্তমান কালে ভাইরাস বলতে এক প্রকার অতি ক্ষুদ্র আণুবীক্ষণিক অকোষীয় রোগ সৃষ্টিকারী বস্তুকে বোঝায়। উদ্ভিদ ও প্রাণীর বহু রোগ সৃষ্টির কারণ হল ভাইরাস। ভাইরাস কে জীবাণু না

বলে 'বস্তু' বলা হয়। কারণ, জীবদেহ ডিএনএ,আরএনএ ও নিওক্লিক এসিড দিয়ে গঠিত,প্রোটিন তাই ভাইরাস অকোষীয়।

আবিষ্কার

হল্যান্ডের প্রাণরসায়নবিদ এডলফ মেয়ার (১৮৮৬) তামাক গাছের মোজাইক নামক ভাইরাস রোগ নিয়ে সর্বপ্রথম কাজ শুরু করেন।স্থানীয়ভাবে রোগটি বান্ট, রাষ্ট বা স্মাট নামে পরিচিত ছিল।কারো মধ্যে যাতে বিভ্রান্তি সৃষ্টি না হয় সেজন্য মেয়ার একে টোবাকো মোজাইক (TMV) নামে আখ্যায়িত করেন।রাশিয়ান জীবাণুবিদ দিমিত্রি ইভানোভস্কি (১৮৯২) তামাক গাছের মোজাইক রোগ নিয়ে গবেষণা করে প্রমাণ করেন, রোগাক্রান্ত তামাক পাতার রস ব্যকটেরিয়ারোধক Chamberland filter দিয়ে ফিল্টার করার পরও সুস্থ তামাক গাছে রোগ সৃষ্টি করতে সক্ষম।তখন তিনি এ সিদ্ধান্ত নেন যে, তামাক গাছে রোগ সৃষ্টিকারী জীবাণু ব্যাকটেরিয়া হতে নিঃসৃত কোনো বিষাক্ত পদার্থ কিংবা এর চেয়ে ক্ষুদ্রকায় কোনো জীবাণু। ওলন্দাজ জীবাণুতত্ত্ববিদ মারটিনিয়াস বাইজেরিনিক (১৮৯৮) অনুমান করেন, তামাকের এ রোগের কারণ হয়তো কোনো এক ধরনের সংক্রমণশীল জীবন্ত তরল পদার্থ।তিনিই সর্বপ্রথম এ পদার্থকে ভাইরাস নাম দেন।পরবর্তীতে মার্কিন জীব-রসায়নবিদ ডক্লু এম স্ট্যানলি (১৯৩৫) তামাকের মোজাইক ভাইরাসকে পৃথক করে কেলাসিত করতে সক্ষম হোন। এ অবদানের কারণে তিনি ১৯৪৬ খ্রিষ্টাব্দে নোবেল পুরস্কার লাভ করেন। ১৯৩৬ খ্রিষ্টাব্দে চিলিতে এফ সি বাউডেন, এন ডক্লু পিরি প বার্নাল টিএমভি (TMV) হতে প্রোটিন ও নিউক্লিক এসিডের সমন্বয়ে গঠিত এক প্রকার তরল স্ফটিকময় পদার্থ উৎপন্ন করতে সক্ষম হোন। ফ্রয়েংকাল -কনরোট ও অন্যান্য গবেষক ১৯৫৬ খ্রিষ্টাব্দে রাসায়নিক প্রক্রিয়ায় ভাইরাসের নিউক্লিক এসিডকে প্রোটিন হতে পৃথক করেন এবং প্রমাণ করেন যে, নিউক্লিক এসিডই ভাইরাস রোগের বাহক।

উদ্ভিদ, প্রাণী, ব্যাকটেরিয়া, সায়ানোব্যাকটেরিয়া, ছত্রাক প্রভৃতি জীবদেহের সজীব কোষে ভাইরাস সক্রিয় অবস্থায় অবস্থান করতে পারে। আবার নিষ্ক্রিয় অবস্থায় বাতাস, মাটি, জল ইত্যাদি প্রায় সব জড় মাধ্যমে ভাইরাস অবস্থান করে। কাজেই বলা যায়, জীব ও জড় পরিবেশ উভয়ই ভাইরাসের আবাস্থল।

ভাইরাসের আকার

ভাইরাস সাধারণত গোলাকার, দণ্ডাকার, বর্তুলাকার, সূত্রাকার, পাউরুটি আকার, বহুভুজাকৃতি, ব্যাঙ্গাচি আকার প্রভৃতি।

RAISUL ISLAM HRIDOY

বংশবৃদ্ধি

ভাইরাস পোষক দেহে বংশবৃদ্ধি করে থাকে। এদের জীবনচক্র দুই প্রকারের হয়ে থাকে:

১. লাইটিক চক্র

২. লাইসোজেনিক চক্র

১. লাইটিক চক্র: ভাইরাস পরজীবী হিসেবে বংশবৃদ্ধি করে তাই এদের বংশবিস্তার প্রক্রিয়া প্রত্যক্ষ করা কঠিন। যে জীবনচক্রে বিভিন্ন ধাপ অতিক্রম করে ফাযের (অণুজীব আক্রমণকারী ভাইরাস) অপত্য কোষগুলো শেষ পর্যায়ে ব্যাকটেরিয়াকে বিগলিত করে মুক্ত হয়, সে জীবনচক্রকে লাইটিক চক্র বলে। লাইটিক চক্র সম্পন্নকারী ফাজকে লাইটিক ফাজ বলে। লাইটিক চক্র সাধারণত ব্যাকটেরিওফাযের জীবনচক্রে দেখা যায়। নীচে T2 ভাইরাসের E. coli ব্যাকটেরিয়ার আক্রমণের ক্ষেত্রে লাইটিক চক্রের ধাপগুলো বর্ণনা করা হল:

- ♣ পৃষ্ঠলগ্ন হওয়া: এ পর্যায়ে T2 ভাইরাস পোষক E. coli ব্যাকটেরিয়ার কোষপ্রাচীরে স্পর্শকতন্তু ও স্পাইক এর সাহায্যে পৃষ্টলগ্ন হয়। E. coli ব্যাকটেরিয়ার কোষপ্রাচীরে ফায প্রোটিনের জন্য রিসেপ্টর সাইড থাকায় রিসেপ্টর সাইডের প্রোটিনের সাথে ফায ক্যাপসিডের স্পর্শক তন্তুর প্রোটিনের রাসায়নিক ক্রিয়ার ফলে ফাযটি ব্যাকটেরিয়ার প্রাচীরে সংযুক্ত হয়ে যায়।
- ♣ অনুপ্রবেশ: পৃষ্টলগ্ন হওয়ার পর ভাইরাসের লেজের স্পাইক থেকে লাইসোজাইম এনজাইম নিঃসৃত হয়। এই এনজাইমের কার্যকারিতায় ব্যাকটেরিয়ার কোষপ্রাচীরের স্তরকে দ্রবীভূত করে সূক্ষ্ম নালিকার সৃষ্টি করে। এ প্রক্রিয়াকে ড্রিলিং বলে। T2 ভাইরাসের লেজের প্রোটিন আবরণটি বাইরে পড়ে থাকে।
- ♣ প্রোটিন সংশ্লেষণ: ভাইরাসের DNA পোষক কোষে প্রবেশ করার পর ব্যাকটেরিয়া কোষের DNA-এর উপর কর্তৃত্ব প্রতিষ্ঠা করে ও পলিমারেজ এনজাইমের সহায়তায় mRNA উৎপাদরেন মাধ্যমে প্রোটিন তৈরি শুরু করে। এই প্রোটিন পরবর্তীতে ভাইরাসের বহিঃরাবনণ বা খোলস (মাথা ও লেজ) তৈরিতে অংশগ্রহণ করে।
- ♣ বংশাণুসমগ্র তৈরীঃ এ পর্যায়ে পলিমারেজ এনজাইমের সহাতায় ব্যাকটেরিয়ার নিউক্লিওটাইড ব্যবহার করে ভাইরসের DNA অসংখ্য প্রতিরূপ সৃষ্টি করে।
- ♣ একত্রীকরণ ও নির্গমনঃ এ দশায় বংশাণুসমগ্রগুলি প্রোটিন আবরণের দ্বারা মোড়কের ন্যায় আবৃত হয় এবং অপত্য ভাইরাসের সৃষ্টি করে। অপত্য ভাইরাসের চাপে পোষক ব্যাকটেরিয়ার প্রাচীর বিদীর্ণ হয়ে যায়। ফলে পরিণত ফাজগুলো পেষক কোষের বাইরে নির্গত হয়।

লাইটিক চক্রের মাধ্যমে T2 ব্যাকটেরিওফাজের সংখ্যা বৃদ্ধির সমগ্র প্রক্রিয়াটি সম্পন্ন হতে লাগে ২০-৩০ মিনিট এবং এ সময়ের মধ্যে প্রায় ২০০ টি নতুন অপত্য ব্যাকটেরিয়ওফাজ সৃষ্টি হয়।

২. লাইসোজেনিক চক্র: এই প্রক্রিয়ায় ভাইরাস ব্যাকটেরিয়ার কোষে তার নিউক্লিক এসিড প্রবেশ করায় ঠিকই, কিন্তু সেটা লাইটিক চক্রের মত কোষকে ভেঙে ফেলে না বা ভাইরাসের কোষের সংখ্যাবৃদ্ধি করে না। এই চক্রে ভাইরাস তার নিউক্লিক এসিড ব্যাকটেরিয়ামের কোষের ডিএনএ এর সাথে যুক্ত করে দেয় এবং ভাইরাল নিউক্লিক এসিড ব্যাকটেরিয়াল ডিএনএ এর সাথে সাথে সংখ্যা বৃদ্ধি করে। যেহেতু এখানে কোষের মৃত্যু ঘটে না, তাই একে বলে মৃদু আক্রমণ। আর যে সব ভাইরাস এই চক্র ব্যবহার করে, তাদের বলে টেমপারেট ফাজ। ল্যামডা ভাইরাস এক ধরনের টেম্পারেট ফাজ, এরা E.coli কে আক্রমণ করে।

RAISUL ISLAM HRIDOY

রোগ

মানুষের রোগ

- ○ বসন্ত (Pox)-ভেরিওলা
- ○ জলাতঙ্ক
- ○ জন্ডিস
- ○ ডেঙ্গু
- ○ হাম-রুবিওলা
- ○ ভাইরাল ডায়ারিয়া
- ○ সাধারণ ঠান্ডা
- ○ এইডস(AIDS)
- ○ ইনফ্লুয়েঞ্জা ভাইরাস
- ○ সার্স(SARS)

- ভাইরাল হেপাটাইটিস
- কোভিড-১৯ (করোনাভাইরাস ১৯)

কয়েক প্রকার ক্যান্সার

- ♣ সার্ভিকাল ক্যান্সার
- ♣ কাপোসি সারকোমা

পশু-পাখির রোগ

- বার্ড-ফ্লু (bird flue)
- ক্যানাইন ডিস্টেম্পার (Canine distemper)
- ফুট অ্যান্ড মাউথ ডিসিজ (Foot-and-mouth disease)

উদ্ভিদের রোগ

- ♣ টোব্যাকো মোজেইক ভাইরাস {Tobacco mosaic virus} বা টিএমভি (TMV)
- ♣ ধানের টুংরো রোগ{Tungro disease of rice}

ব্যাকটেরিয়া

ব্যাকটেরিয়া হলো এক প্রকারের আদি নিউক্লিয়াসযুক্ত, অসবুজ, এককোষী অণুজীব, যার নিউক্লিয়াসটি সুগঠিত নয়। অণুবীক্ষণযন্ত্র ছাড়া এদের দেখা যায় না। এদের আয়তন ০.২μ থেকে ৫μ পর্যন্ত হয়ে থাকে। জীবজগতের এগুলোই সরলতম ও ক্ষুদ্রতম জীব বলে পরিচিত।

ব্যাকটেরিয়ার ইতিহাস

১৬৭৫ খ্রিস্টাব্দে ওলন্দাজ বিজ্ঞানী অ্যান্টনি ফন লিউয়েনহুক (Antony Von Leeuwenhoek) সর্বপ্রথম তাঁর আবিষ্কৃত অণুবীক্ষণযন্ত্রের নিচে এক ফোঁটা পানিতে ব্যাকটেরিয়ার উপস্থিতি পর্যবেক্ষণ করেন। তিনি এগুলোর নাম দেন animalcule বা ক্ষুদ্র প্রাণী। তাই তাঁকে ব্যাকটেরিওলজির জনক বলা হয়। লিউয়েনহুক আবিষ্কৃত এসব অণুজীব পরবর্তী প্রায় ২০০ বছর অজানাই রয়ে যায়। ১৮২৯ খ্রিস্টাব্দে জার্মান বিজ্ঞানী এরেনবার্গ (C.G. Ehrenberg) সর্বপ্রথম "bacteria" শব্দটি ব্যবহার করেন। পরবর্তীকালে ১৮৬৪ খ্রিস্টাব্দে লুই পাস্তুর (Louis Pasteur) ও ১৮৭৬ খ্রিস্টাব্দে রবার্ট কখ (Robert Koch) প্রমাণ করেন যে অত্যন্ত ক্ষুদ্র আণুবীক্ষণিক জীব বিভিন্ন প্রাণিদেহে নানা রকম রোগ সৃষ্টিতে সক্ষম। ১৮৭৯ খ্রিস্টাব্দে ইলিয়ন বিশ্ববিদ্যালয়ের বার্জিল নামক একজন গবেষক সর্বপ্রথম প্রমাণ করেন ব্যাকটেরিয়া নামক ক্ষুদ্র জীব উদ্ভিদেও রোগ সৃষ্টি করে।

শ্রেণীবিভাগ

(ক) আকৃতি অনুসারে ব্যাকটেরিয়া সাত প্রকার। যথা:

১। কক্কাস (এসমস্ত ব্যাকটেরিয়া গোলাকার আকৃতির। এরা এককভাবে বা দলবেঁধে থাকতে পারে। এরা নিউমোনিয়া রোগ সৃষ্টি কারী ব্যাকটেরিয়া।)

২। ব্যাসিলাস (দণ্ডাকার ব্যাকটেরিয়া)

৩। স্পাইরিলাম (সর্পিল আকৃতির ব্যাকটেরিয়া)

৪। কমা (এরা দেখতে কমার মত, উদাহরণ কলেরার জন্য দায়ী ব্যাকটেরিয়া)

৫। বহুরূপী (এরা সুনির্দিষ্ট আকার বিহীন)

RAISUL ISLAM HRIDOY

৬। স্টিলেট বা তারকাকার (এরা দেখতে অনেকটা তারার ন্যায়)

৭। বর্গাকৃতির (এদের গঠন চার বাহুবিশিষ্ট)

(খ) রঞ্জনের ভিত্তিতে ২ প্রকার।

১। গ্রাম পজিটিভ (যে সমস্ত ব্যাকটেরিয়া ক্রিস্টাল ভায়োলেট রং ধরে রাখে সে সমস্ত ব্যাকটেরিয়া গ্রাম পজিটিভ ব্যাকটেরিয়া)

২। গ্রাম নেগেটিভ (এরা ক্রিস্টাল ভায়োলেট রং ধরে রাখতে পারেনা)

ব্যাকটেরিয়ার বৈশিষ্ট্য

- ব্যাকটেরিয়া অত্যন্ত ছোট আকারের জীব, সাধারণত ০.২ - ৫ মাইক্রোমিটার পর্যন্ত হয়ে থাকে, অর্থাৎ এরা আণুবীক্ষণিক (microscopic)।
- এরা এককোষী জীব, তবে একসাথে অনেকগুলো কলোনি করে বা দল বেঁধে থাকতে পারে।
- ব্যাকটেরিয়া আদিকেন্দ্রিক (প্রাককেন্দ্রিক = Prokarytic)। কোষে 70s রাইবোজোম থাকে; কোনো ঝিল্লিবদ্ধ অঙ্গাণু থাকে না।
- ব্যাকটেরিয়ার কোষপ্রাচীরের প্রধান উপাদান পেপটিডোগ্লাইক্যান বা মিউকোপেপটাইড, সাথে পলিস্যাকারাইড, মুরামিক অ্যাসিড (Muramic acid) এবং টিকোয়িক অ্যাসিড (Teichoic acid) থাকে।
- এদের বংশগতীয় উপাদান (genetic material) হলো একটি দ্বিসূত্রক, কার্যত বৃত্তাকার ডিএনএ অণু, যা ব্যাকটেরিয়াল ক্রোমোজোম হিসেবে পরিচিত। এটি সাইটোপ্লাজমে অবস্থিত, এতে ক্রোমোজোমাল হিস্টোন-প্রোটিন থাকে না। ব্যাকটেরিয়ার কোষে ডিএনএ অবস্থানের অঞ্চলকে নিউক্লিয়য়েড বলা হয়।
- এদের বংশবৃদ্ধির প্রধান প্রক্রিয়া দ্বি-ভাজন (binary fission)।
- এদের কতক পরজীবী ও রোগ উৎপাদনকারী, অধিকাংশই মৃতজীবী এবং কিছু স্বনির্ভর (autophytic)।
- এরা সাধারণত বেসিক রং ধারণ করতে পারে (গ্রাম পজিটিভ বা গ্রাম নেগেটিভ)।
- ফায ভাইরাসের প্রতি এরা খুবই সংবেদনশীল।
- এদের অধিকাংশই অজৈব লবণ জারিত করে শক্তি সংগ্রহ করে।
- ব্যাকটেরিয়া প্রতিকূল পরিবেশে টিকে থাকার জন্য এন্ডোস্পোর বা অন্তরেণু গঠন করে। এ অবস্থায় এরা ৫০ বছর পর্যন্ত টিকে থাকতে পারে।
- এদের কতক বাধ্যতামূলক অবায়বীয় অর্থাৎ অক্সিজেন থাকলে বাঁচতে পারে না। কতক সুবিধাবাদী অবায়বীয় অর্থাৎ অক্সিজেনের উপস্থিতিতেও বাঁচতে পারে। কতক বাধ্যতামূলক বায়বীয় অর্থাৎ অক্সিজেন ছাড়া বাঁচতে পারে না।

ব্যাকটেরিয়া সৃষ্ট রোগ

ব্যাকটেরিয়া মানুষের দেহে যক্ষ্মা, নিউমোনিয়া, কলেরা, টাইফয়েড, ডায়রিয়া, ডিপথেরিয়া, হুপিং কাশি ইত্যাদি মারাত্মক রোগ সৃষ্টি করে।

- গরু, মহিষ, ভেড়ার এনথ্রাক্স, মুরগির কলেরা রোগ ব্যাকটেরিয়া সৃষ্টি করে।
- উদ্ভিদ ও ফসলের অনেক রোগ সৃষ্টি করে। যেমন: গমের টুংরো রোগ, ধানের ব্লাইট ইত্যাদি।
- খাদ্যদ্রব্য ও শাকসবজি পচনে ব্যাকটেরিয়া ভূমিকা পালন করে।
- আবার কিছু ব্যাকটেরিয়া আছে যারা পানি দূষণ করে।

RAISUL ISLAM HRIDOY

সংক্রামক রোগ

সংক্রামক রোগঃ

বিভিন্ন জীবাণু যেমন- ব্যাকটেরিয়া, ভাইরাস, ছত্রাক ইত্যাদি প্রবেশের ফলে সৃষ্ট রোগই হল সংক্রামক রোগ। এ সকল রোগ একজন থেকে আর একজনের শরীরে ছড়িয়ে পড়তে পারে। এই ছড়িয়ে পড়া শুধু মানুষ থেকে মানুষ নয়, পশু পাখি থেকে মানুষে, পশু পাখি থেকে পশু পাখির মাঝে, কিংবা মানুষ থেকে পশু পাখির মাঝে ছড়িয়ে পড়তে পারে। বর্তমানে সংক্রামক রোগ এর প্রকোপ অনেকাংশে কমে এসেছে। তবে নতুন নতুন সংক্রামক রোগের আবির্ভাবও হচ্ছে। বর্তমানে করোনা ভাইরাস এমন একটি সংক্রামক রোগ। যা সমগ্র পৃথিবীকে স্থবির করে দিয়েছে। এই রোগটি মানুষ থেকে মানুষে ছড়ায়, আবার পশু পাখি থেকেও মানুষে ছড়ায়।

সংক্রামক রোগের বিস্তারঃ

সংক্রামক রোগ বিভিন্নভাবে ছড়াতে পারে। কিছু কিছু রোগ হাঁচি-কাশির মাধ্যমে একজন থেকে আরেকজনে সংক্রমিত হয়। সংক্রামিত ব্যক্তির ব্যবহৃত জিনিস যেমন- থালা, বাসন, গ্লাস, চেয়ার, জামা-কাপড়, টয়লেট ইত্যাদি ব্যবহারের কারণে জীবাণুর সংক্রমণ ঘটতে পারে। মশা-মাছির মত পোকামাকড় বা কুকুরের মত প্রাণীর কামড়ের মাধ্যমেও কিছু রোগ ছড়াতে পারে। আবার দূষিত খাদ্য গ্রহণ এবং দূষিত পানি পানের মাধ্যমেও সংক্রামক রোগ ছড়াতে পারে।

সংক্রামক রোগের প্রকারভেদঃ সংক্রামক রোগ বিভিন্নভাবে ছড়িয়ে থাকে। যেমন-

- বায়ুবাহিত রোগঃ হাঁচি-কাশি বা কথাবার্তা বলার সময় বায়ুতে জীবাণু ছড়ানোর মাধ্যমে বায়ুবাহিত রোগ হয়ে থাকে। যেমন- সোয়াইন ফ্লু, হাম, গুটিবসন্ত, যক্ষ্মা এবং ইনফ্লুয়েঞ্জা ইত্যাদি বায়ুবাহিত রোগ।
- পানিবাহিত রোগঃ পানিবাহিত রোগ হলো সে সকল রোগ যা জীবাণুযুক্ত দূষিত পানির মাধ্যমে বিস্তার লাভ করে। যেমন- ডায়রিয়া, কলেরা, আমাশয়, জন্ডিস এবং টাইফয়েড ইত্যাদি।
- ছোঁয়াচে রোগঃ রোগাক্রান্ত ব্যক্তির প্রত্যক্ষ বা পরোক্ষ সংস্পর্শে যে সকল রোগ সংক্রমণ হয় তাকে ছোঁয়াচে রোগ বলে। যেমন- ফ্লু, ইবোলা, হাম ইত্যাদি।
- প্রাণী ও পোকামাকড়বাহিত সংক্রামক রোগঃ বিভিন্ন প্রাণী ও পোকামাকড়ের মাধ্যমে কিছু জীবাণুবাহিত রোগ ছড়ায়। যেমন- কুকুরের কামড়ের মাধ্যমে জলাতঙ্ক রোগ ছড়ায়, মশার কামড়ের মাধ্যমে ম্যালেরিয়া এবং ডেঙ্গু রোগ ছড়ায়।

সংক্রামক রোগ প্রতিরোধের উপায়ঃ

- সংক্রামক রোগ জীবাণুর মাধ্যমে হয়ে থাকে। এক্ষেত্রে শরীরের রোগ প্রতিরোধ করা এবং রোগের জীবাণু ছড়িয়ে পড়া প্রতিরোধ করা সবচেয়ে গুরুত্বপূর্ণ।
- সুষম খাদ্য গেহণ করা
- নিরাপদ পানি ব্যবহার করা এবং হাত জীবাণুমুক্ত রাখা
- ঘরে পর্যাপ্ত আলো বাতাসের ব্যবস্থা থাকা জরুরী
- বাড়ির আশেপাশে পানি জমতে পারে এমন আবর্জনা যেমন- কৌটা, টায়ার, ফুলের টব ইত্যাদি পরিষ্কার রাখতে হবে। কারণ এতে জমে থাকা পানিতে ডেঙ্গু এবং ম্যালেরিয়া রোগের বাহক মশা ডিম পাড়ে।
- হাঁচি- কাশির সময় টিস্যু, রুমাল বা হাত দিয়ে মুখ ঢাকা, চারপাশের পরিবেশ পরিষ্কার পরিচ্ছন্ন রাখা।

সংক্রামক রোগ প্রতিকারের উপায়ঃ

RAISUL ISLAM HRIDOY

সংক্রামক রোগে আক্রান্ত হয়ে গেলে নিম্ন লিখিত পদক্ষেপগুলো গ্রহণ করা যেতে পারে-

- পর্যাপ্ত বিশ্রাম নিতে হবে।
- পুষ্টিকর খাবার খেতে হবে।
- প্রচুর পরিমাণে নিরাপদ পানি পান করতে হবে।
- বাইরে বেশি ভ্রমণ থেকে বিরত থাকতে হবে।
- হালকা জ্বর বা সামান্য মাথাব্যথা করলে প্রাথমিকভাবে কিছু ঔষুধ গ্রহণ করা।
- জ্বর ভাল না হলে, ক্রমাগত বমি হতে থাকলে এবং মারাত্নক মাথাব্যথা হলে অবশ্যই ডাক্তার দেখাতে হবে।

পানিবাহিত রোগঃ পানিবাহিত রোগ হলো সে সকল রোগ যা জীবাণুযুক্ত দূষিত পানির মাধ্যমে বিস্তার লাভ করে। যেমন- ডায়রিয়া, কলেরা, আমাশয়, জন্ডিস এবং টাইফয়েড ইত্যাদি।

পানিবাহিত রোগের লক্ষণঃ

ডায়রিয়া রোগের লক্ষণঃ

- বারবার পাতলা পায়খানা হওয়া।
- ঘন ঘন বমি হওয়া।
- খুব পানির পিপাসা লাগা, মুখ ও জিহবা শুকিয়ে যাওয়া।
- চোখ ভিতরে ঢুকে যাওয়া।
- ধীরে ধীরে রোগীর নিস্তেজ হয়ে যাওয়া।

টাইফয়েড রোগের লক্ষণঃ

- জ্বর একেবারে ছাড়ে না, দিনে দিনে জ্বর বাড়তে থাকে।
- জ্বরের সাথে মাথাব্যথা, পেটব্যথা ও ঘাম হয়।
- শুরুতে কোষ্ঠকাঠিন্য থাকে। পরে পেট ফাঁপা ও ঘন ঘন পাতলা পায়খানা শুরু হয়।

আমাশয় রোগের লক্ষণঃ

- হালকা জ্বরের সাথে বারবার মলত্যাগ, মলে আম মিশ্রিত থাকে।
- তলপেটে ব্যথা হয়।
- অনেক সময় মলের সাথে রক্ত যায়।

জন্ডিসের লক্ষণঃ

- খেতে ভালো লাগে না, খাবারের গন্ধে বমি আসে।
- শরীর দুর্বল হয়ে পড়ে।
- বমি বমি ভাব হয়।
- পাতলা পায়খানা হয় এবং পায়খানার রং সাদাটে হয়।
- প্রস্রাবের রং হলুদ হয়।
- মাথাব্যথা ও শীত শীত মনে হয়।

পানিবাহিত রোগের বিস্তারের কারণঃ

ডায়রিয়া রোগের বিস্তারের কারণঃ

- ডায়রিয়া জীবাণু দ্বারা দূষিত পানি পান করলে।

RAISUL ISLAM HRIDOY

- ❖ বাসি, পচা, নোংরা খাবার খেলে।
- ❖ অপরিচ্ছন্ন থালাবাটি ব্যবহার করলে।
- ❖ হাত সাবান দিয়ে না ধুয়ে খাবার খেলে।
- ❖ টাইফয়েড রোগের বিস্তারের কারণঃ
- ❖ পানিতে এ রোগের জীবাণু থাকলে।
- ❖ এ রোগে আক্রান্ত ব্যক্তি খাবার প্রস্তুত ও পরিবেশন করলে।
- ❖ খাবার আগে সাবান দিয়ে হাত না ধুলে।
- ❖ আমাশয় রোগের বিস্তারের কারণঃ
- ❖ নোংরা, পচা, বাসি ও খোলা খাবার খেলে।
- ❖ অনিরাপদ পানি পান করলে।
- ❖ স্বাস্থ্যসম্মত পায়খানা ব্যবহার না করলে।
- ❖ খাবার আগে হাত সাবান দিয়ে না ধোয়া।

পানিবাহিত রোগ প্রতিরোধঃ

- পানিবাহিত রোগ প্রতিরোধের ভাল একটি উপায় হল পানিতে জীবাণুর বিস্তার রোধ করা।
- পানিবাহিত রোগীর মলমূত্র পানিতে না ফেলা।
- আক্রান্ত ব্যক্তির ব্যবহার্য জিনিসপত্র পানিতে না ধোয়া।
- যেখানে সেখানে ময়লা আবর্জনা ও মলমূত্র ত্যাগ করা থেকে বিরত থাকা। কারণ বৃষ্টির সময় উক্ত ময়লা আবর্জনা ও মলমূত্র পানিতে গিয়ে পানি দূষিত হয়।
- খাবার আগে এবং পায়খানা ব্যবহারের পরে ভালো করে হাত ধোয়া।
- পানি ফুটিয়ে পান করা।
- সর্বোপরি স্বাস্থ্যসম্মত ল্যাটিন ব্যবহার করা।

RAISUL ISLAM HRIDOY

জুলোজিক্যাল নমেনক্লেচার, বোটানিক্যাল নমেনক্লেচার

কোনো বিশেষ জীব বা জীবকুলের নির্দিষ্ট নামে সনাক্তকরণের পদ্ধতিকে বলা হয় নামকরণ। প্রতিটি জীবই কোনো বিশেষ অঞ্চলে আঞ্চলিক ভাষা অনুসারে। বিশেষ বিশেষ নামে পরিচিত। এরূপ আঞ্চলিক নামকরণ প্রথা বিশেষ জীবটির সনাক্তকরণের ব্যাপারে সমস্যা সৃষ্টি করে। সুইডিস বিজ্ঞানী ক্যারোলাস লিনিয়াস সর্বপ্রথম নামকরণের একটি প্রথা প্রবর্তন করেন। এটি দ্বিপদ নামকরণ প্রথা (Binomial Nomenclature System) নামে। পরিচিত ক্যারোলাস লিনিয়াসকে 'শ্রেণিবিদ্যা' এর জনক বলা হয়। তাঁর বিখ্যাত গ্রন্থ Systema Naturae Species Plantarum, Genera Plantarum Philosophia Botanica প্রভৃতি।

দ্বিপদ নামকরণ পদ্ধতি

আন্তর্জাতিক সংস্থা ICBN (ইন্টারন্যাশনাল কোর্ট অফ বোটানিক্যাল নোমেনকেচার) ও ICZN (ইন্টারন্যাশনাল কমিশন অন জুলজিকাল নোমেনকেচার) যথাক্রমে উদ্ভিদ ও প্রাণী দের নামকরণের নিয়ম তৈরি করে।

দ্বিপদ নামকরণ নীতি

- ♣ নামকরণে অবশ্যই ল্যাটিন(Latin) শব্দ ব্যবহার করতে হবে।

- ♣ বৈজ্ঞানিক নামের দুটি অংশ থাকবে, প্রথম অংশটি গণ(Genus) নাম এবং দ্বিতীয় অংশটি প্রজাতির(Species) নাম।
- ♣ জীবজগতের প্রতিটি বৈজ্ঞানিক নামকে অনন্য বা ইউনিক (unique) হতে হয়। কারণ, একই নাম দুটি পৃথক জীবের জন্য ব্যবহারের অনুমতি বা সর্বসম্মতিক্রমে সম্পূর্ণরূপে নিষিদ্ধ।
- ♣ বৈজ্ঞানিক নামের প্রথম অংশের প্রথম অক্ষর বড় অক্ষর হবে,বাকি অক্ষরগুলো ছোট অক্ষর হবে এবং দ্বিতীয় অংশটির নাম ছোট অক্ষর দিয়ে লিখতে হবে।
- ♣ বৈজ্ঞানিক নাম মুদ্রণের সময় সর্বদা ইটালিক(Italian) অক্ষরে লিখতে হবে।
- ♣ হাতে লেখার সময় গণ ও প্রজাতি নামের নিচে আলাদাভাবে দাগাঙ্কিত দিতে হবে।
- ♣ যদি কয়েকজন বিজ্ঞানী একই জীবকে বিভিন্ন নামকরণ করেন, তবে অগ্রাধিকার আইন অনুসারে প্রথম বিজ্ঞানী কর্তৃক প্রদত্ত নামটি সংগৃহীত হবে।
- ♣ যিনি প্রথম কোনো জীবের বিজ্ঞানসম্মত নাম দিবেন তার নাম ও সালসহ উক্ত জীবের বৈজ্ঞানিক নামের শেষে সংক্ষেপে সংযোজন করতে হবে।

দ্বিপদ নামকরনের নিয়ম গুলি হল:

- ○ উদ্ভিদের নামকরণ প্রাণীর নামকরণ থেকে সম্পূর্ণ আলাদা হবে। যেমন 'Mangifera indica' নামটি ছাড়া আর কোন উদ্ভিদ বা প্রাণী কে দেওয়া যাবে না।
- ○ প্রতিটি প্রজাতির একটি মাত্র বিজ্ঞানসম্মত দ্বিপদ নামকরণ থাকবে।
- ○ বৈজ্ঞানিক নাম সর্বদা ল্যাটিন ভাষায় হবে।
- ○ গণের নামকরণে একটিমাত্র পদ ব্যবহৃত হবে। এবং এর পরের অক্ষর টি বড় হরফে লিখতে হবে। যেমন 'Mangifera indica' এর ক্ষেত্রে 'i' ছোট হাতের হরফে লেখা হয়।
- ○ বিজ্ঞানসম্মত নাম বাঁকা হরফে (italics) লিখতে হবে। নতুবা গণ ও প্রজাতি কে পৃথক পৃথকভাবে নিম্নরেখ (underline) করতে হবে।
- ○ যে বিজ্ঞানী নামকরণ করেছেন দ্বিপদ নামের শেষে তার পুরো নাম সংক্ষিপ্ত নাম বা নামের আদ্যক্ষর লেখা উচিত।
- ○ যেমন আমের ক্ষেত্রে তা হবে Mangifera indica Linn.
- ○ লিনিয়াসের 'স্পিসিজ প্লান্টারুম' এর প্রকাশকাল অর্থাৎ 1757 সালের আগে কোন উদ্ভিদের নাম গ্রহণযোগ্য হবে না। তেমনি লিনিয়াস এর লেখা 'সিস্টেমা ন্যাচুরি' অর্থাৎ 1758 এর দশম সংস্করন এর প্রকাশকাল এর আগে কোন প্রাণীর বৈজ্ঞানিক নাম গ্রহণযোগ্য হবে না।

দ্বিপদ নামকরণের গুরুত্ব কি?

- ✎ দ্বিপদ নামকরণের যেসব নিয়মকানুন বলা হল তা থেকে পৃথিবীর যেকোনো দেশের বিজ্ঞানীরা কোন একটি জীবকে একটি নির্দিষ্ট নামে চিনে নিতে পারবেন।
- ✎ জীবের নামকরণের কোন পরিবর্তন হলে তা তারা জানতে পারবেন।
- ✎ সেইসঙ্গে বৈজ্ঞানিক নাম জীবের বৈশিষ্ট্য ও একই গণভুক্ত জীবের মধ্যে আন্তঃসম্পর্ক প্রভৃতি নির্দেশ করতে পারবেন।

RAISUL ISLAM HRIDOY

দ্বিপদ নামকরণ সম্পর্কিত কিছু প্রশ্ন উত্তর

দ্বিপদ নামকরণ কে প্রচলন করেন?

দ্বিপদ নামকরনের প্রচলন করেন ক্যারোলাস লিনিয়াস।

দ্বিপদ নামকরণের জনক কে?

দ্বিপদ নামকরণের জনক হলেন ক্যারোলাস লিনিয়াস।

দ্বিপদ নামকরণের আবিষ্কারক কে করেন?

দ্বিপদ নামকরনের আবিষ্কার করেন ক্যারোলাস লিনিয়াস।

দ্বিপদ নামকরণের প্রবক্তা কে?

দ্বিপদ নামকরনের প্রবক্তা হলেন ক্যারোলাস লিনিয়াস।

মানুষের দ্বিপদ (Binomial naming) নামকরণ কি?

মানুষের দ্বিপদ নামকরণ হলো হোমো স্যাপিয়েন্স।

দ্বিপদ নামকরণের নিয়মাবলী কোন সংস্থা তৈরি করেন?

আন্তর্জাতিক সংস্থা ICBN (ইন্টারন্যাশনাল কোর্ট অফ বোটানিক্যাল নোমেনকেচার) ও ICZN (ইন্টারন্যাশনাল কমিশন অন জুলজিকাল নোমেনকেচার) দ্বিপদ নামকরণের নিয়মাবলী তৈরি করে।

আমের দ্বিপদ নামকরণ (Binomial name) কি?

আমের দ্বিপদ নামকরণ হলো 'Mangifera indica'।

আমের দ্বিপদ নামকরণ কার দেওয়া?

আমের দ্বিপদ নাম ক্যারোলাস লিনিয়াস এর দেওয়া।

দ্বিপদ নামকরনের কোন দুটি পদ ব্যবহার করা হয়?

দ্বিপদ নামকরণ ই কোন উদ্ভিদ বা প্রাণীর গণ ও প্রজাতি এই দুটি পদ ব্যবহার করা হয়।

ICBN এর পুরো কথা কি?

ইন্টারন্যাশনাল কোর্ট অফ বোটানিক্যাল নোমেনক্লেচার।

ICZN এর পুরো কথা কি?

ইন্টার্নেশনাল কমিশন অন জুলজিকাল নোমেনক্লেচার।

কিছু উদ্ভিদ ও প্রাণীর বৈজ্ঞানিক নাম

ক্রমিক	সাধারণ নাম	বৈজ্ঞানিক নাম
১	গোলআলু	Solanum tuberosum
২	পেঁয়াজ	Allium cepa
৩	ধান	Oryza sativa
৪	জবা	Hibiscus rosa-sinensis
৫	পাট	Corchorus capsularis

RAISUL ISLAM HRIDOY

৬	আম	Mangifera indica
৭	কাঁঠাল	Artocarpus heterophyllus
৮	শাপলা	Nymphaea nouchali
৯	রুই মাছ	Labeo rohita
১০	কাতলা	Catla catla
১১	সিংহ	Panthera leo
১২	রয়েল বেঙ্গল টাইগার	Panthera tigris
১৩	ম্যালেরিয়া জীবাণু	Plasmodium vivax
১৪	আরশোলা	Periplaneta americana
১৫	মৌমাছি	Apis indica
১৬	ইলিশ	Tenualosa ilisha
১৭	কুনোব্যাঙ	Bufo/Duttaphrynus melanostictus
১৮	দোয়েল	Copsychus saularis
১৯	মানুষ	Homo sapiens
২০	কলেরা জীবাণু	Vibrio cholerae
২১	গম	Triticum aestivum
২২	ভুট্টা	Zea mays
২৩	মসুর	Lens culinaris
২৪	ছোলা	Cicer arietinum
২৫.	মোটর	Pisum sativum
২৬	সোনামুগ	Vigna radiate
২৭	মাসকলাই	Vigna mungo
২৮	খেসারী	Lathyrus sativus
২৯	সয়াবিন	Glycine max
৩০	তিল	Sesamum indicum
৩১	পেঁপে	Carica papaya
৩২	লিচু	Litchi sinensis
৩৩	রজনীগন্ধা	Polianghes tuberosa

RAISUL ISLAM HRIDOY

৩৪	ঘড়িয়াল	Gavialias Gengcticus

উদ্ভিদ, ফুল, ফল

উদ্ভিদ কাকে বলে

যেসব জীবের দেহ মূল, কান্ড, পাতায় বিভক্ত এবং যাদের অধিকাংশই সূর্যের আলো থেকে সালোকসংশ্লেষণ প্রক্রিয়ায় নিজের খাদ্য নিজেই তৈরি করতে পারে এবং একস্থান থেকে অন্য স্থানে চলাফেরা করতে পারে না তাদেরকে উদ্ভিদ বলে।

সংক্ষেপে বলা যায়, যা মাটি ভেদ করে উঠে কিন্তু এক স্থান থেকে অন্য স্থানে চলাফেরা করতে পারে না তাকে উদ্ভিদ বলে।

উদ্ভিদ সূর্যের আলো ও পানি ব্যবহার করে খাদ্য তৈরি করে। আর এ খাদ্য তৈরি করার জন্য কার্বন ডাইঅক্সাইডও প্রয়োজন হয়। সূর্যের আলো ও পানি ছাড়া উদ্ভিদ বাঁচতে পারে না।

উদ্ভিদ কত প্রকার ও কি কি

বৃক্ষ, গুল্ম, বিরুৎ ইত্যাদি উদ্ভিদ জগতের অন্তর্গত। পৃথিবীতে প্রায় ৩৫০,০০০ প্রজাতির উদ্ভিদ আছে বলে ধারণা করা হয়। এর মধ্যে ২০০৪ সাল পর্যন্ত প্রায় ২৮৭,৬৫৫টি প্রজাতিকে শনাক্ত করা গেছে। এর মধ্যে ২৫৮,৬৫০ হলো সপুষ্পক উদ্ভিদ।

বৃক্ষ বহুবর্ষজীবী কাষ্ঠবহুল উদ্ভিদ। বৃক্ষকে এভাবে সঙ্গায়িত করা হয়: কাষ্ঠবহুল উদ্ভিদ যার মাটি থেকে সুস্পষ্ট শীর্ষ প্রকটতা বিশিষ্ট একটি একক প্রধান কাণ্ড অথবা গুঁড়ি থেকে বহুধাবিভক্ত অপ্রধান শাখা বিকশিত হয়। কিছু লেখকের মতে পূর্ণ বিকশিত অবস্থায় বৃক্ষের ন্যূনতম উচ্চতা ৩ মিটার থেকে ৬ মিটার হওয়া উচিত। আবার কিছু লেখক গাছের কাণ্ডের ন্যূনতম ব্যাস নির্ধারণ করেছেন ১০ সেমি।

গুল্ম জাতীয় উদ্ভিদ বৃক্ষ থেকে ছোট হয় এবং এর কাণ্ড, শাখা প্রশাখা শক্ত হলেও বৃক্ষের কাণ্ড, শাখা প্রশাখা থেকে ছোট ও চিকন হয় গুল্মের মূল মাটির খুব বেশি গভীরে যায় না। এই উদ্ভিদের প্রধান কাণ্ডটির সারা গায়ে শাখা গজায়।

বিরুৎ এর কাণ্ড, শাখা প্রশাখা নরম হয়। আকারে ছোট হয়।

উদ্ভিদের প্রাণ আছে এটা প্রথম আবিষ্কার করেন স্যার জগদীশ চন্দ্র বসু।

বৃক্ষঃ-যেসব উদ্ভিদের প্রধান কাণ্ড দীর্ঘ, মোটা ও শক্ত হয় এবং যাদের শেকড় মাটির গভীরে প্রবেশ করে সেগুলোকে বৃক্ষ বলে। যেমন: আম, কাঁঠাল, বেল ইত্যাদি। বৃক্ষের কাণ্ড থেকে শাখা-প্রশাখা এবং পাতা হয়। সকল বৃক্ষ বহুবর্ষজীবী উদ্ভিদ। কিছু কিছু বৃক্ষ কয়েক দশক, এমনকি কয়েকশো বছরও বাঁচে। অন্যান্য উদ্ভিদ থেকে বৃক্ষের উচ্চতা বেশি হয়, এদের কাণ্ড দীর্ঘ ও মোটা হয়। গাছ তাদের পাতাগুলি দিয়ে সালোকসংশ্লেষণের জন্য আলো সংগ্রহ করে, এই প্রক্রিয়া গাছ তাদের জন্য "খাদ্য" তৈরি করে।

বৃক্ষের প্রধান অংশগুলি কি কি:

- পাতা
- শাখা-প্রশাখা

RAISUL ISLAM HRIDOY

- মুকুট
- ফুল
- ফল
- স্কন্ধ
- গাছের ছাল/বাকল
- শিকড়

গাছ/বৃক্ষ এত গুরুত্বপূর্ণ কেন?

- গাছ বাতাস থেকে কার্বন ডাই অক্সাইড সরিয়ে এবং অক্সিজেন ছেড়ে দিয়ে 'গ্রিনহাউস' প্রভাবকে হ্রাস করে।
- গাছপালা আমাদের পরিবেশের সৌন্দর্য ও মানবসমাজের জন্য এক অমূল্য সম্পদ।
- এরা আমাদের বেঁচে থাকার জন্য অক্সিজেন, ছায়া ও খাদ্য দিয়ে থাকে।
- বৃক্ষ বাড়ির চারপাশ শীতল রাখে এবং দূষণ নির্গমন হ্রাস করে।
- মানুষের জ্বালানির একটি অন্যতম প্রদান উৎস্য হলো গাছ।
- গাছ বিভিন্ন প্রজাতির প্রাণী ও উদ্ভিদের বাসস্থান সরবরাহ করে।
- গাছপালা বিশ্বব্যাপী পরিবেশ এবং বিশ্বে বসবাসকারী প্রজাতির স্বাস্থ্যের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ।
- গাছ গন্ধ ও দূষণকারী গ্যাস শোষণ করে এবং তাদের পাতা এবং ছাল ধরে আটকে রেখে বাতাসের অংশকে ফিল্টার করে বায়ু পরিষ্কার করে।
- সুস্থ ও স্বাস্থকর পরিবেশের জন্য আমাদের উচিত গাছের নিঃশর্ত যত্ন নেওয়া ও সুরক্ষা দেওয়া।

গুল্মঃ-যেসব উদ্ভিদের কাণ্ড শক্ত কিন্তু বিক্ষের মতো দীর্ঘ ও মোটা নয়, এরা মাঝারি আকারের হয় এবং এদের কাণ্ড থেকে বহু শাখা-প্রশাখার সৃষ্টি হয়, এ উদ্ভিদগুলো দেখতে অনেকটা ঝোপের মতো দেখায়, এসকল উদ্ভিদকেই গুল্ম উদ্ভিদ বলে।

গুল্ম জাতীয় উদ্ভিদের উদাহরণ হলো: জবা,গোলাপ, রঙ্গন, গন্ধরাজ, বেলি, জুঁই, কাঁটা মুকুট, কাগজীলেবু ইত্যাদি।

RAISUL ISLAM HRIDOY

গুল্ম জাতীয় উদ্ভিদের বৈশিষ্ট্য:

- এরা মাঝারি আকারে হয়ে থাকে।
- শেকড় মাটির বেশি গভীরে যায় না।
- এদের গোড়া থেকেই শাখা-প্রশাখা বের হয়।
- গুল্ম উদ্ভিদ সাধারণত ঝোপবিশিষ্ট্য হয়।
- কিছু গুল্ম উদ্ভিদ ফুল ও ফল প্রদান করে।
- এগুলো অত্যন্ত সহিষ্ণু ও প্রায় সকল ধরনের মাটিতে জন্মে।
- গুল্ম উদ্ভিদ যেমন: জবা, রঙ্গন, গোলাপ, লেবু ইত্যাদি

বিরুৎঃ-যেসকল উদ্ভিদ আকারে ছোট হয় ও এদের কাণ্ড নরম সেসকল উদ্ভিদকে বিরুৎ উদ্ভিদ বলে।

বিরুৎ উদ্ভিদের উদাহরণ হলো: ধান, সরিষা, মরিচ, লাউ, কুমড়া, পুঁই শাক ঘাস, কচু ইত্যাদি।

বিরুৎ উদ্ভিদের বৈশিষ্ট্য সমূহ:

- বিরুৎ উদ্ভিদ আকারে ছোট হয়।

- এদের কাণ্ড, শাখা-প্রশাখা নরম হয়।
- এদের শেকড় মাটির গভীরে যায় না।
- বিরুৎ উদ্ভিদ হলো: মরিচ গাছ, লাউ গাছ, ধান, সরিষা, ইত্যাদি।

জীবনের স্থিতিকাল অনুযায়ী বিরুৎ উদ্ভিদ ৪ প্রকার:

ক্ষণজীবী উদ্ভিদ

একবর্ষজীবী উদ্ভিদ

দ্বিবর্ষজীবী উদ্ভিদ

বহুবর্ষজীবী উদ্ভিদ

১. ক্ষণজীবী উদ্ভিদ: যেসব উদ্ভিদ খুব কম সময়ের মধ্যে তাদের জীবনচক্র সম্পন্ন করে, তাদেরকে ক্ষণজীবী উদ্ভিদ বলে। যেমন: Balanites aegyptiaca. এ উদ্ভিদ গুলো সাধারণত দুই-তিন মাসের মধ্যেই তাদের ফুল ও ফল প্রদানের প্রক্রিয়া শেষ করতে হয়।

২. একবর্ষজীবী উদ্ভিদ: যেসব উদ্ভিদ এর জীবনচক্র ১ বছর বা এক ঋতুতেই শেষ হয় অথবা বছরে কোনো একটি নির্দিষ্ট ঋতুতে জন্মে ও নির্দিষ্ট সময়ে একবার ফল দেয় তাদেরকে একবর্ষজীবী উদ্ভিদ বলে। যেমন: ধান, গম, সরিষা, ভুট্টা ইত্যাদি। এ উদ্ভিদের একটি বৈশিষ্ট্য হলো এ গাছগুলো একবার ফল দিয়ে মারা যায়।

৩. দ্বিবর্ষজীবী উদ্ভিদ: যেসব উদ্ভিদের জীবনকাল সাধারণত ২ বছর তাদেরকে দ্বিবর্ষজীবী উদ্ভিদ বলে। যেমন: মুলা, বাধাকপি, গাজর ইত্যাদি।

৪. বহুবর্ষজীবী উদ্ভিদ: যেসব উদ্ভিদ ২ বছরের বেশি সময় বেঁচে থাকে তাদেরকে বহুবর্ষজীবী উদ্ভিদ বলে। যেমন: আদা, হলুদ, কলাবতি, দুর্বা ঘাস ইত্যাদি।

RAISUL ISLAM HRIDOY

উদ্ভিদ, ফুল ও ফল

ফুল কাকে বলে

ফুল বা পুষ্প হল উদ্ভিদের বিশেষ একটি মৌসুমী অঙ্গ যা উদ্ভিদের প্রজননে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। এটি উদ্ভিদের পরিবর্তিত বিটপ। ফুল এর সৌন্দর্যের জন্য জনপ্রিয়। ফুল থেকে উদ্ভিদের ফল হয়।

সপুষ্পক উদ্ভিদের যে রুপান্তরিত অংশ ফল ও বীজ উৎপাদনের মাধ্যমে বংশবিস্তারে সাহায্য করে তাকে ফুল বলে। কাণ্ড, শাখা-প্রশাখা শীর্ষে অথবা পাতার কক্ষে ফুল জন্মায়। ফুল উদ্ভিদের সবচেয়ে দৃষ্টি নন্দন অংশ। সমস্ত সপুষ্পক উদ্ভিদের ফুল ফোটে ও এরা উদ্ভিদের বংশবিস্তারে সাহায্য করে। ফুল যেমন বংশবিস্তারে সাহায্য করে তেমনি ফুলের মাধ্যমে একটি গাছের মাধুয্য আরো বৃদ্ধি পায়। বিশেষ করে যে সকল গাছে ফল হয় না শুধু ফুল হয়, সেই সকল গাছ তাদের ফুলের জন্যই পরিচিত। যেমন গোলাপ,বেলি ইত্যাদি।

একটি আদর্শ ফুলের পাঁচটি স্তবকের সবগুলো উপস্থিত থাকলে তাকে সম্পূর্ণ ফুল বলে।

সম্পূর্ণ ফুলের পাঁচটি স্তবক/অংশ:

- ♣ পুষ্পাক্ষ
- ♣ বৃতি
- ♣ দল/পাপড়ি
- ♣ পুংকেশর
- ♣ গর্ভকেশর

যদি কোনও ফুলে এই পাঁচটি অংশের মধ্যে একটি বা দুটি অংশ না থাকে তাহলে ফুলগুলো অসম্পূর্ণ ফুল।

ফুলের বৈশিষ্ট্য

ফুলের বৈশিষ্ট্য গুলি হল—

1. ফুল একটি পরিবর্তিত বিটপ।
2. ফুল উদ্ভিদের একটি ক্ষণস্থায়ী অঙ্গ।
3. কান্ডশীর্ষ, পত্রকক্ষ বা মঞ্জরিপত্রের কক্ষ থেকে ফুল সৃষ্টি হয়।
4. এটি বিচিত্র বর্ণ, আকার ও গন্ধযুক্ত হয়।
5. ফুল উদ্ভিদের বংশবিস্তারে সাহায্য করে।
6. ফুল পুষ্পপত্র ধারণ করে।
7. ফুল থেকে ফল ও বীজের সৃষ্টি হয়।

ফুল সম্পর্কে কয়েকটি বিশেষ তথ্য

1. ফুলের বৃদ্ধি সীমিত এবং ফুল একটি পরিবর্তিত বিটপ।
2. সম্পূর্ণ ফুলের চারটি স্তবক থাকে, যেমন — বৃতি, দলমন্ডল, পুংস্তবক ও স্ত্রীস্তবক।
3. ফুলের পুংস্তবক ও স্ত্রীস্তবক হল জনন স্তবক বা অপরিহার্য স্তবক এবং বৃতি ও দলমন্ডল হল সাহায্যকারী স্তবক বা আনুষঙ্গিক স্তবক। চারটি স্তবক থাকলে তাকে সম্পূর্ণ পুষ্প এবং যে-কোনো একটি স্তবক না থাকলে তাকে অসম্পূর্ণ পুষ্প বলে।
4. বৃতি ফলের সঙ্গে যুক্ত থাকলে তাকে স্থায়ী বৃতি বলে। যেমন — বেগুন, লঙ্কা ইত্যাদি ; বৃতি যদি বড়ো হয়ে ফলকে আবৃত করে ফেলে তখন তাকে বর্ধনশীল বৃতি বলে। যেমন — চালতা।
5. ফুলে সাহায্যকারী স্তবক (বৃতি ও দলমন্ডল) না থাকলে তাকে নগ্ন পুষ্প বলে, অপরপক্ষে ফুলে অপরিহার্য স্তবক (পুংস্তবক ও স্ত্রীস্তবক) না থাকলে তাকে বন্ধ্যা ফুল বলে।
6. যখন পুরুষ ফুল ও স্ত্রী ফুল ভিন্ন গাছে জন্মায় তখন তাকে ভিন্নবাসী উদ্ভিদ (Dioecious) বলে। যেমন — তাল, নারকেল, পেঁপে ইত্যাদি। যখন একই গাছে পুরুষ ফুল ও স্ত্রী ফুল জন্মায় তখন তাকে সহবাসী উদ্ভিদ (Monoecious) বলে। যেমন — লাউ, কুমড়ো ইত্যাদি। যখন একই গাছে পুরুষ ফুল, স্ত্রী ফুল ও উভলিঙ্গ ফুল জন্মায় তখন তাকে মিশ্রবাসী উদ্ভিদ (Polygamous) বলে। যেমন — আম গাছ।
7. অনেক সময় ফুল উদ্ভিদের মাটির নীচের অংশ থেকে জন্মায়। যেমন — কাঁঠাল।
8. নিষেকের সময় ফুলের গর্ভাশয় ফল ও ডিম্বক বীজ সৃষ্টি করে।

ফুলের বিজ্ঞানসম্মত নাম

1. জবা – Hibiscus rosa sinensis
2. পদ্ম – Nelumbo nucifera
3. শালুক – Nymphaea stellata
4. গোলাপ – Rosa centifolia
5. গাঁদা – Tagetes patula
6. কৃষ্ণচূড়া – Caesalpinia pulcherrima
7. গন্ধরাজ – Gardenia jasminoides
8. চন্দ্রমল্লিকা – Chrysanthemum coronarium
9. সূর্যমুখী – Helianthus annuus

RAISUL ISLAM HRIDOY

10. অপরাজিতা – Clitoria ternatea
11. নয়নতারা – Catharanthus roseus
12. বকফুল – Sesbania grandifolia
13. চাঁপা – Michelia champaca
14. গুলমোহর – Delonix regia
15. তরুলতা – Ipomoea quamoclit
16. টগর – Ervatamia divaricata
17. ডালিয়া – Dahlia pinnata
18. রজনীগন্ধা – Polianthes tuberosa
19. জুঁই – Jasminum auriculatum
20. কাঞ্চন – Bauhinia purpurea
21. বেলিফুল – Jasminum sambac
22. সন্ধ্যা মালতী – Mirabilis Jalapa
23. রক্তকরবী – Nerium indicunn
24. বকুল – Mimusops elengi
25. জিনিয়া – Zinnia elegans
26. উলটচন্ডাল – Gloriosa superba

RAISUL ISLAM HRIDOY

ফল

ফলঃ- ফুলের গর্ভাশয় নিষিক্ত, পরিপুষ্ট ও পরিণত হয়ে যে অঙ্গ গঠন করে তাকে ফল বলে। অর্থাৎ নিষিক্তকরণ প্রক্রিয়া গর্ভাশয়ে যে উদ্দীপনা সৃষ্টি করে তার কারণে ধীরে ধীরে গর্ভাশয়টি ফলে পরিণত হয়।
প্রকৃত ফলঃ শুধু গর্ভাশয় ফলে পরিণত হলে তাকে প্রকৃত ফল বলে। যেমন: আম, কাঁঠাল।
অপ্রকৃত ফলঃ গর্ভাশয় ছাড়া ফুলের অন্যান্য অংশ পুষ্ট হয়ে যখন ফলে পরিণত হয় তখন তাকে অপ্রকৃত ফল বলে। যেমন: আপেল, চালতা ইত্যাদি।
প্রকৃত ও অপ্রকৃত ফলকে ৩ ভাগে ভাগ করা যায়ঃ
সরল ফল (সরল ফল দুই প্রকার: রসাল ফল, নীরস ফল)
গুচ্ছ ফল
যৌগিক ফল

১) সরল ফল: ফুলের একটি মাত্র গর্ভাশয় থেকে যে ফলের উৎপত্তি তাকে সরল ফল বলে, যেমন- আম। এরা রসাল বা শুষ্ক হতে পারে। সরল ফল দুই প্রকার।

- রসাল ফল: যে ফলের ফলত্বক পুরু এবং রসাল তাকে রসাল ফল বলে। এ ধরনের ফল পাকলে ফলত্বক ফেটে যায় না। যেমন- আম, জাম, কলা ইত্যাদি।
- নীরস ফল: যে ফলের ফলত্বক পাতলা এবং পরিপক্ক হলে ত্বক শুকিয়ে ফেটে যায় তাকে নীরস ফল বলে। যেমন - শিম, ঢেঁড়স, সরিষা ইত্যাদি।

২) গুচ্ছ ফল: একটি ফুলে যখন অনেকগুলো গর্ভাশয় থাকে এবং প্রতিটি গর্ভাশয় ফলে পরিণত হয়ে একটি বোঁটার উপর গুচ্ছাকারে থাকে তখন তাকে গুচ্ছ ফল বলে, যেমন- চম্পা, নয়নতারা, আকন্দ, আতা, শরীফা

ইত্যাদি।

৩) যৌগিক ফল: একটি মঞ্জরির সম্পূর্ণ অংশ যখন একটি ফলে পরিণত হয় তখন তাকে যৌগিক ফল বলে, যেমন- আনারস, কাঠাল।

রক্ত ও রক্ত সঞ্চালন

রক্ত কি?

রক্ত হলো একটি অস্বচ্ছ, মৃদু ক্ষারীয় এবং লবণাক্ত তরল পদার্থ। একে তরল যোজক কলাও বলা হয়। যা হৃদপিণ্ড, শিরা, উপশিরা, ধমনী এবং কৌশিকনালী পথে আবর্তিত হয়।

প্রাণীদেহে রক্ত সংবহন

প্রাণীদেহে সংবহনতন্ত্র দু ধরণের। যথাঃ

- রক্ত সংবহনতন্ত্র
- লসিকা সংবহনতন্ত্র

রক্ত সংবহনতন্ত্র

যে তন্ত্রের মাধ্যমে, রক্ত সব সময় দেহের বিভিন্ন অঙ্গ ও অংশে চলাচল করে, তাকে রক্ত সংবহনতন্ত্র বলে। আর এই তন্ত্রে প্রবাহিত রক্তের মাধ্যমেই খাদ্য, অক্সিজেন এবং রক্তের বর্জ্য পদার্থ দেহের এক জায়গা থেকে অন্য জায়গায় প্রবাহিত হয়।

রক্ত সংবহনতন্ত্রের তন্ত্রের উপাদান

রক্ত সংবহনতন্ত্রের উপাদানগুলো হল –

- হৃদপিণ্ড
- ধমনী
- শিরা ও জালিকা
- কৈশিকনালী ইত্যাদি

RAISUL ISLAM HRIDOY

রক্ত সংবহন তন্ত্রের প্রকারভেদ

রক্ত সংবহনতন্ত্র দুই প্রকার। যথাঃ

- মুক্ত সংবহনতন্ত্র
- বদ্ধ সংবহনতন্ত্র

মুক্ত সংবহনতন্ত্র

যে সংবহনতন্ত্রের মাধ্যমে রক্ত শুধুমাত্র রক্ত প্রবাহের মধ্যে আবদ্ধ না থেকে দেহ গহ্বর বা সেলম নামে ফাঁকা স্থানে মুক্ত হয়ে থাকে, তাকে মুক্ত সংবহনতন্ত্র বলে। যেমন – চিংড়ি মাছের সংবহনতন্ত্র।

মুক্ত সংবহনতন্ত্রের সুবিধা

- মুক্ত সংবহনতন্ত্রের কয়েকটি সুবিধা হল –
- এরকম সংবহনতন্ত্রে রক্ত দেখা গহ্বরে উন্মুক্ত হয়
- অমেরুদন্ডী প্রাণীদের দেহে এরকম সংবহনতন্ত্র দেখা যায়
- রক্তকণা কোষের প্রত্যেক্ষ সংস্পর্শে আসে
- সংবহনতন্ত্রে জালক থাকেনা তবে হিমসিল ও সাইনাস থাকে।
- হৃদপিণ্ড অনুন্নত ও সরল প্রকৃতির ইত্যাদি।

বদ্ধ সংবহনতন্ত্র

যে রক্তপ্রবাহ শুধুমাত্র হৃদপিণ্ড এবং রক্তনালীগুলোর মধ্যে সীমাবদ্ধ থাকে, কখনো এর বাইরে আসে না তাকে বদ্ধ সংবহনতন্ত্র হলে। যেমন – মানবদেহের রক্ত সংবহনতন্ত্র।

বদ্ধ সংবহনতন্ত্রের সুবিধা

বদ্ধ সংবহনতন্ত্রের কয়েকটি সুবিধা হল –

- এ রক্ত সংবহন তন্ত্রের মাধ্যমে সারা দেহে রক্ত একবার সম্পূর্ণ ভ্রমণের জন্য মাত্র 1 মিনিট বা তার চেয়ে কম সময় লাগে।
- রক্ত সরাসরি দেহের বিভিন্ন অঙ্গে পৌঁছে
- রক্ত বিভিন্ন অঙ্গের ভ্রমণ করে দ্রুত হৃদপিন্ডের ফিরে আসে ইত্যাদি।
- রক্ত লাল হয় কেন?
- রক্তের তিন ধরনের কণিকার মধ্যে লোহিত রক্তকণিকায় হিমোগ্লোবিন নামক রঞ্জক পদার্থ থাকার কারণে রক্তের রং লাল দেখায়। তাছাড়া হাড়ের লাল অস্থিমজ্জাতে রক্তকণিকার জন্ম হয়।

রক্তের উপাদান

রক্ত এক ধরনের তরল যোজক কলা। রক্তের উপাদান দুইটি।যথাঃ

- রক্তরস
- রক্ত কণিকা

RAISUL ISLAM HRIDOY

রক্তরস

রক্তের বর্ণহীন তরল অংশকে বলা হয় রক্তরস। রক্তের শতকরা ৫৫% রক্তরস। এর প্রধান উপাদান পানি। তাছাড়াও বাকি অংশে কিছু প্রোটিন, জৈব যৌগ, অসামান্য অজৈব লবণ দ্রবীভূত অবস্থায় থাকে। এর মধ্যে যেসব পদার্থ থাকে তা হল –

- প্রোটিন
- গ্লুকোজ
- ক্ষুদ্র ক্ষুদ্র চর্বি কণা
- খনিজ লবণ
- ভিটামিন
- হরমোন
- এন্টিবডি
- বর্জ্য পদার্থ ইত্যাদি।

এছাড়াও সামান্য সোডিয়াম ক্লোরাইড, সোডিয়াম বাই কার্বনেট ও অ্যামাইনো এসিড থাকে । আমরা যে খাবার খাই, তা পরিপাক হয় অন্ত্রের গোত্রে শোষিত হয় এবং রক্ত মিশে মিশে সারা দেহে সঞ্চালিত হয়।

রক্তকণিকা

রক্তের প্লাজমার মধ্যে নির্দিষ্ট আকার ও গঠন বৈশিষ্ট্য উপাদানসমূহ বা রক্ত কোষসমূহকে রক্তকণিকা বলে। এককথায় রক্তের কোষগুলোকে রক্তকণিকা বলে।

রক্ত কণিকার প্রকারভেদ

রক্তকণিকা তিন প্রকার।যথাঃ

- লোহিত রক্তকণিকা
- শ্বেত রক্তকণিকা
- অনুচক্রিকা

লোহিত রক্তকণিকা

তিন ধরনের রক্ত কণিকার মধ্যে লোহিত রক্ত কণিকার সংখ্যা সবচেয়ে বেশি। লাল অস্থিমজ্জায় লোহিত রক্ত কণিকা সৃষ্টি হয়। মানুষের লোহিত রক্ত কণিকায় নিউক্লিয়াস থাকে না এবং দেখতে অনেকটা দ্বি অবতল বৃত্তের মত। এর গড় আয়ু 120 দিন।

একজন প্রাপ্তবয়স্ক ব্যক্তির রক্তের লোহিত রক্ত কণিকার সংখ্যা প্রতি কিউবিক মিলিমিটারে প্রায় 50 লক্ষ। যা শ্বেত রক্তকণিকার চেয়ে প্রায় ৫০০ গুণ বেশি। পুরুষের তুলনায় মহিলাদের রক্তে লোহিত রক্তকণিকা কম। তবে শিশুদের দেহে লোহিত রক্ত কণিকার পরিমাণ বেশি থাকে। আমাদের জীবনের প্রতি মুহূর্তে লোহিত রক্ত কণিকা ধ্বংস হয়, আবার সম পরিমাণে তৈরিও হয়।

লোহিত রক্ত কণিকার কাজ

- লোহিত রক্তকণিকা অক্সিহিমোগ্লোবিন রূপে অক্সিজেন এবং কার্বন ডাই-অক্সাইড পরিবহন করে
- কোষে খাদ্যসার পরিবহন করে রক্তের সান্দ্রতা রক্ষা করে
- এটি রক্তের অম্ল-ক্ষারত্ব ও আয়রনের ভারসাম্য বজায় রাখে।
- এর গায়ে উপস্থিত নানা ধরনের এন্টিজেন দেহের রোগ প্রতিরোধ ক্ষমতা বজায় রাখে
- দেহের বর্জ্য পদার্থ নিষ্কাশনে কাজ করে।

শ্বেত রক্তকণিকা বা লিউকোসাইট

লোহিত রক্তকণিকা তুলনায় শ্বেত রক্তকণিকা অনেক কম। এর নির্দিষ্ট কোন আকার নেই। এটি হিমোগ্লোবিনবিহীন এবং নিউক্লিয়াস যুক্ত বড় আকারের কোষ। আর হিমোগ্লোবিন না থাকার কারণে এদেরকে শ্বেত রক্তকণিকা বলা হয়। ইংরেজিতে White Blood Cell বা WBC বলে। এরা রক্তরসের মধ্য দিয়ে নিজেরাই চলাফেরা করতে পারে।

এর গড় আয়ু 1 থেকে 15 দিন। এরা অ্যামিবার মত দেহের আকার পরিবর্তন করতে পারে। মানব দেহের প্রতি ঘন মিলিমিটার রক্তে 4 থেকে 10 হাজার শ্বেত রক্ত কণিকা থাকে। অসুস্থ মানবদেহে এর সংখ্যা বেড়ে যায়।

শ্বেত রক্ত কণিকার প্রকারভেদ

গঠনগতভাবে এবং সাইটোপ্লাজমে দানার উপস্থিতি বা অনুপস্থিতি অনুসারে শ্বেত রক্তকণিকাকে প্রধানত দুই ভাগে ভাগ করা যায়। যথাঃ

- অ্যাগ্রানুলোসাইট বা দানাবিহীন
- গ্রানুলোসাইট বা দানাযুক্ত

অ্যাগ্রানুলোসাইট বা দানাবিহীন শ্বেতকণিকা দু রকমের। যথাঃ

- লিম্ফোসাইট
- মনোসাইট

গ্রানুলোসাইট বা দানাযুক্ত শ্বেতকণিকা গুলো নিউক্লিয়াসের আকৃতির ভিত্তিতে তিন প্রকার। যথাঃ

- নিউট্রোফিল
- ইওসিনোফিল

RAISUL ISLAM HRIDOY

- বেসোফিল

শ্বেত রক্তকণিকার কাজ

- কিছু শ্বেত রক্ত কণিকা ফ্যাগোসাইটোসিস প্রক্রিয়ায় দেহকে জীবাণুর আক্রমণ থেকে রক্ষা করে।
- এটি এন্টিবডি এন্টিজেন উৎপাদনের মাধ্যমে দেহের রোগ প্রতিরোধ ক্ষমতা বৃদ্ধি করে
- নিউট্রোফিল শ্বেত রক্তকণিকা ফ্যাগোসাইটোসিস প্রক্রিয়ায় জীবাণু ভক্ষণ করে।
- বেসোফিল শ্বেত রক্ত কণিকা হেপারিন নিঃসৃত করে রক্তকে রক্তবাহিকায় জমাট বাঁধতে দেয় না ইত্যাদি।

অনুচক্রিকা

অনুচক্রিকাকে ইংরেজিতে Platelet বলে। এগুলো গোলাকার, ডিম্বাকার অথবা রড আকারের হতে পারে। এয়ার সংখ্যা সেতো রক্তকণিকার চেয়ে কিছু বেশি কিন্তু লোহিত রক্ত কণিকার চেয়ে কম। এর গড় আয়ু ৫-১০ দিন। মানব দেহে প্রতি ঘনমিলিমিটার রক্তে অনুচক্রিকার সংখ্যা প্রায় আড়ায় লক্ষ। অসুস্থ দেহে এদের সংখ্যা আরও বেশি। রক্তে ঠিকমতো অনুচক্রিকা না থাকলে রক্তপাত সহজে বন্ধ হয় না। ফলে অনেক সময় রোগীর প্রাণ নাশের আশঙ্কা থাকে।

অনুচক্রিকার কাজ

- এর প্রধান কাজ হলো রক্ত জমাট বাঁধতে সাহায্য করা
- দেহের রক্তক্ষরণ বন্ধ করে
- রক্তনালীর ক্ষতিগ্রস্ত অ্যান্ডোথেলিয়াল আবরণ নতুন করে পুনরায় গঠন করে
- লেডিস সেরোটোনিন নামক রাসায়নিক পদার্থ উৎপন্ন করে, যা রক্তনালির সংকোচন ঘটিয়ে রক্তপাত হ্রাস করে ইত্যাদি।

RAISUL ISLAM HRIDOY

রক্তের কাজ

দেহের একটি গুরুত্বপূর্ণ উপাদান হচ্ছে রক্ত। এটি নানাবিধ কাজ করে। যেমন –

- অক্সিজেন পরিবহন
- কার্বন-ডাই-অক্সাইড অপসারণ
- খাদ্য পরিবহন
- তাপের সমতা রক্ষা
- বজ্র পদার্থ নিষ্কাশন
- হরমোন পরিবহন
- রোগ প্রতিরোধ
- রক্ত জমাট বাঁধা ইত্যাদি।

রক্ত সঞ্চালন

যে প্রক্রিয়াতে রক্ত নালীসমূহের মধ্য দিয়ে হৃদপিণ্ড থেকে বের হয়ে সমস্ত শরীরে বাহিত হয়ে পুনরায় হৃৎপিণ্ডে ফিরে আসে তাকে রক্ত সঞ্চালন প্রক্রিয়া বলে।

শ্রেণী বিভাগ:

- ১) বৃহত্তম বা সিস্টেমিক সঞ্চালন (Systemic Circulation): রক্ত বাম নিলয় হতে বের হয়ে সমস্ত কোষ ঘুরে পুনরায় বাম অলিন্দে ফিরে আসে।

- ২) পালমোনারি সঞ্চালন (Pulmonary Circulation): রক্ত ডান নিলয় (Ventricle) থেকে ফুসফুসে যেয়ে পুনরায় বাম অলিন্দে ফিরে আসে।
- ৩) পোর্টাল সঞ্চালন (Portal Circulation): রক্ত অন্ত্র থেকে শোষিত খাবার নিয়ে যকৃতে আসবে এবং যকৃত থেকে নিম্ন মহাশিরা দিয়ে হৃদপিণ্ডে ফিরে আসে।

হৃৎপিন্ড (Heart) এর ওজন প্রায় ৩২৫ গ্রাম। দুটি ফুসফুসের মধ্যে এবং ডায়াফ্রাম (মধ্যচ্ছেদ পর্দা) এর উপর থোরাক্সে অবস্থিত। পেরিকার্ডিয়াম নামক ২ স্তর বিশিষ্ট পর্দা দ্বারা আবৃত থাকে। এর আকৃতি কোণের ন্যায় এবং ৪টি প্রকোষ্ঠে বিভক্ত: (ক) ডান অলিন্দ (Righr Atrium) (খ) ডান নিলয় (Right Ventricle) (গ) বাম অলিন্দ (Left Atrium) (ঘ) বাম নিলয় (Left Ventricle)। হৃৎপিন্ড রক্তকে পাম্প করে ফুসফুস এবং শরীরের সমস্ত অঙ্গে প্রেরণ করে।

রক্ত সঞ্চালনঃ প্রতি মিনিটে ৭০-৮০ বার রক্ত পাম্প করে। করোনারী ধমনী হৃৎপেশীতে রক্ত সরবরাহ করে। অলিন্দদ্বয় একসাথে এবং নিলয় দ্বয় এক সাথে সংকুচিত হয়। এর ফলে স্টেথোস্কোপ দিয়ে লাব-ডাব শব্দ পাওয়া যায়। হৃদপিণ্ডে চারটি কপাটিকা আছে যা রক্তের গতি এক দিকে রাখে এবং উল্টা দিকে যেতে বাধা দেয়।

রক্ত সঞ্চালন গতি পথ: রক্ত পর্যায়ক্রমে ডান অনিন্দ > ডান নিলয় > পালমোনারী ধমনী দিয়ে ফুসফুস > পালমোনারী শিরা দিয়ে বাম অলিন্দ > বাম নিলয় > মহা-ধমনী > ধমনী > জালিকা শিরা > মহা শিরা > হয়ে আবার ডান অলিন্দে ফিরে আসে।

- ১) দেহের কার্বনডাই অক্সাইড যুক্ত অশুদ্ধ রক্ত জালিকা থেকে শিরা ও মহা শিরা দিয়ে ডান অলিন্দে (Atrium) আসে।
- ২) ডান অলিন্দ সংকুচিত হলে রক্ত ডান নিলয়ে (Ventricle) প্রবেশ করে। ডান নিলয় সংকুচিত (Contraction) হলে রক্ত পালমোনারী ধমনী দিয়ে ফুসফুসে যায়।
- ৩) ফুসফুস জালিকা ও অ্যালভিওলাই এর মধ্যে অক্সিজেন ও কার্বনডাই অক্সাইড আদান প্রদান হয় । ফলে অশুদ্ধ রক্ত , অক্সিজেন সমৃদ্ধ হয়ে শুদ্ধ হয় এবং পালমোনারী শিরা দিয়ে বাম অলিন্দে (Atrium) প্রবেশ করে। বাম অলিন্দ সংকোচনের ফলে বাম নিলয় (L. Ventricle) এ প্রবেশ করে। বাম নিলয় সংকোচনের ফলে রক্ত পাম্প হয়ে মহা-ধমনীতে (Aorta) যায়।
- ৪) মহা-ধমনী থেকে বিভিন্ন ধমনী ও শাখা ধমনী দিয়ে শরীরের সমস্ত কোষে রক্ত পৌঁছে। কোষ থেকে নির্গত বর্জ্য কার্বনডাই অক্সাইড রক্তে প্রবেশ করে রক্তকে অশুদ্ধ করে । এ অশুদ্ধ রক্ত জালিকা ও শিরা হয়ে পুনরায় হৃদপিণ্ডে ফিরে আসে।

আরো তথ্য

১. আকার, আকৃতি ও কাজের ভিত্তিতে রক্তবাহিকা – তিন রকম । যথাঃ

– ক. ধমনিঃ অক্সিজেন-সমৃদ্ধ রক্ত হৃদপিণ্ড থেকে সারা দেহে নিয়ে যায় ।

– খ. শিরাঃ দেহের বিভিন্ন অঙ্গ থেকে কার্বন ডাই অক্সাইড সমৃদ্ধ রক্ত হৃদপিণ্ডে নিয়ে যায় ।

– গ. কৈশিক জালিকাঃ ধমনি ও শিরার সংযোগকারী কতগুলো জালিকাকার সুক্ষ্ম রক্তনালী। ব্যাপন প্রক্রিয়ায় পুষ্টি দ্রব্য ও অক্সিজেন আদান-প্রদান করে।

২. রক্ত কী – লাল বর্ণের অস্বচ্ছ,আন্তঃকোষীয় লবণাক্ত ও ক্ষারধর্মী তরল যোজক টিস্যু।

৩. একজন পূর্ণবয়স্ক সুস্থ মানুষের দেহে রক্ত থাকে প্রায় – ৫ থেকে ৬ লিটার। যা মানুষের দেহের মোট ওজনের

RAISUL ISLAM HRIDOY

৮%

৪. রক্তের রং লাল কারণ – রক্তে হিমোগ্লোবিন নামক লৌহঘটিত প্রোটিন জাতীয় পদার্থ থাকে।

৫. রক্তের প্রধান উপাদান – রক্তরস/প্লাজমা(৫৫%) এবং রক্তকণিকা(৪৫%);রক্তরসে পানি থাকে ৯০%

৬. রক্তের অম্ল-ক্ষারের ভারসাম্য রক্ষা করে – রক্তরস

৭. রক্তরসের প্রতিরক্ষামূলক দ্রব্যাদি – অ্যান্টিটক্সিন ও অ্যাগ্লুটিনিন

৮. রক্তকণিকা প্রধানত – তিন প্রকার

– ক. লোহিত রক্ত কণিকা / এরিথ্রোসাইট – দ্বি-অবতল ও চাকতি আকৃতির/চ্যাপ্টা আকৃতির

– খ. শ্বেত রক্ত কণিকা / লিউকোসাইট – নির্দিষ্ট কোনো আকার নেই ; অ্যামিবার মতো দেহের আকার পরিবর্তন করতে পারে।

– গ. অণুচক্রিকা / থ্রম্বোসাইট/প্লেইটলেট – গোলাকার,ডিম্বাকার বা রড আকৃতির হতে পারে

৯. লোহিত রক্তকণিকা উৎপন্ন হয় – অস্থিমজ্জায়

১০. লোহিত রক্তকণিকা সঞ্চিত হয় – প্লিহায় (spleen)

১১. লোহিত রক্তকণিকার আয়ু – ১২০ দিন বা চার মাস ; এতে হিমোগ্লোবিন নামক রঞ্জক পদার্থ থাকায় এদের বর্ণ লাল হয়। এজন্য এদের Red Blood Cell বা RBC বলে।

১২. স্তন্যপায়ী প্রাণীদের রক্তে লোহিত কণিকা – নিউক্লিয়াসবিহীন। অন্যান্য মেরুদণ্ডী প্রাণীর রক্তের লোহিত কনিকায় নিউক্লিয়াস থাকে।

১৩. শ্বেত রক্তকণিকায় – নিউক্লিয়াসযুক্ত বড় আকারের কোষ।এগুলো হিমোগ্লোবিনবিহীন বিধায় শ্বেত/সাদা/ White Blood Cell (WBC)

১৪. ফ্যাগোসাইটোসিস প্রক্রিয়ায় জীবাণু ধ্বংস করে – শ্বেত রক্তকণিকা। ফ্যাগোসাইটোসিস হলো অ্যামিবার মতো দেহের আকার পরিবর্তন করে ক্ষণপদ সৃষ্টির মাধ্যমে রোগজীবাণু ভক্ষণ।

১৫. শ্বেত রক্তকণিকার গড় আয়ু – ১ থেকে ১৫ দিন

১৬. গঠনগতভাবে বা সাইটোপ্লাজমে দানার উপস্থিতি বা অনুপস্থিতি অনুসারে শ্বেত রক্তকণিকা – দুই প্রকার

ক. অ্যাগ্রানুলোসাইট বা দানাবিহীন – এর আবার দুই প্রকার। লিম্ফসাইট ও মনোসাইট। এই মনোসাইটই মূলত ফ্যাগোসাইটোসিস প্রক্রিয়ায় রোগজীবাণু ধ্বংস করে। আর লিম্ফসাইট অ্যান্টিবডি গঠন করে।

খ. গ্রানুলোসাইট বা দানাযুক্ত – এরা আবার নিউক্লিয়াসের আকৃতির ভিত্তিতে তিন প্রকার।

– নিউট্রোফিলঃ ফ্যাগোসাইটোসিস প্রক্রিয়ায় রোগজীবাণু ধ্বংস করে

– ইওসিনোফিলঃ হিস্টামিন নামক রাসায়নিক পদার্থ নিঃসৃত করে এলার্জি প্রতিরোধ করে

– বেসোফিলঃ হেপারিন নিঃসৃত করে যার ফলে রক্ত রক্তবাহিকার ভিতর জমাট বাঁধে না। ইহাও হিস্টামিন নিঃসৃত করে এলার্জি প্রতিরোধ করে।

১৭. অণুচক্রিকা গড় আয়ু – ৫ থেকে ১০ দিন

১৮. অণুচক্রিকার প্রধান কাজ – রক্ততঞ্চন /রক্তজমাট(Blood Clotting)

১৯. ফাইব্রিন – এক ধরণের অদ্রবণীয় প্রোটিন যা দ্রুত সুতার মত জালিকা প্রস্তুত করে রক্ততঞ্চন ঘটায়।

২০. রক্ততঞ্চনে সাহায্য করে – ভিটামিন K এবং ক্যালসিয়াম আয়ন

২১. পারপুরা কি – অণুচক্রিকার সংখ্যা স্বাভাবিকের তুলনায় কমে যায়। জেঙ্গুজ্বর হলে এই অবস্থা হয়।

২২. থ্রম্বোসাইটোসিস কী – অণুচক্রিকার সংখ্যা স্বাভাবিকের তুলনায় বেড়ে যায়। ফলে রক্তনালীর অভ্যন্তরে

RAISUL ISLAM HRIDOY

রক্ত জমাট বেঁধে যায়। একে থ্রম্বোসিস বলে।

২৩. পলিসাইথিমিয়া – লোহিত কণিকার সংখ্যা স্বাভাবিকের তুলনায় বেড়ে যাওয়া

২৪. এনিমিয়া – লোহিত কণিকার সংখ্যা স্বাভাবিকের তুলনায় কমে যাওয়া

২৫. লিউকেমিয়া/ ব্লাড ক্যান্সার – শ্বেত কণিকার সংখ্যা স্বাভাবিকের তুলনায় অত্যধিক বেড়ে যায়। সাধারণত ৫০,০০০-১০,০০,০০০

২৬. লিউকোসাইটোসিস – শ্বেত কণিকার সংখ্যা স্বাভাবিকের তুলনায় বেড়ে যায়। সাধারণত ২০,০০০-৩০,০০০। নিউমোনিয়া হুপিংকাশিতে এই অবস্থা হয়। রোগের বিরুদ্ধে শরীরে ইমুনিটি তৈরির জন্য।

২৭. থ্যালাসিমিয়া – বংশগত রক্তের রোগ। রক্তের হিমগ্লোবিনের পরিমাণ কমে রক্তশূন্যতার সৃষ্টি করে। রোগীকে প্রতি তিন মাস অন্তর রক্ত সঞ্চালন করতে হয়। বাবা ও মায়ের অটোজোমে বিদ্যমান প্রচ্ছন্ন জিন একত্রিত হয়ে সন্তানে এই রোগ সৃষ্টি করে।

২৮. মানুষের রক্তে এন্টিজেন – ২ ধরনের

২৯. সিরাম কী – রক্ত জমাট বাঁধার পর রক্তে হালকা হলুদ যে স্বচ্ছ রস নিঃসৃত হয়। তাই সিরাম।সিরামে কোন রক্ত রস থাকে না। সিরামে ২ ধরণের এন্টিবডি আছে।

৩০. Rh factor কী – রেসাস(Rhesus) নামক বানরের লোহিত কনিকায় অবস্থিত একধরণের অ্যাগ্লুটিনোজেন/অ্যান্টিজেন। স্বামী – স্ত্রী একই Rh factor(হয় Rh positive নয় Rh negative) যুক্ত না হলে অনাগত সন্তানের নানান জটিলতা দেখা দেয়।

রক্তচাপ

রক্ত চলাচলের সময় ধমনির গায়ে যে চাপ তৈরি হয়, তাকে রক্তচাপ বলে। হৃৎপিণ্ডের সংকোচন বা সিস্টোল অবস্থায় ধমনির গায়ে রক্তচাপের মাত্রা সবচেয়ে বেশি থাকে। একে সিস্টোলিক চাপ (Systolic Pressure) বলে। হৃৎপিণ্ডের (প্রকৃতপক্ষে নিলয়ের) প্রসারণ বা ডাইয়াস্টোল অবস্থায় রক্তচাপ সবচেয়ে কম থাকে। একে ডায়াস্টোলিক চাপ (Diastolic Pressure) বলে।

আদর্শ রক্তচাপ: চিকিৎসকদের মতে, পরিণত বয়সে একজন মানুষের আদর্শ রক্তচাপ (Blood pressure) সাধারণত ১২০/৮০ মিলিমিটার মানের কাছাকাছি। রক্তচাপকে দুটি সংখ্যায় উল্লেখ করা হয়। প্রথমটি উচ্চমান এবং দ্বিতীয়টি নিম্নমান। রক্তের উচ্চ চাপকে সিস্টোলিক (Systolic) চাপ বলে যার আদর্শ মান ১২০ মিলিমিটারের নিচে। নিম্নচাপকে ডায়াস্টোলিক (Diastolic) চাপ বলে। এই চাপটির আদর্শ মান ৮০ মিলিমিটারের নিচে। এই চাপটি হৃৎপিণ্ডের দুটি বিটের মাঝামাঝি সময় রক্তনালিতে সৃষ্টি হয়। দুধরনের রক্তচাপের পার্থক্যকে ধমনিঘাত বা নাড়িঘাত চাপ (Pulse pressure) বলা হয়। সাধারণত সুস্থ অবস্থায় হাতের কব্জিতে রেট তথা হৃৎস্পন্দনের মান প্রতি মিনিটে ৬০-১০০। হাতের কব্জিতে হালকা করে চাপ দিয়ে ধরে পালস রেট বের করা যায়। স্ফিগমোম্যানোমিটার (Sphygmomanometer) বা সংক্ষেপে বিপি যন্ত্রের সাহায্যে রক্তচাপ মাপা যায়। এই যন্ত্র দিয়ে ডায়াস্টোলিক ও সিস্টোলিক চাপ দেখে রক্তচাপ নির্ণয় করা যায়।

রক্তচাপের গুরুত্ব

রক্তচাপ রক্তসংবহনে এবং জালকতন্ত্রে পরিস্রাবণ প্রক্রিয়ায় সাহায্য করে। এই পরিস্রাবণ প্রক্রিয়া রক্ত থেকে কোষে পুষ্টি সরবরাহ করা, মূত্র উৎপাদন করা প্রভৃতি শারীরবৃত্তীয় কাজের সঙ্গে জড়িত।

রক্তচাপ নিয়ন্ত্রণকারী কারণসমূহ

- হৃৎপিণ্ডের সংকোচন করার ক্ষমতা।

RAISUL ISLAM HRIDOY

- রক্তবাহের স্থিতিস্থাপকতা।
- হরমোন।
- খাদ্য গ্রহণ।
- ঘুমানো।
- দৈহিক পরিশ্রম।

রক্তের বিভিন্ন উপাদানের মান

লোহিত রক্তকণিকা:

পুরুষ :প্রতি ঘনমিলিমিটারে ৫০ লক্ষ

মহিলা : প্রতি ঘনমিলিমিটারে ৪৫ লক্ষ

২. শ্বেতরক্তকণিকা: ৪-১১ /৫-৮ হাজার / ঘন মিলিলিটার

৩. অনুচক্রিকা - ২.৫ - ৫ লক্ষ / ঘন মিলিলিটার

অতিরিক্ত ঠান্ডা আবহাওয়ার জন্য রক্ত চলাচল বন্ধ হয়ে যেতে পারে, এবং এক পর্যায়ে সম্পূর্ণ রক্ত চলাচল বন্ধ হয়ে যাওয়ার কারণে যে কোনো ব্যক্তি মারা যেতে পারে।

আরো তথ্য

১. রক্তচাপ কী – হৃদপিণ্ডের সংকোচন ও প্রসারণের ফলে রক্ত ধমনীর মধ্য দিয়ে প্রবাহকালে ধমনি প্রাচীরে যে পার্শ্বচাপ সৃষ্টি হয়, তাকে রক্তচাপ বলে।

২. রক্তচাপ মাপা হয় – স্ফিগমোম্যানোমিটার নামক যন্ত্র দিয়ে

৩. স্বাভাবিক রক্তচাপকে প্রকাশ করা হয় – ১২০/৮০ mm Hg

৪. সিস্টোল (Systole) কী – হৃদপিণ্ডের স্বতঃস্ফূর্ত সংকোচন

৫. ডায়াস্টোল (Diastole)কী – হৃদপিণ্ডের স্বতঃস্ফূর্ত প্রসারণ

৬.সিস্টোলিক রক্তচাপ কী – সিস্টোল অবস্থায় ধমনিতে যে চাপ থাকে, তাকে সিস্টোলিক রক্তচাপ বলে।একজন সুস্থ ও স্বাভাবিক প্রাপ্তবয়স্ক মানুষের সিস্টোলিক রক্তচাপ ১১০-১৪০ mm Hg

৭. ডায়াস্টোলিক রক্তচাপ কী – ডায়াস্টোল অবস্থায় ধমনিতে যে চাপ থাকে, তাকে ডায়াস্টোলিক রক্তচাপ বলে।একজন সুস্থ ও স্বাভাবিক প্রাপ্তবয়স্ক মানুষের ডায়াস্টোলিক রক্তচাপ ৬০-৯০ mm Hg

৮. উচ্চরক্তচাপকে ডাক্তারি ভাষায় বলে – হাইপারটেনশন। সিস্টোলিক রক্তচাপ সবসময় ১৬০ mm Hg বা তার বেশী এবং ডায়াস্টোলিক রক্তচাপ সবসময় ৯৫ mm Hg বা তার বেশী হলে একে উচ্চরক্তচাপ বলে।

হৃৎপিণ্ড ও হৃদরোগ

হৃৎপিন্ডের গঠন ও অবস্থান

☞মানুষের হৃৎপিণ্ড বক্ষগহ্বরে ফুসফুসদ্বয়ের এর মাঝখানে ঈষৎ বাম দিকে ঘেঁষে অবস্থিত একপ্রকার পাম্পযন্ত্রবিশেষ, যা ছান্দিক গতিতে স্পন্দিত হয় সারা দেহে রক্ত সঞ্চালন করে।

হৃদপিন্ডের বাইরের দ্বিস্তরবিশিষ্ট আবরণকে পেরিকার্ডিয়াম বলে।

পেরিকার্ডিয়াম এর হৃৎপিণ্ডকে সংলগ্ন স্তরকে ভিসেরাল স্তর বলে এবং বাইরের স্তরকে প্যারাইটাল স্তর বলে।

এই দুই স্তরের মাঝখানে থাকে পেরিকার্ডিয়াল তরল যা হৃৎপিণ্ডকে ঘর্ষণজনিত আঘাতের হাত থেকে রক্ষা করে।

RAISUL ISLAM HRIDOY

হৃৎপিন্ডের পেশিকে মায়োকার্ডিয়াম বলে। যা এন্ডোকার্ডিয়াম এর নিচে থাকে। হৃদপেশী সরেখ, অনৈচ্ছিক পেশি।

হৃৎপিন্ডের মায়োকার্ডিয়াম এর অন্তঃপ্রাচীর সংলগ্ন স্তর বা পর্দাকে বলে এন্ডোকার্ডিয়াম এতে অসংখ্য মাইট্রোকন্ডিয়া থাকে যার জন্য হৃদপেশী কখনোই ক্লান্ত হয় না।

হৃৎপিন্ডের সংযোগী কলা কোষ

SA Node (Sinoatrial Node)

☞ডান অলিন্দের ঊর্ধ্ব মহাশিরা নিকটে অবস্থিত। মিনিটে 70-80 বার স্পন্দন প্রবাহ সৃষ্টি করে। হৃদপিন্ডের স্বাভাবিক স্পন্দন নিয়ন্ত্রণ করে বলে একে স্বাভাবিক পেসমেকার বলে।

AV Node (Atrioventricular Node)

☞করোনারি সাইনাস এর নিকট আন্ত অলিন্দ প্রাচীর এর পিছনে অবস্থিত। মিনিটে 60 থেকে 80 বার স্পন্দন প্রবাহ সৃষ্টি করে

হিজের বান্ডিল (Bundle of His)

☞SA Node থেকে উৎপন্ন হয়ে আন্ত নিলয় প্রাচীরের প্রবেশ করেছে। মিনিটে 36 বার স্পন্দন প্রবাহ সৃষ্টি করতে পারে।

পারকিনজি তন্তু (Parkinje Fibre)

☞হিজের বান্ডিল থেকে উৎপন্ন হয়ে নিলয়ের প্যাপিলারি পেশিতে এবং নিলয় এর প্রাচীর বিন্যস্ত থাকে। মিনিটে 30 থেকে 35 বার স্পন্দন প্রবাহিত করতে পারে।

হৃৎপিন্ডের প্রকোষ্ঠ

হৃৎপিন্ডের চারটি প্রকোষ্ঠ-

- ডান অলিন্দ (Right Atrium)
- বাম অলিন্দ (Left Atrium)
- ডান নিলয় (Right Ventricle
- বাম নিলয় (Left Ventricle)

অলিন্দদ্বয়ের মধ্যবর্তী প্রাচীরকে আন্তঃঅলিন্দ প্রাচীর (Interauricular septum) বলে।

নিলয়দ্বয়ের মধ্যবর্তী প্রাচীর কে আন্তঃনিলয় প্রাচীর (Interventricle septum) বলে।

হৃদপিন্ডের সঙ্গে যুক্ত শিরা ও ধমনী

হৃদপিন্ডের ডান অলিন্দের ঊর্ধ্ব প্রান্তের সাথে উত্তরা বা ঊর্ধ্ব মহাশিরা (Superior venacava) যুক্ত থাকে এবং নিম্ন প্রান্তের সাথে নিম্ন মহাশিরা (Inferior venacava) যুক্ত থাকে।

ডান নিলয় এর সঙ্গে ফুসফুসীয় ধমনী (Pulmonary artery) যুক্ত থাকে।

হৃৎপিন্ডের বাম অলিন্দ সঙ্গে চারটি ফুসফুসীয় শিরা (Pulmonary vein) যুক্ত থাকে এবং বাম নিলয়ের সঙ্গে মহাধমনী যুক্ত থাকে।

হৃৎপিন্ডের ডান অলিন্দের করোনারি সাইনাস উন্মুক্ত থাকে।

মহাধমনীর মূলদেশ থেকে উৎপন্ন হয়ে ডান ও বাম করোনারি ধমনী যথাক্রমে হৃৎপিন্ডের ডান ও বাম দিকে বিস্তৃত থাকে।

রক্ত সংবহন পথ

RAISUL ISLAM HRIDOY

অধিক কার্বন ডাই অক্সাইড যুক্ত রক্ত দেহ থেকে ডান অলিন্দ ও ডান নিলয় এর মাধ্যমে ফুসফুসীয় ধমনী দ্বারা ফুসফুসে পৌঁছায়।

ফুসফুস থেকে অধিক অক্সিজেনযুক্ত রক্ত ফুসফুসীয় শিরা মাধ্যমে বাম অলিন্দে প্রবেশ করে যা বাম নিলয় ও মহাধমনীর মাধ্যমে সারা দেহে ছড়িয়ে পড়ে।

হৃৎপিন্ডের কপাটিকা নাম, তাদের অবস্থান ও কাজ।

- বাইকাসপিড বা দ্বিপত্র কপাটিকা বা মাইট্রাল কপাটিকা।
- অবস্থান : বাম অলিন্দ ও বাম নিলয়ের সংযোগস্থলে বাইকাসপিড বা দ্বিপত্র কপাটিকা বা মাইট্রাল কপাটিকা অবস্থিত।
- কাজ : রক্তকে বাম অলিন্দ থেকে বাম নিলয় যেতে সাহায্য করে এবং বিপরীত দিকে যেতে বাধা দেয়
- ট্রাইকাসপিড বা ত্রিপত্র কপাটিকা
- অবস্থান : ডান অলিন্দ ও ডান নিলয়ের সংযোগস্থলে ট্রাইকাসপিড কপাটিকার অবস্থান করে
- কাজ : এটি রক্তকে ডান অলিন্দ থেকে ডান নিলয় যেতে সাহায্য করে এবং বিপরীত দিকে যেতে বাধা দেয়।
- অর্ধচন্দ্রাকার মহাধমনীয় বা অ্যার্টক কপাটিকা
- অবস্থান: বাম নিলয় ও মহাধমনীর সংযোগস্থলে।
- কাজ : রক্তকে বাম নিলয় থেকে মহাধমনী যেতে সাহায্য করে কিন্তু বিপরীত পথে ফিরে আসতে বাধা দেয়।
- অর্ধচন্দ্রাকার ফুসফুসীয় বা পালমোনারি কপাটিকা
- অবস্থান : ডান নিলয় ও ফুসফুসীয় ধমনী সংযোগস্থলে ।
- কাজ : রক্তকে ডান নিলয় থেকে ফুসফুসের দিকে পরিচালিত করে এবং বিপরীতমুখী সম্মোহনে বাধা দেয়।
- এছাড়া করোনারি সাইনাসের মুখে থিবেশিয়ান কপাটিকা এবং অধরা মহাশিরা ডান অলিন্দের সংযোগপথে ইউষ্টাচিয়ান কপাটিকা থাকে।

RAISUL ISLAM HRIDOY

প্রাণীদের বিভিন্ন প্রকার হৃৎপিণ্ড

ভেনাস হৃৎপিণ্ড = মাছের হৃদপিন্ডে সর্বদা দূষিত রক্ত প্রবাহিত হয় বলে এদের হৃৎপিণ্ডকে ভেনাস হৃৎপিণ্ড বলে।

একচক্রী হৃৎপিণ্ড = হৃৎপিন্ডে রক্ত একবার আবর্তিত হয় বলে এই প্রকার হৃৎপিণ্ড কে একচক্রী হৃৎপিণ্ড বলে। যেমন মাছের হৃৎপিণ্ড।

দ্বিচক্রী হৃৎপিণ্ড = এই প্রকার হৃদপিন্ডে রক্ত চক্রাকারে দুবার আবর্তিত হয় বলে এই প্রকার হৃৎপিণ্ডকে দ্বিচক্রী হৃৎপিণ্ড বলা হয়। যেমন মানুষের হৃদপিণ্ড।

হৃদ রোগ

হৃদ রোগ, হৃৎপিণ্ড এবং রক্তবাহক (ধমনী, শিরা ও কৈশিক জালিকা) সম্পর্কিত রোগ নিয়ে আলোচনা করে। প্রধানত হৃদসংবহন তন্ত্র, মস্তিষ্ক, বৃক্ক ও প্রান্তিক ধমনী সম্পর্কিত, রোগকে হৃদ রোগ বলে। হৃদরোগের অনেক কারণ থাকতে পারে, তবে উচ্চ রক্তচাপ ও অ্যাথেরোসক্লোরোসিস প্রধান। পাশাপাশি, বয়সের সাথে সাথে হৃৎপিণ্ডের গঠনগত ও শারীরবৃত্তিক পরিবর্তন হৃদরোগের জন্য অনেকাংশে দায়ী, যা স্বাস্থ্যবান ব্যক্তিরও হতে পারে।

১৯৭০ সালের পর উন্নত দেশে মৃত্যুহার কমে গেলেও বিশ্বব্যাপি মৃত্যুর জন্য হৃদরোগ দায়ী। একই সাথে, মধ্য ও স্বল্প আয়ের দেশগুলিতে হৃদরোগের সংখ্যা ও এর কারণে মৃত্যু দ্রুত হারে বৃদ্ধি পাচ্ছে। যদিও হৃদরোগ প্রাপ্ত বয়স্কদের হয়, কিন্তু হৃদরোগের পূর্বাবস্থা অ্যাথেরোসক্লোরোসিস অনেক আগে থেকেই শুরু হয়। সেজন্যই পুষ্টিকর খাদ্য, শারীরিক পরিশ্রম, তামাক জাতীয় খাদ্য পরিহারের মাধ্যমে হৃদরোগ প্রতিরোধের উপর জোর দেওয়া হয়।

প্রকারভেদ

অনেক রকম হৃদ রোগ আছে। যেমনঃ

- করোনারি হৃদ রোগ
- কার্ডিও-মায়োপ্যাথি
- উচ্চ রক্তচাপ জনিত হৃদ রোগ
- হার্ট ফেইলর
- কোর পালমোনাল (Core pulmonale)-হৃৎপিণ্ডের ডান পাশ অচল হয়ে যাওয়া, শ্বাস -প্রশ্বাস ব্যহত
- কার্ডিয়াক ডিসরিদ্মিয়াস (Cardiac Disrhythmias)
- ভালভুলার হৃদ রোগ
- সেরেব্রোভাস্কুলার রোগ-মস্তিষ্কে রক্ত সরবরাহকারী রক্তবাহিকার অসুখ, যেমন স্ট্রোক
- প্রান্তিক ধমনীর রোগ
- জন্মগত হৃদ রোগ
- রিউম্যাটিক হৃদ রোগ-বাতজ্বরের কারণে হৃদপেশি ও ভাল্ভ ক্ষতিগ্রস্ত হওয়া।

আরো তথ্য

১. হৃদপিণ্ড অবস্থানঃ ফুসফুস দুটির মাঝে ও মধ্যচ্ছদার উপরে।

২. মানুষের হৃদপিণ্ড যে পর্দা দিয়ে বেষ্টিত – দ্বিস্তরী পেরিকার্ডিয়াম পর্দা। উভয় স্তরের মাঝে থাকে পেরিকারডিয়াল ফ্লুইড যা হৃদপিণ্ডকে সংকোচনে সাহায্য করে।বাইরের স্তরকে বলে fibrous এবং ভেতরের স্তরকে বলে serous .

৩.মানুষের হৃদপিণ্ড – চার প্রকোষ্ঠবিশিষ্ট। উপরের প্রকোষ্ঠ (chambers) দুটিকে ডান ও বাম অলিন্দ (Atrium) এবং নিচের প্রকোষ্ঠ দুটিকে ডান ও বাম নিলয় (Ventricle) বলে। অলিন্দের প্রাচীর পাতলা। নিলয়ের প্রাচীর পুরু ও পেশিবহুল। অলিন্দ দুটি আন্তঃঅলিন্দ পর্দা এবং নিলয় দুটি আন্তঃনিলয় পর্দা দিয়ে পৃথক থাকে।

৪. প্রকোষ্ঠগুলোর কাজ ও সংযুক্তি

ক. বাম অলিন্দ- চারটি পালমোনারি শিরার সাথে যুক্ত

খ. ডান অলিন্দ – একটি ঊর্ধ্ব মহাশিরা এবং একটি নিম্ন মহাশিরা যুক্ত থাকে।

গ. বাম নিলয় – মহাধমনি উৎপত্তি

ঘ. ডান নিলয় – ফুসফুসীয় ধমনি উৎপত্তি

৫. ধমনি কী – যেসব রক্তনালির মাধ্যমে রক্ত হৃদপিণ্ড থেকে দেহের বিভিন্ন অংশে বাহিত হয় ,তাকে ধমনি বা আর্টারি বলে।

৬. ধমনীর প্রাচীরে স্তর – তিনটি। প্রাচীর পুরু। কোন কপাটিকা থাকে না। ধমনি গহ্বর ছোট হয়।

RAISUL ISLAM HRIDOY

৭. হার্ট ব্লক – হৃদপিণ্ডের স্পন্দন ত্রুটিপূর্ণ হলে বা উৎপন্ন প্রবাহ সঠিক পথে পরিবাহিত না হলে তাকে হৃদ অবরোধ বা হার্ট ব্লক বলে।

৮.হার্ট অ্যাটাক- হৃদ পিণ্ডের করোনারী ধমনি কোনো কারণে বন্ধ হয়ে গেলে হৃদপেশির রক্ত সরবরাহ বন্ধ হয়ে হার্ট অ্যাটাক হয়।

৯. হার্ট ফেলিওর – হৃদপিণ্ডের অলিন্দ অথবা নিলয় অথবা উভয়ের সংকোচন ক্ষমতা লোপ পাওয়াকে বলে হার্ট ফেলিওর।

১০. ECG কী – এর পূর্ণরূপ Electro cardiograph। হৃদপিণ্ড যখন স্পন্দিত হয় তখন এর বিভিন্ন অঞ্চলের পেশী থেকে যে বৈদ্যুতিক প্রবাহ সৃষ্টি হয় তা গ্রাফ কাগজে লিপিবদ্ধ করা হয়।

১১. Electro cardiogram – হৃদপেশির ক্রিয়াপদ্ধতি রেকর্ড করার যন্ত্র

১২. কোলেস্টেরল কী – বিশেষ ধরণের স্নেহ/লিপিড/স্টেরয়েড জাতীয় পদার্থ। রক্তে স্নেহ পদার্থের বাহক হিসেবে কাজ করে।

রক্তে কোলেস্টেরলের আধিক্য হৃদ রোগের আশংঙ্কা বাড়ায়।

১৩. রক্তে কোলেস্টেরলের স্বাভাবিক মাত্রা – ১০০ থেকে ২০০ mg/dl। mg/dl পূর্ণরূপ Milligrams per Deciliter

১৪. লাইপোপ্রোটিন কী- স্নেহ ও প্রোটিন এর যৌগ। স্নেহের পরিমানের উপর ভিত্তি করে লাইপোপ্রোটিন দু রকম।

ক. উচ্চ ঘনত্ব বিশিষ্ট লাইপোপ্রোটিন (HDL-High Density Lipoprotein) / বেশী থাকা শরীরের জন্য উপকারী

খ.নিম্ন ঘনত্ব বিশিষ্ট লাইপোপ্রোটিন(LDL-Low Density Lipoprotein)/ বেশী থাকা শরীরের জন্য ক্ষতিকর / LDL < 150 mg/dl হলে ডাক্তারের পরামর্শ নিতে হবে।

১৫. ধমনীর কাঠিন্য(Arteriosclerosis) কী – রক্তে কোলেস্টেরলের মাত্রা বেড়ে গেলে রক্তনালীর অন্তঃপ্রাচীরের গাত্রে কোলেস্টেরল ও ক্যালসিয়াম জমা হয়ে রক্তনালী সংকুচিত হয়। ফলে ধমনি প্রাচীরের স্থিতিস্থাপকতা কমে যায় এবং শক্ত হয়ে যায়। ফলে ধমনি গাত্রে ফাটল দেখা দেয়। ফাটল দিয়ে রক্তক্ষরণ হয়ে জমাট বেঁধে রক্তপ্রবাহ বাধাপ্রাপ্ত হয়।

১৬. করোনারি থ্রম্বোসিস – হৃদপিণ্ডের করোনারি রক্তনালিকায় রক্ত জমাট বাঁধা

১৭. সেরিব্রাল থ্রম্বোসিস- গুরু মস্তিষ্কের রক্তনালিকায় রক্ত জমাট বাঁধা

১৮. হার্টবিট বা পালসরেট কাউন্ট করা হয় – হাতের রেডিয়াল ধমনিতে/কণ্ঠনালিতে/ সরাসরি বুকে কান পেতে। পালসের স্বাভাবিক গতি ৬০-১০০ বার প্রতি মিনিটে

১৯. প্রতি মিনিটে পালসের গতি ৬০ এর কম হতে পারে – হার্ট ব্লক বা জন্ডিসের কারণে

২০. ১০ ফারেনহাইট তাপমাত্রা বাড়ার জন্য পালসের গতি বাড়ে – প্রতি মিনিটে ১০ বার

২১. প্রতি মিনিটে পালসের গতি ১০০ এর বেশী হতে পারে – জ্বর ও শক(অচেতনতা) ও থাইরয়েড গ্রন্থির অতিকার্যকারিতার কারণে।

২২. ফুসফুসীয় ধমনির কাজ কী – কার্বন ডাই অক্সাইড যুক্ত রক্ত হৃদপিণ্ড থেকে ফুসফুসে নিয়ে যায়।

২৩. পালমোনারি শিরার কাজ কী – অক্সিজেনসমৃদ্ধ রক্ত ফুসফুস থেকে হৃদপিণ্ডে নিয়ে যায়

২৪. শিরার প্রাচীন – পাতলা এবং ৩ স্তর বিশিষ্ট। গহ্বর বড়। কপাটিকা থাকে এর কারণে রক্ত একমুখে প্রবাহিত হয়।

RAISUL ISLAM HRIDOY

২৫. কৈশিক জালিকা গঠিত – এক স্তর বিশিষ্ট Endothelium দিয়ে

২৬. মানুষের হৃদপিণ্ড – মায়োজেনিক(Myogenic)। মানে বাইরের কোন উদ্দীপনা ছাড়া হৃদপেশী নিজে থেকে সংকোচন ও প্রসারণ করতে পারে।

স্নায়ু ও স্নায়ুরোগ

স্নায়ু ও স্নায়ুর কাজ

স্নায়ু (Nerve)

যোগ কলার আবরণবেষ্টিত স্নায়ুতন্তুকে সাধারণ ভাবে স্নায়ু বা নার্ভ বলে। স্নায়ুতন্তুর চারদিকে যে যোগ কলার আবরণ থাকে তাকে এন্ডোনিউরিয়াম (endoneurium) বলে। এন্ডোনিউরিয়াম-আবরণযুক্ত কয়েকটি স্নায়ুতন্তু আবার পেরিনিউরিয়াম (perineurium) নামক আবরণ দ্বারা আবৃত থাকে। মোটা ও বড় স্নায়ুর (nerve trunk) ক্ষেত্রে কয়েকটি পেরিনিউরিয়াম আবরণযুক্ত স্নায়ুতন্তুর গুচ্ছ একসঙ্গে একটি এপিনিউরিয়াম (epineurium) নামক যোগকলার আবরণ দ্বারা পরিবেষ্টিত থাকে। যোগ কলার এই রকম আবরণগুলিতে রক্তবাহ (blood vessels) থাকে।

- স্নায়ুর সংজ্ঞা [Definition of Nerve]:- রক্তবাহ সমন্বিত এবং পেরিনিউরিয়াম নামক যোগকলার আবরণদ্বারা আবৃত এক বা একাধিক স্নায়ুতন্তু বা স্নায়ুতন্তুগুচ্ছকে নার্ভ বা স্নায়ু বলে।
- স্নায়ুর প্রকারভেদ:- কাজ অনুসারে স্নায়ু প্রধানত তিন প্রকারের হয়, যেমন: [i] অ্যাফারেন্ট বা অন্তর্বাহী স্নায়ু [ii] ইফারেন্ট বা বহির্বাহী স্নায়ু [iii] মিশ্র স্নায়ু।

অ্যাফারেন্ট বা অন্তর্বাহী স্নায়ু:-

• সংজ্ঞা:- যে স্নায়ু গ্রাহক বা রিসেপটর থেকে কেন্দ্রীয় স্নায়ুতন্ত্রে স্নায়ু উদ্দীপনা বহন করে নিয়ে যায়, তাকে অ্যাফারেন্ট নার্ভ বা অন্তর্বাহী স্নায়ু বলে।

• বৈশিষ্ট্য : এই ধরনের স্নায়ুর বৈশিষ্ট্য হল, এই যে :

(i) এটি সেনসরি নিউরোন দিয়ে গঠিত।

(ii) এটি স্নায়ু-সংবেদকে গ্রাহক বা রিসেপটর থেকে কেন্দ্রীয় স্নায়ুতন্ত্রে বহন করে নিয়ে যায়।

• উদাহরণ:- অলফ্যাক্টরি স্নায়ু, অপটিক স্নায়ু প্রভৃতি।

ইফারেন্ট বা বহির্বাহী স্নায়ু:-

• সংজ্ঞা:- যে স্নায়ু কেন্দ্রীয় স্নায়ুতন্ত্র থেকে কারক বা ইফেক্টরে সাড়া (বা নির্দেশ) বহন করে নিয়ে আসে, তাকে বহির্বাহী স্নায়ু বা ইফারেন্ট নার্ভ বলা হয়।

• বৈশিষ্ট্য:- এই ধরনের স্নায়ুর বৈশিষ্ট্য হল, এই যে :

(i) এটি মোটর নিউরোন দিয়ে গঠিত।

(ii) এটি স্নায়ু-সংবেদকে কেন্দ্রীয় স্নায়ুতন্ত্র থেকে কারক বা ইফেক্টরে বহন করে নিয়ে যায়।

• উদাহরণ:- অকিউলোমোটর স্নায়ু।

মিশ্র স্নায়ু:-

• সংজ্ঞা:- যে স্নায়ু সেনসরি এবং মোটর এই দুই রকম নিউরোনের সমন্বয়ে গঠিত,তাকে মিশ্র স্নায়ু বলে।

• বৈশিষ্ট্য:- এই ধরনের স্নায়ুর বৈশিষ্ট্য হল, এই যে;

(i) এই রকম স্নায়ু সেনসরি এবং মোটর উভয় প্রকার নিউরোন দিয়েই গঠিত।

(ii) এরা উভয় মুখে স্নায়ুস্পন্দন পরিবহন করতে পারে।

RAISUL ISLAM HRIDOY

• উদাহরণ:- ভেগাস নার্ভ, ফেসিয়াল নার্ভ প্রভৃতি স্নায়ু।

অ্যাফারেন্ট ও ইফারেন্ট স্নায়ুর পার্থক্য

বৈশিষ্ট্য	অ্যাফারেন্ট স্নায়ু	ইফারেন্ট স্নায়ু
১.গঠন	এই রকম স্নায়ু সেনসরি নিউরোন দিয়ে গঠিত।	এই রকম স্নায়ু মোটর নিউরোন দিয়ে গঠিত।
২.কার্য	এই রকম স্নায়ু স্নায়ুস্পন্দনকে রিসেপ্টর থেকে কেন্দ্রীয় স্নায়ুতন্ত্রে পাঠায়।	এই রকম স্নায়ু স্নায়ুস্পন্দনকে কেন্দ্রীয় স্নায়ুতন্ত্র থেকে ইফেক্টরে পাঠায়।

স্নায়ুর কাজ (Function of Nerve)

স্নায়ুর প্রধান কাজ হল :

[i] বিভিন্ন জ্ঞানেন্দ্রিয় থেকে অনুভুতি গ্রহন করা।

[ii] অন্তর্বাহী স্নায়ুর মাধ্যমে অনুভুতিকে কেন্দ্রীয় স্নায়ুতন্ত্রে পাঠানো।

[iii] বহির্বাহী স্নায়ুর মাধ্যমে কেন্দ্রীয় স্নায়ুতন্ত্রের নির্দেশকে কারক অঙ্গে বয়ে নিয়ে আসা।

[iv] বিভিন্ন পেশির সংকোচন ও প্রসারণে সাহায্য করা।

নিউরোন ও স্নায়ুর মধ্যে সম্পর্ক:

(i) নিউরোন স্নায়ুতন্ত্রের একক। অন্যদিকে নার্ভ বা স্নায়ু অসংখ্য নিউরোনের অ্যাক্সনের সমন্বয়ে গঠিত।

(ii) অন্তর্বাহী স্নায়ু সেনসরি নিউরোন দিয়ে এবং বহির্বাহী স্নায়ু মোটর নিউরোন দিয়ে গঠিত।

(iii) নিউরোন স্নায়ু-স্পন্দন পরিবহন করে। আবার স্নায়ুর কাজও স্নায়ুস্পন্দন পরিবহন করা। নিউরোন তাই স্নায়ুতন্ত্রের গঠনগত ও কার্যগত একক এবং নিউরোন ও স্নায়ুর মধ্যে পারস্পরিক সম্পর্ক হল কোষ ও কলার।

মস্তিষ্ক: মস্তিষ্ক হলো কেন্দ্রীয় স্নায়ুতন্ত্রের একটি অপরিহার্য অংশ, যা করোটির অভ্যন্তরে অবস্থিত এবং দেহের প্রধান নিয়ন্ত্রণকেন্দ্র। ভ্রূণ অবস্থায় সুষুম্নাকান্ডের অগ্রবর্তী দন্ডাকার অংশ ভাঁজ হয়ে পর পর ৩টি বিষমাকৃতির স্ফীতি তৈরী করে। স্ফীতি ৩টি মিলেই গঠিত হয় মস্তিষ্ক। প্রাপ্তবয়স্ক লোকের মস্তিষ্কের আয়তন ১৫০০ ঘন সেন্টিমিটার, গড় ওজন ১.৩৬ কেজি এবং এতে প্রায় ১০ বিলিয়ন নিউরন থাকে মস্তিষ্ক মেনিনজেস নামক পর্দা দ্বারা আবৃত। মানুষের মস্তিষ্কের প্রধান তিনটি অংশ। যথা- (ক) গুরুমস্তিষ্ক (খ) মধ্যমস্তিষ্ক (গ) লঘুমস্তিষ্ক

(ক) গুরুমস্তিষ্ক: মস্তিষ্কের প্রধান অংশ হলো গুরুমস্তিষ্ক। এটি ডান ও বাম খণ্ডে বিভক্ত। এদের ডান ও বাম সেরিব্রাল হেমিস্ফিয়ার বলে। মানব মস্তিষ্কের সেরিব্রাল হেমিস্ফিয়ার অধিকতর উন্নত ও সুগঠিত।

(খ) মধ্যমস্তিষ্ক: গুরুমস্তিষ্ক ও পনস এর মাঝখানে মধ্যমস্তিষ্ক অবস্থিত। মধ্যমস্তিষ্ক দৃষ্টিশক্তি,শ্রবণশক্তির সাথে সম্পর্কযুক্ত।

(গ) লঘুমস্তিষ্ক : লঘুমস্তিষ্ক গুরুমস্তিষ্কের নিচে ও পশ্চাতে অবস্থিত। এটা গুরু মস্তিষ্কের চেয়ে আকারে ছোট। লঘুমস্তিষ্ক কথা বলা ও চলাফেরা নিয়ন্ত্রণ করে। এর তিনটি অংশ যথা-

- ❖ সেরিবেলাম
- ❖ পনস
- ❖ মেডুলা

স্নায়ুকোষ ও স্নায়ুসন্ধি

RAISUL ISLAM HRIDOY

মানবমস্তিষ্কের মূল গঠন-উপাদান হল স্নায়ুকোষ। মস্তিষ্কে মোট ১০০০ কোটি স্নায়ুকোষ বা নিউরন থাকে। এই কোষগুলো বৈদ্যুতিক সংকেতের আকারে অনুভূতি পরিবহন করতে পারে। এদের দুই প্রান্তে যে শাখাপ্রশাখার মত প্রবর্ধক থাকে তারা হল ডেন্ড্রাইট, আর মূল তন্তুর মত অংশের নাম অ্যাক্সন। ডেন্ড্রাইট হল সংকেতগ্রাহক অ্যান্টেনার মত, যা অন্য নিউরন থেকে সংকেত গ্রহণ করে। অ্যাক্সন সেই সংকেত পরিবহন করে অপরপ্রান্তের ডেন্ড্রাইটে নিয়ে যায়। দুটি বা ততোধিক নিউরোনের সংযোগস্থলকে বলে সিন্যাপস, যেখানে এদের সংকেত বিনিময় হয়। মূলত একটি নিউরনের অ্যাক্সন এবং অপর একটি নিউরনের ডেনড্রাইটের মিলনস্থলকে স্নায়ুসন্ধি (সিন্যাপস) বলে। মানুষের করটেক্সে মোটামুটি ১০,০০০ এর মত সিন্যাপস থাকে। মানুষের সেরিব্রামের বাম অংশ তুলনামূকভাবে বেশি উন্নত। সেরিব্রামকে গুরুমস্তিষ্কও বলা হয়। সেরিব্রামের ভিতরের অংশে স্নায়ুতন্ত থাকে। এই অংশটি শ্বেত বর্ণের এবং বাইরের অংশ ধূসর বর্ণের। সেরিব্রামের ডান খণ্ড শরিরের বাম অঞ্চল এবং সেরিব্রামের বাম খণ্ড শরিরের ডান অঞ্চল নিয়ন্ত্রণ করে। মানুষের মস্তিষ্ক ৩ ভাগে বিভক্ত।

- অগ্র মস্তিষ্ক
  - ✓ "টেলেনসেফালন = সেরিব্রাল হেমিস্ফিয়ার"দ্বয়
  - ✓ ডায়েনসেফালন
  - ✓ থ্যালামাস এবং এপিথ্যালামাস
  - ✓ সাবথ্যালামাস
  - ✓ মেটাথ্যালামাস
  - ✓ হাইপোথ্যালামাস (ও পশ্চাৎ পিটুইটারি গ্রন্থি) এই অগ্র মস্তিষ্ক ২ ভাগে বিভক্ত- ১.ডান সেরিব্রাল হেমিস্ফিয়ার ২.বাম সেরাব্রাল হেমিস্ফিয়ার
- মধ্য মস্তিষ্ক
  - ✓ "সেরিব্রাল পেডাঙ্কল"দ্বয়
  - ✓ সাবস্ট্যানসিয়া নাইগ্রা
- পশ্চাৎ মস্তিষ্ক
  - ✓ মেটেনসেফালন
  - ✓ পন্স ও সেরিবেলাম
  - ✓ মেডুলা অবলঙ্গাটা

RAISUL ISLAM HRIDOY

স্নায়ুরোগ

প্যারালাইসিসঃ- প্যারালাইসিস হল একটা অবস্থা যেখানে শরীরের কিছু বা সমস্ত অঙ্গের সাময়িক বা সম্পূর্ণ সঞ্চালণ বন্ধ হয়ে যায়। এটা হয় মস্তিষ্ক এবং শরীরের পেশিসমূহের মধ্যে সংকেতপ্রেরণ পদ্ধতির আদান-প্রদানগত সমস্যার কারণে। এটি হতে পারে কোনও রোগের কারণে, যেমন পোলিও, স্নায়ুর ব্যাধি অথবা অন্য কারণের জন্য।

এপিলেপসিঃ- নিউরোলজিক্যাল বা স্নায়ুবিক রোগ যাতে খিঁচুনি হয়। এই রোগের প্রকৃত কারণ জানা না গেলেও মস্তিষ্কে আঘাত,স্ট্রোক, মস্তিষ্কে টিউমার বা সংক্রমণ, জন্মগত ত্রুটি প্রভৃতিকে সম্ভাব্য কারণ হিসেবে চিহ্নিত করা হয়। জিনগত মিউটেশন কিছুকিছু ক্ষেত্রে দায়ী বলে মনে করা হয়।

পারকিনসনঃ- পারকিনসন একধরনের নিউরো ডিজেনারাটিভ বা স্নায়বিক রোগ। এর কারণে মস্তিস্কের স্নায়ু ক্ষয়ে যায়। এর উপসর্গগুলোর মধ্যে রয়েছে কাঁপুনি, মাংসপেশি শক্ত হয়ে যাওয়া, বিষণ্নতা, স্মৃতি ও ঘুমানোর সমস্যা। সাধারণত পারকিনসন রোগের সঙ্গে ডোপামিন নামের একধরনের রাসায়নিকের সঙ্গে যোগসূত্র আছে বলে মনে করা হয়।

স্ট্রোকঃ- স্ট্রোক হলো একটি রোগ যেখানে মস্তিষ্কের রক্ত সরবরাহের বিঘ্নতার জন্য কোষের মৃত্যু ঘটে। প্রধানত দুই ধরনের স্ট্রোক রয়েছে: মস্তিষ্কের রক্তসংরোধজনিত ও অন্তকরোটি রক্তক্ষরণজনিত স্ট্রোক। উভয় কারণেই মস্তিষ্কের কিছু অংশ ঠিকমতো কাজ করতে পারে না।

খাদ্য ও পুষ্টি

খাদ্য কাকে বলে

জীবের দেহে শক্তি সরবারহ করতে, দেহ গঠনে, জীবনকে বজায় রাখতে যেসব জৈব উপাদান গ্রহণ করে তাকে খাদ্য বলে।

অর্থাৎ খাদ্য হলো পুষ্টিগুণযুক্ত কোনও পদার্থ যা প্রাণীর দেহে শক্তি সরবরাহ এবং টিস্যু তৈরি ও প্রতিস্থাপন এবং জীবন বজায় রাখতে সহায়তা করে।

একজন মানুষ পানি পান করা ছাড়া মাত্র ৩ দিন বাঁচতে পারে এবং খাবার গ্রহণ ছাড়া বাঁচতে পারে ৩ সপ্তাহ।

খাদ্যের পুষ্টি উপাদান রয়েছে ৬টি:

- ভিটামিন
- খনিজ লবণ
- শর্করা
- আমিষ
- চর্বি
- পানি

RAISUL ISLAM HRIDOY

১. ভিটামিন:

ভিটামিন শরীরের অনেক রাসায়নিক প্রক্রিয়ায় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। ভিটামিন রোগ থেকে বাঁচতে এবং সুস্থ থাকার জন্য গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। তাছাড়া ভিটামিন রোগ প্রতিরোধের ক্ষমতা বৃদ্ধি করে, খাদ্য হজমে সাহায্য করে। ১৩ টি প্রয়োজনীয় ভিটামিন রয়েছে যা শরীরকে সঠিকভাবে কাজ করতে সহায়তা করে।

২. খনিজ লবন:

খনিজ লবন আপনার শরীরে শক্তিশালী হাড় ও দাঁত তৈরি করে, আপনার বিপাক নিয়ন্ত্রণ করে এবং সঠিকভাবে হাইড্রেটেড থাকতে সহায়তা করে। হাড়কে শক্তিশালী করার পাশাপাশি ক্যালসিয়াম নার্ভ সিগন্যাল সংক্রমণ, স্বাস্থ্যকর রক্তচাপ বজায় রাখতে এবং পেশীর সংকোচন এবং শিথিলকরণে সহায়তা করে।

৩. শর্করা:

শর্করা আমাদের দেহে শক্তি প্রদান করে। স্বাস্থ্যকর দেহের জন্য শর্করা জরুরী। কিছু শর্করা জাতীয় খাবার হলো: গম, ভুট্টা, যব, আলু ইত্যাদি।

৪. আমিষ:

আমিষ জাতীয় খাবার আপনার দেহের বৃদ্ধি সাধন, ক্ষয়পূরণ, রক্ত কণিকা গঠনে সহায়তা করে। তাছাড়া আপনার পেশী এবং অন্যান্য শরীরের টিস্যু বৃদ্ধি এবং মেরামতের জন্য প্রয়োজনীয়।

৫. চর্বি:

চর্বি শরীরকে শক্তি সরবরাহ করে এবং এটি বিভিন্ন ক্রিয়াকলাপ পরিচালনা করতে সহায়তা করে। আপনার সঠিক স্বাস্থ্য বজায় রাখতে নির্দিষ্ট পরিমাণে চর্বি যুক্ত খাবার প্রয়োজন। আপনার ডায়েটে স্বাস্থ্যকর চর্বি অন্তর্ভুক্ত করা আপনার রক্তে চিনির ভারসাম্য রক্ষা করতে, হৃদরোগের ঝুঁকি হ্রাস করতে এবং টাইপ 2 ডায়াবেটিস এবং মস্তিষ্কের কার্যকারিতা উন্নত করতে সহায়তা করে।

৬. পানি:

আমরা সবাই জানি যে, পানির অপর নাম জীবন, তবে পানি বিশুদ্ধ হতে হবে। আমাদের দেহ বেশিরভাগ পানি দিয়ে গঠিত এবং দেহের প্রতিটি কোষ ও অঙ্গ সঠিকভাবে কাজ করার জন্য পর্যাপ্ত পানি প্রয়োজন। পানি খাদ্য হজমে ও শরীরের তাপমাত্রা নিয়ন্ত্রণে সহায়তা করে।

পুষ্টি

পুষ্টি হলো জীবের একটি শারীরবৃত্তীয় প্রক্রিয়া। এটি এমন প্রক্রিয়া হিসাবেও সংজ্ঞায়িত করা যেতে পারে যার মাধ্যমে জীবগুলি খাদ্য গ্রহণ করে, হজম করে, শোষণ করে, পরিবহন করে। শোষণের পরে খাদ্য উপাদানগুলো দেহের সকল অঙ্গের ক্ষয়প্রাপ্ত কোষের পুনর্গঠন ও দেহের বৃদ্ধি জন্য নতুন কোষ গঠন করে। সুতরাং যে প্রক্রিয়ায় খাদ্যবস্তু খাওয়ার পরে পরিপাক হয় এবং জটিল খাদ্য উপাদানগুলো ভেঙে সরল উপাদানে পরিণত হয়ে দেহে শোষিত হয় তাকেই পুষ্টি বলে।

আমাদের প্রত্যেকে প্রতিদিন প্রয়োজনীয় সমস্ত উপাদানগুলির সাথে সুষম পুষ্টিকর খাদ্য গ্রহণ করে তা নিশ্চিত করা জরুরি কারন পুষ্টিকর খাদ্য দেহে তাপ উৎপাদন, রোগ প্রতিরোধ ও রক্ষাণাবেক্ষণ করে।

পুষ্টির প্রয়োজনীয়তা:

সঠিক পুষ্টি ছাড়া আপনার দেহ সর্বোত্তমভাবে কাজ করতে অক্ষম। পর্যাপ্ত পুষ্টি আপনাকে আপনার দেহকে বাড়িয়ে তোলে এবং বৃদ্ধি এবং মেরামতের জন্য এটি পুষ্ট করে তোলে। আপনার প্রতিদিনের খাদ্য তালিকায় ভিটামিন এবং খনিজ সমৃদ্ধ খাবার সুষম পরিসরের রাখুন। আপনাকে প্রয়োজনীয় সঠিক পুষ্টি সরবরাহের জন্য সঠিক উপাদানগুলি অন্তর্ভুক্ত করতে হবে যেমন: শর্করা, প্রোটিন, ফ্যাট এবং ভিটামিন এবং খনিজ ও পানি।

আপনি যদি পুষ্টিকর খাবার গ্রহণ করেন এবং প্রাকৃতিক এবং স্বাস্থ্যকর খাবার গ্রহণ করেন যা আপনার শরীরকে ইমিউন/রোগ প্রতিরোধ ক্ষমতা বৃদ্ধি করতে সহায়তা করে।

পুষ্টির আরোও কিছু গুরত্ব নিচে উল্লেখ করা হল-

- জীব দেহে তাপ তৈরিতে পুষ্টি গুরত্বপূর্ণ ভূমিকা পালন করে।
- দেহের দৈনিক ক্যালরি চাহিদা এর দ্বারা পূরণ হয়।
- শরীরে রোগ প্রতিরোধ ক্ষমতা তৈরি করে।
- জীবিত শরীরের মেটাবলিক কার্যক্রম নিয়ন্ত্রণ করে।
- পুষ্টি শরীরে শক্তি সরবরাহ করে যার মাধ্যমে দেহে নতুন টিস্যু তৈরি হতে পারে।
- ভবিষ্যতে ব্যবহারের কাজে দেহে খাদ্য জমিয়ে রাখতে সহায়তা করে।

RAISUL ISLAM HRIDOY

- জীবিত শরীরের অনেক শারীরবৃত্তিয় কাজ নিয়ন্ত্রণ করে। যেমন, চলাফেরা, প্রজননকাজ, লোকোমোশন ইত্যাদি।

পুষ্টি উপাদান কয়টি ও কি কি?

পুষ্টি কাকে বলে এর উত্তরে আমরা ইতোমধ্যে জেনে গেছি। আরোও সহজ ভাষায় বলতে গেলে, পুষ্টি হল এমন এক পদ্ধতি যার মাধ্যমে আমরা খাদ্য সামগ্রি গ্রহন করে এর উপকারি অংশটুকু দেহ গঠনে ব্যবহার করি এবং এর অপ্রয়োজনিয় অংশ পরিত্যাগ করি।

এই পুষ্টির ছয়টি উপাদান থাকে। শরীরে এই প্রতিটি উপাদানের চাহিদা এক রকম নয়। বিভিন্ন রোগ-ব্যাধির সংক্রমণ, শরীরের গঠন প্রকৃতি এবং দৈহিক পরিশ্রমের উপর ভিত্তি করে আমাদের বিভিন্ন পুষ্টি উপাদানের চাহিদা ভিন্নরুপ হয়।

পুষ্টির উপাদানসমুহ নিচে এক এক করে উল্লেখ করা হল:

- কার্বোহাইড্রেট বা শর্করা: ইহা আপনার শরীরে শক্তি যোগানের প্রধান উৎস। কার্বোহাইড্রেট আবার তিন প্রকার হতে পারে-
  - সুগার: এর উদাহারণ – সিম্পল সুগার যা খুব দ্রুত হজম হয়ে শক্তি তৈরি করে।
  - স্টার্চ: এরা হল কমপ্লেক্স বা জটিল কার্বোহাইড্রেট যার হজম প্রক্রিয়া ধীরগতি সম্পন্ন।
  - ফাইবার: এরা সাধারণত: হজম হয় না, শরীরে শক্তি উৎপাদনে ব্যবহৃত হয় না। শুধু শারীরিক কার্যক্রমে সহায়তা করে।
- প্রোটিন বা আমিষ: প্রোটিন জাতীয় খাদ্যের একক হল এমাইনো এসিড। সম্পূর্ণ প্রোটিনে ২০ ধরণের এ্যমাইনো এসিড থাকে যার মধ্যে ৯ টি প্রয়োজনিয় এবং ১১টি অপ্রয়োজনিয়। প্রোটিনের কাজ নিম্নরুপ-
  - শরীরে শক্তির যোগান দেয়,
  - পেশী ও কোষ গঠনে কাজ করে,
  - হরমোনের কাজে সহায়তা করে,
  - রোগ প্রতিরোধে কাজ করে,
  - হজম প্রক্রিয়ার কাজে লাগে এমন এনজাইম তৈরিতে কাজ করে।
- ফ্যাট বা চর্বি: শরীরে শক্তি যোগানের দ্বিতীয়তম প্রধান উৎস। এছাড়াও, এরা শরীরে ভিটামিন শোষণে সহায়তা করে এবং দেহের আভ্যন্তরিণ অঙ্গ-প্রত্যঙ্গের সুরক্ষা কাজে ভূমিকা রাখে। এরা আবার তিন প্রকার হয়-
  - অসম্পৃক্ত বা আনস্যাচুরেটেড ফ্যাট যা স্বাস্থ্যের জন্য ভাল;
  - সম্পৃক্ত বা স্যাচুরেটেড ফ্যাট
  - ট্র্যানস ফ্যাট যা ক্ষতিকর ফ্যাট হিসাবে বিবেচিত।
- ভিটামিন বা খাদ্যপ্রান: এদের মোট সংখ্যা ১৩ টি। এরা আবার দুই প্রকারের হয়-
  - পানিতে দ্রবনিয় ভিটামিন যেমন ভিটামিন-সি, ভিটামিন-বি
  - চর্বিতে দ্রবনিয় ভিটামিন যেমন ভিটামিন এ, ভিটামিন-ডি, ভিটামিন-ই, ভিটামিন-কে
- মিনারেলস বা খনিজ লবন: মোট ১৫ টি। এর দুই ধরণের-
  - Trace minerals যেমন কপার, জিন্ক, আয়রন

RAISUL ISLAM HRIDOY

- Major minerals যেমন সোডিয়াম, পটাসিয়াম
- পানি: শরীরে পানির ভূমিকা-
- দেহের তাপমাত্রা নিয়ন্ত্রণ করে;
- দেহের হারের জয়েন্টের লুব্রিকেন্ট এর মত কাজে সাহয্য করে;
- শরীরের বর্জ অপসারণে কাজ করে;
- খাদ্য হজম, শোষণ এবং পরিবহনে কাজ করে।

দেহে শক্তি বা ক্যালরি উৎপাদনের সক্ষমতা বিবেচনায় দেখা যায় যে, এই উপাদানের মধ্যে কার্বোহাইড্রেট ও ফ্যাট থেকে আমাদের দৈনিক ক্যালরি চাহিদার শতকরা প্রায় ৮৫% পুরা হয় এবং প্রোটিন থেকে পুরা হয় ১৫%।

পুষ্টি কত প্রকার ও কি কি?

পুষ্টি কত প্রকার বলতে এখানে বুঝানো হয়েছে খাদ্যে বিদ্যমান পুষ্টি পদার্থের কথা যা ইংরেজিতে আমরা nutrient বলি। খাদ্যে পুষ্টি উপাদানের পরিমানের উপর ভিত্তি করে একে দুই ভাগে ভাগ করা হয়। যথা-

- Macronutrients: যে নিউট্রিয়েন্ট আকারে বড়।
- Micronutrients : এই নিউট্রিয়েন্ট আকারে ছোট।

ম্যাক্রোনিউট্রিয়েন্টস:

এরা মানুষ ও জীবন্ত প্রাণির খাদ্যের মুল উপাদান যা বেচে থাকার শক্তি ও পুষ্টি অর্জনের জন্য অধিক পরিমানে খেতে হয়। এদের উদাহারণ হচ্ছে কার্বোহাইড্রেট, প্রোটিন ও ফ্যাট জাতিয় খাদ্য।

কার্বোহাইড্রেট

সুগার, স্টার্চ বা শ্বেতসার এবং ফাইবার এই জাতিয় খাদ্যের অন্তর্ভুক্ত। সুগার হল সরল বা সিম্পল কার্বোহাইড্রেট যা পাকস্থলীতে পৌঁছার পর খুব সহজেই ভেঙ্গে গিয়ে শরীরে শোষণ হয়। এদের থেকে শক্তি খুব দ্রুত পাওয়া যায়। কিন্তু এটি খেলে ক্ষুধা থেকে যায়। পেট ভরা অনুভূতি তৈরি হয় না। বরং, সুগার খাওয়ার ফলে রক্তে এর মাত্রা বেড়ে যায়। এতে করে টাইপ-২ ডায়াবেটিস এবং অন্যান্য রোগে আক্রান্ত হওয়ার ঝুঁকি তৈরি হয়।কার্বোহাইড্রেট জাতিয় খাদ্যের ফাইবার অংশের কিছু পরিমান পাকস্থলিতে ভেঙ্গে যায় যা দেহে শোষিত হয়ে শক্তি উৎপাদনে কাজে লাগে। আর এক অংশ পরিপাকতন্ত্রে বিদ্যমান ব্যাক্টেরিয়া বিপাকিয় কাজে ব্যবহার করে। অবশিষ্ট অংশ দেহ পরিত্যাগ করে।স্টার্চ হল এক প্রকার কমপ্লেক্স বা জটিল ধরণের কার্বোহাইড্রেট। ফাইবার সমৃদ্ধ স্টার্চ জাতিয় খাদ্য পাকস্থলিতে সহজে হজম হতে পারে না। ফলে দির্ঘক্ষণ পর্যন্ত ক্ষুধা লাগার অনুভূতি তৈরি হয় না। ফাইবার বিশিষ্ট খাদ্য ডায়াবেটিসসহ অন্যান্য রোগের ঝুঁকি কমাতে সহায়তা করে।

প্রোটিন

বাংলা একে আমিষ জাতীয় খাদ্য বলা হয়। পুষ্টি উপাদানের মধ্যে প্রোটিন খুব গুরত্বপূর্ণ এক উপাদান। প্রায় ২০টি এমাইনো এসিড একটি অপরটির সাথে চেইন আকারে আবদ্ধ হয়ে প্রোটিন গঠিত হয়। যার মধ্যে ৯টি হল প্রয়োজনীয় এমাইনো এসিড যা আমাদের দেহে তৈরি হতে পারে না। ফলে, স্বাস্থ্য সুরক্ষায় বাহির থেকে প্রোটিন জাতীয় খাদ্য গ্রহণের মাধ্যমে এর অভাব পূরণ করতে হয়।

প্রোটিন সম্পর্কে অপর এক পোষ্টে বিস্তারিত আলোচনা করা হয়েছে। দেখে আসতে পারেন।

চর্বি বা ফ্যাট

RAISUL ISLAM HRIDOY

কিছু কিছু ভিটামিন আমাদের দেহে শোষণ হতে হলে ফ্যাট বা চর্বির উপস্থিতি প্রয়োজন। যেমন, ভিটামিন এ, ভিটামিন-ডি, ভিটামিন-ই ও ভিটামিন-কে। এই ভিটামিনগুলো আমাদের দেহের জন্য খুব প্রয়োজনীয়। চর্বি জাতীয় খাদ্য না খেলে এই ভিটামিনসমুহ দেহে শোষণ হতে না পারায় এদের উপকারিতা থেকে আমরা বঞ্চিত হই।

এছাড়া, দেহের আরোও অন্যান্য প্রয়োজনে চর্বি বা ফ্যাট জাতীয় খাদ্যের প্রয়োজনীয়তা রয়েছে। তবে, কিছু কিছু ফ্যাট স্বাস্থ্যের জন্য উপকারি আবার কিছু ফ্যাট এমন আছে যারা স্বাস্থ্যের জন্য ঝুঁকিপূর্ণ। তাই, ফ্যাট জাতীয় খাদ্য গ্রহনের পূর্বে আমাদের ভালভাবে জেনে নেওয়া প্রয়োজন – কোন ধরণের ফ্যাট স্বাস্থ্যের জন্য উপকারি।

মাইক্রোনিউট্রিয়েন্টস

এরাও প্রয়োজনিয় খাদ্য উপাদান যা দেহের স্বাভাবিক সুস্থতা ও কাজ-কর্ম সম্পাদনের জন্য অল্প পরিমানে প্রয়োজন হয়। এই ধরণের পুষ্টি উপাদান বিভিন্ন রোগ প্রতিরোধ, দেহের গঠন ও বৃদ্ধি সাধনের ক্ষেত্রে গুরত্বপূর্ন ভূমিকা পালন করে। এই জাতিয় পুষ্টির অভাবে দেহে অনেক ধরণের রোগ তৈরি হয়। এদের উদাহরণ হল ভিটামিন ও মিনারেলস।

ভিটামিন

ভিটামিন বা খাদ্য প্রাণ আমাদের দেহের জন্য অত্যন্ত প্রয়োজনিয়। এটি খুব স্বল্প মাত্রায় প্রয়োজন হয়। তবে, স্বল্প মাত্রায় প্রয়োজন হলেও এর অভাবজনিত কারণে বড় বড় স্বাস্থ্য সমস্যা তৈরি হয়। সাধারণত: সবুজ শাক-সবজি ও ফলমুলে প্রচুর পরিমানে ভিটামিন থাকে। এজন্য, দৈনিকের খাদ্য তালিকায় শাক-সবজি ও ফলমুল অন্তর্ভূক্ত করতে হবে।

মিনারেলস

মাইক্রো নিউট্রিয়েন্টের মধ্যে মিনারেলস বা খণিজ লবন খুব স্বল্প পরিমানে দেহে প্রয়োজন হয়। শাক-সবজি ও ফলমুলে খণিজ লবন পাওয়া যায়। এছাড়াও, বাজারে বিভিন্ন ভিটামিন-মিনারেল সপ্লিমেন্ট রয়েছে। যেখান থেকে আপনি এর অভাব পূরণ করতে পারেন।

RAISUL ISLAM HRIDOY

ভিটামিন

ভিটামিন বা খাদ্যপ্রাণ: যে জৈব খাদ্য উপাদান সাধারণ খাদ্যে অতি অল্প পরিমাণে থেকে দেহের স্বাভাবিক পুষ্টি ও বৃদ্ধিতে সহায়তা করে এবং রোগ প্রতিরোধ শক্তি বৃদ্ধি করে,তাকে ভিটামিন বলে। দেহে ভিটামিন বা খাদ্যপ্রাণের অভাবে বিভিন্ন রোগ বা সমস্যার প্রাদুর্ভাব হয়। যেমন ভিটামিন A'র অভাবে চোখের দৃষ্টিশক্তি ক্ষতিগ্রস্ত হয়ে থাকে।

ভিটামিনের বৈশিষ্ট্য

১। রাসায়নিক প্রকৃতিঃ ভিটামিন এক প্রকার জৈব অনুঘটক।

২। ক্রিয়া প্রকৃতিঃ ভিটামিন অল্প গাঢ়ত্যের কাজ করে এবং দৈনিক অল্প মাত্রায় প্রয়োজন হয়।

৩। উৎসঃ ভিটামিনের প্রধান উৎস হল উদ্ভিদ। তবে ভিটামিন A, D, B12, KA, D, B12, K প্রাণীদেহে সংশ্লেষিত হয়।

৪। অন্যান্য বৈশিষ্ট্য- (1) ভিটামিন পচনে বিনষ্ট হয় না,কিন্তু বিপাকের সময় বিনষ্ট হয়। (2) ভিটামিন উৎসেচকের সঙ্গে সহ উৎসেচক রূপে কাজ করে।

ভিটামিনের প্রয়োজনীয়তা

১। স্বাভাবিক বৃদ্ধিতেঃ জীব দেহের স্বাভাবিক বৃদ্ধির জন্য ভিটামিন অপরিহার্য।

২। রোগ প্রতিরোধেঃ ভিটামিনের প্রধান কাজ হল রোগ প্রতিরোধ করা।

৩। খাদ্য প্রাণ হিসাবেঃ জীবের জীবন ধারণের জন্য অত্যাবশ্যকীয় খাদ্য উপাদান হল ভিটামিন সেই কারণে একে খাদ্য প্রাণ বলে।

নিম্নলিখিত রোগ গুলি কোন ভিটামিনের অভাবে হয়।

রোগের নাম	ভিটামিনের নাম
টোড-স্কিন বা ফ্রিনোডার্মা	ভিটামিন A
রাতকানা বা জেরপথ্যালমিয়া	ভিটামিন A
কেরাটোম্যালেসিয়া	ভিটামিন A
রেনাল স্টোন	ভিটামিন A
বেরিবেরি	ভিটামিন B1B1
পারনিসিয়াস অ্যানিমিয়া বা রক্তাল্পতা	ভিটামিন B12B12
পেলেগ্রা	ভিটামিন B5B5
স্টোমাটাইটিস	ভিটামিন B2B2
গ্লসাইটিস	ভিটামিন B2B2
স্কার্ভি	ভিটামিন C
রিকেট	ভিটামিন D
অস্টিওম্যালেসিয়া	ভিটামিন D
হেমারেজ বা রক্তক্ষরণ	ভিটামিন K

RAISUL ISLAM HRIDOY

ভিটামিনের শ্রেণীবিভাগ

দ্রাব্যতা অনুসারে ভিটামিন কে দুই ভাগে ভাগ করা হয় 1) তেলে বা স্নেহ পদার্থে দ্রবণীয় ভিটামিন-A, D, E, K; 2) জলে দ্রবণীয় ভিটামিন-B, C , P

ভিটামিন A বা রেটিনল

ভিটামিন A এর উৎস: হ্যালিবাট, হাঙ্গর, ইত্যাদি মাছের যকৃতের তেল, গাজর, ব্রোকলি পাতা, রাঙা আলু, পালং শাক, কুমড়ো, এছাড়া অন্যান্য শাকসবজি, মাখন, ডিম, দুধ।

ভিটামিন A এর শারীরবৃত্তীয় কাজ:

1) চক্ষুর কর্মক্ষমতা রক্ষা।

2) স্নায়ু কলার কর্মদক্ষতা প্রদান।

3) অস্থি ও দাঁতের স্বাভাবিক বৃদ্ধি, পেশি গঠন ও কার্য নিয়ন্ত্রণ।

4) ত্বকের কোমলতা রক্ষা করা।

ভিটামিন A এর অভাবজনিত লক্ষণ:

1) চোখে ছানি পড়ে।

2) রাতকানা রোগ হয়।

3) ত্বক খসখসে গুটি যুক্ত হয় একে ফ্রিনোডার্মা বলে।

4) ক্যারাটোম্যালেশিয়া বা কর্নিয়া নষ্ট হয়।

ভিটামিন A অন্ধত্ব প্রতিরোধ করে একে অ্যান্টিজেরপথ্যালমিক ভিটামিন বলে।

ভিটামিন B কমপ্লেক্স

ভিটামিন B1 বা থিয়ামিন

ভিটামিন B1এর উৎস: ডিমের কুসুম, ঢেঁকিছাটা চাল, দানাশস্যের খোসা, বাদাম, ডাল, ফুলকপি, লেটুস, গাজর ইত্যাদি।

ভিটামিন B1এর শারীরবৃত্তীয় কাজ: কার্বোহাইড্রেট বিপাক। কলা কোষে ও মস্তিষ্কে শর্করার জারণ ঘটায়। প্রোটিন, স্নেহপদার্থ, কার্বোহাইড্রেট সংশ্লেষ করা।

ভিটামিন B1এর অভাবজনিত লক্ষণ:

1) সার্বিক বৃদ্ধি ব্যাহত হয়।

2) বেরিবেরি রোগ হয়। হাত পা ফোলে।

3) ক্ষুধামান্দ্য, স্নায়ুর দুর্বলতা,

4) হৃদপিন্ডের দুর্বলতা, ইত্যাদি দেখা যায়।

ভিটামিন B2 বা রাইবোফ্লাভিন

ভিটামিন B2 এর উৎস: যকৃত, ডিমের সাদা অংশ, দুধ, অঙ্কুরিত ছোলা, পালং শাক, দানাশস্য ইত্যাদি।

ভিটামিন B2 এর শারীরবৃত্তীয় কাজ:

1) দেহের স্বাভাবিক বৃদ্ধি।

2) চামড়ার সুস্থতা রক্ষা।

3) শর্করাকে স্নেহ পদার্থে রূপান্তরিত করা।

ভিটামিন B2 এর অভাবজনিত লক্ষণ:

1) স্নায়ুতন্ত্র, চক্ষু, ত্বকের ক্ষয়।

2) স্টোমাটাইটিস হয়, চুল উঠে যায়, ত্বক অমসৃণ হয়।

3) এছাড়াও গ্লসাইটিস রোগ দেখা যায়।

ভিটামিন B3 বা নিয়াসিন

RAISUL ISLAM HRIDOY

ভিটামিন B3 এর উৎস: ডিমের কুসুম, মাছ, মাংস, দুধ, চালের গুঁড়ো দানাশস্যের খোসা, মটর ইত্যাদি।
ভিটামিন B3 এর শারীরবৃত্তীয় কাজ:
দেহের বৃদ্ধি, কার্বোহাইড্রেটকে স্নেহ পদার্থে রূপান্তরিত করা। বিপাকে ও কলা শ্বসনের সাহায্য করে, কেন্দ্রীয় স্নায়ুতন্ত্র উদ্দীপিত করা। পেলেগ্রা রোগ প্রতিরোধ।
ভিটামিন B3 এর অভাবজনিত ফল: সার্বিক বৃদ্ধি ব্যাহত হয়, পেলেগ্রা রোগ হয়, তাই নিয়াসিনকে পেলেগ্রা প্রিভেনটিভ ফ্যাক্টর বলে। খসখসে ত্বক, খাদ্যনালীর জখম, রক্তাল্পতা, ওজন ও কর্মক্ষমতা হ্রাস ইত্যাদি লক্ষণ দেখা যায়।

ভিটামিন B 5 বা প্যানটোথেনিক অ্যাসিড

ভিটামিন B 5 এর উৎস: ডিমের সাদা অংশ, যকৃত, মাংস, দুধ, চাল গুঁড়ো, আলু, মটর, ইত্যাদি।
ভিটামিন B 5 এর শারীরবৃত্তীয় কাজ: বিপাক ক্রিয়ায় সাহায্য করে, ত্বকের নমনীয়তা রক্ষা,
দেহের পুষ্টি ও সার্বিক বৃদ্ধিতে সাহায্য করা,
ভিটামিন B 5 এর অভাবজনিত লক্ষণ: পেশিতে টান, পাখির পেরোসিস রোগ, ইঁদুর,
মুরগির ডার্মাটাইটিস রোগ ইত্যাদি পরিলক্ষিত হয়।

ভিটামিন B9 বা ভিটামিন M বা ফলিক অ্যাসিড।

ভিটামিন B9 এর উৎস: ডিমের কুসুম, যকৃত, গম, ব্যাঙের ছাতা, সোয়াবিন, সবুজ শাকসবজি, ইত্যাদি।
ভিটামিন B9 এর শারীরবৃত্তীয় কাজ: লোহিত কণিকা গঠন এবং এর কার্যকলাপ নিয়ন্ত্রণ, DNA গঠন।
ভিটামিন B9 এর অভাব জনিত লক্ষণ: রক্তাল্পতা, দেহের বৃদ্ধি হ্রাস, মেগালোব্লাস্ট অ্যানিমিয়া দেখা যায়।

ভিটামিন B12 বা সায়ানোকোবালামিন

ভিটামিন B12 এর উৎস: মাছ, মাংস, দুধ, ডিম, স্ট্রেপটোমাইসিস গ্রিসিয়াস ছত্রাক, শাকসবজিতে ভিটামিন B12 পাওয়া যায় না।
ভিটামিন B12 এর শারীরবৃত্তীয় কাজ: দেহের বৃদ্ধি, সামগ্রী রক্ত উৎপাদন, নিউক্লিক অ্যাসিড উৎপাদন, স্নায়ুতন্ত্র কর্মদক্ষতা রক্ষা।
ভিটামিন B12 এর অভাবজনিত লক্ষণ: বৃদ্ধি ব্যাহত হয়, পারনিসিয়াস অ্যানিমিয়া, হাইপারগ্লাইসেমিয়া রোগ হয়।

ভিটামিন C বা অ্যাসকরবিক অ্যাসিড

ভিটামিন C এর উৎস: প্রধানত আমলকি, পেয়ারা, পেঁপে, কাঁচা লঙ্কা, আঙ্গুর, পালংশাক, বিভিন্ন ফল এবং স্বল্প পরিমাণে মাতৃদুগ্ধে, প্রাণীর যকৃতের, দুধ, মাংস, মাছ, ইত্যাদি।
ভিটামিন C এর শারীরবৃত্তীয় কাজ: কলা কোষে জারনে অংশগ্রহণ করে, কার্বোহাইড্রেট বিপাক, দাত ও অস্থি গঠন, পাকস্থলী ও রক্তবাহ কে সতেজ রাখা।
ভিটামিন C এর অভাবজনিত লক্ষণ: স্কার্ভি রোগ হয়, দাঁতের গোড়া ফুলে ওঠে, ত্বকের নিচে অস্থিসন্ধিতে এবং মিউকাস পর্দায় রক্তক্ষরণ হয়, রক্তাল্পতা দেখা যায়, জনন ক্ষমতা হ্রাস পায়, দাঁত ও অস্থির বিকৃতি ঘটে।

ভিটামিন D বা ক্যালসিফেরল

ভিটামিন D এর উৎস: হ্যালিবাট, হাঙ্গর মাছের যকৃৎ তেল, দুধ, মাখন শাকসবজি, পর্যাপ্ত সূর্যালোকে মানুষের দেহত্বকে সংশ্লেষ হয়।

RAISUL ISLAM HRIDOY

ভিটামিন D এর শারীরবৃত্তীয় কাজ: ক্ষুদ্রান্তে ক্যালসিয়াম ও ফসফরাসের শোষনে সাহায্য করে, অস্থি ও দাঁতের গঠন, পুষ্টি, দেহের স্বাভাবিক বৃদ্ধি ঘটায়।

ভিটামিন D এর অভাবজনিত লক্ষণ: অস্থি ও দাঁতের বিকৃত গঠন, অমসৃণ ত্বক, শিশুদের রিকেট, বড়দের অস্টিওম্যালেসিয়া রোগ হয়, রিকেট রোগ প্রতিরোধ করে বলে একে অ্যান্টিরিকেটিক ভিটামিন বলে।

ভিটামিন E বা টেকোফেরল

ভিটামিন E এর উৎস: ডিমের কুসুম, মাছ, মাংস, গম, সোয়াবিন, শাকসবজি, ইত্যাদি।

ভিটামিন E এর শারীরবৃত্তীয় কাজ: দেহের অবাঞ্ছিত জারন রোধ, পেশি, জনন অঙ্গের স্বাভাবিক বৃদ্ধি, গর্ভধারণ ও প্রসব নিয়ন্ত্রণ। ভিটামিন E এর অভাবজনিত লক্ষণ:

পেশির বৃদ্ধি ব্যাহত হয়, বন্ধ্যাত্ব, ভ্রুনের অকাল মৃত্যু, অকাল প্রসব।

ভিটামিন K বা ফাইলোকুইনন

ভিটামিন K এর উৎস: শাকসবজি, সোয়াবিন, পার্সলে পাতা, টমেটো, পালং শাক, সর্ষে শাক, ফুলকপি, সামুদ্রিক মাছ, ডিম, দুধ, মাংস, ইত্যাদি।

ভিটামিন K এর শারীরবৃত্তীয় কাজ: প্রোথ্রম্বিন সৃষ্টি করে রক্ত তঞ্চনে সাহায্য করে।

ভিটামিন K এর অভাবজনিত লক্ষণ: রক্ত চলাচল ক্ষমতা হ্রাস পায়, রক্তক্ষরণ ঘটে, রক্ত তঞ্চন জনিত সমস্যা দেখা যায়, হাইপোপ্রোথ্রম্বিনেমিয়া দেখা যায়।

ভিটামিন K রক্ততঞ্চনবিরোধী বা অ্যান্টি হেমোরেজিক ভিটামিন বলা হয়।

মাইক্রোবায়োলজি

অণুজীববিজ্ঞান (ইংরেজি: Microbiology) হল জীববিজ্ঞানের একটি শাখা যেখানে অণুজীব নিয়ে আলোচনা করা হয়। অণুজীববিজ্ঞানের আলোচনার মধ্যে ভাইরাস বিজ্ঞান, ছত্রাক বিজ্ঞান, পরজীবী বিজ্ঞান, ব্যাকটেরিয়া বিজ্ঞান, অনাক্রম্য বিজ্ঞান, ইত্যাদি অন্তর্ভুক্ত। অণুজীববিজ্ঞানের এসব শাখায় অভিজ্ঞ ও দক্ষ ব্যক্তিদেরকে অণুজীববিজ্ঞানী (Microbiologist) বলা হয়। অণুজীব মূলত তিন প্রকার: ভাইরাস, ব্যাকটেরিয়া ও অ্যামিবা।

অণুজীব

ব্যাকটেরিয়া, ভাইরাস, ছত্রাক, শৈবাল, প্রোটোজোয়া, আর্কিয়া, ইত্যাদি জীব অণুজীবের অন্তর্গত (যদিও বহুকোষী ছত্রাক ও শৈবাল-ও পাওয়া যায়) । এরা হয় প্রাক-কেন্দ্রিক না হয় সু-কেন্দ্রিক।

অণুজীববিজ্ঞানী

১৬৭৬ সালে ব্রিটিশ শৌখিন বিজ্ঞানী অ্যান্থনি ভন লিউয়েনহুক সর্বপ্রথম অণুজীব আবিষ্কার করেন। যে সকল বিজ্ঞানী অণুজীববিজ্ঞানকে আধুনিক বিজ্ঞানের এক সম্ভাবনীয় শাখা হিসেবে গড়ে তুলেছেন তাদের মধ্যে লুই পাস্তুর, রবার্ট কখ, অ্যালেকজান্ডার ফ্লেমিং, সারগেই উইনুগার্ডস্কি, মারটিনাস বেইজারিঙ্কের অবদান অন্যতম।

রিবেশ অণুজীব বিজ্ঞান

অণুজীব বিজ্ঞানের যে শাখায় পরিবেশ ও অণুজীবের সম্পর্ক নিয়ে আলোচনা করা হয় তাকে অণুজীব বাস্তুবিজ্ঞান (Microbial Ecology) বলা হয়। এই শাখায় অণুজীবের সাথে অণুজীবের; অণুজীবের সাথে অন্যান্য জীবের এবং অণুজীবের সাথে পরিবেশের অজীব (abiotic) উপাদানের সম্পর্ক ব্যাখ্যা করা হয়। তিনটি প্রধান ডোমেইন যা এক্ষেত্রে গুরুত্বপূর্ণ-ইউক্যারিওটা, আরকিয়া ও ব্যাকটেরিয়া। অণুজীব তাদের

RAISUL ISLAM HRIDOY

সর্বব্যাপী উপস্থিতির কারণে জীবসীমায় (biosphere) গুরুত্বপূর্ণ। অণুজীব জীব-ভূতত্ত্বীয় (biogeochemical) নানা প্রক্রিয়ায় প্রাথমিক ভূমিকা পালন করে।

ফলিত অণুজীব বিজ্ঞান

অণুজীব বিজ্ঞানের এই শাখায় অণুজীবে বিভিন্ন ব্যবহারিক প্রয়োগ নিয়ে আলোচনা করা হয়।

অণুজীব ও খাদ্য

পনির

অণুজীব বিজ্ঞানের একটি গুরুত্বপূর্ণ শাখা হচ্ছে ফলিত অণুজীববিজ্ঞান (Applied Microbiology)। বিভিন্ন রকম খাদ্য প্রস্তুতি (Preparation) ও প্রক্রিয়াজাতকরণের (Processing) কারণে অণুজীববিজ্ঞান অত্যন্ত প্রয়োজনীয় এক বিষয়। দুধ হতে প্রস্তুতকৃত বিভিন্ন খাদ্য যেমন দই, পনির, ছানা ইত্যাদি মূলত দুধের শর্করার ওপর অণুজীবের গাঁজন (fermentation) প্রক্রিয়ার ফসল। তাছাড়া যেহেতু অনেক খাবার অণুজীবের বিপাক ক্রিয়ার (Metabolism) দরুন নষ্ট হতে পারে ফলে এগুলোর প্রক্রিয়াজাত করণে অণুজীব বিজ্ঞানের জ্ঞান গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। বিভিন্ন খাদ্যমান স্বাদকারক উপাদান যেমন টেস্টিং সল্ট এই জৈবিক পদ্ধতিতে উৎপাদন করা হয়। বিভিন্ন দেশে (যেমন জাপান, ইন্দোনেশিয়া, চীন, ভারত ইত্যাদি) অনেক অণুজীবকে খাদ্য হিসেবেও ব্যবহার করা হয়। বাংলাদেশের বিসিএসআইআর-এর বিজ্ঞানীরা বাংলাদেশের আবহাওয়ায় সারা বছর উৎপাদনক্ষম শৈবাল স্পিরুলিনা (Spirulina) আবিষ্কার করেছেন, যা খাদ্য হিসেবে শুধু সুস্বাদুই নয়, সেই সাথে পুষ্টিকরও বটে।

অণুজীব ও জৈবপ্রযুক্তি

চামড়া প্রক্রিয়াজাতকরণ, কাগজের মন্ড প্রস্তুতি, কাপড় উৎপাদন ইত্যাদি শিল্পে অণুজীবের উৎসেচক (enzyme) গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। ফলে এই সব শিল্প-কারখানায় অণুজীব বিজ্ঞানীর উপস্থিতি অপরিহার্য। তাছাড়া বিভিন্ন বাণিজ্যিকভাবে গুরুত্বপূর্ণ রাসায়নিক পদার্থ যেমন এসিটিক এসিড (Acetic acid) , সাইট্রিক এসিড (Citric acid), এলকোহল(Alcohol), এসিটোন (Acetone), বিউটানল (Butanol), ফিউমারিক এসিড(Fumaric acid) ইত্যাদি জৈবিক পদ্ধতিতে উৎপাদন, রাসায়নিক পদ্ধতিতে উৎপাদন অপেক্ষা সাশ্রয়ী। আর এই জৈবিক কাজটি করে দেয় অণুজীব। জীবনরক্ষাকারী ঔষধ অ্যান্টিবায়োটিক (Antibiotic)অণুজীব বিজ্ঞানের এক বিশাল আবিষ্কার। অ্যান্টিবায়োটিক হল এমন সব পদার্থ যা কিনা একধরনের অণুজীব তৈরি করে এবং তা অন্য অণুজীবের বিপক্ষে কাজ করে।

অণুজীব ও পরিবেশ দূষণ

আমাদের এই আধুনিক দৈনন্দিন জীবনে বিজ্ঞানের এক অভিশাপ হচ্ছে দূষণ। এটা থেকে পরিত্রাণের অন্যতম পথ হল অণুজীব। কিছু পদার্থ (যা বিগত কয়েক শতকে আমরা পৃথিবীতে আবির্ভাব ঘটিয়েছি, যেমনঃ প্লাস্টিক, ডিডিটি ইত্যাদি) ছাড়া আর সব পদার্থই কোনও না কোনও অণুজীব তার খাদ্য হিসেবে গ্রহণ করতে পারে। অবশেষে সে যা নিসৃত করে তা হয় পরিবেশ-বান্ধব (Environment friendly) অথবা সেই সাথে বাণিজ্যিকভাবে গুরুত্বপূর্ণ। আজকাল অনেক দেশে বিভিন্ন কীট-পতঙ্গ থেকে ফসলকে রক্ষা করতে অণুজীব ব্যবহৃত হচ্ছে।

অণুজীব ও জ্বালানি

অণুজীবের আরেকটি গুরুত্বপূর্ণ উদ্ভাবন হল জৈব জ্বালানি (biofuel)। কিছু কিছু অণুজীব মিথেন (Methane) গ্যাস উৎপাদন করতে পারে। বাংলাদেশে যে প্রাকৃতিক গ্যাস পাওয়া যায় তার প্রায় ৯৬% হল

RAISUL ISLAM HRIDOY

মিথেন, অন্যদিকে অণুজীব কর্তৃক উৎপাদিত জৈবগ্যাসে মিথেনের পরিমাণ প্রায় ৬০-৭০%। জৈব ডিজেল (Biodiesel) দ্বারা এখন ব্রাজিলে গাড়ি চালানো সম্ভব হয়েছে। আসলে জৈব ডিজেল হল অ্যালকোহল (মূলত মিথানল), উদ্ভিদ তেল, প্রাণিজ তেলের মিশ্রণ। অ্যালকোহল শিল্প-কারখানায় শর্করার হতে গাঁজন প্রক্রিয়ায় অণুজীবের সাহায্যে তৈরি করা হয়।

অণুজীব ও খনিজ পদার্থ

খনি থেকে বিভিন্ন খনিজ পদার্থ উত্তোলনের নানা পর্যায়ে অণুজীবের গুরুত্বপূর্ণ অবদান আছে। মাটির নিচে খনিজ তেলের উপস্থিতি ঐ স্থানে পেট্রোলিয়াম ভক্ষণকারী ব্যাকটেরিয়ার উপস্থিতি থেকে জানা যায়। অন্যান্য খনিজ পদার্থ যেমন সালফারের উত্তোলনে সালফার জারক (Sulfate oxidizer) ব্যাকটেরিয়া ব্যবহার করা হয়।

অণুজীব ও কৃষি

জৈবসারও আসলে অণুজীবের কার্যাবলীর ফসল। জৈবসার হিসেবে মাটিতে নাইট্রোজেন সংবন্ধনকারী ব্যাকটেরিয়া (যেমনঃ Rhizobium, Azorihobium, Azotobacter) ব্যবহার করা হয় যা মাটিতে প্রয়োজন মতো নাইট্রোজেন সংবন্ধন করে। তবে আমাদের দেশে ব্যবহৃত গোবরও জৈবসার বলে গণ্য করা হয়। বাংলাদেশে সার তৈরির প্রধান কাঁচামাল গ্যাস শেষ হয়ে গেলে, আমাদের জন্য জৈবসার ব্যবহার করা অনেক লাভজনক হবে। তাছাড়া জৈবসার পরিবেশের উপর কোনো ক্ষতিকর প্রভাব ফেলে না।

অণুজীববিজ্ঞান ও বংশাণু প্রকৌশল

অণুজীবের সবচাইতে আকর্ষণীয় বৈশিষ্ট্য হল এদের অনেক বৈশিষ্ট্য বংশাণুগত পুনঃসংযোজন (জেনেটিক রিকম্বিনেশন, Genetic Recombination) দ্বারা পরিবর্তন, পরিবর্ধন করা যায়। ডায়াবেটিক রোগীর এক অত্যাবশকীয় ঔষধ ইনসুলিন (Insulin) এখন বাণিজ্যিকভাবে প্রস্তুত করা যাচ্ছে কারণ মানুষের ইনসুলিন সংশ্লেষণকারী বংশাণু (Gene) আমাদের অন্ত্রের ব্যাকটেরিয়া ইসচেরিচিয়া কোলাইয়ের (Escherichia coli) বংশাণুতে প্রতিস্থাপন করা সম্ভব হয়েছে। শিল্প ক্ষেত্রে এখন এই পুনঃসংযোজক ব্যাকটেয়া থেকেই ব্যাপক পরিমাণে ও সস্তায় ইনসুলিন প্রস্তুত করা হয়।

RAISUL ISLAM HRIDOY

উদ্ভিদ পুষ্টি (Plant Nutrition)

স্বভোজী পুষ্টি:

যে পদ্ধতিতে জীব নিজ দেহে উৎপন্ন খাদ্য দ্বারা পুষ্টি নির্বাহ করে তাকে স্বভোজী পুষ্টি বা অটোট্রফিক পুষ্টি বলে। উদাহরন - শৈবাল, মস, ফার্ন, আম, জাম প্রভৃতি উদ্ভিদের মধ্যে এইরূপ পুষ্টি পদ্ধতি দেখা যায়।

পদ্ধতি - স্বভোজী পুষ্টি দুটি পর্যায় ঘটে - 1. সংশ্লেষ, 2. আত্তীকরণ

1. সংশ্লেষ: এই পদ্ধতিতে সবুজ উদ্ভিদ ক্লোরোফিলের সহায়তায় সূর্যালোকের উপস্থিতিতে মূলরোম দ্বারা শোষিত জল ও পত্ররন্ধ্র দ্বারা গৃহিত কার্বন ডাই অক্সাইডের রাসায়নিক সমন্বয় সাধন করে, গ্লুকোজ সংশ্লেষ করে। পরে তা শ্বেতসার বা প্রোটিন বা ফ্যাট খাদ্যে পরিণত হয়ে উদ্ভিদের মূল, কাণ্ড, পাতা, ফল ও বীজের মধ্যে সঞ্চিত থাকে। যে পদ্ধতিতে উদ্ভিদ না না অজৈব উপাদান থেকে নিজ দেহে উপযোগী জৈব যৌগের সৃষ্টি করে তাকে সংশ্লেষ বলে।

2. আত্তীকরণ: এই পর্যায় উদ্ভিদ সংশ্লেষিত খাদ্য বস্তুকে প্রোটপ্লাজমে অঙ্গীভূত করে। এর ফলে উদ্ভিদ দেহে শুষ্ক ওজন বাড়ে। যে পদ্ধতিতে উদ্ভিদের নিজ দেহে সংশ্লেষিত খাদ্য বস্তু কোষীয় প্রোটপ্লাজমে অঙ্গীভূত হয় তাকে আত্তীকরণ বলে।

পরভোজী পুষ্টি:

যে পুষ্টি প্রক্রিয়ায় জীবেরা নিজেদের দেহে খাদ্য সংশ্লেষ না করে অপর কোনো আশ্রয়দাতার দেহ থেকে অথবা মৃত জৈব পদার্থ থেকে পুষ্টিরস শোষণ করে, পুষ্টি সম্পন্ন করে তাকে পরভোজী পুষ্টি বলে। উদাহরন- বিভিন্ন রকম ছত্রাক স্বর্ণলতা, র‍্যাফ্লেসিয়া, বেনে-বৌ এবং পতঙ্গভুক উদ্ভিদদের পরভোজী পুষ্টি দেখা যায়। এই প্রসঙ্গে উল্লেখ্য যে প্রাণীদের পুষ্টি পরভোজী পুষ্টি।

বিভিন্ন প্রকার পরভোজী উদ্ভিদ - 1. মৃতজীবী, 2. পরজীবী, 3. মিথোজীবী বা অন্যান্যজীবী, 4. পতঙ্গভুক

1. মৃতজীবী:

যে সব উদ্ভিদ গলিত ও পচা উদ্ভিদ বা প্রাণীর দেহাবশেষ অথবা অন্যান্য জৈব পদার্থ,(যেমন- গোবর, ভিজে কাঠ, ভিজে চামড়া, জ্যাম, জেলি ইত্যাদি পচনশীল জৈব পদার্থ) থেকে পুষ্টিরস শোষণ করে, তাদের মৃতজীবী বা স্যাপ্রোফাইট বলে। উদাহরণ - ব্যাঙের ছাতা বা অ্যাগারিকাস, ঈস্ট, পেনিসিলিয়াম, মিউকর ইত্যাদি ছত্রাক এবং মনোট্রোপা নামের সপুষ্পক উদ্ভিদ পূর্ণ মৃতজীবী উদ্ভিদ।

পাইন গাছ সবুজ তাই এদের স্বভোজী পুষ্টি দেখা যায়; কিন্তু এদের মূলে বসবাসকারী একরকম ছত্রাকের (মাইকো্রাইজা) সাহায্যে এরা পরোক্ষ ভাবে গলিত পদার্থ শোষণ করে, তাই পাইন গাছ আংশিক মৃতজীবী।

মৃতজীবী উদ্ভিদের পুষ্টিকে মৃতজীবী পুষ্টি বলে। যে পুষ্টি পদ্ধতিতে পচা গলিত উদ্ভিদ বা প্রাণীর দেহাবশেষ থেকে পুষ্টিরস শোষণ করে পুষ্টি সম্পাদিত হয়, তাকে মৃতজীবীয় পুষ্টি বলে।

2. পরজীবী

যে সব উদ্ভিদ অপর কোনো সজীব আশ্রয়দাতা উদ্ভিদ দেহ থেকে পুষ্টিরস শোষণ করে পুষ্টি সাধন করে তাদের পরজীবী বা প্যারাসাইট বলে। যে সব উদ্ভিদ দেহ থেকে পরজীবী উদ্ভিদ পুষ্টিরস শোষণ করে তাদের পোষক বা আশ্রয়দাতা বলে।

পরজীবী উদ্ভিদ দু রকমের- (ক) পূর্ণ পরজীবী, (খ) আংশিক পরজীবী

(ক) পূর্ণ পরজীবী - পুষ্টির জন্য যে সব জীব সম্পূর্ণভাবে আশ্রয়দাতার ওপর নির্ভরশীল তাদের পূর্ণ পরজীবী বলে। যেমন – স্বর্ণলতা, র‍্যাফ্লেসিয়া, আলুর পচনশীল রোগ সৃষ্টিকারী ফাইটোপথোরা ও গমের মরিচা রোগ সৃষ্টিকারী পাকসিনিয়া ছত্রাক হল পূর্ণ পরজীবী উদ্ভিদ।

(খ) আংশিক পরজীবী - অন্যভাবে যে সব জীব পুষ্টির জন্য আশ্রয়দাতার ওপর আংশিক ভাবে নির্ভরশীল তাদের আংশিক পরজীবী বলে। যেমন শ্বেতচন্দন, লোরানথাস, ভিসকাম প্রভৃতি আংশিক পরজীবী উদ্ভিদ।

পরজীবী উদ্ভিদের পুষ্টি প্রক্রিয়াকে পরজীবী পুষ্টি বলে। যে প্রক্রিয়ায় কোনো সজীব পোষকের দেহ থেকে পুষ্টিরস শোষণ করে পুষ্টি সম্পন্ন করার ফলে পোষক ক্ষতিগ্রস্ত হয় এবং পরজীবী উপকৃত হয়, তাকে পরজীবীয় পুষ্টি বলে।

3. মিথোজীবী বা অন্যান্যজীবী

যে পুষ্টির জন্য এক জীব অন্য কোনো জীবের সাহচর্যে জীবন ধারণ করে পরস্পর উপকৃত হয়, তাকে মিথোজীবী বা অন্যান্যজীবী বা সিমবায়োটিক বলে।

মিথোজীবী পুষ্টি দু রকমের হয়- A. ব্যতিহারী (Mutualism), B. সহভোক্তা (Commensalism)

A. ব্যতিহারী (Mutualism) - এই রকম পুষ্টিতে দুটি জীব সহাবস্থান করে পরস্পরের সাহায্যে পুষ্টি সম্পন্ন করে, যেমন – লাইকেন।

RAISUL ISLAM HRIDOY

B. সহভোক্তা (Commensalism) - এই রকম পুষ্টিতে দুটি জীব সহাবস্থানে থেকেও পরস্পর পৃথক ভাবে পুষ্টি সম্পন্ন করে, যেমন – পরাশ্রয়ী উদ্ভিদ রাস্না, গজপিপুল ইত্যাদি।

যে পুষ্টি প্রক্রিয়ায় দুটি ভিন্ন ধরনের জীব পরস্পরের উপর নির্ভরশীল হয়ে বসবাস করে, তাকে মিথোজীবীয় পুষ্টি বলে।

4. পতঙ্গভুক

যে সব উদ্ভিদ নাইট্রোজেন ঘটিত প্রোটিন খাদ্যের জন্য পতঙ্গ ধরে পতঙ্গের দেহ থেকে পুষ্টিরস শোষণ করে পুষ্টি সম্পন্ন করে, তাদের পতঙ্গভুক উদ্ভিদ বলে। যেমন – কলসপত্রী, সূর্যশিশির, পাতাঝাঁঝি ইত্যাদি।

সম্পূর্ণ উদ্ভিদ পুষ্টি উপাদান

নিম্নলিখিত প্রয়োজনীয় এবং উপকারী খনিজ পুষ্টির ভূমিকার একটি সংক্ষিপ্ত নির্দেশিকা যা বৃদ্ধির জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। এই উপাদানগুলির যেকোন একটিকে বাদ দিন, এবং গাছপালা বৃদ্ধির অস্বাভাবিকতা, ঘাটতির উপসর্গ দেখাবে বা স্বাভাবিকভাবে প্রজনন নাও করতে পারে।

ম্যাক্রোনিউট্রিয়েন্টস

নাইট্রোজেন হল প্রোটিন, হরমোন, ক্লোরোফিল, ভিটামিন এবং এনজাইমের প্রধান উপাদান যা উদ্ভিদের জীবনের জন্য প্রয়োজনীয়। নাইট্রোজেন বিপাক হল কান্ড এবং পাতার বৃদ্ধির একটি প্রধান কারণ (উদ্ভিদ বৃদ্ধি)। অত্যধিক ফুল এবং ফল বিলম্বিত করতে পারে। ঘাটতি ফলন কমাতে পারে, পাতা হলুদ হয়ে যেতে পারে এবং বৃদ্ধি বন্ধ হয়ে যেতে পারে।

ফসফরাস বীজের অঙ্কুরোদগম, সালোকসংশ্লেষণ, প্রোটিন গঠন এবং উদ্ভিদের বৃদ্ধি ও বিপাকের প্রায় সকল দিকের জন্য প্রয়োজনীয়। এটি ফুল এবং ফল গঠনের জন্য অপরিহার্য। কম pH (<4) ফলে ফসফেট রাসায়নিকভাবে জৈব মাটিতে আটকে থাকে। অভাবের লক্ষণ হল বেগুনি কান্ড এবং পাতা; পরিপক্কতা এবং বৃদ্ধি মন্থর হয়. ফল ও ফুলের ফলন খারাপ। ফল ও ফুলের অকাল ঝরে পড়া প্রায়ই ঘটতে পারে। গাছ যাতে ব্যবহার করতে পারে তার জন্য ফসফরাস অবশ্যই গাছের শিকড়ের কাছাকাছি প্রয়োগ করতে হবে। দস্তার পর্যাপ্ত মাত্রা ছাড়াই ফসফরাসের বড় প্রয়োগ জিঙ্কের ঘাটতি ঘটাতে পারে।

শর্করা, স্টার্চ, কার্বোহাইড্রেট, প্রোটিন সংশ্লেষণ এবং উদ্ভিদের শিকড় এবং অন্যান্য অংশে কোষ বিভাজনের জন্য পটাসিয়াম প্রয়োজনীয়। এটি জলের ভারসাম্য সামঞ্জস্য করতে সাহায্য করে, কাণ্ডের দৃঢ়তা এবং ঠান্ডা দৃঢ়তা উন্নত করে, ফল এবং উদ্ভিজ্জ ফসলে স্বাদ এবং রঙ বাড়ায়, ফলের তেলের পরিমাণ বাড়ায় এবং পাতাযুক্ত ফসলের জন্য গুরুত্বপূর্ণ। ঘাটতির ফলে কম ফলন হয়, পাতায় ছিদ্রযুক্ত, দাগযুক্ত বা কুঁচকানো, ঝলসে যাওয়া বা পোড়া পাতা দেখা যায়।

সালফার অ্যামিনো অ্যাসিড, প্রোটিন, ভিটামিন এবং এনজাইমের একটি কাঠামোগত উপাদান এবং ক্লোরোফিল তৈরির জন্য অপরিহার্য। এটি অনেক সবজির স্বাদ দেয়। ঘাটতিগুলি হালকা সবুজ পাতা হিসাবে দেখায়। মাটি থেকে ছিদ্র করে সালফার সহজেই হারিয়ে যায় এবং একটি পুষ্টির সূত্র দিয়ে প্রয়োগ করা উচিত। কিছু জল সরবরাহে সালফার থাকতে পারে।

ম্যাগনেসিয়াম ক্লোরোফিল অণুর একটি গুরুত্বপূর্ণ কাঠামোগত উপাদান এবং কার্বোহাইড্রেট, শর্করা এবং চর্বি তৈরি করতে উদ্ভিদ এনজাইমগুলির কার্যকারিতার জন্য প্রয়োজনীয়। এটি ফল এবং বাদাম গঠনের জন্য ব্যবহৃত হয় এবং বীজের অঙ্কুরোদগমের জন্য প্রয়োজনীয়। ঘাটতিযুক্ত গাছগুলি ক্লোরোটিক দেখায়, পুরানো পাতার শিরাগুলির মধ্যে হলুদ দেখায়; পাতা ঝরে যেতে পারে। ম্যাগনেসিয়াম জল দিয়ে leached হয় এবং

RAISUL ISLAM HRIDOY

খাওয়ানোর সময় অবশ্যই সরবরাহ করা উচিত। ঘাটতি দূর করতে এটি ফলিয়ার স্প্রে হিসাবে প্রয়োগ করা যেতে পারে।

ক্যালসিয়াম এনজাইমগুলিকে সক্রিয় করে, এটি কোষের দেয়ালের একটি কাঠামোগত উপাদান, কোষে জল চলাচলকে প্রভাবিত করে এবং কোষের বৃদ্ধি এবং বিভাজনের জন্য প্রয়োজনীয়। কিছু গাছের নাইট্রোজেন এবং অন্যান্য খনিজ গ্রহণের জন্য ক্যালসিয়াম থাকা আবশ্যক। ক্যালসিয়াম সহজে leached হয়. ক্যালসিয়াম, একবার উদ্ভিদের টিস্যুতে জমা হলে, তা অচল (অ-ট্রান্সলোকেটেবল) তাই বৃদ্ধির জন্য একটি অবিরাম সরবরাহ থাকতে হবে। অভাবের কারণে কান্ড, ফুল ও শিকড়ের নতুন বৃদ্ধি বন্ধ হয়ে যায়। বিকৃত নতুন বৃদ্ধি থেকে পাতা ও ফলের কালো দাগ পর্যন্ত লক্ষণগুলির পরিসর। হলুদ পাতার মার্জিনও দেখা দিতে পারে।

মাইক্রোনিউট্রিয়েন্টস

লোহা অনেক এনজাইমের ফাংশন এবং ক্লোরোফিল সংশ্লেষণের জন্য একটি অনুঘটক হিসাবে প্রয়োজনীয়। এটি উদ্ভিদের তরুণ ক্রমবর্ধমান অংশগুলির জন্য প্রয়োজনীয়। ঘাটতি হল কচি পাতার ফ্যাকাশে পাতার রঙ এবং তারপরে পাতা হলুদ হয়ে যাওয়া এবং বড় শিরা। লোহা লিচিং দ্বারা হারিয়ে যায় এবং মাটির কাঠামোর নীচের অংশে আটকে থাকে। উচ্চ pH (ক্ষারীয়) অবস্থার অধীনে লোহা উদ্ভিদের জন্য অনুপলব্ধ হয়। যখন মাটি ক্ষারীয় হয়, তখন লোহা প্রচুর পরিমাণে হতে পারে কিন্তু অনুপলব্ধ। দ্রবণীয় আকারে ধারণ করা আয়রন চেলেট সমন্বিত একটি অ্যাসিড পুষ্টির সূত্রের প্রয়োগ সমস্যাটি সংশোধন করা উচিত।

ম্যাঙ্গানিজ সালোকসংশ্লেষণ, শ্বসন এবং নাইট্রোজেন বিপাকের জন্য এনজাইম কার্যকলাপে জড়িত। কচি পাতার ঘাটতি লোহার ঘাটতির মতো হালকা সবুজ পটভূমিতে সবুজ শিরার নেটওয়ার্ক দেখাতে পারে। উন্নত পর্যায়ে হালকা সবুজ অংশ সাদা হয়ে যায় এবং পাতা ঝরে যায়। শিরার পাশে বাদামী, কালো বা ধূসর দাগ দেখা দিতে পারে। নিরপেক্ষ বা ক্ষারীয় মাটিতে গাছপালা প্রায়ই অভাবের লক্ষণ দেখায়। উচ্চ অ্যাসিড মাটিতে, ম্যাঙ্গানিজ এমন পরিমাণে পাওয়া যেতে পারে যে এটি বিষাক্ততার পরিণতি ঘটায়।

কোষের প্রাচীর গঠন, ঝিল্লির অখণ্ডতা, ক্যালসিয়াম গ্রহণের জন্য বোরন প্রয়োজনীয় এবং শর্করার স্থানান্তর করতে সাহায্য করতে পারে। বোরন উদ্ভিদের অন্তত ১৬টি কার্যকে প্রভাবিত করে। এই ফাংশনগুলির মধ্যে রয়েছে ফুল ফোটানো, পরাগ অঙ্কুরোদগম, ফল ধরা, কোষ বিভাজন, জলের সম্পর্ক এবং হরমোনের চলাচল। বোরন অবশ্যই উদ্ভিদের সারাজীবন পাওয়া যাবে। এটি স্থানান্তরিত হয় না এবং সহজেই মাটি থেকে বেরিয়ে যায়। ঘাটতিগুলি গাছের উপর একটি রোজেট প্রভাব ফেলে টার্মিনাল কুঁড়িকে মেরে ফেলে। পাতা পুরু, কুঁচকানো এবং ভঙ্গুর। ফল, কন্দ এবং শিকড় বিবর্ণ, ফাটা এবং বাদামী দাগযুক্ত।

জিঙ্ক হল এনজাইমের একটি উপাদান বা অক্সিন (উদ্ভিদের বৃদ্ধির হরমোন) সহ প্রচুর সংখ্যক এনজাইমের কার্যকরী কোফ্যাক্টর। এটি কার্বোহাইড্রেট বিপাক, প্রোটিন সংশ্লেষণ এবং ইন্টারনোডাল প্রসারণ (স্টেম বৃদ্ধি) জন্য অপরিহার্য। ঘাটতিযুক্ত উদ্ভিদের অনিয়মিত ক্লোরোটিক অঞ্চলের সাথে মটলযুক্ত পাতা থাকে। জিঙ্কের ঘাটতি আয়রনের ঘাটতি ঘটায় যা অনুরূপ উপসর্গ সৃষ্টি করে। ক্ষয়প্রাপ্ত মাটিতে ঘাটতি দেখা দেয় এবং 5.5 - 7.0 এর pH পরিসরে কম পাওয়া যায়। পিএইচ কমিয়ে দিলে দস্তা বিষাক্ততার বিন্দুতে আরও উপলব্ধ হতে পারে।

RAISUL ISLAM HRIDOY

তামা উদ্ভিদের শিকড়ে ঘনীভূত হয় এবং নাইট্রোজেন বিপাকের একটি ভূমিকা পালন করে। এটি বেশ কয়েকটি এনজাইমের একটি উপাদান এবং কার্বোহাইড্রেট এবং প্রোটিন ব্যবহার করে এমন এনজাইম সিস্টেমের অংশ হতে পারে। ঘাটতিগুলির কারণে অঙ্কুরের ডগাগুলি মারা যায় এবং শেষ পাতায় বাদামী দাগ তৈরি হয়। তামা জৈব পদার্থের সাথে শক্তভাবে আবদ্ধ থাকে এবং উচ্চ জৈব মাটিতে এর ঘাটতি হতে পারে। এটি মাটি থেকে সহজেই হারিয়ে যায় না তবে প্রায়শই অনুপলব্ধ হতে পারে। অত্যধিক তামা বিষাক্ততা সৃষ্টি করতে পারে।

মলিবডেনাম এনজাইমের একটি কাঠামোগত উপাদান যা নাইট্রেটকে অ্যামোনিয়াতে হ্রাস করে। এটি ছাড়া, প্রোটিনের সংশ্লেষণ বন্ধ হয়ে যায় এবং উদ্ভিদের বৃদ্ধি বন্ধ হয়ে যায়। রুট নডিউল (নাইট্রোজেন ফিক্সিং) ব্যাকটেরিয়াও এটি প্রয়োজন। বীজ সম্পূর্ণরূপে গঠন নাও করতে পারে, এবং যদি গাছে মলিবডেনামের অভাব হয় তবে নাইট্রোজেনের ঘাটতি দেখা দিতে পারে। অভাবের লক্ষণ হল ঘূর্ণায়মান বা কাপড মার্জিন সহ ফ্যাকাশে সবুজ পাতা।

ক্লোরিন অভিস্রবণ (কোষে পানি বা দ্রবণের চলাচল), খনিজ উপাদান গ্রহণের জন্য এবং সালোকসংশ্লেষণে উদ্ভিদের জন্য প্রয়োজনীয় আয়নিক ভারসাম্যের সাথে জড়িত। ঘাটতির লক্ষণগুলির মধ্যে রয়েছে কুঁকড়ে যাওয়া, গুঁড়া শিকড়, ক্লোরোসিস (হলুদ) এবং ব্রোঞ্জিং। কিছু গাছের গন্ধ কমে যেতে পারে। ক্লোরাইড, উদ্ভিদ দ্বারা ব্যবহৃত ক্লোরিনের আয়নিক রূপ, সাধারণত দ্রবণীয় আকারে পাওয়া যায় এবং লিচিং দ্বারা হারিয়ে যায়। মাত্রা খুব বেশি হলে কিছু গাছ বিষাক্ততার লক্ষণ দেখাতে পারে।

নিকেল সম্প্রতি ইথাকা, এনওয়াই-এ কৃষি গবেষণা পরিষেবা প্ল্যান্ট, মাটি ও পুষ্টি পরীক্ষাগার অনুসারে উদ্ভিদের জন্য একটি অপরিহার্য ট্রেস উপাদান হিসাবে মর্যাদা জিতেছে। নাইট্রোজেনকে উদ্ভিদের জন্য ব্যবহারযোগ্য আকারে মুক্ত করতে ইউরিয়াকে ভেঙে ফেলার জন্য এনজাইম ইউরেসের প্রয়োজন হয়। লোহা শোষণের জন্য নিকেল প্রয়োজন। বীজ অঙ্কুরিত করার জন্য নিকেল প্রয়োজন। অতিরিক্ত নিকেল ছাড়া উত্থিত গাছপালা ধীরে ধীরে একটি ঘাটতি পর্যায়ে পৌঁছাবে প্রায় সময়ে যখন তারা পরিপক্ক হয় এবং প্রজনন বৃদ্ধি শুরু করে। যদি নিকেলের ঘাটতি হয় তবে গাছগুলি কার্যকর বীজ উত্পাদন করতে ব্যর্থ হতে পারে।

সোডিয়াম উদ্ভিদের অসমোটিক (জল চলাচল) এবং আয়নিক ভারসাম্যের সাথে জড়িত।

লেগুমে এবং ননলেগুমের মূল নোডিউলে নাইট্রোজেন ফিক্সেশনের জন্য কোবাল্ট প্রয়োজন। অ্যামোনিয়াম পুষ্টির তুলনায় নাইট্রোজেন ফিক্সেশনের জন্য কোবাল্টের চাহিদা অনেক বেশি। ঘাটতির মাত্রা নাইট্রোজেনের ঘাটতির লক্ষণ হতে পারে।

সিলিকন কোষের দেয়ালের একটি উপাদান হিসেবে পাওয়া যায়। দ্রবণীয় সিলিকন সরবরাহ সহ উদ্ভিদগুলি শক্তিশালী, শক্ত কোষ প্রাচীর তৈরি করে যা তাদের ছিদ্র এবং চোষা পোকামাকড়ের যান্ত্রিক বাধা তৈরি করে। এটি উল্লেখযোগ্যভাবে উদ্ভিদের তাপ এবং খরা সহনশীলতা বাড়ায়। সিলিকনের ফলিয়ার স্প্রে ক্ষেতের ফসলে এফিডের জনসংখ্যা কমানোর সুবিধাও দেখিয়েছে। পরীক্ষায় আরও দেখা গেছে যে সিলিকন ছত্রাক দ্বারা সংক্রমণের স্থানে গাছপালা দ্বারা জমা করা যেতে পারে যাতে আক্রমণকারী ছত্রাক দ্বারা কোষের দেয়ালের অনুপ্রবেশের বিরুদ্ধে লড়াই করা যায়। উন্নত পাতার খাড়াতা, কাণ্ডের শক্তি এবং আয়রন ও ম্যাঙ্গানিজের বিষাক্ততার প্রতিরোধ বা অবসাদ সবই সিলিকনের প্রভাব হিসেবে উল্লেখ করা হয়েছে। সিলিকন সমস্ত উদ্ভিদের জন্য অপরিহার্য নির্ধারণ করা হয়নি তবে অনেকের জন্য উপকারী হতে পারে।

পরাগায়ন

RAISUL ISLAM HRIDOY

ফুলের পরাগধানী থেকে পরাগরেণু একই ফুলের অর্থ বা একই জাতের অন্য ফুলের গর্ভমুণ্ডে স্থানান্তরিত হওয়ার প্রক্রিয়াকে পরাগায়ন বলে ।পরাগায়ন কে পরাগ সংযোগ বলা হয়। পরাগায়ন ফুল এবং বীজ উৎপাদন প্রক্রিয়ার পূর্বশর্ত। পরাগায়নের হয়ে থাকে যথা- স্বপরাগায়ন ও পর পরাগায়ন ।

স্ব-পরাগায়নঃ- একই ফুলের একই গাছের ভিন্ন দুটি ফুলের মধ্যে যখন পরাগায়ন ঘটে তখন তাকে স্বপরাগায়ন বলে। যেমন সরিষা, ধুতুরা ইত্যাদি।

পর পরাগায়নঃ- একই প্রজাতির দুইটি ভিন্ন উদ্ভিদের ফুলের মধ্যে যখন পরাগ সংযোগ ঘটে তখন তাকে পরপরাগায়ন বলে। যেমন শিমুল, পেঁপে।

স্ব-পরাগায়ন এর সুবিধা

- ♣ পরাগরেণুর অপচয় কম হয়।
- ♣ পরাগায়নের জন্য বাহক এর উপর নির্ভর করতে হয় না।
- ♣ পরাগায়ন নিশ্চিত হয়।
- ♣ উদ্ভিদ প্রজাতির চরিত্রগত বিশুদ্ধতা বজায় থাকে।

স্ব-পরাগায়ন এর অসুবিধা

- ✒ স্বপরাগায়ন এর ফলে উৎপন্ন জীবের জিনগত বৈচিত্র কম থাকে।
- ✒ স্বপরাগায়ন এ উৎপন্ন বীজের বা গাছের অভিযোজন ক্ষমতা কমে যায়।
- ✒ এই পদ্ধতিতে অচিরেই প্রজাতির বিলুপ্তি ঘটে।
- ✒ স্বপরাগায়ন এ উৎপন্ন বীজের জীবনীশক্তি কমে যায় ।

পর পরাগায়নের সুবিধা

- ♣ পরপরাগায়নের ফলে উৎপন্ন উদ্ভিদে নতুন চরিত্রের সৃষ্টি হয় অর্থাৎ জিনগত বৈচিত্র দেখা যায়।
- ♣ বীজের অঙ্কুরোদগমের হার বৃদ্ধি পায়।
- ♣ বীজ অধিক জীবনীশক্তি সম্পন্ন হয়।
- ♣ পরপরাগায়নের ফলে নতুন প্রজাতির সৃষ্টি হয় ।

পরপরাগায়নের অসুবিধা

- 🍷 পর পরাগায়ন একটি বাহক নির্ভর প্রক্রিয়া হওয়ায় পরাগায়নের নিশ্চয়তা থাকে না ।
- 🍷 এই প্রক্রিয়ায় প্রচুর পরাগরেনুর অপচয় ঘটে ।
- 🍷 পরপরাগায়নের প্রজাতির বিশুদ্ধতা নষ্ট হওয়ার সম্ভাবনা থাকে ।

স্বপরাগায়ন ও পরপরাগায়নের তুলনা

পরাগ সংযোগঃ- স্বপরাগায়নে একই ফুলে বা একই গাছের ভিন্ন দুটি ফুলের মধ্যে পরাগ সংযোগ ঘটে। অন্যদিকে পরপরাগায়নে একই প্রজাতির দুইটি ভিন্ন উদ্ভিদের ফুলের মধ্যে পরাগ সংযোগ ঘটে ।

পরাগরেণুঃ- স্বপরাগায়ন এ পরাগরেণুর অপচয় কম হয়। কিন্তু পরপরাগায়নে পরাগরেণুর অপচয় বেশি হয়।

বাহকঃ- স্বপরাগায়ন বাঘের উপর নির্ভরশীল নয়। তবে পরপরাগায়ন বাহকের উপর সম্পূর্ণভাবে নির্ভরশীল ।

পরাগায়নের নিশ্চয়তাঃ- স্বপরাগায়ন এ পর-পরাগায়ন হওয়ার সম্ভাবনা প্রায় নিশ্চিত। কিন্তু পরপরাগায়নে পরাগায়ন হওয়ার নিশ্চয়তা থাকে না ।

প্রজাতির বিশুদ্ধতাঃ- স্বপরাগায়ন এর ফলে উৎপন্ন উদ্ভিদে প্রজাতির বিশুদ্ধতা বজায় থাকে। কিন্তু পর পরাগায়নে উৎপন্ন উদ্ভিদ প্রজাতির বিশুদ্ধতা বজায় থাকে না ।

RAISUL ISLAM HRIDOY

বৈচিত্র সৃষ্টিঃ- স্বপরাগায়নের ফলে সৃষ্ট উদ্ভিদে বৈচিত্রতা সৃষ্টি হয় না। কিন্তু পরপরাগায়নের সৃষ্ট উদ্ভিদে বৈচিত্রতা দেখা যায়।

পরাগায়নের মাধ্যম

যে মাধ্যম পরাগ বহন করে স্ত্রী ফুলের গর্ভমুণ্ড পর্যন্ত নিয়ে যায়, তাকে পরাগায়নের মাধ্যম বলে। বায়ু, পানি, কীটপতঙ্গ, পাখি, বাদুড়, শামুক এমনকি মানুষ এ ধরনের মাধ্যম হিসেবে কাজ করে। এসকল বাহক ফুলে ফুলে বিতরনের সময় পরাগরেণু তাদের দেহের মাধ্যমে স্ত্রী ফুলের গর্ভমুণ্ডে লেগে গিয়ে পরাগায়ন ঘটায়। বাহক এর সাহায্য পেতে ফুলের গঠন ও বিভিন্ন ধরনের হয়। যথা- পতঙ্গ পরাগী ফুল, বায়ু পরাগী ফুল, পানি পরাগী ফুল, প্রাণী পরাগী ফুল ইত্যাদি।

পতঙ্গ পরাগী ফুলঃ- যে সকল ফুল পরাগায়নের জন্য পতঙ্গের উপর নির্ভরশীল তাদেরকে পতঙ্গ পরাগী ফুল বলে। যেমন- জবা, কুমড়া, সরিষা ইত্যাদি।

বৈশিষ্ট্য

- ফুলগুলো বড়,রঙিন ও মধু গ্রন্থি যুক্ত হয়।
- পরাগরেণু ও গর্ভমুণ্ড আঠালো ও সুগন্ধযুক্ত হয়।

বায়ু পরাগী ফুলঃ- যে সকল ফুল পরাগায়নের জন্য বাতাস বা বায়ুর উপর নির্ভরশীল তাদেরকে বায়ুপরাগী ফুল বলে।যেমন -ধান।

বৈশিষ্ট্য

- ফুলগুলো হালকা, মধু গ্রন্থি হীন ও সুগন্ধিহীন।
- এদের গর্ভমুণ্ড আঠালো, শাখান্বিত ও কখনো কখনো পালকের মতো হালকা।

পানি পরাগী ফুলঃ- যে সকল পরাগায়নের জন্য বাহক হিসেবে পানির উপর নির্ভরশীল তাদেরকে পানি পরাগী ফুল বলে। যেমন- পাতাশেওলা।

বৈশিষ্ট্য

- ফুলগুলো আকারে ক্ষুদ্র, হালকা ও সুগন্ধিহীন।
- স্ত্রী পুষ্পের বৃন্ত লম্বা কিন্তু পুংপুষ্পের বৃন্ত ছোট।

প্রাণী পরাগী ফুলঃ- যে সকল ফুল পরাগায়নের জন্য বাহক হিসেবে প্রাণীর উপর নির্ভরশীল, তাদেরকে প্রাণী পরাগী ফুল বলে। যেমন -কদম, শিমুল, কচু।

বৈশিষ্ট্য

- ফুলগুলো মোটামুটি বড় ধরনের এবং রং আকর্ষণীয়।
- ছোট ফুলগুলো পুষ্পমঞ্জরি তে সাজানো থাকে।
- ফুলের সুগন্ধ থাকতেও পারে আবার নাও থাকতে পারে।

RAISUL ISLAM HRIDOY


সূচীপত্র আধুনিক বিজ্ঞান-০৬

RAISUL ISLAM HRIDOY

পৃথিবী সৃষ্টির ইতিহাস
কসমিক রে
ব্লাক হোল
হিগের কণা
বারি মণ্ডল
জোয়ার-ভাটা
বায়ু মণ্ডল
টেকটোনিক প্লেট
সাইক্লোন বা ঘূর্ণিঝড়
সুনামি

সামুদ্রিক জীববিজ্ঞান
বিবর্তন
মানবদেহ
রোগের কারণ ও সঙ্গক্রমক রোগ
রোগ জীবানুর জীবন
মা ও শিশু স্বাস্থ্য
ইম্যুনাইজেশন ও ভ্যাকসিনেশন
এইডস, যক্ষ্মা, পোলিও
আধুনিক কৃষি পদ্ধতি
ডায়োড, ট্রানজিস্টর, আই সি
আপেক্ষিক তথ্য, ফোটন কণা

ফিরে যান



পৃথিবী সৃষ্টির ইতিহাস

পৃথিবীর ইতিহাস বলতে পৃথিবী নামক গ্রহটির উৎপত্তি থেকে আরম্ভ করে বর্তমান সময় পর্যন্ত সমগ্র সময়কালকেই বোঝানো হয়। অতীতের মূল ঘটনাগুলোর সম্পর্কে বুঝতে প্রাকৃতিক বিজ্ঞানের সমস্ত শাখাই মানুষকে সাহায্য করেছে। পৃথিবীর বয়স মহাবিশ্বের বয়সের কমবেশি এক তৃতীয়াংশ । এই বিপুল সময়ের মধ্যে অজস্র ভূতত্ত্বীয় পরিবর্তন পৃথিবীতে ঘটে গেছে, জীবনের উদ্ভব হয়েছে এবং সেই জীবনে এসেছে বিবর্তন। পৃথিবী সৃষ্টির শুরুর দিকে কোনো পাথর টিকে নেই, তাই সঠিক করে বলা সম্ভভ নয় কখন পৃথিবীর সৃষ্টি হয়েছিল। তবে ধারণা করা হয় সৌরজগৎ সৃষ্টির মোটামুটি ১০০ মিলিয়ন বছর পর একগুচ্ছ সংঘর্ষের ফল হলো পৃথিবী। আজ থেকে ৪.৫৪ বিলিয়ন বছর আগে পৃথিবী নামের গ্রহটি আকৃতি পায়, পায় লৌহের একটি কেন্দ্র এবং একটি বায়ুমণ্ডল।

RAISUL ISLAM HRIDOY

পৃথিবী-চাঁদ সংঘর্ষ

“থিয়া” নামের মোটামুটি মঙ্গলের আকৃতির একটা গ্রহাণুর সাথে সংঘর্ষ হয় পৃথিবীর। পৃথিবী মোটামুটি আস্তই থাকে কিন্তু বায়ুমণ্ডল উবে যায় আর ধ্বংস হয়ে যায় এই গ্রহাণুটি। এর ধ্বংসাবশেষ থেকে তৈরি হয় চাঁদ।

প্রাণীজগতের বিলুপ্তি

পৃথিবীর ইতিহাসে সবচাইতে বড় বিলুপ্তির ঘটনা ঘটে আজ থেকে ২৫২ মিলিয়ন বছর আগে পারমিয়ান পিরিয়ডে। মাত্র ৬০ হাজার বছরের মাঝে প্রায় ৯০ শতাংশ জীবের বিলুপ্তি ঘটে। ৬৬ মিলিয়ন বছর আগে ক্রেটেশাস পিরিয়ডে বিলুপ্তি ঘটে ডায়নোসর সহ ৮৫ শতাংশ জীবের। পারমিয়ান পিরিয়ডে এই বিলুপ্তির কারণ ছিলো সাইবেরিয়ায় এক বিশাল অগ্ন্যুৎপাত। পরিবেশ পরিবর্তনের কারণেও বিলুপ্তি ঘটতে দেখা গেছে। ৪৫০ মিলিয়ন বছর আগে বড়সড় একটা তুষার যুগের কারণে বিলুপ্তি ঘটে ৭৫ শতাংশ জীবের।

বরফ যুগ

পাঁচটি বড় বরফ যুগ দেখা যায় পৃথিবীর ইতিহাসে। আপনি কি জানেন, এখনও আমরা একটি বরফ যুগের মাঝে বাস করছি? আজ থেকে প্রায় ১১,৫০০ বছর আগে শুরু হয়েছিলো এই বরফ যুগ।

প্লাস্টিক যুগ

বর্তমান সময়ে প্লাস্টিকের এতো বেশি আবর্জনা জমে গেছে যে অনেক বিজ্ঞানী একে প্লাস্টিক যুগ বা প্লাস্টিসিন পিরিয়ড বলে আখ্যা দিচ্ছেন। এসব প্লাস্টিকের কিছু আবার নতুন এক ধরনের পাথরেও রূপান্তরিত হয়েছে। আজ থেকে মিলিয়ন বছর পরেও এসব প্লাস্টিকের চিহ্ন পাওয়া যাবে পৃথিবীর বুকে।

জোতির্বিজ্ঞান

Astronomy বা জোতির্বিজ্ঞান হচ্ছে প্রাকৃতিক বিজ্ঞানের একটি বৃহৎ এবং প্রাচীনতম শাখা। যদিও জোতির্বিজ্ঞানের আধুনিকায়ন ঘটেছে ১৭ শতাব্দীতে নিউটনের গতিসূত্র এবং মহাকর্ষ সূত্র আবিষ্কারের পর এবং সর্বপরি টেলিস্কোপ আবিষ্কারের পর। তবে মানুষ সেই প্রাচীনকাল থেকেই আকাশ, চাঁদ, সূর্য, তারা বা নক্ষত্র, চন্দ্রগ্রহন, সূর্যগ্রহন, এই মহাবিশ্বের গন্তব্য, এই মহাবিশ্বে আমাদের উদ্দেশ্য নিয়ে চিন্তা করে আসছে। মানুষ সেই প্রাচীন কালেই গ্রহদেরর গতিপথ, চাঁদ এর অবস্থান দেখে তারিখ বা সময় গননা পদ্ধতি আবিষ্কার করেছে, তারা দেখে দিক নির্ণয় পদ্ধতির উদ্ভাবন করেছে।

বিস্তারিত শুরু করার আগে বলে রাখা ভালো মানুষ তারা বা নক্ষত্র আর গ্রহদের আনাগোনাকে নিজেদের জীবনের সাথে মিলাতে গিয়ে জোতিষশাস্ত্র (Astrology) ধারনা তৈরি করেছে। জোতির্বিজ্ঞান (Astronomy) আর জোতিষশাস্ত্র (Astrology) সম্পূর্ণ আলাদা জিনিস। জোতিষশাস্ত্র কোন বিজ্ঞান নয়, যদিও জোতিষশাস্ত্রের বিস্তার লাভ করেছে গ্রহ, নক্ষত্রদের আনাগোনা দেখেই।

বিগ ব্যাং

মহাবিশ্বের সৃষ্টিবিষয়ক একটি তত্ত্ব। এই তত্ত্ব অনুসারে – প্রায় ১৩৮০ কোটি বৎসর আগে একটি বিশাল বস্তুপিণ্ডের বিস্ফোরণের ফলে মহাবিশ্ব সৃষ্টি হয়েছিল। এই সময় থেকে বর্তমান মহাবিশ্বের বয়স ধরা হয়। ১৯২৭ খ্রিষ্টাব্দে বেলজিয়ামের পদার্থ বিজ্ঞানী জর্জ লেমিটর (Georges Lemaître) প্রথম বিগব্যাং তত্ত্ব প্রকাশ করেন। এই তত্ত্ব অনুসারে প্রায় ১৫০০ কোটি বৎসর আগে, মহাবিশ্বের সকল বস্তু আন্তঃআকর্ষণে একটি বৃহৎ পরমাণুতে (Supper Atom) পরিণত হয়। জর্জ লেমিটর এই পরমাণুটির নাম দিয়েছিলেন আদিম পরমাণু (primæval-atom) । এই পরমাণুটি পরে বিস্ফোরিত হয়ে মহাবিশ্বের সৃষ্টি হয়। ১৯২৯ খ্রিষ্টাব্দে এই মতবাদকে সমর্থন ও ব্যাখ্যা করেন এডুইন পাওয়েল হাবল (Edwin Powell Hubble)। তবে এর বিস্তারিত ব্যাখ্যার মাধ্যমে এই তত্ত্বকে প্রতিষ্ঠিত করেছিলেন জর্জ গ্যামো।

হাবল পর্যবেক্ষণ দ্বারা প্রমাণ পান যে — মহাকাশের গ্যালাক্সিগুলো পরস্পর থেকে ক্রমন্বয়ে নির্দিষ্ট গতিতে দূরে সরে যাচ্ছে। তাঁর মতে, আদিতে মহাবিস্ফোরণের ফলে গ্যালাক্সিগুলো সৃষ্টি হয়েছিল এবং এগুলোর দূরে সরে যাওয়ার আচরণ বিগব্যাং-কেই সমর্থন করে। এই ভাবে বিস্ফোরণের ফলে যে বিকিরণ সৃষ্টি হওয়ার কথা, তার অস্তিত্ব প্রথম দিকে প্রমাণ করা যায় নাই। ফলে, বিষয়টি নিয়ে বিজ্ঞানীদের মধ্যে দ্বন্দ্ব উপস্থিত হয়। ১৯৬৪ খ্রিষ্টাব্দে Arno Penzias এবং Robert Wilson নামক দুজন বিজ্ঞানী বিকিরণের অস্তিত্ব প্রমাণ করেন। ফলে বিগব্যাং-এর ধারণা আরও সুপ্রতিষ্ঠিত হয়। মহাবিশ্ব সৃষ্টির ক্ষেত্রে এখন পর্যন্ত এই তত্ত্বকেই সত্য বলে বিবেচনা করা হয়। সাম্প্রতিক গবেষণা থেকে জানা গেছে, বিগ ব্যাং-এর ঘটনাটি ঘটেছিল প্রায় ১৩.৭৯৮ ±০.০৩৭০০ কোটি বৎসর আগে। বর্তমানে মোটাদাগে বলা হয় এই ঘটনা ঘটেছিল ১৩৮০ কোটি বৎসর আগে।

কসমিক রে

মহাজাগতিক রশ্মি হলো অসংখ্য ক্ষুদ্র ক্ষুদ্র কণার স্রোত। বহির্বিশ্ব থেকে ওই সব কণা এসে পৃথিবীর বায়ুমন্ডলে প্রবেশ করে। কণার ওই বারিবর্ষণ এক অবিশ্রান্ত প্রক্রিয়া। মহাজাগতিক রশ্মিতে থাকে শতকরা

RAISUL ISLAM HRIDOY

৮৯ ভাগ প্রোটন, ৯ ভাগ বিকিরণ এবং ২ ভাগ থাকে কার্বন, নাইট্রোজেন, অক্সিজেন ও লোহার ভারি নিউক্লিয়াস। এগুলোই হলো প্রাইমারি মহাজাগতিক রশ্মি। প্রায় আলোর বেগেই ওরা ছুটে চলে।
প্রাইমারি মহাজাগতিক রশ্মির ওই ক্ষুদ্র ক্ষুদ্র কণার যখন বায়ুমেন্ডলের বিভিন্ন পদার্থের নিউক্লিয়াসের সঙ্গে সংঘর্ষ হয় তখন নতুন কণার সৃষ্টি হয়। নতুন কণাদের তখন বলা হয় সেকেন্ডারি মহাজাগতিক রশ্মি। সেকেন্ডারি মহাজাগতিক রশ্মির কণারাও প্রচন্ড বেগে ছুটে চলে। অন্যান্য পরমাণুর সঙ্গে ওদের আবার সংঘর্ষ হয় এবং আবার নতুন পদার্থ কণা ওরা সৃষ্টি করে। চলার পথে বহুবার সংঘর্ষ হওয়ায় শেষ পর্যন্ত পৃথিবী পৃষ্ঠে সেকেন্ডারি মহাজাগতিক রশ্মির খুব কম সংখ্যক কণারাই এসে পৌঁছতে পারে। সেকেন্ডারি মহাজাগতিক রশ্মিতে থাকে প্রধানত পজিট্রন, নিউট্রন, মেসন, নিউট্রিনো প্রভৃতি। এ সব কণাদের বলা হয় প্রাথমিক বা মৌলিক কণা।
এখন প্রশ্ন হলো মহাশূন্যে ওই মহাজাগতিক রশ্মির উৎস কোথায়? এটাই বিশ্বাস করা হয় যে অধিকাংশ মহাজাগতিক রশ্মির সৃষ্টি আমাদের মিল্কিওয়ে ছায়াপথের বাইরে মহাশূন্যে ছায়াপথের নানা তারায়। মহাজাগতিক রশ্মির উৎস সম্পর্কে আরো অনেক তথ্য সংগৃহীত হচ্ছে।
মহাজাগতিক রশ্মির সামান্য পরিমাণ বিকিরণ পৃথিবীর কোনো ক্ষতি করার জন্য যথেষ্ট নয়। কোটি কোটি বছর ধরে এই রশ্মি পৃথিবীকে আঘাত করে আসছে। কিন্তু তাতে পৃথিবীবক্ষের প্রাণীর খুব কম ক্ষতিই সাধিত হয়েছে। তাই বিশ্বাস করা হয় যে, মহাজাগতিক রশ্মি ক্ষতিকারক নয় (পৃথিবী পৃষ্ঠে)। তবে মহাশূন্যচারীদের ওপর এর ক্ষতিকর প্রভাব থাকার সম্ভাবনা আছে। কারণ পৃথিবী পৃষ্ঠের চেয়ে শূন্যে মহাজাগতিক রশ্মির তীব্রতা অনেক অনেক বেশি।

ব্লাক হোল

ব্ল্যাক হোল হল মহাকাশের এমন একটি স্থান যেখানে মধ্যাকর্ষণ বল এতটাই শক্তিশালী যে সেখান থেকে কোন কিছুই বের হতে পারে না। এমনকি আলোর মত তড়িৎ-চৌম্বকীয় বিকিরণও এই প্রচন্ড আকর্ষণ বল ভেদ করে বের হয়ে আসতে পারে না। ব্ল্যাক হোলে পদার্থের অত্যাধিক ঘনত্বের কারণে এটি এর চার দিকে এই অস্বাভাবিক মধ্যাকর্ষণ বল তৈরি করতে পারে। যেহেতু এখান থেকে কোন আলো বেরোতে পারে না, আমরা খালি চোখে এদের দেখতে পাই না। তারা সম্পূর্ন অদৃশ্য হয়। তবে বিশেষ সরঞ্জাম সহ স্পেস টেলিস্কোপগুলি ব্ল্যাক হোলের সন্ধান করতে সহায়তা করে। এদের দেখা না গেলেও আইনস্টাইনের বিখ্যাত সাধারণ আপেক্ষিকতার তত্ত্ব ভবিষ্যদ্বাণী করে যে, মহাশূন্যে ব্ল্যাক হোলের অস্তিত্ব থাকতে পারে এবং এত ভারি ভরের কোন স্থান অবশ্যই তার চারদিকের স্পেসটাইম কে বিকৃত করবে। সম্প্রতি এই তত্ত্বের উপর ভিত্তি করেই সম্ভব হয়েছে ব্ল্যাক হোল এর প্রথম চিত্র ধারন করা। ব্ল্যাক হোলের যে অঞ্চল থেকে কোন কিছু বের হয়ে আসতে পারে না তাকে ইভেন্ট হরাইজন বা ঘটনা দিগন্ত বলে। একটি ব্ল্যাক হোল একটি আদর্শ কালো বস্তুর মতো কাজ করে, কারণ এটি কোন আলো প্রতিফলিত করে না।

ব্ল্যাক হোল কীভাবে তৈরি হয়

সাধারনত ব্ল্যাক হোল তৈরি হয় বৃহৎ কোন নক্ষত্রের নিজ কেন্দ্রে সংকুচিত হওয়ার ফলে। প্রতিটি নক্ষত্রে নিউক্লিয়ার ফিউশন বিক্রিয়ার মাধ্যমে শক্তি উৎপন্ন হয়। একাধিক হাইড্রোজেন পরমাণু ফিউশন বিক্রিয়ার মাধ্যমে হিলিয়াম অনু গঠন করে। দুটি হাইড্রোজেন অণু নিউক্লিয়ার ফিউশন বিক্রিয়ার মাধ্যমে পরস্পরের সাথে যুক্ত হয়ে একটি হিলিয়াম অণু গঠন করার মাধ্যমে প্রচুর তাপশক্তি, আলোক শক্তি ও বিভিন্ন ধরনের তেজস্ক্রিয় বিকিরন করে। কিন্তু নক্ষত্রের এই নিউক্লীয় জ্বালানি(হাইড্রোজেন) শেষ হয়ে গেলে তাদের

RAISUL ISLAM HRIDOY

নিউক্লীয় বিক্রিয়া বন্ধ হয়ে যায়, যা নক্ষত্রটিকে একটি মৃত নক্ষত্রে পরিনত করে। প্রতিটি বস্তুর ন্যায় এসকল নক্ষত্রেরও অভিকর্ষ বল থাকে। এ সময় চন্দ্রশেখর সীমার নিচের নক্ষত্র গুলো White Dwarf বা শ্বেত বামনে পরিণত হয়। চন্দ্র শেখর সীমার ওপরের নক্ষত্র গুলোর ক্ষেত্রে এইরকম ঘটে না। এই বৃহৎ নক্ষত্রগুলির অভ্যন্তরে প্রচুর পদার্থ অবশিষ্ট থাকে এবং অত্যাধিক অভিকর্ষ বলের সৃষ্টি করে। ফলে একধরনের কেন্দ্রমুখী সংকোচনধর্মী চাপ সৃষ্টি হয়। এভাবে ধীরে ধীরে সমস্ত ভর কেন্দ্রের দিকে সংকুচিত হতে শুরু করে। এরা বাইরের ও ভিতরের চাপ সমান করতে গিয়ে এক অতি বৃহৎ বিস্ফোরনের তৈরি করে নিজের ভিতরের কিছু অংশ বাইরের দিকে প্রচণ্ড বেগে বের করে দেয়। এই অতি বৃহৎ বিস্ফোরণ "সুপারনোভা" নামে পরিচিত। এই বিস্ফোরনের কারণে নক্ষত্রের বাইরের পৃষ্ঠটি মহাশুন্যে নিক্ষিপ্ত হবে এবং অভ্যন্তরটি পরিনত হবে একটি ব্ল্যাক হোলে।

ব্ল্যাক হোল কে আবিষ্কার করেন

১৭৮৩ সালে ভূতত্ত্ববিদ জন মিচেল (John Michell) 'ডার্ক স্টার' (dark stars) শিরোনামে একটি গবেষণা নিবন্ধ প্রকাশ করেন। তার গবেষণা পত্রের বিষয়বস্তু ছিল "বিপুল পরিমাণ ভর বিশিষ্ট কোন বস্তু যার মহাকর্ষের প্রভাবে আলোক তরঙ্গ পর্যন্ত পালাতে পারে না"। এখান থেকেই মূলত ব্ল্যাক হোল এর ধারণা আসে এবং এটি নিয়ে গবেষনা ও অনুসন্ধান শুরু হয়। পরবর্তিতে অবশ্য এটি বিজ্ঞান মহলে একটি অযৌক্তিক তত্ত্ব হিসেবে বেশ অবহেলার স্বীকার হয়। আলোর মত কোন কিছু বেরিয়ে আসতে পারবে না এমন একটি তত্ত্ব বিজ্ঞানীদের কাছে বেশ অযৌক্তিক মনে হয়েছিল। তাই ধীরে ধীরে থেমে যায় ব্ল্যাক হোল নিয়ে গবেষনা।

কিন্তু ১৯১৬ সালে প্রথম আলবার্ট আইনস্টাইন নিয়ে আসেন তার বিখ্যাত "সাধারন আপেক্ষিক তত্ত্ব"। তার এই তত্ত্বটি কেবল স্থান, সময়, মাধ্যাকর্ষণ এবং পদার্থের মধ্যকার সম্পর্কের বর্ণনাই দেয়নি, এটি একটি বিশেষ ঘটনার তাত্ত্বিক সম্ভাবনার দ্বার উন্মুক্ত করেছিল যা আমাদের কাছে ব্ল্যাক হোল নামে পরিচিত।

তার এই তত্ত্ব মহাবিশ্বের দুটি বস্তুর আকর্ষন এর জন্য দায়ী মহাকর্ষ বলের ধারণা কে পালটে দিয়েছিল। তার মতে একটি বস্তু মহাবিশ্বে একটি স্পেস-টাইম বক্র করে রাখবে। একটি বস্তু যত ভারী তার স্পেস-টাইম বক্রতা তত বেশি। আর এই বক্রতার জন্যই কোন বস্তু তার আশেপাশের অন্য বস্তুকে নিজের দিকে টেনে আনবে যা আমরা মহাকর্ষ বল নামে চিনি। ব্যাপারটি এমন যে বস্তুটি স্পেস-টাইম কে বলে দেবে কতটুকু বাঁকতে হবে, আবার স্পেস-টাইম বক্রতা বস্তুটিকে বলে দিবে কীভাবে স্থানান্তরিত হতে হবে।

তার এই অসাধারণ তত্ত্বের পর থেকেই শুরু হয় ব্ল্যাক হোল নিয়ে পুনরায় মাতামাতি।

সর্বপ্রথম কার্ল শোয়ার্জশিল্ড নামে এক জার্মান পদার্থবিজ্ঞানী এবং জ্যোতির্বিজ্ঞানী আইনস্টাইনের সাধারণ আপেক্ষিকতার আনুমানিকতার সঠিক সমাধান দিয়ে ১৯১৬ সালে ব্ল্যাক হোলের আধুনিক সংস্করণটির প্রস্তাব করেছিলেন।

শোয়ার্জশিল্ড বুঝতে পেরেছিলেন যে, যে কোন ভরকে অসীম ক্ষুদ্র একটি বিন্দুতে সংকচন সম্ভব। আর কোন ভরকে যদি একটি নির্দিষ্ট বিন্দুতে সংকুচিত করা যায় তাহলে এটি তার চারপাশের স্পেসটাইমকে অনেক বেশি বাঁকিয়ে ফেলবে। যেহেতু সমস্ত ভর একটি নির্দিষ্ট বিন্দুতে কেন্দ্রীভূত থাকবে, এর অভিকর্ষ বল হবে অত্যাধিক এবং এই নির্দিষ্ট অঞ্চল থেকে কোন কিছুই, এমনকি আলোর ফোটন কণাও বের হতে পারবে না। ভরটির চারদিকে এই নির্দিষ্ট অঞ্চলকে বলা হয় শোয়ার্জশিল্ড ব্যাসার্ধ।

তাত্ত্বিকভাবে, প্রত্যেক মহাজাগতিক বস্তুকে ব্ল্যাক হোলে পরিনত করা সম্ভব এবং তাদের একটি শোয়ার্জশিল্ড ব্যাসার্ধ থাকবে এবং তা গণনা করা সম্ভব। যদি সূর্যের ভর একটি অসীম ছোট্ট বিন্দুতে সংকুচিত হয় তবে এটি

RAISUL ISLAM HRIDOY

একটি ব্ল্যাক হোল তৈরি করবে যার ব্যাসার্ধ মাত্র 3 কিলোমিটারের (প্রায় 2 মাইল) ব্যাসার্ধের সমান।

শোয়ার্জশিল্ড ব্যাসার্ধ, $r_s = \frac{2GM}{c2}$

যেখানে,

G= মহাকর্ষীয় ধ্রুবক

M= পদার্থের ভর

c= আলোর বেগ

একইভাবে, পৃথিবীর শোয়ার্জশিল্ড ব্যাসার্ধ হিসাব করলে তা মাত্র কয়েক মিলিমিটার হবে, যা কিনা একটি মার্বেলের সমান।

আইন্সটাইনের তত্ত্ব এবং শোয়ার্জচাইল্ড এর গবেষনা ব্ল্যাক হোল নিয়ে গবেষনায় নতুন করে জোয়ার নিয়ে আসে। পরবর্তিতে গত শতাব্দীর ষাটের দশকে ব্রিটিশ বিজ্ঞানী জন হুইলার,স্টিফেন হকিং আর রজার পেনরোজ এর গবেষণা এই ব্ল্যাক হোল কে পরিণত করেছে বিজ্ঞানের সবচেয়ে জনপ্রিয় বিষয়ে। এরই ধারাবাহিকতায় ১৯৬৭ সালে জন হুইলার এই বিস্ময়কর কালো বস্তুটির নামকরণ করেন ব্ল্যাক হোল। এর পর থেকেই এটি আমাদের কাছে ব্ল্যাক হোল নামে পরিচিত। পরবর্তিতে ১৯৯৪ সালে এসে নভোচারীরা প্রমাণ করেন আসলেই ব্ল্যাক হোল আছে।

ব্ল্যাক হোলের প্রকারভেদ

ব্ল্যাক হোল বিভিন্ন রকম হতে পারে। কোন কোন ব্ল্যাক হোল আকারে অনেক বড়, আবার কোন কোন টি তুলনামূলক অনেক ছোট। ভরের দিকেও রয়েছে বিভিন্নতা। বিজ্ঞানীদের মতে ক্ষুদ্রতম ব্ল্যাক হোল একটি পরমাণুর সমানও হতে পারে। প্রধানত নিম্নোক্ত চার প্রকারের ব্ল্যাকহোলের কথা জানা যায়;

১. মাইক্রো বা মিনি ব্ল্যাক হোল (Micro Black hole)

২. স্টেলার ব্ল্যাক হোল (Stella Blackhole)

৩. ইন্টারমিডিয়েট ব্ল্যাক হোল (Intermediate Blackhole)

৪. সুপার ম্যাসিভ ব্ল্যাক হোল (Super Massive Blackhole)

RAISUL ISLAM HRIDOY

একটি ব্ল্যাক হোল এর জীবনকাল

ব্ল্যাক হোল হকিং রেডিয়েশনের মাধ্যমে ক্ষয়প্রাপ্ত হয়। হকিং রেডিয়েশন একটি অতি ধীর প্রক্রিয়া। যে কারণে একটি ব্ল্যাক হোল অনেক দীর্ঘ সময় টিকে থাকে। সূর্যের ভরের সমান একটি ব্ল্যাক হোল ক্ষয় হতে প্রায় 10^{67} বছর সময় নেয়। মিল্কিওয়ে কেন্দ্রের ব্ল্যাক হোলটির ক্ষয় হতে 10^{87} বছর সময় লাগবে। আবার মহাবিশ্বের সবচেয়ে বৃহত্তর ব্ল্যাক হোল টি সময় নেবে প্রায় 10^{100} বছর।

হিগের কণা

হিগস বোসন বা হিগস কণা বা ঈশ্বর কণা (ইংরেজি ভাষায়: Higgs boson বা Higgs particle; God Particle) পদার্থবিজ্ঞানের স্ট্যান্ডার্ড মডেলের প্রস্তাবিত মৌলিক কণা। হিগস ক্ষেত্র এবং তার সহযোগী হিগস বোসন অস্তিত্ব সহজ কয়েকটি পদ্ধতির মাধ্যমে কিভাবে কিছু প্রাথমিক কণা ভর আছে ব্যাখ্যা করা হবে।স্ট্যান্ডার্ড মডেল বলছে এই কণার হিগস ক্ষেত্র, যা অ শূন্য শক্তি আছে সর্বত্র এমনকি অন্যথায় ফাঁকা জায়গাও, সাথে আলাপচারিতার দ্বারা ভর অর্জন। পদার্থবিজ্ঞানী পিটার হিগস ও সত্যেন্দ্রনাথ বসু-এর নামে এই কণার নামকরণ করা হয়।

১ম ধারণা দেন সত্যেন্দ্রনাথ বসু ১৯২৪ সালে। তিনি এই বিষয় নিয়ে গবেষণা করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের পদার্থবিদ্যা ল্যাবে।

২য় ধারণা দেন পিটার হিগজ ১৯৬৪ সালে। এবং এর অস্তিত্ব আবিষ্কার হয় ২০১২সালে।

হিগস-বোসন কণা' নিয়ে গবেষণার জন্য ২০১৩ সালে পদার্থবিজ্ঞানে যৌথভাবে নোবেল পেয়েছেন যুক্তরাজ্যের পিটার হিগস ও বেলজিয়ামের ফ্রাঙ্কোইস অ্যাংলার্ট। ষাটের দশকে যুক্তরাজ্যের গবেষক পিটার হিগসসহ বেশ কয়েকজন বিজ্ঞানী পদার্থের ভর সৃষ্টিকারী অতিক্ষুদ্র একটি কণার সম্ভাবনার কথা বলেন, যা হিগস-বোসন কণা হিসেবে পরিচিতি পায়। বোসন কণার সঙ্গে বাঙালি বিজ্ঞানী সত্যেন বসুর নাম জড়িয়ে রয়েছে। এটি 'ঈশ্বর কণা' নামেও পরিচিতি পেয়েছে। এই কণাটি পদার্থবিজ্ঞানে গবেষকেদের দীর্ঘদিন আকর্ষণ ধরে রেখেছিল। হিগস ও অ্যাংলার্টের তত্ত্ব অনুযায়ী, ২০১২ সালে সুইজারল্যান্ডের গবেষণাকেন্দ্র সার্নে লার্জ হ্যাড্রন কোলাইডরে হিগস-বোসন কণার অস্তিত্বের সন্ধান পাওয়া যায়।

বারি মণ্ডল

Hydrosphere'-এর বাংলা প্রতিশব্দ বারিমণ্ডল। Hydro' শব্দের অর্থ পানি এবং Sphere' শব্দের অর্থ মণ্ডল। আমরা জানি পৃথিবীর সর্বত্র রয়েছে পানি। এ বিশাল জলরাশি পৃথিবীর বিভিন্ন স্থানে ভিন্ন ভিন্ন অবস্থায় থাকে যেমন কঠিন (বরফ), গ্যাসীয় (জলীয়বাষ্প) এবং তরল। বায়ুমণ্ডলে পানি রয়েছে জলীয়বাষ্প হিসেবে, ভূপৃষ্ঠে রয়েছে তরল ও কঠিন অবস্থায় এবং ভূপৃষ্ঠের তলদেশে রয়েছে ভূগর্ভস্থ তরল পানি। সুতরাং বারিমণ্ডল বলতে বুঝায় পৃথিবীর সকল জলরাশির অবস্থানভিত্তিক বিস্তরণ । পৃথিবীর সকল জলরাশির শতকরা ৯৭ ভাগ পানি রয়েছে সমুদ্রে (মহাসাগর, সাগর ও উপসাগর)। মাত্র ৩ ভাগ পানি রয়েছে নদী, হিমবাহ, ভূগর্ভস্থ, হ্রদ, মৃত্তিকা, বায়ুমণ্ডল ও জীবমণ্ডলে। পৃথিবীর সমস্ত পানিকে দুই ভাগে ভাগ করা যায় যেমন- লবণাক্ত ও মিঠা পানি। পৃথিবীর সকল মহাসাগর, সাগর ও উপসাগরের জলরাশি লবণাক্ত এবং নদী, হ্রদ ও ভূগর্ভস্থ পানি মিঠা পানির উৎস।

মহাসাগর, সাগর ও উপসাগর বারিমণ্ডলের উন্মুক্ত বিস্তীর্ণ বিশাল লবণাক্ত জলরাশিকে মহাসাগর (Ocean) বলে। পৃথিবীতে পাঁচটি মহাসাগর রয়েছে, এগুলো হলো প্রশান্ত মহাসাগর, আটলান্টিক মহাসাগর, ভারত মহাসাগর, উত্তর মহাসাগর এবং দক্ষিণ মহাসাগর (চিত্র ৬.১)। এর মধ্যে প্রশান্ত মহাসাগর বৃহত্তম ও গভীরতম (সারণি ২)। আটলান্টিক মহাসাগর ভগ্ন উপকূলবিশিষ্ট এবং এটি অনেক আবদ্ধ সাগরের (Enclosed sea) সৃষ্টি করেছে। ভারত মহাসাগর এশিয়া ও আফ্রিকা মহাদেশ দ্বারা পরিবেষ্টিত। ৬০° দক্ষিণ অক্ষাংশ থেকে এন্টার্কটিকার হিমভাগ পর্যন্ত দক্ষিণ মহাসাগরের অবস্থান। দক্ষিণ মহাসাগরের দক্ষিণে এন্টার্কটিকা মহাদেশ বছরের সকল সময় বরফে আচ্ছন্ন থাকে। উত্তর লোলার্ধের উত্তর প্রান্তে উত্তর মহাসাগর অবস্থিত এবং এর চারদিক স্থলবেষ্টিত।

মহাসাগর অপেক্ষা স্বল্প আয়তনবিশিষ্ট জলরাশিকে সাগর (Sea) বলে। যথা— ভূমধ্যসাগর, লোহিত সাগর, ক্যারিবিয়ান সাগর, জাপান সাগর ইত্যাদি। তিনদিকে স্থলভাগ দ্বারা পরিবেষ্টিত এবং একদিকে জল তাকে উপসাগর (Bay) বলে। যথা— বঙ্গোপসাগর, পারস্য উপসাগর ও মেক্সিকো উপসাগর ইত্যাদি। চারদিকে স্থলভাগ দ্বারা বেষ্টিত জলভাগকে হ্রদ (Lake) বলে। যথা— রাশিয়ার বৈকাল হ্রদ, আমেরিকা যুক্তরাষ্ট্র ও কানাডার সীমান্তে অবস্থিত সুপিরিয়র হ্রদ ও আফ্রিকার ভিক্টোরিয়া হ্রদ ইত্যাদি।

ভূপৃষ্ঠের উপরের ভূমিরূপ যেমন উঁচুনিচু তেমনি সমুদ্র তলদেশও অসমান। কারণ সমুদ্রতলে আগ্নেয়গিরি, শৈলশিরা, উচ্চভূমি ও গভীর খাত প্রভৃতি বিদ্যমান আছে। শব্দতরঙ্গের সাহায্যে সমুদ্রের গভীরতা মাপা হয়। এ

RAISUL ISLAM HRIDOY

শব্দতরঙ্গ প্রতি সেকেন্ডে পানির মধ্য দিয়ে প্রায় ১,৪৭৫ মিটার নিচে যায় এবং আবার ফিরে আসে। ফ্যাদোমিটার (Fathometer) যন্ত্রটি দিয়ে সমুদ্রের গভীরতা মাপা হয়। সমুদ্রের তলদেশের ভূমিরূপকে পাঁচটি ভাগে বিভক্ত করা হয়। যথা—

(১) মহীসোপান (Continental shelf)

(২) মহীঢাল (Continental slope)

(৩) গভীর সমুদ্রের সমভূমি (Deep sea plains)

(৪) নিমজ্জিত শৈলশিরা (Oceanic ridges)

(৫) গভীর সমুদ্রখাত (Oceanic trench)

(১) মহীসোপান: পৃথিবীর মহাদেশসমূহের চারদিকে স্থলভাগের কিছু অংশ অল্প ঢালু হয়ে সমুদ্রের পানির মধ্যে নেমে গেছে। এরূপে সমুদ্রের উপকূলরেখা থেকে তলদেশ ক্রমনিম নিমজ্জিত অংশকে মহীসোপান বলে। মহীসোপানের সমুদ্রের পানির সর্বোচ্চ গভীরতা ১৫০ মিটার। এটি ১° কোণে সমুদ্র তলদেশে নিমজ্জিত থাকে। মহীসোপানের গড় প্রশস্ততা ৭০ কিলোমিটার। মহীসোপানের সবচেয়ে উপরের অংশকে উপকূলীয় ঢাল বলে। মহীসোপানের বিস্তৃতি সর্বত্র সমান নয়। উপকূলভাগের বন্ধুরতার উপর এর বিস্তৃতি নির্ভর করে। উপকূল যদি বিস্তৃত

সমভূমি হয়, তবে মহীসোপান অধিক প্রশস্ত হয়। মহাদেশের উপকূলে পর্বত বা মালভূমি থাকলে মহীসোপান সংকীর্ণ হয়। ইউরোপের উত্তরে বিস্তীর্ণ সমভূমি থাকায় উত্তর মহাসাগরের মহীসোপান খুবই প্রশস্ত (প্রায় ১,২৮৭ কিলোমিটার)।

তবে ইউরোপের উত্তর-পশ্চিমে পৃথিবীর বৃহত্তম মহীসোপান অবস্থিত। মহীসোপানের দ্বিতীয় বৃহত্তম উত্তর অংশ উত্তর আমেরিকার পূর্ব উপকূলে দেখতে পাওয়া যায়। অথচ এর পশ্চিমে উপকূল বরাবর উত্তর-দক্ষিণ ভঙ্গিল রকি পর্বত অবস্থান করায় সেখানে মহীসোপান খুবই সংকীর্ণ। আফ্রিকা মহাদেশের অধিকাংশ স্থান মালভূমি বলে এর পূর্ব ও পশ্চিম উপকূলের মহীসোপান খুবই সরু। স্থলভাগের উপকূলীয় অঞ্চল নিমজ্জিত হওয়ার ফলে অথবা সমুদ্রপৃষ্ঠের উচ্চতার তারতম্য হওয়ার কারণে মহীসোপানের সৃষ্টি হয়। এছাড়া সমুদ্রতটে সমুদ্রতরঙ্গও ক্ষয়ক্রিয়ার দ্বারা মহীসোপান গঠনে সহায়তা করে থাকে।

(২) মহীঢাল: মহীসোপানের শেষ সীমা থেকে ভূভাগ হঠাৎ খাড়াভাবে নেমে সমুদ্রের গভীর তলদেশের সঙ্গে মিশে যায়। এ ঢালু অংশকে মহীঢাল বলে। সমুদ্রে এর গভীরতা ২০০ থেকে ৩,০০০ মিটার। এটা অধিক খাড়া হওয়ার জন্য খুব প্রশস্ত নয়। এটি গড়ে প্রায় ১৬ থেকে ৩২ কিলোমিটার প্রশস্ত। মহীঢালের উপরিভাগ সমান নয়। অসংখ্য আন্তঃসাগরীয় গিরিখাত অবস্থান করায় তা খুবই বন্ধুর প্রকৃতির। এর ঢাল মৃদু হলে জীবজন্তুর দেহাবশেষ, পলি প্রভৃতির অবক্ষেপণ দেখা যায়।

(৩) গভীর সমুদ্রের সমভূমি: মহীঢাল শেষ হওয়ার পর থেকে সমুদ্র তলদেশে যে বিস্তৃত সমভূমি দেখা যায় তাকে গভীর সমুদ্রের সমভূমি বলে। এর গড় গভীরতা ৫,০০০ মিটার। এ অঞ্চলটি সমভূমি নামে খ্যাত হলেও প্রকৃতপক্ষে তা বন্ধুর। কারণ গভীর সমুদ্রের সমভূমির উপর জলমগ্ন বহু শৈলশিরা ও উচ্চভূমি অবস্থান করে। আবার কোথাও রয়েছে নানা ধরনের আগ্নেয়গিরি। এ সমস্ত উচ্চভূমির কোনো কোনোটি আবার জলরাশির উপর দ্বীপরূপে অবস্থান করে। সমুদ্রের এ গভীর অংশে পলিমাটি, সিন্ধুমল, আগ্নেয়গিরি থেকে উত্থিত লাভা ও সূক্ষ্ম ভস্ম প্রভৃতি সঞ্চিত হয়। এ সকল সঞ্চিত পদার্থ স্তরে স্তরে জমা হয়ে পাললিক শিলার সৃষ্টি করে।

RAISUL ISLAM HRIDOY

(৪) নিমজ্জিত শৈলশিরা: সমুদ্রের অভ্যন্তরে অনেকগুলো আগ্নেয়গিরি অবস্থান করছে। ঐসব আগ্নেয়গিরি থেকে লাভা বেরিয়ে এসে সমুদ্রগর্ভে সঞ্চিত হয়ে শৈলশিরার ন্যায় ভূমিরূপ গঠন করেছে। এগুলোই নিমজ্জিত শৈলশিরা নামে পরিচিত। নিমজ্জিত শৈলশিরাগুলোর মধ্যে মধ্য আটলান্টিক শৈলশিরা সবচেয়ে উল্লেখযোগ্য।

(৫) গভীর সমুদ্রখাত: গভীর সমুদ্রের সমভূমি অঞ্চলের মাঝে মাঝে গভীর খাত দেখা যায়। এ সকল খাতকে গভীর সমুদ্রখাত বলে। পাশাপাশি অবস্থিত মহাদেশীয় ও সামুদ্রিক প্লেট সংঘর্ষের ফলে সমুদ্রখাত প্লেট সীমানায় অবস্থিত। এ প্লেট সীমানায় ভূমিকম্প ও আগ্নেয়গিরি অধিক হয় বলেই এ সকল খাত সৃষ্টি হয়েছে। এ খাতগুলো অধিক প্রশস্ত না হলেও খাড়া ঢালবিশিষ্ট। এদের গভীরতা সমুদ্রপৃষ্ঠ থেকে ৫,৪০০ মিটারের অধিক।

প্রশান্ত মহাসাগরেই গভীর সমুদ্রখাতের সংখ্যা অধিক। এর অধিকাংশই পশ্চিম প্রান্তে অবস্থিত। এ । সকল গভীর সমুদ্রখাতের মধ্যে গুয়াম দ্বীপের ৩২২ কিলোমিটার দক্ষিণ-পশ্চিমে অবস্থিত মারিয়ানা খাত (Mariana trench) সর্বাপেক্ষা গভীর। এর গভীরতা প্রায় ১০,৮৭০ মিটার এবং এটাই পৃথিবীর গভীরতম খাত। এছাড়া আটলান্টিক মহাসাগরের পোর্টোরিকো খাত (৮,৫৩৮ মিটার), ভারত মহাসাগরের শুন্ডা খাত প্রভৃতি উল্লেখযোগ্য।

জোয়ার-ভাটা

চন্দ্র ও সূর্যের আকর্ষণ এর ফলে সমুদ্রের জল নিয়মিতভাবে এক জায়গায় ফুলে ওঠে এবং অন্য জায়গায় নেমে যায় প্রধানত চাঁদের আকর্ষণে সমুদ্র জলের ফুলে ওঠাকে জোয়ার বলে।

জোয়ারের ফলে সমুদ্রের জল যেখানে ফুলে ওঠে, তার সমকোণে অবস্থিত স্থানে সমুদ্রের জল নেমে যায় একে ভাটা বলে।

জোয়ার ভাটা কেন হয়?

দুটি প্রধান কারণে জোয়ার ভাটা হয় 1) পৃথিবীর আবর্তন ও 2) পৃথিবীর উপর সূর্যের চাঁদের আকর্ষণ।

পৃথিবীর আবর্তন: পৃথিবীর মেরুদন্ড নিজের চারিদিকে নির্দিষ্ট গতিতে অবিরাম ঘুরে চলেছে। পৃথিবীর আবর্তন গতির ফলে কেন্দ্রবিমুখ ও বহির্মুখী শক্তি উৎপন্ন হয়। এই বহির্মুখী শক্তির প্রভাবে সমুদ্রের জল বাইরের দিকে বেরিয়ে যেতে চাই। চাঁদের আকর্ষণ সমুদ্রের যেখানে জোয়ার হয় তার ঠিক বিপরীত দিকে আকর্ষণ এর তুলনায় কেন্দ্রবিমুখ বলের প্রভাব বেশি হয় ফলে সমুদ্রের ওই স্থানে জোয়ার হয়। সমুদ্রে পরস্পর বিপরীত যে দুটি স্থানে জোয়ার হয় তার সমকোণে অবস্থিত দুটি স্থানে তখন ভাটা হয়।

পৃথিবীর উপর চাঁদ ও সূর্যের আকর্ষণ: সূর্যের ভর চাঁদের তুলনায় প্রায় 2 কোটি 60 লক্ষ গুণ বেশি। কিন্তু চাঁদের তুলনায় সূর্য প্রায় 390 গুন দূরে অবস্থিত। চাঁদের ভর কম হওয়া সত্বেও সূর্যের তুলনায় চাঁদ পৃথিবীর অনেক কাছে রয়েছে বলে, পৃথিবীর উপর চাঁদের আকর্ষণ সূর্যের তুলনায় প্রায় দু গুণ বেশি তাই প্রধানত চাঁদের আকর্ষণে জোয়ার হয়।

মুখ্য জোয়ার ও গৌণ জোয়ার

পৃথিবী তার অক্ষের উপর ঘুরতে ঘুরতে ভূপৃষ্ঠের যেদিক চাঁদের সরাসরি মুখোমুখি হয় সেই দিকে চাঁদের আকর্ষণ বেশী বলে সমুদ্রের জল ফুলে উঠে যে জোয়ার সৃষ্টি হয়। তাকে মুখ্য জোয়ার বলে।

পৃথিবী তার অক্ষের উপর ঘুরতে ঘুরতে ভূপৃষ্ঠের যেদিক চাঁদের সরাসরি বিপরীত দিকে চলে আসে সেই দিকে চাঁদের আকর্ষণ এর তুলনায় পৃথিবীর কেন্দ্র বিমুখ বলে প্রভাব বেশি পড়ে ফলে সমুদ্রের জল ফুলে উঠে যে জোয়ারের সৃষ্টি করে তাকে গৌণ জোয়ার বলে।

RAISUL ISLAM HRIDOY

জোয়ার ভাটার সময়ের ব্যবধান:

পৃথিবীর মেরু রেখা চারিদিকে একবার ঘুরতে সময় নেয় 23 ঘন্টা 56 মিনিট 4 সেকেন্ড। অর্থাৎ 23 ঘন্টা 56 মিনিট 4 সেকেন্ড সেকেন্ডে পৃথিবীর প্রত্যেকটি দ্রাঘিমা একবার করে চাঁদের সরাসরি সামনে আসে। ফলে যেখানে মুখ্য জোয়ার হয় মুখ্য জোয়ার বিপরীত স্থানে গৌণ জোয়ার হয়। তাই প্রায় 24 ঘন্টায় একই জায়গায় 2 বার জোয়ার এবং 2 বার ভাটা হয়

পৃথিবীর কোন অংশেই প্রতিদিন একই সময়ে জোয়ার ভাটা হয় না কেন?

পৃথিবীর কোন অংশে প্রতিদিন একই সময়ে জোয়ার ভাটা হয় না এর কারণ হলো। পৃথিবী যেমন নিজের মেরু রেখার চারিদিকে 360 ডিগ্রি 24 ঘন্টায় একবার আবর্তন করে, চাঁদও তেমনি 27 দিনে পৃথিবীর চারিদিকে একবার ঘোরে। সুতরাং 24 ঘন্টায় চাঁদ পৃথিবীর কক্ষপথে 360÷27=13 ডিগ্রী পথ অতিক্রম করে বা 24 ঘন্টায় চাঁদ পৃথিবীর কক্ষপথ পৃথিবীর একবার আবর্তন চাঁদ প্রায় 13° পথ এগিয়ে যায়। এই 13° পথ অতিক্রম করতে পৃথিবীর সময় লাগে প্রায় 52 মিনিট। অর্থাৎ যে দ্রাঘিমারেখা টি চাঁদের সামনে আছে 24 ঘন্টা পরে 360° অতিক্রম করে এসেই দ্রাঘিমার পূর্ব অবস্থানে ফিরে আসার মধ্যে 13° পথ এগিয়ে যায়। ওই দ্রাঘিমারেখা টি পুনরায় তাদের সামনে আসার জন্য তাই আরো 13 ডিগ্রী বেশি আবর্তন করতে হয়। এর জন্য ওই দ্রাঘিমারেখা চাঁদের সামনে আসতে সময় লাগে আরও 52 মিনিট বেশি। তাই পৃথিবীর কোন নির্দিষ্ট স্থানে প্রত্যেক মুখ্য ও গৌণ জোয়ার এর পরবর্তী মুখ্য ও গৌণ জোয়ার আরও 52 মিনিট পর অনুষ্ঠিত হয়। কোন স্থানে এই মুহূর্তে মুখ্য জোয়ার হলে, পরবর্তী মুখ্য জোয়ার হবে 24 ঘন্টা 52 মিনিট পরে।

পরবর্তী গৌণ জোয়ার হবে 12 ঘন্টা 26 মিনিট পরে

পরবর্তী ভাটা হবে 6 ঘন্টা 13 মিনিট পর।

ভরা কটাল: অমাবস্যা, পূর্ণিমা ও পূর্ণিমা তিথিতে পৃথিবী, সূর্য ও চাঁদ যখন একই সরলরেখায় চলে আসে তখন চাঁদ ও সূর্যের প্রবল আকর্ষণে মুখ্য জোয়ার আরও তেজি হয়ে ওঠে। এই তেজী মুখ্য জোয়ারকে ভরা কটাল বা তেজ কটাল বলে। ভরা জোয়ার সবচেয়ে জল বেশি ফুলে ওঠে।

মরা কোটাল: অমাবস্যা ও পূর্ণিমার পরে শুক্লপক্ষ, কৃষ্ণপক্ষের অষ্টমী তিথিতে পৃথিবীর অবস্থান অনুসারে সূর্য ও চাঁদ পরস্পরের সমকোণে অবস্থান করে। ফলে চাঁদ ও সূর্যের আকর্ষণ সমুদ্র জলের ওপরে চাঁদ পৃথিবীর কাছে রয়েছে বলে সূর্যের আকর্ষণের তুলনায় চাঁদের আকর্ষণ বেশি হয় কিন্তু সেই আকর্ষণ অনেক দুর্বল হয়। তাই ভূপৃষ্ঠের যেদিকে চাঁদের মুখোমুখি থাকে সেখানে জোয়ার হলেও জলস্ফীতি কম হয় এভাবে প্রতি মাসে অষ্টমী তিথিতে জোয়ার হয় তাকে মরা কাটাল বলে।

অ্যাপোজি: চাঁদ পৃথিবীকে প্রদক্ষিণ করার পথে পৃথিবী ও চাঁদের মধ্যে দূরত্ব যখন সবচেয়ে বেশি হয় তখন চাঁদের দূরঅবস্থানকে অ্যাপোজি অপভু বলে।

পেরিজি: চাঁদ পৃথিবীকে প্রদক্ষিণ করার পথে পৃথিবী ও চাঁদের মধ্যে দূরত্ব যখন সবচেয়ে কম হয়। তখন চাঁদের ঐ নিকটতম অবস্থানকে পেরিজি বলে।

সিজিগি কি: পৃথিবী, চাঁদ ও সূর্য যখন পূর্ণিমা ও অমাবস্যায় একই সরলরেখায় পরস্পর বা একে অন্যের বিপরীতে অবস্থান করে তখন এই বিশেষ অবস্থাকে সিজিগি বলে ।

RAISUL ISLAM HRIDOY

বানডাকা: জোয়ারের সময় সমুদ্রের জল প্রবল বেগে নদীর মোহনা থেকে নদীর প্রবাহের বিপরীত মুখে নদীখাত এর মধ্য দিয়ে প্রবাহিত হলে যে জলোচ্ছ্বাস হয়। তাকে বানডাকা বা বান বলে। বর্ষাকালে ভরা নদী মোহনায় মোহনার কাছাকাছি অংশে বান ডাকে।

জোয়ার ভাটার ফলাফল:

1) জোয়ারে নদীতে জল ঢুকে নৌ চলাচলের সুবিধা হয়।
2) ভাটায় নদীর জল পলি পরিবহন করে সমুদ্রে নিয়ে যায়। নদীখাত পলিমুক্ত হয়।
3) নদীতে সমুদ্রের মাছ ধরার সুবিধা হয়।
4) জোয়ার ভাটা শক্তিকে কাজে লাগিয়ে বিদ্যুৎ উৎপাদন করা হয়।

বায়ু মণ্ডল

পৃথিবীর মাধ্যাকর্ষণ শক্তির টানে ভু- পৃষ্ঠ থেকে ১০০০ কিমি উপর পর্যন্ত বিস্তৃত যে অদৃশ্য গ্যাসীয় আবরন পৃথিবীকে ঢেকে রেখেছে তাকে বায়ুমণ্ডল বলে।

বায়ুমন্ডলের স্তর বিন্যাস

পৃথিবীর গায়ে লেগে থাকা বায়ুমণ্ডলকে ভূপৃষ্ঠ থেকে ওপরের দিকে উষ্ণতার তারতম্য অনুসারে 6টি স্তরে ভাগ করা হয়। যথা-

- ট্রপোস্ফিয়ার
- স্ট্র্যাটোস্ফিয়ার
- মেসোস্ফিয়ার
- থার্মোস্ফিয়ার
- এক্সোস্ফিয়ার
- ম্যাগনেটাস্ফিয়ার

RAISUL ISLAM HRIDOY

ট্রপোস্ফিয়ার (Troposphere) কাকে বলে

বায়ুমণ্ডলের সবচেয়ে নীচের স্তরটিকে ট্রপোস্ফিয়ার বলে।

বিস্তারঃ নিরক্ষীয় অঞ্চলে সমুদ্রপৃষ্ঠ থেকে ওপরের দিকে ১৬-১৮ কিমি এবং মেরু অঞ্চলে প্রায় ৪ কিমি পর্যন্ত বিস্তৃত।

বৈশিষ্ট্যঃ এই স্তরে প্রতি ১০০০ মিটার উচ্চতা বৃদ্ধির সঙ্গে সঙ্গে উষ্ণতা ৬.৪° সেলসিয়াস হারে হ্রাস পায়। একে স্বাভাবিক উষ্ণতা হ্রাসের হার (Normal Lapse Rate) বলে।

প্রায় ৭৫% বায়বীয় উপাদান (জলীয় বাষ্প, ধূলিকণা, বিভিন্ন গ্যাস) এই স্তরে থাকে।

ট্রপোস্ফিয়ার স্তরে ঝড়বৃষ্টি, বিদ্যুৎ-বজ্রপাত প্রভৃতি বায়বীয় গোলযোগ এই স্তরে ঘটে বলে, একে ক্ষুব্ধমণ্ডল বলা হয়।

ট্রপোস্ফিয়ারের উর্ধ্বসীমাকে বলা হয় ট্রপোপজ (Tropopause)।

স্ট্র্যাটোস্ফিয়ার (Stratosphere) কাকে বলে

ট্রপোস্ফিয়ারের ওপরে বায়ুমণ্ডলের দ্বিতীয় স্তরটিকে বলা হয় স্ট্র্যাটোস্ফিয়ার (Stratosphere)।

বিস্তারঃ ট্রপোপজ থেকে ওপরে ৫০ কিমি পর্যন্ত এই স্তরটি বিস্তৃত।

বৈশিষ্ট্যঃ এই স্তরে উচ্চতা বৃদ্ধির সঙ্গে সঙ্গে উষ্ণতা বৃদ্ধি পায়।

এই স্তরে ২০-২৫ কিমি উচ্চতায় থাকা ওজোন স্তর ক্ষতিকারক অতিবেগুনি রশ্মি শোষণ করে।

স্ট্র্যাটোস্ফিয়ার স্তরে মেঘ, বায়ুপ্রবাহ, ঝড়, বৃষ্টি দেখা যায় না। তাই একে শান্তমণ্ডল বলা হয়। এই কারণে বিমানগুলি এই স্তর দিয়ে চলাচল করে।

স্ট্র্যাটোস্ফিয়ারের উর্ধ্বসীমাকে স্ট্রাটোপজ (Stratopause) বলে।

মেসোস্ফিয়ার (Mesosphere) কাকে বলে

স্ট্র্যাটোস্ফিয়ারের ওপরে বায়ুমণ্ডলের তৃতীয় স্তরটিকে বলা হয় মেসোস্ফিয়ার (Mesosphere)

বিস্তারঃ ৫০-৪০ কিমি উচ্চতার মধ্যে এই স্তরটি বিস্তৃত।

বৈশিষ্ট্যঃ এই স্তরে উচ্চতা বৃদ্ধির সঙ্গে সঙ্গে উষ্ণতা হ্রাস পায়।

মহাকাশ থেকে ছুটে আসা উল্কাগুলি মূলত মেসোস্ফিয়ার স্তরে এসে পুড়ে ছাই হয়ে যায়।

মেসোস্ফিয়ারের উর্ধ্বসীমাকে মেসোপজ (Mesopause) বলে।

থার্মোস্ফিয়ার (Thermosphere) কাকে বলে

মেসোস্ফিয়ারের ওপরে বায়ুমণ্ডলের চতুর্থ তাপময় স্তরটিকে বলা হয় থার্মোস্ফিয়ার (Thermosphere) ।

বিস্তারঃ ৮০-৩০০ কিমি উচ্চতা পর্যন্ত বিস্তৃত।

বৈশিষ্ট্যঃ এই স্তরে উচ্চতা বৃদ্ধির সঙ্গে সঙ্গে দ্রুত তাপ বৃদ্ধি পেতে থাকে।

এখানে বায়বীয় কণা প্রায় নেই। তাই আকাশ কালো দেখায়।

এখানে গ্যাসের অণুগুলো আয়নিত অবস্থায় থাকে। তাই একে আয়নোস্ফিয়ার বলে।

থার্মোস্ফিয়ার স্তর থেকে বেতার তরঙ্গ প্রতিফলিত হয়ে ভূপৃষ্ঠে ফিরে আসে।

অতিবেগুনি রশ্মির কারণে এই স্তরের তাপমাত্রা ২০০° সে.-এ পৌছে যায়।

এক্সোস্ফিয়ার (Exosphere) কাকে বলে

থার্মোস্ফিয়ারের ওপরের স্তরটিকে বলা হয় এক্সোস্ফিয়ার (Exosphere)।

বিস্তারঃ ৩০০-১৫০০ কিমি পর্যন্ত বিস্তৃত।

বৈশিষ্ট্যঃ এখানে হিলিয়াম ও হাইড্রোজেন গ্যাসের প্রাধান্য দেখা যায়।

কৃত্রিম উপগ্রহ, মহাকাশ স্টেশন এক্সোস্ফিয়ার স্তরে থাকে।

ম্যাগনেটোস্ফিয়ার (Magnetosphere) কাকে বলে

এক্সোস্ফিয়ারের ওপরে বায়ুমণ্ডলের শেষসীমা পর্যন্ত বায়ুস্তরকে ম্যাগনেটোস্ফিয়ার (Magnetosphere) বলে।

বিস্তারঃ ১৫০০-১০০০০ কিমি পর্যন্ত বিস্তৃত।

বৈশিষ্ট্যঃ এই স্তরে বায়ুমণ্ডলকে বেষ্টন করে একটি স্থায়ী তড়িৎ-চুম্বকীয় ক্ষেত্রের সৃষ্টি হয়েছে।

টেকটোনিক প্লেট

প্লেট টেকটোনিক হচ্ছে একটি বৈজ্ঞানিক তত্ত্ব। এই তত্ত্বে পৃথিবীর অশ্মমণ্ডল—অর্থাৎ একে অপরের দিকে চলাচল করতে সক্ষম এমন অনমনীয় খণ্ডের সমন্বয়ে তৈরি ভূত্বক বা পৃথিবীর উপরিতলের বর্ণনা করা হয়েছে। এই তত্ত্বের মূল ধারণা হলো, ভূপৃষ্ঠের নিচে পৃথিবীর শিলামণ্ডল কতগুলো অংশে বা খণ্ডে বিভক্ত। এগুলোকে প্লেট বলে।

সর্বপ্রথম ১৯১২ খ্রিষ্টাব্দে জার্মান আবহবিদ আলফ্রেড ওয়েগনার প্রকাশ করেন "মহীসঞ্চারণ তত্ত্ব" থেকেই এই ধারণাটির জন্ম হয়। ভূত্বক গঠনের পাত সংস্থান তত্ত্ব (Plate tectonics) বিজ্ঞানের আধুনিকতম আবিষ্কার। গবেষণার দৌলতে এটি এখন আর নিছক কোনো তত্ত্ব নয়, বরং বিজ্ঞানসম্মত একটি ঘটনা, যা পৃথিবীতে

RAISUL ISLAM HRIDOY

সংঘটিত ভূমিকম্পের জন্য দায়ী বলে ভূবিজ্ঞানীরা মনে করেন। বিজ্ঞানীরা এই তত্ত্বটিকে ব্যবহার করে ভূমিকম্প ছাড়াও আগ্নেয়গিরির উদগীরণ, পর্বত সৃষ্টি এবং মহাসাগর ও মহাদেশ সৃষ্টির ব্যাখ্যা দিয়ে থাকেন।

আবিষ্কার

আলফ্রেড ওয়েগনার লক্ষ্য করেন, পৃথিবীর মানচিত্রে মহাদেশগুলোর পার্শ্বদেশ বা সীমানা বা তটরেখা একটি আরেকটির থেকে অনেক অনেক দূরে হলেও অদ্ভুতভাবে পরস্পরের সাথে মিলে যায়। তা দেখেই তিনি তার তত্ত্বটি প্রতিষ্ঠা করেন এবং ব্যাখ্যা দেন যে, বহুকাল আগে সবগুলো মহাদেশ মিলে একত্রে একটি মহাদেশ বা বিশাল ভূখণ্ড তৈরি হয়েছিল (প্যানজিয়া), কালের আবর্তে যা ভূত্বকীয় পাত নামক পাতগুলির নড়াচড়ায় আলাদা আলাদা মহাদেশে বিভক্ত হয়ে পড়ে। এই তত্ত্বটিকে বলা হয় মহীসঞ্চারণ তত্ত্ব (Continental Drift Theory)। তিনি তার তত্ত্বের সমর্থনে মাদাগাস্কার দ্বীপ ও ভারতে প্রাপ্ত ফসিলের সাদৃশ্য দেখান। তার এই তত্ত্বটির উপর ভিত্তি করে বিজ্ঞানীরা পরবর্তীতে বিভিন্ন গবেষণা ও তথ্য-প্রমাণের ভিত্তিতে ১৯৬৮ খ্রিষ্টাব্দের দিকে প্রতিষ্ঠিত করেন আধুনিকতম তত্ত্ব নব-বৈশ্বিক ভূত্বকীয় পাত, যা সাধারণ্যের কাছে ভূত্বকীয় পাত (টেকটনিক প্লেট) হিসেবে সমধিক পরিচিত।

তিন ধরনের ভূত্বকীয় পাত সীমানা লক্ষ্য করা যায়। সেগুলো হলঃ

- পরিবর্তক সীমা: দুটি ভূত্বকীয় পাত যখন সমান্তরাল ভাবে একে অন্যের বিপরীতে সরতে থাকে, তখন তাদের মধ্যবর্তী স্থানকে পরিবর্তক সীমা (Transform boundaries) বলা হয়ে থাকে। এই ক্ষেত্রে ভূত্বকীয় পাত সৃষ্টি বা ধ্বংস হয়না, তাই এদের সংরক্ষণশীল ভূত্বকীয় পাতসীমাও বলা হয়।
- বিমুখগামী সীমা: এই ক্ষেত্রে ভূত্বকীয় পাতে ফাটল ধরে এবং এরপর তারা পরস্পরের বিপরীতমুখী ভাবে অগ্রসর হতে থাকে। একে গঠনমূলক ভূত্বকীয় পাতসীমাও বলা হয়, কারণ এর ফলে নতুন ভূত্বকীয় পাতের উদ্ভব হয়।
- অভিসারমুখী সীমা: এই ক্ষেত্রে একাধিক টেকটনিক পাত পরস্পরগামী থাকে এবং একসময় সম্মিলিত হইয়ে যায়। সাধারণত এইসকল ক্ষেত্রে পর্বতমালার সৃষ্টি হয়। একাধিক টেকটনিক পাত সম্মিলিত হয়ে একটাতে রুপান্তরিত হয় বলে একে বিধ্বংসীমূলক টেকটনিক সীমাও বলা হয়।

RAISUL ISLAM HRIDOY

সাইক্লোন বা ঘূর্ণিঝড়

এককথায় সাইক্লোন বা ঘূর্ণিঝড় বলতে আমরা বুঝি প্রচন্ড গতিসম্পন্ন বায়ু যা ঝড়ের আকার ধারণ করে প্রচুর পরিমাণে ক্ষয়ক্ষতির সম্মুখীন করে দিতে পারে আমাদের, তাই হল ঘূর্ণিঝড় বা সাইক্লোন। উপরের বিষয়টি পড়লে সাইক্লোন এর ধারণা পাওয়া যায় কিন্তু সাইক্লোন কি সে বিষয়টি সম্পূর্ণ ভাবে অনুধাবনযোগ্য হয়ে ওঠে না।

মহাসাগরের উপর হঠাৎ করে নিম্নচাপ অঞ্চল সৃষ্টি হওয়ার ফলে সেখানে উচ্চচাপ যুক্ত অঞ্চলের বাতাস ছুটে আসে ওই স্থানকে পরিপূর্ণ করে তোলার জন্য। বাইরে থেকে আসা এই বাতাস যখন ওই স্থানে অবস্থান করে তখন পূর্বের গতির জন্য বর্তমানের গতিশীল অবস্থাকে আরো জোরালো করে তোলে, এর ফলে বাতাস এর ঘূর্ণন অবস্থা প্রচন্ড তীব্রতর হয়ে দেখা দেয়, এর ফলে সৃষ্টি হয় সাইক্লোন বা ঘূর্ণিঝড়। মহাসাগরের উপর গড়ে ওঠা এই শক্তিশালী বায়ুর ঘূর্ণন অবস্থা ধীরে ধীরে স্থলভাগের উপরে উঠে আসে।

তাহলে সাইক্লোন বা ঘূর্ণিঝড় কি তা আমরা উপরে বোঝার চেষ্টা করেছি কিন্তু এই সাধারণ ধারণাটিকে আরো ভালোভাবে বুঝতে গেলে আমাদের জানতে হবে যে এই সাইক্লোন / ঘূর্ণিঝড় কিভাবে সংঘটিত হয়

সাইক্লোন কিভাবে ঘটে

সাধারণত সাইক্লোন বা ঘূর্ণিঝড় পৃথিবীর মহাসাগরীয় অঞ্চলে গড়ে ওঠে এর কারণ হলো সাইক্লোন করে উঠতে গেলে যে কয়েকটি বিষয় অত্যন্ত জরুরী তারমধ্যে সবগুলি মহাসাগরীয় অঞ্চলে বিরাজ করে এই কারণে বেশিরভাগ বা প্রায় সকল ঘূর্ণিঝড় গুলি মহাসাগরে গড়ে ওঠে ও কখনো তা মহাসাগরে বিলিয়ে যাই কখনো বা স্থলভাগের উপর আছড়ে পড়ে বিলীন হয়।

সাইক্লোন বা ঘূর্ণিঝড় সৃষ্টি হতে গেলে কমপক্ষে দেড়শ থেকে দুইশ বর্গ কিলোমিটার বিস্তীর্ণ এলাকা প্রয়োজন হয় যেখানে সূর্যের তাপে গড় তাপমাত্রা পরিমাণ হবে মোটামুটি 30 ডিগ্রি সেন্টিগ্রেড এর আশেপাশে। আর এই ধরনের বিস্তীর্ণ এলাকা একমাত্র মহাসাগরের উপর এই দেখা যায়। তবে এক্ষেত্রে একটা কথা মনে রাখা দরকার সাইক্লোন এর বিস্তার 500 থেকে 600 বর্গমিটার স্থানজুড়ে হতে পারে।

বেশিরভাগ সাইক্লোন বা ঘূর্ণিঝড় গুলি বিষুব অঞ্চল বা নিরক্ষীয় অঞ্চলে সংঘটিত হয় এর কারণ হলো - সাইক্লোন সৃষ্টি হতে গেলে সংশ্লিষ্ট অঞ্চলের বায়ুমন্ডলে উপর একটি নিম্নচাপ কেন্দ্র সৃষ্টি হতে হয় আর বাতাসের নিম্নচাপ সৃষ্টি হতে গেলে প্রয়োজন গড় 25 থেকে 30 ডিগ্রি সেন্টিগ্রেড তাপমাত্রা। পৃথিবীর বায়ুচাপ ও তাপ বলয় গুলির মধ্যে একমাত্র নিরক্ষীয় অঞ্চলে এই ধরনের তাপমাত্রা দেখা যায়। এই কারণে বেশিরভাগ ঘূর্ণিঝড় বা সাইক্লোন গুলির উৎপত্তি নিরক্ষীয় অঞ্চলে।

সুনামি

"সুনামি" নামটি জাপানি ভাষার শব্দ থেকে উৎসারিত। জাপানি শব্দটিকে ইংরেজিতে লিখলে হয় "Tsunami", সে হিসেবে বাংলায়ও প্রথম প্রথম "ৎসুনামি" নামটি ব্যবহৃত হয়। পরে উচ্চারণগত বানান, অর্থাৎ "সুনামি" সর্বসম্মতভাবে গৃহীত হয়।

সুনামি বিভিন্ন কারণে সৃষ্টি হতে পারে। কারণগুলোর মধ্যে ভূমিকম্প, আগ্নেয়গিরির অগ্নুৎপাত, ভূমিধ্বস অন্যতম। তন্মধ্যে দুটি কারণ উল্লেখযোগ্য:

- সমুদ্রসমতলের ২০-৩০ কিলোমিটার গভীরে ভূমিকম্প সংঘটন;
- টেকটনিক প্লেটের আকস্মিক উত্থান-পতন

সমুদ্রসমতলের ২০-৩০ কিলোমিটার গভীরে ভূমিকম্প হলে তা সমুদ্র তলদেশের মাটিকে যেমন নাড়িয়ে দেয়, তেমনি খুব স্বাভাবিকভাবেই তার সাথে সম্পর্কিত জলকে নাড়িয়ে দেয়। ভূমির কম্পন যখন জলে সঞ্চালিত হয়, তখন তার ফলে সুনামির উৎপত্তি হতে পারে। এছাড়াও সাধারণত কার্বন চক্রের প্রভাবে ভূ-অভ্যন্তরে টেকটনিক প্লেটের নড়াচড়া হতে থাকে। এভাবে কখনও কোনো একটি প্লেট অপর প্লেটের দিকে অনবরত ধাক্কা দিতে থাকলে একসময় একটি আরেকটির উপরে উঠে যায়। তখন ঐ স্থানের ভূত্বক আচমকা উঁচু হয়ে যায়, এমনকি এভাবে ছোট টিলা থেকে পাহাড় সমান পর্যন্ত হঠাৎ ভূত্বক উঁচু হয়ে যেতে পারে। সমুদ্র, নদী, জলাশয় কিংবা অন্য কোনো বৃহৎ জলক্ষেত্রের নিচের ভূত্বক এভাবে ফুলে উঠলে তখন ঐ জলক্ষেত্রের পানিও হঠাৎ ফুলে উঠে সুনামির সৃষ্টি হয়।

বিবরণ

সুনামির ক্ষেত্রে কম্পনজনিত বা তাড়নজনিত কারণে ফুলে উঠা পানি সলিটনের মতো বিশাল এক বা একাধিক ঢেউয়ের সৃষ্টি করে, এবং তা চারিদিকে সমান মাত্রায় ছড়িয়ে পড়ে। এই ঢেউ দ্রুততার সাথে পাড়ে বা পাড়গুলোতে এসে আছড়ে পড়ে। বিশাল সমুদ্রের ক্ষেত্রে, উত্থিত ঢেউ নিকটবর্তি ভূভাগের দিকে ধাবিত হয়। কখনও কখনও এই পাহাড় সমান পানি, বিশাল জলক্ষেত্র ঠেলে আসতে আসতে দূর্বল হয়ে পড়ে। কিন্তু

RAISUL ISLAM HRIDOY

কখনও কখনও তীব্র মাত্রার ঢেউ সব বাধা পার হয়ে, কিংবা ভূভাগের কাছে সংঘটিত ভূত্বকের উত্থানে তীব্র মাত্রার ঢেউ কোনো বাধা ছাড়াই নিকটবর্তি ভূভাগে এসে আঘাত করে। এধরনের আকস্মিক জলোচ্ছাসে উপকূলীয় অঞ্চলে জান-মালের ব্যাপক ক্ষয়ক্ষতি হয়ে থাকে। জলক্ষেত্রের নিচে আগ্নেয়গিরির অগ্নুৎপাত হলেও পানি এভাবে ফুলে উঠতে পারে এবং সুনামি ঘটাতে পারে। আবার স্থলভাগের কোনো ভূমি থেকে ভূমিধ্বস হলেও তা জলক্ষেত্রে এমন সুনামির সৃষ্টি করতে পারে।

সুনামি যে সবসময়ই বিশাল ঢেউ হয়ে আসে এমনটাও ঠিক নয়। কখনও কখনও এমনও হতে পারে, সমুদ্রের গভীরে থাকাকালীন সুনামির ঢেউটি নৌকার নিচ দিয়ে চলে গেছে অথচ টেরই পাওয়া যায়নি। এর মূল কারণ হলো সমুদ্রের নিচ অনেক গভীর হয়ে থাকে এবং ফুলে উঠা পানি সহজেই স্থিতাবস্থায় আসার মতো তল পায়। কিন্তু সমুদ্র যতই ভূভাগের কাছাকাছি হয়, ততই অগভীর হতে থাকে সমুদ্র, তাই এধরনের ঢেউও চূঁড়ার আকার ধারণ করতে শুরু করে। কিছু কিছু সুনামি ভূভাগের দিকে অগ্রসর হতে হতে ১০০ ফুট (৩০ মিটার) পর্যন্ত উঁচুও হতে পারে। এপর্যন্ত সবচেয়ে বড় সুনামি মাপা হয়েছে ২১২ ফুট উচ্চতার (৬৫ মিটার)।

গভীর জলে সুনামি প্রতি ঘণ্টায় ৬০০ মাইল (১,০০০ কিলোমিটার) গতির হতে পারে। সুনামির ঢেউ সাধারণত একটি হয় না, হয় ধারাবাহিক কয়েকটি, এবং একটি ঢেউয়ের চূঁড়া থেকে আরেকটি ঢেউয়ের চূঁড়ার দূরত্ব ১০০ মাইলের (১৬০ কিমি) মতো হতে পারে। তাই একটি বড় ঢেউ আঘাত করার মোটামুটি ১ ঘণ্টা বা সামান্য বেশি সময় পর দ্বিতীয় আরেকটি এবং আরো ১ ঘণ্টা পর তৃতীয় আরেকটি -এভাবে ঢেউগুলো ভূভাগে এসে আঘাত করতে পারে।

সামুদ্রিক জীববিজ্ঞান

পৃথিবীতে লক্ষ লক্ষ প্রজাতি রয়েছে, এবং তাদের মধ্যে মাত্র একটি ছোট শতাংশ আবিষ্কৃত হয়েছে এবং বর্ণনা করা হয়েছে। কিছু প্রাণীর অনুরূপ পাথ বরাবর বিকশিত হয়েছে , যদিও একে অপরের সাথে তাদের সম্পর্ক সবসময় স্পষ্ট নয়।

জীবের মধ্যে এই বিবর্তনীয় সম্পর্ক phylogenetic সম্পর্ক হিসাবে পরিচিত হয় এবং জীবগুলি শ্রেণীভুক্ত করতে ব্যবহার করা যেতে পারে।

ক্যারোলস লিনয়াস 18 শতকের শ্রেণিবিন্যাসের একটি ব্যবস্থা গড়ে তুলেছেন, যা প্রতিটি জীবকে একটি বৈজ্ঞানিক নাম প্রদান করে, তারপর অন্যান্য জীবের সাথে তার সম্পর্ক অনুযায়ী বিস্তৃত এবং বৃহত্তর বিভাগগুলিতে এটি স্থাপন করে। বিশেষভাবে বিস্তৃতভাবে, এই সাতটি শ্রেণী হল রাজ্যের, ফিলাম, শ্রেণী, আদেশ, পরিবার, বংশ, প্রজাতি।

ফাইলাম সংজ্ঞা:

আপনি দেখতে পাচ্ছেন, এই সাতটি বিভাগগুলির মধ্যে সর্বাধিক বিস্তৃত ফাইলাম। একই গোত্রের প্রাণীরা খুব ভিন্ন হতে পারে, তবে তারা সবাই একই ধরনের বৈশিষ্ট্যগুলি ভাগ করে নেয়। উদাহরণস্বরূপ, আমরা ফাইলাম চর্দাটায় রয়েছি। এই নিবন্ধটি একটি ননোকর্ড (vertebrates) সহ সমস্ত প্রাণী অন্তর্ভুক্ত। বাকি প্রাণীর অদ্বৈতবিশেষ phyla একটি খুব বৈচিত্র্যময় অ্যারের মধ্যে বিভক্ত করা হয়। ক্রোড়পত্রের অন্যান্য উদাহরণ সামুদ্রিক স্তন্যপায়ী এবং মাছ অন্তর্ভুক্ত।

যদিও আমরা মাছ থেকে খুব আলাদা, আমরা একইরকম বৈশিষ্ট্যগুলি ভাগ করে নেব, যেমন একটি মেরুদন্ড এবং দ্বিদলীয় স্যামম্যাট্রিক ।।

সামুদ্রিক Phyla তালিকা

RAISUL ISLAM HRIDOY

সামুদ্রিক প্রাণীর শ্রেণিবিন্যাস প্রায়ই বিতর্কের মধ্যে থাকে, বিশেষতঃ বৈজ্ঞানিক কৌশলগুলি আরো সুশৃঙ্খলভাবে পায় এবং আমরা জেনেটিক মেকআপ, পরিসীমা, এবং বিভিন্ন প্রাণীর জনসংখ্যার সম্পর্কে আরও শিখতে পারি।

বর্তমানে পরিচিত প্রধান সামুদ্রিক phyla নীচে তালিকাভুক্ত করা হয়।

পশু Phyla

নীচের তালিকাভুক্ত প্রধান সামুদ্রিক ফালি তালিকাটি মারিন প্রজাতির বিশ্বসংখ্যা তালিকা থেকে নেওয়া হয়েছে।

- একন্থোফফেল - এই প্যারাসিটিক কৃমিগুলি যা মেরুদন্ডী ও অমেরুদন্ডীর তলদেশে বাস করে। তাদের একটি কাঁটাচামচ রয়েছে এবং তাদের দেহের উপর কাঁটা থাকতে পারে।
- অ্যানেলিডা - এই নিবন্ধে খণ্ডিত কৃমি রয়েছে। আর্থওয়ার্মস আমাদের একটি annelid একটি পরিচিত ধরনের হয়। মহাসাগরে, খণ্ডিত কীট প্রজাতির ক্রিসমাস ট্রি ক্রিমি যেমন সুন্দর প্রাণী অন্তর্ভুক্ত।
- আর্থ্রোপোডা - অনেক পরিচিত ধরনের সীফুড, যেমন লবস্টার এবং কাঁকড়া, হৃৎপিন্ড। আর্থ্রোপডের একটি হার্ড exoskeleton, একটি খণ্ডিত শরীর, এবং jointed পা আছে।
- ব্র্যাচিয়াপোডা - এই নিবন্ধটি ল্যাম্প শেল অন্তর্ভুক্ত। আপনি এখানে প্রাগৈতিহাসিক brachiopods সম্পর্কে আরও জানতে পারেন।
- Bryozoa - Bryozoans অগভীর ছত্রাক যে শসা প্রাণী হিসাবে পরিচিত হয়। তারা ঔপনিবেশিক প্রাণীর যে প্রাথমিকভাবে ব্যক্তিবর্গের উপনিবেশগুলিতে বসবাস করে, এবং সেগ্রেজ , ম্যানগ্রোভ শিকড়, শেল, পাইলিং, ডক এবং অন্যান্য ডুবো স্ট্রাকচারগুলি স্থাপন করতে পারে।
- সিফালোরহিনচ - কাঁটাগাছের একটি গোষ্ঠী যা কাঁটাগাছের কুমির, লরিসিফার্যান্ত্র, হোরহেয়ার কৃমি, এবং প্রিয়াপুলিড কীমিগুলি।
- চেতনাগাঁথা - এগুলি আরেকটি কীট যা তীরের কীট বলে।
- Chordata - এই নিবন্ধ সম্ভবত আমাদের সবচেয়ে পরিচিত এক। আমরা Phylum Chordata মধ্যে অন্তর্ভুক্ত করা হয়, যা তাদের উন্নয়ন কিছু পর্যায়ে একটি স্নায়ুর কর্ড (একটি নোটকোর্ড বলা হয়) সঙ্গে সমস্ত প্রাণী অন্তর্ভুক্ত। এই মাছের মধ্যে সামুদ্রিক জীবন সামুদ্রিক স্তন্যপায়ী (cetaceans, pinnipeds, sirenians, সমুদ্র otters , পোলার বিয়ার), মাছ , tunicates , seabirds এবং সরীসৃপ অন্তর্ভুক্ত।
- চেন্দ্রিয়ারিয়া - এই নিবন্ধটি যেমন প্রবাল, সমুদ্রের anemones, সমুদ্রের জেলি (জেলিফিশ), সমুদ্রের কলম এবং জলপাত্রের মতো রঙিন সমুদ্র প্রাণীকে অন্তর্ভুক্ত করে।
- Ctenophora - ctenophores (উচ্চারিত "কিশো-ও-ফোর্স") হল জেলি-মত প্রাণী। এই নিবন্ধে সন্ধা jellies বা সমুদ্র gooseberries অন্তর্ভুক্ত এই স্পষ্ট, প্রায়ই bioluminescent প্রাণী যে stinging কোষ না cnidarians মত।
- সাইক্লিওফোরা - সামুদ্রিক প্রজাতির বিশ্বসংখ্যা এই জীবের দুটি প্রজাতি স্বীকার করে, এছাড়াও চাকা পরিধানকারী হিসাবে পরিচিত।
- Dicyemida - Dicyemids cephalopods বাস যে পরোয়ানা প্রাণীর হয়।
- ইচিনোডার্মা - এই নিবন্ধে সমুদ্রের নক্ষত্র, ভঙ্গুর তারা এবং ঝকঝকে বড়, সমুদ্র ফুল, পালক তারা, বালি ডলার, সমুদ্র উদ্যান, এবং সমুদ্রের কাবাব রয়েছে।

RAISUL ISLAM HRIDOY

- Echiura - Echiurans এছাড়াও চামচ কৃমি বলা হয়। তারা তাদের পিছন দিকে (পিছনে) শেষে একটি proboscis এবং ছোট হুক আছে আছে।
- Entoprocta - এই নিবন্ধে entoprocts, বা গোবিন্দ ক্রিমি রয়েছে। এই ছোট, স্বচ্ছ কৃমি যা একটি স্তর যাও সংশোধন করা হয় এবং পৃথকভাবে বা উপনিবেশ থাকতে পারে।
- গ্যাস্ট্রোটিরিচা - এই শিলার মধ্যে শত শত প্রজাতির ক্ষুদ্র প্রাণী রয়েছে যা গাছের মধ্যে বাস করে, বালি ও শাখাগুলির মাঝখানে।
- গ্নথোস্টোমুলিডি - এই আরেকটি গোলাপ যার মধ্যে রয়েছে কীটপতঙ্গ, যাব কৃমি বলা হয়। তারা কারণ তাদের ফাঁপা-ফাঁকা চোয়াল এর নামকরণ করা হয়
- হেমকোর্ডাটা - এই নিবন্ধে কীটপতঙ্গের মত প্রাণী রয়েছে যা স্নায়ুতন্ত্রের সাথে কিছু বৈশিষ্ট্যগুলি ভাগ করে নেয়, স্নায়ুকোষগুলি সহ।
- মোল্লাস্কা - এই বিভিন্ন সাহিত্যটি আনুমানিক 50,000 থেকে 200,000 প্রজাতির গোশত, সমুদ্রের স্লাগ, অক্টোপাস, স্কুইড এবং বাম্পলভ যেমন ক্যাকমেস, মেসেল এবং ওয়াস্টারগুলি রয়েছে।
- নেমেটোদা - নেমেটডস, অথবা রাউন্ডওয়ার্মগুলি, কীট-মত প্রাণীর যা প্রকৃতিতে প্রচুর পরিমাণে, এবং ডিকমপোজার বা পরজীবী হতে পারে। সামুদ্রিক পরিবেশে বৃষ্টির ঘনঘন একটি উদাহরণ রব্বা জিনের প্রাণী , যা সমুদ্রের পাত্রের চারপাশের পাঁজায় থাকা।
- Nemertea - Phylum nemertea রিবন কৃমি রয়েছে, সরু কৃমি যা 1,000 প্রজাতির বেশী। কিছু পটি কৃমি দৈর্ঘ্যের 100 ফুটেরও বেশি হতে পারে।
- ফোরোনিডা - এটি আরেকটি ফাইলাম যার মধ্যে রয়েছে কীট-মত জীব। এই ঘোড়ার বোঁচকা ওয়ার্ম বলা হয়, এবং তারা পাতলা টব মধ্যে লাইভ যে পাতলা প্রাণীর তারা secrete।
- প্লাওকোজোয়া - প্ল্যাকোজোয়ানগুলি সাধারণ প্রাণী যা 1800 সালে ইউরোপের একটি অ্যাকোয়ারিয়ামে আবিষ্কৃত হয়েছিল। আকস্মিক প্রাণীদের কাছ থেকে এই প্রাণীদের জানা যায় যেগুলি প্রাণীদের কাছ থেকে শিখেছি।
- Platyhelminthes - প্ল্যাথেলিমিন্টস নিবন্ধ মধ্যে প্রাণী flatworms হয়। ফ্ল্যাটওয়ার্মগুলি অসংলগ্ন কীটপতঙ্গ যা মুক্ত জীবিত বা পরজীবী হতে পারে।
- Porifera - ফাইলাম porifera স্পঞ্জ অন্তর্ভুক্ত। শব্দ porifera স্পঞ্জ মধ্যে গর্ত থেকে আসে - এটি ল্যাটিন শব্দ porus (pore) থেকে আসে এবং ferre (bear), যার অর্থ "pore bearer"। ছিদ্র ছিদ্র যার দ্বারা স্পঞ্জ খাওয়ানোর জন্য জল ড্রপ করে এবং বর্জ্য অপসারণ করে।
- Rotifera - এই নিবন্ধটি রথীফার রয়েছে, তাদের মাথা উপর cilia চাকা মত গতি থেকে 'চক্র প্রাণী' নামেও পরিচিত।
- সিপুনকুলা - ফিলাম্প স্পিপাকুল্লা মূর্তিপূজারী পশুর নাম রাখে, কারণ কিছু মুরগির মতো আকৃতির। এই নিবন্ধটিতে শত শত প্রজাতি রয়েছে, যা বেশিরভাগ উষ্ণ জলে বাস করে। প্রজাতি বালি, কাদা বা এমনকি শিলা মধ্যে বালি হতে পারে তারা crevices বা শাঁস মধ্যে বসবাস করতে পারে।
- Tardigrada - Phylum Tardigrada মধ্যে জন্তু বলা হয় "জল বিয়ার।" এই ক্ষুদ্র প্রাণী চেহারা এবং একটি বিয়ার মত বিস্ময়কর সরানো। কিছু tardigrades আর্কটিক মহাসাগরে বাস। আপনি এখানে জল বিয়ার এর কিছু ছবি দেখতে পারেন।

RAISUL ISLAM HRIDOY

উদ্ভিদ Phyla

সামুদ্রিক প্রজাতির বিশ্বসংখ্যা (WoRMS) অনুযায়ী, সামুদ্রিক উদ্ভিদের 9 টি ফিল্লা আছে। তাদের মধ্যে দুটি ক্লোরোফিটা, বা সবুজ শেত্তলাগুলি, এবং Rhodophyta, বা লাল শেত্তলাগুলি। বাদামী শেত্তলাগুলি তাদের নিজস্ব কিংডম-ক্রোমিস্টা হিসাবে WoRMS সিস্টেমে শ্রেণীবদ্ধ করা হয়।

বিবর্তন

বিবর্তনের অপর নাম অভিব্যক্তি। বিবর্তন বলতে সাধারণভাবে বুঝায় কোনো কিছু বিকশিত হওয়া, ধীরে ধীরে উন্মোচিত হওয়া। বিশাল পৃথিবীর বুকে বর্তমানে বিভিন্ন প্রকারের যে সকল উদ্ভিদ ও প্রাণীর সমারোহ দেখা যায় তারা ইতিপূর্বে বিদ্যমান সরল প্রকৃতির জীব থেকে ক্রমপরিবর্তনের মাধ্যমে উদ্ভূত হয়েছে- এ ধারণাকে জৈব বিবর্তনবাদ (the theory of organic evolution) বলে।

আধুনিক বিজ্ঞানীদের ধারণা অনুযায়ী প্রায় ৪৫০ কোটি বৎসর পূর্বে সূর্যের বিচ্ছিন্ন অংশ হতে পৃথিবীর উদ্ভব ঘটে। উৎপত্তির প্রথম অবস্থায় এটি একটি জ্বলন্ত অগ্নিপিণ্ড বিশেষ ছিল এবং তাপ বিকিরণের ফলে ধীরে ধীরে শীতল হয় এবং জলীয় বাষ্প হতে ঘন মেঘের সৃষ্টি হয়। মেঘ হতে বৃষ্টিপাতের ফলে কালক্রমে জলভাগগুলোর সৃষ্টি হয়।

মেঘাচ্ছন্ন এই অবস্থায় হঠাৎ সূর্যের আলো পেয়ে পানিতে বিদ্যমান অক্সিজেন, হাইড্রোজেন ইত্যাদি মৌলিক উপাদান সংমিশ্রিত হয়ে আকস্মিকভাবে প্রোটোপ্লাজমের উদ্ভব হয়। আবহাওয়ার পরিবর্তনের পরবর্তী বছরে পরিবেশের আরও পরিবর্তনের ফলে কালক্রমে এই প্রোটোপ্লাজম হতে প্রথমে এককোষী উদ্ভিদ ও পরে কতকগুলো উদ্ভিদের দেহ হতে মিউটেশন (mutation) এর ফলে ক্লোরোফিল বিনষ্ট হয়ে প্রাণীর উদ্ভব হয়। ক্রমান্বয়ে এককোষী উদ্ভিদ ও প্রাণী বহুকোষী উদ্ভিদ ও প্রাণীতে পরিণত হয় এবং এদের ক্রমবিকাশের ফলে বিভিন্ন প্রকারের উদ্ভিদ ও প্রাণীর উদ্ভব হয়।

RAISUL ISLAM HRIDOY

জৈব বিবর্তন

পূর্ব থেকে বিদ্যমান একটি সরল জীব পরিবেশের সাথে অনুকূলতা রক্ষাকরে ধীরগতিতে সার্বক্ষণিকভাবে দৈহিক পরিবর্তন আনয়নের মাধ্যমে নতুন জীবে রূপান্তরিত হওয়াকে জৈব বিবর্তন (organic evolution) বলে।

বিবর্তন এর মতবাদসমূহ

বিবর্তন ঘটছে- এটি প্রমাণ করা সম্ভব হলেও, কিভাবে ঘটছে। এই ব্যাপারে মতভেদ আছে। বিবর্তনের প্রক্রিয়া সম্পর্কিত বিবর্তনবিদ গণের ব্যাখ্যাসমূহকেই বিবর্তনের মতবাদ (the theories of organic evolution) বলে। বিবর্তনের মতবাদগুলোর মধ্যে উল্লেখ্যযোগ্য হলো- ১. ল্যামার্কিজম, ২.ডারউইনিজম ও ৩, নব্য ডারউইনিজম।

১. ল্যামার্কিজম (Lamarckism)

ফরাসী প্রকৃতি বিজ্ঞানী Jcan Baptist Lamarck (১৭৪৪-১৮২৯), ১৮০৯ খ্রিস্টাব্দে ফিলোসফিক জুলজিক (Philosophic Zoologique) গ্রন্থে অর্জিত বৈশিষ্ট্যের বংশগতি (theory of inheritance of acquired character) নামক বিবর্তন সম্পর্কীত মতবাদ প্রকাশ করেন।

ল্যামার্কের মতবাদের মূল প্রতিপাদ্য বিষয় হলো, পরিবেশের প্রভাবের ফলেই বিবর্তন সংঘটিত হতে পারে। পরিবেশের প্রভাবে জীবের দৈহিক গঠনের পরিবর্তন হয়। তাঁর মতে বিবর্তন কতিপয় রীতি-নীতি মেনে চলে।

এই রীতি-নীতিগুলোই বিবর্তনের ক্রম ও বৈশিষ্ট্য নির্ধারণ করে। ল্যামার্ক তাঁর বিবর্তন তত্ত্বেও এ রীতি-নীতিগুলোই ব্যাখ্যা করেছেন।

আধুনিক বিজ্ঞানীদের মধ্যে Dodson, 1960 ল্যামার্কের একজন বিশিষ্ট সমর্থক। Dodson ল্যামার্কাদকে চারটি সূত্রে ব্যাখ্যা করেছেন যা ল্যামাকীয় সুত্র বলেও পরিচিত।

ল্যামার্কের সূত্র

সূত্র ১:- জীবদেহ এবং দেহের প্রতিটি অঙ্গ-প্রত্যঙ্গ আকারে ক্রমবর্ধিত হওয়ার একটি লক্ষণ সর্বদাই পরিলক্ষিত হয়।

সূত্র ২:- জীবন ধারণের প্রয়োজনে কোন নতুন চাহিদা এবং এ চাহিদার ফলে জীবন অভ্যাসের যে পরিবর্তন হয় তার ফলেই নতুন প্রত্যঙ্গের উৎপত্তি হয়।

সূত্র ৩:- কোন একটি অঙ্গ প্রতিনিয়ত ব্যবহৃত হলে তা উন্নত এবং সুগঠিত হয়, কিন্তু ব্যবহৃত না হলে ক্রমান্বয়ে ক্ষয়প্রাপ্ত হতে হতে অবশেষে বিলুপ্ত হয়ে যায়। এ সুত্রটি ব্যবহার ও অব্যবহারের সূত্র নামে পরিচিত।

সূত্র ৪:- কোন একটি জীবের দেহে উন্নতি বা ক্ষয়প্রাপ্তির মাধ্যমে যে সকল পরিবর্তন সাধিত হয় তা অর্জিত বৈশিষ্ট্যরূপে অঙ্গীভূত হয় এবং পরবর্তী প্রজন্মে (Generation) সঞ্চারিত ও বিকশিত হয়। এ সূত্রটি অর্জিত বৈশিষ্ট্য সঞ্চারণের সূত্র নামে পরিচিত।

ল্যামার্কবাদের স্বপক্ষে প্রমাণ

কোনো জীবের দেহে পরিবেশের প্রভাবে বা প্রাকৃতিক অভিঘাতের ফলে যে রূপান্তর সংঘটিত হয় তাহা প্রজন্ম হতে প্রজন্ম বংশানুক্রমে সঞ্চারিত ও বিকশিত হয়ে নতুন প্রত্যঙ্গে পরিণত হয়।

বিভিন্ন আলোচনা ও সমালোচনা হইতে প্রতীয়মান হয় যে, ল্যামার্কের দ্বিতীয় ও তৃতীয় সূত্রে কিছুটা সত্য নিহিত আছে। উদাহরণস্বরূপ, অব্যবহারজনিত বিলুপ্তির উদাহরণ পাওয়া যায় সাপের উপাঙ্গে যা গর্তে প্রবেশের সময় ভূমির সাথে ঘর্ষণ এবং দীর্ঘ দিনের অব্যবহারের ফলে কালক্রমে বিলুপ্ত হয়েছে। উট পাখির পূর্ব পুরুষেরা উড়তে পারতো কিন্তু বংশানুক্রমে দীর্ঘদিন ডানা ব্যবহার না করার ফলে তা নিষ্ক্রিয় অঙ্গে পরিণত হয়েছে।

প্রতিনিয়ত ব্যবহারের ফলে অঙ্গ উন্নত ও সুগঠিত হয়। যেমন- কর্মকার, ব্যায়ামবিদ, দৌড়বিদ প্রভৃতি মানুষের পেশি খুব সুগঠিত। ল্যামার্ক মনে করেন যে, প্রাচীনকালে জিরাফের সামনের পা ও গ্রীবা লম্বা ছিল না। পরবর্তী কালে ব্যবহারিক প্রয়োজনে জিরাফের পা ও গ্রীবা প্রলম্বিত হয়েছে। স্থলভাগে চারণযোগ্য ভূমির অভাব অনুভূত হওয়ায় জিরাফের হরিণাকৃতি পূর্ব পুরুষেরা গাছের পাতা ভক্ষণ করতে আরম্ভ করে। এর জন্য তাদের সামনের পায়ে ভর দিতে এবং গ্রীবা উত্তোলন করতে হতো।

ক্রমান্বয়ে বৃক্ষ শীর্ষস্থিত পাতাগুলো ভক্ষণের জন্য অগ্র পায়ের অধিক ব্যবহার এবং গ্রীবা উত্তোলন ও প্রসারণের ফলে বংশানুক্রমে প্রলম্বিত হতে হতে এরা বর্তমান রূপ ধারণ করেছে।

২. ডারউইনিজম (Darwinism)

ইংরেজ প্রকৃতিবিদ চার্লস রবার্ট ডরইউন (১৮০৯-১৮২২) ১৮৩১ খ্রিস্টাব্দে পৃথিবী প্রদক্ষিণরত HMS Beagle জাহাজে প্রকৃতিবিদের অবৈতনিক চাকরি নিয়ে কেপ, ডান্ডি, আটলান্টিক দ্বীপপুঞ্জ, তাহিতি,নিউজিল্যান্ড, অস্ট্রেলিয়া, তাসমানিয়া মালদ্বীপ, মরিসাস, সেন্ট হেলেনা, ব্রাজিল, গ্যালাপ্যাগোস দ্বীপপুঞ্জ প্রভৃতি স্থানে পাঁচ বছর (২৭ ডিসেম্বর ১৮৩১ থেকে ২ অক্টোবর ১৮৩৬) কালব্যাপী ভ্রমণ শেষে জৈব বিবর্তন এবং প্রাণীসমূহের ভেতর সাদৃশ্য ও সম্পর্ক বিষয়ে বিভিন্ন উপাত্ত সংগ্রহ করেন।

RAISUL ISLAM HRIDOY

পরবর্তী প্রায় ১৫ বছর তিনি এসব উপাত্ত নিয়ে গবেষণা করেন। এ সময়েই ম্যালথাস এর জনসংখ্যা সম্পর্কীত প্রবন্ধ পাঠ করে প্রাকৃতিক সংঘাত কিভাবে প্রাণীসমূহের স্থায়িত্বকে নিয়ন্ত্রণ করে তিনি সে সম্বন্ধে অবহিত হন। এরই এক পর্যায়ে ১৮৫৮ খ্রিস্টাব্দে আলফ্রেড রাসেল ওয়ালেস (১৮২৩-১৯১৩) ডারইউন এর সাথে অভিন্ন মত প্রকাশ করেন।

অতঃপর জিওলজিস্ট লায়েল ও উদ্ভিদবিদ হুকার বন্ধুদ্বয়ের পরামর্শ অনুযায়ী ১৮৫৮ খ্রিস্টাব্দে ১লা জুলাই প্রাকৃতিক নির্বাচন দ্বারা প্রজাতির উৎপত্তি নামক মতবাদটি লন্ডনের লিনিয়ান সোসাইটির সভায় প্রকাশ করেন। ডারউইনের তত্ত্ব বা ডারউইন ওয়ালেস তত্ত্ব প্রাকৃতিক নির্বাচন তত্ত্ব নামে পরিচিত।

মানবদেহ

সংবেদী অঙ্গঃ- যেসব অঙ্গের মাধ্যমে আমরা বহির্জগতকে অনুভব করতে সক্ষম হই। মানুষের সংবেদী অঙ্গ পাঁচটি, যথা: চোখ, কান, নাক, জিহ্বা ও ত্বক ।

চোখ: অক্ষিগোলকের আবরণ তিন স্তর বিশিষ্ট। যথা:

- তন্তুময় স্তর (সবচেয়ে বাইরের স্তর)
- রক্তবাহিকাময় স্তর
- স্নায়ুময় স্তর (সবচেয়ে ভেতরের স্তর)

তন্তুময় স্তর দু'টি অংশে বিভক্ত। যথা:

- কর্ণিয়া (চোখের লেন্সের সামনের স্বচ্ছ স্তর)
- স্ক্লেরা (কর্ণিয়া বাদে অক্ষিগোলকের অস্বচ্ছ আবরণ)

রক্তবাহিকাময় স্তর তিনটি অংশে বিভক্ত। যথা:

- আইরিশ (সাধারণ কালো, অনেকের বাদামী, নীল এমনকি সবুজও হয়)
- কোরয়েড
- সিলীয় অঙ্গ

কান:কান তিনটি অংশে বিভক্ত। যথা:

- বহিঃকর্ণ
- মধ্যকর্ণ
- অন্তঃকর্ণ

অন্তঃকর্ণ দু'টি প্রকোষ্ঠ নিয়ে গঠিত। যথা:

- ইউট্রিকুলাস
- স্যাকুলাস

ইউট্রিকুলাস ভারসাম্য অঙ্গ। এর সাথে দু'টি উলম্ব ও একটি আনুভূমিক ভাবে অবস্থিত মোট তিনটি অর্ধবৃত্তাকার নালী রয়েছে যারা পরস্পর সমকোণে অবস্থিত।

গ্রন্থি

১. ক্ষরণ পদ্ধতি ও গ্রন্থিতে নালীর উপস্থিতির ভিত্তিতে গ্রন্থিকে দু'ভাগে ভাগ করা যায়। যথা:

- বহিঃক্ষরা গ্রন্থি
- অন্তঃক্ষরা গ্রন্থি

RAISUL ISLAM HRIDOY

২. বহিঃক্ষরা গ্রন্থি: যে সব গ্রন্থি নালীযুক্ত অর্থাৎ গ্রন্থি নিঃসৃত রস নির্দিষ্ট গ্রন্থিনালী দিয়ে নিকটেই কোন ক্রিয়াস্থলে পৌছায়, এমন গ্রন্থিকে বহিঃক্ষরা গ্রন্থি বলে। যেমন: লালাগ্রন্থি, যকৃত, ঘামগ্রন্থি ইত্যাদি। বহিঃক্ষরা গ্রন্থি এনজাইম নিঃসরণ করে।

৩. অন্তঃক্ষরা গ্রন্থি: যে সব গ্রন্থি নালীবিহীন অর্থাৎ গ্রন্থি নিঃসৃত রস ক্ষরিত হয়ে রক্তে যায়, এবং রক্তের মাধ্যমে পরিবাহিত হয়ে ক্রিয়াস্থলে পৌছায়, এমন গ্রন্থিকে অন্তঃক্ষরা গ্রন্থি বলে। যেমন: পিটুইটারী গ্রন্থি, থাইরয়েড গ্রন্থি, অ্যাড্রেনাল গ্রন্থি ইত্যাদি। অন্তঃক্ষরা গ্রন্থি হরমোন নিঃসরণ করে।

৪. কিছু গ্রন্থি আছে যা এনজাইম ও হরমোন, দু'টিই নিঃসরণ করে, এদের মিশ্রগ্রন্থি বলা হয়। যেমন: অগ্ন্যাশয়, শুক্রাশয়, ডিম্বাশয় ইত্যাদি।

(বহিঃক্ষরা বলতে এমন মনে হতে পারে যে বাইরে বা অনেক দূরে ক্ষরণ করছে, আর অন্তঃক্ষরা বলতে কাছেই ক্ষরণ করছে। ব্যাপারটা এভাবে দেখতে হবে যে, গ্রন্থি থেকে বাইরে গ্রন্থিনালী দিয়ে গিয়ে লক্ষ্যে পৌছায়, আর অন্তঃক্ষরা গ্রন্থির রস রক্তে মিশে গিয়ে অন্তঃস্থ ভাবে সারা দেহেই অবস্থান করে)

৫. বহিঃক্ষরা গ্রন্থির মধ্যে প্রধান তিনটি হচ্ছে:

- লালাগ্রন্থি = লালারস ক্ষরণ করে
- যকৃত = পিত্তরস ক্ষরণ করে (পিত্তথলী ক্ষরণ করে না, বরং সংরক্ষণ করে)
- অগ্ন্যাশয় = অগ্ন্যাশয় রস ক্ষরণ করে

অন্তঃক্ষরা গ্রন্থি:

৬. পিটুইটারী গ্রন্থি: (Master বা প্রধান গ্রন্থি):

অঞ্চল	নিঃসৃত হরমোন	হরমোনের কাজ
অগ্রবর্তী অঞ্চল	সোমাটোট্রফিক বা বৃদ্ধিবর্ধক হরমোন	মানুষের উচ্চতা নিয়ন্ত্রণ করে
	থাইরয়েড উত্তেজক (স্টিমুলেটিং) হরমোন	থাইরয়েড গ্রন্থির ক্ষরণ নিয়ন্ত্রণ
	অ্যাড্রিনোকর্টিকোট্রফিন হরমোন	অ্যাড্রিনাল গ্রন্থির বিকাশ এবং এর ক্ষরণ নিয়ন্ত্রণ
	গোনাডোট্রফিক হরমোন:	
	ফলিকল উত্তেজক (স্টিমুলেটিং) হরমোন	ডিম্বাশয়ের ফলিকল-এর বৃদ্ধি নিয়ন্ত্রণ করে

RAISUL ISLAM HRIDOY

	ইন্টারস্টিশিয়াল কোষ উত্তেজক (স্টিমুলেটিং) হরমোন	যৌন অঙ্গের বিকাশ ও সেকেন্ডারী যৌন বৈশিষ্ট্য বিকাশ নিয়ন্ত্রণ করে
	লিউটোট্রফিক হরমোন	স্তন গ্রন্থির বিকাশ ও দুগ্ধ সঞ্চরণ নিয়ন্ত্রণ করে।
মধ্যবর্তী অঞ্চল	ইন্টারমিডিন বা মেলানোসাইট উত্তেজক (স্টিমুলেটিং) হরমোন	ত্বকের রং কালো হওয়া নিয়ন্ত্রণ করে
পশ্চাদবর্তী অঞ্চল	অক্সিটোসিন হরমোন	জরায়ুর সঙ্কোচন করে সন্তান প্রসব সহজতর করে
	ভেসোপ্রেসিন হরমোন	অনৈচ্ছিক পেশীর সংকোচন নিয়ন্ত্রণ করে। অধিক পরিমাণে নিঃসৃত হলে রক্তচাপ বৃদ্ধি পায় অল্পমাত্রায় নিঃসৃত হলে প্রস্রাবের পরিমাণ হ্রাস পায়

৭. থাইরয়েড গ্রন্থি: শ্বাসনালীর উভয় পাশে হলদে-লাল রং-এর দু'টি পিণ্ড নিয়ে এটি গঠিত।
কাজ: দেহের বিপাক নিয়ন্ত্রণ করে। দেহের বৃদ্ধি, পরিবর্ধন ও পরিপূর্ণতা নিয়ন্ত্রণ করে। রক্তে ক্যালসিয়ামের পরিমাণ কমায়।

৮. প্যারাথাইরয়েড গ্রন্থি: প্যারাথরমোন রক্তে ক্যালসিয়ামের পরিমাণ বৃদ্ধি করে। মূলত থাইরয়েড গ্রন্থি ও প্যারাথাইরয়েড গ্রন্থির পরস্পর বিরোধী কার্যকারিতায় ক্যালসিয়াম ও ফসফরাসের বিপাক নিয়ন্ত্রণ হয়।

৯. অ্যাড্রেনাল বা সুপ্রারেনাল গ্রন্থি: এটি প্রতিটি বৃক্কের মাথায় টুপির মত একটি করে থাকে। এদের নিঃসৃত কিছু গুরুত্বপূর্ণ হরমোন হল:

- গ্লুকোকর্টিকয়েড: গ্লুকোজ বা শর্করা জাতীয় খাদ্যের বিপাক নিয়ন্ত্রণ
- যৌন হরমোন: অ্যান্ড্রোজেন, এস্ট্রোজন ও প্রজেস্টেরন; এরা সেকেন্ডারী যৌন বৈশিষ্ট্য প্রকাশে ভূমিকা রাখে
- অ্যাড্রেনালিন (বা এপিনেফ্রিন): সঞ্চিত গ্লাইকোজেন থেকে গ্লুকোজ অবমুক্ত করায় ভূমিকা রাখে

১০. থাইমাস গ্রন্থি: এটি "থাইমোসিন" নিঃসরণ করে, যা T (T for Thymosin) কোষ তথা লিম্ফোসাইটের উপর কাজ করে রোগ প্রতিরোধ ব্যবস্থা গড়ে তোলে। (থাইরয়েড-এর সাথে যাতে কনফিউশন না হয়, সেদিকে খেয়াল রাখা প্রয়োজন)

১১. আইলেটস অব ল্যাঙ্গারহ্যান্স: অগ্ন্যাশয়ের বহিঃক্ষরা অংশের কিছু কোষ মিলে ক্ষুদ্র ক্ষুদ্র আইলেটস বা দ্বীপের মত অন্তঃক্ষরা গ্রন্থি সৃষ্টি করে। এর বিভিন্ন হরমোন:

RAISUL ISLAM HRIDOY

- ইনসুলিন: রক্তে শর্করার পরিমাণ হ্রাস পায় (ডায়াবেটিস রোগীদের ইনসুলিন দিলে রক্তে গ্লুকোজের পরিমাণ কমে)
- গ্লুকাগন: রক্তে শর্করার পরিমাণ বৃদ্ধি করে

১২. পিনিয়াল গ্রন্থি: এটি হতে মেলাটোনিন হরমোন নিঃসৃত হয়, যা মেলানোফোর বৃদ্ধিতে সহায়ক। (পিটুইটারি গ্রন্থির মধ্যবর্তী অঞ্চল হতে মেলানোসাইট উদ্দীপক হরমোন নিঃসৃত হয়, সেটি আলাদা।)

১৩. শুক্রাশয়ের অন্তঃক্ষরা কলা: এটি হতে টেস্টোস্টেরন এবং সামান্য পরিমাণ ইস্ট্রোজেন হরমোন নিঃসৃত হয়, যা পুরুষের গৌণ বৈশিষ্ট্যে প্রকাশে সহায়ক।

১৪. ডিম্বাশয়ের অন্তঃক্ষরা কলা: এটি হতে ইস্ট্রোজেন এবং প্রোজেস্টেরন হরমোন ক্ষরিত হয়। কাজ:

- ইস্ট্রোজেন মহিলার গৌণ বৈশিষ্ট্য বিকাশে সহায়তা করে
- প্রোজেস্টেরন রজঃচক্র পূরণ করার জন্য কার্যকর ভূমিকা রাখে

১৫. এনজাইম হচ্ছে জৈব প্রভাবক যা বিভিন্ন জৈবনিক রাসায়নিক ক্রিয়াকে ত্বরান্বিত করে। বহিঃক্ষরা গ্রন্থিতে এনজাইম উৎপন্ন ও নালীর মাধ্যমে ক্রিয়াস্থলে পৌছায়।

১৬. এনজাইমে দু'টি অংশ থাকে, অ্যাপো-এনজাইম এবং কো-এনজাইম। অ্যাপো-এনজাইম নিষ্ক্রিয়, কো-এনজাইম যুক্ত হলে এনজাইমটি সক্রিয় হয়। অ্যাপো-এনজাইম এবং কো-এনজাইম মিলে যে সক্রিয় এনজাইম গঠন করে, একে হলো-এনজাইম বলে।

১৭. যে এনজাইম কোষের ভেতরে কাজ করে, তাকে অন্তঃকোষীয় এনজাইম বলে। (আন্তঃকোষীয় না, আন্তঃকোষীয় বলতে বিভিন্ন কোষের মধ্যে বোঝায়)

১৮. হরমোন সরাসরি রক্ত বা লসিকায় নিঃসৃত হয়ে সেই পথ ধরে ক্রিয়াস্থলে পৌছায়। এটি জৈবিক কার্য-কলাপ নিয়ন্ত্রণের পর ধ্বংসপ্রাপ্ত হয়।

১৯. হরমোন ও এনজাইম-এর মধ্যে পার্থক্য:

তুলনীয় বিষয়	হরমোন	এনজাইম
১. উৎপত্তিস্থল	১. অন্তঃক্ষরা গ্রন্থি বা নালী বিহীন গ্রন্থি	১. বহিঃক্ষরা গ্রন্থি বা নালীযুক্ত গ্রন্থি
২. রাসায়নিক প্রকৃতি	২. প্রোটিন বা স্টেরয়েড (কোলেস্টেরলের মত জটিল যৌগ) জাতীয়	২. প্রোটিন জাতীয়
৩. উৎপত্তিস্থল হতে ক্রিয়াস্থলের দূরত্ব	৩. বেশি	৩. কম
৪. ক্রিয়া	৪. নিয়ন্ত্রক পদার্থরূপে	৪. প্রভাবক বা অনুঘটক হিসেবে

২০. কিছু গুরুত্বপূর্ণ হরমোনের কাজ:

- অ্যান্টিডাই-ইউরেটিক হরমোন (ADH) নেফ্রনের ডিস্টাল বা প্রান্তীয় প্যাঁচানো নালিকা থেকে পানি শোষণ করে পানিসাম্য নিয়ন্ত্রণ করে।

RAISUL ISLAM HRIDOY

- অ্যাড্রেনোকর্টিকোট্রফিক হরমোন (ACTH) মেলানিন রঞ্জক সংশ্লেষ নিয়ন্ত্রণ করে গায়ের রং নিয়ন্ত্রণ করে।
- অ্যাড্রেনাল কর্টেক্স থেকে ক্ষরিত অ্যালডোস্টেরন Na+ -K+ আয়ন সমতা রক্ষা করে, হৃৎপিণ্ড থেকে ক্ষরিত ANF (অ্যাট্রি ন্যাট্রি ইউরেটিক ফ্যাক্টর) রক্তে Na+ এর পরিমাণ অক্ষুণ্ন রাখে।

প্রজননতন্ত্র

১. শুক্রাণু মাথা অ্যাক্রোসোমাল টুপি দিয়ে আবৃত।
২. শুক্রাণুর মধ্যখণ্ড মাইটোকন্ড্রিয়া সমৃদ্ধ অংশ যা জরায়ুর অভ্যন্তরে সাঁতরানোর শক্তি যোগায়।
৩. শুক্রাণু প্রতি সেকেন্ডে ১-৪ মিলিমিটার পথ অতিক্রম করতে পারে।
৪. ডিম্বাণু ঝিল্লী জোনা পেলুসিড বা জোনা রেডিয়াটা ডিমে পুষ্টির যোগান দেয়।
৫. মানুষের ডিম্বাণুতে কুসুমের পরিমাণ অতি নগন্য।
৬. ডিম্বাণুর নিউক্লিয়াস সাধারণ নিউক্লিয়াস অপেক্ষা দু-তিনশ' (২০০-৩০০) গুণ বড়।
৭. টেস্টোস্টেরন হরমোন পুরুষের বয়ঃপ্রাপ্তিতে কাজ করে এবং প্রোজেস্টেরন ও ইস্ট্রোজেন নারীদের বয়ঃপ্রাপ্তিতে কাজ করে।
৮. নারীর বয়ঃসন্ধির পর থেকে রজঃনিবৃত্তিকাল পর্যন্ত গড়ে প্রতি ২৯ দিন পর পর রজঃচক্র ঘটে।
৯. ডিম্বাণু ফেলোপিয়ান নালীতে প্রবেশ করে ৬-৭ ঘণ্টা অবস্থান করে। এর মধ্যে নিষেক না হলে ডিম্বাণুটি বিনষ্ট হয়। শুক্রাণুর নিষেক ক্ষমতা ৪৯ ঘণ্টা ধরে থাকে।
১০. গর্ভাবস্থার স্থায়িত্ব মোটামুটি ২৮০ ± ৭ দিন। প্রায় ৯ মাস ১০ দিন (৯ x ৩০= ২৭০+১০ দিন)
১১. ১৬৫৯ সালে উইলিয়াম হার্ভে সর্বপ্রথম অমরা আবিষ্কার করেন। পূর্ণাঙ্গ অমরা একমাত্র স্তন্যপায়ীতেই দেখতে পাওয়া যায়।
১২. অমরা চার ধরনের হরমোন নিঃসরণ করে। দু'টি হল প্রোটিন হরমোন – লুটিওট্রপিন ও ল্যাকটোজেন হরমোন; অন্য দু'টি স্টেরয়েড হরমোন – প্রোজেস্টেরন ও ইস্ট্রোজেন। এছাড়াও অমরা রিলাক্সিন হরমোন ক্ষরণ করে।
১৩. মানবভ্রূণের ভ্রূণ আবরণীগুলো হচ্ছে:
    - অ্যামনিওন
    - কুসুমথলি
    - অ্যালানটয়েস
    - কোরিওন (সবচেয়ে বাইরের ঝিল্লী)
১৪. জাইগোট সৃষ্টির পরবর্তী অবস্থাকে ফিটাস বলে। জরায়ুতে ফিটাস ৩৮ সপ্তাহ অবস্থান করে। জন্মের পর ফুসফুসের কাজ শুরু করা মাত্র ফিটাসের নতুন নাম হয় "শিশু"।
১৫. মায়ের স্তনের লোবিউল কোষে দুধ উৎপন্ন হয়।

পরিপাক তন্ত্র

যে তন্ত্রের মাধ্যমে খাদ্যবস্তুর পরিপাক ও শোষণ ক্রিয়া সম্পন্ন হয় তাকে পরিপাকতন্ত্র বলে।
মানুষের খাদ্য পরিপাক দেহের এক বিষেশ তন্ত্রের মাধ্যমে সম্পন্ন হয়, যাকে পরিপাকতন্ত্র বলে। এ তন্ত্র মানুষের মুখবিবর হতে শুরু হয়ে মলদ্বার পর্যন্ত বিস্তৃত।
পরিপাকতন্ত্রের গঠন:

RAISUL ISLAM HRIDOY

পরিপাকতন্ত্র দুটি অংশ নিয়ে গঠিত। যথা:

ক) পরিপাক নালী:

মানুষের পৌষ্টিকনালী মুখ থেকে পায়ু পর্যন্ত বিস্তৃত ৮-১০ মিটার লম্বা। এটি নিম্নলিখিত অংশ নিয়ে গঠিত।

- ✓ মুখ
- ✓ মুখবিবর
- ✓ গলবিল
- ✓ অন্ননালী
- ✓ পাকস্থলী
- ✓ ক্ষুদ্রান্ত্র
- ✓ বৃহদান্ত্র
- ✓ মলাশয়
- ✓ পায়ু

খ) পরিপাক গ্রন্থি:

যেসব গ্রন্থির ক্ষরণ খাদ্য পরিপাকে সহায়তা করে, সে সব গ্রন্থিকে পৌষ্টিকগ্রন্থি বলে। মানবদেহের কয়েকটি পৌষ্টিকগ্রন্থি সুস্পষ্ট গঠন ও অবস্থান নিয়ে থাকলেও কিছু গ্রন্থি পৌষ্টিকনালীর বিভিন্ন অংশে বিক্ষিপ্ত থাকে। নির্দিষ্ট গঠন ও অবস্থানের পৌষ্টিকগ্রন্থি।

মানুষের মুখবিবরের গ্রন্থি থেকে টায়ালিন, মল্টেজ, অ্যামাইলেজ নামক এনজাইম ক্ষরণ হয়, যার ফলে কার্বোহাইড্রেট জাতীয় খাদ্য পরিপাক হয়। পাকস্থলীতে থেকে হাইড্রোক্লোরিক এসিড, পেপসিনোজেন (হাইড্রোক্লোরিক এসিডের সংস্পর্শে সক্রিয় পেপসিনে পরিণত হয়), ট্রিপসিন নামক এনজাইম ক্ষরণ হয়, যার ফলে প্রোটিন জাতীয় খাদ্য পরিপাক হয়।

ক্ষুদ্রান্ত্রে কার্বক্সিপেপটাইডেজ, ইলাস্টেজ, অ্যামিনোপেপটাইডেজ, ট্রাইপেপটাইডেজ, লাইপেজ, ফসফোলাইপেজ, কোলেস্টেরল এস্টারেজ ইত্যাদি নামক এনজাইম ক্ষরণ হয়, যার ফলে প্রোটিন ও চর্বি জাতীয় খাদ্য পরিপাক হয়। এসব এনজাইমের ক্রিয়ায় লিপিড ভেঙে সরল ফ্যাটি এসিড ও গ্লিসারলে পরিণত হয়।

RAISUL ISLAM HRIDOY

রোগের কারণ ও সঙ্গক্রমক রোগ

কোন রোগের কারণ হতে পারে শরীরের বাইরে থেকে আসা সংক্রামক কীটাণু/বীজাণু/জীবাণু অথবা শরীরের ভিতরের কোন কিছুর অভাব (যেমনঃ ভিটামিনের অভাব, ইমিউনিটির অভাব বা ইমিউনোডেফিসিয়েন্সি) অথবা অসংগতি (যেমনঃ অতিপ্রতিক্রিয়া (অ্যালার্জি) বা অস্বাভাবিকতা যেমন অটোইমিউন রোগ যাতে আমাদের নিজেদের ইমিউনিটি বা অনাক্রম্যতা আমাদেরই শরীরের প্রতিরোধ ক্ষমতাকে দুর্বল করে দেয়।. সংক্রামক রোগ বলতে সেই সব রোগ বোঝায়, যেসব রোগ একজন থেকে আর একজনের শরীরে ছড়িয়ে পড়তে পারে। এই ছড়িয়ে পড়া শুধু মানুষ থেকে মানুষ নয়, পশু পাখি থেকে মানুষে, পশু পাখি থেকে পশু পাখির মাঝে, কিংবা মানুষ থেকে পশু পাখির মাঝে ছড়িয়ে পড়তে পারে। বর্তমানে সংক্রামক রোগ এর প্রকোপ অনেকাংশে কমে এসেছে। বরং অসংক্রামক জীবন ঘাতী রোগ মহামারী আকারে দেখা দিচ্ছে।

সংক্রামক রোগ ছড়ানোর মাধ্যম:

১। স্পর্শ: বেশ কিছু রোগ এভাবে ছড়ায়। যেমন স্কেবিস, ছত্রাক জনিত চর্ম রোগ।

২। যৌন সংস্পর্শ: এইডস, সিফিলিস, গনোরিয়া, হেপাটাইটিস (বি, সি), হিউম্যান প্যাপিলোমা ভাইরাস ইনফেকশন যেটি জরায়ুমুখ ক্যান্সারের অন্যতম কারণ, লিমফো গ্রানুলোমা ভেনেরিয়াম, শ্যাংক্রয়েড।
৩। খাদ্য ও পানীয়: টাইফয়েড, পোলিও মায়েলাইটিস, হেপাটাইটিস (এ, ডি), কলেরা, ডায়রিয়া, আমাশয়, বিভিন্ন কৃমি সংক্রমণ।
৪। বায়ু বাহিত: যক্ষা, ইনফ্লুয়েঞ্জা, হুপিং কাশি, মেনিনজাইটিস, নিউমোনিয়া, ব্রংকাইটিস, ব্রংকিওলাইটিস, মাম্পস, রুবেলা, বসন্ত, হাম, করোনা ভাইরাস রোগ।
৫। ভেক্টর বাহিত: মশা: ডেঙ্গি, চিকুনগুনিয়া, ইয়েলো ফিভার, ম্যালেরিয়া, ফাইলেরিয়াসিস। মাছি: উদরাময়, আমাশয়, ক্রিমি সংক্রমণ, কালাজ্বর, চ্যাগাস ডিজিস, স্লিপিং সিকনেস, চোখের কৃমি (deer fly) ।
কারণগত শ্রেণীবিভাগ: ১। ব্যাকটেরিয়াল: যক্ষ্মা, ধনুষ্টংকার, টাইফয়েড, কলেরা।
২। ভাইরাল: ভাইরাল ইনফ্লুয়েঞ্জা, রোটা ভাইরাল ডায়রিয়া, ভাইরাল হেপাটাাইটিস, এইডস, হাম, রুবেলা।
৩। ছত্রাক জনিত: বিভিন্ন চর্মরোগ, ছত্রাক জনিত ফুসফুস সংক্রমণ, মস্তিষ্ক ও মস্তিষ্ক আবরন সংক্রমণ, মহিলাদের শ্বেতপ্রদর ইত্যাদি।
৪। প্রোটিন জনিত (প্রিয়ন): ম্যাড কাউ, ক্রুজফিল্ড জ্যাকব
সংক্রমণ ঝুঁকি: ডায়াবেটিস রোগী, জন্মগত স্বল্প রোগপ্রতিরোধ ক্ষমতা সম্পন্ন ব্যক্তিদের সংক্রমণ ঝুঁকি বেশি। কিছু রোগেও শরীর এর রোগপ্রতিরোধ ক্ষমতা কমে যায়, যেমন এইডস, যক্ষা, কালাজ্বর, ক্যানসার। তাছাড়া অতি ছোট শিশু এবং অতি বৃদ্ধদের সংক্রমণের ঝুঁকি বেশি।

রোগ জীবানুর জীবন

জীববিজ্ঞানে ও চিকিৎসাবিজ্ঞানে আদি এবং ব্যাপকতর অর্থে রোগ সংক্রামক জীবাণু বা সংক্ষেপে রোগজীবাণু হচ্ছে এমন যেকোন কিছু যা রোগ উৎপন্ন করতে পারে। এর পশ্চিমা পরিভাষা ১৮৮০ সালে প্রথম ব্যবহার করা হয়েছিল। সাধারণত রোগ সংক্রমণ সংঘটক (এজেন্ট) যেমন ভাইরাস, ব্যাকটেরিয়া, ছত্রাক, প্রিয়ন, এমনকি অন্য কিছু অণুজীবকে বোঝাতেও এই শব্দটি ব্যবহার করা হয়।
একটি জীবাণু বিক্রিয়াপথ-সহ (pathway পাথওয়ে) বিভিন্ন যৌগক (substrate) অবলম্বন করে একটি পোষক (Host, হোস্ট) জীবকে (যে রোগাক্রান্ত হবে) আক্রমণ করতে পারে। প্রধান বিক্রিয়াপথসমূহের বিভিন্ন অনিয়মিত সময়সূচি আছে, কিন্তু একটি রোগসংক্রামক জীবাণুকে লালিত করার ক্ষেত্রে মাটি দূষণ দীর্ঘতম বা সবচেয়ে সম্ভাবনাময় অবলম্বন প্রদান করে। মানবদেহে জীবাণু দ্বারা সৃষ্ট ব্যাধিকে জীবাণুঘটিত রোগ বলা হয়।

রোগ সৃষ্টিকারী ক্ষমতা

জীবাণুসমূহের রোগ সৃষ্টি করার ক্ষমতাকে পারিভাষিকভাবে রোগ সৃষ্টিকারী ক্ষমতা বা রোগজনিতা (ইংরেজিতে প্যাথোজেনেসিটি Pathogenicity) বলা হয়। যেসব জীবাণু রোগ সৃষ্টি করতে পারে, তাদেরকে "রোগজনক" (Pathogenic) হিসেবে চরিত্রায়িত করা হয়। রোগ সৃষ্টিকারী ক্ষমতা কথাটির অর্থ প্রকোপ (virulence) নামক আরেকটি পরিভাষার সাথে সম্পর্কিত। কিছু স্বাস্থ্য কর্তৃপক্ষ "রোগ সৃষ্টিকারী ক্ষমতা" পরিভাষাটিকে গুণগত অর্থে ব্যবহার করেন, এবং প্রকোপ পরিভাষাটিকে পরিমাণগত অর্থে ব্যবহার করেন। এই মানদণ্ড অনুযায়ী, একটি জীবাণু একটি বিশেষ প্রেক্ষাপটে রোগজনক (Pathogenic প্যাথোজেনিক) বা অ-রোগজনক (Non-pathogenic নন-প্যাথোজেনিক) হতে পারে, কিন্তু একটি জীবাণু আরেকটির চেয়ে "অধিক রোগজনক" হতে পারে না। বরং এইরূপ তুলনা জীবাণুগুলির আপেক্ষিক তীব্রতা বা প্রকোপের

RAISUL ISLAM HRIDOY

মাধ্যমে বর্ণনা করা হয়। এছাড়া রোগ সৃষ্টিকারী ক্ষমতার সাথে সংবহনযোগ্যতার (transmissibility) পার্থক্য আছে, কেননা সংবহনযোগ্যতা সংক্রমণের ঝুঁকিকে পরিমাপ করে।[4]

একটি রোগ সংক্রামক জীবাণুকে তার প্রতিবিষ (Toxin টক্সিন) উৎপাদন, দেহকলার অভ্যন্তরে প্রবেশ, উপনিবেশ (Colony কলোনি) তৈরি ও পুষ্টি অপহরণের ক্ষমতা এবং পোষক (হোস্ট) প্রাণীটির শরীরের রোগ-প্রতিরোধ ক্ষমতা দমন (immunosuppression) ইত্যাদির পরিপ্রেক্ষিতে বর্ণনা করা হতে পারে।

প্রেক্ষাপট-নির্ভর রোগ সৃষ্টিকারী ক্ষমতা

একটি ব্যাকটেরিয়াকে যখন একটি রোগের কারণ হিসাবে চিহ্নিত করা হয় তখন সাধারণত ঐ ব্যাকটেরিয়ার সম্পূর্ণ প্রজাতিকে "রোগজনক" আখ্যা দেওয়া হয়ে থাকে (কখের স্বীকার্য)। তবে আধুনিক দৃষ্টিভঙ্গিতে বলা হয় যে, রোগ সৃষ্টিকারী ক্ষমতা সামগ্রিক অণুজৈবিক বাস্তুতন্ত্রের (Microbial ecosystem) উপর নির্ভর করে। একটি ব্যাকটেরিয়া অবদমিত-অনাক্রম্যতাবিশিষ্ট পোষকের দেহে (immunocompromised host) সুযোগসন্ধানী সংক্রমণ (opportunistic infection) ঘটাতে পারে, প্লাসমিড (plasmid) সংক্রমণ দ্বারা বিভিন্ন প্রকোপ উপাদান (virulence factor) অর্জন করতে পারে, পোষকের দেহের মধ্যে ভিন্ন অবস্থানে স্থানান্তরিত হতে পারে বা শরীরে উপস্থিত অন্যান্য ব্যাকটেরিয়ার সামগ্রিক সংখ্যার পরিবর্তনের সঙ্গে সঙ্গে প্রতিক্রিয়া ব্যক্ত করতে পারে। উদাহরণস্বরূপ, ইয়েরসিনিয়া (Yersinia) ব্যাকটেরিয়া আক্রান্ত ইঁদুরের অন্ত্রধারক (mesenteric) লসিকা গ্রন্থির সংক্রমণের ফলে ঐ অংশে সম্ভবত "অনাক্রম্য ক্ষতচিহ্ন সৃষ্টিকরণ" (immunological scarring) প্রক্রিয়া দ্বারা ল্যাক্টোবেসিলাস (Lactobacillus) ব্যাকটেরিয়া সংক্রমণের পথ সুগম হয়।

প্রকোপ

যখন একটি রোগ সংক্রামক জীবাণু একটি অসুস্থ পোষক প্রাণী নির্বল হওয়া সত্ত্বেও তার দেহ থেকে অন্য দেহে ছড়িয়ে যেতে সক্ষম হয় তখন এর প্রকোপের (কোনও রোগ সংক্রামক জীবাণুর একটি পোষক প্রাণীর বংশবিস্তার ক্ষমতা বা "ডারউইনীয় ফিটনেসের" ক্ষতি করার প্রবণতা) বিবর্তন ঘটেছে বলা হয়। একই প্রজাতির পোষক প্রাণীর (যারা মাতা-সন্তান সম্পর্কে আবদ্ধ নয়) মধ্যে অনুভূমিক সংবহন ঘটে, বিপরীতে উল্লম্ব সংক্রমণ সংক্রমিত মায়ের থেকে ভ্রূণে অভিব্যক্ত (পোষক প্রাণীর জনসংখ্যার মধ্যে একটি নির্দিষ্ট সময় ধরে উচ্চ অসুস্হতা ও মৃত্যুর হার বিদ্যমান হওয়ার পরে) হয় এবং পোষক জীবের বিবর্তনীয় সাফল্যের সঙ্গে রোগ সংক্রামক জীবাণুটির বিবর্তনীয় সাফল্যের সংযুক্তি নির্দেশ করে। বিবর্তনীয় জীববিজ্ঞানে প্রস্তাব করা হয়েছে যে বহু রোগ সংক্রামক জীবাণুতে এক ধরনের সর্বাপেক্ষা সন্তোষজনক প্রকোপের বিবর্তন ঘটে, যাতে জীবাণুটি বর্ধিত পুনর্লিপিকরণ হারের বদৌলতে বংশবিস্তার ক্ষমতা লাভ করে, কিন্তু ভারসাম্য বজায় রাখতে এর বিপরীতে জীবাণুটির সংবহনযোগ্যতা হ্রাস পেতে হয়; তবে এই সম্পর্কগুলির অন্তর্নিহিত কর্মপদ্ধতিগুলি কী, তা নিয়ে এখনও বিতর্ক আছে।

সংবহন

মূল নিবন্ধ: রোগ সংবহন

বিভিন্ন উপায়ে যেমন বায়ুবাহিত হয়ে, প্রত্যক্ষ বা পরোক্ষ সংস্পর্শ দ্বারা, যৌন সংস্পর্শ দ্বারা, রক্ত, মাতৃদুগ্ধ বা অন্যান্য শারীরিক তরলের মাধ্যমে এবং মল-থেকে-মুখ পথে রোগ সংক্রামক জীবাণুর সংবহন ঘটে।)

ভাইরাসঘটিত

RAISUL ISLAM HRIDOY

ভাইরাস দ্বারা সৃষ্ট ব্যাধির মধ্যে বসন্ত, ইনফ্লুয়েঞ্জা, মাম্পস, হাম, জলবসন্ত, ইবোলা, এবং রুবেলা উল্লেখযোগ্য।

রোগ সংক্রামক ভাইরাসের মধ্যে নিম্নলিখিত ভাইরাস গোত্রগুলি বিশেষভাবে উল্লেখ্য: অ্যাডিনোভাইরিডি (Adenoviridae), পিকর্নাভাইরিডি (Picornaviridae), হার্পিসসভাইরিডি (Herpesviridae), হেপাড্নাভাইরিডি (Hepadnaviridae), ফ্ল্যাভিভাইরিডি (Flaviviridae), রেট্রোভাইরিডি (Retroviridae), অর্থোমিক্সোভাইরিডি (Orthomyxoviridae), প্যারামিক্সোভাইরিডি (Paramyxoviridae), প্যাপোভাভাইরিডি (Papovaviridae), পোলিওমাভাইরাস (Polyomavirus), রাবডোভাইরিডি(Rhabdoviridae), টোগাভাইরিডি (Togaviridae)। ভাইরাস সাধারণত ২০ থেকে ৩০০ ন্যানোমিটার দৈর্ঘ্যবিশিষ্ট।

ছত্রাকজাত

মাইক্রোবের একপ্রকার ইউক্যারিওটিক রাজ্য (কিংডম) নিয়ে ছত্রাক গঠিত ও এরা সাধারণত মৃতভোজী (saprophytes) (মৃত প্রাণীর দেহাংশ খাদ্য হিসাবে গ্রহণ করে)। কিন্তু এরা মানুষ, অন্য প্রাণী ও উদ্ভিদের রোগের কারণও হতে পারে। ছত্রাক হল ফসল এবং অন্যান্য গাছপালার রোগের সবচেয়ে বড় কারণ। সাধারণত ফাংগাল বীজগুটি ১ থেকে ৪০ মাইক্রোমিটার দৈর্ঘ্যবিশিষ্ট হয়।

প্রিয়নজাত

প্রিয়ন তত্ত্ব (prion theory) অনুযায়ী প্রিয়ন হচ্ছে এমন এক ধরনের সংক্রামক জীবাণু যার নিউক্লিয়িক অ্যাসিড থাকে না। কিছু রোগ যেমন স্ক্র্যাপি (scrapie), বোভাইন স্পঞ্জিফর্ম এন্সেফ্যালপ্যাথি (bovine spongiform encephalopathy) (উন্মত্ত গরু ব্যাধি), ক্রেউট্জফেল্ড্ট-জেকব রোগ (Creutzfeldt–Jakob disease) ইত্যাদিতে গুণগতভাবে এই অস্বাভাবিক ভাঁজবিশিষ্ট প্রোটিন পাওয়া যায়।

অন্যান্য পরজীবী

কিছু সুকেন্দ্রিক (ইউক্যারিওটিক) জীব যেমন প্রোটিস্ট (protists) এবং হেলমিন্থ (helminths) রোগ সৃষ্টি করে থাকে।

শৈবালজাত

স্তন্যপায়ী প্রাণীর শৈবাল বা শেত্তলাজাত রোগ সংক্রামক জীবাণু দ্বারা সৃষ্ট পরিচিত রোগগুলির মধ্যে উল্লেখযোগ্য হল রোগ হল প্রোটোথিকোসিস (protothecosis)। প্রোটোথিকোসিস প্রোটোথিকা (prototheca) নামক এক ধরনের ক্লোরোফিলবিহীন সবুজ শৈবাল দ্বারা সৃষ্ট এবং এই রোগ কুকুর, বিড়াল, গরু, এবং মানুষের মধ্যে পরিলক্ষিত হয়।

চিকিৎসা ও স্বাস্থ্যসেবা

সাধারণত ব্যাকটেরিয়া নিরোধক (অ্যান্টিবায়োটিক) দ্বারা ব্যাকটেরিয়ার চিকিৎসা করা হয়। অন্যদিকে ভাইরাস নিরোধক (অ্যান্টিভাইরাল) যৌগ দিয়ে ভাইরাসের চিকিৎসা করা হয়। সুকেন্দ্রিক (ইউক্যারিওটিক) রোগ সংক্রামক জীবাণু সাধারণত ব্যাকটেরিয়া নিরোধক ঔষধ দ্বারা নির্মূলযোগ্য নয় এবং এদের বিরুদ্ধে বিশেষ ঔষধের প্রয়োজন হয়। টিকা দ্বারা অনেক রোগ সংক্রামক জীবাণুর সংক্রমণ প্রতিরোধ করা যায়। টিকার মাধ্যমে দুর্বল রোগ সংক্রামক জীবাণু স্বল্প পরিমাণে দেহে প্রবেশ করানো হয় যাতে শরীরের অনাক্রম্যতন্ত্র বা প্রতিরক্ষাতন্ত্র সতর্ক থাকে এবং একটি বৃহত্তর পরিমাণের ভাইরাস যাতে কোনদিনও শরীরে

RAISUL ISLAM HRIDOY

প্রবেশ করতে সক্ষম না হয় তার জন্য প্রতিরক্ষা জোরদার হয়। রোগ সংক্রামক জীবাণুর দ্বারা সংক্রমণ প্রতিরোধে স্বাস্থ্যবিধির ভূমিকা গুরুত্বপূর্ণ।

রোগ জীবানুর জীবন

জীববিজ্ঞানে ও চিকিৎসাবিজ্ঞানে আদি এবং ব্যাপকতর অর্থে রোগ সংক্রামক জীবাণু বা সংক্ষেপে রোগজীবাণু হচ্ছে এমন যেকোন কিছু যা রোগ উৎপন্ন করতে পারে। এর পশ্চিমা পরিভাষা ১৮৮০ সালে প্রথম ব্যবহার করা হয়েছিল। সাধারণত রোগ সংক্রমণ সংঘটক (এজেন্ট) যেমন ভাইরাস, ব্যাকটেরিয়া, ছত্রাক, প্রিয়ন, এমনকি অন্য কিছু অণুজীবকে বোঝাতেও এই শব্দটি ব্যবহার করা হয়।

একটি জীবাণু বিক্রিয়াপথ-সহ (pathway পাথওয়ে) বিভিন্ন যৌগক (substrate) অবলম্বন করে একটি পোষক (Host, হোস্ট) জীবকে (যে রোগাক্রান্ত হবে) আক্রমণ করতে পারে। প্রধান বিক্রিয়াপথসমূহের বিভিন্ন অনিয়মিত সময়সূচি আছে, কিন্তু একটি রোগসংক্রামক জীবাণুকে লালিত করার ক্ষেত্রে মাটি দূষণ দীর্ঘতম বা সবচেয়ে সম্ভাবনাময় অবলম্বন প্রদান করে। মানবদেহে জীবাণু দ্বারা সৃষ্ট ব্যাধিকে জীবাণুঘটিত রোগ বলা হয়।

রোগ সৃষ্টিকারী ক্ষমতা

জীবাণুসমূহের রোগ সৃষ্টি করার ক্ষমতাকে পারিভাষিকভাবে রোগ সৃষ্টিকারী ক্ষমতা বা রোগজনিতা (ইংরেজিতে প্যাথোজেনেসিটি Pathogenicity) বলা হয়। যেসব জীবাণু রোগ সৃষ্টি করতে পারে, তাদেরকে "রোগজনক" (Pathogenic) হিসেবে চরিত্রায়িত করা হয়। রোগ সৃষ্টিকারী ক্ষমতা কথাটির অর্থ প্রকোপ (virulence) নামক আরেকটি পরিভাষার সাথে সম্পর্কিত। কিছু স্বাস্থ্য কর্তৃপক্ষ "রোগ সৃষ্টিকারী ক্ষমতা" পরিভাষাটিকে গুণগত অর্থে ব্যবহার করেন, এবং প্রকোপ পরিভাষাটিকে পরিমাণগত অর্থে ব্যবহার করেন। এই মানদণ্ড অনুযায়ী, একটি জীবাণু একটি বিশেষ প্রেক্ষাপটে রোগজনক (Pathogenic প্যাথোজেনিক) বা অ-রোগজনক (Non-pathogenic নন-প্যাথোজেনিক) হতে পারে, কিন্তু একটি জীবাণু আরেকটির চেয়ে "অধিক রোগজনক" হতে পারে না। বরং এইরূপ তুলনা জীবাণুগুলির আপেক্ষিক তীব্রতা বা প্রকোপের মাধ্যমে বর্ণনা করা হয়। এছাড়া রোগ সৃষ্টিকারী ক্ষমতার সাথে সংবহনযোগ্যতার (transmissibility) পার্থক্য আছে, কেননা সংবহনযোগ্যতা সংক্রমণের ঝুঁকিকে পরিমাপ করে।

একটি রোগ সংক্রামক জীবাণুকে তার প্রতিবিষ (Toxin টক্সিন) উৎপাদন, দেহকলার অভ্যন্তরে প্রবেশ, উপনিবেশ (Colony কলোনি) তৈরি ও পুষ্টি অপহরণের ক্ষমতা এবং পোষক (হোস্ট) প্রাণীটির শরীরের রোগ-প্রতিরোধ ক্ষমতা দমন (immunosuppression) ইত্যাদির পরিপ্রেক্ষিতে বর্ণনা করা হতে পারে।

প্রেক্ষাপট-নির্ভর রোগ সৃষ্টিকারী ক্ষমতা

একটি ব্যাকটেরিয়াকে যখন একটি রোগের কারণ হিসাবে চিহ্নিত করা হয় তখন সাধারণত ঐ ব্যাকটেরিয়ার সম্পূর্ণ প্রজাতিকে "রোগজনক" আখ্যা দেওয়া হয়ে থাকে (কখের স্বীকার্য)। তবে আধুনিক দৃষ্টিভঙ্গিতে বলা হয় যে, রোগ সৃষ্টিকারী ক্ষমতা সামগ্রিক অণুজৈবিক বাস্তুতন্ত্রের (Microbial ecosystem) উপর নির্ভর করে। একটি ব্যাকটেরিয়া অবদমিত-অনাক্রম্যতাবিশিষ্ট পোষকের দেহে (immunocompromised host) সুযোগসন্ধানী সংক্রমণ (opportunistic infection) ঘটাতে পারে, প্লাসমিড (plasmid) সংক্রমণ দ্বারা বিভিন্ন প্রকোপ উপাদান (virulence factor) অর্জন করতে পারে, পোষকের দেহের মধ্যে ভিন্ন অবস্থানে স্থানান্তরিত হতে পারে বা শরীরে উপস্থিত অন্যান্য ব্যাকটেরিয়ার সামগ্রিক সংখ্যার পরিবর্তনের সঙ্গে সঙ্গে প্রতিক্রিয়া ব্যক্ত করতে পারে। উদাহরণস্বরূপ, ইয়েরসিনিয়া (Yersinia) ব্যাকটেরিয়া আক্রান্ত ইঁদুরের

RAISUL ISLAM HRIDOY

অন্ত্রধারক (mesenteric) লসিকা গ্রন্থির সংক্রমণের ফলে ঐ অংশে সম্ভবত "অনাক্রম্য ক্ষতচিহ্ন সৃষ্টিকরণ" (immunological scarring) প্রক্রিয়া দ্বারা ল্যাক্টোবেসিলাস (Lactobacillus) ব্যাকটেরিয়া সংক্রমণের পথ সুগম হয়।

প্রকোপ

যখন একটি রোগ সংক্রামক জীবাণু একটি অসুস্থ পোষক প্রাণী নির্বল হওয়া সত্ত্বেও তার দেহ থেকে অন্য দেহে ছড়িয়ে যেতে সক্ষম হয় তখন এর প্রকোপের (কোনও রোগ সংক্রামক জীবাণুর একটি পোষক প্রাণীর বংশবিস্তার ক্ষমতা বা "ডারউইনীয় ফিটনেসের" ক্ষতি করার প্রবণতা) বিবর্তন ঘটেছে বলা হয়। একই প্রজাতির পোষক প্রাণীর (যারা মাতা-সন্তান সম্পর্কে আবদ্ধ নয়) মধ্যে অনুভূমিক সংবহন ঘটে, বিপরীতে উল্লম্ব সংক্রমণ সংক্রমিত মায়ের থেকে ভ্রূণে অভিব্যক্ত (পোষক প্রাণীর জনসংখ্যার মধ্যে একটি নির্দিষ্ট সময় ধরে উচ্চ অসুস্হতা ও মৃত্যুর হার বিদ্যমান হওয়ার পরে) হয় এবং পোষক জীবের বিবর্তনীয় সাফল্যের সঙ্গে রোগ সংক্রামক জীবাণুটির বিবর্তনীয় সাফল্যের সংযুক্তি নির্দেশ করে। বিবর্তনীয় জীববিজ্ঞানে প্রস্তাব করা হয়েছে যে বহু রোগ সংক্রামক জীবাণুতে এক ধরনের সর্বাপেক্ষা সন্তোষজনক প্রকোপের বিবর্তন ঘটে, যাতে জীবাণুটি বর্ধিত পুনর্লিপিকরণ হারের বদৌলতে বংশবিস্তার ক্ষমতা লাভ করে, কিন্তু ভারসাম্য বজায় রাখতে এর বিপরীতে জীবাণুটির সংবহনযোগ্যতা হ্রাস পেতে হয়; তবে এই সম্পর্কগুলির অন্তর্নিহিত কর্মপদ্ধতিগুলি কী, তা নিয়ে এখনও বিতর্ক আছে।

সংবহন

বিভিন্ন উপায়ে যেমন বায়ুবাহিত হয়ে, প্রত্যক্ষ বা পরোক্ষ সংস্পর্শ দ্বারা, যৌন সংস্পর্শ দ্বারা, রক্ত, মাতৃদুগ্ধ বা অন্যান্য শারীরিক তরলের মাধ্যমে এবং মল-থেকে-মুখ পথে রোগ সংক্রামক জীবাণুর সংবহন ঘটে।)

ভাইরাসঘটিত

ভাইরাস দ্বারা সৃষ্ট ব্যাধির মধ্যে বসন্ত, ইনফ্লুয়েঞ্জা, মাম্পস, হাম, জলবসন্ত, ইবোলা, এবং রুবেলা উল্লেখযোগ্য।

রোগ সংক্রামক ভাইরাসের মধ্যে নিম্নলিখিত ভাইরাস গোত্রগুলি বিশেষভাবে উল্লেখ্য: অ্যাডিনোভাইরিডি (Adenoviridae), পিকর্নাভাইরিডি (Picornaviridae), হার্পিসসভাইরিডি (Herpesviridae), হেপাড্নাভাইরিডি (Hepadnaviridae), ফ্ল্যাভিভাইরিডি (Flaviviridae), রেট্রোভাইরিডি (Retroviridae), অর্থোমিক্সোভাইরিডি (Orthomyxoviridae), প্যারামিক্সোভাইরিডি (Paramyxoviridae), প্যাপোভাভাইরিডি (Papovaviridae), পোলিওমাভাইরাস (Polyomavirus), রাবডোভাইরিডি(Rhabdoviridae), টোগাভাইরিডি (Togaviridae)। ভাইরাস সাধারণত ২০ থেকে ৩০০ ন্যানোমিটার দৈর্ঘ্যবিশিষ্ট।

ছত্রাকজাত

মাইক্রোবের একপ্রকার ইউক্যারিওটিক রাজ্য (কিংডম) নিয়ে ছত্রাক গঠিত ও এরা সাধারণত মৃতভোজী (saprophytes) (মৃত প্রাণীর দেহাংশ খাদ্য হিসাবে গ্রহণ করে)। কিন্তু এরা মানুষ, অন্য প্রাণী ও উদ্ভিদের রোগের কারণও হতে পারে। ছত্রাক হল ফসল এবং অন্যান্য গাছপালার রোগের সবচেয়ে বড় কারণ। সাধারণত ফাংগাল বীজগুটি ১ থেকে ৪০ মাইক্রোমিটার দৈর্ঘ্যবিশিষ্ট হয়।

প্রিয়নজাত

RAISUL ISLAM HRIDOY

প্রিয়ন তত্ত্ব (prion theory) অনুযায়ী প্রিয়ন হচ্ছে এমন এক ধরনের সংক্রামক জীবাণু যার নিউক্লিয়িক অ্যাসিড থাকে না। কিছু রোগ যেমন স্ক্র্যাপি (scrapie), বোভাইন স্পঞ্জিফর্ম এন্সেফ্যালপ্যাথি (bovine spongiform encephalopathy) (উন্মত্ত গরু ব্যাধি), ক্রেউট্জফেল্ড্ট-জেকব রোগ (Creutzfeldt–Jakob disease) ইত্যাদিতে গুণগতভাবে এই অস্বাভাবিক ভাঁজবিশিষ্ট প্রোটিন পাওয়া যায়।

অন্যান্য পরজীবী

কিছু সুকেন্দ্রিক (ইউক্যারিওটিক) জীব যেমন প্রোটিস্ট (protists) এবং হেলমিন্থ (helminths) রোগ সৃষ্টি করে থাকে।

শৈবালজাত

স্তন্যপায়ী প্রাণীর শৈবাল বা শেত্তলাজাত রোগ সংক্রামক জীবাণু দ্বারা সৃষ্ট পরিচিত রোগগুলির মধ্যে উল্লেখযোগ্য হল রোগ হল প্রোটোথিকোসিস (protothecosis)। প্রোটোথিকোসিস প্রোটোথিকা (prototheca) নামক এক ধরনের ক্লোরোফিলবিহীন সবুজ শৈবাল দ্বারা সৃষ্ট এবং এই রোগ কুকুর, বিড়াল, গরু, এবং মানুষের মধ্যে পরিলক্ষিত হয়।

চিকিৎসা ও স্বাস্থ্যসেবা

সাধারণত ব্যাকটেরিয়া নিরোধক (অ্যান্টিবায়োটিক) দ্বারা ব্যাকটেরিয়ার চিকিৎসা করা হয়। অন্যদিকে ভাইরাস নিরোধক (অ্যান্টিভাইরাল) যৌগ দিয়ে ভাইরাসের চিকিৎসা করা হয়। সুকেন্দ্রিক (ইউক্যারিওটিক) রোগ সংক্রামক জীবাণু সাধারণত ব্যাকটেরিয়া নিরোধক ঔষধ দ্বারা নির্মূলযোগ্য নয় এবং এদের বিরুদ্ধে বিশেষ ঔষধের প্রয়োজন হয়। টিকা দ্বারা অনেক রোগ সংক্রামক জীবাণুর সংক্রমণ প্রতিরোধ করা যায়। টিকার মাধ্যমে দুর্বল রোগ সংক্রামক জীবাণু স্বল্প পরিমাণে দেহে প্রবেশ করানো হয় যাতে শরীরের অনাক্রম্যতন্ত্র বা প্রতিরক্ষাতন্ত্র সতর্ক থাকে এবং একটি বৃহত্তর পরিমাণের ভাইরাস যাতে কোনদিনও শরীরে প্রবেশ করতে সক্ষম না হয় তার জন্য প্রতিরক্ষা জোরদার হয়। রোগ সংক্রামক জীবাণুর দ্বারা সংক্রমণ প্রতিরোধে স্বাস্থ্যবিধির ভূমিকা গুরুত্বপূর্ণ।

RAISUL ISLAM HRIDOY

মা ও শিশু স্বাস্থ্য

গর্ভাবস্থায় মায়ের যত্ন

গর্ভকালীন সময়ে একজন মাকে যে স্বাস্থ্যসেবা দেয়া হয় তাই গর্ভকালীন সেবা । গর্ভধারণের সময় হতে সন্তান ভূমিষ্ঠ হওয়া পর্যন্ত সময়কালে মা ও শিশুর যত্নকে গর্ভকালীন যত্ন বা Antinatal Care বলে। এই গর্ভকালীন যত্নের লক্ষ্য হলো মা ও শিশুর সুস্বাস্থ্য নিশ্চিত করা এবং গর্ভজনিত কোনো জটিলতা দেখা দিলে তার প্রতিরোধ বা চিকিৎসা করা। এক কথায় মায়ের স্বাস্থ্যের কোনো অবনতি না করে সমাজকে একটি সুস্থ শিশু উপহার দেয়া।

একজন গর্ভবতী মায়ের গর্ভকালীন সময়ে নিয়মিত স্বাস্থ্যসেবা, নিরাপদ প্রসব এবং প্রসব পরবর্তী স্বাস্থ্য সেবা নিশ্চিত করা গর্ভবতীর স্বামীসহ পরিবারের সকলের সমান দায়িত্ব ।

- গর্ভধারণের পরপরই একজন গর্ভবতী মহিলার গর্ভকালীন যত্নের জন্য স্বাস্থ্যকেন্দ্রে যেতে হবে অথবা ডাক্তারের শরণাপন্ন হওয়া উচিত। প্রথম ভিজিটের পর একজন গর্ভবতীকে সাধারণত ২৮ সপ্তাহ পর্যন্ত প্রতিমাসে একবার, ৩৬ সপ্তাহ পর্যন্ত ১৫ দিনে একবার এবং সন্তান ভূমিষ্ঠ হওয়া পর্যন্ত প্রতি সপ্তাহে একবার এই গর্ভকালীন যত্নের জন্য ডাক্তারের কাছে যেতে হয়।
- ৫ থেকে ৮ মাসের মধ্যে ২টি টিটি টিকা নিতে হয় ।

- বেশি পরিমাণে পুষ্টিকর খাবার ও প্রচুর পরিমাণ পানি পান করতে হবে।
- গর্ভকালীন সময় ভারি কোনো কাজ করা যাবে না।
- হাসিখুশি থাকতে হবে এবং দিনে ১ থেকে ২ ঘন্টা বিশ্রাম ও রাতে অন্তত ৮ ঘন্টা ঘুমাতে হবে।
- যেকোনো স্বাস্থ্যকেন্দ্রে বা ক্লিনিকে ডেলিভারি করানো নিরাপদ। যদি তা সম্ভব না হয়, তবে প্রশিক্ষণপ্রাপ্ত ধাত্রী দ্বারা ডেলিভারি করাতে হবে।
- তবে গর্ভকালীন সময়ে কোনো ধরনের জটিলতা দেখা দিলে অতি দ্রুত স্বাস্থ্যকেন্দ্রে নিয়ে যেতে হবে।

গর্ভবতী মায়ের খাবার

এ সময় মা ও গর্ভের শিশু দু'জনের সুস্থতার জন্য একটু বেশি পরিমাণে পুষ্টিকর খাবার খাওয়া প্রয়োজন। বিশেষ করে শিশু বেড়ে ওঠার জন্য আমিষ জাতীয় খাবার যেমন- মাছ, মাংস, ডিম, ডাল, দুধ বেশি করে খেতে হবে। এ ছাড়া সবুজ ও রঙিন শাকসবজি, তরকারি ও ফল ছাড়াও যেসব খাবারে আয়রন বেশি আছে যেমন কাঁচাকলা, পালং শাক, কচু, কচুশাক, কলিজা ইত্যাদি বেশি বেশি খেতে হবে। আর বেশি পরিমাণে পানি (দিনে ৮/১০ গ্লাস) খেতে হবে এবং রান্নায় আয়োডিনযুক্ত লবণ ব্যবহার করতে হবে।

অনেকেরই ধারণা মা বেশি খেলে পেটের বাচ্চা বড় হয়ে যাবে এবং স্বাভাবিক প্রসব হবে না। অনেকে গর্ভবতী মাকে বিশেষ কিছু খাবার খেতে নিষেধ করে। যেমন- দুধ, মাংস কিছু কিছু মাছ ইত্যাদি। এগুলো খাওয়া তো নিষেধ নয়ই, বরং মা বেশি খেলে মায়ের ও বাচ্চার স্বাস্থ্য ভালো থাকবে। মা প্রসবের ধকল সহ্য করার মতো শক্তি পাবেন এবং মায়ের বুকে বেশি দুধ তৈরি হবে।

এ সময় স্বাভাবিক কাজকর্ম করা শরীরের জন্য ভালো। কিন্তু কিছু কিছু ভারি কাজ যেমন: কাপড় ধোয়া, পানি ভর্তি কলস কাঁখে নেয়া, ভারি বালতি বা হাঁড়ি তোলা উচিত নয়। এ সময় প্রতিদিন গোসল করা, দাঁত মাজা, চুল আঁচড়ানো, পরিষ্কার কাপড় পরা উচিত। এতে শরীর ও মন ভালো থাকে।

গর্ভাবস্থায় কমপক্ষে ৪ বার স্বাস্থ্য পরীক্ষা বা চেকআপের জন্য স্বাস্থ্যকেন্দ্রে যেতে হবে মা ও গর্ভস্থ শিশুর অবস্থা পর্যবেক্ষণ করার জন্য বিশ্ব স্বাস্থ্য সংস্থা গর্ভবতী মাকে গর্ভকালীন সময়ে কমপক্ষে ৪ বার স্বাস্থ্যকেন্দ্রে চেকআপের জন্য যাওয়ার সুপারিশ করেছে, এর মাধ্যমে ৬টি সেবা নিশ্চিত করা হয়। তবে মনে রাখা দরকার যে, গর্ভবতী মায়ের অবস্থা ও প্রয়োজন অনুযায়ী ৪ বার এর বেশি চেকআপে যাওয়ার প্রয়োজন হতে পারে।

বাংলাদেশ সরকার কর্তৃক নির্ধারিত গর্ভকালীন স্বাস্থ্যসেবা/চেকআপের সময়সূচি

- ১মঃ ৪র্থ মাসের মধ্যে (১৬ সপ্তাহ)
- ২য়ঃ ৬ষ্ঠ মাসে (২৪ সপ্তাহ)
- ৩য়ঃ ৮ম মাসে (৩২ সপ্তাহ)
- ৪র্থঃ ৯ম মাসে (৩৬ সপ্তাহ)

নবজাতক শিশুর যত্ন

নবজাতককে জন্মের পরপরই শুষ্ক ও নরম কাপড় দিয়ে প্রথমে মাথা ও পরে গলা, কাঁধ,বুক, পেট ও শরীরের বাকি অংশ পর্যায়ক্রমে মুছে ফেলতে হবে। তারপর উষ্ণ কাপড় দিয়ে জড়িয়ে (মুখমণ্ডলবাদে) ফেলতে হবে এবং যত দ্রুত সম্ভব শাল দুধ খাওয়ার জন্য দিতে হবে। জন্মের পর থেকে প্রথম ৬ মাস পর্যন্ত মায়ের বুকের দুধ ছাড়া একফোঁটা পানি দেয়ারও প্রয়োজন নেই। কারণ শালদুধেই প্রয়োজনীয় সকল পুষ্টি উপাদান থাকে। শিশু জন্মের পর মায়ের শরীরে প্রথম যে আঠালো ঘন হলুদ দুধ পাওয়া যায় সেটাই শালদুধ। শালদুধ খেলে শিশুর রোগ প্রতিরোধ ক্ষমতা বৃদ্ধি পায়। শিশুর শারীরিক ও মানসিক বিকাশ সঠিকভাবে হয়। শিশুকে

RAISUL ISLAM HRIDOY

শালদুধ খাওয়ানোর সময় মায়ের বুকের সাথে লাগিয়ে রাখতে হবে, যাতে শিশুর ত্বক মায়ের ত্বকের সংস্পর্শ পায়, এতে হাইপোথার্মিয়া (তাপমাত্রা কমে যাওয়া) হওয়ার সম্ভাবনা কম থাকে।

শিশুকে খাওয়ানোর সময়

শিশুকে সঠিক সময়ে খাওয়ানো খুব গুরুত্বপূর্ণ। নবজাতক শিশুকে প্রতি ২ থেকে ৩ ঘণ্টা পরপরই খাওয়ানো উচিত। অর্থাৎ ২৪ ঘণ্টার মধ্যে আপনাকে ৮-১২ বার শিশুকে দুধ খাওয়াতে হতে পারে। শিশুর প্রথম ৬ মাসে শিশুকে শুধুমাত্র মায়ের বুকের দুধ খাওয়ানো উচিত। মায়ের দুধে রয়েছে শিশুর জন্য প্রয়োজনীয় সকল পুষ্টি এবং অ্যান্টিবডি, যা শিশুর বর্ধন এবং রোগপ্রতিরোধ ক্ষমতাকে বৃদ্ধি করে। অনেক সময় বাচ্চারা বিভিন্ন কারণে দুধ পায়না কিংবা খেতে পারেনা। সেক্ষেত্রে ডাক্তারের পরামর্শ নিয়ে শিশুকে ফর্মুলা দুধ খাওয়াতে হবে। সেক্ষেত্রে কেনার আগে অবশ্যই দুধের মেয়াদ উত্তীর্ণ হওয়ার তারি, সঠিক পরিমাণ এবং দুধের গুণগত মান যাচাই করে নিন। আর যদি কেনা দুধ খাওয়ানোর ফলে শিশুর কোনো সমস্যার সৃষ্টি হয় শিশুকে ডাক্তারের কাছে নিয়ে যেতে হবে।

ইম্যুনাইজেশন ও ভ্যাকসিনেশন

টিকাদান (Vaccination) হ'ল টিকা সম্পাদনের মাধ্যমে কোনও রোগ থেকে সুরক্ষা বিকাশে সহায়তা করার জন্য প্রতিরোধ ব্যবস্থা গড়ে তোলার ব্যবস্থা করা। টিকায় থাকে দূর্বল মাত্রায় সজীব অথবা মৃত আণুবিক্ষণীক জীব বা ভাইরাস অথবা আণুবিক্ষণীক জীব থেকে প্রাপ্ত প্রোটিন বা বিষাক্ত উপাদান। এটি শরীরের অভিযোজিত প্রতিরোধ ক্ষমতা কে উদ্দীপ্ত করে কোনও সংক্রামক রোগ থেকে অসুস্থতা রোধ করতে সহায়তা করে। মানুষের উপর পর্যাপ্ত পরিমাণে টিকা দেওয়ার আগে এর প্রয়োগে গবাদিপশুর প্রতিরোধ ক্ষমতার ফলাফল ভালোভাবে যাচাই করা হয়। ব্যাপকভাবে পর্যবেক্ষণ ও যাচাই করা হয় টিকাদানের কার্যকারিতা। সংক্রামক রোগ প্রতিরোধের সবচেয়ে কার্যকর পদ্ধতি হল টিকাদান। টিকাদানের কারণে ব্যাপক অনাক্রম্যতায় গুটি বসন্তর বিশ্বব্যাপী নির্মূলকরণ এবং পোলিও এবং টিটেনাস এর মতো রোগ নির্মূলের জন্য মূলত ব্যবহৃত হয়েছে।

মানুষের মধ্যে ইনোকুলেশন দ্বারা প্রথম যে রোগটি প্রতিরোধ করার চেষ্টা করা হয়েছিল সেটি সম্ভবত গুটি বসন্ত এবং সেই ঘটনার রেকর্ডটি ১৬ শতকের চীন এ রয়েছে। প্রথম এই রোগটির জন্যই টিকাও তৈরি করা হয়েছিল। একই নীতি বহু বছর আগে কমপক্ষে ছয় জন ব্যবহার করেছিল। তবে ১৭৯৬ সালে ইংরেজি চিকিৎসক এডওয়ার্ড জেনার গুটি বসন্তর জন্য আবিষ্কার করেছিলেন। তিনিই প্রথম কার্যকরভাবে এর প্রমাণ পেশ করেছিলেন এবং এর উৎপাদন সম্পর্কে পরামর্শ প্রদান করেছিলেন। লুই পাস্তুর মাইক্রোবায়োলজিতে তাঁর কাজের মাধ্যমে ধারণাটি আরও উন্নত করে তোলেন। একে টিকাদান (vaccination) বলা হয় কারণ এটি গরু (লাতিন: vacca 'cow' বা 'গরু') এর ক্ষতিগ্রস্ত ভাইরাস থেকে নেওয়া হয়েছিল। সংক্রামক গুটি বসন্ত ছিল একটি মারাত্মক রোগ। এর ফলে সংক্রামিত প্রাপ্ত বয়স্কদের ২০-৬০% এবং আক্রান্ত শিশুদের ৮০% এর বেশি মারা যেত। সর্বশেষে ১৯৭৯ সালে গুটি বসন্ত রোগটিকে যখন নির্মূল করা হয় ততোদিনে এই রোগটি দ্বারা বিংশ শতাব্দীতে আনুমানিক ৩০০-৫৫০০ মিলিয়ন মানুষ মারা গিয়েছে।

ভ্যাকসিনেশন এবং টিকাদান শব্দ দুটি দৈনন্দিন ভাষার একই অর্থে ব্যবহৃত হয়। এটি ইনোকিউলেশন থেকে পৃথক। সেখানে জীবন্ত প্যাথোজেন ব্যবহৃত হয়। বৈজ্ঞানিক, নৈতিক, রাজনৈতিক, চিকিৎসা সুরক্ষা এবং ধর্মীয় ভিত্তিতে টিকা দেওয়ার প্রচেষ্টায় কিছুটা অনীহা দেখা গেলেও কোনও বড় ধর্মীয় সম্প্রদায়ই টিকা

RAISUL ISLAM HRIDOY

দেওয়ার তেমন বিরোধিতা করে নি এবং তাদের কেউ কেউ জীবন বাঁচানোর সম্ভাব্যতা বৃদ্ধির কারণে এটিকে বাধ্যবাধকতা বলেই মনে করেছে। মার্কিন যুক্তরাষ্ট্রে জাতীয় ভ্যাকসিন ইনজুরি ক্ষতিপূরণ প্রোগ্রাম এর আওতায় ক্ষতিগ্রস্তরা ক্ষতিপূরণ পেতে পারে। প্রাথমিক সাফল্য ব্যাপকভাবে গ্রহণযোগ্যতা আনায় এবং গণ টিকাকরণের কারণে বহু ভৌগোলিক অঞ্চলে অনেক রোগের প্রকোপ ব্যাপকভাবে হ্রাস পেয়েছে।

সম্প্রসারিত টিকাদান কর্মসূচি (ইংরেজি: Expanded Program on Immunization সংক্ষেপে EPI ইপিআই) হল বিশ্ব স্বাস্থ্য সংস্থা কর্তৃক পরিচালিত টিকাদান কর্মসূচি যার লক্ষ্য সারা পৃথিবীর সকল শিশুকে এ কর্মসূচির অধীন নিয়ে আসা। এটি জাতিসংঘের সদস্যরাষ্ট্রগুলিতে শিশুদের সংক্রামক রোগগুলির বিরুদ্ধে টিকাদানের মাধ্যমে শিশু মৃত্যুহার কমানোর জন্য বিশ্ব স্বাস্থ্য সংস্থা পরিচালিত একটি চলমান কর্মসূচি। ৭ এপ্রিল ১৯৭৯ বাংলাদেশে ১ বছরের কম বয়সী সকল শিশুদের বহুল পরিচালিত সংক্রামক রোগ যক্ষ্মা,ডিপথেরিয়া, হুপিংকাশি, হাম, পোলিও-মাইটিস এবং মা ও নবজাতকের ধনুষ্টংকার বিষয়ে কাজ শুরুকরে। পরবর্তীকালে এর অধীনে ২০০৩ সাল থেকে হেপাটাইটিস রোগের টিকা, ২০০৯ সাল থেকে হিমোফাইলাস রোগের টিকা দেওয়া হচ্ছে। ২০১৫ সাল থেকে নিউমোনিয়ার (ফুসফুস প্রদাহ) টিকা দেওয়া হচ্ছে।

কর্মসূচী

ক্রমিক	রোগের নাম	টিকার নাম
১	যক্ষা	বিসিজি
২	পোলিও-মাইটিস	ওপিভি
৩	১।ডিপথেরিয়া২।হুপিংকাশি৩।ধনুষ্টংকার৪।হিমোফাইলাস বি ইনফ্লুঞ্জা৫।হেপাটাসিস বি	পেন্টাভ্যালেন্ট টিকা
৪	নিউমোকক্কাল নিউমোনিয়া	পিসিভি
৫	হাম ও রুবেলা	এম আর ভ্যাকসিন
৬	ধনুষ্টংকার	টিটি

RAISUL ISLAM HRIDOY

এইডস, যক্ষ্মা, পোলিও

এইডস AIDS এর পূর্ণরূপ: Acquired Immuno Deficiency Syndrome হচ্ছে এইচ.আই.ভি. (HIV; পূর্ণরূপ: "((Human Immunodeficiency Virus) তথা "মানব প্রতিরক্ষা অভাবসৃষ্টিকারী ভাইরাস" নামক ভাইরাসের কারণে সৃষ্ট একটি রোগলক্ষণসমষ্টি, যা মানুষের দেহে রোগ-প্রতিরোধের ক্ষমতা বা প্রতিরক্ষা তথা অনাক্রম্যতা হ্রাস করে। এর ফলে একজন এইডস রোগী খুব সহজেই যে কোনও সংক্রামক রোগে আক্রান্ত হতে পারে, যা শেষ পর্যন্ত তার মৃত্যু ঘটাতে পারে।

এইচ.আই.ভি. (মানব প্রতিরক্ষা অভাবসৃষ্টিকারী ভাইরাস) সংক্রমণের সঙ্গে সঙ্গেই সর্বদা এইডস হয়না। শুরুতে ক্ষেত্রবিশেষে ইনফ্লুয়েঞ্জা জাতীয় উপসর্গ দেখা যেতে পারে। এরপর বহুদিন কোনও উপসর্গ দেখা যায় না। এইচ.আই.ভি. ভাইরাসের আক্রমণ বৃদ্ধির সাথে সাথে দেহের প্রতিরক্ষাতন্ত্র বা অনাক্রম্যতন্ত্র দুর্বল হতে থাকে এবং আক্রান্ত ব্যক্তি সাধারণ সংক্রামক ব্যাধি যেমন যক্ষ্মায় যেমন আক্রান্ত হতে পারেন, তেমনই

সুযোগসন্ধানী সংক্রামক ব্যাধি এবং অর্বুদ বা টিউমারের শিকার হতে পারেন, যেগুলি কেবলমাত্র সেসব লোকেরই হয়, যাদের দেহের অনাক্রম্যতন্ত্র (বা রোগ প্রতিরোধ ব্যবস্থা) কাজ করে না। এইচ.আই.ভি. সংক্রমণের এই পর্যায়টিকেই এইডস বলা হয়। এই পর্যায়ে প্রায়শই রোগীর অনিচ্ছাকৃতভাবে ও অত্যধিক পরিমাণে ওজন হ্রাস পায়।

এইডস এর প্রধান লক্ষণ

কোনও রোগী এইডসে আক্রান্ত কী না, তা জানার উপায় রয়েছে। এইডসে আক্রান্ত রোগীদের মধ্যে নানারকমের লক্ষণ দেখা দেয়, একটু ভাল করে লক্ষ্য করলে তা বুঝতে পারবেন –

- শুকনো কাশি
- নিমোনিয়া
- কোনও কাজ না করেও ক্লান্তি
- এক সপ্তাহেরও বেশি যদি ডায়েরিয়ার সমস্যা হয়
- অবসাদ
- নার্ভের সমস্যা
- অস্বাভাবিক দ্রুত ওজন হ্রাস
- বারবার জ্বর আসা
- ঘাড়ে বা বগলের কাছে ফোলাভাব
- গলা খুশখুশ
- স্মৃতি হারিয়ে ফেলা

RAISUL ISLAM HRIDOY

এইচ আই ভি

এইচআইভি এক ধরণের ভাইরাস যা আপনার ইমিউন সিস্টেম বা রোগ প্রতিরোধকারী (এইচ আই ভি লক্ষন) ক্ষমতাকে নষ্ট করে দেয়। সেই ইমিউন সিস্টেম যা এতদিন বিভিন্ন রোগ ব্যাধির হাত থেকে আপনার শরীরকে রক্ষা করে এসেছে।

এইচ আই ভির লক্ষণ কি কি

যদিও কিছু কিছু লক্ষণ দেখে এটা ধারণা করা যায় যে হয়ত মানুষটি এইচ আই ভি-তে আক্রান্ত, কিন্তু আমরা সবসময়ে পরামর্শ দিয়ে থাকি যে সত্যতা যাচাই করার জন্য চিকিৎসকের কাছে গিয়ে অবশ্যই নিজের স্বাস্থ্য পরীক্ষা করান। তবে কিছু কিছু লক্ষণ দেখা দিলে অবহেলা করবেন না –

- জ্বর এবং অত্যধিক শীত লাগা
- রাতে খুব বেশি ঘাম হওয়া
- মাংসপেশিতে টান এবং সারা শরীরে যন্ত্রণা
- শরীরে র‍্যাশ বেরনো
- গলায় ব্যথা
- ক্লান্তি
- গলা ফুলে যাওয়া
- মাউথ আলসার

কীভাবে এইচ আই ভি/এইডস সংক্রমণ হয়ে থাকে

সাধারণত বিভিন্ন বডি ফ্লুইড বা শারীরিক তরলের মাধ্যমে এক জন থেকে আরেক জনের শরীরে এই ভাইরাস (Aids Symptoms In Bengali) ছড়িয়ে পড়ে। রক্ত, সিমেন, ভ্যাজাইনাল ও রেকটাল ফ্লুইড এবং মাতৃদুগ্ধের মাধ্যমে এই ভাইরাস ছড়িয়ে পড়ার আশঙ্কা অনেক বেশি মাত্রায় থাকে (এইচ আই ভির লক্ষণ)। এছাড়াও যেভাবে এই ভাইরাস অন্যের শরীরে প্রবেশ করতে পারে সেগুলি হলো –

১। এইচআইভি সংক্রমণ সবচেয়ে বেশি হয়ে থাকে ভ্যাজাইনাল বা অ্যানাল সেক্সের মাধ্যমে। সমকামী পুরুষ যারা কোনও সুরক্ষা ছাড়া অন্য পুরুষের সঙ্গে যৌন সংসর্গ করেন তাদের মধ্যে এই আশঙ্কা বেশি থাকে।

২। অসুরক্ষিত বা অন্যের ব্যবহৃত সিরিঞ্জ, সূচ ব্যবহার করলে।

৩। ট্যাটু করলে বা নাক/কান পিয়ারসিং করলে। যদি এই যন্ত্রগুলো স্টেরিলাইজ না করা হয় তাহলে এই আশঙ্কা থাকে।

৪। কোনও সম্ভাব্য মা যদি এইচ আই ভি পজিটিভ হয় তাহলে জন্মের পর তার সন্তানের রক্তেও এই ভাইরাস থাকতে পারে।

৫। স্তন্যপানের সময়।

৬। বাচ্চার খাবার তাকে দেওয়ার আগে নিজে চিবিয়ে দেওয়ার জন্য

৭। এইচ আই ভি পজিটিভ আছে এমন কেউ যদি আপনাকে রক্ত দেয় তাহলেও এই ভাইরাস (এইডস এর প্রধান লক্ষণ) আপনার শরীরে প্রবেশ করতে পারে।

এইচআইভি সংক্রামক কখন হয়

যদিও এইচ আই ভি বা এইডস সংক্রামক নয়, তবে বাড়াবাড়ি হলে তা সংক্রমণের পর্যায়ে পৌঁছে যেতে পারে। এইচ আই ভি সংক্রমণের প্রথম পর্যায়ে রক্ত এবং বীর্যে জীবাণুর মাত্রা সবচেয়ে বেশি থাকে। এই সময়ে মানবদেহে খুব সহজেই এই আই ভি-র জীবাণু প্রবেশ করতে পারে। যদিও প্রাথমিক পর্যায়ে বাইরে থেকে বোঝা যায় না, তবে এই সময়েও কিন্তু আই আই ভি-তে আক্রান্ত ব্যক্তির শরীর থেকে অন্যজনের শরীরে এই জীবাণু প্রবেশ করতে পারে। যদিও বিশেষজ্ঞদের মতে, যদি কারও শরীরে এইডসের লক্ষণ চোখে পড়ে কিন্তু কোনও জীবাণু ধরা না পড়ে, সেক্ষেত্রে শুধুমাত্র স্পর্শ থেকে এই জীবাণুসংক্রমণ সম্ভব নয়।

RAISUL ISLAM HRIDOY

এইচ আই ভি/এইডস কখন সংক্রমিত হয় না

১। কোনও এইডস রোগীকে আপনি ছুঁলে।

২। কোনও এইডস রোগীর সঙ্গে করমর্দন করলে বা তাকে জড়িয়ে ধরলে।

৩। এইচ আই ভি পজিটিভ আছে বা এইডসে আক্রান্ত এমন কারও সঙ্গে এক টেবিলে বা এক থালায় খেলে বা তার গ্লাসে কোনও পানীয় পান করলেও এইডস হয় না।

৪। এইডস রোগীর তোয়ালে, বিছানা বা বালিশ ব্যবহার করলে।

৫। কোনও এইডস রোগী যে টয়লেট ব্যবহার করছেন, সেই একই টয়লেট ব্যবহার করলে।

৬। এইডস রোগীকে কোনও পোকা বা মশা কামড়ালে সেই পোকা বা মশা যদি আপনাকে কামড়ায় তাহলেও এই রোগ সংক্রমিত হয় না।

এইচ আই ভি/এইডস সংক্রমণের তিনটি ধাপ

এইচ আই ভি সংক্রমণ তিনটি স্তরে হয়ে থাকে। সঠিক সময়ে চিকিৎসা না করলে এটি আপনার ইমিউন ব্যবস্থাকে পুরো নষ্ট করে দিতে পারে। এই স্তর গুলি হলো –

প্রথম স্টেজ – অ্যাকিউট এইচ আই ভি ইনফেকশান (Acute HIV Infection)

প্রথম প্রথম এইচ আই ভি দ্বারা আক্রান্ত (এইডস রোগের লক্ষণ) হলে তার বিশেষ কোনও প্রভাব শরীরে পড়ে না। তবে আস্তে আস্তে তার প্রভাব দেখা যায়। দেখা যায় প্রতি ২ থেকে ৬ সপ্তাহর মধ্যে আপনি অসুস্থ হয়ে পড়ছেন। এই শারীরিক অবস্থাকে বলা হয় রেট্রোভাইরাল সিনড্রম বা প্রাথমিক এইচ আই ভি সংক্রমণ। এইডসের এই প্রথম স্টেজে ফ্লুর মতো জ্বর হয় আবার এক দু সপ্তাহ পরে সেরেও যায়।এছাড়াও এই স্তরে দেখা এইডস -এর যে লক্ষণগুলো (HIV Symptoms In Bengali) দেখা যায় সেগুলো হল মাথাব্যথা (Headache), পেটখারাপ (Diarrhea) , মাথাঘোরা (Nausea) ও বমি (Vomiting), ক্লান্তি (Fatigue), পেশীর ব্যথা (Muscle Pain), গলা ব্যথা (Throat Pain), গাঁট ফুলে যাওয়া (Swollen Lymph Nodes), শরীরের ঊর্ধ্বাংশ বা টরসোতে লাল লাল গোটা গোটা দাগ (Red Rashes), তীব্র জ্বর (High Fever) ইত্যাদি। অসুরক্ষিত যৌন সঙ্গম (Unprotected Sex) বা অন্যান্য কারণে এইচ আই ভির ভাইরাস আপনার শরীরে প্রবেশ করতে পারে। আপনি এই ভাইরাস প্রতিরোধ করার জন্য অ্যান্টি এইচ আই ভি ওষুধ খেতে পারেন। তবে তার আগে ডাক্তারের পরামর্শ নেওয়া প্রয়োজন কারণ এই ওষুধ বা যার ডাক্তারি নাম পিইপি, তার অনেক ক্ষতিকর পার্শ্ব প্রতিক্রিয়া আছে।

দ্বিতীয় স্টেজ – ক্রনিক এইচআইভি ইনফেকশান (Chronic HIV Infection)

Aids-Symptoms-In-Bengaliপ্রথম স্টেজের ফ্লুর লক্ষণ চলে যাওয়ার পর যে সময় আসে ডাক্তারি পরিভাষায় তাকে অ্যাসিম্পটোম্যাটিক (Asymptomatic) বা ক্লিনিক্যালি লেটেন্ট পিরিয়ড (Clinically Latent Period) বলে অর্থাৎ এই সময় এইচ আই ভি সংক্রমণ বা এইডস এর লক্ষন (HIV Symptoms In Bengali) বোঝা যায় না। আর সেই কারণেই এই দ্বিতীয় ষ্টেজ খুবই ভয়ঙ্কর। আপনি বুঝতেই পারবেন না আপনার শরীরে কতটা শক্তিশালী ভাইরাস বাসা বেঁধে আছে। আর নিজের অজান্তেই এইচ আইভি এর ভাইরাস অন্যের শরীরে স্থানান্তরিত হয়ে যাবে। ক্রনিক এইচ আই ভি ইনফেকশানের এই দ্বিতীয় ষ্টেজ দশ বছর পর্যন্ত দীর্ঘস্থায়ী হতে পারে।

RAISUL ISLAM HRIDOY

দ্বিতীয় ষ্টেজ চলাকালীন যদি আপনি সেটা বুঝতে না পারেন এবং চিকিৎসা না করান, তাহলে এইচ আই ভি ভাইরাস আপনার ইমিউন সিস্টেম বা রোগ প্রতিরোধকারী ক্ষমতা একদম নষ্ট করে দেবে। তাছাড়া এটি নষ্ট করে দেবে রক্তের সি-ডি-ফোর-টি কোষ। রক্ত পরীক্ষার মাধ্যমে বোঝা যাবে আপনার রক্তে এই কোষ কত পরিমাণে আছে। যখন ইমিউন সিস্টেম ভেঙে পড়ার কারণে আপনার রক্তে এই কোষের সংখ্যা কমে যাবে আপনি আরও দ্রুত অসুস্থ হয়ে পড়বেন। তবে আস্বস্ত হওয়ার মতো খবর হল, সঠিক চিকিৎসার মাধ্যমে সঠিক ওষুধ খেলে এবং ঠিকঠাক খাওয়া দাওয়া করলে এই ষ্টেজ অনেকটাই নিয়ন্ত্রণে থাকে।

তৃতীয় বা অ্যাডভান্স ষ্টেজ – এইডস (Acquired Immunodeficiency Syndrome – AIDS)

আগেই বলেছি এইচ আই ভি এবং এইডস এই দুটো শব্দ নিয়ে আমাদের মধ্যে প্রচুর ভুল ধারণা আছে। এইচ আই ভি পজিটিভ মানেই কিন্তু এইডস রোগী নয়। এইচ আই ভি পজিটিভের শেষ দশা বা তৃতীয় ষ্টেজ হল এইডস (AIDS)। তৃতীয় বা অ্যাডভান্সড ষ্টেজ তখনই দেখা যায় যখন কারও রক্তে প্রতি মাইক্রো লিটারে সি-ডি-ফোর-টি কোষ ২০০র নীচে নেমে যায়। এছাড়াও কিছু রোগ আছে যেগুলি এইডস এর সাথে জড়িত। যেমন কাপোসি'স সারকোমা (Kaposi's Sarcoma) যা হলো এক ধরণের চর্মরোগ বা ত্বকের ক্যানসার এবং নিউমোসাইটিস নিউমোনিয়া (Pneumocystis Pneumonia), ফুসফুসের এক ধরণের রোগ যদি কারও হয়ে থাকে তবে তাদের এইডস হওয়ার আশঙ্কা অনেক বেশি থাকে। এইচ আই ভি সংক্রমনের এই তৃতীয় বা ষ্টেজ

স্তরে যে লক্ষণগুলো (HIV এর লক্ষণ) দেখা যায় সেগুলো হল – সব সময় ক্লান্ত থাকা, ফোলা লিম্ফ নোড যা মূলত দেখা যায় গলা ও পেট ও থাইয়ের মাঝবরাবর অংশে, জ্বর যা দশ দিন পর্যন্ত স্থায়ী হতে পারে, রাত্রে ঘাম হওয়া, হঠাৎ করে ওজন কমে যাওয়া, ত্বকের উপর বেগুনি রঙের দাগ যেগুলো কিছুতেই দূর হয় না, হাঁপানি, অনেক দিন ধরে ডায়রিয়া হওয়া, মুখ, গলা ও ভ্যাজাইনাতে ছত্রাক সংক্রমণ, হঠাৎ করে রক্তক্ষরণ বা চোট পাওয়া ইত্যাদি।

যদিও এখনও পর্যন্ত এই রোগের একদম সঠিক কোনও চিকিৎসা পদ্ধতি বা ওষুধ আবিষ্কার হয়নি, তবে যারা সঠিক সময়ে এইডস এর লক্ষণ (HIV এর লক্ষণ) বুঝতে পেরে ডাক্তারের কাছে গিয়ে চিকিৎসা করান, তারা অনেক বেশি দিন বাঁচেন। কিন্তু যারা সমাজ ও লোকলজ্জার ভয়ে সিম্পটম জানা সত্ত্বেও চিকিৎসা করান না, তারা ৩ বছরের বেশি বাঁচেন না।

এইচ আই ভি/এইডস টেস্ট (Testing) – H2

HIV-Symptoms-In-Bengali-3এইচ আই ভি বা এইডসের কোনওরকম লক্ষণও যদি শরীরে দেখা যায়, সেক্ষেত্রে দেরি না করে সত্বর চিকিৎসকের পরামর্শ নেওয়া প্রয়োজন। যাতে অন্য কারও মধ্যে এই জিনবানু সংক্রমণ না হয়, সেজন্য প্রাথমিক স্তরেই পরীক্ষা প্রয়োজন। ইদানিং চিকিৎসা ব্যবস্থার উন্নতির ফলে 'ফোরথ জেনারেশন এইচ আই ভি টেস্ট' করানো সম্ভব। আগে শুধুমাত্র এইচ আই ভি-র অ্যান্টিবডি শরীরে রয়েছে কিনা তা জানা যেত পরীক্ষার মাধ্যমে; তবে এখন এইছ আই ভি অ্যান্টিবডির সঙ্গে p24 antigens-ও ধরা যায় যার ফলে অনেক আগেই চিকিৎসা শুরু করা সম্ভব।

এইচ আই ভি/এইডস এর প্রতিকার

এইচ আই ভি-র চিকিৎসা সম্পূর্ণভাবে নির্ভর করে রোগীর শারীরিক অবস্থার উপরে। সাধারণত যদি দেখা যায় যে এইছ আইভি-তে আক্রান্ত রোগীর শরীরে প্রতিরোধ ক্ষমতা খুব একটা কম নয়, সেক্ষেত্রে প্রাথমিকভাবে ওষুধের মাধ্যমে চিকিৎসা করা হয়। নানা ধরনের অ্যান্টিরেট্রোভাইরাল ওষুধ প্রয়োগ করা হয় রোগীর উপরে। যতক্ষণ না পর্যন্ত রোগীর রক্তে এইচ আই ভি-র জীবাণুর আর কোনও অংশবিশেষও না থাকে, ততক্ষন পর্যন্ত এই ওষুধের প্রয়োগ করা হয়।

তবে আইচ আই ভি বা এইডসের লক্ষণ ধরা পড়তে যদি বেশ অনেকটা সময় লেগে যায় সেক্ষেত্রে অন্য ধরনের চিকিৎসা করা হয়ে থাকে। যেহেতু এইচ আই ভি রোগীর শরীরে রোগ প্রতিরোধ ক্ষমতা দিন দিন হ্রাস পেতে থাকে, কাজেই অন্য ধরনের জীবাণু সংক্রমণ যেমন হেপাটাইটিস বা যক্ষ্মার মতো মারাত্মক অসুখও শরীরে দানা বাঁধতে পারে। এছাড়া নার্ভের সমস্যা, হার্টের সমস্যা বা ক্যান্সারের মতো কঠিন সমস্যাও দেখা দিতে পারে অনেকসময়ে। সেক্ষেত্রে সম্পূর্ণভাবে চিকিৎসকের উপরে নির্ভর করা ছাড়া আর কোনও উপায় নেই।

যক্ষ্মা

যক্ষ্মা বা যক্ষা (টিউবার্কিউলোসিস্ বা টিবি) একটি সংক্রামক রোগ যার কারণ মাইকোব্যাক্টেরিয়াম টিউবারকিউলোসিস নামের জীবাণু। ২০১৮ সালে সারা বিশ্বে এই রোগে আক্রান্ত হয় এক কোটি মানুষ এবং মারা যায় ১৫ লাখ মানুষ।

"যক্ষ্মা" শব্দটা এসেছে "রাজক্ষয়" থেকে। ক্ষয় বলার কারণ এতে রোগীরা খুব শীর্ণ (রোগা) হয়ে পড়েন। যক্ষ্মা প্রায় যেকোনও অঙ্গে হতে পারে (ব্যতিক্রম কেবল হৃৎপিণ্ড, অগ্ন্যাশয়, ঐচ্ছিক পেশী ও থাইরয়েড গ্রন্থি)। যক্ষ্মা সবচেয়ে বেশি দেখা যায় ফুসফুসে। গরুর দুধ পাস্তুরায়ণ প্রচলনের আগে অন্ত্রেও অনেক বেশি হত।

RAISUL ISLAM HRIDOY

টিকা বা ভ্যাকসিনেশন-র মধ্যে দিয়ে যক্ষ্মা প্রতিরোধ করা যায়।

রোগের লক্ষণ ও উপসর্গ

ফুসফুসে যক্ষ্মা হলে হাল্কা জ্বর ও কাশি হতে পারে। কাশির সঙ্গে গলার ভিতর থেকে থুতুতে রক্তও বেরোতে পারে। মুখ না ঢেকে কাশলে যক্ষ্মা সংক্রমণিত থুতুর ফোঁটা বাতাসে ছড়ায়। আলো-বাতাসহীন অস্বাস্থ্যকর বদ্ধ পরিবেশে মাইকোব্যাক্টেরিয়াম অনেকক্ষণ বেঁচে থাকে।বাংলাদেশের প্রেক্ষাপট হিসেবে ৫-৬ মাস জ্বর থাকার মূল কারণ এই টিবি। সাধারনত

-তিন সপ্তাহের বেশি কাশি

-জ্বর

-কাশির সাথে কফ এবং মাঝে মাঝে রক্ত বের হওয়া

-ওজন কমে যাওয়া

-বুকে ব্যথা, দুর্বলতা ও ক্ষুধামন্দা

ইত্যাদি ফুসফুসের যক্ষার প্রধান উপসর্গ।

যক্ষা ফুসফুস থেকে অন্যান্য অঙ্গেও ছড়িয়ে পরতে পারে বিশেষ করে যাদের রোগপ্রতিরোধ ক্ষমতা দুর্বল তাদের এবং বাচ্চাদের ক্ষেত্রে। তখন একে "অ-শ্বাসতন্ত্রীয় যক্ষা" (Extrapulmonary Tuberculosis) বলা হয়, যেমন প্লুরাতে প্লুরিসি, কেন্দ্রীয় স্নায়ুতন্ত্রে মেনিনজাইটিস, লসিকাতন্ত্রে স্ক্রফুলা, প্রজনন তন্ত্রে প্রজনন তন্ত্রীয় যক্ষা, পরিপাক তন্ত্রে পরিপাক তন্ত্রীয় যক্ষা এবং অস্থিকলায় পট'স ডিজিস। বিশেষ ধরনের ছড়িয়ে যাওয়া যক্ষাকে বলা হয় মিলিয়ারী যক্ষা (Miliary tuberculosis)। অনেক ক্ষেত্রে ফুসফুসীয় এবং অ-ফুসফুসীয় যক্ষা একসাথে বিদ্যমান থাক্তে পারে। পৃথিবীর যক্ষ্মা রোগীদের এক তৃতীয়াংশেরও বেশি (প্রায় অর্ধেক) ভারতীয় উপমহাদেশবাসী। জীবাণু শরীরে ঢুকলেই সবার যক্ষ্মা হয় না। যাদের শরীরের রোগ প্রতিরোধ ক্ষমতা কম তাদের ক্ষেত্রে যক্ষ্মা বেশি হয়।

যক্ষ্মা কিভাবে ছড়ায়

বাতাসের মাধ্যমে যক্ষা রোগের জীবাণু ছড়ায়। যক্ষা রোগে আক্রান্ত ব্যক্তির হাঁচি বা কাশির মাধ্যমে রোগের জীবাণু বাতাসে গিয়ে মিশে এবং রোগের সংক্রমণ ঘটায়।

RAISUL ISLAM HRIDOY

রোগ নির্নয়

যক্ষার লক্ষণ ও উপসর্গগুলো হলো: সাধারণ লক্ষণ

অস্বাভাবিকভাবে ওজন হ্রাস পাওয়া অবসাদ অনুভব করা জ্বর রাতে ঘাম হওয়া কাপুনী ক্ষুধা মন্দা

অন্যান্য লক্ষণ

তিন সপ্তাহ বা এর অধিক সময় ধরে কাশি কাশির সাথে রক্ত যাওয়া বুকে ব্যথা অথবা শ্বাস নেয়ার সময় ও কাশির সময় ব্যথা হওয়া

যক্ষ্মা প্রতিরোধ করার উপায়

১। জন্মের পর পর প্রত্যেক শিশুকে বিসিজি টিকা দেয়া

২। হাঁচি-কাশি দেয়ার সময় রুমাল ব্যবহার করা

৩। যেখানে সেখানে থুথু না ফেলা

৪। রোগীর কফ থুথু নির্দিষ্ট পাত্রে ফেলে তা মাটিতে পুঁতে ফেলা

পোলিও

পোলিওমাইলিটিজ এক ধরনের ভাইরাসজনিত সংক্রামক রোগ। সচরাচর এটি পোলিও নামেই সর্বাধিক পরিচিত। এক ব্যক্তি থেকে অন্য ব্যক্তি এ ধরনের ভাইরাসের মাধ্যমে আক্রান্ত হন। এ রোগে আক্রান্ত ব্যক্তি সাময়িক কিংবা স্থায়ীভাবে শারীরিক ক্ষতির সম্মুখীন হন ও তার অঙ্গ অবশ বা পক্ষাঘাতে আক্রান্ত হয়ে পড়ে। সাধারণতঃ এ সংক্রমণ শিশুসহ কিশোরদের মাঝে প্রবাহিত হয়ে থাকে। শতকরা ৯৫ ভাগেরও অধিক পোলিও আক্রান্ত রোগীর শরীরে কোন উল্লেখযোগ্য দৃশ্যমান উপসর্গ কিংবা স্বল্পমাত্রার উপসর্গ দেখা যায় না। কেবলমাত্র রক্তে প্রবাহিত হয়ে আক্রান্ত হবার মাত্র কয়েকদিন পূর্বে তা দৃশ্যমান হয়। এ ভাইরাসটি মানবদেহের স্নায়ুতন্ত্রে প্রবেশ করে ও মাংসপেশীকে নিয়ন্ত্রণকারী স্নায়ুকোষকে আক্রান্ত করে। এরফলে ব্যক্তির শরীর পক্ষাঘাতে আক্রান্ত হয়। আক্রান্ত স্থানটি সাধারণতঃ পায়ে হয়ে থাকে। এছাড়াও এর ধ্বংসাত্মক প্রবণতা মানুষের মস্তিষ্কে ঘটে যা জটিল থেকে জটিলতর হয়। কখনো কখনো এটি মৃত্যুর কারণ হয়ে দাঁড়ায়। যেহেতু পোলিংও শিশুদেরকেই অধিক আক্রান্ত করে, তাই এটি অপরিপক্ক পক্ষাঘাত নামে পরিচিত।

ইতিহাস

পোলিওমাইলিটিজ পারিভাষিক শব্দটি প্রাচীন গ্রিক poliós অর্থ "ধূসর", myelós “রজ্জু” থেকে উৎপত্তি হয়েছে।

১৮৪০ সালে জার্মান অর্থোপেডিক সার্জন জ্যাকব হেইন সর্বপ্রথম পোলিওমাইলিটিজ আবিষ্কার করেন। এর প্রধান উপাদান পোলিওভাইরাস জীবাণুর উপস্থিতি চিহ্নিত করেন কার্ল ল্যান্ডস্টেইনার। হাজার হাজার পূর্বে কয়েকটি নির্ধারিত এলাকায় পোলিও বিরাজমান ছিল যা প্রাচীন চিত্রকর্মে উল্লেখ করা হয়েছে। ঊনবিংশ শতকের শেষার্ধে ইউরোপ ও পরবর্তীকালে মার্কিন যুক্তরাষ্ট্রে ব্যাপকভাবে পোলিও মহামারী আকারে ছড়িয়ে পড়ে। বিংশ শতকে এসে এ রোগটিকে শিশুদের প্রধান ভয়ানক রোগের তালিকায় অন্তর্ভুক্ত করা হয়। ১৯১০ সালের মধ্যে বিশ্বে নাটকীয়ভাবে পোলিও আক্রান্তদের সংখ্যা বাড়তে থাকে ও মহামারী নিয়মিতভাবে সংঘটিত হতো। বিশেষ করে শহরে গ্রীষ্মকালে এ রোগ দেখা দিতো বেশি। এ রোগে হাজারো শিশু ও কিশোরদেরকে পক্ষাঘাতে আক্রান্ত হতো। ফলে পোলিও টিকা আবিষ্কারের দিকে সকলেই ঝুকতে থাকেন। ১৯৫০-এর দশকে পোলিও টিকা আবিষ্কার হলে আক্রান্তের সংখ্যা হাজারে একজন এসে দাঁড়ায়।

RAISUL ISLAM HRIDOY

প্রতিষেধক

পোলিও টিকা খাওয়ানোর মাধ্যমে বিশ্বব্যাপী এ রোগকে নিয়ন্ত্রণ করার আপ্রাণ চেষ্টা চালানো হচ্ছে। প্রধানতঃ বিশ্ব স্বাস্থ্য সংস্থা এ কার্যক্রমের সাথে জড়িত। সংস্থাটি টিকা কার্যক্রম পরিচালনা করায় বিশ্বের প্রায় সকল দেশ থেকে পোলিও নির্মূল করতে সক্ষমতা দেখিয়েছে। ১৯৮৮ সালে যেখানে বিশ্বব্যাপী প্রায় সাড়ে তিন লক্ষ রোগী ছিল, সেখানে ২০০৭ সালে এ সংখ্যা দাঁড়ায় মাত্র ১,৬৫২। বিশ্ব স্বাস্থ্য সংস্থার পাশাপাশি রোটারি ইন্টারন্যাশনাল, ইউনিসেফ টিকা কার্যক্রম পরিচালনা করে বিশ্ব থেকে এ রোগ নির্মুলে অগ্রণী ভূমিকা পালন করে। কিন্তু ২০১৩ সালে বিশ্ব স্বাস্থ্য সংস্থার এক প্রতিবেদনে সিরিয়ায় এ ধরনের রোগীর সন্ধান পাওয়ায় তাদেরকে ভাবিয়ে তুলেছে।

আধুনিক কৃষি পদ্ধতি

এপিকালচার

মৌমাছি পালন ফলিত প্রাণীবিজ্ঞান এর একটি শাখা। মৌমাছি কে তাদের প্রাকৃতিক পরিবেশ থেকে এনে মৌচাকের উপযোগী পরিবেশ সৃষ্টি করে আধুনিক ও বৈজ্ঞানিক পদ্ধতিতে পালন করাকেই মৌমাছি পালন বলা হয়। পালনের জন্য ভারতীয় জাতের মৌমাছি সবচেয়ে উপযোগী।[১] ছোট সোনালি বর্ণের ও সাদা

ডোরাকাটা এ মৌমাছিরা গাছের গর্তে বা অন্য কোন গহবরে একাধিক সমান্তরাল চাক তৈরি করে বসবাস করে। গর্তে প্রবেশ পথের সঙ্গে চাকগুলো সমান্তরালভাবে সাজানো থাকে। মৌমাছিদের এরূপ বাসস্থানের সাথে সামঞ্জস্য রেখে তৈরি করা হয় কাঠের বাক্স। কাঠের মৌবাক্স মৌমাছি পালনই আধুনিক ব্যবস্থা।

মৌমাছির প্রজাতি

ভারত বর্ষে সাধারণত তিন প্রজাতির মৌমাছি পাওয়া যায়।

- পাহাড়ী মৌমাছি: এরা আকারে সবচেয়ে বড়। বড় বড় গাছের ডালে, পাহাড়ের গায়ে এরা চাক বাঁধে। চাক প্রতি মধুর উৎপাদন প্রতিবারে গড়ে প্রায় ১০ কেজি। এরা পোষ মানে না তাই এই মৌমাছি দিয়ে মৌচাষ করা যায় না।
- ভারতীয় মৌমাছি: এরা আকারে মাঝারি ধরনের। অন্ধকার বা আড়াল করা স্থান গাছের ফোকর, দেয়ালের ফাটল, আলমারি, ইটের স্তুপ ইত্যাদি স্থানে এরা চাক বাঁধে। চাক প্রতি মধুর উৎপাদন প্রতিবারে গড়ে প্রায় ৪ কেজি। এরা শান্ত প্রকৃতির। তাই এই মৌমাছি দিয়ে মৌচাষ করা যায়।
- ক্ষুদে মৌমাছি: এরা আকারে সবচেয়ে ছোট। এরা ঝোপ জাতীয় গাছের ডালে, পাতায় ও শুকনো কাঠি প্রভৃতিতে চাক বাঁধে। চাকার আকার খুব ছোট। বাঁধে। চাক প্রতি মধুর উৎপাদন প্রতিবারে গড়ে প্রায় ২০০ গ্রাম। এরা শান্ত প্রকৃতির। তবে এক স্থানে বেশিদিন থাকে না।

মৌমাছির পরিবার

একটি মৌচাকে বা পরিবারে তিন শ্রেণীর মৌমাছি থাকে, যথা: (১) রাণী, (২) পুরুষ ও (৩) শ্রমিক মৌমাছি।

রাণী মৌমাছি: রাণী মৌমাছি সবচেয়ে বড় প্রকৃতির। এর পেট বেশ লম্বা ও প্রশস্ত এবং ডানা দুটো ছোট। একটি চাকে একটি মাত্র রাণী মৌমাছি থাকে। এর একমাত্র কাজ ডিম পাড়া। রাণী মৌমাছি জীবনে একবারই কিন্তু একাধিক পুরুষ মৌমাছির সঙ্গে মিলিত হয় আর গবেষকদের মতে সে সংখ্যা ৫০ টি পর্যন্ত হতে পারে। জন্ম নেওয়ার এক সপ্তাহের মধ্যে নতুন রাণী কিছু পুরুষ ও শ্রমিক মৌমাছি নিয়ে আকাশে উড়ে যায়। মিলন শেষে রাণী শ্রমিকসহ চাকে ফিরে আসে। জীবনে একবার মিলিত হলে ও রাণী পর্যাপ্ত শুক্রাণু জমা রাখে তার দেহের ভিতর শুক্রাধাণীতে। রাণী দু,ধরনের ডিম পাড়ে-নিষিক্ত ডিম (শুক্রাণু মিশানো) ও অনিষিক্ত ডিম (শুক্রাণু অমিশানো)। রাণী কোন ধরনের ডিম পাড়বে তা তার ইচ্ছাধীন। নতুন রাণী তৈরী হবে নিষিক্ত ডিম থেকে। শ্রমিক মৌমাছির তত্ত্বধানে এক বিশেষ ধরনের খাবার (রয়াল জেলী বা রাজসুধা) খেয়ে নতুন রাণী তৈরী হয়। এ খাবারের জন্য সে পরবর্তীতে ডিম পাড়তে সক্ষম হয় ও আয়ুষ্কাল বেড়ে যায়। একটি রাণী মৌমাছির আয়ুষ্কাল প্রায় ২/৩ বছর।

পুরুষ মৌমাছি: এরা মধ্যম আকৃতির । এদের চোখ বড়। কিন্তু এদের হুল নেই। এদের একমাত্র কাজ রাণীর সাথে মিলিত হওয়া । এরা খুব অলস প্রকৃতির । এমনকি এরা অনেক সময় নিজের খাবার নিজেরা গ্রহণ করে না। শ্রমিকেরা খাইয়ে দেয়। রাণীর সঙ্গে একাধিক পুরুষ মৌমাছি মিলিত হতে সক্ষম তবে মিলিত হওয়ার পর পুরুষের মারা যাওয়ার যে কথাটি প্রচলিত আছে গবেষকদের মতে সেটি একটি রসালো গল্পমাত্র । পুরুষ মৌমাছির আয়ুষ্কাল প্রায় দেড়মাস থেকে দুই মাস পর্যন্ত হয়ে থাকে।

শ্রমিক মৌমাছি:এরা সবচেয়ে ক্ষুদ্রাকৃতির। এদের চোখ ছোট, কিন্তু হুল আছে। রাণী ও পুরুষ বাদে অবশিষ্ট সকল সদস্যই শ্রমিক মৌমাছি। এরা নানা দলে ভাগ হয়ে চাকের যাবতীয় কাজ (যথা চাক নির্মাণ করা, ফুলের মিষ্টি রস ও পরাগরেণু সংগ্রহ করা, মধু তৈরী করা, চাকের তাপমাত্রা নিয়ন্ত্রণ করা,

RAISUL ISLAM HRIDOY

চাকে বাতাস দেওয়া চাক পরিষ্কার-পরিচ্ছন্ন রাখা ইত্যাদি) সম্পন্ন করে। এদের জন্ম নিষিক্ত ডিম থেকে। এদের আয়ু প্রায় একমাস।

সেরিকালচার

রেশম সুতা উৎপাদনের লক্ষ্যে রেশমপোকা প্রতিপালনকে রেশম চাষ বলে। এটি ফলিত প্রাণিবিজ্ঞান এর অন্যতম একটি শাখা। রেশম চাষের ইংরেজি শব্দ Sericulture - এর আভিধানিক অর্থ Culture of Sericine বা সেরিসিন নামক এক ধরনের প্রোটিন এর লালন।[১] এই সেরিসিন হলো রেশমের মূল গাঠনিক পদার্থ। অর্থাত যে জীব সেরিসিন নামক প্রোটিন বস্তু প্রস্তুত করে তার লালন-পালন ই হচ্ছে সেরিকালচার বা রেশম চাষ।

পিসি কালচার

মৎস চাষকে পিসি কালচার বলে। পিসিকালচার বলতে মৎস্য চাষকে বোঝানো হয়। পিসিকালচার শব্দটি এসেছে Pisces শব্দ থেকে যার অর্থ মাছ। তাই পিসিকালচার শব্দটি দ্বারা মাছচাষ বোঝানো হয়।

হর্টিকালচার

উদ্যানতত্ত্ব (Horticulture) হল কৃষিবিদ্যার একটি বিশেষ শাখা যেখানে উদ্যান অর্থাৎ বাগানের চাষ,পরিচর্যাসহ বাজারজাত ও পরবর্তী বিষয় সমূহ নিয়ে আলোচনা করা হয়।
উদ্যান তত্ত্বকে কয়েকটি প্রধান শাখায় বিভক্ত করা যেতে পারে। এগুলো হলো:-
1.Floriculture (ফুলচাষ বিষয়ক)
2.Pomology (ফলচাষ বিষয়ক)
3.Olericulture(সবজি পালন বিষয়ক)

RAISUL ISLAM HRIDOY

ডায়োড, ট্রানজিস্টর, আই সি

ডায়োড

ডায়োড মূলত একটি নির্দিষ্ট দিকের তড়িৎ প্রবাহকে সহায়তা করে এবং তার বিপরীত দিকের তড়িৎ প্রবাহকে বাধা প্রদান করে। এই ধরনের একদিকে প্রবাহিত করার প্রবণতাকে রেকটিফিকেশন বলা হয়ে থাকে যা এসি কারেন্ট থেকে ডিসি কারেন্টে তৈরি এবং রেডিও সংকেতের মর্মোদ্ধারের প্রথম ধাপ।
ডায়োড একটি দুই প্রান্ত বিশিষ্ট ইলেক্ট্রনিক যন্ত্রাংশ যা বর্তনীতে কেবল মাত্র একদিকে তড়িৎপ্রবাহ হতে সাহায্য করে । এছাড়াও বৈদ্যুতিক উপায়ে ধারকত্ব নিয়ন্ত্রণ এবং বিকিরণ, নিঃসরণ ও কম্পন সংবেদী ইলেকট্রনিক সুইচ তৈরিতে ডায়োড ব্যবহৃত হয়। তড়িৎশক্তির আকর্ষণীয় উৎস সৌর কোষও মূলত এক ধরনের আলোক-সংবেদী ডায়োড।

ট্রানজিস্টর

ট্রানজিস্টর (Transistor) একটি অর্ধপরিবাহী যন্ত্র, যা সাধারণত অ্যামপ্লিফায়ার এবং বৈদ্যুতিকভাবে নিয়ন্ত্রিত সুইচ হিসেবে ব্যবহৃত হয়। কম্পিউটার, সেলুলার ফোন এবং অন্য সকল আধুনিক ইলেকট্রনিক্সের মূল গাঠনিক উপাদান হিসেবে ট্রানজিস্টর ব্যবহার করা হয়।

ট্রানজিস্টর এর কাজ:

ইলেকট্রনিক্স সার্কিটে ট্রানজিস্টার দুই ভাবে কাজ করে যথা- শক্তি বর্ধক এবং সুইচিং হিসাবে ট্রানজিস্টর কাজ করে। অ্যামপ্লিফায়ার ও অ্যামপ্লিফিকেশন করার জন্য ট্রানজিস্টার ব্যবহার করা হয়। সার্কিটের ভোল্টেজ এবং লো সিগন্যালকে বর্ধিত করার জন্য ট্রানজিস্টর ব্যবহার করা হয় এবং সার্কিটের ভেল্টেজ প্রবাহের সময়

কোথায় কোন ভোল্টেজ আটকাতে হবে, কোথায় ছাড়তে হবে, ট্রানজিস্টর ইলেকট্রনিক্স সার্কিটে এভাবে সুইচ হিসাবে নিয়ন্ত্রণ করে থাকে।

আই সি

IC মানে হলো Integrated Circuit. সাধারণত বাইপোলার জংশন ট্রানজিস্টর, ডায়োড এবং ফিল্ড এফেক্ট ট্রানজিস্টর ইত্যাদি ইলেকট্রনিক সার্কিটে ইলেকট্রনিক্স উপাদান হিসেবে ব্যবহার করা হয়। এই উপাদানগুলো একটি পূর্ণাঙ্গ বৈদ্যুতিক সার্কিট গঠনের জন্য প্রয়োজনীয় রেজিস্ট্যান্স এবং ক্যাপাসিটারগুলোর সাথে পরস্পর সংযুক্ত থাকে।

একটি সমন্বিত বর্তনী অর্ধপরিবাহী উপাদানের উপরে নির্মিত অনেকগুলি আণুবীক্ষণিক ইলেকট্রনিক উপাদানের অত্যন্ত ক্ষুদ্র সমবায় বা বর্তনী, যাকে অতিক্ষুদ্র ও একটিমাত্র খণ্ডবিশিষ্ট যন্ত্রাংশ হিসেবে উৎপাদন করা হয়। এটি মাইক্রোচিপ, সিলিকন চিপ, সিলিকন চিলতে, আইসি বা কম্পিউটার চিপ নামেও পরিচিত।

আপেক্ষিক তথ্য, ফোটন কণা

আপেক্ষিক তথ্য

সাধারণ আপেক্ষিকতা হল মহাকর্ষের তত্ত্ব যা আইনস্টাইনের দ্বারা 1907–1915 সালে বিকশিত হয়েছিল। সাধারণ আপেক্ষিকতার বিকাশ সমতা নীতি দিয়ে শুরু হয়েছিল, যার অধীনে তীব্র গতির রাজ্যগুলি এবং মহাকর্ষীয় ক্ষেত্রের বিশ্রামে থাকা (উদাহরণস্বরূপ, যখন পৃথিবীর পৃষ্ঠে দাঁড়িয়ে থাকে) শারীরিকভাবে অভিন্ন হয়। ।এই তত্ত্বের প্রবর্তক আলবার্ট আইনস্টাইন ।আপেক্ষিক তত্ত্বের মতে স্থান (space), কাল (time) ও জড় (matter) বা ভর পরম কিছু নয় ,আপেক্ষিক । বিজ্ঞানী আইনস্টাইন এই তত্ত্বের সূচনা করেন ১৯০৫ সালে বিশেষ আপেক্ষিক তত্ত্ব (special theory of relativity) প্রবর্তনের মাধ্যমে । ভরের আপেক্ষিকতা ও ভরকে শক্তিতে রূপান্তর,এই দুটি গুরুত্বপূর্ণ আবিষ্কারের উপর ভিত্তি করে পারমাণবিক যুগের সূচনা হয় ।

আপেক্ষিকতা (relativity)

চিরায়ত বলবিদ্যার মতে স্থান (space) ,কাল (time) ও জড় (matter) বা ভর ধ্রুবক, এগুলো আপেক্ষিক নয় । আইনস্টাইন বলেন যে, স্থান,কাল ও জড় বা ভর ধ্রুবক বা পরম কিছু নয় এগুলো আপেক্ষিক । আইনস্টাইনের এই তত্ত্বকে বলা হয় আপেক্ষিক তত্ত্ব।

বিশেষ আপেক্ষিক তত্ত্বের স্বীকার্য

প্রথম স্বীকার্য: সকল জড় প্রসঙ্গ কাঠামোতে পদার্থবিজ্ঞানের সূত্রগুলো একই থাকে

দ্বিতীয় সূত্র: "শূন্যস্থানে সকল জড় প্রসঙগ কাঠামোতে আলোর দ্রুতির মানএকই।"

Reference:উচ্চ মাধ্যমিক পদার্থবিজ্ঞান ,লেখক -তপন হাসান চৌধুরী

ফোটন কণা

ফোটন একপ্রকার বোসন কণা। অন্যান্য মৌলকণাগুলির ন্যায় ফোটনকেও কোয়ান্টাম বলবিদ্যার তত্ত্ব দ্বারাই বর্তমানে সর্বোৎকৃষ্টভাবে ব্যাখ্যা করা যায়। ফোটনের মধ্যে কণা-তরঙ্গ দ্বৈত সত্ত্বা পরিলক্ষিত হয়, অর্থাৎ এদের মধ্যে কণা ও তরঙ্গ উভয়ের বৈশিষ্ট্যই বিদ্যমান।

[প্রকাশনাঃ- জিরো টু ইনফিনিটি, প্রস্তুতকারকঃ রাইসুল ইসলাম হৃদয়]

RAISUL ISLAM HRIDOY

বিসিএস ভাইজেস্ট

তথ্যপ্রবাহ.....

- পৃথিবীর প্রকৃত পরিধি → প্রায় ৪০,২৩৪ কি:মি:।
- পৃথিবীর ব্যাসার্ধ → প্রায় ৬,৪৩৬ কি:মি:।
- পৃথিবীর ব্যাস → প্রায় ১২,৬৬৭ কি: মি:
- পৃথিবীর আয়তন → প্রায় ৫১,০১,০০৫০০ বর্গ কি:মি:।
- পৃথিবীর জলভাগের পরিমাণ → প্রায় ৩৬,১১,৪৮,২০০ কি:মি:।
- পৃথিবীর স্থলভাগের পরিমাণ → ১৪,৪৯,৫০,৩২০ কি:মি:।
- সূর্য হতে শনির দূরত্ব → ১৪৩ কোটি কি:মি:।
- চাঁদের ব্যাস → ২,১৬০ কি:মি:।
- মঙ্গল গ্রহের ব্যাস → ৬,৭৯৮ কি:মি:।
- বৃহস্পতির ব্যাস → ১,৪২,৮০০ কি:মি:।
- নেপচুন গ্রহের ব্যাস → ৪৯,৫০০ কি: মি:।
- পণ্ডুটো গ্রহের ব্যাস → ৩,০০০ কি:মি:।
- বাংলাদেশের শতকরা কতজন লোক কৃষিকাজ করে → প্রায় ৮০ জন।
- বাংলাদেশে মোট আবাদযোগ্য জমির পরিমাণ → ২ কোটি ১ লক্ষ ৫৭ হাজার একর।
- বাংলাদেশে বার্ষিক চা উৎপাদনের পরিমাণ → ৯.৫ কোটি পাউন্ড।
- এশিয়া মহাদেশে ধান জন্মে → প্রায় ৯৩%।
- 'ভ্যাট'-কার্যকারী হয় → ১ জুলাই, ১৯৯১ সাল হতে।
- শিল্পের উন্নয়নে বাংলাদেশের অবস্থান → উন্নয়নশীল।
- অর্থনৈতিক ক্ষেত্রে মানুষের বড় সমস্যা → সম্পদের স্বল্পতা।
- ইউরিয়া সারের প্রধান কাঁচামাল → মিথেন গ্যাস।
- বাংলাদেশে রাবার ভাল জন্মে → চট্টগ্রামের রামুতে।
- বাংলাদেশের প্রধান আমদানী দ্রব্য → শিল্পজাত দ্রব্য।
- বাংলাদেশের প্রধান রপ্তানী দ্রব্য → তৈরি পোশাক, চা ও চামড়া।
- পরিবহনের জন্য মানুষ প্রথমে ব্যবহার করে → গরু, ঘোড়া ও উট।
- সমাজের প্রাথমিক পর্যায়ে পরিবহনের মাধ্যম ছিল → ভারবাহী জন্তু।
- পৃথিবীর সবচেয়ে বড় শহরগুলো গড়ে উঠে → নদীর তীরে।
- সবচেয়ে দ্রুতগামী ও ব্যয় বহুল পরিবহন মাধ্যম→ উড়োজাহাজ।
- মাল পরিবহণে খরচ কম হয় → নৌ-পথে।
- ভূগোলের প্রধান উপাদান হলো→ মানুষ ও পৃথিবী।
- মানুষের আবাসভূমি হিসেবে পৃথিবীর বর্ণনাই→ 'ভূগোল'।
- 'Geography' এর বাংলা প্রতিশব্দ → 'ভূগোল'।
- 'Geography' শব্দটি প্রথম ব্যবহার করেন → 'প্রাচীন গ্রিস দেশীয় ভূগোলবিদ ইরাটস থেনিস'।

সাধারণ আলোচনা

- সৌরজগতের বৃহত্তম গ্রহ → বৃহস্পতি।
- পৃথিবীর নিকটতম গ্রহ → শুক্র।
- আকাশের উজ্জ্বলতম নক্ষেত্রের নাম → লুব্ধক।
- লাল গ্রহ বলে → মঙ্গল গ্রহকে।
- সূর্যের নিকটতম নক্ষত্র → প্রক্সিমা সেন্টারই।
- পৃথিবীর আনুমানিক বয়স → কমপক্ষে ৪,৫০০ মিলিয়ন বছর।
- বিষুর রেখার পরিধি → ৪০,০৭৬ কিলোমিটার।
- পৃথিবীর সর্বোচ্চ শৃঙ্গ মাউন্ট এভারেস্ট→ ৮,৮৫০ মিটার।
- পৃথিবী→ ৩৬৫ দিন, ৫ ঘন্টা, ৪৮ মিনিট, ৪৭ সেকেন্ডে সূর্যকে একবার প্রদক্ষিণ করে।
- পৃথিবী নিজ অক্ষের উপরে→ ২৩ ঘন্টা ৫৬ মিনিটে একবার আবর্তন করে।
- পৃথিবী হতে চন্দ্রের গড় দূরত্ব → ৩,৮৪,৪০০ কিলোমিটার।
- পৃথিবীর শীতলতম স্থান → ভারখয়ানস্ক, রাশিয়া ৮৯.৯° ফারেনহাইট।
- পৃথিবীর সর্বোচ্চ বৃষ্টিপাত অঞ্চল → চেরাপুঞ্জি, মেঘালয়, ভারত।
- পৃথিবীর জীবন্ত আগ্নেয়গিরির সংখ্যা →৪৮৬টি।
- সর্ববৃহৎ অগ্ন্যুৎপাত ঘটে → ১৮৮৬ সালে ইন্দোনেশিয়ার ক্রাকোতোয়ার।
- পৃথিবীর প্রথম কৃত্রিম উপগ্রহ → স্পুটনিক-১।
- পৃথিবীতে স্থল ভাগের আয়তন → ২৯%।
- পৃথিবীতে জল ভাগের আয়তন → ৭১%।
- নীল আর্মষ্ট্রং → ২১ জুলাই, ১৯৬৯ প্রথম চন্দ্রে পদার্পন করেন।
- উইলিয়াম অ্যালকক→ ১৯১৯ সালে প্রথম উড়োজাহাজে বিরতিহীন ভাবে আটলান্টিক পাড়ি দেন।
- এমান্ডসেন→ ১৯১২ সালে দক্ষিন মেরু আবিষ্কার করে।
- কপার নিকাস→ ১৫৪০ সালে প্রথম সৌরজগৎ আবিষ্কার করেন।
- লিভিংস্টোন→ ভিক্টোরিয়া জলপ্রপাত এবং নায়াগ্রা হ্রদ আবিষ্কার করেন।
- তেনজিং এবং হিলারী→১৯৫৩ সালে এভারেস্ট জয় করেন।
- কলম্বাস→১৪৯২ সালে দঃ আমেরিকা আবিষ্কার করেন।
- ভাস্কো-দা-গামা → ভারতে আগমন করেন ১৪৯৮ সালে।
- ম্যাগিলান → প্রথম নেকৌপথে পৃথিবী পরিভ্রমন করেন।

রবার্ট পিয়েরে → ১৯০৯ সালে উত্তর মেরু আবিষ্কার করেন।

বিশ্ব ব্রহ্মা

RAISUL ISLAM HRIDOY

- মহাবিশ্বের জন্ম - মহা বিস্ফোরণের (Big Bang) মাধ্যমে।
- মহাবিশ্বের প্রতিটি বস্তুকণা একে অপরকে যে আকর্ষণ দ্বারা ধরে আছে তাকে বলে মহাকর্ষ শক্তি।
- Big Bang ধারণার প্রবর্তক: জর্জ লেমিটেয়ার গ্যাসো।
- Big Bang তত্ত্বের পূর্ণাঙ্গ ধারণা দেন - স্টিফেন হকিং (পদার্থ বিজ্ঞানী)
- মহা বিশ্বের প্রসারমাণতা (Expanding Universe) প্রমান করেন এডউইন হাবল।
- কোয়ান্টাম তত্ত্বের জনক - ম্যাক্স প্লাঙ্ক।
- আপেক্ষিক তত্ত্বের (Theory of Relativity) জনক - আলবার্ট আইনস্টাইন।
- (Continental Drift Theory) এর প্রবক্তা - এ ওয়েগনার (Alfed Wegener)
- সৌর কলঙ্ক আবিষ্কার করেন - গ্যালিলিও
- সূর্য কেন্দ্রিক পৃথিবীর ঘূর্ণন ব্যাখ্যা করেন - নিকোলাস কোপার নিকাস।
- সৌর শক্তি সৃষ্টির প্রক্রিয়া আবিষ্কার করেন- আলবার্ট আইনস্টাইন ১৯২৫ সালে।
- সূর্যের চর্তুদিকে অবস্থিত হালকা গ্যাসের আবরণ- করোনা।
- Black Hole বা কৃষ্ণ গহ্বর আবিষ্কার করেন - জন হুইলার ১৯৫৭ সালে।
- গ্যালিলিও ছিলেন - ইতালির জ্যোতিবিজ্ঞানী।
- বণ্যাকহোল শব্দটি প্রথম ব্যবহার করেন- জন হুইলার (U.S.A)

বিগ ব্যাং পরীক্ষা

- সৃষ্টি রহস্য জানতে ১০ সেপ্টেম্বর ২০০৮ বিগ ব্যাং বা মহাবিস্ফোরণ তত্ত্বের প্রায়োগিক পরীক্ষা শুর করেন।
- স্কটিশ পদার্থ বিজ্ঞানী অধ্যাপক পিটার হিগস প্রস্তাবিত গডস পার্টিকল বা ঈশ্বর কণা (হিগস-বোসন) সন্ধান পাওয়া এর উদ্দেশ্য।
- সুইজারল্যান্ড- ফ্রান্স সীমান্তের আল্পস পর্বতমালার ভূ-গর্ভের ২৭ কিলোমিটারের একটি বৃত্তাকার টানেলে এ পরীক্ষা চালানো হয়।
- বিগ ব্যাং পরীক্ষা তত্ত্বধানে ছিল ইউরোপিয়ান সেন্টার ফর নিউক্লিয়অস রিসার্চ (CERN)

সৌর জগত

- সীমাহীন মহাকাশে সুবিশাল সুবিশাল মহাজগতের একটি ক্ষুদ্র অংশ সৌরজগত।
- এ পর্যন্ড় বিজ্ঞানীরা ধারণা লাভ করেছে ৫০০ কোটি সৌর জগতের।
- পৃথিবী থেকে নক্ষত্র বা নক্ষত্র থেকে নক্ষত্রের দূরত্ব মাপতে ব্যবহার করা হয় আলোক বর্ষ।
- পৃথিবীর নিকটতম ও পৃথিবী থেকে ১৩ লক্ষ গুণ বড় নক্ষত্র সূর্য (একটি গ্যাসিও পি প্রধানত হাইড্রোজেন গ্যাস ৫৫% ও হিলিয়াম গ্যাস ৪৪%) দ্বারা গঠিত।
- সৌরজগতের গ্রহের সংখ্যা ৮টি (বুধ, শুক্র, পৃথিবী, মঙ্গল, বৃহস্পতি, শনি, ইউরেনাস, নেপচুন)।
- সৌর জগতের গ্রহের তালিকা থেকে বাদ দেয়া হয়েছে - পণ্ডুটোকে।
- সূর্য থেকে পৃথিবীতে আলো আসতে সময় লাগে ৮ মিনিট ১৯ সেকেন্ড।
- সৌরজগতের নিকটতম নক্ষত্র প্রক্সিমা সেন্টরাই (৩৮ লাখ কোট কি.মি. পৃথিবী থেকে দূরে)।
- বৃহত্তম নক্ষত্র মন্ডলের নাম হাইড্রা।
- আকাশে উজ্জ্বলতম নক্ষত্র লুব্ধক।
- ধ্রুব তারা দেখা যায় উত্তর গোলার্ধে।
- আলোর গতি প্রতি সেকেন্ডে ১,৮৬,০০০ মাইল।
- সপ্তর্ষি মন্ডল (Great Bear) কালপুরুষ (Origin) ক্যাসিওপিয়া(Cassiopeia) লুঘুপ্তষি Little Bear বৃহৎ কক্কুর মন্ডল (Cains major) প্রভৃতি নক্ষত্র মন্ডল।
- নীহারিকা থেকে - নক্ষত্রের উৎপত্তি।
- শক্তিশালী দুরবীক্ষণ যন্ত্রের সাহায্যে মহাশূন্যে ভাসমান আলোকময় বা কালো মেঘের ন্যায় যে বাস্পীয় জ্যোতিষ্ক দেখা যায় তা হলো- নীহারিকা।
- সৌরজগতের কেন্দ্রে অবস্থান করছে- সূর্য।
- পৃথিবী থেকে সূর্যের গড় দূরত্ব - ১৫ কোটি কি:মি: (১৫০ মিলিয়ন কি:মি:)
- বৃহৎ বৃত্তাকার পথে সূর্য - একবার আপন গ্যালাক্সির চর্তুদিকে পরিক্রমণ করে প্রায় ২০ কোটি বছরের ব্যবধানে।
- সৌরজগতের সবচেয়ে ক্ষুদ্র ও সূর্যের নিকটতম গ্রহ- বুধ।
- পৃথিবীর সবচেয়ে নিকটতম গ্রহ শুক্র।
- শুক্র গ্রহকে- ভোরবেলায় "শুকতারা" এক সন্ধাবেলায় "সন্ধ্যাতারা" বলা হয়।
- বুধ ও শুক্র গ্রহের কোন উপগ্রহ নাই।
- শুক্রগ্রহের বায়ুমন্ডলের অধিকাংশই - কার্বন ডাই অক্সাইড গ্যাস পূর্ণ
- সৌরজগতের একমাত্র আদর্শ গ্রহ পৃথিবী।
- পৃথিবী আবর্তন করে - পশ্চিম থেকে পূর্ব দিকে।
- পৃথিবীর অন্ধকারাচ্ছন্ন ও আলোকচ্ছন্নের মধ্যবর্তী অংশকে বলে- ছায়াবৃত্ত।
- পৃথিবীর পৃষ্ঠের গড় তাপমাত্র - ১৩.৯° সে:
- পৃথিবীর একমাত্র উপগ্রহ- চন্দ্র (পৃথিবী থেকে চন্দ্রের দূরত্ব ৩,৮৪,৪০০ কি:মি:)
- চন্দ্র ২৯ $\frac{১}{২}$ দিনে পৃথিবীকে একবার আবর্তন করে।
- পৃথিবী ও মঙ্গল গ্রহের আকাশ যথাক্রমে নীল ও গোলাপী।
- মঙ্গলগ্রহের পৃষ্ঠের রং - লাল।
- রোমান যুদ্ধ দেবতা (Mars) মারস এর নামানুসারে - মঙ্গল গ্রহের নামকরণ করা হয়।
- মঙ্গল গ্রহের বায়ুমন্ডলের ৯৯ ভাগই=(CO_2) কার্বন ডাই অক্সাইড।
- মঙ্গল গ্রহের সর্বোচ্চ স্থানের নাম- আলিম্পাস মানস।
- 'ফোবসা' ও 'ডিমোস' মঙ্গল গ্রহের দুটি উপগ্রহ

RAISUL ISLAM HRIDOY

- মঙ্গল গ্রহ পৃথিবীর সবচেয়ে নিকটে আসে - ২৭ আগষ্ট ২০০৩ (৬০,০০০ বছর পর আবার এ অবস্থায় আসবে)।
- মঙ্গলগ্রহের বিভিন্ন তথ্য সংগ্রহের জন্য- প্রেরিত পাথ ফাইন্ডার মঙ্গল গ্রহে প্রবেশ করে ৮ঠা জুলাই ১৯৯৭ এবং ব্যবহৃত রোবোটের নাম "সোজারনার"।
- গ্রহরাজ বলা হয়- বৃহস্পতিকে (উপগ্রহের সংখ্যা ১৬ টি। এদের মধ্যে লেঅ, ইউরোপা, গ্যানিমেড ও ক্যালিস্টো প্রধান)।
- যে গ্রহে দুইবার সূর্য উদয় ও অস্ড় যায় - বৃহস্পতিতে।
- বলয় যুক্ত গ্রহ বলা হয় শনি গ্রহকে।
- শনি গ্রহের উপগ্রহের সংখ্যা ৫৬টি (টাইটান, হুয়া, ডাইওন ক্যাপিটাস ও টেথিস প্রভৃতি, উপগ্রহ অনেকের মতে ২৫টি।
- শনি গ্রহের সতর্বাপেক্ষ বড় উপগ্রহ- টাইটান।
- সৌর জগতের তৃতীয় বৃহত্তম গ্রহ-ইউরেনাস (১৭৮৯ সালে আবিস্কৃত হয়)।
- সৌরজগতের বামন গ্রহের সংখ্যা ৩টি (পণ্ডুটো, এরিস, সেরেস)।
- ফিনিক্স নাসার অনুসন্ধানী যান যা ডেলটা ২ রকেটের সাহায্যে মঙ্গলে পাড়ি জমা এবং ২৬ মে ২০০৮ সাফল্যের সঙ্গে লোহিত গ্রহ মঙ্গলের মাটি স্পর্শ করে। যার মূল উদ্দেশ্য মঙ্গল গ্রহে পানির সন্ধান করা।
- ভারত প্রথম চন্দ্র অভিযান শুর" করে ২২ অক্টোবর ২০০৮, চন্দ্রযান ১ নামে, ১৪ নভেম্বর ২০০৮ সফলভাবে চাঁদের পৃষ্ঠে অবতরণ করে। অনুসন্ধানী রোবটযান "আদিত্য" সফলভাবে চাঁদে অবতরণ করে ছবি পাঠানো শুর" করে।

ধুমকেতু, উল্কা, গ্রহ, উপগ্রহ, ছায়াপথ, নীহারিকা

- ধূমকেতু উজ্জল মস্ড়ক বিশিষ্ট একটি জ্যোতিষ্ক যার পশ্চাতে লক্ষ লক্ষ কিলোমিটার দীর্ঘ উজ্জল বাষ্পময় বা ধুলিকণাময় গুচ্ছ থাকে।
- হ্যালির ধূমকেতু আবিষ্কার করেন এডমন্ড হ্যালি।
- ধূমকেতুর অর্থ "ধূয়ার নিশানা"
- গত শতাব্দীর উজ্জ্বলতম ধূমকেতু- হেলবপ।
- হ্যালির ধূমকেতু দেখা যায়- ৭৬ বছর অন্ড়র।
- সর্বশেষ আবিস্কৃত ধূমকেতু- নিট।
- রাতের আকাশে ধাবমান জ্বলন্ড় অগ্নিপি"র নাম- উল্কা।
- ভূ-পৃষ্ঠের ৯৭ কি:মি: এর মধ্যে পৌছালে উল্কা প্রজ্জলিত ও ভস্মিভূত হয়ে যায়।
- ক্ষুদ্র ক্ষুদ্র কোটি কোটি নক্ষত্রের সমষ্টিকে- ছায়াপথ বলে।
- আকাশ গঙ্গা, স্বর্প গঙ্গা প্রভৃতি ছায়াপথের অপর নাম।
- আমাদের ছায়াপথের নাম মিল্কি ওয়ে।
- মিল্কিওয়ের বাইরে সর্বপ্রথম ছায়াপথের সন্ধান দেন এডউইন হাবল
- আলো এক বছরে যে দূরত্ব অতিক্রমে করে তাকে আলোকবর্ষ (Light Year) বলে।
- সৌজগতের সবচেয়ে নিকটবর্তী নক্ষত্রের নাম প্রক্সিমা সেন্টারই।
- খালি চোখে ৬০০০ নক্ষত্র দেখা যায়।
- ধ্র"বতারার আলো পৃথিবীতে পৌছাতে সময় লাগে ৪৭ বছর।
- শান্ড় সাগর চাঁদে অবস্থিত।
- International Astronomical Union (IUAU) এর সদরদপ্তর- প্রাগ, চেকপ্রজাতন্ত্র।
- নভোযানের দিক নির্ণয়ের জন্য ক্যানোপাস নক্ষত্রটি ব্যবহৃত হয়।
- সূর্যের কৌণিক উন্নতি মাপার যন্ত্র- সেক্সটেন্ট।

অক্ষরেখা, দ্রাঘিমা রেখা ও পৃথিবীর গতি

- পৃথিবীর কেন্দ্র দিয়ে উত্তর দক্ষিণে কল্পিত রেখাকে- দ্রাঘিমা বা মের" বলে।
- দুই মের" থেকে সমান দূরত্বে পৃথিবীকে পূর্ব-পশ্চিমে বেষ্টন করে একটি রেখা কল্পনা করা হয়েছে যাকে নিরক্ষরেখা/বিষুব রেখা/মহাবৃত্ত রেখা বলে।
৯. আধুনিক মুদ্রণ ব্যবস্থায় ধাতু নির্মিত অক্ষরের প্রয়োজন ফুরাবার বড় কারণ কী?
ক. অফসেট পদ্ধতি খ. প্রসেস পদ্ধতি
গ. ফটো লিথোগ্রাফি ঘ. কম্পিউটারের পদ্ধতি

১০. তথ্য প্রযুক্তির জন্য অপরিহার্য-
ক. উন্নত ইলেক্ট্রনিক যোগাযোগ ব্যবস্থা
খ. ইন্টানেট
গ. অনুবাদক
ঘ. কোনটিই নয়

১১. বর্তমান সময়কে কোন যুগ হিসেবে চিহ্নিত করা হয়?
ক. শিল্প যুগ খ. বাণিজ্য
গ. তথ্য প্রযুক্তির যুগ ঘ. শিক্ষা যুগ

১২. ইন্টারনেটে চিঠি পাটানোর জন্য নিম্নের কোন প্রোগ্রাম ব্যবহার করতে হবে?
ক. জি-মেইল খ. ইয়াহু মেসেনঞ্জার
গ. ইউটিউব ঘ. পাওয়ার পয়েন্ট

১৩. বর্তমানে যোগাযোগের সবচেয়ে সহজ মাধ্যম কোনটি?
ক. টেলিফোন খ. টেলিগ্রাফ
গ. ইন্টারনেট ঘ. ডাক যোগাযোগ

১৪. কম্পিউটারের সাহায্যে কেনা-বেচার পদ্ধতিকে কি বলে?
ক. ই-মেইল খ. ই-কমার্স
গ. ইন্টানেট ঘ. সবগুলো

১৫. তথ্য সংগ্রহ, তথ্য সংরক্ষণ, বিশ্লেষণ ও তথ্য উপস্থাপনের ক্ষমতা রয়েছে কার?
ক. ক্যালকুলেটর
খ. টেলিভিশন
গ. কম্পিউটারের
ঘ. মনিটরের

১৬. আন্তর্জাতিক যোগাযোগে কম্পিউটার ব্যবহারের উল্লেখযোগ্য ক্ষেত্র হলো-
ক. ই-মেইল খ. টেলিভিশন
গ. ফ্যাক্স ঘ. ক্যালকুলেটর

১৭. কম্পিউটারকে কোন কাজের জন্য সবচেয়ে বেশি গুরুত্ব দেওয়া আছে?
ক. ডেটাবেস খ. ওয়ার্কসীট
গ. স্প্রেডসীট ঘ. ওয়ার্ড আর্ট

১৮. পৃথিবীতে কম্পিউটার প্রযুক্তির যে অংশটি এখন সর্বাধিক আলোচনার ঝড় তুলেছে তার নাম কী?
ক. গ্রাফিক্স

RAISUL ISLAM HRIDOY

খ. মাল্টিমিডিয়া
গ. ইন্টারনেট
ঘ. এনিমেশন

১৯. বর্তমানে বাংলাদেশে নিচের কোনটিতে MICR Technology ব্যবহৃত হচ্ছে?
ক. জাতীয় পরিচয় পত্র
খ. পাসপোর্ট
গ. ব্যাংকের চেক বই
ঘ. সবগুলোতেই ব্যবহৃত হচ্ছে

২০. কম্পিউটারে হিসাব-নিকাশ করার জন্য নিচের কোন সফটওয়্যারটি সর্বাধিক উপযোগী?
ক. এমএস ওয়ার্ড
খ. পাওয়ার পয়েন্ট
গ. নোটপ্যাড
ঘ. এমএস এক্সেল

২১. বায়োসেন্সরের ১ম ধারণা দেন কে?
ক. অধাপক ক্লার্ক খ. স্টিফেনহকিং
গ. জি. লেমেটর ঘ. রবাট কচ

➢ মোবাইল ব্যাংকিং (**Mobile Banking**) :
মোবাইল ব্যাংকিং বলতে এমন একটি পদ্ধতিকে বুঝানো হয় যেখানে কোন একটি অনুমোদিত আর্থিক প্রতিষ্ঠানের গ্রাহকদের যেকোনো আর্থিক লেনদেন একটি মোবাইল ডিবাইসের মাধ্যমে সম্পন্ন করার ব্যবস্থা রয়েছে। খুব সহজে এবং দ্রুত টাকা এক স্থান থেকে অন্য স্থানে পাঠানোর এই মাধ্যম অনেকেই পছন্দ করেন। ১৯৯৯ সালে মোবাইল ওয়াপ পদ্ধতির মাধ্রমে স্মার্ট ফোন নেটওয়ার্ক ব্যবহার করে, ইউরোপীয়ান ব্যাংকে চালু করা হয় এই মোবাইল ব্যাংকিং ব্যবস্থা। ২০১০ সালে ডাচ্-বাংলা ব্যাংক বালাদেশে সর্বপ্রথম মোবাইল ব্যাংকিং চালু করে। মোবাইল ব্যাংকিং সেবা দেওয়ার ক্ষেত্রে নেতৃত্বের ভূমিকায় রয়েছে ব্রাক ব্যাংকের সহযোগী প্রতিষ্ঠান 'বিকাশ'।

M. C. Q Question

১. বাংলাদেশের কোন বেসরকারি ব্যাংক প্রথম মোবাইল ব্যাংকিং চালু করে?
ক. Dutch-Bangla Bank Ltd.
খ. BRAC Bank Limited
গ. Eastern Bank Ltd
ঘ. Jomuna Bank Ltd.
ঙ. None of these

২. bKash is an example of-
ক. Applicaton Software
খ. Third generation language
গ. Mobile banking
ঘ. First Generation language

৩. কত সালে বাংলাদেশে মোবাইল ব্যাংকিং চালু হয়?
ক. ২০০৯ সালে
খ. ২০১০ সালে
গ. ২০১১ সালে
ঘ. ২০১২ সালে

➢ ভি-স্যাট (**V-Sat**)

RAISUL ISLAM HRIDOY

ভি-স্যাট (V-Sat = Very Small Apeture Teminal) হলো খুব ছোট আকারের সংযোগযন্ত্র যা দ্বিমুখী ভূ উপগহকেন্দ্র হিসেবে কাজ করে। এর থালা আকৃতির অ্যান্টেনার ব্যাস ৩ মিটারের কম হয়, যেখানে অন্যান্য উপগ্রহ কেন্দ্রের ব্যাস হয় প্রায় ১০ মিটারের মত। শুধু যুক্তরাষ্ট্রেতেই ১০,০০০ এরও বেশি গ্যাস স্টেশন ভিস্যাট ব্যভহার করে। ১৯৮৫ সালে শ্লমবার্গার (Schlumberger) তৈল গবেষণা কেন্দ্রে ও হিউস অ্যারোস্পেস (Hughes Aerospace) একসাথে পৃথিবীর প্রথম ভিস্যাট তৈরি করে। ভি-স্যাট প্রযুক্তির মাধ্যমে যুক্তরাষ্ট্রে ডিরেক্টওয়ে এবং স্টারব্যান্ড ইউরোপে Amariska, Bluestream এবং Technologie Satelitrane ইন্টারনেট সংযোগ সেবা দিয়ে থাকে। এই প্রযুক্তি পৃথিবীর সর্বত্র ব্রডব্যান্ড ইন্টারনেট সংযোগ দিতে ব্যবহার হয়ে থাকে। যেখানে এডএসএল অথবা ক্যাবল সংযোগ দেয়া সম্ভব

M. C. O Ouestion

নয়, বিশেষ করে দুর্গম ও গ্রাম এলাকায়। বর্তমানে প্রায় সকল ভি-স্যাট ইন্টারনেট প্রটোকল (IP) ভিত্তিক এবং এর বহুমুখী ব্যবহার রয়েছে।

১. V-Sat কী?
ক. Very Small apeture terminal
খ. Very Stinging attor
গ. Very Static Aligend Terminal
ঘ. Very Swift Autometic Terminal

২. V-Sat কোথায় বেশি ব্যবৃহ হয়?
ক. প্রমোদকেন্দ্রে
খ. ইমিগ্রেশন
গ. বিমানে
ঘ. বিক্রয়কেন্দ্রে

৩. V-Sat প্রথম কত সালে তৈরি হয়?
ক. ১৯৮৫
খ. ১৯৮৬
গ. ১৯৮৭
ঘ. ১৯৮৮

RAISUL ISLAM HRIDOY

➢ ভিওআইপি (Voice Over IP)
ভিওআইপি (VOIP) এর পূর্ণরূপ হলো- Voice Over Internet Protocol (VOIP) । এটি ইন্টারনেটের মাধ্যমে কলথাবলার এক ধরনের মাধ্যম। এ পদ্ধতিতে দেশ থেকে বিদেশে কথা বললে অরজিনেশন এবং বিদেশ থেকে কথা বললে টারমিনেশন হয়। বর্তমানে ইন্টারনেটে বিভিন্ন ভিওআইপি সফটওয়্যার পাওয়া যায়। তার মধ্যে উল্লেখযোগ্য হলো- স্কাপ, ভাইবার, গুগল টক, উইটার্চ, হোয়াটসঅ্যাপ, ট্যাঙ্গো, ফেসবুক। এসব সফটওয়্যারের মাধ্যমে অডিও কল বা ভিডিও কল অথবা উভয় কলই করা সম্ভব। সমআর্টফোন, ট্যালেট, ডেস্কটপ, ল্যাপটপ এমনকি ইন্টানেটের সাথে যুক্ত যন্ত্রাংশের মাধ্যমে ভিওআইপি কলকরা সম্ভব। কল এবং মেসেজ থ্রিজি কিংবা ওয়াই ফাইয়ের মাধ্যমে করা হয়।

M. C. O Ouestion

১. What is the elaboration of VOIP?
ক. Voice Over Internet Programe
খ. Voice Over Internet Protocol
গ. Voice of Internet Programe
ঘ. Voice of Internet Programe

২. বর্তমানে যে প্রটোকলের মাধ্যমে ইন্টারনেট ব্যবহার করে টেলিফোন করা যায় তার নাম-
ক. ভয়েস ওভার আইপি
খ. ইন্টারনেট টেলিফোন

গ. মডেম
ঘ. পোষ্ট অফিস প্রটোকল

➢ **টেলিকনফারেন্সিং (Teleconferencing) :**
টেলিকনফারেন্সিং উদ্ভাবন করেন মরি টারফ ১৯৭৫ সালে। কোন টেলিযোগাযোগ সিস্টেম যুক্ত ভিন্ন ভৌগলিক দূরত্বে অবস্থানরত কতিপয় ব্যক্তির মধ্যে সরাসরি তথ্যের বিনিময় সিস্টেমকে টেলিকনফারেন্স নামে অবিহিত করা হয়। এই ব্যবস্থায় সভায় অংশগ্রহণকারীরা কী-বোর্ডের মাধ্যমে কেন্দ্রিয় কম্পিউটারে তাদের বক্তব্য বা জবাব পাঠায়। টেলিকনফারেন্সিং ব্যবস্থা তিন ধরনের। যথা- পাবলিক কনফারেন্স, ক্লোজড কনফারেন্স এবং রিড অনলি কনফারেন্স।

➢ **টেলিমেডিসিন (Telemedicine) :**
টেলিমেডিসিন হলো টেলিফোন, ইন্টারনেট বা অন্যান্য নেটওয়ার্কের স্বাস্থ্য সংক্রান্ত তথ্য বা সেবা প্রদানের আধুনিক পদ্ধতি। জরুরী পরিস্থিতিতে বা দুর্গম এলাকায় টেলিফোন বা ইটন্টারনেটের মাধ্যমে ভিডিও কনফারেনস্ং এর সাহায্যে সেবা প্রদান করা হয়। দুজন বিশেষজ্ঞ চিকিৎসকের টেলিফোন বা ইন্টানেট ভিডিও কনফারেন্সিং এর মাধ্যমে আলোচনা করাকেও টেলিমেডিসিন বলা হয়।

M. C. O Question

১. ইন্টারনেটের মাধ্যমে উন্নত চিকিৎসা পদ্ধতিকে বলা হয়-
ক. টেলিমেডিসিন
খ. ইলেক্ট্রোমেডিসিন
গ. জায়মাপ্লাজম
ঘ. ই-ট্রিটমেন্ট

RAISUL ISLAM HRIDOY

➢ **ভিডিও কনফারেন্সিং (Video Conferencing) :**
ভিডিও কনফারেন্সিং বলতে বোঝায় কম্পিউটার নেটওয়ার্কের সাহয্যে পৃথিবীর যে কোন প্রান্তে অবস্থিত দুই বা ততোধিক ব্যক্তির মধ্যে অনুষ্ঠিত আলোচনা সভা, যেখানে পরস্পরের কথা শোনার পাশাপাশি এক অপরের ছবি কম্পিউটার মনিটরে দেখতে পারেন। দুইজন ব্যক্তি আলোচনা সভায় মিলিত হলে তাকে পয়েন্ট টু পয়েন্ট ভিডিও কনফারেন্সিং বলে। অপদিকে দুই-এর অধিক ব্যক্তি আলোচনা সভায় মিলিত হলে তাকে মাল্টিপয়েন্ট ভিডিও কনফারেন্সিং বলে। **ভিডিও কল কনফারেন্সিং প্রয়োজন :** ওয়েব ক্যামেরা, ভিডিও ক্যাপচার কার্ড, সাউন্ড কার্ড, স্পীকার, মাইক্রোফোন, মাল্টিমিডিয়া কম্পিউটার, মডেম, টেলিফোনলাইন বা ইন্টানেট সংযোগ ইত্যাদি।

➢ **ভিডিওটেক্সট (Video Text) :**
ভিডিও টেক্সট ব্যবস্থায় ব্যবহারকারী টেলিযোগাযোগ নেটওয়ার্কের মাধ্যমে বৃহৎ ডেটাবেসের সাথে সংযোগ স্থাপন করে প্রয়োজনীয় তথ্য আহরণ করতে পারে। আহরিত তথ্য টেলিভিশন পর্দায় প্রদর্শন করা হয়। এ ব্যবস্থায় নিয়োজিত সেবামূলক প্রতিষ্ঠান সংবাদ, বাণিজ্যিক খবরাখবর, স্টক মার্কেট রিপোর্ট ইত্যাদি সংরক্ষিত অবস্থায় থাকে।

➢ **টেলিটেক্সট (Teketext)**
টেলিটেক্সট একটি বহুমুখী সম্প্রচার ব্যবস্থা। এ ব্যবস্থায় কেন্দ্রিয় ডেটাবেস থেকে প্রষ্ঠার আকারে টেলিভিশন সম্প্রচারের মাধ্যমে তথ্য সম্প্রচার করা হয়। আবহাওয়ার খবর, স্টক মার্কেটের রিপোর্ট, সংবাদ, বাণিজ্যিক পণ্যের খবর, বিজ্ঞাপন ইত্যাদি তথ্য প্রচারের জন্য টেলিটেক্সট ব্যবহার করা হয়ে থাকে।

➢ **স্কাইপ (Skype) :**
স্কাইপ একটি ভিওআইপি সেবা এবং সফটওয়্যার অ্যপ্লিক্যাশন। ২০০৩ সালে ডেনমার্কের ধমিজা, জানুজ ফ্রিজ ও সুইডেনের নিকোলাস ডেনেস্ট্রেম সম্মিলিতভাবে স্কাইপ প্রতিষ্ঠা করেন। এই সেবার মাধ্যমে ব্যভহারকারীরা ইন্টারনেটে যুক্ত হয়ে পরস্পরের সাথে ভয়েস ভিডিও এবং তাৎক্ষনিক বার্তার মাধ্যমে যোগাযোগ করতে পারে। একজন স্কাইপ

ব্যবহারকারী অন্য স্কাইপ ব্যভহারকারীকে বিনামূল্যে কল করতে পারে। ২০১১ সালে মাইক্রোসফট কর্পোরেশন ৮.৫ বিলিয়ন ডলারে স্কাইপ লিমিটেডকে কিনে নেয়।

M. C. O Question

১. Which of the following application software can be used for real life conversation of teleconferecing over internet?
ক. SPSS
খ. Skype
গ. Adobe Acrobat
ঘ. Both a and b

২. ২০১১ সালে কোন কম্পানি ৮.৫বিলিয়ন ডলারে স্কাইপ লিমিটেডকে কিনে নেয়?
ক. মাইক্রোসফট কর্পোরেশন
খ. আইবিএম
গ. অ্যাপেল
ঘ. ইপসন

RAISUL ISLAM HRIDOY

- **কমিউনিকেশন স্যাটেলাইট (Communication Satelite) :**
কমিউনিকেশন স্যাটেলাইট হচ্ছে মহাশূন্যে অবস্থিত কৃতিম স্যাটেলাইট, যার কাজ যোগাযোগ রক্ষা করা। আর সেটা করা হয় রেডিও মাইক্রোওয়েভ ব্যবহার করে। অধিকাংশ কমিউনিকেশন স্যাটেলাইট জিও- সিনক্রোনাস অথবা নোয়া জিওস্টেশনারি অরবিটস ব্যবহার করে থাকে। কিন্তু বর্তমানে কমিউনিকেশন স্যাটেলাইট সিস্টেম লো-আর্ত অরবিটিং স্যাটেলাইট ব্যবহার করে থাকে।

- **ই-মেইল (E-mail)**
ই-মেইল হলো ইলেক্ট্রনিক মেইল এর সংক্ষিপ্ত রূপ। এর কাজ হচ্ছে এক কম্পিউটার থেকে অন্য কম্পিউটারে বা ফ্যাক্স মেশিনে তথ্য পাঠানো। এটি বর্তমানে বহুল ব্যভহৃত একটি যোগাযোগ মাধ্যম। কম্পিউটারের সাহায্যে চিঠিপত্র আদান-প্রদানের এ ব্যস্থাকে বলে আ-মেইল। ই-মেইলের মাধ্যমে তথ্য আদান-প্রদান করতে চাইলে প্রত্যেকের একটি ই-মেইল অ্যাড্রেস থাকা জরুরী। এ ঠিকানা Username @ Domain নিয়ে গঠিত হয়।

- **ইলেক্ট্রনিক ফান্ড ট্রান্সফার (Electronic Fund Transfer) :**
ইলেক্ট্রনিক ফান্ড ট্রান্সফার হলো টেলিফোন ও ডেটা নেটওয়ার্কের মাধ্যমে ইলেক্ট্রনিক উপয়ে অর্থ স্থানান্তর করার একটি প্রক্রিয়া। এ প্রক্রিয়ায় ইলেক্ট্রনিক উপায়ে ব্যাংকের বিভিন্ন শাখার হিসাবের মধ্যে প্রকৃত অর্থের আদান-প্রদান না ঘটিয়ে শুদ্ হিসাবের মাধ্যমে অর্থের পরিমাণের সমন্বয় সাধন ও আধুনিকীরণ করা হয়।

- **গ্লোবাল পজিশনিং সিস্টেম (Global Positioning Syestem) :**
জিপিএস (GPS) হচ্ছে মহাশক্তিভিত্তিক স্যাটেলাইট নেভিগেশন সিস্টেম (Satelite Navigation System) যা ভূ-পৃষ্ঠে বা ভূ-পৃষ্ঠের নিকটবর্তী উপরে অবস্থান ও সময় সংক্রান্ত তথ্যের জন্য ব্যবহৃত হয়। এটি যুক্তরাষ্ট্রের সরকার কর্তৃক পরিচালিত এবং সবার জন্য উন্মুক্ত। ১৯৭৩ সালে পূর্ববর্তী নিভিগেশন সিস্টেমের সীমাবদ্ধতা দূর করার জন্য জিপিএস সিস্টেমের উন্নয়ন করা হয় এবং ১৯৯৪ সালে ২৪টি উপগ্রহ (Satelite) এর মাধ্যমে পূর্ণভাবে যাত্রা শুরু করে।

- **জিআইপিএস (GIPS) :**
জিআইপিএস এমন একটি কম্পিউটার সিস্টেম, যা প্রাকৃতিক সম্পদ, ভূমি, পরিবেশ তথা ভৌগলিক অবকাঠামো ও পারিপার্শ্বিক বিষয় সংক্রান্ত তথ্য বিশ্লেষণ ও সংগঠন করতে পারে।

- **ইন্টারকম (Intercom) :**
ইন্টারকম হলো স্বল্প দূরত্বে কার্যক্ষম ব্যক্তিগত টেলিফোন নেটওয়ার্ক। এ নেটওয়ার্কে অল্প কিছু টেলিফোনের মধ্যে পারস্পারিক সংযোগ থাকে।

➢ **সিএই (CAE) :**

CAE হচ্ছে প্রকৌশল সমস্যাদি সমাধানে সহায়তা করার জন্য কম্পিউটারভিত্তিক যন্ত্রাদির ব্যবহার। কহম্পিউটার নিয়ন্ত্রিত প্রকৌশলকে চারটি পরস্পর সম্পর্কিত সমস্যা-সমাধানকারী ব্যবস্থা হিসেবে বিবেচনা করা যায়। সেগুলো হলো- কম্পিউটার ডেটাবেস উপাত্ত -সন্নিবেশ ও যোগাযোগ; কম্পিউটার চিত্রণ ও মডেলিং; কম্পিউটার অনুকরণ (simulations) ও বিশ্লেষণ এবং উপাত্ত আত্তীকরণ (data acquisition), ভৌত প্রোটোটাইপ ও উৎপাদন প্রক্রিয়া নিয়ন্ত্রন। কম্পিউটার নিয়ন্ত্রিত প্রকৌশলের প্রয়োগ চলতে পারে চূড়ান্ত উৎপাদন পর্যায় পর্যন্ত, যে সময়ে অনুরূপ কম্পিউটার ব্যবহার প্রয়োগকে সাদারণত কম্পিউটার নিয়ন্ত্রিত উৎপাদন (CAM- Computer Aided Manufacturing) বা কম্পিউটার সমন্বিত উৎপাদন CIM-Computer Integrated Manufacturing) বলা হয়।

➢ **ইউটিউব (You Tube) :**

ইউটিউব (You Tube) একটি ভিডিও আদান-প্রদান করার ওয়েবসাইট। ওয়েব ২.০ এর অন্যতম কর্ণধার ইউটিউব বর্তমান ইন্টারনেট জগতের একটি অত্যন্ত জনপ্রিয় ভিডিও শেয়ারিং সাইট যা এর সদস্যদের ভিডিও আপলোড, দর্শন আর আদান-প্রদানের সুবিধা দান করে আসছে। ২০০৫ সালের ১৪ ফেব্রুয়ারী প্রতিষ্ঠিত এ প্রতিষ্ঠানটির জনক পেপাল প্রতিষ্ঠানের তি প্রাক্তন চাকরিজীবী - চ্যাড হারলি, স্টিভ চ্যান আর বাংলাদেশি বংশোদ্ভুতজাভেদ করিম। ২০০৬ সালের নভেম্বর মাসে গুগল ইউটিউব কিনে নেয়।

M. C. O Question

RAISUL ISLAM HRIDOY

১. ইউটিউব কত সালে প্রতিষ্ঠিত হয়?
ক. ১৪ ফেব্রুয়ারী ২০০৪ খ. ১৪ ফেব্রুয়ারী
গ. ১৪ ফেব্রুয়ারী ২০০৬ ঘ. ১৪ ফেব্রুয়ারী

২. ইউটিউবের প্রতিষ্ঠাতা কে?
ক. চ্যাড হারলি
খ. স্টিভ চ্যান
গ. জাভেদ করিম
ঘ. সবগুলোই

৩. ২০০৬ সালে ইউটিউবকে কোন কোম্পানি কিনে নেয়?
ক. গুগল
খ. মাইক্রোসফট
গ. আইবিএম
ঘ. অ্যাপল

৪. স্বল্প দূরত্বে কার্যক্ষম ব্যক্তিগত টেলিফোন নেটওয়ার্কের বলা হয়-
ক. ইন্টারনেট খ. ইন্টারকম
গ. ল্যান ঘ. প্যান

৫. E-mail কি?
ক. ইলেকট্রিক মেইল
খ. ইলেকট্রনিক মেইল
গ. ইলেকট্রিক্যাল মেইল
ঘ. সবগুলো

৬. ভৌগলিক অবকাঠামো ও পারিপার্শ্বিক বিষয় সংক্রান্ত তথ্য বিশ্লেষণ ও সংগঠন করতে পারে-
ক. Global Positioning System
খ. CAE
গ. Intercom
ঘ. GIPS

চতুর্থ অধ্যায়

কম্পিউটারের নম্বর ব্যবস্থা

আদিকালে মানুষ চোখ, মুখ, হাত ও পায়ের ইশারার মাধ্যমে গণনা কার্য সমাধান করত। সভ্যতার ক্রমবিকাশ অনুযায়ী গণনা পদ্ধতির ভিন্নতা লক্ষ্য করা যায়।
পুরোনো দিনের রোমান সভ্যতার এবং বিলেতে অনেকটা অ্যাবাকাস ধরনের যন্ত্র দিয়ে হিসাব করার রীতি ছিল। রোমান সংখ্যার আবিষ্কার হয় গ্রিসে। কিন্তু রোমান সংখ্যায় শূন্য (০) না থাকায় হিসাব-নিকাশে ব্যাপক অসুবিধার সৃষ্টি হতো। পরবর্তিতে আরবি ভায়ায় শূন্য (০) থেকে ৯ পর্যন্ত পূর্ণ গাণিতিক সংখ্যা পাওয়া যায়।
গণনা কাজকে সহজ ও সুন্দরভাবে প্রকাশ করার জন্য সংখ্যা পদ্ধতির উদ্ভব হয়েছে। সংখ্যা তৈরির ক্ষুদ্রতম প্রতীক বা চিহ্ন হচ্ছে অংক। এই অংকের সাহায্যেই কোন সংখ্যা প্রকাশ করা হয়ে থাকে। যেমন: ২৩৫ সংখাটিতে তিনটি অংক ২, ৩ এবং ৫ ব্যবহৃত হয়েছে। কোন সংখ্যা প্রকাশ করার পদ্ধতিকেই সংখ্যা পদ্ধতি বলা হয়। সংখ্যা পদ্ধতিতে অংকগুলোকে নির্দিষ্ট নিয়মে সাজিয়ে বিভিন্ন ধরনর সংখ্যা পাওয়া যায় এ সকল সংখ্যাকে বিভিন্ন গাণিতিক প্রক্রিয়ায় ব্যবহার করা যায়। যেমন- যোগ, বিয়োগ, গুন ও ভাগ প্রভৃতি।

➢ সংখ্যা পদ্ধতির ভিত্তি
(Foundation Of Numbering Syestem) :

কোন সংখ্যা পদ্ধতির ভিত্তি বা বেজ হলো ঐ পদ্ধতিতে মোট মৌলিক চিহ্নসমূহের সমষ্টির সমান। আমাদের অতি পরিচিত দশমিক পদ্ধতিতে মোট দশটি মৌলিক চিহ্ন বা প্রতীক রয়েছে। যেমন: ০, ১, ২, ৩, ৪, ৫, ৬, ৭, ৮ ও ৯। সে কারণে দশমিক পদ্দতির ভিত্তি হলো ১০। আবার বাইনারি সংখ্যা পদ্ধতিতে মোট মৌলিক চিহ্ন আছে দুইটি (০ এবং ১)। সে কারণে বাইনারি সংখ্যা পদ্ধতির ভিত্তি বা বেজ হলো ২। এরূপভাবে অক্টাল এবং হেক্সাডেসিমেল পদ্ধতির ভিত্তি হচ্ছে যথক্রমে ৮ এবং ১৬।

➢ বিভিন্ন সংখ্যা পদ্ধতির মৌলক অংকসমূহ

পদ্ধতি	মৌলিক অংকসমূহ	ভিত্তি
বাইনারি	০, ১	২
অক্টাল	০, ১, ২, ৩, ৪, ৫, ৬, ৭	৮
দশমিক	০, ১, ২, ৩, ৪, ৫, ৬, ৭, ৮, ৯	১০
হেক্সাডেসিমেল	০, ১, ২, ৩, ৪, ৫, ৬, ৭, ৮, ৯, A, B, C, D, E, F	১৬

RAISUL ISLAM HRIDOY

সভ্যতার আদিকাল থেকে আজ পর্যন্ত য সকল পদ্ধতির প্রচলন হয়েছে তাদেরকে প্রধানত দুটি ভাগে ভাগ করা যায়- যথা:

১. পজিশনাল সংখ্যা পদ্ধতি এবং
২. নন- পজিশনাল সংখ্যা পদ্ধতি।

পজিশনাল সংখ্যা পদ্ধতি: এ পদ্ধতিকে কোন একটি সংখ্যার মান নির্ণয়ের জন্য তিনটি ডেটা দরকার হয়। যথা-

i. সংখ্যাটিতে ব্যবহৃত অংকগুলোর নিজস্ব মান
ii. সংখ্যা পদ্ধতির বেজ
iii. সংখ্যাটিতে ব্যবহৃত অংকগুলোর স্থানীয় মান।

নন পজিশনাল সংখ্যা পদ্ধতি: এ পদ্ধতি একটি প্রাচীন পদ্ধতি। বর্তমানে এ পদ্ধতি ব্যবহার নাই বললেই চলে। এ সংখ্যার ব্যবহৃত অংকগুলোর কোন স্থানীয় মান থাকে না।

১. What is the lowest unit of number system?
ক. Number
খ. Symbol
গ. Sign
ঘ. Digit

২. দশমিক সংখ্যা পদ্ধতিতে অঙ্ক থাকে-
ক. ২
খ. ৪
গ. ৬
ঘ. ১০

৩. অক্টাল পদ্ধতিতে সংখ্যা থাকে কয়টি-
ক. ৮টি
খ. ১০টি
গ. ১৬টি
ঘ. ২টি

৪. হেক্সাডেসিমেল পদ্ধতির ভিত্তি হচ্ছে-
ক. ৮
খ. ১৬
গ. ১০
ঘ. ২

➢ **সংখ্যা পদ্ধতির ধরন**
সংখ্যার উপর নির্ভর করেই পজিশনাল সংখ্যা পদ্ধতিকে ৪ ভাগে ভাগ করা হয়েছে। যথা ঃ

১. ডেসিমাল বা দশমিক সংখ্যা পদ্ধতি
২. বাইনারি সংখ্যা পদ্ধতি
৩. অক্টাল সংখ্যা পদ্ধতি
৪. হেক্সাডেসিমেল সংখ্যা পদ্ধতি

➢ ডেসিমাল বা দশমিক সংখ্যা পদ্ধতি
(Decimal Number System) :
বর্তমান বিশ্বে সর্বাধিক ব্যবহৃত ইন্দো - আরবীয় যে সংখ্যা পদ্ধতি চালু আছে তাই ডেসিমাল বা দশমিক সংখ্যা পদ্ধতি। আমরা হিসাব-নিকাশের জন্য সাধারণভাবে যে সমস্ত সংখ্যা ব্যবহার করি তাই দশমিক পদ্ধতি । এছাড়াও কম্পিউটারে তথ্য প্রক্রিয়াকরণ কাজে কম্পিউটারের দশমিক পদ্ধতি ব্যবহার করা হয়। এ পদ্ধতিতে ০ থেকে ৯ পর্যন্ত মোট ১০টি সংখ্যা ব্যহৃত হয়। এ পদ্ধতির মৌলিক অংকগুলো হলো ০, ১, ২, ৩, ৪, ৫, ৬, ৭,৮, ৯। যেহেতু এ পদ্ধতিতে দশ ডিজিটের মোট ১০টি সংখ্যা ব্যবহৃত হয়। তাই এ পদ্ধতির ভিত্তি বা বেজ ১০। উল্লেখ্য দশ ভিত্তিক সংখা পদ্ধতির উপর বই রচনা করেছেন Al Khwarizmi। শুধু এ পদ্ধতিতে কোন সংখ্যা লিখতে বা কোন ভিত্তি লিখতে হয় না । এ ছাড়া অন্য যে কোন পদ্ধতির সংখ্যা লিখতে তার ভিত্তি অত্যাবশ্যক।

➢ **দশমিক থেকে বাইনারিতে রূপান্তর :**
পূর্বাংশের ক্ষেত্রে- দশমিক পূর্ণ সংখ্যাকে বাইনারিতে রূপান্তরের জন্য ভাগফল ০ না হওয়া পর্যন্ত সংখ্যাটিকে অনবরত ২ দিয়ে ভাগ করার পর ভাগশেষগুলোকে সাজিয়ে সংখ্যাটির সমক্ষ বাইনারি মান পাওয়া যায়। যেমন $(৯৯)_{১০} = (?)_{২}$ ।
ভগ্নাংশের ক্ষেত্রে-দশমিক ভগ্নাংশের বাইনারিতে রূপান্তরের জন্য গুনফল ০ না গহওয়া পর্যন্ত সংখ্যাটিকে অনবরত ২ দিয়ে গুন করতে হবে।

RAISUL ISLAM HRIDOY

দশমিক থেকে অকট্যালে রূপান্তর:
দশমিক সংখ্যাকে পর্যায়ক্রমে ৮ দিয়ে ভাগ করে ভাগশেষগুলোকে একত্র করে দশমিক সংখ্যাটির অকট্যাল সমকক্ষ সংখ্যা পাওয়া যায়। প্রথম এবয় শেষ ভাগশেষ দুটি সংখ্যাকে যথাক্রমে অকট্যাল সংখ্যার সবংনিম্ন ও সর্বোচ্চ গুরুত্বপূর্ণ স্থানে বসাতে হয়।

ভগ্নাংশের ক্ষেত্রে- দশমিক ভগ্নাংশকে অকট্যালে রূপান্তরের জন্য গুনফল ০ না হওয়া পর্যন্ত সংখ্যাটিকে অনবরত ৮ দিয়ে গুন করতে হবে। উদাহরণস্বরূপে: $(০.০৪৬৮৭৫)_{১০}$ কে অকট্যালে রূপান্তর করার নিচে দেখানো হলো-

দশমিক থেকে হেক্সাডেসিমেলে রূপান্তর:
দশমিক থেকে হেক্সাডেসিমেলে রূপান্তেরের প্রক্রিয়ায় দশমিক পূর্ণসংখ্যাকে পর্যায়ক্রমে ১৬ দ্বারা ভাগ এবং ভগ্নাংশকে ১৬ দ্বারা গুণ করতে হয়।
উদাহরণ: $(৮৫০)_{১০}$ কে হেক্সাডেসিমেলে রূপান্তর কর।

M. C. O Question

১. What is the Binary value of decimal number 0?
ক. 0
খ. 1
গ. 2
ঘ. 3

২. প্রাচীন ব্যাবিলনের মানুষ ছোট সংখ্যা প্রকাশের জন্য কত ভিত্তিক সংখ্যা ব্যবহার করতো?
ক. ১০ ভিত্তিক
খ. ৮ ভিত্তিক
গ. ৭ ভিত্তিক
ঘ. ২ ভিত্তিক

৩. Who wrote the book on ten based number system?
ক. Al BEruni খ. Al Jabir
গ. Al Khwarizmi ঘ. Al Hasan

৪. What is the decimal number of $(0101)_2$?
ক. 2
খ. 6
গ. 5
ঘ. 7

৫. What is the decimal number of $(11101)_2$?
ক. 13 খ. 15
গ. 23 ঘ. 29

৬. What is the decimal number of $(10)_8$?
ক. 1 খ. 10
গ. 8 ঘ. 2

৭. ১০ এর ঘাত ১ হলে তার মান হবে-
ক. ১০ খ. ০
গ. ১০০ ঘ. ১

RAISUL ISLAM HRIDOY

➢ বাইনারি সংখ্যা পদ্ধতি (Bainary Number System) : কম্পিউটারের মধ্যে সবচেয়ে পদ্ধতি সরলতম সংখ্যা পদ্ধতি হলো বাইনারি পদ্ধতি। বাইনারি সংখ্যা একটি পজিশনাল সংখ্যা পদ্ধতি। এ পদ্ধতিতে মাত্র ২টি সংখ্যা হলো ০ এবং ১। বাইনারি এবং পদ্ধতিতে এ দুটি সংখ্যা দিয়েই যাকতীয় গণনা কার্য সম্পন্ন হয়। কম্পিউটার তথ্য ধারণ এবং প্রক্রিয়াকরণের জন্য দুইটি ডিজিট ব্যবহার করে। কম্পিউটারে বিভিন্ন ধরণের গাণিতিক বা অগাণিতিক তথ্য ইনপুট করা হয়ে থাকে। কম্পিউটার প্রথমে এ সকল তথ্যকে অনুবাদ করে ০ এবং ১ এ রূপান্তর করে তারপর তথ্য ধারণ বা প্রক্রিয়াকরণ করে থাকে। মূলত, বিদ্যুতের উপস্থিতি ও অনুপস্থিতির উপর ভিত্তি করেই বাইনারি সংখ্যা পদ্ধতি গঠিত

হয়। বাইনারি অংকের সংক্ষিপ্ত নাম বিট। ডিজিটাল ইলেকট্রনিক যন্ত্রপাতির লজিকগেটে এই সংখ্যা পদ্ধতির প্রয়োগ রয়েছে।

বাইনারি সংখ্যা ব্যবহারের কারণ:

i. ইলেকট্রিক্যাল সিগন্যালের সাহায্যে দশমিক সংখ্যার দশটি ভিন্ন ভিন্ন অবস্থা প্রকাশ করা খুব কঠিন। কিন্তু বাইনারি সংকেতকে খুব সহজেই ইলেট্রিক্যাল সিগন্যালের সাহায্যে প্রকাশ করা হয়।

ii. বাইনারি সিস্টেমে মাত্র দুটি অবস্থা থাকায় ইলেকট্রিক সার্কিট ডিজাইন খুবই সহজ হয়। বাইনারি পদ্ধতির গাণিতিক অপারেশন (Mathematical Operation of Bainary System) বাইনারি সংখ্যার যোগ বাইনারি সংখ্যার যোগ দশমিক সংখ্যার যোগের মতই। বাইনারি যোগের ক্ষেত্রে সহজ একটা টেবিল নিম্নে দেওয়া হলো-

x	y	Carry (হাতে)	x + y
০	০	নাই	০
০	১	নাই	১
১	০	নাই	১
১	২	২	০

বাইনারি সংখ্যার বিয়োগ

নিচের টেবিলটি বাইনারিতে বিয়োগ করার জন্য সহায়ক হবে।

x	y	x-y
০	০	০
১	০	১
১	১	০
০	১	১

বাইরারি গুণ : এ পদ্ধতিতে মাত্র চারটি গুণফল যথেষ্ঠ তবে কম্পিউটারে এই নিয়মে গুণ করা হয় না

বাইনারি চারটি অবস্থা:

০ × ০ = ০
১ × ০ = ০
০ × ১ = ০
১ × ১ = ১

বাইনারি ভাগ : দশমিক সংখ্যার ভাগের মতই বাইনারিতে ভাগ ব্যবহৃত করা হয়।
বাইনারি পদ্ধতিতে ০ দিয়ে ভাগ করাকে অর্থহীন বলে।

signed number বা চিহ্নযুক্ত সংখ্যা: বাইনারি পদ্ধতিতে সাইন বা চিহ্ন ব্যবহারের জন্য একটি অতিরিক্ত বিট ব্যবহার করা হয়। একে চিহ্ন বিট বলে। এই চিহ্ন বিট ০হলে সংখ্যাটি ধনাত্মক এবং ১ হলে সংখ্যাটি ঋনাত্মক হবে।

RAISUL ISLAM HRIDOY

M. C. O Question

১. $(1011)_2 + (0101)_2 = ?$
ক. $(1100)_2$
খ. $(11000)_2$
গ. $(01100)_2$
ঘ. কোনটিই নয়

২. বাইনারি সংখ্যা পদ্ধতিতে কতটি সংখ্যা ব্যবহৃত?
ক. একটি
খ. দুইটি
গ. তিনটি

ঘ. চারটি

৩. ১২ কে বাইনারি প্রণালীতে প্রকাশ করুন-
ক. ১০০০
খ. ১১০০
গ. ১০১১
ঘ. ১১১০

৪. দশমিক পদ্ধতিতে ২ লেখার জন্য বাইনারিতে লিখতে হবে-
ক. ০
খ. ১
গ. ১০
ঘ. ০১

৫. কম্পিউটার ডাটা সংরক্ষণের কোন পদ্ধতি ব্যবহার করা হয়-
ক. ডেসিমাল
খ. অক্টাল
গ. হেক্সাডেসিমাল
ঘ. বাইনারি

৬. কম্পিউটারে ব্যবহৃত সংখ্যা কি নামে পরিচিত?
ক. বাইনারি
খ. ডেসিমাল
গ. হেপ্টাল
ঘ. হেক্সাল
ঙ. কোনটিই নয়

৭. কম্পিউটারের ডিজিটাল পদ্ধতির অভ্যন্তরে সাধারণ যে পদ্ধতি ব্যবহার করা হয়, তাকে বলা হয়
ক. Decimal
খ. Binary
গ. Octal
ঘ. Hexadecimal

৮. বাইনারি অংকের সংক্ষিপ্ত নাম হচ্ছে-
ক. কোড খ. ইউনিকোড
গ. বিট ঘ. বাইট

৯. কম্পিউটার পদ্ধতিতে ইন্টারনেট কার্যক্রম যে পদ্ধতিতে করা হয়-
ক. Octal System
খ. Binary System
গ. Ddecimal System
ঘ. Hexadecimal System

১০. কম্পিউটারের ডিজিটাল পদ্ধতি-
ক. অকটাল
খ. দশমিক
গ. হেক্সাডেসিমেল
ঘ. বাইনারি

১১. বাইনারি পদ্ধতিতে ১১ সংখ্যার ঠিক পরের বাইনারি সংখ্যাটি কত?
ক. ১০
খ. ১০০
গ.০
ঘ. ০১

১২. Computer does mathamatical functions by using-
ক. Analog digit
খ. Digital digit
গ. Binary digit
ঘ. Numberical digit
ঙ. Greeks digit

RAISUL ISLAM HRIDOY

১৩. In a comuter, text codes converts letters into.....
ক. Decimal numbers
খ. Magnetic pluse
গ. Binary format
ঘ. Graphics
ঙ. None of these

➢ **অকট্যাল পদ্ধতি (Octal System) :**
অকট্যাল শব্দটি ল্যাটিন যার অর্থ আট ও অষ্টমিক। এই পদ্ধতির ভিত্তি হলো ৮। এখানে ০, ১, ২, ৩, ৪, ৫, ৬, ৭ এই ৮টি মৌলিক সংখ্যা আছে। আধুনিক কম্পিউটার উন্নয়নের প্রাথমিক পর্যায়ে এবং মাইক্রো কম্পিউটারে এই গণনা পদ্ধতি ব্যভহৃত হতো। নিচের সারণিতে অকট্যাল পদ্ধতির গণনারীতি দেখানো হলো ;

দশমিক পদ্ধতি	অক্টাল পদ্ধতি	দশমিক পদ্ধতি	অক্টাল পদ্ধতি
০	০	৬	৬
১	১	৭	৭
২	২	৮	১০
৩	৩	৮	১১
৪	৪	১০	১২
৫	৫	১১	১৩

দশমিক পদ্ধতির মত অকট্যাল পদ্ধতিতেও অংকের স্থানীয় মান থাকে।
অকট্যাল থেকে দশমিকে রূপান্তর :
অকট্যাল সংখ্যার প্রতিটি স্থানীয় মান যোগ করে সংখ্যাটর সমকক্ষ দশমিক নির্ণয় করা যায়।

➢ **অকট্যাল থেকে বাইনারিতে রূপান্তর:**
১ থেকে ৭ পর্যন্ত অকট্যাল সংখ্যাকে ৩ বিট বাইনারি সংখ্যা দ্বারা প্রকাশ করা যায়। কাজেই অকট্যাল সংখ্যার অংককে ৩ বিটের বাইনারি সংখ্যায় রূপান্তর করলেই কাঙ্ক্ষিত বাইনারি সংখ্যাটি পাওয়া যায়। ১ থেকে ৭ ভাগে পর্যন্ত অকট্যাল সংখ্যাকে ৩ বিট বাইনারি সংখ্যা দ্বারা প্রকাশ করার জন্য বাম দিকের ভাগে খালি থাকলে প্রয়োজনীয় সংখ্যক ০ দিয়ে পূর্ণ করতে হবে।

RAISUL ISLAM HRIDOY

➢ অকট্যাল থেকে হেক্সাডেসিমেলে রূপান্তর : অকট্যাল থেকে হেক্সাডেসিমেলে রূপান্তরের ক্ষেত্রে প্রথমে সংখ্যাটিকে বাইনারিতে রূপান্তর করে তারপর নির্দিষ্ট সংখ্যা পদ্ধতিতে রূপান্তর করা হয়। এটাই সহজতম পদ্ধতি। তাছাড়া অন্যান্য পদ্ধতিতেও রূপান্তর করা যায়।

M. C. O Question

১. অকট্যাল পদ্ধতিতে বাংলায় কি বলে?
ক. বাইনারি
খ. ডেসিমাল
গ. অষ্টমিক
ঘ. হেক্সাডেসিমাল

২. অকট্যাল সংখ্যা পদ্ধতি কয়টি ভিত্তির উপর প্রতিষ্ঠিত?
ক. ২ খ. ১০
গ. ৮ ঘ. ১৭

➢ হেক্সাডেসিমাল পদ্ধতি (Hexadecimal System) : ল্যাটিন শব্দ হেক্সা মানে ছয় আর ডেসিমাল অর্থ দশ। ছয় আর দশ মিলে হয় ষোল। অর্থাৎ ক্রোডেসিমাল শব্দের অর্থ ১৬। এই পদ্ধতিতে ব্যবহৃত মৌলিক চিহ্নগুলো হলো- ১, ২, ৩, ৪, ৫, ৬, ৭, ৮,৯, A, B, C, D, E ও F । তাই এর বেজ সংখ্যা ১৬। এই সংখ্যা পদ্ধতিতেও প্রত্যেকটি অংকের স্থানীয় মান বের করা যায়। ছোট-বড় অনেক কম্পিউটারে এই গণনা পদ্ধতি ব্যবহৃত হয়।

বর্তমান সময়ের আলোচিত IPV6 ভার্সনটি ১২৮ বিটের। এই পদ্ধতিটি হেক্সাডেসিমাল পদ্ধতির উপর ভিত্তি করেতৈরি হয়েছে।। হেক্সাডেসিমাল থেকে দশমিকে রূপান্তর:

হেক্সাডেসিমাল থেকে দশমিকে সংখ্যায় রূপান্তরে প্রথম প্রদত্ত সংখ্যার প্রতিটি অংককে উহার নিজস্ব মান দ্বারা গুন করতে হবে। পরে ঐ সমস্ত গুনফলকে যোগ করে হেক্সাডেসিমেলে সংখ্যাটির সমক্ষ দশমিক সংখ্যার মান বের করার যায়।

হেক্সাডেসিমেলে থেকে বাইনারিতে রূপান্তর:

১ থেকে F পর্যন্ত হেক্সাডেসিমেল সংখ্যাকে ৪ বিট বাইনারি সংখ্যা দ্বারা প্রকাশ করা যায়। কাজেই হেক্সাডেসিমেল সংখ্যার প্রতটি অংককে ৪ বিটের বাইনারি সংখ্যায় রূপান্তর করলেই কাঙ্ক্ষিত বাইনারি সংখ্যাটি পাওয়া যায়।

➢ **অক্টাল ও হেক্সাডেসিমেল পদ্ধতির প্রয়োজনীতা**
(Necessity Of Octal & Hexadecimal System) :

কম্পিউটারের অভ্যন্তরীণ সকল কাজ বাইনারি পদ্ধতিতে সংঘটিত হয়। আর এ সকল কাজের জন্য প্রয়োজন হয় অসংখ্য ০ এবং ১ বিটের ক্রিয়া-প্রক্রিয়া বর্ণনা। ১ এবং ১ দিয়ে এ সকল বর্ণনা লেখা খুবই বিরক্তিকর এবং এতে ভুলের সম্ভাবনাও বেশি । সে কারণে অক্টাল ও হেক্সাডেসিমাল পদ্ধতিদ্বয়কে বাইনারি সংখ্যার সংক্ষিপ্ত সংকেত হিসেবে ব্যবহার করা হয়।

M. C. O Ouestion

১. What kind of number is HD?
ক. Binary খ. Octal
গ. Decimal ঘ. Hexadecimal

২. ১৬ ভিত্তিক সংখ্যা পদ্ধতিকে বলা হয়-
ক. Octal
খ. Binary
গ. Decimal
ঘ. Hexadecimal ঙ. None

৩. হেক্সাডেসিমাল সংখ্যা পদ্ধতি কয়টি ভিত্তির উপর প্রতিষ্ঠিত?
ক. ৭ খ. ৮
গ. ২ ঘ. ১৬

৪. হেক্সাডেসিমাল নম্বর গঠনের সংমেশ্রণ হলো-
ক. বাইনারি ও ডেসিমাল নম্বর
খ. অক্ষর ও ডেসিমাল ডিজিট
গ. বাইনারি ও অক্টাল নম্বর
ঘ. অক্টাল ও ডেসিমাল নম্বর

৫. হেক্সাডেসিমাল গণনায় মৌলিক অংক কয়টি?
ক. ১০টি
খ. ৮টি
গ. ১২টি
ঘ. ১৬টি

৬. কোন অক্ষরটি হেক্সাডেসিমাল গণনা পদ্ধতির একটি মান নির্দেশ করে?
ক. F
খ. G
গ. H
ঘ. K

RAISUL ISLAM HRIDOY

WhatsApp:- 01300430768
Facebook:- /hridoy.r66
Web:- zerotoinfinity24bd.blogspot.com
বিনামুল্যে বই পেতে এখানে ভিজিট করুন

কোড (Code) : কম্পিউটার সেস্টেমে ব্যবহৃত প্রতিটি বর্ণ, সংখ্যা বা বিশেষ চিহ্নকে আলাদাভাবে সিপিইউকে বোঝানের জন্য বিটের (০ বা ১) বিভিন্ন বিন্যাসের সাহায্যে অদ্বিতীয় (Unique) সংকেত তৈরি করা হয়। এই অদ্বিতীয় সয়কেতকে কোড বলা হয়।

কোডিং (Coding) : কম্পিউটার সিস্টেমে অদ্বিতীয় সংকেতকে ইনপুটের জন্য যে কোডের প্রয়োজন হয় তাকে কোডিং বলে।

ডিকোডিং (Dcoding) : প্রসেসিং শেষে আবার আউটপুটে যে পদ্ধতি ব্যভহৃত হয় তাকে ডিকোডিং বলে। এ পদ্ধতিতে কোডকে আবার বর্ণ, সংখ্যা বা চিহ্নে রূপান্তর করা হয়।

- **এনকোডিং (Encoding) :**

কম্পিউটারসহ বিভিন্ন ইলেকট্রনিক যন্ত্র ডে সমস্ত ডেটা নিয়ে কাজ করে তা সংখ্যা, বর্ণ এবং কিছু বিশেষ চিহ্ন নিয়ে গঠিত। ডিজিটাল সার্কিট লেবেল ০ ও লজিক লেভেল ১ এর ভিত্তিতে কাজ করে। অর্থাৎ এক্ষেত্রে বাইনারি পদ্ধতি সক্রিয় থাকে। সে কারনে বর্ণ, সংখ্যা ও বিশেষ চিহ্নসমূহের বাইনারি রূপান্তর প্রয়োজন হয়। এ রূপান্তর প্রক্রিয়াকে এনকোডিং বলে।

বাইনারি সংখ্যা পদ্ধতির মৌলিক চিহ্ন দুটি ০ এবং ১। এ কারণে ২, ৩, ৪, ৫, ৬, ৭ এবং ৮টি বিট দিয়ে যথাক্রমে- ৪(=২২), ৮(=২৩), ১৬(=২৪), ৩২(=২৫), ৬৪(=২৬), ১২৮(=২৭) এবং ২৫৬(=২৮) টি পৃথক অদ্বিতীয় সংকেত গঠন করা সম্ভব। কম্পিউটারের জন্য প্রতিটি বর্ণ, অংক বা বিশেষ চিহ্ন একটি ক্যারেকটার বা চিহ্ন হিসেবে পরিচিত। এক একটি ক্যারেকটারের জন্য কয়টি বিট হবে তা নির্ভর করে কোন পদ্ধতির কোড ব্যবহার করা হবে তার উপর। প্রয়োগের ক্ষেত্র অনুসারে নানা ধরনের কোড আবিষ্কৃত হয়েছে। যেমন-

- ✓ আলফানিউমেরিক
- ✓ অ্যাসকি কোড
- ✓ বিসিডি কোড
- ✓ ইবিসিডিক কোড
- ✓ ইউনিকোড
- ✓ অক্টাল কোড
- ✓ হেক্সাডেসিমাল কোড
- ✓ গ্রে কোড
- ✓ মোর্স কোর্ড

RAISUL ISLAM HRIDOY

- **আলফানিউমেরিক কোড:**

অক্ষর (a – z, A- Z) অংক (0 – 9) এবং বিভিন্ন গাণিতিক চিহ্নসহ (+, -, =, × ইত্যাদি) আরও কতকগুলো বিশেষ চিহ্নের (!, @, #, $, %, *, / ইত্যাদি) জন্য ব্যবহৃত কোডকে আলফানিউমেরিক কোড বলা হয়। ০ থেকে ৯ পর্যন্ত অংকগুলো নির্দিষ্ট করা ছাড়াও কম্পিউটার সহ বিভিন্ন প্রযুক্তিপণ্যের কর্মদক্ষতাকেক কাজে লাগানোর প্রয়াসে অক্ষর ও অন্যান্য চিহ্নের প্রয়োজন হয়। এ কারনেই আলপানিউমেরিক কোডের উদ্ভব হয়েছে। এছাড়া আলফানিউমেরিক কোড ডেটা কমিউনিকেশন ও ডেটা অ্যাসকি (ASCII) কোড, ইবিসিডিক (EBCDIC) কোড ও ইউনিকোড (Unicode) ইত্যাদি।

- **অ্যাসকি কোড (ASCII Code) :**

ASCII –এর পূর্ণ অর্থ হলো আমেরিকান স্ট্যান্ডর্ড কোড ফর ইনফরমেশন ইন্টারচেঞ্জ (American Standard Code for Information Interchage) । ASCII-7 কোডের বামে একটি প্যারিটি কোড যোগ করে ACII বিটের কোডে রূপান্তরিত করা যায় যা ASCII-8 বুঝায়। ইংরেজি ও গ্রীক ভাষার জন্য সর্বজনস্বীকৃত সংকেতমালা হলো অ্যাসকি কোড। এটি মাইক্রো বা পার্সোনাল কম্পিউটারের জন্য বহুল ব্যবহৃত ও বর্তমানে প্রচলিত কম্পিউটার কোড। এটি বহুল পরিচিত বিট আলফা নিউমেরিক কোড। অর্থাৎ এ কোডের সাহায্যে ২৭ বা ১২৮ টি অন্যান্য অংক, অক্ষর ও চিহ্ন প্রকাশ করা যায়। যেমন: A -এর আসকি কোড ৬৫ এবং a-এর আসকি কোড ৯৭।

- **বিসিডি কোড (BCD Code) :**

বিসিডি কোডের পূর্ণ অর্থ হচ্ছে বাইনারি কোডেড ডেসিমাল। কোন দশমিক সংখ্যাকে বাইনারি সংখ্যায় কিংবা বাইনারি সংখ্যাকে দশমিক সংখ্যায় রূপান্তর করার পদ্ধতি সহজতর করার জন্য বিসিডি কোড ব্যবহার করা হয়। বিসিডি কোড সাধারণত ৪, ৬, ৮ বিটের হতে পারে। তবে ৮ বিটের বিসিডি কোডকে আদর্শ হিসেবে ধার হয়। কয়েকটি BCD কোড হলো- ৮৪২১ ৫৪২১ ২৪২১।

- **ইবিসিডিসি কোড (EBCDIC Code) :**

ইবিসিআইডি (EBCDIC Code) ইবিসিডিআইসি (EBCDIC) -এর পূর্ণ অর্থ হচ্ছে এক্সটেন্ডেড কোডেট ডেসিমাল ইনফরমেশন কোড (Extended Binary Coded Decimal Information Code)। বিশ্ব বিখ্যাত আইবিএম কোম্পানি তাদের নিজস্ব কম্পিউটারে ব্যবহারের জন্য এই কোড উদ্ভাবন করেছে। এটি ৮ বিটের কোড, যার ডান দিকের ৪টি এবং অবশিষ্ট ৪ বিটের মধ্যে মাঝের ৩ বিট হলো জোনাল বিট এবং সবং বামরে বিটটি প্যারাটি বিট হিসেবে ব্যবহৃত হয়।

- **ইউনিকোড (Unicode) :**
  বিশ্বের ছোট বড় সকল ভাষাকে কম্পিউটারে কোডভুক্ত করার জন্য ইউনিকোড ব্যবহৃত হয়। ইউনিকোড মূলত ২ বাইট বা ১৬ বিটের কোড। এই কোডের (আধুনিক ভার্সন 501) মাধ্যমে ৬৫৫৩৬ বা $২^{১৬}$ টি অদ্বিতীয় চিহ্নকে নির্দিষ্ট করা যায়।

- **অকট্যাল কোড (Octal Code) :**
  ৩ বিট বিশিষ্ট বাইনারি কোডকে অকট্যাল কোড বলা হয়। কম্পিউটার এবং মাইক্রোপ্রসেসরের মধ্যে সংযোগের জন্য অক্ট্যাল কোড ব্যবহৃত হয়।

- **হেক্সাডেসিমেল কোড (Hexadecimal Code) :**
  হেক্সাডেসিমেল কোড হলো ৪ বিটের বাইনারি কোড। অকট্যাল কোডের মতো এ কোডও কম্পিউটার এবং মাইক্রোপ্রসেসরের সাথে সংযোগের জন্য ব্যবহৃত হয়।

RAISUL ISLAM HRIDOY

M. C. O Ouestion

১. ইউনিকোডের মাধ্যমে সম্ভাব্য কতকগুলো চিহ্নকে নির্দিষ্ট করা যায়?
ক. ২৫৬টি
খ. ৪০৯৬টি
গ. ৩৫৫৩৬টি
ঘ. ৪২৯৪৯৬২৯৬ টি

২. Back up প্রোগ্রাম বলতে কি বোঝানো হয়?
ক. নির্ধারিত ফাইল কপি করা
খ. আগের প্রোগ্রামে ফিরে যাওয়া
গ. সর্বশেষ পরিবর্তন Undo করা
ঘ. কোনটিই নয়

৩. ৮ টি বিট নিয়ে গঠিত কোনটি?
ক. বিসিডি
খ. ইউনিকোড
গ. অ্যাসকিকোড
ঘ. কোনটিই নয়

৪. একটি ইউনিকোডের একটি ইউনিটকে কয়টি বিট নির্দেশ করে?
ক. ১
খ. ৪
গ. ৬
ঘ. ১০
ঙ. ১৬

৫. Which one is used in computers for number, Text and special symbol?
ক. Bit
খ. Byte

গ. Code
ঘ. Unicode

৬. What is the name of the coding system that is used in bangla Language?
ক. Unicode খ. BCD
গ. Logic Code ঘ. Numberic Code

৭. How many bits in a EBCDIC Code?
ক. 8 bits
খ. 16 bits
গ. 10 bits
ঘ. 18 bits

৮. What s called when flowchart is converted into Computer programming language?
ক. Coding
খ. Mixing
গ. Editing
ঘ. Formatting

৯. প্রোগ্রামিং ভাষা ব্যবহারের পূর্বে কিছু লিখিত নির্দেশনাকে কী বলে?
ক. ASCII খ. Unicode
গ. BCS ঘ. Pseudo Code

RAISUL ISLAM HRIDOY

১০. Which is the latest version of UNICODE?
ক. 501 খ. 510
গ. 515 ঘ. 555

১১. How many bits are the length of a Unicode Character?
ক. 4 bits খ. 8 bits
গ. 16bits ঘ. 32 bits

১২. ইংরেজি ভাষার জন্য সর্বজনস্বীকৃত সংকেতমালাকে কি বলা হয়?
ক. ইউনিকোড
খ. ফর্মূলা
গ. অ্যাসকি
ঘ. ফাংশন

১৩. ASCII Stand for-
ক. American Stable Code for International interchange
খ. American Standard Case for Internation Interchange
গ. American Standard Code for International Information
ঘ. American Standard Code for International Interchange

১৪. What is the name of the code that is used for the English and Roman language?
ক. ASCII
খ. ROM
গ. RAM
ঘ. REM

১৫. How many steps are there in ASCII?
ক. 1
খ. 2
গ. 3
ঘ. 4

১৬. কোন কোম্পানি 'EBCDIC' Code?
ক. Apple
খ. Microsoft
গ. IBM

ঘ. Sony

১৭. কোনটি আলফানিউমেরিক কোড?
ক. হেক্সাডেসিমেল
খ. বিসিডি
গ. অকট্যাল
ঘ. আসকি

১৮. What is the length of Unicode Character?
ক. 4 bits
খ. 8 bits
গ. 32 bits
ঘ. 16 bits

➢ বিসিডি কোড ও বাইনারি কোডের মধ্যে পার্থক্য
(Difference between BCD and Binary Code):

বিসিডি কোড	বাইনারি কোড
বিসিডি কোন সংখ্যা পদ্ধতি নয়। দশমিক সংখ্যাকে বাইনারিতে প্রকাশের জন্য বিসিডি কোড ব্যবহৃত হয়।	বাইনারি একটি পদ্ধতি সংখ্যা পদ্ধতি, যার ভিত্তি ২ এবং এতে ব্যবহৃত অঙ্ক 0 এবং 1।
বিসিডি একটি 4 বিটের কোড	বাইনারি এর বিটের সংখ্যা নির্ভর করে দশমিক সংখ্যার উপর।
বিসিডি কোড ৫ প্রকার। যথা- বিসিডি 8421, বিসিডি - 2421, বিসিডি 642-3।	বাইনারি সংখ্যা নির্ভর করে দশমিক সংখ্যার উপর।
এটি সাধারণত ক্যালকুলেটর, ডিজিটাল ঘড়ি, ডিজিটাল ভোল্টমিটারে ব্যবহৃত হয়।	এটি কম্পিউটার ও কম্পিউটার নিয়ন্ত্রিত অন্যান্য যন্ত্রে ব্যবহৃত হয়।

RAISUL ISLAM HRIDOY

M. C. O Question

১. বিসিডি কোড কত প্রকার?
ক. ৪
খ. ৫
গ. ৬
ঘ. ৭

➢ বুলিয়ান অ্যালজেবরা ও লজিক গেইট
০ এবং ১ এ দুটি বাইনারি সংখ্যার উপর ভিত্তি করে অন্য সকল প্রকার সংখ্যার উপর ভিত্তি করে অন্য সকল প্রকার সংখ্যার প্রদর্শন ও হিসাব-নিকাশের বীজগণিতীয় পদ্ধতিকে বুলিয়ান অ্যালজেবরা বলে। ১৮৪৭ সালে ইংরেজ গণিতবীদ জর্জ বুলি প্রথম বুলিয়ান অ্যালজেবরা নিয়ে আলোচনা করেন। বুলিয়ান অ্যালজেবরা মূলত লজিকের সত্য ও মিথ্যা এই দুই স্তরের উপর ভিত্তি করে প্রতিষ্ঠিত। বুলিয়ান অ্যালজেবরার ব্যবহারিক প্রয়োগের জন্য ডিজিটাল ইলেক্ট্রনিক সার্কিট ব্যবহার করা হয়। এ সকল ডিজিটাল ইলেক্ট্রনিক সার্কিটকে লজিক গেইট বলে। অন্যভাবে বলা যায়, যে সকল ডিজিটাল ইলেক্ট্রনিক সার্কিট যুক্তিভিত্তিক সংকেতের প্রবাহ নিয়ন্ত্রণ করে সে সকল সার্কিটকে লজিক কাজ করে এবং লজিক গেইট বাস্তবায়ন করা হয়।ডিজিটাল ইলেক্ট্রনিক্সে তিনটি মৌলিক লজিক গেইট ব্যবহার করা হয়। যথা-

১. অর (OR) গেইট
২. অ্যান্ড (AND) গেইট
৩. নট (NOT) গেইট

➢ **অর (OR) গেইট**

অর গেইটে দুয়ের অধিক ইনপুট এবং একটি আউটপুট থাকে। অর গেইটের যে কোন একটি ইনপুট ১ হলে আউটপুট ১ হবে। প্রথমে দুটি বিশিষ্ট একটি অর গেইট নিয়ে আলোচনা করা হল। অন্তত: একটি ইনপুট ১ হলেই গেইটের আউটপুট ১ য়। অর্থাৎ A = ০, B = ১ অথবা A = ১, B = ০ অথবা A = ১, B = ১ অবস্থানগুলোর জন্য আউটপুট ১ হয়।

অর গেইটের সত্যক সারণী

Input		Output
A	B	Y = A+B
০	০	০
০	১	১
১	০	১
১	১	১

➢ অ্যান্ড (AND) গেইট: অ্যান্ড গেইটে দুই বা দুয়ের অধিক ইনপুট এবং আউটপুট থাকে। অ্যান্ড গেইটের সকল ইনপুট ১ হলেই কেবলমাত্র আউটপুট ১ হবে অন্যথায় আউটপুট ০ হবে।

অ্যান্ড গেইটের সত্যক সারণী

Input		Output
A	B	Y = A + B
০	০	০
০	১	০
১	০	০
১	১	১

RAISUL ISLAM HRIDOY

➢ নট (NOT) গেইট : নট গেইটে একটি ইনপুট ও একটি আউটপুট থাকে। নট গেইটের ১ হলে আউটপুট ০ এবং ইনপুট ০ হলে আউটপুট ১ হয়।

নট গেইটের সত্যক সারণী

A	Y = A
১	০
০	১

ডিজিটাল ইলেক্ট্রনিক্সে উপরিক্ত মৌলিক তিনটি লজিক গেইট ছাড়াও আরও কিছু গেইট ব্যবহার করা হয়। যথা-
ন্যান্ড (NAND) গেইট: AND গেইট ও NOT গেইট এর সমন্বিত গেইটকে ন্যান্ড গেইট বলে।
নর (NOR) গেইট: OR গেইট ও NOT গেইট এর সমন্বিত গেইটকে নর গেইট বলে।
এক্স অর (XOR) গেইট: Exclusive OR এর সংক্ষিপ্ত রূপ হলো XOR । XOR গেইট মৌলিক গেইট দিয়ে তৈরি করা হয়।
এক্স নর (XNOR) গেইট : XOR গেইট ও NOT গেইট এর সমন্বিত গেইটের নাম XNOR গেইট।
বুলিয়ান ধ্রুবক ও চলক: বুলিয়ান ধ্রুবক ও চলকের মান ০ অথবা ১ হয়। ধ্রুবক -এর মান অপরিবর্তিত থাকে, তবে চলকের মান সব সময় নির্ভরশীল।

বুলিয়ান পূরক: বুলিয়ান অ্যালজেবরায় দুটি সম্ভাব্য মান ০ এবং ১ কে একটি অপরটি পূরক বলা হয়।
পূরককে " - " অথবা " ' " দ্বারা প্রকাশ করা হয়।

অ্যাডার : ডিজিটাল ইলেক্ট্রনিক্স যে সমবায় সার্কিট দ্বারা যোগ করা যায় তাকে বলা হয় অ্যাডার । অ্যাডার দুই ধরনের । যথা-

১. হাফ অ্যাডার ।
২. ফুল অ্যাডার।

হাফ অ্যাডার : যে অ্যাডার দুটো বিট যোগ করে যোগফল ও হাতে থাকা সংখ্যা বা ক্যারি বের করতে পারে তাকে হাফ অ্যাডার বলে।
ফুল অ্যাডার : ক্যারিসহ অপর দুটি বিট যোগ করার জন্য ফুল-অ্যাডার ব্যবহার করা হয়।
বাইনারি অ্যাডার: যে অ্যাডার দুটো বাইনারি বিট যোগ করতে পারে তাকে বাইনারি অ্যাডার বলে।

M. C. Q Question

১. The logic gate NOT has-
ক. output I if any input is 1
খ. output I if all inputs are 1
গ. outout 0 if any input is 1
ঘ. One input and one output
ঙ. No input and no output

RAISUL ISLAM HRIDOY

➢ যৌগিক লজিক গেইট
(NAND, NOR, X-NOR gate)
যে লজিক গেইট অন্য গেইটের সাহায্য ছাড়া তৈরি করা যায় না তাকে যৌগিক লজিক গেইট বলা হয়। ডিজিটাল ইলেক্ট্রনিক্স এ মোট চার ধরনের যৌগিক লজিক গেইট ব্যবহৃত হয়।

1. **NAND গেইট :** এ গেইট হচ্ছে AND গেইট এবং NOT গেইটের সমন্বিত একটি লজিক গেইট অর্থাৎ AND গেইটের আউটপুটকে NOT গেইট দিয়ে প্রবাহিত করলে NAND গেইট পাওয়া যায়। অন্যভাবে বলা যায় NAND গেইট এর সাহায্যে NAND গেইট পাওয়া যায়। অন্যভাবে বলা যায় NAND গেইট এর সাহায্যে AND গেইট এর বিবপরীত মান পাওয়া যায়।
2. **NOR গেইট:** NOR গেইট হচ্ছে OR গেইট এবং NOT গেইটের সমন্বিত রূপ। অর্থাৎ OR গেইটের আউটপুটকে NOT গেইটের মধ্য দিয়ে প্রবাহিত করে NOR গেইট তৈরি করা হয়। অন্যভাবে বলা যায় NOR গেইটের সাহায্যে OR গেইটের বিরীত মান পাওয়া যায়।
3. **X-OR গেইট :** X-OR গেইট হচ্ছে Exclusive-OR গেইট এর সংক্ষিপ্ত রূপ। এই গেইটের সাহায্যে একটি বিশেষ ধরনের কাজ করা হয়। বাইনারি যোগ এবং দুট বিটের অবস্তা তুলনা করার জন্য এই গেইট ব্যবহার করা হয়। X-OR গেইট এর আউটপুট বা X-OR গেইটের ইনপুট লাইনে বিজোরড় সংখ্যক ১ হলে এর আউটপুট ১ হয়, অন্যথায় আউটপুট ০ হয়।
4. **X – NOR গেইট :** X – NOR গেইট হচ্ছে X-NOR গেইট এর বিপরীতরূপ অর্থাৎ X-OR গেইট এর আউটপুটকে NOT গেইটের মধ্যদিয়ে প্রবাহিত করলে X-NOR গেইট এর আউটপুট পাওয়া যায়। X-NOR গেইটের ইনপুট লাইনে বিজোরড় সংখ্যক ১ হলে এর আউটপুট ০ হয়, অন্যথায় আউটপুট ১ হয়।

সর্বজনীন গেইট (Univesal Gate) : যে সকল গেইটের সাহায্যে মৌলিক গেইটসমূহ (OR, AND, NOT Gate) এবং অন্যান্য গেইট যৌক্তিকভাবে বাস্তবায়ন করা যায় সেই সকল গেইটকে সার্বজনীন গেইট বলা হয়।

NAND এবং NOR গেইটের সার্বজনীনতা : শুধুমাত্র NAND গেইট ব্যবহার করে সকল মৌলিক গেইট বাস্তবায়ন করা হয়। আবার শুধুমাত্র NOR গেইট দিয়েও সকল প্রকার মৌলিক গেইটের বাস্তবায়ন সম্ভব। এ কারনে NAND এবং NOR গেইটকে ডিজিটাল লজিক সার্কিটে সার্বজনীন গেইট বলা হয়।

মৌলিক লজিক গেইট : যে সমস্ত লজিক গেইট অন্য কোন গেইটের সাহায্য ছাড়াই তৈরী করা যায় তাদেরকে মৌলিক লজিক গেইট বলে। OR, AND, NOT গেইট ডিজিটাল ইলেক্ট্রনিক্সে তিনটি মৌলিক লজিক গেইট। যৌক্তিক যোগ ও গুনের জন্য ক্রমান্বয়ে OR এবং AND গেইট ব্যবহৃত হয়। পূরকের জন্য NOT গেইট ব্যবহৃত হয়।

এনকোডার (Encoder) : মানুষের ব্যবহৃত ভাষা কম্পিউটারের কাছে বোধগম্য নয়। কম্পিউটারে ব্যবহারের জন্য মানুষের ভাষাকে যান্ত্রিক ভাষায় বা কোডে রূপান্তর করা হয়। আবার কম্পিউটারের বিভিন্ন কাজে এরকম কোড থেকে

অন্যরকম কোডে রূপান্তর করার প্রয়োজন হয়। যে সকল সমন্বিত সার্কিট বা বর্তনী ব্যবহার করে ডেটাকে বিভিন্ন কোডে রূপান্তর করা যায়,সেই সব বর্তনীকে এনকোডার বলা হয়।
এনকোডারের সাহায্যে যে কোন আলফানিউমেরিক বর্ণকে ASCII, EBCDIC ইত্যাদি কোডে পরিণত করা যায়। এখানে আলোচিত এনকোডার এমন একটি সমবায় সার্কিট যাতে 2n সংখ্যক ইনপুট লাইনের জন্য n সংখ্যক আউটপুট লাইন থাকে। ইনপুট লাইনের ক্ষেত্রে যে কোন একটি ইনপুট লাইনে 1 হলে বাকী সব ইনপুট লাইনে 0 থাকে।

- **অকট্যাল to বাইনারি এনকোডার:**
  একটি অকট্যাল to বাইনারি এনকোডারে 8টি ইনপুট লাইন ও 3টি আউটপুট লাইন থাকে। তাই এর সাহায্যে অকট্যাল সংখ্যাকে বাইনারি সংখ্যায় রূপান্তরিত করা যায়। এজন্য একে অকট্যাল to বাইনারি এনকোডার বা 8 to 3 এনকোডার বলা হয়।

ডিকোডার (Dicoder) : ডিকোডার নাম থেকেই বোঝা যাচ্ছে এটি এমন একটি সমন্বিত লজিক সার্কিট যা কোন কোডকে মানুষের ব্যবহৃত ভাষায় রুপান্তর করতে পারে অর্থাৎ এনকোডারের সাহায্যে সাধারণ ভাষাকে যে কোডে পরিনত করা হয় তাকে আবার পূর্বের অবস্থায় ফেরত আনার জন্য যে সকল সমন্বিত সার্কিট বা বর্তনী ব্যভহার করা হয়, সেসব বর্তনীই ডিকোডার। ডিকোডারের সাহায্যে যে কোন ASCII , EBCDC ইত্যাদি কোডকে আলফানিউমেরিক বর্ণে পরিনত করা যায়। এখানে আলোচিত ডিকোডারে n সংখ্যক ইনপুট লাইনের জন্য 2^n সংখ্যক আউটপুট লাইন থাকে। ইনপুটের সাপেক্ষে আউটপুটের যেকোন একটিতে ১ এবং বাকী সবগুলো ০ পাওয়া যায়।
2 to 4 ডিকোডার: 2 to 4 ডিকোডার দুটি ইনপুট লাইন থেকে 4 টি আউটপুট লাইনের যে কোন একটিতে 1 পাওয়া যায়। আউটপুট লাইনের একটিতে 1 এবং বাকি সবকটিতে আউটপুট 0 পাওয়া যায়।

RAISUL ISLAM HRIDOY

M. C. O Ouestion

১. একটি ২ (দুই) ইনপুট লজিক সেটের আউটপুট হবে, যদি এর ইনপুটগুলো সমান হয়- এই উক্তিটি কোন সেটের জন্য সত্য।
   ক. A N D
   খ. N O R
   গ. Ex-OR
   ঘ. OR
২. ডিজিটাল ইলেক্ট্রনিক্স এ কত ধরনের যৌগিক লজিক গেইট ব্যবহৃত হয়?
   ক. তিন
   খ. চার
   গ. পাঁচ
   ঘ. ছয়
৩. A + B = ?
   ক. A + B

খ. A . B
গ. A + B
ঘ. A.B

৪. মৌলিক লজিক গেইট কতটি?
ক. ২টি
খ. ৩টি
গ. ৪টি
ঘ. ৫টি

৫. নিচের কোন গুলো এই ধরনের?
ক. AND, NOR, NOT
খ. OR, NOT, X-NOR
গ. XOR, AND, NOT
ঘ. AND, NOT, OR

৬. AND গেইটে A ও B এর মান 0 হলে আউটপুট-
ক. 0
খ. 1
গ. 10
ঘ. 01

৭. NAND গেইটে দুইটি ইনপুট ১ হলে আউটপুট কত হবে?
ক. 1
খ. 10
গ. 11
ঘ. 0

৮. সাধারণত দুটি বিট ভিন্ন কিনা তা তুলনা করার কাজে ব্যবহৃত হয়-
ক. X-OR
খ. X-NOR
গ. AND
ঘ. OR

৯. কোন গেইটের ইনপুট দুটি অসমান হগলে আউটপুট ১ হবে-
ক. XOR
খ. X -NOR
গ. AND
ঘ. NOT

১০. এনকোডারের সাহায্যে যেকোন আলফানিউমেরিক বর্ণকে কোন কোডে পরিণত করা যায়?
ক. EBCDIC
খ. ASCII
গ. BCD
ঘ. সবগুলোই

RAISUL ISLAM HRIDOY

পঞ্চম অধ্যায় — কম্পিউটার প্রোগ্রাম/ সফট্ওয়্যার এবং অপারেটি

নির্দিষ্ট সমস্যা সমাধানের লক্ষ্যে কম্পিউটারের ভাষায় ধারাবাহিকভাবে লিখিত কমান্ড বা নির্দেশের সমষ্টিকে বলে প্রোগ্রাম লিখিত কমান্ড বা নির্দেশসমূহ টেক্সট ফাইলে সারিবদ্ধভাবে থাকে। প্রোগ্রাম রান করালে কম্পিউটার এই কমান্ড বা নির্দেশসমূহ পর্যায়ক্রমিকভাবে পালন করে এবং নির্দিষ্ট সমস্যার সমাধান দেয়। সাধারণত প্রোগ্রামকেই সফট্ওয়্যার বলতে প্রোগ্রাম বা কর্মপরিকল্পনার কৌশলকে বুঝায়। হার্ডওয়্যার সত্যিকার অর্থে কম্পিউটিং কাজ করে এবং সফট্ওয়্যার অর্থহীন। সময়ের চাহিদা মেটাতে সফট্ওয়্যার Modify করা যায়। সফটওয়্যার এক অদৃশ্য শক্তি। প্রোগ্রাম সমষ্টি যা কম্পিউটারের হার্ডওয়্যারের এবং ব্যবহারকারীর মধ্যে সম্পর্ক সৃষ্টির মাধ্যমে হাডওয়্যারে কার্যক্ষম রাখে, তাকে সফট্ওয়্যার বলে।

সফট্ওয়্যারের বৈশিষ্ট্য :

১. **ব্যাপক ব্যবহার:** একটি সফট্ওয়্যার তৈরীর পর উহা বহু ব্যবহার করা যায়। যেমন- মাইক্রোসফট ওয়ার্ডে। এই সফট্ওয়্যারের সারা পৃথিবীর লক্ষ লক্ষ কম্পিউটার ব্যবহারকারী ব্যবহার করেছে।
২. **স্থায়ীত্ব:** কম্পিউটার হার্ডওয়্যার ব্যবহার করার পর উহা নষ্ট হয়ে যায়। কিন্তু সফট্ওয়্যার ক্ষয় বা নষ্ট হয় না।
৩. **সংস্করণ :** একটি সফট্ওয়্যারের অন্যতম বৈশিষ্ট্য হলো সফটওয়্যারটি অবশ্যই সময়ের সাথে তাল মিলিয়ে সময় উপযোগী করে আধুনিকায়ন করতে হবে। যেমন- বিজয় একটি বাংলা সফটওয়্যার। বিভিন্ন সময়ের চাহিদা মোতাবেক এই সফটওয়্যারটি সংস্করণ করা হয়েছে।

M. C. O Ouestion

১. What is Software?
   ক. Soft write used in computer
   খ. Machinary part of computer
   গ. Program for computer operation
   ঘ. Electronic part of computer
২. সমস্যা সমাধানের জন্য বিশেষ অনুক্রমে সাজানো কম্পিউটার নির্দেশকে বলা হয়-
   ক. Processing খ. Program
   গ. Control ঘ. Memory
৩. মানুষের দেহকে যদি হার্ডওয়্যার ধরা হয় তাহলে সফটওয়্যার-
   ক. Hand
   খ. Leg
   গ. Power
   ঘ. Heart
৪. Which is invisible power?
   ক. Key-board
   খ. Software
   গ. Hardware
   ঘ. None of these

RAISUL ISLAM HRIDOY

৫. Which is the vigor computer?
ক. Hardware
খ. CPU
গ. Software
ঘ. Microprocessor

৬. কম্পিউটার সফটওয়্যার বলতে বুঝানো হয়-
ক. এর প্রোগ্রাম বা কর্ম পরিকল্পনার কৌশল
খ. যে সব অংশ মুদ্রায়িত অবস্থায় থাকে
গ. তথ্য দেয়া ও তথ্য নেয়ার অংশ বিশেষ
ঘ. কম্পিউটার তৈরির নক্সা

৭. সফটওয়্যার কি?
ক. কম্পিউটারে ব্যবহৃত নরম তার
খ. কম্পিউটারের যান্ত্রিক অংশ
গ. কম্পিউটার অপারেশনের জন্য প্রোগ্রাম
ঘ. কম্পিউটারের ইলেক্ট্রনিক অংশ

৮. Which one of the following is the most important part of a computer system?
ক. Hardware
খ. Software
গ. Data
ঘ. User
ঙ. None of these

RAISUL ISLAM HRIDOY

প্রোগ্রাম/ সফটওয়্যারের শ্রেণিবিভাগ

প্রোগ্রাম বা প্রোগ্রাম সমষ্টি যা কম্পিউটারের হার্ডওয়্যার ও ব্যবহারকারীর মধ্যে সম্পর্ক সৃষ্টির মাধ্যমে হার্ডওয়্যারকে কার্যক্ষম করে তাকেই প্রোগ্রাম বা সফটওয়্যার বলে। কম্পিউটার সফটওয়্যারকে প্রধানত দুই ভাগে ভাগ করা যায়। যথা-

i. সিস্টেম সফটওয়্যার (System Software)
ii. অ্যাপ্লিক্যাশন সফটওয়্যার (Application Software)

➢ সিস্টেম সফটওয়্যার অপারেটিং (System Software) : সিস্টেম সফটওয়্যার অপারেটিং সিস্টেম এবং কম্পিউটার সিস্টেম ব্যবহার করার সুযোগ দেয়। সিস্টেম সফটওয়্যার ছাড়া কম্পিউটার পরিচালনার করা সম্ভব নয়। এটাতে আছে ডাইগনস্টিক টুলস, কম্পাউলার, সার্ভার, ইউটিলিটি, ভাষা পরিবর্তনের সুযোগ, ডেটা আদান-প্রদানের সুযোগ, ডেটাবেস সিস্টেম ইত্যাদি।
সিস্টেম সফটওয়্যারের উদ্দেশ্য হল, অ্যাপ্লিকেশনগুলোকে পৃথক করা প্রোগ্রামারদের জন্য যাতে তত্ত্বধান এবং সফটওয়ার ও হাডওয়্যারের যোগাযোগ স্থাপন করে।
সাধারণ সিস্টেম সফটওয়্যারের প্রকারগুলো হলো-
- কম্পিউটারের বায়োস (BIOS) : এই ডিভাইস ফার্মওয়্যার (Firmware) হার্ডওয়্যার (আগে থেকে অন্তর্ভুক্ত বা পরে লাগানো) পরিচালনার এবং নিয়ন্ত্রনের সাধারণ কাজ করে থাকে।
- অপারেটিং সিস্টেম: যা কম্পিউটারের সকল অংশকে একত্রে কাজ করায়। যেমন- ডেটা আদান-প্রদান, আউটপুট তৈরি এবং প্রদর্শন। এটা উচ্চস্তরের সিস্টেম সফটওয়্যার চালানো এবং অ্যাপ্লিকেশন সফটওয়্যার চালানোর একটি প্লাটফর্ম ও বটে।

- ইউটিলিটি সফটওয়্যার: এটা কোন কিছুর বিশ্লেষণ, বাছাই বা পছন্দ নির্ধারণ, ত্বরান্বিতকরণ এবং কিছু কিছু ক্ষেত্রে নিয়ন্ত্রণ করার ক্ষমতা দেয়। অর্থাৎ কম্পিউটার রক্ষণাবেক্ষণ, বিশ্লষণ, ডিজাস্টার রিকোভারি,ডেটা ও প্রোগ্রামের ব্যাকআপ, বিভিন্ন প্রকার ভাইরাস থেকে সুরক্ষা ইত্যাদি সুবিধা সমূহ যে প্রোগ্রাম প্রদান করে তাকেই ইউলিটি প্রোগ্রাম বলে। যেমন- লাইব্রেরী প্রোগ্রাম, লিংকার প্রোগ্রাম অ্যান্টি ভাইরাস সফটওয়্যার, ডিফ্রাগমেন্টেশন।

➢ অ্যাপ্লিকেশন সফটওয়্যার
(Application Software) :

সিস্টেম সফটওয়্যারের বিপরীতে, অ্যাপ্লিকেশন সপটওয়্যার বলতে বুঝায় যে সফটওয়্যার দ্বারা ব্যভহারকারী লেখা লিখতে পারে, গেমস খেলতে পারে, গান শুনতে পারে অথবা ইন্টারনেট ব্যবহার করতে পারে। অর্থাৎ ব্যবহারিক সমস্যা সমাধান বা ডেটা প্রক্রিয়াকরণের জন্য ব্যবহৃত প্রোগ্রামকে অ্যাপ্লিকেশন সফটওয়্যার বা ব্যবহারিক সফটওয়্যার বলা হয়। ব্যবহারিক সমস্যা সমাধানের জন্য অনেক রকম তৈরি প্রোগ্রাম বাণিজ্যিক পণ্য হিসেবে পাওয়া যায়, যাকে সাধারণত প্যাকেজ প্রোগ্রামও বলা হয়।
আমরা বলতে পারি, সিস্টেম সফটওয়্যার একটি কম্পিউটার সফওয়্যার যেটার নকশা করা হয়েছে কম্পিউটারের হার্ডওয়্যার কে পরিচালনা করার জন্য এবং অ্যাপ্লিকেশন সফটওয়্যারকে আবার ২ ভাগে ভাগ করা যায়। যেমন-

i. **প্যাকেজ সফটওয়্যার (package Software)** :
নির্দিষ্ট কাজের উদ্দেশ্যে তৈরি ও ব্যবহৃত প্রোগ্রামকে প্যাকেজ সফটওয়্যার বা প্রোগ্রাম বলে। প্যাকেজ সফটওয়্যারের ব্যবহারকারীর প্রয়োজন অনুযায়ী কমান্ড প্রয়োগ করে কিংবা সংযোজিত থাকে। ব্যবহারকারী কেবল তার প্রয়োজন অনুযায়ী কমান্ড প্রয়োগ করে কিংবা অপশন সিলেক্ট করে তার কাঙ্খিত কাজ সম্পন্ন করে থাকে। যেমন- Mail User Agent/ E-mail client/ E-mail reader, Web Browsing Software, Presentation Software, Multimedia Software, Desktop Publication Software, Graphics Animation Software, Graphics Software, Computer Aided design/ Drafting (CAD), Database Magnement software, Spreadsheet Analysis Software, Word Processing Software.

এমএস ওয়ার্ড প্রোগ্রামের সাহায্যে ওয়ার্ড প্রসেসিং কাজ করা যায়। এমএম এক্সেল প্রোগ্রামের সাহায্যে স্প্রেডশীট এনালাইসিসের কাজ করা যায়। এমএস একসিস প্রোগ্রামের সাহায্যে ডেটাবেজ ব্যবস্থাপনার কাজ করা যায়।

ii. **কাষ্টমাইজড সফটওয়্যার (Customized Software)**:
কেবল নির্দিষ্ট কম্পিউটার ব্যবহারকারীর প্রয়োজন অনুযায়ী প্রস্তুত সফটওয়্যারকে কাষ্টমাইজড সপটওয়্যার তৈরির জন্য ব্যবহারকারী নিজে সক্ষম হতে পারেন কিংবা কোন সফটটওয়্যার কোম্পানীকে অর্ডার দিয়ে তৈরি করে নিতে পারেন। এই সফটওয়্যারকে ব্যবহারকারীর লিখিত প্রোগ্রামও বলা হয়। ব্যবহারকারী এ সকল প্রোগ্রামের কোনরূপ পরিবর্তন বা সংযোজন হতে পারে না। উদাহরণ: ব্যাংক, বীমা, ফার্ম, হাসাপাতাল ইত্যাদি প্রতিষ্ঠানে ব্যবহৃত সফটওয়্যার। এ প্রকারের সফটওয়্যার ব্যবহারকারী এ সকল প্রোগ্রামের কোনরূপ পরিবতীন, সংযোজন বা সংকোচন করতে পারেন না।

বিভিন্ন ধরনের Word processing software এর উদাহরণ-

Microsoft word সংক্ষেপে Ms word- বর্তমানে সবচেয়ে জনপ্রিয়।
- Word perfect
-Word Star
-PFS Write
-Display write
-Dox Writer
-Note pad
-Word pad
-Latex
-Mac Write
-Lotus Wordpro

M. C. O Question

RAISUL ISLAM HRIDOY

১. হার্ডওয়্যারকে পরিচালনা করে কে?
ক. সিস্টেম সফটওয়্যার
খ. অ্যাপ্লিকেশন সফটওয়্যার
গ. মানুষ
ঘ. মাইক্রোসফট

২. What is called the spreadsheet analysis?
ক. MS Word
খ. Analogue Excel
গ. MS Excel
ঘ. MS Foxpro

৩. Which one is writen program?
ক. Customized Software
খ. System Software
গ. Hardware Software
ঘ. package Software

৪. Which Program is used in Bank, Insurance, Hospital?
ক. Customized খ. System
গ. Modern ঘ. Analogue

৫. Special type of program is prepared for a special purpose and is called-
ক. Software খ. Customzed program
গ. Spreadsheet program ঘ. Database program

৬. সফটওয়্যারের অপারেটিং সিস্টেমকে কি বলা হয়?
ক. এপ্লিকেশন প্রোগ্রাম
খ. লোটাস
গ. ফাইল মেকার
ঘ. সিস্টেম সফটওয়্যার

৭. A Computer cannot work without-
ক. Hard Disk
খ. Floppy Disk
গ. Operating System
ঘ. Mouse

RAISUL ISLAM HRIDOY

➢ অপারেটিং সিস্টেম (Operating System) : ইংরেজি Operate শব্দটির আভিধানিক অর্থ পরিচালনা করা এবং Syestem শব্দটির আভিধানিক অর্থ পদ্ধতি। যেহেতু Operating System অর্থ দাড়ায় পরিচালনা পদ্ধতি বা পরচিালনার পদ্ধতি। কম্পিউটারের ক্ষেত্রে অপারেটিং সিস্টেম অর্থ হচ্ছে কম্পিউটার পরিচালনার পদ্ধতি।
অর্থাৎ, অপারেটিং সিস্টেম হলো কম্পিউটার এবং ব্যবহারকারীর মধ্যে সেতুবন্ধনকারী যা হার্ডওয়্যার ও সফটওয়্যারকে নিয়ন্ত্রন ও তত্ত্বধান করে। সফটওয়্যারগুলোর পরিচালনা এবং নিয়ন্ত্রণ করে থাকে যা ব্যবহারকরীর বিভিন্ন সমস্যা সমাধানে প্রয়োজনীয় সহায়তা প্রদান করে। অপারেটিং সিস্টেমের একটি অন্যতম উদ্দেশ্য হলো হহহার্ডওয়্যার ও সফটওয়্যারগুলোকে বন্টন করা এবং নিয়ন্ত্রণ করা।
ব্যবহারকারী - প্রয়োগ - অপারেটিং সিস্টেম - হার্ডওয়্যার

বর্তমান আইবিএম পিসি বা পার্সোনাল কম্পিউটার ও ক্লোন-এ এমএস-ডস (MS-DOS) উইন্ডোজ ৯৫/৯৮ অপারেটিং সিস্টেম এবং অপারেটিং সিস্টেম (MacOS) সবচেয়ে জনপ্রিয় এবং বহুল ব্যবহৃত। এমএস-ডস সংক্ষেপে ডস (DOS) হিসেবে পরিচিত। অপারেটিং সিস্টেমের ভিত্তিতে অ্যাপ্লিকেশন প্রোগ্রাম বা ব্যবহারকারিক কর্মসূচি তৈরি করা হয়।
১৯৫১ সালে প্রাথমিক অবস্থায় অপারেটিং সিস্টেম তৈরি করা হয়েছিল মেইনফ্রেম কম্পিউটারের জন্য। যা যুক্তরাষ্ট্রের মটর রিসার্চ ল্যারেটরী কর্তৃক IBM কর্পোরেশনের জন্য তৈরি করা হয়েছিল। ১৯৭১ সালের PC তে অপারেটিং

সিস্টেমটির নাম ছিল-CP/M। ১৯৭১ সালে PC তে অপারেটিং সিস্টেম ব্যবহার করা হয়। **কয়েকটি উল্লেখযোগ্য অপারেটিং সিস্টেম হচ্ছে- DOS, Windows 95, UNIX, LINUS, OS/2, Mac OS ইত্যাদি।**

➢ **অপারেটিং সিস্টেমের প্রধান কাজ**

MAIN WORK OF OPERATING SYSTEM

অপারেটিং সিস্টেমের প্রধান কাজগুলো হলোঃ

- ✓ অপারেটিং সিস্টেম কম্পিউটারকে সচল ও ব্যবহার উপযোগী করে তোলে।
- ✓ ইনপুট ও আউটপুট ডিভাইসগুলো যেমন-প্রিন্টার, ফ্লপি/ হার্ড ডিস্ক ড্রাইভ, মাউস, মনিটর ও কী-বোর্ড ইত্যাদির নিয়ন্ত্রণ, ত্রুটি ও অবস্থা পর্যবেক্ষণ এবং সময় সাধন করে।
- ✓ ব্যবহারকারীর সাথে বিভিন্ন সফটওয়্যারের সংযোগ সমন্বয় সাধন, পরিচালনায় ও নির্দেশ গ্রহণে সহায়তা প্রদান করে।
- ✓ সফটওয়্যারগুলোর নিয়ন্ত্রণ ও বিভিন্ন প্রোগ্রাম লোড করা ও কাজ করার সুযোগ সৃষ্টি করা।
- ✓ ব্যবহারকারীর নির্দেশ গ্রহণ, বিশ্লেষণ ও ব্যাচ প্রসেসিং করা।
- ✓ বিভিন্ন অ্যাপ্লিকেশন প্রোগ্রাম অর্থাৎ MS-Word, MS-Excel ইত্যাদি কম্পিউটারের মেমোরিতে স্টোর করে; যার ফলে ব্যবহারকারী সহজে ব্যবহার করতে পারে।
- ✓ ডাটা আদান-প্রদান, স্থানান্তর ও ষংরক্ষণের কাজ করে এবং অন্য কোন ব্যবহারকারীর দ্বারা সেগুলো নস্ট হয় কি না সেদিকে লক্ষ্য রাখে।
- ✓ অপারটিং সিস্টেম কম্পিউটারের সার্বক্ষণিক অবস্থা পর্যবেক্ষণ করে এবং কোন প্রকার সমস্যা দেখা দিলে শব্দ, চিহ্ন, error message দিয়ে ব্যবহারকারীকে জানিয়ে দেয়।
- ✓ সিকিউরিটি অপারেটিং সিস্টেম কম্পিউটার রিসোর্সকে অনিদিষ্ট ব্যবহারকারীর হাত থেকে রক্ষা করে।
- ✓ অপারেটিং সিস্টেমের টাস্ক ম্যানেজমেন্ট প্রোগ্রাম ব্যবহারকারী নির্দেশ গ্রহণ এবং বিশ্লেষণ করে।
- ✓ অপারেটিং সিস্টেম ফাইল ম্যানেজমেন্ট যেমন- ফাইল তৈরি, ডিলিট, অ্যাকসেস, কপি, মুভ, সংরক্ষণ ইত্যাদি কাজ করে থাকে।
- ✓ নেটওয়ার্কিং এর মাধ্যমে ব্যবহারকারী বিভিন্ন ধরনের সুবিধা (যেমন- ডেটা ট্রান্সফার, রিসোর্স শেয়ারিং ইত্যাদি) পেয়ে থাকেন।
- ✓ অপারেটিং সিস্টেম ব্যবহারকারীকে বিভিন্ন ধরনের সুবিধা যেমন- ফাইল ডিফ্রাগমেন্টেশন,ডেটা কম্প্রেশন, ব্যাক আপ, ডেটা রিকোভারি, অ্যান্টিভাইরাস ইত্যাদি ইউটিলিটিস প্রদান করে।

RAISUL ISLAM HRIDOY

M. C. O Ouestion

১. কোনটি অপারেটিং সিস্টেম নয়-
ক. C
খ. DOS
গ. CP/M
ঘ. UNIX

২. In a computer the Operating System manage-
ক. Memory
খ. Process
গ. I/O devices
ঘ. All of these
ঙ. None of these

৩. All computers must have-
ক. Word processing softwae
খ. An operating system

গ. A printer attached
ঘ. A virus cheching program

➢ **অপারেটিং সিস্টেমের সংগঠন**
অপারেটিং সিস্টেম অনেকগুলো প্রোগ্রাম নিয়ে গঠিত একটি সমন্বিত প্রোগ্রাম। অপারেটিং সিস্টেমের সাংগঠনিক প্রোগ্রামকে প্রাথমিকভাবে দুইভাগে ভাগ করা যায়। যথা-

১. নিয়ন্ত্রণ প্রোগ্রাম (Control Program)
২. সার্ভিস প্রোগ্রাম (Service Program)

নিয়ন্ত্রণ প্রোগ্রাম (Control Program) :
নিয়ন্ত্রণ প্রোগ্রাম নিয়ন্ত্রণমূলক কাজ করে থাকে। কম্পিউটার চালু করার সাথে সাথেঅপারেটিং সিস্টেম তার প্রধান স্মৃতিতে অপারেটিং সিস্টেমের মূল প্রোগ্রাম অবস্থান করে। নিয়ন্ত্রণ প্রোগ্রামের কয়েকটি গুরুত্বপূর্ণ কাজ নিম্নরূপঃ

- ✓ ইনপুট/ আউটপুট এর কাজ নিয়ন্ত্রণ করে।
- ✓ সহায়ক স্মৃতি ও প্রধান স্মৃতির মধ্যে উপাত্ত চলাচল নিয়ন্ত্রণ করে।
- ✓ বড় বড় প্রোগ্রামগুলিকে ছোট ছোট প্রোগ্রামে ভাগ করে পরিচালনা করে।
- ✓ কম্পিউটার ও অপারেটরের মধ্যে সংযোগ সাধন করে।
- ✓ একসাথে বহু পোগ্রাম পরিচালনা করে।
- ✓ প্রোগ্রাম পরিচালনার পর্যায়ক্রম রক্ষা করে।
- ✓ প্রোগ্রাম পরিচালনায় কোন ভুল হলে তা প্রদর্শন করে।
- ✓ সময় বণ্টন করে।

RAISUL ISLAM HRIDOY

নিয়ন্ত্রণ প্রোগ্রামকে তিন ভাগে ভাগ করা যায়। যথা-

১. **সুপারভাইজার প্রোগ্রাম (Superviser program) :** সুপারভাইজার প্রোগ্রাম অপারেটিং সিস্টেমের মূল প্রোগ্রাম এবং অপারেটিং সিস্টেমের অন্যান্য প্রোগ্রামগুলির সাহায্যে কম্পিউটারের যাবতীয় কাজ নিয়ন্ত্রণ করে থাকে। কম্পিউটার চালু করার সাথে সাথেই CPU কে কি ধরনের কাজ করতে হবে তা নির্দেশ করে এবং CPU এর বিভিন্ন অংশেল কার্যক্রমকে নিয়ন্ত্রণ করে। সুপারভাইজার প্রোগ্রাম এর কাজ হলো- ইনপুট/আউটপুট ডেটা নিয়ন্ত্রণ করা; অপারেটিং সিস্টেমের বিভিন্ন ত্রুটি অপারটেরকে জানিয়ে দেওয়া; সিপিইউ এর সাথে ইনপুট/আউটপুট ডিভাইসগুলোর সংযোগ স্থাপন করে তথ্য আদান-প্রদান নিয়ন্ত্রণ করা ইত্যাদি।

২. **জব কন্ট্রোল প্রোগ্রাম (Job Control program) :** একটি প্রোগ্রাম কখন, কোন ডিভাইসে প্রক্রিয়াকরণ হবে, কিভাবে কার্যকর হবে জব কন্ট্রোলর প্রোগ্রাম তা নিয়ন্ত্রণ করে। জব কন্ট্রোল প্রোগ্রামের ৪টি কাজ হচ্ছে ক) ব্যবহারকারী সনাক্তকরণ, খ) প্রোগ্রাম সনাক্তকরণ, গ) ডিভাইস সনাক্তকরণ ও ঘ) ইন্টারাপ্ট (একটি প্রোগ্রাম প্রক্রিয়াকরণ করার সময় সেটি বন্ধ রেখে অন্য একটি গুরুত্বপূর্ণ প্রোগ্রাম প্রক্রিয়াকরণ করাকে ইন্টারাপপ্ট বলে)।
৩. ইনপুট/আউটপুট প্রোগ্রাম (Input/Output program) : ডেটা প্রক্রিয়াকরণ ও আউটপুট পাওয়ার জন্য কম্পিউটারের যন্ত্রাদির সঙ্গে সিপিইউ এর কাজের সমন্বয় সাধন করে অপারেটিং সিস্টেমের নিয়ন্ত্রণ প্রোগ্রামের অন্তর্গত ইনপুট/আউটপুট প্রোগ্রাম।

সার্ভিস প্রোগ্রাম (Service Program):
সার্ভিস প্রোগ্রামগুলোকে তিনভাগে ভাগ করা যায়। যথা-

১. **অনুবাদক/প্রক্রিয়াকরণ প্রোগ্রাম (Processing program)** : উচ্চস্তরের ভাষা বা অ্যাসেম্বলি ভঅষঅকে মেশিনের ভাষায় অনুবাদের জন্য অনুবাদক বা প্রক্রিয়াকরণ প্রোগ্রাম ব্যবহৃত হয়। অ্যাসেম্বলি ভাষা হতে মেশিনের ভাষায় প্রোগ্রাম রূপান্তর করে। প্রোগ্রামের ভুল সংশোধনে সহায়তা করে। সুপার কম্পিউটারে অনেক অনুবাদ প্রোগ্রাম ব্যবহারের ব্যভস্থা থাকে। কয়েকটি অনুবাদক প্রোগ্রাম হলো- কম্পাইলার, অ্যাসেম্বলার, ইন্টারপ্রেটার, ডিবাগার প্রভৃতি।

২. **ইউলিটি প্রোগ্রাম (Utillity Program) :** অ্যাপ্লিকেশন প্রোগ্রাম পরিচালনার জন্য ইউটিলিটি প্রোগ্রাম ব্যবহার করা হয়। এছাড়া প্রক্রিয়াকরণের জন্য উপাত্ত বা রেকর্ডগুলোকে পর্যাক্রমে সাজানো বা বিন্যস্ত করা হয়। এক ইনপুট/আউটপুট ডিভাইস থেকে অন্য লাইব্রেরী প্রোগ্রাম, ফাইল হ্যান্ডেলার প্রোগ্রাম, লিংকার প্রোগ্রাম, সটং/মার্জ প্রোগ্রাম ইত্যাদি।

৩. **সিস্টেম সাপোর্ট প্রোগ্রাম (System Support Program) :** সিস্টেম সাপোর্ট প্রোগ্রাম ব্যবহারকারীর কোন নির্দিষ্ট অ্যাপ্লিকেশন প্রোগ্রাম তৈরি, সংশোধন এবং তা নির্বাহ করতে সাহায্য করে। সিস্টেম সাপোর্ট প্রোগ্রাম তিনটি প্রোগ্রাম নিয়ে গঠিত। যথা- ক) সার্ভিস প্রোগ্রাম, খ) সিস্টেম পারফরমেন্স প্রোগ্রাম, গ) সিস্টেম সিকিউরিটি প্রোগ্রাম।

M. C. O Question

১. নিচের কোনটি নিয়ন্ত্রণ প্রোগ্রামের কাজ নয়?
ক. ডিভাইস সনাক্তকরণ
খ. এক সাথে বহু প্রোগ্রাম পরিচালনা করা
গ. সময় বণ্টন করে
ঘ. ইনপুট/আউটপুট এর কাজ নিয়ন্ত্রণ করা

২. একটি প্রোগ্রাম প্রক্রিয়াকরণ করার সময় সেটি বন্ধ রেখে অন্য একটি গুরুত্বপূর্ণ প্রোগ্রাম প্রক্রিয়াকরণ করাকে বলে–
ক. ইন্টারপ্রেটার
খ. ইন্টারপুট
গ. ডিবাগিং
ঘ. লুপ

৩. নিচের কোনটি একটি অনুবাদক বা প্রক্রয়াকরণ প্রোগ্রাম?
ক. লিংকার প্রোগ্রাম
খ. ফাইল হ্যান্ডেলার প্রোগ্রাম
গ. লাইব্রেরি প্রোগ্রাম
ঘ. কম্পাইলার

৪. লাইব্রেরি প্রোগ্রাম কোন ধরনের প্রোগ্রাম?
ক. সুপারভাইজারপ্রোগ্রাম
খ. অনুবাদক/প্রক্রিয়াকরণ প্রোগ্রাম
গ. ইউটিলিটি প্রোগ্রাম
ঘ. সিস্টেম সাপোর্ট প্রোগ্রাম

RAISUL ISLAM HRIDOY

৫. CPU এর বিভিন্ন অংশের কার্যক্রমকে নিয়ন্ত্রণ করে-
ক. সুপারভাইজার প্রোগ্রাম
খ. ইউটিলিটি প্রোগ্রাম
গ. সিস্টেম সাপোর্ট প্রোগ্রাম
ঘ. ফাইল হ্যান্ডেলা প্রোগ্রাম

৬. কম্পিউটার চালু করার সাথে সাথেই CPU কে কি ধরনের কাজ করতে হবে তা নির্দেশ করে-
ক. ইনপুট/আউটপুটচ প্রোগ্রাম
খ. জব কন্ট্রোল প্রোগ্রাম
গ. অনুবাদক প্রোগ্রাম
ঘ. সুপারভাইজার প্রোগ্রাম

ফাইল ম্যানেজমেন্ট (File Management) :
অপারটিং সিস্টেম ফাইল তৈরি,অ্যাক্সেস, কপি, ডিলিট ইত্যাদি কাজ করে থাকে। প্রোগ্রামের কোন অংশ কখন মূখ্য স্মতিতে আনা হবে এবং কোন অংশ গৌন স্মৃতিতে থাকবে তা ঠিক করা। প্রধান স্মৃতিতে ফাইল ও অ্যাপ্লিকেশন প্রোগ্রাম নিয়ে আসা এবং কাজ করানোর ব্যবস্থা করা। ফাইল ও নথির ব্যবস্থপনা করা। বর্তমানে কম্পিউটারের অপারেটিং সিস্টেম ৪ প্রকার ফাইল সিস্টেমের যে কোন একটি অবলম্বন করতে পারে। এই চার প্রকার ফাইল সিস্টেমগুলো হলো-

i. FAT-32 (File Allocation Table- 16) : এটি হলো DOS এর আদর্শমান । তাছাড়া FAT-16 –এ Windowa 95, OS/2 এবং Windows NT অপারেটিং সিস্টেম চালানো যায়। এই পার্টিশনের সাহায্যে সর্বোচ্চ ডেটা সংরক্ষণ ক্ষমতা হলো 2GB।

ii. FAT-32 (File Allocation Table-32) : এটি হলো বর্তমানে সবচেয়ে জনপ্রিয় পার্টিশন সেক্টর। এই পার্টিশন এরিয়ার সবচেয়ে বেশি ডেটা সংরক্ষণ করা যায়। এ পাটিংশন এরিয়ার সর্বোচ্চ ক্ষমতা হলো 2TB বা 2048GB। হার্ড ডিস্কে FAT -32 এর আওতায় Windows 95, Windows ME, Windows 2000, Windows XP অপারেটিং সিস্টেম পরিচালনা করা যায়।

iii. HPFS (Hgh Performance File System) : এটি শুধুমাত্র OS/2 অপারেটিং সিস্টেমের জন্য প্রযোজ্য। তাছাড়া Windows NT এর 3.51 ভার্সংনটি এতে ইনস্টল করা হয়। তবে DOS কোনভাবেই এই পাটিংশনকে সমর্থন করে না। HPFS পার্টিশনের ডেটা সংরক্ষণের সর্বোচ্চ ক্ষমতা হলো 8GB।

iv. NTFS (New Technology File System) : এটিতে UNIX বা UNIX সমর্থিত অপারেটিং সিস্টেম চালানো যায়। তাছাড়া এতে Windows NT এবং Windows 2000 অপারেটিং সিস্টেম পরচিালনা করা যায়। DOS কোনভাবেই NTFS পার্টিশনকে সমর্থন করে না। NTFS পার্টিশনের সর্বোচ্চ ডেটা সংরক্ষণ ক্ষমতা হলো 8GB।

M. C. O Question

১. কম্পিউটারের অপারেটিং সিস্টেমে File Allcation Table-16 এর আদর্শমান হলো-
ক. Windows NT
খ. DOS
গ. Windows ME
ঘ. Windows 2000

২. কম্পিউটারের অপারেটিং সিস্টেম File Allocation Table -16 পার্টিশন এরিয়ার সর্বোচ্চ ক্ষমতা হলো-
ক. 8GB
খ. 2TB বা 2048GB
গ. 2GB
ঘ. ITB বা 1024GB

৩. Windows XP অপারেটিং সিস্টেম পরচিালনা করা যায় কোন সিস্টেমে?
ক. NTFS খ. HPFS
গ. FAT-32 ঘ. FAT-16

৪. NTFS (New Technology File System) - তে কোন অপারেটিং সিস্টেম চালানো যায়?
ক. UNIX
খ. DOS
গ. Windows
ঘ. OS/2

৫. মেইনফ্রেম কম্পিউটার থেকে শুরু করে মাইক্রো কম্পিউটারে যে অপারেটিং সিস্টেম ব্যবহার করা যায়-
ক. LINUX খ. UNIX
গ. MS DOS ঘ. Mac OS-2

৬. UNIX is a-
ক. Database
খ. Word Processing Program
গ. Operating System
ঘ. hardware

৭. নিচের কোন অপারেটিং সিস্টেমটি ইউজার ইন্টারফেস হিসেবে নির্দেশ করা হয়েছে?
ক. DOS
খ. Linux
গ. UNIX

RAISUL ISLAM HRIDOY

ঘ. All of these

৮. নিচের কোনটি নেটওয়ার্ক অপারেটিং সিস্টেম?
ক. Novel Network
খ. UNIX
গ. Windows NT
ঘ. Windows XP

➢ অপারেটিং সিস্টেমের প্রকারভেদ

Type of Operating System :

i. **ব্যাচ প্রসেসিং অপারেটিং সিস্টেম (Mode Operating System) :** ব্যচ প্রসেসিং অপারেটিং সিস্টেমের বিভিন্ন ব্যবহারকারীর টার্মিনালের তথ্যাদি একটি নির্দিষ্ট স্মৃতি ভান্ডারে সঞ্চিত হয়। নির্দিষ্ট সময় পরে সঞ্চিত উপাত্তগুলোর প্রক্রিয়াকরণের কাজ একযোগে শুরু ও শেষ হয়। যেমন- ব্যাংকের কাজ, সিরিয়াল প্রসেসিং, সিকুয়েন্সিয়াল প্রসেসিং, অফ লাইন প্রসেসিং এবং স্তুপীকৃত কাজ প্রসেসিং উল্লেখ করা হয়।

ii. **মাল্টিপ্রসেসিং অপারেটিং সিস্টেম (Multiprocessing Prerating Syestem) :** একটি কম্পিউটার সিস্টেম একাধিক প্রসেসরের সাহায্যে প্রোগ্রাম প্রসেস করা হলে তাকে মাল্টিপ্রসেসিং এবং অপারেটিং সিস্টেমটিকে বলা হয় মাল্টিপ্রসেসিং অপারেটিং সিস্টেম। যেমন- কোন কোন প্রসেসর ইন্টারঅ্যাকটিভ ভিত্তিতে ব্যবহারের জন্য এবং কোন কোন প্রসেসর ব্যাচ প্রসেসিংয়ের জন্য নির্দিষ্ট থাকতে পারে।

iii. **মাল্টিপ্রোগামিং বা মাল্টিটাস্কিং অপারেটিং সিস্টেমর (Multiprogramming or Miltitasking Operating System) :** একই সাথে একাধিক প্রোগ্রাম কাজ করতে পারে বলে এই পদ্ধতিকে মাল্টিপ্রোগ্রামিং অপারেটিং সিস্টেম বলে। যেমন- ইউনিক্স, আইবিএম/ভিএম, আইবিএম-ওস/৪০০ ইত্যাদি অপারেটিং সিস্টেমের উদাহরণ।

RAISUL ISLAM HRIDOY

iv. **টাইম শেয়ারিং (Time Sharing) :** টাইম শেয়ারিং এক ধরনের স্থানীয় বা লোকাল এরিয়া নেটওয়ার্ক পদ্ধতির জন্য ব্যবহৃত অপারেটিং সিস্টেম। টাইম শেয়ারিং নেটওয়ার্ক তৈরি হয় সার্ভারকে কেন্দ্র করে। টাইম শেয়ারিং পদ্ধতিতে দুই বা ততোধিক ব্যবহারকারী নিজ নিজ টার্মিনালে বসে তাদের স্ব-স্ব প্রোগ্রাম একটি কম্পিউটারের সিপিইউতে প্রক্রিয়াকরণ করতে পারেন।

v. **রিয়েল টাইম অপারেটিং সিস্টেম (Real time Operating system) :** রিয়েল টাইম অপারেটিং সিস্টেম হলো চলামান কোন প্রসেসর ফল একই সঙ্গে প্রদর্শন করার ব্যবস্থা। রিয়েল টাইমের ক্ষেত্রে কম্পিউটারকে নির্দিষ্ট সময়ের মধ্যে প্রসেসিং কাজ সম্পন্ন করে আউটপুট দিতে হয়।

vi. **অনলাইন/ইন্টার এ্যাকটিভ মুড (Online/Inter Active Mode) :** এ সিস্টেমে কতগুলো যন্ত্র অনলাইন যন্ত্র হিসেবে কাজ করে যা প্রধান মেমরি ও ইনপুট-আউটপুট যন্ত্রের মাঝে ডাটা প্রদান করে খুবই দ্রুতগতির হয়। একে র‍্যানডম একসেস প্রসেসিং বলেও অভিহিত করা হয়।

vii. **ভার্চুয়াল স্টোরেজ অপারেটিং সিস্টেম (Vertual Storage Operatng System) :** এই পদ্ধতিতে সিপিইউ এর সাথে প্রধান মেমোরিকে রিয়েল স্টোরেজ এবং সংযুক্ত ড্রাইভ বা হার্ডডিস্কের সাথে যুক্ত মেমরিকে ভার্চুয়াল স্টোরজে বলে।এই প্রক্রিয়াকে আমরা সোয়ার্পি বলে থাক। প্রধান মেমোরির সীমাবদ্ধতা দূর করার জন্যই মূলত ভার্চুয়াল স্টোরেজ অপারেটিং সিস্টেম ব্যবহার করা হয়।

viii. **ডিস্ট্রিবিউটেড অপারেটিং সিস্টেম (Distrbuted Operating System) :** টাইম শেয়ারিং অপারেটিং সিস্টেমের সম্প্রসারিত নেটওয়ার্ক হলো ডিস্ট্রিবিউটেড অপারেটিং সিস্টেম। এই সিস্টেমের আওতায় কতগুলো প্রসেসর থাকে যা মেমোরি এবং সময় কোনটিই শেয়ার করে না। এই সিস্টেমের প্রত প্রসেসরের নিজস্ব লোকাল মেমরি থাকে যা টেলিফোন লাইনের মাধ্যমে নিজেদের মধ্যে যোগাযোগ রক্ষা করতে মূখ্য ভূমিকা পালন করে।

ix. ডেডিকেটেড অপারেটিং (**Dedicated Operating System) :** সার্ভারের মধ্যে লোকাল ও ওয়াইড এরিয়া নেটওয়ার্ক একসাথে ব্যবহারের জন্য ডেডিকেটেড অপারেটিং সিস্টেম ব্যবহার করা হয়। এর মাধ্যমে নেটওয়ার্কের থাকা ব্যবহারকারী বিভিন্ন যন্ত্রাংশ শেয়ার করতে পারে। যেমন- প্রিন্টার শেয়ার করা।

M. C. O Ouestion

১. নিচের কোনটি ইউজার ইন্টারফেস অপারেটিং সিস্টেম?
ক. DOS
খ. LINUS
গ. UNX
ঘ. All of these

২. Which one of the following Operating System (OS) has command line as the user interface?
ক. DOS
খ. LINUX
গ. UNIX
ঘ. All of these
ঙ. None of these

৩. কোন অপারেটিং সিস্টেমের মাধ্যমে একই সাথে একাধিক প্রোগ্রাম কাজ করতে পারে-
ক. ডেডিকেটেড অপারেটিং সি.
খ. মাল্টি প্রোগ্রামিং অপারেটিং সি.
গ. ডিস্ট্রিবিউটেড অপারেটিং সি.
ঘ. ভার্চুয়াল স্টোরেজ অপারেটিং সি.

৪. আইবিএম-ওস/৪০০ কোন ধরনের অপারেটিং সিস্টেমের উদাহরণ?
ক. ডিস্ট্রিবিউটেড অপারেটিং সি.
খ. ভার্চুয়াল স্টোরেজ অপারেটিং সি.
গ. ডেডিকেটেড অপারেটিং সি.
ঘ. মাল্টি প্রোগ্রামিং অপারেটিং সি.

৫. প্রিন্টার শেয়ার করা যায় কোন অপারেটিং সিস্টেমের মাধমে?
ক. Distributed OS
খ. Dedicated OS
গ. Vertual Storage OS
ঘ. Multitasking OS

RAISUL ISLAM HRIDOY

➢ কম্পিউটারের কমান্ডের উপর ভিত্তি করে অপারেটিং সিস্টেমের প্রকারভেদ
উপরোক্ত শ্রেণি বিভোজনের পরেও কম্পিউটারের কমান্ডের উপর ভিত্তি করে অপারেটিং সিস্টেমকে দুইভাগে বিভাজন করা যায়। যেমন-

i. বর্ণ-ভিত্তিক অপারেটিং সিস্টেম (Text Based Operating System)

বর্ণভিত্তিক অপারেটিং সিস্টেম এ টেক্সট ফরমেটের মাধ্যমে কমান্ড দেয়া হয়। অর্থাৎ কী- বোর্ডের সাহায্যে বিভিন্ন বর্ণ টাইপ করে এবং কী-বোর্ডের বিভিন্ন বোতাম (key) ব্যহার করে প্রয়োজনীয় নির্দেশ প্রদান করতে হয়। ডিস্ক ফরমেটিং থেকে শুরু করে ফাইল ব্যবস্থপনা, এ্যাপ্লিকেশন প্রোগ্রামের সব কাজ কী-বোর্ডের মাধ্যমে তরতে হয়। যেমন- DOS (Disk Operating System), PC-DOS UNIX, LINUX ইত্যাদি একটি বর্ণ-ভিত্তিক অপারেটিং সিস্টেম্স।

চিত্রভিত্তিক অপারেটিং সিস্টেম (Graphical User interface Operating System) : চিত্রভিত্তিক অপারেটিং সিস্টেমস বলতে বোঝায় চিত্রের মাধ্যমে কম্পিউটারের কমান্ড দেখা। চিত্রের মাধ্যমে কম্পিউটার ও ব্যবহারকারীর সম্পর্কের ধারণা প্রথম আনে xerox কোম্পানির চিত্রের মাধ্যমে কম্পিউটার ও ব্যবহারকারীর সসম্পর্কের ধারণা প্রথমআনে Xerox

কোম্পানির paloAlto Research Center (PARC) । অ্যাপল কোম্পানি প্রথম বানিজ্যিকভাবে এটি বাজারজাত করে। এই অপারেটিং সিস্টেমে বিভিন্ন আইকন ও পুল-ডাউন মেনু কমান্ড ব্যবহার করে ডিস্ক ফরমেটিং ফাইল ব্যবস্থপনা এবং এ্যাপ্লিকেশন প্রোগ্রামের কাজ করা হয়। আইকন হলো ফাইল ফোল্ডার,অন্যান্য সফটওয়্যারের প্রতিকী চিত্র। যে প্রোগ্রাম চালু করতে হবে তার আইকন মাউসের কার্সর নিয়ে ডাবল ক্লিক করতে হয়। এতে কোন কমান্ড মুখস্ত রাখতে হয় না । আর পুল ডাউন মেনু হলো বিভিন্ন মেনুর অধীনস্থ কমান্ড। মেনুতে ক্লিক করলে কমান্ডের একটি তালিকা পাওয়া যায়। এখান থেকে প্রয়োজনীয় কমান্ড কার্যকর করা যায়। **MS Windows 98/2001/XP,Windows-NT, Wndows-7, Windows-8, Mac-OS, Windows 95, Windows Vista** ইত্যাদি চিত্র-ভিত্তিক অপারেটিং সিস্টেমের উদাহরণ।

M. C. O Question

১. What does GUI stand for?
ক.GraphicalUser Icon
খ. GraphicalUser interface
গ. Global user Interface
ঘ. Gates Universal Interface

২. GUI সম্পর্কে প্রথম ধারণা দেন?
ক. PARC খ. SARC
গ. SAARC ঘ. UNDP

৩. চিত্রভিত্তিক অপারেটিং সিস্টেম কোনটি?
ক. Win 7
খ. Win 8
গ. Mac-OS
ঘ. সবগুলো

৪. Which of the following you probably using if you are viewing windows and icons?
ক. Menu-Driven Interface
খ. Graphical User interface
গ. Command Driven Interface
ঘ. Character User Interface

৫. What is an icon?
ক. Pictorial representation of an operation
খ. Method of cutting and pasting
গ. Flashing of display
ঘ. Beefs, roars and shrieks in a video game

৬. DOS এবং Windows এর Operating System এর মূল পার্থক্য কি?
ক. Windows আকারে বড়
খ. Windows multi tasking environment
গ. Windows graphical user interface ব্যবহার করে
ঘ. Windows দ্রুত কাজ করে

RAISUL ISLAM HRIDOY

➢ ব্যবহারকারীর সংখ্যা অনুসারে অপারেটিং সিস্টেমের প্রকারভেদ
ব্যবহারকারীর সংখ্যা অনুসারে অপারেটিং সিস্টেমকে দু'ভাগে ভাগ করা হয়। যেমন-

১) **একক ব্যবহারকারী অপারেটিং সিস্টেম (Single User Operating System) :**
সিংগেল ইউজার অপারেটিং সিস্টেমে একই সময়ে মাত্র একজন ইউজার কাজ করার সুযোগ পায়। অর্থাৎ একক ব্যবহারযোগ্য অপারেটিং সিস্টেমকে বলে সিংগেল ইউজার অপারেটিং সিস্টেম। যথা: MS-DOS, PC-DOS, CPM, Android, palmos, Wndows 3.1, Windows 3.11, Windows 95, Windows 98, Symbian OS ইত্যাদি।

২) **বহু ব্যবহারকারী অপারেটিং সিস্টেম (Multi User Operating System) :**

একই সময়ে একাধিক ইউজার কর্তৃক ব্যবহারযোগ্য অপারেটিং সিস্টেমকে বলে মাল্টি ইউজার অপরেটিং সিস্টেম। মাল্টি ইউজার অপারেটিং সিস্টেমে একই সময়ে একাধিক ইউজার কাজ করার সুযোগ পায়। এ জন্য সার্ভার সাপোর্টেড অপারেটিং সিস্টেমকে একটি সার্ভারের অধীনে রাখতে হয়। সার্ভারে সংরক্ষিত অপারেটিং সিস্টেমটি একাধিক কম্পিউটারে একই সময়ে একাধিক ইউজার কর্তৃক ব্যবহারের সুযোগ থাকে। যেমন : Windows 2000/2003/2008, Windows NT Server, Windows XP, Unix, Linus ইত্যাদি।

M. C. O Question

১. Which of the following is an example of Single user/Single tasking OS?
ক. DOS
খ. Windows XP
গ. Windows 7
ঘ. Linus

২. Which one of the following is not a mult user multi-tasking operating system?
ক. Windows Vista
খ. MS DOS
গ. Linux
ঘ. Unix

৩. Which one of the following is not an example of operating system for personal Computers?
ক. Red hat Linux
খ. Windows 98
গ. MS Office XP
ঘ. MS Dos
ঙ.None of these

RAISUL ISLAM HRIDOY

➢ মালিকানার উপর ভিত্তি করে অপারেটিং সিস্টেমের প্রকারভেদ

মালিকানার উপর ভিত্তি করে অপারেটিং সিস্টেমকে দুইভাগে ভাগ করা যায়। যেমন-

১) ওপেন সোর্স অপরেটিং সিস্টেম (Open Source Operating System) এটি এমন এক ধরনের অপারেটিং সিস্টেম যার সোর্স কোড সবার জন্য উন্মুক্ত থাকে এবং যা বিনামূল্যে সংগ্রহ করা যায় এবং যে কেউ এই সকল কোড তার খুশিমত পরিবর্তন, পরিবর্ধন, পরিমার্জন ইত্যাদি করে নিজে ব্যবহার ও অন্যকে ব্যবহারের জন্য বিতরন করতে পারে। এ ধরণের অপারেটিং সিস্টেমকে ওপেন সোর্স অপারেটিং সিস্টেম বলা হয়। উদাহরণ : Linux Ubuntu, Debian, Redhat, Fedora, SUSF, Darwin, Plan-9, Open Solaris, Oberon, Free BSD, Net BSD, Open BSD, Haiku, Ecos ইত্যাদি।

২) ক্লোজড সোর্স বা প্রোপাইটরি অপারেটিং সিস্টেম (Closed Source or Propritory Operating system)
এ ধরনের অপারেটিং সিস্টেমের সফটওয়্যারের সোর্স কোড বন্ধ থাকে অর্থাৎ সবার জন্য উন্মুক্ত থাকে না, যে কেউ চাইলেই তা পরিবর্তন, পরিবর্ধন বা পরিমার্জন করতে পারে না, যার স্বত্ত্ব বা মালিকানা আইনগতভাবে নির্দিষ্ট করা থাকে।

স্বত্ত্বাধিকারী (Proprietor)	অপারেটিং সিস্টেম (OS)
Microsoft Corporation	Windows 96/98/Xp/Vista/7/8
Apple Computer	MAC OS
Hewlett-packard (HP)	HP-Unix

১. Linux কোন অপারেটিং সিস্টেমের অন্তর্গত?
ক. Open
খ. Close
গ. Single
ঘ. Multiple

২. ওপেন সোর্স অপারেটিং সিস্টেম-
ক. কোড সবার জন্য উন্মুক্ত
খ. বিনামূল্যে সংগ্রহ করা যায়
গ. খুশিমত পরিবর্তন,পরিমার্জন করা যায়
ঘ. সবগুলোই

➢ কতিপয় অপারেটিং সিস্টেম

Some operating System

CPM : CPM হচ্ছে Control programme for Microprocessor- এর সংক্ষিপ্ত রূপ। Digital Research নামের একটি কোম্পানির উদ্ভাবিত এ অপারেটিং সিস্টেমটি সত্তর দশকের মাইক্রো কম্পিউটারগুলোতে বেশি ব্যবহৃত হতো।

MS-DOS : MS-DOS হচ্ছে Microsoft Disk operating system -এর সংক্ষিপ্ত রূপ। এমরিকার বিখ্যাত সফটওয়্যার প্রতিষ্ঠান মাইক্রোসফট কর্পোরেশন এ অপারেটিং সিস্টেমটি তৈরি করে। আইবিএম ১৯৮১ সালে তাদের প্রস্তুতকৃত পার্সোনাল কম্পিউটারের জন্য অপারেটিং সিস্টেম তৈরির দায়িত্ব দেয় মাইক্রোসফট কর্পোরেশনকে। মাইক্রোসফট

তখন CPM OS -কে ভিত্তি করে MS-DOS উন্নয়নের কাজ করে। আইবিএম কোম্পানি এটিকে তাদের কম্পিউটারগুলোতে PC-DOS বা Personal Computer Disk Operating System নাম দিয়ে ব্যবহার করতে শুরু করে। তখন থেকেই এটি জনপ্রিয়তা অর্জন করতে শুরু করে। ১৯৮১ সালে IBM এবং Microsoft Corp, যৌথভাবে MS-DOS Version 1.0 নামে বাজারজাত করে। ১৯৮১ থেকে ১৯৯১ -এর ভেতরে বেশ কয়েকটি ভার্সন বের করে, বা কম্পিউটারকে ব্যবহার উপযোগি করে তুলতে সাহায্য করে। কম্পিউটার সংগঠনের বিভিন্ন অংশের মধ্যে পারস্পারিক সম্পর্ক নিয়ন্ত্রণ, কম্পিউটারের মেমোরিতে তথ্য সংরক্ষণ, ব্যবস্থপনা, অ্যাপ্লিক্যাশন প্রোগ্রামসমূহকে পরিচালনা করার পদ্ধতি, কম্পিউটারের সাথে ব্যবহারকারীর সুষ্ঠ সমন্বয় সাধন ইত্যাদি কার্যাবলি এমএস ডস প্রোগ্রাম দ্বারা নিয়ন্ত্রিত হয়।

UNIX (বর্ণভিত্তিক অপারেটিং সিস্টেম) : ১৯৬৯ সালে USA এর বেল ল্যাবরেটরিতে কিন টমসন এবং ডেনিস রিচি প্রথম ইউনিক্স অপারেটিং উদ্ভাবন করেন। ইউনিক্স হচ্ছে বিভিন্ন পর্যায়ের কম্পিউটারের ব্যবহারযোগ্য অপারেটিং সিস্টেম। মেইনফ্রেম কম্পিউটার থেকে শূরু কে মাইক্রো কম্পিউটারে ইউনিক্স অপারেটিং সিস্টেম ব্যবহার করা যায়। মাল্টিটাস্কিং এবং মাল্টি ইউজার অপারেটিং সিস্টেমের জন্য ইউনিক্স অপারেটিং সিস্টেম খুবই উপযোগী। সবচেয়ে পুরাতন এ সিস্টেমটি কিন টমসন উদ্ভাবন করে।

MacOS : ১৯৮৪ সালে ম্যাকনটোস কম্পিউটারের জন্র আমেরিকার জেরক্স কোম্পানিথেকে তাদের অপারেটিং। সাধারনত ব্যবহারকারীরা এটি সহজেই ব্যভহার করতে পারেন। শক্তিশালী গ্রাফিক্সইন্টারফেস এবং ব্যবহারকারীর সাথে বন্ধুত্বভাবাপন্ন এটি ক্রমশ বিস্তৃতি লাভ করেছে।

Macintosh Operating System বা MacOS কেবল Apple Computer Inc-এর তৈরি কম্পিউটার ছাড়াও অন্যদের তৈরি কম্পিউটারের এটি ব্যবহৃত হচ্ছে।

MacOS-2 : Mac Os-2 বা Macintosh Operating System-2 হচ্ছে MS-DOS এর উন্নত সংস্করণ, যা আইবিএম এর নতুন প্রজন্মের কম্পিউটার পার্সোনাল সিস্টেম-২ এর জন্য করা হয়। এটি একটি মাল্টিটাস্কিং বা একসাথে একাধিক কাজের উপযোগি প্রোগ্রাম। এটি একটি ৩২ বিটের অপারেটিং সিস্টেম এবং এতে MS-DOS এর সীমাবদ্ধতা নেই। MS-DOS মাত্র ৬৪০ কিলোবাইট র‍্যাম-এ কাজ করতে পারে। OS/2 তে অনেক সুবিধা থাকা সত্ত্বেও এর ব্যভহার খুবই কম।
কারণ সফটওয়্যার তৈরি প্রতিষ্ঠানগুলো OS/2-এর জন্য সফটওয়্যার তৈরির আগ্রহ দেখাচ্ছে না।

LINUX : মুক্ত অপারেটিং সিস্টেম লিনাক্স উদ্ধাবন করেন ফিনল্যান্ডের তরুণ লিনাস টারভেল্ডাস। মুক্ত বলে এর কোনো একক মালিকানা নেই। এমনকি এই সিস্টেমের ব্যবহার করে সাধারণ পিসি দিয়ে সার্ভার পিসির কাজ করা যায়।

RAISUL ISLAM HRIDOY

M. C. O Question

১. নিচের কোন অপারেটিং সিস্টেমের কোন একক মালিকানা নেই?
ক. LINUX
খ. Mac OS
গ. UNIX
ঘ. MA Dos

২. ১৯৮১ সালে IBM এবং Microsoft Corp. যৌথভাবে যে অপারেটিং সিস্টেমটি বাজারজাত হরে-
ক. MS-DOS Version 1.0
খ. MS-DOS Version 1.1
গ. MS-DOS Version 1.2
ঘ. MS-DOS Version 1.3

৩. আইবিএম-এর নতুন প্রজন্মের কম্পিউটার Personal System-2 এর জন্য MS-DOS –এর যে উন্নত সংস্করণ চালু করে-
ক. Macintosh OS-2
খ. MS-DOS-2
গ. Windows XP
ঘ. Unix

৪. Which of the following is an example of single user/ Single tasking OS?
ক. DOS
খ. Windows XP
গ. Windows 7
ঘ. Linux

৫. কম্পিউটারে ব্যবহৃত সাধারন অর্থ হিসেবে OS এর পূর্ণরূপ-
ক. Order of singnificance
খ. Open Sofwate
গ. Operating system
ঘ. Optical sensor

৬. All Computers must have-
ক. An operating system
খ. Word processing Software
গ. A printer attached
ঘ. A speaker

৭. What is DOS (as relates to Computer)?
ক. Disk Operating system খ. Data Operating System
গ. Data Operating Service ঘ. None of these

৮. Which one of following is not a mult user or multi taskig operating system?
ক. Windows Vista
খ. MS DOS
গ. Linux
ঘ. Unix

৯. Personal, Mainframe and Minifare Computers can use the Operating system-
ক. UNIX operating system খ. Server architected
গ. Text based ঘ. DOS server

১০. উইন্ডোজ অপরেটিং সিস্টেমের সাথে আইবিএম পিসিতে নিচের কোনটি থাকে?
ক. Graphical user interface
খ. Sound based
গ.TExt based ঘ. Robot based

RAISUL ISLAM HRIDOY

১১. MAC OS is Compatible for the
ক. IBM PC
খ. Miniframe
গ. Mainframe
ঘ. Macintosh

১২. Which one is the popular operating system for mainframe?
ক. UNIX খ. Wndows-98
গ. Fox Pro ঘ. MS Word

১৩. Which operating system is popular for the multitasking and multi user?
ক. Windows-98 খ. UNIX
গ. Fox Pro ঘ. MS Word

১৪. Which for the following is not an operating system?
ক. Linux
খ. Unix
গ. Microsoft Windows
ঘ. Oracle

১৫. UNIX অপারেটিং সিস্টেমের উদ্ভাবক প্রতিষ্ঠান কোনটি?
ক. বেল ল্যাব
খ. আইবিএম
গ. মাইক্রোসফট
ঘ. পিসি

১৬. নিচের কোনটি open source-code ব্যবহার করে চলে?
ক. WINDOWS
খ. UNIX
গ. LINUX
ঘ. OS/2

১৭. এম এস ডস সংক্ষেপে কঅ নামে পরিচিত?
ক. MS
খ. UNIX
গ.DOS
ঘ. PC

RAISUL ISLAM HRIDOY

➢ কতিপয় Windows অপারেটিং সিস্টেম

Windows-3.11 : মাইক্রোসফট উইন্ডোজ মাইক্রোসফট কর্পোরেশনের বহুল ব্যবহৃত অপারেটিং সিস্টেম। উইন্ডোজ বলতে উইন্ডোজ প্রোগ্রাম 'উইন্ডোজ' ৯৫-এর উত্তরনের আগের অবস্থাকে বোঝানো হয়; অর্থাৎ উইন্ডোজ-৩.১১ ভার্সন। এ অবস্থায় উইন্ডোজ ডসভিত্তিক একটি গ্রাফিক্যাল ইউজার ইন্টারফেজ। ডসকে প্লাটফরম হিসেবে ব্যবহার করে প্রোগ্রামটি কাজ করে। এটি স্বয়ং সম্পূর্ণ ছিল না।

Windows 95 : উএন্ডোজ ৯৫ হচ্ছে একটি স্বয়ংসম্পূর্ণ অপারেটিং সিস্টেম। এটি একটি ৩২ বিটের স্বয়ংসম্পূর্ণ অপারেটিং সিস্টেম। উইন্ডোজ চালানোর জন্য ডস-এর প্রয়োজন হয় না। উইন্ডোজ ৯৫ একটি গ্র্যাফিক্যাল ইউজার ইন্টারফেস সম্বলিত অপারেটিং সিস্টেম। ১৯৯৫ সালের ২৪ আগষ্ট এটি মুক্তি পায়। অপারেটিং সিস্টেমটি নির্মাণের সময় এর নাম দেয়া হয়েছিল উইন্ডোজ ৪.০ বা "শিকাগো"।
উইন্ডোজ-৯৫ মূলত মাইক্রোসফটের আগের এমএস-ডস এবং উইন্ডোজকে একীভূত করা হয় এবং DOS-এর উন্নত সংস্করণ নির্মান করা হয় যার নাম রাখা হয়েছিল এমএস ডস-৭.০।

Windows 98 : উইন্ডোজ ৯৫ এর পরবর্তী সংস্করণ উইন্ডোজ ৯৮। উইন্ডোজ ৯৮ (কোড নাম Memphis) মাইক্রোসফটের গ্রাফিক্যাল ইউজার ইন্টারফেস অপারেটিং সিস্টেম। এ উইন্ডোজ ৯.X সিরিজের দ্বিতীয় সংস্করণ। এটি

বাজারে ছাড়া হয় ১৫ মে, ১৯৯৮ সালে। এটি ১৬ বিটের হাইব্রিড সংস্করণ, এমএস-ডস ভিত্তিক। এ ফারেটিং সিস্টেমের স্টার্ট বাটন প্রথম প্রকাশ হয়েছিল।

Windows Me: উইন্ডোজ মিলিনিয়াম বা উইন্ডোজ এম ই (ইংরেজি : Windows ME) এম ই নামে বাজারজাতকৃত, মাইক্রোসফটের একটি গ্রাফিক্যাল অপারেটিং সিস্টেম, যেটি প্রণেতাদের কাছে ছাড়া হয় ১৯ জুন,২০০০ সালে। বাজারে মুক্ত করা হয় ১৪ই সেপ্টেম্বর, ২০০০ সালে। এটি উইন্ডোজ ৯.X সিরিজের সর্বশেষ সংস্করণ।

Windows XP : উইন্ডোজ এক্সপি মাইক্রোসফট কর্পোরেশনের তৈরি করা একটি অপারেটিং সিস্টেম। জনপ্রিয় অপারেটিং সিস্টেমের মধ্যে মাইকোসফটের উইন্ডোজ এক্সপি সবচেয়ে এগিয়ে। যদিও বাজারে তার চেয়ে অনেক বেশি ফিচার সম্পন্ন অপারেটিং সিস্টেম রয়েছে যেমন- ভিস্তা, সেভেন, উবুন্টু, ডেবিয়ান, ম্যানড্রেক, ম্যাক)। এর মূল কারণ, এক্সপি খুব ব্যবহার বান্ধব। XP তে একসাথে একাধিক ইউজার তৈরি করে রাখা যায় এবং প্রত্যেক ইউজারের ফাইল,ফোল্ডার, ডকুমেন্ট আলাদাভাবে সংস্করণ করা যায়।

Windows Vista : উইন্ডোজ ভিস্তা পার্সোনাল কম্পিউটারে জন্য নির্মিত গ্রাফিক্যাল অপারেটিং সিস্টেম। এর ৩২ বিট এবং ৬৪ বিট সংস্করণ রয়েছে। ডেস্কটপ, ল্যাপটপ, ট্যাবলেট পিসি এবং মিডিয়া সেন্টার কম্পিউটারে ভিস্তা ব্যবহার করা যায়। ২০০৫ সালের ২২ জুলাই যখন ভিস্তার কাজ শুরু হয়, ভিস্তা "লংহর্ণ" নামে পরিচিত ছিল। ২০০৬ সালের ৮ নভেম্বর ভিস্তার নির্মাণ শেষ হয়।

Windows 8 : Windows 8 হলো হোম এবং বিজনেস ডেস্কটপ, ল্যাপটপ, মাইক্রোট্যাবলেট পিসি, হোম থিয়েটার পিসির জন্য এক সারি অপারেটিং সিস্টেম। এতে মাইকোসফটের মেট্রো ডিজাইন ল্যাংগুয়েজ ব্যবহার করে মাল্টিপল ইনপুট অপসন রাখা হয়েছে।

Windows NT/2000 server : ১৯৯৩ সালে মাইক্রোসফট কর্পোরেশন Windows NT ওয়ার্কসেটশনে কাজের রূপান্তর করে।

Windows 10 : Windows নামটির অর্থ হলো লাফ। এটি Xbob থেকে PC,Phone tablet এমনকি ক্ষুদ্র স্মার্টফোন গুলোতে চলবে।

Windows 10 এ একই সাথে একাধিক কাজ করে সুবিধার্থে যুক্ত হয়েছে Multi Desktop Feature.

Windows 7 : উইন্ডোজ ৭ মাইক্রোসফ উইন্ডোজ অপারেটিং সিস্টেমের একটি অন্যতম সংস্করণ। এর ৩২ বিট ও ৬৪ বিট, দুই রকমের সংস্করণই রয়েছে। এটি জুলাই ২২, ২০০৯ সালে প্রথম প্রকাশিত হয়েছিল তবে অক্টোবর ২২, ২০০৯ সালে এটি সারাবিশ্বে প্রকাশিত হয়।

শূরুতে মাইকোসফট ৭ এর ছয়টি সংস্করণ রয়েছে, যেগুলো হলো- স্টার্টার, হোম বেসিক, এন্টারপ্রাইজ, হোম প্রিমিয়াম, প্রফেশনাল এবং আল্টিমেট।

Windows 8 : উইন্ডোস ৮ মাইক্রোসফট উইন্ডোজ অপারেটিং সিস্টেমের পরবর্তী সংস্করণ, যা উইন্ডোজ ৭ কে অনুসরন করে রৌ। বিশেষত এটাতে পূর্বের ইন্টেল ও এএমডি এর x৮৬ মাইক্রোপ্রসেসর সাপোর্ট ছাড়াও এআরএম মাইক্রোপ্রসেসর সাপোর্ট যোগ করা হয়েছে। এতে টাচ স্ক্রিন ইনপুট এর চন্য ডিজাইনকৃত নতুন একটি টাচ স্ক্রিন যোগ করা হয়েছে যা গতানুগতিক স্টার্ট মেনুকে প্রতিস্থাপন করে।

Windows 8.1 : উইন্ডোজ ৮.১ হলো মাইক্রোসফট উইন্ডোজ রেটিং সিস্টেমের উইন্ডোজ ৮ পরবর্তী সংস্করণ, যা উইন্ডোজ ৭ ও ৮ কে অনুসরণ করে। এটি ২০১৩ সালে রিলিজ হয় এটির বৈশিষ্ট্য হচ্ছে উইন্ডোজ ৭ এর স্টার্ট মনে সংযোজন।

Windows 10 : উইন্ডোজ ১০ হচ্ছে মাইক্রোসফট উইন্ডোজ অপারেটিং সিস্টেমের সর্বশেষ সংস্করণ।এটি উন্মোচিত হয় ২০১৪ সালের ১৪ সেপ্টেম্বর এবং ২০১৫ সালের ২৯ জুলাই এটি মুক্তি পায়। উইন্ডোজ ১০-এর কথা প্রথম আভাস দেয়া হয় সফটওয়্যার ও ওয়েব ডেভেলপারদের জন্র ২০১৪ সালের এপ্রিলে অনুষ্ঠিত মাইক্রোসফটের বার্ষিক বিল্ড সম্মেলনে। উইন্ডোজ ১০ এর লক্ষ্য মূলত ব্যবহারকারীর নিজস্ব পছন্দনীয় শর্টকামিংগুলো সঠিক ব্যবস্থা করা, যা প্রথম উইন্ডোজ ৮-এর মাধ্যমে পরিচয় করানো হয়েছিল। এটির সাথে অতিরিক্ত মেশিন যোহ করার মাধ্যমে ডেস্কটপ কম্পিউটার ও ল্যাপটপের মত টাচস্ক্রিন নয় এমন ডিভাইসে ব্যবহারকারী অভিজ্ঞতা উন্নয়ন করা হয়েছে। এতে আরও রয়েচে উইন্ডোজ স্টোরের অ্যাপ রান করার ক্ষমতা।

M. C. O Ouestion

১. মাইক্রো কম্পিউটারের বহুল ব্যবহৃত অপারেটিং সিস্টেম কোনটি?
ক. Windows
খ. MS DOS

RAISUL ISLAM HRIDOY

গ. Unix
ঘ. Linux

২. উইন্ডোজ কম্পিউটার সফটওয়্যারটি যে কোম্পানি তৈরি বা উন্নত করেছে?
ক. IBM
খ. Microsoft Corporation
গ. Apple
ঘ. Hewlett Packard

৩. Start button was first introducted in which of the following oprerating system?
ক. Windows 95
খ. Windows 98
গ. Windows XP
ঘ. Windows 7

৪. which one of the followng is the most popular operatiing System for PC?
ক. Apple MAC OS X
খ. Microsoft Windows
গ. DOS
ঘ. Fedora

৫. Which one of the following is not a function of an Operatng System?
ক. Provide a user interface
খ. Manage hardware device
গ. Copy file from the network automatically
ঘ. None of these

৬. নিচের কোন কম্পিউটারে ইউনিক্স অপারেটিং সিস্টেম ব্যবহার করা হয়?
ক. Desktop
খ. Laptop computer
গ. Supercomputer
ঘ. Allof these

৭. Which one of the following is not an example of Operating System for Personal Computers?
ক. Windows 98
খ. Redhat Linux
গ. MS Office XP
ঘ. MS DOS

৮. WINDOWS is-
ক. Antivirus software
খ. Data storage device
গ. Programming language
ঘ. Operating system

৯. Which is not an Operating System?
ক. DOS খ. UNIX
গ. Windows ঘ. Ms-Word

১০. কোন সফটওয়্যারটি একটি ক্লায়েন্ট সার্ভার সফটওয়্যার?
ক. Operating system
খ. Application Programme
গ. Customized Programme
ঘ. Interpreter Programme

RAISUL ISLAM HRIDOY

১১. Windows-98 is an.....
ক. Operatng system
খ. Package software
গ. Database
ঘ. interpreter

১২. Windows-95 is anindependent operating system of-
ক. 8 bit
খ. 16 bit
গ. 32 bit
ঘ. 24 bit

১৩. Which computer company is the subject of a major lawsuit by the US government?
ক. IBM
খ. Oracle
গ. Macintosh
ঘ. Microsoft

১৪. কম্পিউটার হার্ডওয়্যার ও অ্যাপ্লিক্যাশন প্রোগ্রামের মধ্যে কাজের যোগসূত্র রচনা করে কোনটি?
ক. এ্যাপ্লিক্যাশন প্রোগ্রাম
খ. ওয়ার্ড স্টার
গ. মাইক্রোসফট ওয়ার্ড
ঘ. অপারেটিং সিস্টেম

১৫. অপারেটিং সিস্টেম কি নিয়ন্ত্রণ করে থাকে?
ক.কম্পিউটার সিস্টেম
খ. পুরো কম্পিউটার সিস্টেম
গ. অর্ধ কম্পিউটার সিস্টেম
ঘ. ইউনিব্রু

১৬. কিসের ভিত্তিতে অ্যাপ্লিকেশন প্রোগ্রাম তৈরি করা হয়?
ক. অপারেটিং সিস্টেম
খ. ডসের
গ. কী-বোর্ডের
ঘ. ডিস্কের

১৭. উইন্ডোজ ৯৫ কখন বাজারে আসে?
ক. ১৪ই আগষ্ট, ১৯৯৫
খ. ২ শে আগষ্ট, ১৯৯৫
গ. ১৪ই আগষ্ট, ১৯৯৫
ঘ. ২৪ই আগষ্ট, ১৯৯৬

১৮. উইন্ডোজ আসলে কিসের মতো?
ক. খোলা জানালা
খ. খোলা দরজা
গ. খোলা পর্দা
ঘ. বড় ছিদ্র

১৯. নিচের কোনটি উইন্ডোজের ভার্সন নয়?
ক. Win 7
খ. Win 8
গ. Win 9
ঘ. Win 10

RAISUL ISLAM HRIDOY

কম্পিউটার ভাইরাস

VIRUS শব্দের ফর্ণ রূপ হলো- Vital Information Resouces Under Siege যা অর্থ দাঁড়ায় গুরুত্বপূর্ণ তথ্যালির উৎসের ক্ষতি সাধন করা বা বাজেয়াপ্ত কার । কম্পিউটার ভাইরাসের নামকরন করেছেন প্রখ্যাত গবেষক ফ্রেডরিক কোহনে (Frederick Chohen)। কম্পিউটার ভাইরাস হলো এক ধরনের কম্পিউটার প্রোগ্রাম যা স্বয়ংক্রিয়ভাবে নির্বাহ , সংক্রমন, নিজস্ব সংখ্যা বৃদ্ধি করে। সর্বপ্রথম ১৯৭১ সালে এরূপ পরীক্ষামূলক ক্রিপার ভাইরাস নামক একটি ভাইরাস তৈরি করেন বব থমাস। এরপর ১৯৯২ সালে মাইকেল অ্যাঞ্জেলা ভাইরাসের আবিষ্কারের ফলে সে বছর লাখ লাখ কম্পিউটার অচল হয়ে পড়ে। CIH বা চেরনোবিল নামক ভাইরাস সারাবিশ্বে আক্রমন করে১০০০ সালে ২৬ এপ্রিল। Koobface নামক ভাইরাস ছাড়া হয় ২০০৮ সালে। এই প্রোগ্রাম বা ভাইরাস কম্পিউটারের CPU কর্তৃক গ্রহণ করে কম্পিউটারকে অস্বভাবিক, অংশগ্রহণযোগ্য এবং অস্বস্তিদায়ক কাজ করকে বাধ্য করে। এই প্রোগ্রামের উদ্দেশ্য হল কম্পিউটার ব্যবহারকারীকে বিড়ম্বনায় ফেলা। ২০০৮ সালের ২১ নভেম্বর কম্পিউটার ওয়াম কনফিকার (conficker) ৯ থেকে ১৫ মিলিয়ন মাইক্রোসফট সার্ভার সিস্টেমকে আক্রান্ত করে। সম্প্রতি আবিষ্কৃত কম্পিউটার ভাইরাসের নাম "ফান লাভ"।

- মাদার অব অল ভাইরাস বলা হয় CIH ভাইরাসকে।
- Chen-lng-Hau নামক তাইওয়ানের নাগরিক এ ভাইরাস তৈরী করেন।
- CIH ভাইরাসকে চেরোনেবিল ভাইরাস বলে। ১৯৮৬ সালে এ ভাইরাস চেরোনেবিলে আঘাত করে।
- Y-2k বলকেক বুঝায় Year-2000। 2000 সালের শুরুর মূহুর্তে সারা বিশ্বে কম্পিউটার বিপর্যয়ের কারন ছিল y-2k.
- ২০০০ সালের কম্পিউটার বিপর্যয়কে মিলেনিয়াম বাগ বলে।
  কতিপয় ভাইরাসের নাম : Aids, Bye, Bye, Bad boy, Cindrella, CIH, I love you ইত্যাদি।
  ভাইরাসের ধরন: দৈনন্দিন ব্যবহৃত কম্পিউটারে নিমোক্ত ধরনের ভাইরাস গুলো দেখাযায়-

RAISUL ISLAM HRIDOY

- ✓ কম্প্যানিয়ন ভাইরা
- ✓ ওভাররাইটিং ভাইরাস
- ✓ ট্রজান ভাইরাস
- ✓ প্রোগ্রাম ভাইরাস
- ✓ কমান্ড ভাইরাস
- ✓ জেনারেল পারপাস ভাইরাস
- ✓ স্টিলথ ভাইরাস
- ✓ মেমোরি ভাইরাস
- ✓ বুট সেক্টর ভাইরাস
- ✓ ফাইল ভাইরাস
- ✓ মাল্টিপারপাস ভাইরাস
- ✓ মাইক্রো ভাইরাস (ডেটা ফাইলসমূহ আক্রমন করে এই ভাইরাস)

যেভাবে ভাইরাস ছড়ায়: নানাভাবে ভাইরাস ছড়াতে পারে-

- ✓ হার্ডডিস্ক, ফ্লপি ডিস্ক, সিডি, পেন ড্রাইভ ইত্যাদির মাধ্যমে ডেটা বা প্রোগ্রাম আদান-প্রদানের ফলে।
- ✓ কম্পিউটার নেটওয়ার্কের মাধ্যমে ডেটা বা প্রোগ্রাম আদান-প্রদানের ফলে।
- ✓ ইন্টারন্টে, ই-মেইলের মাধ্যমে।
- ✓ পাইরেটিড সফটওয়্যার ব্যবহারের ফলে।

কম্পিউটার ভাইরাস আক্রান্ত হলে নানা প্রকার সমস্যা দেখা দেয়। যেমন-

- ✓ কম্পিউটারে প্রোগ্রাম ও ফাইল ওপেন করতে স্বাভাবিক অপেক্ষা বেশি সময় লাগবে।
- ✓ কম্পিউটারের মেমোরি হ্রাস পাবে। ফলে স্পিড কমে যায়।

- ✓ কম্পিউটার চালু অবস্থায় চলমান কাজের সাথে সংশ্লিষ্ট নয় এমন কিছু অপ্রত্যাশিত বার্তা প্রদর্শিত হবে। যেমন: File not found, Out of Memory ইত্যাদি।
- ✓ কম্পিউটার হঠাৎ হ্যাং হতে (কোন কাজ করার সুযোগ দেয় না) পারে।
- ✓ নতুন প্রোগ্রাম ইন্সটলের ক্ষেত্রে স্বাভাবিক অপেক্ষা বেশি সময় লাগবে।
- ✓ চলমান কাজের ফাইলগুলো বেশি জায়গা দখল করবে।
- ✓ কম্পিউটার চালু করার সময়ে চালু হতে হতে শাট ডাউন (বন্ধ) হতে পারে কিংবা কাজ করতে করতে হঠাৎ বন্ধ হয়ে যেতে পারে।

➢ **পেনড্রাইভ ভাইরাস মুক্ত রাখার উপায়**

১. পেনড্রাইভ কখনও দুই ক্লিক খুলবেন না
২. পেনড্রাইভ সবসময় মাইকম্পিউটারে গিয়ে অ্যাড্রেস বার থেকে খুলবেন।
৩. পেনড্রাইভে মূলত একান্ত প্রয়োজনীয় ফাইলগুলো রাখার চেষ্টা করুন।
৪. অ্যান্টিভাইরাস সফটওয়্যার থাকলে সেটি দিয়ে পেনড্রাইভ স্ক্যান করে ব্যবহার করুন।

M. C. O Quession

১. What is Computer virus?
ক. A harmful bacteria
খ. A harmful program
গ. A hramful curcuit
ঘ. A harmful magnet filed

২. Computer Virus is –
ক. এক ধরনের বিশেষ কম্পিউটার প্রোগ্রাম
খ. কম্পিউটারের যন্ত্রাংশে কোথাও শর্ট সার্কিট
গ. কম্পিউটারের যন্ত্রাংশের মধ্যে জমে থাকা ধুলা
ঘ. কম্পিউটারের কোনো যন্ত্রাংশ সার্কিটে ঢিলা কনেকশন

৩. বিশ্বব্যাপি বিপর্যয় সৃষ্টিকারী সিআইএইচ ভাইরাস কত তারিখে কম্পিউটার আক্রমণ করে?
ক. 26 April, 1998
খ. 26 May, 1998
গ. 26 April, 1999
ঘ. 26 May, 1999

৪. কম্পিউটার ভাইরাসের নামকরন করেন কে?
ক. ফ্রেড কোহেন
খ. বিল গেটস
গ. চার্লস ব্যাবেজ
ঘ. নিউটন

৫. Which virus attacts data files?
ক. Antivirus
খ. Boot Sector
গ. Micro Virus
ঘ. Dropars Virus

৬. A Program that can copy it self and infect the Comouter without the permisson and knowledge of the owner is called-
ক. Floppy
খ. Java
গ. Virus
ঘ. Pop-ups
ঙ. Sessions

RAISUL ISLAM HRIDOY

৭. An error in software or hardware is called a bus. What is the altenative computer jargon for it?
ক. Leech
খ. Squid
গ. Slug
ঘ. Glitch
ঙ. Virus

৮. Which of the following is a computer virus?
ক. SQL
খ. Blue-Ray
গ. SPSS
ঘ. CIH

৯. A Computer virus is-
ক. One kind of program which is harmful to computer operation
খ. An applicaton software
গ. An operating System
ঘ. A utility software to solve computer problems

১০. Elaboration of VIRUS is-
ক. Veratile Information Reaseaces Under Seize
খ. Vital nformation Resource Under Seize
গ. Volume of Information Resource Under Seize
ঘ. Video Information Resource Under Seize

১১. Whch of the following is harmful for a computer?
ক. Excessive temperature
খ. Dust
গ. Water
ঘ. VIRUS
ঙ. All of these are harmful

১২. Which one of the following symptom does not indicate that your computer system is affected by virus?
ক.Take much time to load a program
খ. Disk access time is faster
গ. Gives abnormal error massage
ঘ. Inadequancy in system memory

RAISUL ISLAM HRIDOY

➢ **এন্টিভাইরাস (Antivirus)**

কম্পিউটার ভাইরাসের প্রতিষেদক হলো এন্টিভাইরাস। এন্টিভাইরাস হলো এক ধরনের ভাইরাস প্রতিষেধক সফটওয়্যার যা কোন কম্পিউটার ভাইরাস সনাক্ত করতে পারে এবং তাকে আক্রান্ত কম্পিউটার থেকে মুছে ফেলতে পারে।

কম্পিউটার ভাইরাস উদ্ভাবিমত হয় প্রোগামার কর্তৃক । কম্পিউটার এন্টিভাইরাসও প্রোগ্রামগণ উদ্ভাবন করেছেন। কম্পিউটারকে ভাইরাসমুক্ত রাখতে প্রোগ্রামগণ নানা প্রচেষ্টা চালিয়ে বিভিন্ন ধরনের ভাইরাস প্ররোধিক এন্টিভাইরাস উদ্বাবন করেছেন। তাদের মধ্যে উল্লেখযোগ্য কিছু এন্টিভাইরাস নিম্নরূপ-

Kasparsky	Norton	Cobra (বাংলাদেশি)
Bitdefender	MacAfee	AVG
Avira	Symantech	Avast
Panda Antivirus	Pc cilin	ESET NoD32
PC Tools Antvrus	MS Essential	Zone Alarm Antivirus

M. C. Q Question

১. Which of the following is an Antivirus Software?
ক. Photoshop
খ. Norton
গ. Yahoo
ঘ. Flash

২. Which of the following is not an antivirus software?
ক. Symantch
খ. MacAfee
গ. Adobe
ঘ. AVG

৩. Which of the following is an antivirus software?
ক. Mays
খ. Kaspersky
গ. Google
ঘ. Outlook

৪. পিসিতে এন্টিভাইরাস কেন ব্যবহৃত হয়?
ক. ভাইরাস দূরীকরণে
খ. ভাইরাস সংরক্ষণ
গ. ভাইরাস তৈরিতে
ঘ. কোনটিই নয়

৫. Which one is an Utillity software?
ক. MS Word
খ. MS Excel
গ. McAfee
ঘ. Oracle

৬. নিচের কোনটি 'Utillity Software'?
ক. MS Word
খ. Norton Antivirus
গ. Oracle
ঘ. Adobe Photoshop

RAISUL ISLAM HRIDOY

৭. Which of the following is an Antivirus Software?
ক. Maya খ. AVG
গ. Outlok ঘ. None of these

৮. Which of the following s an Antivirus Software?
ক. Photoshop
খ. Norton
গ. Yahoo
ঘ. Flash
ঙ. None of these

➢ **ফায়ারওয়াল (Firewall)**

ফায়ারওয়াল হলো এক বিশেষ নিরাপত্তা ব্যবস্থা যাতে এক নেটওয়ার্ক তেকে আরেক নেটওয়ার্কে ডাটা প্রবাহ করা যায়। দুই নেটওয়ার্কের মাঝে ফায়ারওয়াল খাকেভ এক নেটওয়ার্ক থেকে আরকে নেটওয়ার্কে কোন ডাটা পরিবাহিত হলে সেটিকে অবশ্যই ফায়াওয়াল অতিক্রম করতে হয়। ফায়ারওয়াল তার নিয়ম অনুসারে সেই ডাটা নিরীক্ষা করে দেখে

এবং যদি যদি দেখে যে সে ডাটা ওই গন্তব্যে যাওয়ার অনুমতি আছে তাহলে সেটিকে যেতে দেয়। আর তা না হলে সেটিকে আটকে রাখে বা পরিত্যাগ করে। অর্থাৎ ফায়ারওয়াল বাইরের আক্রমণ থেকে এক বা একাধিক কম্পিউটার কে রক্ষা করার জন্য হার্ডওয়্যার আর সফটওয়্যার এর মিলিত প্রয়াস। ফায়ারওয়াল এর সবচেয়ে বহুল ব্যবহার লোকাল এরিয়া নেটওয়ার্ক এর ক্ষেত্রে। তথ্য নিরাপত্তা রক্ষাও এর কাজের অংশ। বিভিন্ন ধররেন ফায়ারওয়ালের উদাহরণ:

- স্পিল ট্রাফিক লগিং সিস্টেম
- আইপি প্যাকেট স্ক্রিনিং রাউটার
- প্রক্সি গেটওয়ে অ্যাপ্লিকেশন
- হার্ডেড ফায়ারওয়েল হোস্ট

M. C. Q Question

১. What is Firewall?
ক. Wall of Fire
খ. A service of Fire Service
গ. A Special protection system
ঘ. Distory wall with fire bullet

২. A set of related programs located at a network gateway server that protects the resources privet network from users from other network also is-
ক. Friewall
খ. Gateway server
গ. Proxy Server
ঘ. DNS

৩. Firewall is a devce used for filtering-
ক. Password
খ. File
গ. Packet
ঘ. Virus

RAISUL ISLAM HRIDOY

ষষ্ঠ অধ্যায় এম্বেডেড কম্পিউটার

(COMPUTER SOFTWARE AND EMBEDDED COMPUTER)

এম্বডেড সিস্টেম (Embedded System) : এম্বডেড সিস্টেম বা সন্নিবেশিত গণনা ব্যবস্থা বলতে এক বা একাধিক সুনির্দিষ্ট কাজ করার জন্য তৈরি বিশেষায়িত ব্যভস্থাকেই বুঝানো হয়। সাধাণত এটি কোন কম্পিউটিং যন্ত্র বা যান্ত্রিক আ ইলেট্রনিক যনেত্রর অংশ হিসেবে অবস্থান করে।

রাউটার একটি এম্বডেড সিস্টেম এর উদাহরণ। এভাবেই বলা যায়, এম্বডেড কম্পিউটার হচ্ছে একটি স্পেশাল কম্পিউটার সিস্টেম যা একটি বৃহৎ সিস্টেম বা মেশিনের অংশ বিশেষ হিসেবে ব্যভহৃত হয়। এম্বডেড সিস্টেমে একটি মাইক্রোপ্রসেসর বোর্ড ও সুনির্দিষ্ট কাজের নিমিত্তে প্রোগ্রামিং সম্বলিত একটি রুম থাকে। ATM মেশিন একটি এম্বডেড সিস্টেমের উদাহরণ।

সাধারণ কম্পিউটার ও এম্বডেড কম্পিউটারের পার্থক্য

ঘরে বা কার্যক্ষেত্রে ব্যভহার্য ব্যক্তিগত কম্পিউটারে অপারেটিং সিস্টেম ইনস্টল করার পরে তা দিয়ে বলতে গেলে অগণিত কাজ করা যেতে পারে । যেমন গান শোনা থেকে শুরু করে ছোট আকারে গবেষণা পর্যন্ত । প্রয়োজন মাফিক

আপনি এর বৈশিষ্ট্য বা ফিচার বাড়িয়েও নিতে পারবেন। কিন্তু এই এম্বডেড সিস্টেম এর ক্ষেত্রে তা সম্ভব নয়। এম্বডেড সিস্টেম বা ব্যবস্থা একটি পরিপূর্ণ যন্ত্রের অংশ হিসেবে তার ভিতরের সন্নিবেশিত বা লুকানো বা অন্তর্ভূক্ত থাকে।

এম্বডেড সিস্টেম ব্যবহারের কারণ

আজকের প্রযুক্তি যে দ্রুত বেগে উন্নতির দিকে ধাবিত হচ্ছে তার অনেক ক্ষেত্রেই এই এম্বডেড সিস্টেম অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছে। যেহেতু এ ধরনের যন্ত্রাংশ কিছু কিছু নির্দিষ্ট কাজের জন্য বানানো হয় তাই, সম্পূর্ণ ব্যবস্থাকে আমূলে বদলে না দিয়েও শুধু অংশবিশেষ পরিবর্তন করে উল্লেখযোগ্য উন্নতি সাধন করা যায়। যেমন- কোন একটা ব্যক্তিগত কম্পিউটারের ভিত্তি বা মাদারবোর্ড থাকে যা এম্বডেড সিস্টেম এর একটা বড় উদাহরণ। এ ধরনের একটি মাদাবোর্ড কম্পিউটারের সকল কাজ করে না কিন্তু তাকে সচল রাখতে উল্লেখযোগ্য ভূমিকা রাখে। এটি হার্ড ডিস্ক, RAM, প্রসেসর,গ্রাফিক্স কার্ড সকলের সংযোজন মাধ্যম বা ভিত্তি হিসাবে কাজ করে যা এম্বডেড সিস্টেম এর একটা বৈশিষ্ট্য।

➢ ব্যবহারের ক্ষেত্র

আজকের প্রযুক্তি নির্ভর আধুনিক জীবনের প্রতিটি ক্ষেত্রে এম্বডেড সিস্টেমের প্রভাব রয়েছে। বিভিন্ন ভোক্তা পণ্য যেমন- হাতে বহনযোগ্য কম্পিউটার, পি.ডি.এ গান শুনবার এম.পি.থ্রি/ফোর প্লেয়ার, মুঠোফোন, ভিডিও গেইম কন্সোল, ডিজিটাল ক্যামেরা, গ্লোবাল পজিশনিং সিস্টেম, এমন কি কাপড় ধোয়ার যন্ত্রে সব খানেই এই এম্বডেড সিস্টেম এর ব্যবহার জীবন কে করেছে স্বচ্ছন্দ্যময়।

এম্বডেড সিস্টেমের বড় একটি উদাহরণ হচ্ছে মোবাইল ফোন। একটি ব্যাপার খেয়াল করুন, ইংরেজি লেখার জন্যে ২৬টি বর্ণ আছে, এই ২৬টি বর্ণের জন্যে কমপক্ষে ২৬টি বাটন তো দরকার ছিলো। কিন্তু ১২/১৪টি বাটন দিয়েই কিন্তু আমরা আমাদের প্রয়োজনীয় লেখাকে সেরে নিতে পারি । কিন্তু এই কয়েকটি বাটন দিয়ে যদি ফটি এডিটিং বা বিডিও এডিটিং করতে বলা বলঅ হয় তাহলে তা নিশ্চয়ই পারা যাবে না। এই রকমের ডেডিকেটেড কাজ কর্ম করানোর জন্যে ছোট আকারের কম্পিউটার দিয়েই এম্বডেড সিস্টেম তৈরি কারহয়।

এম্বডেড সিস্টেমটি জনপ্রিয় হবার কারণ

এই সিস্টেমটি জনপ্রিয় হবার কারন হচ্ছে দামে সস্তা, আকারে ছোট, ওজন কম, বিদ্যুৎ খরচ কম (একটি ঘড়ির কয়েন ব্যাটারী দিয়েও চালানো সম্ভব), কর্মদক্ষতা বেশি এবং প্রোগ্রামে বুল না হলে এটির কাজে ভুল বার সম্ভাবনা নেই বললেই চলে। সব থেকে বড় কথা এটির প্রোগ্রামিং করতে খুব দক্ষ প্রোগ্রামার হবারদরকার নাই। সাধারণত এই সিস্টেমের ককম্পিউটারের দায়িত্ব পালন করে থাকে মাইক্রো-কন্ট্রোলার । মাইক্রো-কন্ট্রোলার হচ্ছে, একটি মাইক্রোচিপ যার ভিতরে

RAISUL ISLAM HRIDOY

বিভিন্ন পোগ্রামিং ল্যাঙ্গুয়েজ দিয়ে কাজ অনুযায়ী প্রোগ্রাম লিখে দেয়া যায়। মাইক্রো-কন্ট্রোলারটি তখন শুধু ঐ কাজটিই করতে পারবে।

এম্বডেড সিস্টেমের মাইক্রোচিপের সাথে কিছু পেরিফেরাল থাকে (যেমন মোবাইলের ক্ষেত্রে কী-প্যাড/ ডিসপ্লে ইত্যাদি), আর থাকে প্রোগ্রাম। এই প্রোগ্রামটিকে বলা হয় ফার্মওয়্যার। অনেকে এটিকে এম্বডেড সয়টওয়্যারও বলে থাকে।

➢ এম্বডেড কম্পিউটার:

কম্পিউটার হার্ডওয়্যার ও সফটওয়্যার বৈশিষ্ট্য সংশ্লিষ্ট যন্ত্রাংশ যখন বিশেষ কোন বৃহৎ বা ক্ষুদ্র যন্ত্র নিয়ন্ত্রণ বা পরিচালনায় ব্যভহৃত হয় তখন ঐ হার্ডওয়্যার নফটওয়্যারের সমন্বিত রূপকে এম্বডেড কম্পিউটার বলে।

- এম্বডেড কম্পিউটারের প্রথম ব্যবহার মহাশূণ্যের সাথে জড়িত।
- ১৯৬৮ সালে অ্যাপোলো -৭ এবং ১৯৬৯ সালে অ্যাপোলো-১১ এ চন্দ্র পৃষ্ঠে অবতরললুনার মডিউল এম্বডেড কম্পিউটার দ্বারা নিয়ন্ত্রিত ছিল।

M. C. O Question

১. এম্বডেড সিস্টেম ব্যবহৃত হয় কোনটিতে?
ক. রাউটার
খ. মোবাইল ফোন
গ. ATM
ঘ. সবগুলো

২. এম্বডেড সিস্টেমে বিদ্যুৎ খরচ-?
ক. কম
খ. বেশি
গ. নগণ্য
ঘ. কোনটিই নয়

৩. আধুনিক এম্বডেড সিস্টেমে কিসের ব্যবহার পরিলক্ষিত হয়?
ক. চিপস
খ. প্রসেসর
গ. মাইক্রোপ্রসেসর
ঘ. মাইক্রোকন্ট্রোলার

➢ **কম্পিউটার প্রোগ্রামিং ল্যাঙ্গুয়েজ**

Computer Programming Language

কম্পিউটারের বিভিন্ন এ্যাপ্লিকেশন বা প্যাকেজ প্রোগ্রাম তৈরির জন্য ভাষা বা ল্যাংগুয়েজ ব্যবহৃত হয় সেগুলোকে বলে কম্পিউটার ল্যাংগুয়েজ। যে ল্যাংগুয়েজ কেবলমাত্র কম্পিউটারই বুঝেভ যেমন: Machine Language, Low Level Language, COBOL, BASIC, Pascal, FORTAN ইত্যাদি। কম্পিউটার প্রোগ্রামের ভাষাকে বৈশিষ্ট্য অনুযায়ী পাঁচ ভাগে ভাগ করা হয়েছে।

আদর্শ পোগ্রামের বৈশিষ্ট্য/গুনাবলী

১. প্রোগ্রাম সহজ হবে।
২. প্রোগ্রামকে অপ্রাসঙ্গিকভাবে বড় করা যাবে না।
৩. প্রোগ্রাম যথা সম্ভব সংক্ষিপ্ত ও বোধগম্য হবে।
৪. সমস্যা সমাধানের প্রক্রিয়াটি স্পষ্ট ও যুক্তি নির্ভর হতে হবে।
৫. সঠিক কাজর জন্য সঠিক প্রোগ্রামনির্বাচন করতে হবে।
৬. অতিরক্তি লুপ ব্যবাহারকরা যাবে না।
৭. কোডিং নির্ভূল হবে।
৮. ভবিষ্যতে সংশোধন ও পরিবর্ধনের ব্যবস্থা থাকতে হবে।
৯. কোডিং বাগ (ভুল) বিহীনহবে।
১০. প্রোগ্রামকে নেটওয়ার্ক সংবলিত পরিবেশে কাজ করার উপযোগী করতে হবে।

প্রথম প্রজন্ম (১৯৪৫) : মেশিন ভাষা।
দ্বিতীয় প্রজন্ম (১৯৫০) : অ্যাসেম্বলি ভাষা।
তৃতীয় প্রজন্ম (১৯৬০) : উচ্চতর বা হাই লেভেল ভাষা।
চতুর্ত প্রজন্ম (১৯৭০) : অতি উচ্চতর ভাষা।
পঞ্চম প্রজন্ম (১৯৮০) : স্বাভবিক বা ন্যাচারাল ভাষা।

RAISUL ISLAM HRIDOY

➢ **প্রথম প্রজন্মের (১৯৪৫) : যান্ত্রিক ভাষা**

First Geberation : Machine Language

কম্পিউটারের মৌলিক ভাষা হলো মেশিন ভাষা। ০ ও ১ এই দুটি বাইনারি অঙ্ক ব্যবহার করে মেশিনের ভাষায় সবকিছু লিখা হয়। কম্পিউটার একমাত্র মেশিনের ভাষাই বুঝতে পারে। অন্য ভাষায় প্রোগ্রাম তৈরি করলে কম্পিউটার প্রথমে উপযুক্ত অনুবাদকের সাহায্যে তাকে মেশিনের ভাষায় পরিণত করে নেয়। মেশিনের ভাষায় লিখিত লেখা প্রোগ্রামকে বলা হয় অবজেক্ট প্রোগ্রাম এবং অন্য যে কোন ভাষায় লেখা প্রোগ্রামকে উৎস প্রোগ্রাম বলে। প্রথম প্রজেন্মর কম্পিউটারের সব প্রোগ্রাম একমাত্র মেশিন ভাষাতেই করা হয়। মেশিন ভাষায় যেসব নির্দেশ দেয়া হয় তাদের ৪ ভাগে ভাগ করা হয়। যেমন-

১. গাণিতিক -অর্থাৎ যোগ, বিয়োগ, গুণ, ভাগ।
২. নিয়ন্ত্রণ-অর্থাৎ লোড, স্টোর ও জ্যাম্প।
৩. ইনপুট আউটপুট-অর্থাৎ পড় ও লেখ।
৪. প্রত্যেক্ষ ব্যবহার- অর্থাৎ আরম্ভ, থামা ও শেষ করা।

<u>মেশিনের ভাষার সুবিধা:</u>

✓ এই ভাষা দিয়ে বর্তনী অথবা মেমোরি -অ্যাড্রেসের সঙ্গে সরাসরি সংযোগ সম্ভব। তাই কম্পিউটার বর্তনীর ভুল-ত্রুটি সংশোধনের জন্য মেশিন ভাষা ব্যবহার করা হয়।

- ✓ মেশিন ভাষা অন্যান্য ভাষা হতে দ্রুত।
- ✓ কমিপউটারের অভ্যন্তরীণ সংগঠনের পুঙ্খানুপঙ্খ ধারনা অর্জন করতে হলেমেশিন ভাষা একান্ত প্রয়োজনীয়।
- ✓ প্রোগ্রাম তাড়াতাড়ি কার্যকর হয়।

মেশিনের ভাষার অসুবিধা:

- ✓ মেশিনের ভাষায় প্রোগ্রাম রচনা করা সবচেয়ে কঠিন ও সময়সাপেক্ষ।
- ✓ এক ধরনের মেশিনের জন্য লিখিত প্রোগ্রাম অন্য ধরনের মেশিনের ব্যবহার করা অসম্ভব।
- ✓ মেশিন ভাষা ডিবাগ বা পরিবর্তন করা কষ্টসাধ্য।
- ✓ মেশিন ভাষায় প্রোগ্রাম লিখতে দক্ষ প্রোগ্রামার দরকার।

M. C. O Ouestion

১. প্রোগ্রাম রচনা সবচেয়ে কঠিন-
ক. উচ্চতর ভাষায়
খ. প্যাকেজের ভাষায়
গ. মেশিনের ভাষায়
ঘ. অ্যাসেম্বলি ভাষায়

২. মেশিনের ভাষার লিখিত প্রোগ্রামকে বলা হয়-
ক. অবজেক্ট প্রোগ্রাম
খ. কম্পাইলার
গ. ডেটাবেস
ঘ. এসেম্বলি

RAISUL ISLAM HRIDOY

৩. Which language is derectly understood by the computer without any translation program?
ক. Machine language
খ. Assembly language
গ. High level language
ঘ. Mid level language
ঙ. None of these

৪. Which of the following one not a computer language?
ক. MS DOS
খ. LOGO
গ. BASIC
ঘ. PASCAL

৫. কম্পিউটারে মৌলিক ভাষা কোনটি?
ক. মেশিন ল্যাংগুয়েজ
খ. অ্যাসেম্বলি ল্যাংগুয়েজ
গ. হাই লেভেল ল্যাংগুয়েজ
ঘ. ভেরি হাই লেভেল ল্যাংগুয়েজ

➢ **দ্বিতীয় প্রজন্ম (১৯৫০) : অ্যাসেম্বলি ভাষা**

Second Generation : Assembly language

সংকেত দিয়ে অ্যাসেম্বলি ভাষা গঠিত হওয়ায় এ ভাষাকে বলা হয় সাংকেতিক ভাষা । সাংকেতিক ভাষার ক্ষেত্রে নির্দেশ ও ডেটার অ্যাড্রেস বাইনারি বা হেক্সো সংখ্যার সাহায্যে ন াদিয়ে সংকেতের সাহায্যে দেওয়া হয়। এই সংকেতকে বলা হয় সাংকেতিক কোড বা নেমোনিক। যেমন- অ্রাকিউমুলেটরে রাখা, এর নেমোনিক LDA। ডেটা ও ডেটার অ্যাড্রেসও নেমোনিকের সাহায্যে দেওয়া হয়। এর জন্য নিউমেরিক ও আলফানিউমেরিক বর্ণ ব্যবহৃত হয় যেমন A, B, A1, B2 ইত্যাদি। অ্যাসেম্বলি ভাষার পুরো নির্দেশে সাধারণত চারটি অংশ থাকে। যথা- ১. লেবেল ২. অপ-কোড ৩. অপারেন্ড ও
৫. মন্তব্য।

লেবেল : লেবেল নির্দেশের সাংকেতিক অ্যাড্রেস থাকে। লেবেলের এক হতে দুটি আলফানিউমারি বর্ণ থাকে, এই বর্ণদের মধ্যে ফাঁকা থাকে না। লেবেলের কোন বর্ণ সর্বদা অক্ষর।

অপারেশন কোড : এখানে সাধারণত আলফানিউমেরিক বর্ণ দ্বারা অপারেশনের অবস্থানের অ্যাড্রেস বোঝানো হয়। যেমন- A, B, A_1, B_2, AB, MN।

অ্যাসেম্বলি ভাষার সুবিধা:

- ✓ এই ভাষায় মাধ্যমে সংক্ষিপ্ত ও দক্ষ প্রোগ্রাম রচনা করা সম্ভব।
- ✓ এ ভাষার রচিত প্রোগ্রামে ভুলের পরিমান কম হয় এবং সহজেই তা নির্ণয় ও সংশোধন করা যায়।
- ✓ এই ভাষার প্রোগ্রাম মেশিনের সংগঠনের উপর নির্ভরশীল।

অ্যাসেম্বলি ভাষার সুবিধা:

- ✓ এই ভাষায় প্রোগ্রাম রচনা মেশিনের তুলনায় সহজতর হলেও যথেষ্ট কষ্টসাধ্য ও সময়সাপেক্ষে
- ✓ প্রোগ্রাম নির্বাহের জন্য অনুবাদক প্রোগ্রাম অ্যাসেম্বলারের প্রয়োজন।
- ✓ প্রোগ্রাম রচনার জন্য কম্পিউটারের সংগঠন সম্বন্ধে ধারণা থাকা আবশ্যক।

RAISUL ISLAM HRIDOY

➢ তৃতীয় প্রজন্ম (১৯৬০) : উচ্চতর ভাষা
Third Generation : High level Language
মানুষের বোধগাম্য ভাষার সাথে এ প্রজন্মের ভাষার মিল আছে। এ স্তরের ভাষায় লিখিত প্রোগ্রাম বিভিন্ন ধরনের মেশিনে ব্যবহার করা যায়। কম্পিউটার সংগঠনের নিয়ন্ত্রণের উর্ধ্বে এই প্রোগ্রাম ভাষা হওয়ায়, এসব ভাষাকে উচ্চতর ভাষা বলা হয়।

যেমন- অ্যালগল, লোগো, এপিএল, ফোর্থ, বেসিক, সি++, জাভা, প্রোলগ,কোবল, প্যাস্কাল ইত্যাদি।

পঁচিশটির মত সাধারণ হাই লেভেল ভাষা আচে। হাই লেভেল ভাষাকে দুই ভাগে ভাগ করা যায়-
১. সাধারণকাজরে ভাষা।
২. বিশেষ কাজরে ভাষা।

মূলত সিমুলা 67 এবং C প্রোগ্রামিং ভাষার নমন্বয়ে C^{++} তৈরি হয়।

➢ উচ্চতর ভাষার সুবিধা:
- ✓ এ ভাষায় লিখিত প্রোগ্রামে যে কোন কম্পিউটারে ব্যবহার করা যায়।
- ✓ মানুষ সহজেই হাইলেভেল ভাষা শিখতে পারে।
- ✓ প্রোগ্রাম রচনায় সময় অনেক কম লাগে।
- ✓ প্রোগ্রাম রচনার ক্ষেত্রে একটি কমান্ড দিলেই চলে।

➢ উচ্চতর ভাষার অসুবিধা
- ✓ এ ভাষার প্রোগ্রাম লেখার পূর্বে এ ল্যাংগুয়েজে স্ট্রাকচার জানতে হয়।
- ✓ এই ভাষা লো লেভেল ভাষা থেকে কম অনমনীয়।
- ✓ এ ভাষায় লিখিত প্রোগ্রামকে কম্পিউটারে চালাতে হলে অনুবাদক প্রোগ্রামের প্রয়োজন হয়।

M. C. O Ouestion

১. নিচের কোনটি 3G Language নয়?
ক. C

খ. Java
গ. Assembly Language
ঘ. Machine Language

২. কম্পিউটারের প্রথম প্রোগ্রামিং ভাষা কোনটি?
ক. C++
খ. ADA
গ. FORTRAN
ঘ. PASCAL

৩. Which of the following is an example of paltform independent program?
ক. Fortran
খ. C++
গ. Java
ঘ. Visual Basic

৪. Which one of the following is not an application software?
ক. Java খ. MS Word
গ. MS Excel ঘ. Accounting Package

৫. Which of the following language is more suited to a structured program?
ক. PORTRAN
খ. BASIC
গ. PASCAL
ঘ. None

৬. Which of the following is a programming language?
ক. Lotus
খ. pascal
গ. MS Excel
ঘ. Netscape

RAISUL ISLAM HRIDOY

➢ চতুর্থ প্রজন্ম (১৯৭০) : অতি উচ্চতর ভাষা

Forth Generation : Very high level Language

চতুর্থ প্রজেন্মর ভাষা বলতে এমন কতগুলো ভাষাকে বঝানো হয়, যা কম্পিউটারে সহজে ব্যভহার করা যায়। এ ভাষায় লিখিত প্রোগ্রামে বিস্তারিত ভাবে প্রক্রিয়াকরণের বর্ণনা দেওয়া হয় না বলে ই প্রজন্মের ভাষাকে ননপ্রসিজিউলার ল্যাংগুয়েজ বলা হয়। প্রধানত বাণিজ্যিক প্রয়োগের জন্য ব্যবহৃত এ সকল ভাষাকে অনেক সময় তৈরি করা যায় বলে একে Rapid Application Development (RAD) টুলও বলা হয়। অধিকাংশ চতুর্থ প্রজন্মের ভাষায় কথোপকথন রীতিতে প্রশ্ন

-উত্তরের মাধ্যমে কম্পিউটারের সাথে ব্যবহারকারীর যোগাযোগের ব্যবস্থা থাকে।SQL, NOMAD, RPG III, FOCUS, Intellect ইত্যাদি কয়েকটি চতুর্থ প্রজেন্মর ভাষা।

ছকের মাধমে কয়েকটি উচ্চতরের ভাষার সংক্ষিপ্ত বিবরণ দেখানো হলো-

ভাষার নাম	সাল	উদ্ভাবক	প্রয়োগক্ষেত্র
সি (C)	১৯৭৩	আমেরিকার বেল ল্যাবরেটরির ডেনিস রিচি	বৈজ্ঞানিক/ বাণিজ্যিক/ উচ্চতর
c++	১৯৮৫	যুক্তরাষ্ট্রের at & T বেল ল্যারেটরিতে বিয়ার্নে স্ট্রোস্ট্রপ	বৈজ্ঞানিক/ বাণিজ্যিক
ভিজ্যুয়াল বেসিক	১৯৯১	মাইক্রোসফট কর্পোরেশন	বাণিজ্যিক
জাভা	১৯৯৫	সান মাইক্রোসিস্টেম	বৈজ্ঞানিক / বাণিজ্যিক
ওরাকল	১৯৭১	ড. ই. এফ. কড	বৈজ্ঞানিক/ বাণিজ্যিক

অ্যালগল	১৯৫০	ইন্টারন্যাশনাল কমিটি	বৈজ্ঞানিক/ প্রকৌশল / গাণিতিক
ফরট্রান	১৯৫৭	IBM	বৈজ্ঞানিক/ প্রকৌশল/ বাণিজ্যিক
পাইথন	১৯৯১	CWI	গাণিতিক/ সাধারণ

➢ **পঞ্চম প্রজন্ম (১৯৮০-বর্তমান): স্বাভাবিক বা ন্যাচারাল ভাষা**

Fith Generation : Nutural Language

মানুষের স্বাভাবিক ভাষা বা ন্যাচারাল ল্যাংগুয়েজকে পঞ্চম প্রজেন্মর প্রোগ্রামের ভাষা ব্যবহার করার চেষ্টা চলছে। ন্যাচারাল ল্যাংগুয়েজ দুই প্রকার যথা-

- ✓ মানুষের ভাষা যেমন- বাংলা, ইংরেজি, ফারসী, উর্দু, আরবি।
- ✓ প্রোগ্রামিং ল্যাংগুয়েজ যা মানুষের ব্যবহার করে কম্পিউটারের সাথে স্বাভাবিক সম্পর্ক তৈরি করে। এ ধরনের ভাষাকে মেশিনের ভাষায় রূপান্তরের জন্য ব্যবহৃত অনুবাদককে বুদ্ধিমান বা ইনটেলিজেন্ট কম্পাইলার বলা হয়।

প্রোগ্রামিং ল্যাংগুয়েজের ক্রমবিকাশ

1945	Machine language	1971	FORTH
1950	EDSAC assembly	1972	C RPOLOG
1954	FORTRAN	1979	Ada
1958	ALGOL-58 LISP	1981	Modula-2
1960	COBOL	1982	Dbase
1964	RPG PL/1	1983	C++
1965	BASIC	1984	Turbo Pascal
1967	Logo Simula	1987	Hypercard
1968	APL	1995	Java
1970	Pascal Smalltalk	2000	C#

RAISUL ISLAM HRIDOY

M. C. O Question

১. নিচের কোনটি চতুর্থ প্রজেন্মর কম্পিউটার ল্যাংগুয়েজ?
ক. SQL খ. COBOL
গ. C++ ঘ. Pascal

২. FOCUS কোন প্রজেন্মর কম্পিউটার ভাষা?
ক. তৃতীয়
খ. চতুর্থ
গ. পঞ্চম
ঘ. দ্বিতীয়

৩. Java ল্যাংগুয়েজ কত সালে ক্রমবিকাশ ঘটে?
ক. ১৯৯০
খ. ১৯৯৫
গ. ১৯৯৭
ঘ. ২০০০

৪. মানুষের স্বাভাবিক বা ন্যাচারাল ল্যাংগুয়েজ কোন প্রজেন্মের ভাষা?

ক. চতুর্থ
খ. তৃতীয়
গ. পঞ্চম
ঘ. ষষ্ঠ

৫. What is BASIC?
ক. Word processing program
খ. Programming Language
গ. Spreedshit Program
ঘ. Customized Application

৬. Which of the following is a programming language?
ক. Power point
খ. MS Excel
গ. C
ঘ. Windows

৭. শিক্ষার্থীরা সহজে আয়ত্ত করতে পারে কোন প্রোগ্রাম?
ক. Letterbase database
খ. Basic database
গ. Graphical database
ঘ. Symbolised database

৮. Who is the father of Java language?
ক. James Gosling
খ. james Bond
গ. Dansh Lichi
ঘ. Bell Bob

৯. Who is the father of C language?
ক. Daniish Moritch
খ. Danish Ritchie
গ. Danish Tito
ঘ. Bll Gets

১০. C ++ Visual Basic, Fortran হলো-
ক. উচ্চস্তরের ভাষা
খ. যান্ত্রিক ভাষা
গ. অ্যাম্বেবলি ভাষা
ঘ. নিম্নস্তরের ভাষা

১১. C প্রোগ্রাম তৈরির সাথে কে জড়িত?
ক. মরিস হিল
খ. ডেনিস রিচি
গ. টিম বার্নসলি
ঘ. ডগলাস

১২. C ++ প্রোগ্রাম ডেভেলপ করেন কে?
ক. Tim Berneers
খ. Bijare Stroustrup
গ. Bill Gates
ঘ. Charge Babbes

১৩. Oracle সফটওয়্যারের সাথে জড়িত কোনটি?
ক. SDL
খ. DLS
গ. LDS

RAISUL ISLAM HRIDOY

ঘ. LSD

১৪. Oracle RDBMS সাধারণত কী নামে পরিচিত?
ক. Oracle Java
খ. Oracle
গ. Oracle Basic
ঘ. Oracle Access

১৫. Oracle উন্নয়ন করা হয় কত সালে?
ক. ১৯৭৭
খ. ১৯৮০
গ. ১৯৯০
ঘ. ১৯৯৫

১৬. ALGOL প্রোগ্রাম উদ্ভাবন তৈরি করা হয় কত সালে?
ক. ১৯৫০ সালে খ. ১৯৮০ সালে
গ. ১৯৫৮ সালে ঘ. ১৯৯৫ সালে

১৭. FORTRAN তৈরি করা হয়-
ক. ১৯৫০ সালে
খ. ১৯৬৫ সালে
গ. পঞ্চাশ দশকের মাঝামাঝি
ঘ. ষাট দশকের মাঝামাঝিতে

১৮. Python প্রোগ্রাম তৈরি করেন কে?
ক. Guido Van Rossum
খ. Denns Richie
গ. Bjarne Strounstrup
ঘ. Martin Cooper

১৯. জাভা ভাষা বাজারজাত করা হয় কত সালে?
ক. ১৯৯৬ সালে
খ. ২০০০ সালে
গ. ১৯৯৫ সালে
ঘ. ১৯৯৯ সালে

২০. উচ্চস্তরের ভাষাকে মেশিন ভাষায় রূপান্তরের জন্য কী ব্যবহৃত হয়?
ক. এডিটর খ. কম্পাইলার
গ. অ্যাসেম্বলার ঘ. ডিবাগার

RAISUL ISLAM HRIDOY

➢ অনুবাদক সফটওয়্যার
উৎস প্রোগ্রামকে বস্তু প্রোগ্রামে পরিণত করতে যে সফটওয়্যারের প্রয়োজন হয় তাকে অনুবাদক বলে। তিন ধরনের অনুবাদক সফটওয়্যার আছে যথা- কম্পাইলার, ইন্টার প্রেটার ও অ্যাসেম্বলার।

কম্পাইলার

সুবিধাসমূহ-
- ✓ এর মাধ্যমে উচ্চতর ভাষাকে যান্ত্রিক ভাষায় পরিণত করা যায়।
- ✓ সম্পূর্ণ প্রোগ্রামটিকে একবারেই অনুবাদ করে।
- ✓ একবার রূপান্তরিত প্রোগ্রাম বার বার ব্যবহার করা যায়।
- ✓ কম্পাইলার অনুবাদ করা ছাড়াও উৎস প্রোগ্রামের গুণাগুণ বিচারও করতে পারে।
- ✓ পুরো প্রোগ্রামটিকে একেবারেই বস্তু প্রোগ্রামে অনুবাদ কর াযায়।
- ✓ প্রোগ্রামে কোন ভুল থাকলে তা জানানো ।
- ✓ প্রধান মেমোরিতে প্রয়োজনীয় স্মৃতি অবস্থানের ব্যবস্থা করা।
- ✓ প্রয়োজনে বস্তু বা উৎস প্রোগ্রামকে ছাপিয়ে বার করা।

অসুবিধাসমূহ-

- ✓ এক ভাষার কম্পাইলার দিয়ে অন্য ভাষার অনুবাদের কাজ করা যায় না অর্থাৎ প্রতিটি প্রোগ্রামিং ভাষার জন্য ভিন্ন ভিন্ন কম্পাইলার দরকার হয়।
- ✓ অ্যাসেম্বলি ভাষাকে মেশিনভাষায় অনুবাদ করার চেয়ে হাই লেভেল ভাষাকে মেষিন ভাষায় অনুবাদ করা অনেক কঠিন বলে কম্পাইলার অ্যাসেম্বলারের তুলনায় বেশি জটিল হয়। ফলে কম্পাইলার মেমোরি অবস্থানের বেশি জায়গা অধিকার করে।

কম্পাইলারের কাজ:

- ✓ উৎস প্রোগ্রামকে বস্তু প্রোগ্রামে অনুবাদ করা।
- ✓ প্রোগ্রামে কোন ভুল থাকলে তা জানানো।
- ✓ প্রোগ্রামকে লিংক করা।

➢ ইন্টারপ্রেটার

এর কাজ হলো উচ্চতর ভাষাকে মেশিনের ভাষায় পরিণত করা। তবে কম্পাইলার যেখানে সম্পূর্ণ প্রোগ্রামকে অনুবাদ করে তারপর তা কায়ে পরিণত করে সেখানে ইন্টারপ্রেটার একটি নির্দেশ মেশিনভাষায় অনুবাদ করে তা কার্যে পরিণত করে, তারপর পরবর্তী নির্দেশে হাত দেয়।

সুবিধাসমূহ-

- ✓ ইন্টারপ্রেটার একটি প্রোগ্রামের প্রতিটি লাইন ভিন্ন ভিন্ন ভাবে পর্যায়ক্রমে অনুবাদ করে এবং নির্বাহ করে।
- ✓ ইন্টারপ্রেটার প্রোগ্রাম আকারে ছোট বলে মেমোরি অবস্থানের জায়গা কম লাগে।
- ✓ এর প্রধান সুবিধা হল ইন্টারপ্রেটার বন্ধুভাবাপন্ন।
- ✓ এর ব্যবহারে প্রোগ্রামের ভুল সংশোধন করা বা প্রোগ্রাম পরিবর্তন করা সহজ হয়।
- ✓ কথোপকথোন চলা অবস্থায় ব্যবহারকারীর অবস্থানের পরিবর্তন হলে ট্রান্সমিশন বিচ্ছিন্ন হয়ে যায়।

➢ দ্বিতীয় প্রজন্ম (2G)

2G বা 2-G দ্বারা দ্বিতীয় প্রজন্ম তারবিহীন টেলিফোন প্রযুক্তিকে নির্দেশ করে । দ্বিতীয় প্রজন্মের সেলুলার টেলিকম নেটওয়ার্ক 'GSM' কে আদর্শ ধরে ১৯৯১ সালে রেডিওলিঞ্জা (Radiolinja) কর্তৃক ফিনল্যান্ডে বাণিজ্যিকভাবে যাত্রা মুরু করে, যা ২০০০ সাল পর্যন্ত স্থায়ী ছিল। পূর্বসূরীদের চেয়ে 2G এর তিনটি প্রাথমিক সুফল হলো- পোনের কথাবার্তা ডিজিটালভাবে এনক্রিপ্ট হতো। 2G তে ডেটা সক্রিয় চালু করে যার মাধ্যমে SMS করা যায়। এমনকি MMS ও করা যায়।

উদাহরণ: GSM-900, GSM-1800, CDMA,PDA, D-AMPS।

বৈশিষ্ট্যসমূহ:

- ✓ এই প্রজন্মের ডিজিটাল পদ্ধতির রেডিও সিগন্যাল ব্যবহৃত হয়।
- ✓ উন্নতমানের অডিও এর জন্য ডিজিটাল মডুকেশন ব্যবহৃত হয়।
- ✓ সেল সিগন্যাল এনকোডিং পদ্ধতি হলো FDMA, TDMA, CDMA।
- ✓ ডেটা স্থানান্তর করার গতি অনেক বেশি।
- ✓ ডেটার প্রতারনা প্রতিরোধে সহায়তা করে।
- ✓ সর্বপ্রথম প্রিপেইড পদ্দতি চালু হয়।
- ✓ সীমিতমাত্রায় আন্তর্জাতিক রোমিং সুবিধা চালু হয়।
- ✓ মোবাইর ডেটা স্থানান্তরের জন্য প্যাকেট সুইচ নেটওয়ার্ক এবং ভয়েস কল রূপান্তরের জন্য কোর সুইচ নেটওয়ার্ক পদ্ধতি ব্যবহৃত হয়।
- ✓ জিএসএম পদ্ধতিতে ডেটা এবং ভয়েস প্রেরণ করা সম্ভব হয়।

RAISUL ISLAM HRIDOY

M. C. O Question

১. প্রথম প্রজন্মের মোবাইল সেবা চালু হয়?
ক. ১৯৭৩ সালে
খ. ১৯৮০ সালে
গ. ১৯৮৩ সালে
ঘ. ১৯৮৫ সালে

২. প্রথম প্রজন্মের মোবাইল নেটওয়ার্ক কেমন?
ক. এনালগ
খ. ডিজিটাল
গ. এনা-ডিজি
ঘ. কোনটিই নয়

৩. দ্বিতীয় প্রজন্মের মোবাইল নেটওয়ার্ক কেমন?
ক. ডিজটিাল
খ. এনালগ
গ. হাইব্রিড
ঘ. সবগুলো

৪. 2G বাণিজ্যিক ভাবে শুরু হয় কোথায়?

ক. গ্রীনল্যান্ডে
খ. ফিনল্যান্ডে
গ. হল্যান্ডে
ঘ. নিউজিল্যান্ডে

৫. তারবিহীন নেটওয়ার্ক কোন প্রজন্মের বৈশিষ্ট্য?
ক. প্রথম প্রজন্ম
খ. দ্বিতীয় প্রজন্ম
গ. তৃতীয় প্রজন্ম
ঘ. চতুর্থ প্রজন্ম

➢ তৃতীয় প্রজন্ম

তৃতীয় প্রজন্মকেই IThird Generation) সংক্ষেপে 3G বলা হয়। তৃতীয় প্রজন্মের মোবাইল ফোনের ধারণা শুরু হয় ১৯৯২ সাল থেকে। ২০০১ সালে জাপানের NTT DOCOMO প্রথম পরীক্ষমূলক বাবে এর প্রজন্মের মোবাইল ফোন ব্যবহার শুরু করে, যা ২০০৮ সাল পর্যন্ত স্থায়ী ছিল।

এতে CDMA টেকনোলজির পরিবর্তে- W-CDMA টেকনোরজির সূচন হয়। মোবাইল নেটওয়ার্কেরর জন্য ব্যভহৃত একগুচ্ছ আদর্শের উপর ভিত্তি করে এটা তৈরি যা আন্তর্জাতিক টেলিকমিউনিকেশন ইউনিয়ন কর্তৃক নির্দেশিত IMT-2000-এর সাথে স্থায়ীভাবে তারবিহীন ইন্টারনেট ব্যবহার করতে, ভিডিও কল এবং মোবাইল টিভি ব্যবহারের ক্ষেত্রেও এটা সুবিধা প্রদান করে।

এ প্রজন্মের মোবাইলে USB মডেম সংযোগসহ সহজে ইন্টারনেট ব্যবহারের সুবিধা পাওয়া যায়। যেমন- CDMA-2000, MC-CDMA, TD-SCDMA, EDGE, HSPA ইত্যাদি।

তৃতীয় প্রজন্মের মধ্যবর্তী (3.5G): এটি হচ্ছে মোবাইল টেলিফোন ও ডেটা টেকনোলজির দক্ষতা বাড়িয়ে 3G সিস্টেমকে আরো গতিময় করে পূর্ণ 4G সেবা প্রদানের লক্ষ্যে দাবিত একটি অন্তর্বর্তীকালীন অবস্থা। এই দশায় নিম্নোক্ত বৈশিষ্ট্যগুলো পরিলক্ষিত হয়।

যেমন-

- ✓ উচ্চগতি সম্পন্ন Downlink Packet Access
- ✓ বিকশিত HSPA
- ✓ দীর্ঘস্থায়ী বিকশিত 3GPP, উন্নত LTE
- ✓ মোবাইল ব্যাংকিং, ই-কমার্স ভিডিও কনফারেন্স ইত্যাদি সেবা কার্যক্রম চালু সম্ভব হয়।
- ✓ রেডিও ফ্রিকোয়েন্সি W-CDMA বা UMTS স্ট্যান্ডার্ড।
- ✓ সেল সিগন্যাল এনকোর্ডি পদ্ধতি হলো TD-SCDMA এবং TD-CDMA।
- ✓ উচ্চ স্পেকট্রাম কর্মদক্ষতা।
- ✓ আন্তর্জাতিক রোমিং সুবিধা চালু হয়।
- ✓ বিকল্প বিল প্রদান সংক্রান্ত সেবা প্রদান করা যায়। যেমন- Pay-per-bit, Pay-per-sesson, Flat rate, Symmabtric bandwidth ইত্যাদি।

➢ চতুর্থ প্রজন্ম (4G):

২০০৯ সাল থেকে বর্তমান সময় পর্যন্ত সময়কালকে ৪র্থ প্রজন্ম হিসেবে অবিহিত করা হয়। এ প্রজন্মে প্রযুক্তির ব্যাপক উন্নতি ঘটে। প্রায় 100Mbps গতিতে ডেটা ট্রান্সফার করা হয়। 3D (Three Dimentional) ছবি প্রদর্শন এই প্রজন্মের প্রদান বৈশিষ্ট্য। এই ব্যবস্থায় মোবাইল ব্রডব্যান্ড ইন্টারনেট ব্যবহার করা যায়। যেমন- ল্যাপটপ মডেমের সাহায্যে তারবিহীন ইন্টারনেট ব্যবস্থা করা, স্মার্টফোন ও অন্যান্য মোবাইল ডিভাইসে ইন্টারনেট ব্যবহার ইত্যাদি।
সম্ভাব্য ও চলতি

প্রযোগসমূহের মধ্যে রয়েছে সংশোধিত মোবাইল ওয়েব একসেস, আইপি টেলিফোন, গেমিং সার্ভিস, হাইডেফিনেশন, মোবাইল টিভি, টেলিভিশন ও ক্লাউড কম্পিউটিং।

চতুর্থ প্রজন্মের অন্তর্বকালীন দশা : চতুর্থ প্রজন্মের ডেটা পরিবহনের সেবাকে আরো গতিশীল করতে ও পুরোদমে পঞ্চম প্রজন্মের সক্ষমতা অর্জনের লক্ষ্যে চালিত এক অন্তর্বর্তীকালিন অবস্থাই হলো এই অধ্যায়।

বৈশিষ্ট্যসমূহ:

- ✓ উন্নত LTE এবং
- ✓ MIMO & WIMAX-2

RAISUL ISLAM HRIDOY

- ✓ 4G এর গতি 3G এর চেয়ে প্রায় ৫০ গুণ বেশি। 4G এর প্রকৃত ব্যান্ডউইথ ১০ এমবিপিএস আশা করা হচ্ছে।
- ✓ ত্রিমাত্রিক ব্যবহারিক প্রয়োগের ফলে কোনো অনুষ্ঠানে সরাসরি উপস্থিত না হয়েও নিজের উপস্থিতি আছে বলে অনুভূত হবে।
- ✓ সহায়ক প্রযুক্তির মধ্যে মিথস্ক্রিয়া বৃদ্ধি পায়। যেমন- ফোনের স্মার্টকার্ড স্বয়ংক্রিয়ভাবে ক্রয়কৃত পণ্যের বিল প্রদান করতে সক্ষম হবে।
- ✓ টেলিভিশনে অপেক্ষাকৃত উন্নত মানের ছবি এবং ভিডিও লিংক প্রদান করে।
- ✓ আইপি নির্ভর ওয়্যারলেস নেটওয়ার্ক সিস্টেম কাজ করবে।

➢ পঞ্চম প্রজন্ম (5G) :

চতুর্থ প্রজন্ম তা TMT'র উন্নত ধারার যেয়েও মোবাইল টেলিকমিনিউকেশন জগতের সর্বাধিক উন্নত ও বর্ধনশীল পর্যায় হলো পঞ্চম প্রজন্ম বা 5G। পঞ্চম প্রজন্মের ইন্টারনেট সেবা চালু করতে যাচ্ছে দক্ষিন কোরিয়া। NGMN Alliance বা Next generation Mobile Network Alliance এর সংজ্ঞানুযায়ী পঞ্চম প্রজন্মের নিম্নোক্ত উপকরন থাকে।

যেমন-

- ✓ অধিক ব্যবহারকালীর জন্য অধিক জন্য mb সরবরাহ করতে সক্ষম ।
- ✓ একই অফিসের ১০ জন ব্যবহারকারীকে যুগপৎভাবে 1Gb ডেটা অফার করে।
- ✓ চতুর্থ প্রজন্মের চেয়েও বেশি বর্ণালী দক্ষতা সমৃদ্ধ।
- ✓ অধিকতর বর্ধিত অধিক্ষেত্র
- ✓ বর্ধিতগ সংকেত প্রদানের দক্ষতা
- ✓ LTE (Long Term Evoluation) এর চেয়ে সুপ্ততা তুলনামূলকভাবে কম।

NGMNA (Next Geberation Mobile Network Alliance) মনে করেন, ২০২০ সালের নাগাদে পঞ্চম প্রজন্ম ব্যবসায়ী ও বোক্তদের চাহিদা পূরণে সক্ষম হবে। তারা ভবিষৎ বাণী করেছেন যে, খুবই দ্রুতগতির হবার দারুন দুর্যোগের সময়ও প্রচার ব্যবস্থা ও যোগাযোগ প্রদানে সক্ষম হবে।

RAISUL ISLAM HRIDOY

M. C. O Question

১. মোবাইল কমিউনিকশনে 4G এর ক্ষেত্রে 3G এর তুলনায় অতিরিক্ত বৈশিষ্ট্য কী?
ক. ভয়েস টেলিফোনি
খ. মোবাইল টিভি
গ. ভিডিও কল
ঘ. ব্রডব্যান্ড ইন্টারনেট সেবা

২. Which generation characteristics Internet connection in help of modem?
ক. 5G
খ. 3G
গ. 4G
ঘ. ক + খ

৩. Which country started the first 3G technology of the world?
ক. Arab
খ. Dubai
গ. Japan

ঘ. China

৪. টেলিটকের 3G ইন্টারনেট মডেমের নাম কি?
ক. Flash
খ. Slash
গ. Flair
ঘ. Doyel

৫. মোবাইল ফোনে প্রথম স্যাটেলাইট টিভি সার্ভিস চালু করে?
ক. জাপান
খ. যুক্তরাষ্ট্র
গ. দক্ষিণ কোরিয়া
ঘ. চীন

৬. Which country is going to start 5G Internet service?
ক. জাপান
খ. চীন
গ. যুক্তরাষ্ট্রে
ঘ. দক্ষিন কোরিয়া

৭. দুর্যোগের সময়ও সম্প্রচার ব্যবস্থা বহাল থাকবে কোন প্রজন্মে?
ক. 3G
খ. 4G
গ. 5G
ঘ. সবগুলো

৮. NGMNA এর পূর্ণরূপ হলো-
ক. New Generation Mobile New Arena
খ. Next Generation Mobile Network Alliance
গ. Nice Grand Mall Noor Arcade
ঘ. Neady Girt Mohi Needs Assistance

৯. LTE এর পূর্ণরূপকী?
ক. Long Trem Evoluation
খ. Long Termed Emperor
গ. Lively Typed Eye
ঘ. Long Trained Employee

RAISUL ISLAM HRIDOY

দশম অধ্যায় কম্পিউটার নেটওয়ার্ক

বিভিন্ন কম্পিউটার যে যোগাযোগ ব্যবস্থা দ্বারা একসঙ্গে যুক্ত থাকে তাকে বলে কম্পিউটার নেটওয়ার্ক। নেটওয়ার্ক প্রধানত তার বেতার উভয় দিয়ে স্থাপন হতে পারে । মার্কিন যুক্তরাষ্ট্রের প্রতিরক্ষা বিভাগ ১৯৬৯ মালে সর্বপ্রথম নেটওয়ার্ক ব্যবস্থা চালু করে। সর্বপ্রথম প্রচলিত নেটওয়ার্কে নাম ছিল "ARPANET" । কম্পিউটার নেটওয়ার্কে নানা ধরনের হার্ডওয়্যার ডিবাইস ব্যবহৃত হয়। যেমন- মডেম, প্রিন্টার, স্ক্যানার, সিডি ইত্যাদ।

নেটওয়ার্কের ধরন (Type of Network) :

মালিকানা অনুসারে নেটওয়ার্কের শ্রেণি বিভাগ: মালিকানার উপর ভিত্তি করে কম্পিউটার নেটওয়ার্কের দুই ভাগে ভাগ করা হয়েছে। যথা:

১. প্রাইভেট নেটওয়ার্ক: যে নেটওয়ার্ক কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানের মালিকানাধঅনে তাকে এবং যে কেউ ইচ্ছে করলে ব্যবহার করতে পারে না তাকে প্রাইভেট নেটওয়ার্ক বলে। যেমন:ব্রাক ব্যাংকের নিজস্ব নেটওয়ার্ক সিস্টেম।

২. পাবলিক নেটওয়ার্ক: যে নেটওয়ার্ক কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানের একক মালিকানাধীন থাকেনা এবং যে কেউ ইচ্ছে করলে ব্যবহার করতে পারে তাকে পাবলিক নেটওয়ার্ক বলে। যেমন: মোবাইল পোন নেটওয়ার্ক, ইন্টারনেট ইত্যাদি।

ভৌগোলিক বিস্তৃত অনুসারে নেটওয়ার্কের শ্রেণিভিাগ: ভৌগরিক বিস্তৃত অনুসারে কম্পিউটার নেটওয়ার্ক চার প্রকার। যথা-

১. PAN
২. LAN
৩. MAN
৪. WAN

১. PAN (Personal Area Network):

নিকবর্তী বিভিন্ন ইনফরমেশন টেকনোলজির ডিভাইসের মধ্যে তথ্য আদান-প্রদানের নেটওয়ার্ক সিস্টেমকে এরিয়া নেটওয়ার্ক (PAN) বলা হয়। PAN এর সীমা সাধারণত ১ মি.থেকে ১০ মিটারের মধ্যে সীমাবদ্ধ। Laptop, PDA (personal Digital Assistant) বহনযোগ্য প্রিন্টার মোবাইল ইত্যাদি সংযুক্ত করে PAN-এ ব্যবহৃত ইনফরমেশন টেকনোলজি ডিবাইসে স্থাপন করা যায়। PAN USB (Universal Serial Bus) Port এবং Fireware দ্বারা সংযুক্ত হতে পারে।

২. LAN (Loan Area Network):

কাছাকছি দূরত্বে অবস্থিত কমিপউটারসমূহকে পরস্পর সম্পকৃক্ত করার অবস্থাকে Local Area Network (LAN) বলা হয়। যেমন- একই ভবনের বিভিন্ন তলায়, অফিস, স্কুল-কলেজে এই নেটওয়াকৃ ব্যবহৃত হয়। কোন কম্পিউটারকে অন্য কোনো কম্পিউটারের সাথে নেটওয়ার্কের মাধ্যমে সংযুক্ত করতে হলে প্রযোজন নেটওয়ার্ক ইন্টারফেস কার্ড। LAN এর টপোলজি সাধারণত স্টার অথবা রিং হয়ে থাকে এবং ট্রান্সমিশন মিডিয়া হিসেবে সাধারণত 'কো-অক্রিয়াল ক্যাবল, অপটিক্যাল ফাইবার ব্যবহার করা হয়'।

৩. MAN (Metropoliton Area Network):

মেট্রোপলিটন এরিয়াতে এই ধরনের নেটওয়ার্ক বেশি ব্যবহৃত হয় অর্থাৎ কোন বড় শহরের বিভিন্ন স্থানে অবস্থিত কম্পিউটার সমূহের সাথে যে নেটওয়ার্ক সম্পকৃক্ত তাই ম্যান (MAN) হিসেবে পরিচিত। যেমন- ঢাকা শহরের গুলশান, বনানী,শাহবাগ, মতিঝিল ইত্যাদি এলাকায এ ধরনের নেটওয়ার্ক বহুল ব্যবহৃত। ট্রান্সমিশন মিডিয়া হিসেবে সাধারণত টেলিফোনলাইন, মডেম বা মাইক্রোওয়েভ ব্যবহার হয়ে থাকে। উদাহরণস্বরূপ: টিভির নেটওয়ার্ক,শহরে বিভিন্ন স্থানে কোন একটি ব্যাংকের ব্রাঞ্চগুলোর মধ্যকার নেটওয়ার্কই হলো MAN।

৪. WAN (Wide Area Network):

যখন একটি দেশের বিভিন্ন গুরুত্বপূর্ণ শহরের সাথে কম্পিউটার নেটওয়ার্কিং ব্যবস্থা স্থাপন করা হয় তখন উক্ত নেটওয়ার্ককে WAN বলে। সাধারণত কম্পিউটার বা বিভিন্ন শহরের অবিস্থত LAN বা MAN বা অন্য কোনো কম্পিউটার ডিবাইসকেও এ নেটওয়ার্কের আওতাভুক্ত করা হয়। কম্পিউটার বিজ্ঞানী এবং প্রযুক্তিবিদগন ওয়াইড এরিয়া নেটওয়ার্কের মাধ্যমে সারা পৃথিবীকে এক সূত্রে গ্রথিত করেছেন।
এর সীমাবদ্ধতা হলো এর ব্রান্ডউইথ এর পরিমাণ সীমিত। যার ফলে PAN ল্যান ও ম্যানের তুলনায় ওয়ানের ডেটা ট্রান্সশিনেনর গতি অত্যন্ত কম। যার জন্য ওয়ানের মাধ্যমে গ্রাফিক্স ফাইলসমূহ আদান প্রদান করতে সময় বেশি লাগে। সম্প্রতি ব্রডব্যান্ড ইনটারনেট ব্যবস্থার প্রচলন হওয়াতে এ সমস্যার সমাধান এনেছে। ট্রান্সমিশন মিডিয়া, লিজড্ লাইন, স্যাটেলাইট,টেলিফোন লাইন, ইন্টারনেট হলো পৃথিবীর বড় WAN এবং প্রথম WAN হলো ARPANET যা ১৯৬৯ সালে মার্কিন প্রতিরক্ষা বিভাগ চালু করে।

RAISUL ISLAM HRIDOY

১. নিচের কোনটিতে সাধারণত ইনফ্রারেড ডিবাইস ব্যবহার করা হয়?
ক. WAN
খ. Satellite Communication
গ. MAN
ঘ. TV রিমোর্ট কন্ট্রোল

২. WAN stands for-
ক. Wap Area Network
খ. Wide Area Network
গ. Wdie Array Net
ঘ. Wireless Area Network
ঙ. World Area Network

৩. LAN- এর পূর্ণরূপ কী?
ক. Line Area Network
খ. Lost Area Network
গ. Local Area Network
ঘ. Local Anti Network

৪. A network used for sharing data, software and hardware among the several user owing microcomputer is called-
ক. WAN
খ. LAN
গ. MAN
ঘ. SAN

৫. একটি বিল্ডিংয়ের কম্পিউটারসমূহের মধ্যে নেটওয়ার্ক স্থাপন করা হলে তাকে কি ধরনের নেটওয়ার্ক বলে?
ক. Campus Area Network
খ. Local Area Network
গ. Wide Area Network
ঘ. Metropoliton Area Network

RAISUL ISLAM HRIDOY

৬. কোন কম্পিউটারকে অন্য কোনো কম্পিউটারের সাথে নেটওয়ার্কের মাধ্যমে সংযুক্ত করতে হলে নিচের কোনটি প্রয়োজন?
ক. বায়োস
খ. রম
গ. কাপলার
ঘ. কোনটিই নয়

৭. কম্পিউটার নেটওয়ার্কের ক্ষেত্রে নিচের কোন মাধ্যমটি সর্বাপেক্ষা দ্রুত তথ্য পরিবহণে সক্ষম?
ক. কো এক্সিয়াল ক্যাবল
খ. ফাইবাডর অপটিক ক্যাবল
গ. টুইস্টেড পেয়ার ক্যাবল
ঘ. আর জে ৪৫ কানেক্টর
ঙ. কোনটিই নয়

৮. A Varsity campus has hundreds of computers and they are interconnected using windows operating System. What type of network is it?
ক. CAN
খ. LAN
গ. MAN
ঘ. WAN

৯. The most distinctive difference between a LAN and a WAN is-

ক. Distance Covered
খ. Machine Size
গ. Number of User
ঘ. Number of Workstations

১০. What is the name of the network when it is installed in a twenty storied building?
ক. LAN
খ. WAN
গ. CPU
ঘ. UPS

১১. What are the PAN, LAN, MAN, WAN and ISDN in Internet?
ক. Name of organixation
খ. Internet System
গ. Network System
ঘ. Software System

১২. What do the personal computers from when they are connected together?
ক. Super Computer
খ. Network
গ. Server
ঘ. Enterprise

১৩. স্বল্প দূরত্বে নেটওয়ার্কিং এর জন্য কোনটি ব্যবহৃত হয়?
ক. ইন্টারনেট
খ. ইন্ট্রানেট
গ. LAN
ঘ. WAN

RAISUL ISLAM HRIDOY

১৪. কোনটি কম্পিউটার নেটওয়ার্ক নয়?
ক. MAN
খ. LAN
গ. CAN
ঘ. WAN

১৫. The World LAN is related to-
ক. Air traffic control
খ. Fertilizer factor
গ. Bridge design
ঘ. Atometic reactor
ঙ. Computer Network

১৬. The process of transferring files from a computer on the Internet to your computer is called-
ক. Downloading
খ. Uploading
গ. Processing
ঘ. FTP
ঙ. None of these

১৭. LAN stands for which one of the followings?
ক. Low Area Network
খ. Local Area Network

গ. Local Agent Network
ঘ. Lagre area Network
ঙ. None of these

১৮. Which type of network provides access to regional service providers and typically span distance greater than 100 miles?
ক. LAN খ. MAN
গ. WAN ঘ. WLAN

➢ কম্পিউটার নেটওয়ার্কের উদ্দেশ্য

নেটওয়ার্কের প্রধান উদ্দেশ্য হলো নেটওয়ার্কিং অন্তর্ভূক্ত প্রতিটি কম্পিউটার বা ডিভাইসের একে অপরের সাথে তথ্য আদান-প্রদান বা শেয়ার করা। ডেটা রিসোর্স শেয়ারিং এর ফলে যেমনি খরচ তেমনি কাজ দ্রুত সম্পন্ন হয়। কম্পিউটার নেটওয়ার্কিং এর মাধ্যমে বর্তমানে বিশ্বের বিভিন্ন দেশের কম্পিউটারগুলোকে নেটওয়ার্কের আওতায়ভূক্ত করে তথ্য আদান-প্রদান, ব্যাংকিং, ই-কমার্স ইত্যাদি কাজ করা হচ্ছে।

নিম্নে নেটওয়ার্কিং এর উদ্দেশ্যসমূহ হলো-

১. ব্যবহারকারীদের পরস্পরের সাথে যোগাযোগ স্থাপন করা।
২. হার্ডওয়্যার রিসোর্স শেয়ার করা।
৩. তথ্য বিনিময় করা।
৪. বিভিন্ন প্রকার সফটওয়্যার রিসোর্স শেয়ার করা।
৫. তথ্য সংরক্ষণ করা।
৬. তথ্যের গোপনীয়তা রক্ষা করা।
৭. ই-মেইল আদান-প্রদান করা।

RAISUL ISLAM HRIDOY

➢ নেটওয়ার্ক ডিভাইস (Network Devices)

যে সকল ডিভাইস বা যন্ত্রপাতি equipment ব্যবহার করে কম্পিউটার নেটওয়ার্ক তৈরি করা হয়, সেই সকল ডিভাইসকে নেটওয়ার্ক ডিভাইস বলা হয়। যেমন: মডেম, হাব, রাউটার, গেটওয়ে, সুইচ, NIC (Network Inteface Card) ইত্যাদি।

➢ মডেম (Modem)

MODEM শব্দটি Modulator এবং Demodulator শব্দদ্বয়ের সংক্ষিপ্ত রূপ। মডেম হলো এমন একটি ডিভাইস বা যন্ত্র যা একটি প্রেরিত ডিজিটাল সিগন্যালকে এনালগ সিগন্যালে এবং এনালগ সিগন্যালকে ডিজিটাল সিগন্যালে রূপান্তিরিত করে। মডেম যন্ত্রটি টেলিফোন লাইন এবং কম্পিউটারের মাঝখানে অবস্থান করে। টেলিফোন লাইনের উপযোগী করে ডিজিটাল সংকেতকে অ্যানালগ পরিবর্তনের প্রক্রিয়াকে Moduluation বলে।
আর টেলিফোন লাইন হতে প্রাপ্ত অ্যানালগ সংকেতকে ডিজিটাল সংকেতে রূপান্তরিত করার প্রক্রিয়াকে Demodulation বলে। এটি কম্পিউটারের কমিউনিকেশন পোর্টে সংযুক্ত থাকে। এর গতি 300bps হতে 57600 bps পর্যন্ত হয়ে থাকে। তবে আমাদের দেশে সাধারণত 9600 bps এর বেশি গতির মডেম ব্যবহার হয় না। মডেমের গতি পরিবতৃনরে একক KBPS।

ইন্টারনাল মডেম: যে মডেম কম্পিউটারের অভ্যন্তরে মাদারবোর্ডের সাথে যুক্ত থাকে তাকে ইন্টারনাল মডেম বলে। ইন্টারনাল মডেম দুই প্রকার। যথা-(ক) ডায়াল আপ এবং (খ) ওয়াই-ফাই মডেম।

এক্সটারনাল মডেম: যে কম্পিউটারের অভ্যন্তরে মাদার বোর্ড যুক্ত থাকে না । দু'টো পৃথক তারের সাহায্যে এটিকে কম্পিউটারের সাথে যুক্ত করা হয়।

M. C. O Ouestion

১. মডেম এর থাকে-

ক. a modulator
খ. a ancoder
গ. a codek
ঘ. a modulator and demodulator

২. Which connection is used acess the Internet ina very remote location?
ক. Modulation
খ. Demodulation System
গ. Simulation
ঘ. Internet connection

৩. মডেমের গতি পরিমাপের একক কী?
ক. KMBS
খ. KBPS
গ. KSPS
ঘ. KMPB

৪. কম্পিউটারকে ইন্টারনেটে সংযুক্ত করার জন্য কোন যন্ত্রাংশটি আবশ্যক?
ক. DVD ROM Drive
খ. Modem
গ. Pen Drive
ঘ. Touch screen
ঙ. None of these

৫. Data transfer rate of a Dial-up modem is measured in-
ক. Mbps
খ. kbps
গ. Tbps
ঘ. Gbps

৬. মডেমের মাধ্যমে কম্পিউটারের সাথে-
ক. টেলিফোন লাইন সংযোগ সাধন হয়
খ. ইন্টারনেট সংযোগ সাধন হয়
গ. টেলিভিশন লাইন সংযোগ সাধন হয়
ঘ. রেডিও লাইন সংযোগ সাধন হয়

৭. Which device is used both Input and Output device?
ক. Scanner
খ. light pen
গ. Modem
ঘ. Printer

৮. What is the short from of Modulator and Demodulator?
ক. Module
খ. Modem
গ. Demodule
ঘ. Accumulator

৯. ইন্টারনেট নেটওয়ার্ক চালু করা হয়েছিল?
ক. ১৯৯০
খ. ১৯৯৪
গ. ১৯৯৫
ঘ. ১৯৮০

১০. প্রত্যন্ত অঞ্চল হতে কমিনিউকেশন পোর্টে সংযুক্ত থাকে?
ক. Printer
খ. CD-ROM
গ. Modem
ঘ. None of these

RAISUL ISLAM HRIDOY

১১. কম্পিউটার এবং ফোন লাইনের মধ্যে সংযোগ স্থাপনে ব্যবহৃত হয়-
ক. প্রিন্টার
খ. মাউস
গ. মডেম
ঘ. প্লটার

১২. Which one of the following device is required to contect a computer to the internet?
ক. Pen Drive
খ. Mouse
গ. DVD
ঘ. Modem

১৩. In data communication which device converts digital data to analog signal?
ক. Router
খ. Modem
গ. Switch
ঘ. HUB

➢ হাব (HUB)

হাব হচ্ছে একটি নেটওয়ার্ক ডিভাইস যার মাধ্যমে নেটওয়ার্কের আওতাভুক্ত কম্পিউটারগুলো পরস্পরের সঙ্গে সংযুক্ত হয়ে ডেটা আদান-প্রদান করতে পারে। হাবে কিছু সংখ্যক কানেকশন থাকে যেখানে তারের এক প্রান্ত থাকে এবং অপর প্রান্ত কম্পিউটারের সংযুক্ত থাকে। এই কানেকশনগুলোকে পোর্ট বলা হয়। একটি হাবে যতগুলো পোর্ট থাকে ততগুলো কম্পিউটার নেটওয়ার্কের অন্তর্ভুক্ত করা যায়। পোর্ট সংখ্যা সাধারণ ৪, ৮, ১৬, ৩২ ইত্যাদি হয়ে থাকে। ভিন্ন ভিন্ন হাবের ডেটা ট্রান্সমিশন স্পীড হয়ে থাকে। যেমন 10 Mbps, 100 Mbps ইত্যাদি । অধিক ক্ষমতাযুক্ত হাবকে বুদ্ধিমান হাব বলে। কার্যকারিতার দিক থেকে দুইভাগে ভাগ করা যায়। যথা-

১. সক্রিয় হাব (Active Hub)
২. নিষ্ক্রিয় হাব (Passive Hub)\

হাবের সুবিধা-

✓ হাবের দাম কম।
✓ হাব বিভিন্ন মিডিয়াকে সংযুক্ত করতে পারে।

হাবের অসুবিধা-

✓ নেটীয়ার্ক ট্রাফিক বৃদ্ধি পায়।
✓ ডেটায় সংঘর্ষ বা কলিশন সম্ভাবনা থাকে।
✓ ডেটা পরিশ্রুতকরণ বা ফিল্টারিং সম্ভব হয় না।

M. C. O Ouestion

১. হাবের গতি অপেক্ষা সুইচের গতি-
ক. কম খ. বেশি
গ. বেশি ঘ. সমান

২. অধিক ক্ষমতাযুক্ত হাবকে কী বলে?
ক. কম মেধাযুক্ত হাব
খ. বুদ্ধিমান হাব
গ. বোকা হাব
ঘ. চালাক হাব

➢ অপটিক্যাল ফাইবার (Optical Fiber)

অপটিক্যাল ফাইবার এক ধরণের পাতলা, স্বচ্ছ তন্তু বিশেষ, সাধারণত কাচঁ অথবা প্লাস্টিক দিয়ে বানানো হয়, যা আলো পরিবহণে ব্যবহৃত হয়। অপটিক্যাল ফাইবার হলো ডাই-ইলেকট্রিক পদার্থ দিয়ে তৈরি এক ধরনের আঁশ যা

RAISUL ISLAM HRIDOY

আলো নিবন্ধকরণ ও পরিবহনে সক্ষম। ভিন্ন প্রকিসরাংকের ডাই-ইলেকট্রিক দিয়ে অপটিক্যাল ফাইবার গঠিত। অপটিক্যাল ফাইবার বোয়িং-৭৬৭ এর পাইস্কোপ সেন্সর হিসেবে ব্যবহৃত হয়। ফাইবার অপটিক তিনটি অংশ নিয়ে গঠিত। যথা-

১. কোর: ভিতরের ডাই-ইলেট্রিককে কোর বলা হয়। যার ব্যবস ৮ থেকে ১০০ মাইক্রোন হয়ে থাকে।
২. ক্ল্যাডিং: কোরকে আবদ্ধকরে থাকা বাইরের ডাই-ইলেকট্রিক আবরণ ক্ল্যাডিং নামে পরিচিত। ক্ল্যাডিং অপটিক্যাল ফাইবারের একটি অংশ যা কাঁচ বা প্লাস্টিকের তৈরি।
৩. জ্যাকেট: বারণ হিসেবে কাজ করে।

ফাইবার অপটিকের বৈশিষ্ট্য হলো-

- ✓ নেটওয়ার্কের ব্যাকবোন হিসেবে ফাইবার অপটিক ক্যাবল অধিক ব্যবহৃত হয়।
- ✓ এতে গিগাবাইট রেঞ্জ বা তার বেশি গতিতে ডেটা চলাচল করতে পারে।
- ✓ এতে আলোকের পূর্ণ অভ্যন্তরীণ প্রতিফলন পদ্ধতিতে ডেটা উৎস থেকে গন্তব্যে গসন করে।
- ✓ এটি ইলেকট্রিক্যাল সিগন্যালের পরিবর্তে আলোক বা লাইট সিগন্যাল ট্রান্সমিট করে।

ফাইবারের গঠন উপাদান:

ফাইবার তৈরির অন্তরক পদার্থ হিসাবে সিলিকা এবং মাল্টি কমপোনটে কাঁচ বহুলভাবে ব্যবহার করা যায়। এসব অন্তরক পদার্থের গুনগত বৈশিষ্ট্যগুলোর মধ্যে বিশেষভাবে উল্লেখযোগ্য গলো- অতি স্বচ্ছতা, রাসায়নিক সুস্থিরতা বা নিষ্ক্রিয়তা, সহজ প্রক্রিয়াকরণ যোগ্যতা।

ফাইবার তৈরির জন্য সোডা বোরো সিলিকেট, সোডা লাইম সিলিকেট, সোডা অ্যালুমিয়া সিলিকেট ইত্যাদি মাল্টি কম্পোনেন্ট কাঁচগুলো বেশি ব্যবহৃত হয়। কখনও কখনও ফাইবারের ক্ল্যাডিং হিসেবে প্লাস্টিক ব্যবহৃত হয়ে থাকে। বর্তমানে পূর্ণ প্লাস্টিক ফাইবারের ব্যবহারও পরিলক্ষিত হয়।

ফাইবারের প্রকারভেদ:

ফাইবারের গাঠনিক প্রকারভেদ উপাদানের প্রতিসরাংকের উপর ভিত্তি করে ফাইবারকে তিন ভাগে ভাগ করা হয়।

১. স্টেপ ইনডেক্স ফাইবার (Step-index Fiber)
২. গ্রেডেড ইনডেক্স ফাইবার (Graded-index Fiber)
৩. মনোমোড ফাইবার (Monomode Fiber)

RAISUL ISLAM HRIDOY

M. C. O Ouestion

১. অপটিক্যাল ফাইবার হচ্ছে-
ক. খুব সরু ও নমনীয় কাঁচতন্ত্রর আলোকনল
খ. খুব সরু সুপরিবাহী তামার তার তন্তু নল
গ. খুব সরু এসবেস্টোস ফাইবার নল
ঘ. সূক্ষ্ম প্লাস্টিক ঘটিত নল

২. অপটিক্যাল নেটওয়ার্কের ক্ষেত্রে নিচের কোন মাধ্যমটি সবাপেক্ষা দ্রুত ডেটা পরিবহণে সক্ষম?
ক. Co-axial cable
খ. Fiber obtical cable
গ. Tuisted pair cable
ঘ. R J 45 connector

৩. অপটিক্যাল ফাইবারের আলোর কোন ঘটনাটি ঘটে?
ক. প্রতিসরন
খ. বিচ্ছরণ

গ. অপ্রবর্তন
ঘ. পূর্ণ অভ্যন্তরীণ প্রতিফলন

৪. তথ্যের ক্ষতি কমিয়ে দ্রুত ডেটা পরিবহণে সক্ষম কোনটি?
ক. Optical fiber
খ. Bynocular
গ. Warcular
ঘ. Coppers coal

৫. Optical fiber is used in-
ক. Telecommunication
খ. Lighting
গ. Censor & Picture editng
ঘ. All of these

৬. বোয়িং-৭৬৭ এর পাইরোস্কোপ সেন্সর হিসেবে ব্যবহৃত হয় কোনটি?
ক. এলুমিনিয়াম
খ. অপটিক্যাল ফাইবার
গ. সেলুয়েড
ঘ. কোনটিই নয়

৭. The 100BASE-FX standard uses as transmission media-
ক. Co-axial cable
খ. UTP-3, 4, 5 cable
গ. Opticale fiber
ঘ. STP cable

৮. Opticale fiber cable-এ তথ্য আদান-প্রদানের মাধ্যম হলো-
ক. বিদ্যুৎ খ. আলো
গ. ইলেক্ট্রো-ম্যাগনেটিক ওয়েভ
ঘ. বিদ্যুৎ ও আলো উভয়ই

RAISUL ISLAM HRIDOY

➢ সাবমেরিন ক্যাবল
Submarne Cable
সাবমেরিন কমিনিউকেশন ক্যাবল বা সাবমেরিন ক্যাবল সিস্টেম, এমন ধরনের সিস্টেম যা সমুদ্রের নিচ দিয়ে বিভিন্ন দেশের মধ্যে টেলিযোগযোগ ব্যবস্থা স্থাপন করে। সর্বপ্রথম যে সাবমেরিন ক্যাবল ইংলিশ চ্যানেলে স্থাপন করা হয়েছিল তা ছিল মূলত টেলিগ্রাফিক ক্যাবল।
পরবর্তীতে সাবমেরিন ক্যাবল দিয়ে টেলিযোগাযোগ সংযোগ ব্যবস্থা গড়ে ওঠে এবং বর্তমানে ডেটা কমিউনিকেশন তথা ইন্টারনেট সংযোগ ব্যবস্থায় সাবমেরিন ক্যাবল ব্যবহৃত হচ্ছে। বর্তমানে সকল সাবমেরিন ক্যাবলে অপটিক্যাল ফাইবার প্রযুক্তি ব্যবহার করে আলোর গতিতে ডেটা আদান-প্রদান করা হয়। এসব ক্যাবল সাধারণত ৬৯ মিলিমিটার ব্যাস এবং প্রতি মিটারে ১০ কেজি ভর বিশিষ্ট।
বাংলাদেশে ২০০৬ সালের ২১ মে (SEA-ME-WE4) কনসোর্টিয়ামের মাধ্যমে সাবমেরিন ক্যাবল যুক্ত হয় যা ২২,০০০ কি.মি. বিস্তৃত। এছাড়াও দ্বিতীয় সাবমেরিন ক্যাবল (SEA-ME-WE5) যা ৩০,০০০ কি.মি. বিস্তৃত। SEA-ME-WE6 এর ল্যান্ডিং স্টেশন পটুয়াখালি। দ্বিতীয় সাবমেরিন ক্যাবেলে সংযুক্ত হওয়ায় বাংলাদেশে আরো ১ হাজার ৫০০ জিবিপিএস ব্যান্ডউইথ পাচ্ছে। আর ট্রান্সমিশন চার্জ কম পড়ায় দক্ষিণাঞ্চলের বরিশাল, পটুয়াখালি, খুলনা ও ফরিদপুরের মানুষ অপেক্ষাকৃত কম খরচে ইন্টারনেট পাবেন। বলে রাখি, সাবমেরিন ক্যাবল প্রকল্পটি ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়ের অধীন এবং SEA-ME-WE-4 এর ল্যান্ডিং স্টেশন কক্সবাজারের ঝিংলায় অবস্থিত।

সাবমেরিন ক্যাবলের কাজ (Functions of Submerine Cable):
- ✓ দুটি দেশের বা স্থানের ল্যান্ডিং স্টেশনের মধ্যে সংযোগ স্থাপন করে।
- ✓ আন্তর্জাতিক টেলিযোগাযোগ ব্যবস্থায় মেরুদন্ড (Backbone) হিসেবে কাজ করে।
- ✓ ডেটা কমিউনিকেশন তথা ইন্টারনেট যেগাযোগ ব্যবস্থা গড়ে তুলে।
- ✓ আলোর গতিতে অতি সহজে তথ্য আদান-প্রদান করে।

✓ পরিবেশ সহায়ক প্রযুক্তি তাই অন্যান্য প্রযুক্তির চেয়ে বেশি পরিবেশ বান্ধবভাবে যোগাযোগ রক্ষা করে।

M. C. O Ouestion

১. Submarine cable is used in-
ক. নৌচলাচলের বিপদ সংকেত
খ. জাহাজ চলাচলের সুবিধা
গ. ইন্টারনেট সংযোগ
ঘ. কোনটিই নয়

২. Which of the following zone is landing station of submarine cable in Bangladesh?
ক. Moheshkhali
খ. Dula Hazar
গ. Xilong ja
ঘ. Narical Bithi

৩. সাবমেরিন ক্যাবল প্রকল্পটি কোন মন্ত্রণালয়ের কোন মন্ত্রণালয়ের কার্যক্রম?
ক. Finance
খ. Posal & Telecommunication
গ. Science & ICT
ঘ. Foreign

৪. 'সি-মি-উই-৪' (SEA-ME-WE4) সাবমেরিন ক্যাবল লাইনটির আনুমানিক দৈর্ঘ্য কত?
ক. ২ হাজার কিমি
খ. ১২ হাজার কিমি
গ. ২২ হাজার কিমি
ঘ. ৩০ হাজার কিমি

৫. 'SEA-ME-WE5' লাইনটির দৈর্ঘ্য কত?
ক. ৩০,০০০ কি. মি
খ. ৪০,০০০ কি. মি
গ. ২২,০০০ কি. মি
ঘ. ৫০,০০০ কি. মি.

৬. বাংলাদেশ কোন সাবমেরিন ক্যাবলের সাথে যুক্ত?
ক. LASH
খ. SEA-ME-WE4
গ. SPLASH
ঘ. None of these

৭. Submarine cable is the term used in-
ক. Education System
খ. Communication System
গ. Data Transformation
ঘ. Informartion Technology
ঙ. Fast Technology

৮. সাবমেরিন ক্যাবল প্রযুক্তিতে নিম্নের কোন ধরনের মাধ্যম ব্যবহৃত হয়?
ক. VAST
খ. শব্দ তরঙ্গ
গ. চুম্বক তরঙ্গ
ঘ. অপটিক্যাল ফাইবার

RAISUL ISLAM HRIDOY

৯. বাংলাদেশের কোথায় সাবমেরিন ল্যান্ডিং স্টেশন স্থাপন করা হয়?
ক. চট্টগাম খ. সেন্টমার্টিন
গ. কক্সবাজার ঘ. খুলনা
ঙ. পটুয়াখালি

➢ তারবিহীন মাধ্যম (Wireless System)
ডেটা আদান-প্রদানের জন্য তার বা ইলেক্ট্রিক্যাল অথবা অপটিক্যাল কন্ডাক্টর ব্যবহার না করে পৃথিবীর বায়ুমন্ডুলকে ফিজিক্যাল পথ হিবেবে ব্যবহার করা হলে তাকে তারবিহীন মাধ্যম বলা হয়।
তারবিহীন মাধ্যমগুলো হলো-
১. রেডিও ওয়েভ
২. মাইক্রোওয়েভ
৩. ইনফ্রেড

➢ বেতার তরঙ্গ (Radio Wave)
২১০ কিলোহার্টজ থেকে ১ গিগাহার্টজের মধ্যে সীমিত ইলেক্ট্রোম্যাগনেটিক স্পেকট্রামকে রেডিও ওয়েভ বলা হয়। কোনো ডকুমেন্ট মেইলের মাধ্যমে একস্থান হতে অন্যস্থানে প্রেরণ করা হয় এই তরঙ্গের মাধ্যমে। যা অনেক দূর পর্যন্ত যেতে পারে এবং বিল্ডিংকেও ভেদ করতে পারে। এই যোগাযোগ ব্যবস্থায় সংকেত প্রেরণের গতিবেগ প্রায় ২৪ কিলোবাইটস। রেডিও ওয়েভ দুই ধরনের হয়ে থাকে। যথা-
নিয়ন্ত্রিত : নিয়ন্ত্রিত রেডিও ওয়েভ সরকারের অনুমতি ব্যতিত কেউ ব্যবহার করতে পারে না।
অনিয়ন্ত্রিত : অপরদিকে অনিয়ন্ত্রিত রেডিও ওয়েভ সরকারের অনুমতি ছাড়াই যে কেউ ব্যবহার করতে পারে।

➢ মাইক্রোওয়েভ (Microwave)
মাইক্রোওয়েভ এক ধরনের ইলেক্ট্রোম্যাগনেটিক ওয়েভ যার ডেটা স্থানান্তরের হার 1Mbps হতে 1Mbps বা তার চেয়ে বেশি কম্পন বিশিষ্ট।
মাইক্রোওয়েভ সিস্টেম মূলত দুটো ট্রান্সসিভার নিয়ে গঠিত। এর একটি সিগন্যাল ট্রান্সমিট করে এবং আরেকটি রিসিভ করে। মাইক্রোওয়েভ এর ফ্রিকুয়েন্সি রেঞ্জ হলো 300 MHz-30 GHz।

➢ ইনফ্রায়েড (Infrared)
ইফ্রায়েড সিস্টেম হলো এক ধরনের ইলেকট্রোম্যাগনেটিক ওয়েব। সিগন্যাল ট্রন্সমিট করা হয় LED (Lght Emitting Diode) বা ILD (Interjection Laser Diode) এর মাধ্যমে। এর ফ্রিকুয়েন্সি সীমা টেরাহার্টজে হয়ে থাকে। সিগন্যাল ট্রান্সমিট করার জন্য ইনফ্রারেড মানের আলো ব্যবহার করা হয়। ইফ্রারেড সিগন্যাল ২টি পদ্ধতিতে ট্রান্সমিশন কাজ করে। যথা-
১. পয়েন্ট টু পয়েন্ট: এ পদ্ধতিতে শুধু নির্দিষ্ট টার্গেটটি সিগন্যাল গ্রহণ করে।
২. ব্রডকাষ্ট : একাধিক ডিভাইস বিস্তৃত এলাকা জুড়ে একই সাথে সিগন্যাল গ্রহণ করে।

M. C. O Ouestion

১. রেডিও তরঙ্গ সংগঠিত হয় কোথায়?
ক. মোটামুটি দূরত্ব
খ. কয়েক কিলোমিটার
গ. খুবই অল্প দূরত্ব
ঘ. ১ কিলোমিটার
২. কোনো ডকুমেন্ট মেইলের মাধ্যমে একস্থান হতে অন্যস্থানে প্রেরণ কোন ধরনের কমিউনিকেশন সিস্টেম?
ক. Optical communication system
খ. Radio Communication System
গ. Microwave Communication System
ঘ. Duplex Communication System

RAISUL ISLAM HRIDOY

৩. ইনফ্রারেড সিগন্যাল ট্রান্সমিট করা হয় কিসের মাধ্যমে?
ক. LCD খ. LED
গ. ILD ঘ. খ ও গ উভয়ই
৪. মাইক্রোওয়েভ এর ফ্রিকুয়েন্সি রেঞ্জ হলো-
ক. 300 MHz – 30 GHz
খ. 100 MHz – 20 GHz
গ. 200 MHz – 30 GHz
ঘ. 300 MHz – 40 GHz

➢ ওয়্যারলেস ইন্টারনেট এক্সেস পয়েন্ট
ডেটা স্থানান্তর তারবিহীন মাধ্যম যতটুকু সীমানা জুড়ে ইন্টারনেট এক্সেস ব্যবহার করা যায় ঙতাকে ওয়্যারলেস ইন্টারনেট এক্সেস পয়েন্ট বলা হয়। এই সিস্টেম ব্যবহার করে স্মার্টফোন, পিডিএ, ল্যাপটপ, ট্যাব ইত্যাদিতে ইন্টারনেট সংযোগ দেয়া যায়। ওয়্যারলেস ইন্টারনেট এক্সেস পয়েন্ট প্রধানত দুই প্রকার। যথা-
১. টপস্পট (Hotspot)
২. মোবাইল নেটওয়ার্ক (Mobile Network)

➢ হটস্পট হলো এক ধরনের ওয়্যারলেস নেটওয়ার্ক বা মোবাইল কম্পিউটার ও ডিভাইস যেমন- স্মার্ট ফোন, পিডিএ, ট্যাব, নোটবুক, ল্যাপটপ ইত্যাদিতে ইন্টারনেট সংযোগ সরবরাহ করে। বর্তমানে জনপ্রিয় তিনটি প্রযুক্তি হলো- (১) ব্লুটুথ (Bluetooth) (২) ওয়াই-ফাই (Wi-Fi) ও (৩) ওয়াই ম্যাক্স (Wi-Max)

➢ ব্লু-টুথ (Bluetooth)
টেলিকম কোম্পানি এরিকসন ১৯৯৪ সালে সর্বপ্রথম Bluetooth উদ্ভাবন করে। ব্লু-টুথ ক্ষুদ্র পাল্লার জন্য প্রণীত একটি ওয়্যারলেস প্রোটোকল। ব্লু-টুথ একসঙ্গে ৮টি যন্ত্রের সাথে যোগাযোগ রক্ষা করতে পারে। এই প্রযুক্তির আওতাভুক্ত প্রতিটি ডিভাইসকে ১০ মিটার দূরত্বের মধ্যে রাখতে হয়। বর্তমানে এই দূরত্ব ১০ থেকে ১০০ মিটার পর্যন্ত হয়ে থাকে। বিদ্যুৎ কোষের শুক্ত বৃদ্ধি করে এর পাল্লা ১০০ মিটার পর্যন্ত বৃদ্ধি করা যায়।

ব্লু-টুথ ২.৪৫ গিগাবাহার্টজ-এ কাজ করে। ৯০০ খ্রিস্টাব্দের পরবর্তী সময়ের ডেনমার্কের রাজা Hardald Bluetooth -এর নামানুসারে এই প্রযুক্তির নামকরণ করা হয়েছে। ব্লু-টুথ ১.০-এর তথ্য আদান-প্রদান এর সর্বোচ্চ গতি ছিল সেকেন্ডে ১ মেগাবাইট। বর্তমানে ব্লু-টুথ ২.০ এর সর্বোচ্চ গতি হলো সেকেন্ডে ৩ মেগাবাইট। Bluetooth এর স্ট্যান্ডার্ট হলো IEEE-802.15।

ব্লু-টুথ উদ্ভাবন : হার্ড এল্ড্রিসন ব্লু-টুথ উদ্ভাবন করেন। ব্লু-টুথের মাধ্যমে LAN নেটওয়ার্ক তৈরি হয়। ব্লু-টুথ স্পেশাল ইন্টারেস্ট গ্রুপের সদস্য সংখ্যা প্রায় ১৭ হাজার।

ব্লু-টুথ এর বৈশিষ্ট্য/সুবিধা:

- ✓ একটি নির্দিষ্ট দূরত্বে (সাধারণত ১০ মি. হতে ১০০ মি.) ডেটা আদান-প্রদান করতে পারে।
- ✓ এটি ২.৪ গিগাহার্টজ (প্রকৃতপক্ষে ২.৪০২ থেকে ২.৪৮০ গিগাহার্টজ এর মধ্যে) ফ্রিকোয়েন্সি কাজ করে।
- ✓ ডেটা ট্রান্সফার রেট মেগাবাইট/সে. বা তার চেয়ে বেশি।
- ✓ সাধারণত কম্পিউটার, মোবাইল ফোন, গেমিং কনসোল, ডিজিটাল ক্যামেরা, প্রিন্টার, ল্যাপটপ, জিপিএস রিসিভার প্রভৃতি ডিভাইসের মধ্যে তথ্য আদান-প্রদান করতে পারে।
- ✓ এই প্রযুক্তিতে খুব কম বিদ্যুৎ খরচ হয়। এটি ক্ষুদ্র পাল্লার বেতার তরঙ্গের মাধ্যমে প্রয়োগ করা হয়।
- ✓ ব্লু-টুথের ক্ষেত্রে, ট্রান্সমিটার প্রতি সেকেন্ডে ১৬০০ বার কম্পাঙ্ক পরিবর্তন করে।

RAISUL ISLAM HRIDOY

M. C. O Ouestion

১. Bluetooth এর রেঞ্জ কত?
ক. Max. 100 m
খ. Max. 200 m
গ. Max. 120 m
ঘ. Max. 180 m

২. কোন দেশের রাজার নামানুসারে ব্লু-টুথ প্রযুক্তর নামকরণ করা হয়েছে?
ক. ইতালি
খ. ইরান
গ. জাপান
ঘ. ডেনমার্ক

৩. How many devices can communication thorugh Blutooth at a time?
ক. 7 খ. 8
গ. 9 ঘ. 11

৪. What is standard of Bluetooth?
ক. IEEE80.13
খ. IEEE 802.11
গ. IEEE-802.15
ঘ. IDE 802.13

৫. ব্লু-টুথের ক্ষেত্রে ট্রান্সমিটার প্রতি সেকেন্ডে কতবার ফ্রিকোয়েন্সি পরিবর্তন করে?
ক. ১৫০০ বার
খ. ১৬০০ বার
গ. ১৭০০ বার
ঘ. ২১০০ বার

৬. Bluetooth উদ্ভাবন করে কোন কোম্পানি?
ক. এরিকন
খ. আইবিএম
গ. মাইক্রোসফট
ঘ. অ্যাপল

৭. ব্লুটুথের মাধ্যমে কোন নেটওয়ার্ক তৈরি হয়?
ক. PAN
খ. LAN
গ. WAN
ঘ. MAN

৮. কত সালে ব্লুটুথ উদ্ভাবন করা হয়?
ক. ১৯৮০ সালে
খ. ১৯৯৪ সালে
গ. ১৯৬২ সালে
ঘ. ২০০৪ সালে

৯. দুই বা ততোধিক যন্ত্রের মধ্যে তারবিহীন যোগাযোগের পদ্ধতিকে কী বলে?
ক. মোবাইল ফোন
খ. কম্পিউটার
গ. ব্লুটুথ
ঘ. স্মার্ট ফোন

RAISUL ISLAM HRIDOY

➢ ওয়াই-ফাই (Wi-Fi) :
Wi-Fi বা Wirless Fidelity হলো তারবিহীন ইন্টারনেট ব্যবহারের প্রযুক্তি যা রেডিও ওয়েভ ব্যবহার করে কোন ইলেক্ট্রনিক ডিভাইসকে হাইস্পিড ইন্টারনেট সংযোগ প্রদান করে থাকে। এ পদ্ধতিতে ট্রান্সমিটারের জন্য উচ্চ ক্ষমতা সম্পন্ন ট্রান্সমিটার ব্যবহার করা হয় সাধারণত স্মার্টফোন, পিসি, ল্যাপটপ, ট্যাব ইত্যাদি ডিভাইসের মধ্যে Wi-Fi সংযুক্ত করা হয়।
Wi-Fi এর স্ট্যান্ডর্ড হলো IEEE-802.11 । (Institue of Elctical and Electronics Engineers)
আদর্শের তারহীন স্থানীয় এলাকা নেটওয়ার্ক বা ওয়্যারলেস লোকাল এরিয়া নেটওয়ার্ক (WLAN) ডিভাইস ব্রান্ড করার

জন্য উৎপাদকারীরা এই বাণিজ্য-চিহ্ন ব্যবহার করে। এখন পর্যন্ত সবচেয়ে বেশি ব্যবহৃত WLAN ক্লাস হলো IEEE-802.11। ওয়াইফাই শব্দটি প্রায়ই IEEE-802.11 এর প্রতিশব্দ হিসেবে ব্যবহৃত হয়। ইনডোরের যেভাবে ওয়াই-ফাই এলো।

US Fedral Communication Commission কর্তৃক রেডিও বর্ণালিল কিছু ব্যান্ড উন্মুক্ত করার মাধ্যমে Wi-Fi প্রযুক্তির যাত্রা শুরু হয় ১৯৮৫ সালে। ১৯৯১ সালে নেদারল্যান্ডে NCR Corporation কর্তৃক আবিষ্কৃত তারবিহীন নেটওয়ার্ক Wi-Fi হিসেবে বিবেচনা করা হয়। তবে এ টি এন্ড টি নিউওয়েজিন, নরওয়েতে Wi-Fi/802.11 এর পূর্ভ লক্ষন আবিষ্কার করেন। প্রাথমিকভাবে আবিষ্কৃত কোষাধ্যক্ষ-ব্যবস্থার জন্য এই প্রযুক্তি আবিষ্কার করেন। ভিক হেয়েস প্রাথমিক ৮০২.১১ বি এবং ৮০২.১১ এ আদর্শ নকশাকারীদের মধ্যে একজন। তিনি ওয়াইফাই এর জনক নামে পরিচিত।

ওয়াই-ফাইয়ের সুবিধাসমূহ-

- ✓ ওয়াই-ফাই লোকাল এরিয়া নেটওয়ার্কের তুলানায় তুলনামূলকভাবে সস্তা।
- ✓ ওয়াই-ফাই পণ্যসমূহ ওয়াই-ফাই এলায়েন্স কর্তৃক সনদপ্রাপ্ত।
- ✓ বিশ্বের যে কোন জায়গায় কাজ করবে।
- ✓ মানসম্পন্ন সেবার নতুন প্রোটোকল ভয়েস ও ভিডিও প্রয়োগে ওয়াই-ফাই আরো যথাযথ করে তুলছে।

ওয়াই-ফাইয়ের অসুবিধাসমূহ-

- ✓ এর ডেটা স্থানান্তর বেশ ধীরগতি সম্পন্ন।
- ✓ নেটওয়ার্কের নিরাপত্তা ঝুঁকি রয়েছে।
- ✓ ডেটার নিরাপত্তা ঝুঁকি থেকেই যায়।
- ✓ নির্দিষ্ট কিছু এলাকা ছাড়া অন্যান্য জায়গায় এর কভারেজ পাওয়ার কঠিন।

RAISUL ISLAM HRIDOY

M. C. O Ouestion

১. ওয়াই-ফাই নেটওয়ার্কের সংযোগের জন্য সংশ্লিষ্ট ডিভাইসটির সংযোগ মাধ্যম কোনটি?
ক. তামার তার
খ. অপটিক্যাল ফাইবার
গ. তারবিহীন সংযোগ
ঘ. উপরের সবকটি

২. Wi-Fi-এর পূর্ণরূপ কী?
ক. Wife Fidlity
খ. Wast Fidlity
গ. Wireless Fidlity
ঘ. World famous

৩. IEEE-802.11 শব্দটি কিসের সমার্থক?
ক. Bluetooth খ. Wi-Fi
গ. WiMax ঘ. সবগুলো

৪. ওয়াই-ফাই এর জনক কে?
ক. ভিক হেয়েস
খ. ভিক্টর হুগো
গ. লিওন্যার্দো দ্যা ভিঞ্চি
ঘ. আল বেরুনী

৫. Wif-Fi-এর পণ্যসমূহ কার দ্বারা অনুমোদিত হয়?

ক. Wasim tel
খ. Wifi Alliance
গ. Wafi Treaty
ঘ. কোনটিই নয়

৬. Wi-Fi কোন স্ট্যান্ডার্ট-এর উপর ভিত্তি করে কাজ করে?
ক. IEEE 802.11
খ. IEEE 804.11
গ. IEEE 803.11
ঘ. IEEE 806.11

৭. Wi-Fi আবিষ্কার করে কোন কোম্পানি?
ক. এরিকসন
খ. এ্যাপল
গ. এনসিআর কর্পোরেশন
ঘ. ইবিএম

৮. কত সালে তারবিহীন নেটওয়ার্ক Wi-Fi চালু হয়?
ক. ১৯৮৫ সালে
খ. ১৯৯০ সালে
গ. ১৯৮৯ সালে
ঘ. ১৯৯১ সালে

৯. লোকাল এরিয়া নেটওয়ার্কের আওতায় পড়ে-
ক. Wi-MAX
খ. Blutooth
গ. Infrared
ঘ. Wi-Fi

➢ ওয়াই-ম্যাক্স

Wi-Max
Wi-Max এর পূর্ণরূপ হলো Worldwide Interoperability for Microwave Access. ওয়াই-ফাই এর মত ওয়াই- ম্যাক্স উচ্চগতির এক ব্রডব্যান্ড যা বিস্তৃত অঞ্চলে তারবিহীন ইন্টারনেট সেবা প্রদান করে থাকে। ওয়াই- ম্যাক্স এর হাত ধরে মোবাইলের ৪র্থ প্রজন্মের যাত্রা শুরু হয়। ২০০৫ সালে ওয়াই- ম্যাক্স এর গতি ছিল ৪০ মেগাবাইট/সে., আর ২০১১ সালে এর গতি হয় ১ মেগাবাইট/সে.। সাধারন ক্যাবল মডেমের চেয়ে এর ডেটা ট্রান্সফার রেট অনেক দ্রুত।

ওয়াই- ম্যাক্স মূলত IEEE-802.16 স্ট্যান্ডার্ড অনুযায়ি প্রণীত, তবে এটি IEEE-802.11 স্ট্যান্ডার্ড এর ওয়ারলেসম্যান (WMAN) । ওয়াই ম্যাক্স নামটি দিয়েছে ওয়াই ম্যাক্স ফোরাম। ২০০১ সালে স্টান্ডার্ড অনুযায়ী প্রযুক্তিটির বাস্তবায়ন করার উদ্দেশ্যে ওয়াই ম্যাক্স ফোরাম প্রতিষ্ঠিত হয়। ফোরামের ভাষ্যমতে ওয়াই ম্যাক্স হচ্ছে শেষ মাইল পর্যন্ত তারবিহীন ব্রডব্যান্ড নেটওয়ার্কের ব্যবস্থা, যা পৃচলিত ক্যাবল বা DSL এর একটি বিকল্প প্রযুক্তি। বাংলাদেশে সর্বপ্রথম Augure ওয়াই ম্যাক্স সুবিধা প্রদান করে।

ওয়াই ম্যাক্স এর সুবিধাসমূহ-

- ✓ ওয়াই ম্যাক্স সেলুলার ফোনের স্থলাভিষিক্ত হয়েছে যার সামগ্রিক ধারন ক্ষমতা অপেক্ষাকৃত বেশি।
- ✓ স্পেকট্রাল কর্মদক্ষতা যথেষ্ট ভাল।
- ✓ অন্যান্য নেটওয়ার্কের তুলনায় খরচ অপেক্ষাকৃত কম।
- ✓ স্মার্ট গ্রীডস (Drids) এবং মিটারিং (Metering) ।
- ✓ ধারাবাহিক পরিকল্পনার অংশ হিসেবে ব্যবসাক্ষেত্রে ইন্টারনেট সংযোগ সহায়তা প্রদান করে।
- ✓ বিভিন্ন রকম ডিভাইসের মাধ্যমে গ্রাম ও শহরে স্থানান্তরযোগ্য মোবাইল ব্রডব্যান্ড প্রদান করে।
- ✓ ডেটা আদান-প্রদান, টেলিযোগাযোগ এবং আইপি টিভি সার্ভিস (ট্রিপল প্লে) ইত্যাদি বিভিন্ন কাজে ব্যাপক সহায়তা প্রদান করে।

RAISUL ISLAM HRIDOY

ওয়াই ম্যাক্স এর অসুবিধাসমূহ-

- ✓ ওয়াই ম্যাক্স ৫০ কি.মি. এর বেশি দূরত্বে ৭০ মেগাবাইট/সেকেন্ড এর বেশি গতি প্রদান করতে পারে না। দূরত্ব বাড়াতে হলে অতিরিক্ত বেস স্টেশনের প্রয়োজনীয়তা হয় ফলে খরচ বেড়ে যায়।
- ✓ দুর্যোগপূর্ণ আবহাওয়ায় সিগন্যাল সমস্যা দেখা দেয়।
- ✓ একটি একক সেক্টরে একাধিক সক্রিয় ব্যবহারকারী থাকলে পারফরম্যান্স খারাপ হয়ে যায়।

ওয়াই ম্যাক্স- এর প্রকারভেদ: সাধারনত ওয়াই ম্যাক্সকে দুইভাগে ভাগ করা হয়। যেমন-

১. **ফিক্সড ওয়াই ম্যাক্স (Fixed Wi-Max):**
যে সমস্ত ব্যবস্থা ৮০২.১৬-২০০৪ (৮০২.১৬ডি) ও ওএফডিএম ফিজিক্যাল লেয়ার ব্যবহার করে তৈরিকরা হয় সেটি ফিক্সড ওয়াই ম্যাক্স নামে পরিচিত। ফিক্সড ওয়াই ম্যাক্স ব্যবস্থায় আন্তঃবেজ স্টেশনের মধ্যে হ্যান্ডঅফের কোন সুবিধা লাখা হয়নি, তাই এটির মোবিলিটি সুবিধা নেই।

২. **মোবাইল ওয়াইম্যাক্স (Mobile Wi-Max):**
802.16E-2005 ও ওএফডিএএমএ (OFDMA) প্রযুক্তি নিয়ে মোবাইল ওয়াই ম্যাক্স গঠিত হয়। মোবাইল ওয়াই ম্যাক্স ফিক্সড ওয়াই ম্যাক্স এর সকল সুবিধা প্রদান করে। উপরন্ত এটি মোবিলিটি বা এক স্থান থেকে আরেক স্থানে মোটরগাড়ীর গতিতে ভ্রমনের সময় অবিচ্ছিন্ন সংযোগ সুবিধা প্রদান করে।

Wi-Fi এবং Wi-Max পার্থক্য

১. এটি IEEE 802.11 স্ট্যান্ডার্ডে WLAN	১. এটি IEEE 802.11 স্ট্যান্ডার্ডের WMAN
২. Wi-Fi এর পূর্ণ নাম Wireless Fidlity	২. Wi-Max এর পূর্ণনাম Worldwide Intero-perability for Microwave Access
৩. Wi-Fi এর কাভারেজ এরিয়া একটি নির্দিষ্ট সীমার মধ্যে।	৩. Wi-MAX এর কভারেজ এরিয়া ১০ কি.মি. থেকে ৬০ কি.মি পর্যন্ত হয়ে থাকে।
৪. হাফডুপ্লেক্স মোড ব্যবগৃত হয়।	৪. ফুলডুপ্লেক্স মোড ব্যবহৃত হয়।
৫. গতি তুলনামূলক কম।	৫. গতি বেশি।

RAISUL ISLAM HRIDOY

M. C. O Ouestion

১. Wi MAX এর পূর্ণরূপ কি?
ক. Worldwide Interoperabilty for Mcrowave Acess
খ. Worlswide internet for Microwave Access
গ. Worldwide Interconnection for Microwave Access
ঘ. কোনটিই নয়

২. নিচের কোনটি তারবিহীন দ্রুতগতির ইন্টারনেট সংযোগের জন্য উপযোগী?
ক. সি.মস খ. ওয়াই ম্যাক্স
গ. ব্রডব্যান্ড ঘ. ব্লুটুথ

৩. Wi-Max একটি-
ক. ওয়ারলেস ব্রডব্যান্ড প্রযুক্তি
খ. ব্রান্ড ঘড়ি
গ. মোবাইল ফোন

ঘ. ডিভিডি প্লেয়ার

৪. Wi-Max is related to-
ক. Nano Technology
খ. Internet Technology
গ. Robotics
ঘ. TV technology

৫. প্রযুক্তিগতভাবে ওয়াই-ম্যাক্স কি নামে পরিচিত?
ক. IME
খ. IEEE 802.16
গ. IEEE 802.11
ঘ. TV Technology

৬. তারবীন যোগাযোগ প্রযুক্তির 4G কোনটি?
ক. Facebook
খ. Google
গ. WiMax
ঘ. Wifi

৭. নিচের কোনটি তারবিহীন দ্রুতগতির ইন্টারনেট প্রযুক্তি সংযোগের জন্য উপযোগী?
ক. সি-মস
খ. ওয়াইম্যাক্স
গ. ব্রডব্যান্ড
ঘ. ব্লুটুথ
ঙ. কোনটিই নয়

RAISUL ISLAM HRIDOY

➢ ক্লায়েন্ট সার্ভার ম্যানেজম্যান্ট
CLIENT SERVER MANAGEMENT:

সার্ভার (Server): সাভার এমন একটি সেটওয়ার্ক ব্যবস্থা যেখানে ফোনে একটি কম্পিউটার সংরক্ষিত বিভিন্ন ধরনের রিসোর্সসমূহ একসাথে একই সময়ে অনেক ব্যবহারকারী শেয়ার করতে পারে। সার্ভার হলো কম্পিউটার নেটওয়ার্কের মূল নিয়ন্ত্রক। কারন সার্ভারই বলে দিবে কোন ক্লায়েন্ট পিসি নেটওয়ার্কে কতটুকু এক্সেস পাবে। আর নেটওয়ার্ক সার্ভারের কাজই হচ্ছে ক্লায়েন্ট পিসি পাঠিয়ে দেয়অ । সার্ভারের সাথে সংযুক্ত হয়ে যে সেবা গ্রহণ করে তাকে স্টেশন বা ক্লায়েন্ট বলে।

ক্লায়েন্ট (Client) : নেটওয়ার্কের প্রতিটি ওয়ার্ক স্টেশনকে (Work Station) ক্লায়েন্ট বলা হয়। অর্থাৎ সার্ভার ব্যতীত সকলেই ক্লায়েন্ট। ইন্টারফেস কার্ড এবং সংযোগ তারের মাধ্যমে সার্ভারের সাথে ওয়ার্কস্টেশনে সংযুক্ত থাকে। নেটওয়ার্কের ক্লায়েন্ট পিসিগুলো সার্ভার থেকে সার্ভার নিয়ে থাকে।
ক্লায়েন্ট সার্ভার নেটওয়ার্ক: নেটওয়ার্ক নিয়ন্ত্রণ কাঠামো ও সার্ভিস প্রদানের উপর ভিত্তি করে লোকাল এরিয়া নেটওয়ার্ক (LAN) কে যে দুইবাগে ভাগ করা হয়, ক্লায়েন্ট সার্ভার নেটওয়ার্ক, সার্ভার বেজড নেটওয়ার্ক হিসেবেও পরিচিত। ক্লায়েন্ট ক্লায়েন্ট সার্ভার নেটওয়ার্ক পদ্ধতিতে অন্তত একটি কম্পিউটারকে সার্ভার হিসেবে ব্যবহার করা হয়। এই সার্ভারের সাথে একাধিক কম্পিউটারের সংযোগ দেওয়া হয়। এই সংযোগকৃত কম্পিউটারগুলোকে ওয়ার্কস্টেশন বা ক্লায়েন্ট বলে। সার্ভার ক্লায়েন্টকে সেবা প্রদান করে । বিভিন্ন ক্লায়েন্ট বা ওয়ার্কস্টেশন তেকে একই সঙ্গে একাধিক ব্যবহারকারী সার্ভারের রিসোর্স শেয়ার করতে পারে।
অর্থাৎ একই সঙ্গে একাধিক ব্যবহারকারী সার্ভার থেকে ডেটা ফাইল, প্রিন্টার, বিভিন্ন অ্যাপ্লিকেশনস সফটওয়্যার ব্যবহার করতে পারবে। এই পদ্ধতির নেটওয়ার্কিং এর জন্য সার্ভার কম্পিউটারে নেটওয়ার্ক কেন্দ্রিক অপারেটিং সিস্টেম সফটওয়্যারের প্রয়োজন হয়। সাধারণত কম্পিউটিং সার্ভার হলো ডেটাবেজ সার্ভার, ফইল সার্ভার, মেইল সার্ভার, প্রিন্ট সার্ভার, ওয়েব সার্ভার, গেমিং সার্ভার এবং অ্যাপ্লিকেশন সার্ভার। অসংখ্য সিস্টেম ব্যভহার করে তাদের ক্লায়েন্ট সার্ভার নেটওয়ার্কিং প্রতিরূপ যাতে ওয়েব সাইট এবং ই-মেইল সেবাও রয়েছে। ব্যবহারকারী বা ক্লায়েন্ট টর্মিনাল দুই ধরনের। যথা-
ক) ডাম্ব টার্মিনাল: শুধুমাত্র কী-বোর্ড এবং মনিটর থাকে। কোন প্রসেসিং ইউনিট থাকে না।

খ) স্মার্ট টার্মিনাল: কী-বোর্ড, মনিটর এবং নিজস্ব প্রসেসিং ইউনিট থাকে। অন্য, একটি বিকল্প মডেল বা আদর্শ হলো পেয়ার-টু-পেয়ার নেটওয়ার্কিং বা স্তর-থেকে-স্তরে নেটওয়ার্কিং এর মাধ্যমে সব কম্পিউটারই প্রয়োজন অনুসারে হয় সার্ভার না হয় ভোক্তা হিসেবে কাজ করে।
পেয়ার টু পেয়ার নেটওয়ার্ক: এই নেটওয়ার্ক পদ্ধতিতে নির্দিষ্ট কোনো সার্ভার তাকে না। এতে সংযুক্ত সকল কম্পিটারই এই প্রোটোকল অনুসরনে সার্ভার বা ক্লায়েন্ট হিসেবে কাজ করতে পারে।
সুবিধা:

- ✓ ব্যবহারকারী যে কোনো রিসোর্স ভাগাভাগি করতে পারেন।
- ✓ নেটওয়ার্কের সেটআপ খুব সহজ।

অসুবিধা:

- ✓ কেন্দ্রিয়ভাবে নিয়ন্ত্রনের ব্যবস্থা নেই।
- ✓ একাধিক নেটওয়ার্কের সাথে সংযোগ দেওয়া অসুবিধা।
- ✓ নিরাপত্তা ব্যবস্থা খুবই দুর্বল।

Proxy Server: প্রক্সি হচ্ছে এক ধরনের কম্পিউটার নেটওয়ার্ক যা User কে ইন্টারনেটের সাথে পরোক্ষভাবে যুক্ত করে দেয় । আর এ ধরনের সেবা দিয়ে থাকে, তারা হচ্ছে Proxy Server অর্থাৎ User ও কাঙ্খিত Web এর মাঝে অবস্থান করে Proxy Server। এই সার্ভার মাঝে অবস্থানে ফলে ইউজার ও কাঙ্খিত সাইটরে মাঝে সরাসরি কোনো কানকেশন থাকে না। তাই ইউজার এর প্রকৃত তথ্য গোপন থাকে। সুতরাং Proxy Server এর মাধ্যমে আমরা নিজেদের তথ্য গোপন রেকে নেট ব্রাউজ করতে পারি।

Ping কমান্ড: এই কমান্ড দিয়ে মূলত হোস্টের সাথে ক্লায়েন্ট পিসির নেটওয়ার্কের কানেকশন এবং ল্যাটেন্সি পরীক্ষা করা হয়। এটার কার্যনীতি হচ্ছে এটা একটি পেয়ে থেকে ফিরতি একটা রিকুয়েস্ট অন্য হোস্টে পাঠায়। অন্য হোস্ট সেই মেশিন রিকোয়েস্ট পেয়ে ফিরতি একটা রেসপন্স পাওয়া যাবে না।

RAISUL ISLAM HRIDOY

M. C. O Ouestion

১. ক্লাউড সার্ভার নীচের কোনটিতে সবচেয়ে ভালো বর্ণনা করা সম্ভব?
ক. নেটওয়ার্কের মাধ্যমে যুক্ত একাধিক কম্পিউটার সার্ভার
খ. একটি বিশাল ক্ষমতা সম্পন্ন কম্পিউটার সার্ভার
গ. ব্যবহারকারীর চাহিদা অনুযায়ী কম্পিউটিং সেবা দেয়া
ঘ. উপরের কোনটিই নয়

২. সাভারের সাথে কম্পিউটারকে বলা হয়?
ক. পিসি
খ. ওয়ার্কসপ
গ. হোস্ট
ঘ. সার্ভার

৩. Which of the following is made to connect personal computer?
ক. Super Computer
খ. Server
গ. Network
ঘ. Enterprise

৪. কম্পিউটার সার্ভারের ক্লায়েন্টকে বলা হয়?
ক. টার্মিনাল

খ. ওয়ার্কস্টেশন
গ. ডেস্কটপ
ঘ. আউটপুট

৫. ক্লায়েন্ট সার্ভার নেটওয়ার্ক কী নামে পরিচিত?
ক. সার্ভার বেজড নেটওয়ার্ক
খ. ক্লায়েন্ট-ক্লায়েন্ট নেট
গ. লোকাল বেস্ট নেটওয়ার্ক
ঘ. কোনটিই নয়

৬. নেটওয়ার্কের একটি কম্পিউটার যদি অন্যদের রিসোর্স ব্যবহার করার সুযোগ দেয় তাকে বলে-
ক. Server
খ. Client
গ. Mainframe
ঘ. Processor

৭. In a client/Server model, a client program-
ক. Ask for information
খ. provides information and files
গ. distribute data files to other computers
ঘ. None

৮. If a computer on the network shares resources for others to use, it is called-
ক. Server
খ. Cilent
গ. Mainframe
ঘ. Superscalar processor
ঙ. Fiber optic

RAISUL ISLAM HRIDOY

৯. In Mainframe computerr, the.....terminal does not process daa-
ক. Intelligent
খ. Numb
গ. Dumb
ঘ. Smart
ঙ. None of these

১০. Which of the following s used only for data entry storage, and never for processing?
ক. Mouse
খ. Dumb terminal
গ. Dedicated data entry system
ঘ. Micro computer

➢ সোস্যাল নেটওয়ার্কিং
Socila Networking

বর্তমান আধুনিক সমাজব্যবস্থায় মানুষ ইন্টারনেটের কল্যাণে বিভিন্ন সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার করে পৃথিবী ব্যাপি বিমাল সামাজিক নেটওয়ার্ক গড়ে তুলেছে। সাদারণত সামাজিক যোগাযোগ বলতে বোঝায় মানুষ তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ব্যবহার করার মাধ্যমে পরস্পরের মধ্যে ভাবের আদা-প্রদান করার জন্য যে মাধ্যম ব্যবার করে তাকে সামাজিক যোগাযোগ বা Social Networking বলে।

এর মধ্যে উল্লেকযোগ্য কিছু সোস্যাল নেটওয়ার্ক হলো-

নাম	উদ্ভাবক	প্রুতষ্ঠাকাল	ব্যবহারকারী সংখ্যা
Linkedn	রেইড হফম্যান	২০০২	৪০০ মিলিয়ন
Facebook	মার্ক জাকারবার্গ	২০০৪	--
Flicker	লুডিকর্প	২০০৪	
VK	Vkontakte	২০০৬	৪৫০ মিয়িন+
Twitter	জ্যাক ডর্সি	২১ মার্চ, ২০০৬	
Printerest	পল সিয়েরা, ইভেন সার্প ও বেন সিলভারম্যান	অক্টোবর, ২০১০	
Instagram	কেভিন সিস্ট্রোম ও মাইক ক্রিয়েজার	অক্টোবর, ২০১০	৫০ কোটি+
Google plus (এটি গুগলের তৈরিকৃত সামাজিক নেটওয়ার্ক)	গুগল	২৮ জুন, ২০১১	৪১৮ মিলিয়ন
Vine	ডম হফম্যান, রুস ইউসুপভ ও কলিন ক্রোল	জুন, ২০১২	১৩ মিলিয়ন+
Meetup	Meetup inc.	১২ জুন, ২০১২	২৩ মিলিয়ন
Tagged	Greg Tseng & Johann Schleier Smith	২০০৪	

RAISUL ISLAM HRIDOY

M. C. O Ouestion

১. সামাজিক যোগাযোগের অন্যতম মাধ্যম এখন?
ক. ইন্টারনেট
খ. মেলা
গ. সেমিনার
ঘ. বিয়ে

২. সোস্যাল নেটওয়ার্কিং এর মাধ্যমে-
ক. চেনা-অচেনা বন্ধু হওয়া যায়
খ. প্রিয়জনের সাথে তথ্য আদান-প্রদান করা যায়
গ. স্বাধীনভাবে মত প্রকাশ করা যায়
ঘ. সবগুলো

৩. Which of the followng social networking site is Builded by Google?
ক. Facebook
খ. Twitter
গ. Google book
ঘ. Google plus
ঙ. None of these

➢ ফেসবুক (Facebook)
ফেইনবুক বা ফেসবুক ফেবু হিসেবে সংক্ষিপ্ত) বিশ্ব-সামাজিক আন্ত:যোগাযোগ ব্যবস্থায় একটি ওয়েবসাইট , যা ২০০৪ সালের ফেব্রুয়ারী ৪ তারিখে প্রতিষ্ঠিত হয়। এর মালিক হহলো ফেসবুক ইনক। মার্ক জাকারবার্গ হার্ভার্ড বিশ্ববিদ্যালয়ে অধ্যায়নকালীন তার কক্ষনিবাসী ও কম্পিউটার বিজ্ঞান বিষয়ের ছাত্র এডওয়ার্ডো সেভারিন, ফেসবুক নির্মাণ করেন। বর্তমার চেয়ারম্যান ও CEO হলেন ফেসবুকের প্রতিষ্ঠাতা মার্ক জাকারবার্গ।

পূর্বনাম: Facebook এর পর্বনাম ছিল the facebook.com. এর পূর্বনাম ছিল Facemash.
ভাষা: Facebook যে ভাষায় লিখিত C++,PHP এবং D.
সদর দপ্তর: মেনলো পার্ক, যুক্তরাষ্ট্র।

ফেসবুকের বৈশিষ্ট্যসমূহ:
নিউজ ফিড (News Feed) : ৬ই সেপ্টেম্বর ২০০৬ সালে খবরের বিষয়টি প্রকামিত হয় বা প্রতিটি ব্যবহারকারীর হোমপেজ আসে এবং বিভিন্ন তথ্য তুলে ধরে যেমন- প্রোফাইলে কোন পরিবর্তন, আগত কোন ইন্টে বা বন্ধুদের জন্মদিনের খবর ইত্যাদি।
ফেইসবুক নোট (Facebook Note) : ২০০৬ সালের আগস্টের ২২ তারিখ ফেসবুক নোট চালু করা হয় যা মূলত একটি ব্লগিং বৈশিষ্ট্যের ধারক। এটিতে ট্যাগ এবং ছবি যোগ করা যায়। ব্যবহারকারীরা পরবর্তীতে তাদের জাংগা (Xanga), লাইভজার্নাল, ব্লগার এবং অন্যন্য ব্লগিং সেবা থেকে ব্লগে আমদানি করতে সুবিধা যোগ হয়।

চ্যাট (Chat) : ২০০৮ সালের ৭ই এপ্রিলে কমেন্ট ভিত্তিক তাৎক্ষনিক বার্তা আদান-প্রদান অ্যাপ্লিকেশন চালু করে যা চ্যাট নামে পরিচিত বিভিন্ন নেটওয়ার্কে। এটি ব্যবহারকারীদের বন্ধুদের সাথে যোগাযোগের সুযোগ দেয় আর এটির ডেস্কটপ ভিত্তিক তাৎক্ষণিক বার্তার অ্যাপ্লিকেশনের সাথে মিল রয়েছে।

বার্তা (Message) : কয়েকটি প্রকাশনা এটিকে জি-মেইল হত্যাকারী হিসেবে অভিহিত করে। এই নতুন ব্যবস্থার ফলে ব্যবারকারীরা সরাসরি যোগাযোগ করতে পারে ফেসবুক দিয়ে বিভিন্ন পদ্ধতির (যার মধ্যে আছে বিশেষ ই-মেইল ব্যবস্থা, লেখ্য বার্তা অথবা ফেসবুক ওয়েবসাইট বা মোবাইল অ্যাপ দিয়ে) যে পদ্ধতিই হোক না কেন তা ইনবক্সে একটি সুত্র বা থ্রেড হয়ে জমা হয়।

উপহার (Gift) : ২০০৭ সালের ৮ই ফেব্রুয়ারী, ফেসবুক উপহার সেবাটি চালু করে। যাতে ব্যবহারকারী বিভিন্ন উপহার তাদের বন্ধুদের পাঠাতে পারে। প্রতিটি এক ডলার করে দাম এবং এর সাথে প্রেরকের নিজস্ব বার্তা জুড়ে দেওয়া যায়।

বাজার (Marketplace) : ২০০৭ সালের ১৪ ই মে ফেসবুক তাদের বাজার বা মার্কেটপ্লেস চালূ করে। এতে ব্যবারকারীরা ফ্রি শ্রেনিবিন্যস্ত বিজ্ঞাপন দিতে পারে।

ভয়েস কল (Voice Call) : ২০০৭ সালের এপ্রিল থেকে ফেসবুক ব্যবহারকারীরা লাইভ ভয়েস কল করতে পারেন ফেসবুক চ্যাটরে মাধ্যমে এবং সারা বিশ্বের ব্যবহারকারীরা একে অন্যের সাথে টি-মোবাইলের নতুন ব্রডব্যান্ড সেবার আওতায় ফ্রি বয়েস চ্যাট করতে পারেন।

ভিডিও কল (Vedio call) : ২০১১ সালের ৬ই জুলাই ফেসবুকের ঘোষণা করে তারা প্রতিদিন ১ বিলিয়ন ভিডিও দেখার সুবিধা করছে এবং ব্যবহারকারী, পাতা, এবং জনপ্রতিনিধিদের যে সব ভিডিও উন্মুক্ত সেগুলোর গণনা দেখাবে, সবাইকে দেখার সুবিধা যোগ করবে।

অনুসরণ (Follow) : ২০১১ সালের ১৪ই সেপ্টেম্বর ফেসবুক ব্যবহারকারীর পাতায় সাবস্ক্রাইব বোতাম যোগ করে। যা অন্য ব্যবহারকারীদের সাবস্ক্রাইব করা ব্যবহারকারীরউন্মুক্ত পোষ্টগুলো দেখার সুযোগ দেয়। ২০১২ সালের ডিসেম্বরে ফেসবুক ঘোষণা করে ব্যবহারকারীদের দ্বিধার কথা মাথায় রেকে তারা সাবস্ক্রাইব বোতামকে ফলো বোতামে প্রতিস্থাপন করে যার অন্যান্য সামাজিক নেটওয়ার্কের সাথে এতেও মিল থাকে।

লাইক/পছন্দ (Like) : এই অপশনের মাধ্যমে নিজের ফেসবুক ওয়ালে হেডলাইন আকারে ছবি সেটআপ করা যায় যা ব্যক্তির অ্যাকাউন্টকে নান্দনিক ভাবে উপস্থাপনে সহায়তা করে।

➢ ফেসবুকের অসুবিধাসমূহ
Demerits of Facebook
উল্লিখিত সুবিধা থাকার পরেও ফেসবুকের বেশকিছু অপকারিতা রয়েছে। যেমন-
- ✓ ফেসবুকের অতিরিক্ত সময় সময়নষ্ট করা শিক্ষার্থীদের পরীক্ষার ফলাফলে বিপর্যয় সৃষ্টি করে।
- ✓ অফিস চলাকালিন সময়ে ফেসবুকের ব্যবহার কাজকর্মে ব্যঘাত সৃষ্টি করে।
- ✓ ফেসবুকের মাধ্যমে ব্যক্তিগত তথ্য ফাঁস হয়ে যেতে পারে।
- ✓ ফেসবুকে অনেকে ভূয়া অ্যাকাউন্ট খুলে প্রতারণা করে।
- ✓ ফেসবুকের মাধ্যমে অনেক সময় ব্যবকারীর ছবি বিকৃত করে অশ্লীলভাবে উপস্থাপন করা হয়।

RAISUL ISLAM HRIDOY

✓ ব্যক্তিগত জীবনকে অনেক সময় ব্যাহত করে।

ফেসবুকের অনেক দেশেই বারেবারে বিভিন্ন সময় বিভিন্ন কারণে বন্ধ করা হয়েছে যার মধ্যে আছে চীন, ইরান, উজবেকিস্তান, পাকিস্তান, সিরিয়া, বাংলাদেশ, ভিয়েতনাম এবং উত্তর কোরিয়া। উদাহরণসরূপ এটি প্রথিবীর অনেক দেশেই ধর্মীয় বৈষম্য ও ইসলাম বিরোধী কর্মের জন্য নিষিদ্ধ করা হয়েছিল। অনেক জায়গায় অফিসের কর্মীদের কর্ম সময়ে পেসবুক ব্যবহার না করার জন্য বন্ধ করা হয়েছিল।

ফেসবুকের বেশকিছু প্রতিযোগী রয়েছে। যেমন-

ফেসবুকের প্রধান প্রতিযোগীর মধ্যে আছে চীন 'কিউজোন' এবং 'রেনরেন'; ব্রাজিলে 'অরকুট' (২০১৪ সালের সেপ্টেম্বরে বন্ধের আগ পর্যন্ত) দক্ষিণ কোরিয়ায়, সাইওয়ার্ল্ড; রাশিয়া, বেলারুস, কাজাখস্তান, কিরগিস্তান, মালদোভা, ইউক্রেন, উজবেকিস্তানে, ভিকে এবং অডনক্লাসনিকি, ড্রাগিয়েম, এলভি, ইরানে-ক্লুব, ভিয়েতনামে, জিং এবং জাপানে মিক্সি।

M. C. O Ouestion

RAISUL ISLAM HRIDOY

১. The rival of facebook is the ---- of China
ক. Quzan
খ. Orcut
গ. Club
ঘ. Mixi

২. When stared facebook?
ক. 2004
খ. 2005
গ. 2007
ঘ. 2009

৩. Which is the most popular ocial networking site?
ক. Monster.com
খ. Facebook.com
গ. Mediafire.com
ঘ. Google.com

৪. ফেসবুক কে সংক্ষেপে কী বলে?
ক. এফবি
খ. কেবি
গ. ফেবি
ঘ. ফেবু

৫. সামাজিক যোগাযোগের মাধ্যমে 'ফেসবুক' এর প্রতিষ্ঠাতা হচ্ছেন-
ক. বিল গেটস
খ. টিম বার্নাস লি
গ. এ্যান্ডি গ্রোভ
ঘ. মার্ক জাকারবার্গ

৬. What is chat?
ক. তাৎক্ষণিক বার্তা প্রদান
খ. তাৎক্ষণিক আগাত প্রদান
গ. উপস্থিত বুদ্ধি
ঘ. উপস্থিত বক্তৃতা

৭. টাইমলাইন ব্যবহারের সুবিধা দেয়?
ক. ফেসবুক
খ. গুগল
গ. অ্যামাজোন
ঘ. ইবে

৮. ফেনবুকের ভিডিও কল সেবা চালু করা হয়-
ক. ৬ জুলাই, ২০১১
খ. ৬ জুলাই, ২০১২
গ. ৬ জুন, ২০১১
ঘ. ৬ জুন, ২০১২

৯. বন্ধু না হয়েও ফেসবুকে কাউকে ---- করা যায়?
ক. আনফ্রেন্ড
খ. ফলো
গ. পোক
ঘ. কোনটিই নয়

১০. ফেসবুকের কারণে-
ক. শিক্ষার্থীর পড়াশুনায় মনোযোগ ব্যহত হয়
খ. .ব্যক্তিগত তথ্য ফাঁস হয়ে ব্যক্তি জীবন হুমকির মুখে পড়ে
গ. অফিসিয়াল কাজকের্ম বাঁদার তৈরি করে
ঘ. সবগুলো

১১. ফেসবুকে ভিডিও দেকার সুবিধা চালু করা হয়-
ক. ২০১৩ সালের সেপ্টেম্বরে
খ. ২০১৪ সালের সেপ্টেম্বরে
গ. ২০১৩ সালের ডিসেম্বরে
ঘ. ২০১৪ সালের ডিসেম্বরে

RAISUL ISLAM HRIDOY

➢ টুইটার (Twitter)

সামাজিক যোগাযোগের দ্বিতীয় মাধ্যম হিসেবে বিবেচিত টুইটার ২০০৬ সালের মার্চ মাসে যাত্রা শুরু করে। তবে ২০০৬ সালের জুলাই মাসে জ্যাক ডর্সি আনুষ্ঠানিকভাবে এর উদ্বোধন করেন। টুইটার সামাজিক আন্তযোগাযোগ ব্যবস্থা ও মাইক্রোব্লগিংয়ের একটি ওয়েবসাইট, যেখানে ব্যবহারকারীরা সর্বোচ্চ ১৪০ অক্ষরের বার্তা আদান-প্রদান ও প্রকাশ করতে পারেন (এখন আরো বর্ধিত হয়েছে)। এই বার্তাগুরোকে টুইট বলা হয়ে থাকে।
টুইটারে মূল কার্যালয় মার্কিন যুক্তরাষ্ট্রের সানফ্রান্সিস্কো শহরে। এছাড়াও, টেক্সাসের সান অ্যান্টোনিও এবং ম্যাসচুসেটের বস্টনে টুইটারের সার্ভার ও শাখা কর্যালয় রয়েছে। টুইটারকে ইন্টারনেটেরএসএমএস বলে অবিহিত করা হয়েছে।
ভাষা: টুইটার যে ভাষায় লিখিত Java Script, Ruby, Scala

M. C. O Question

১. Twitter is-
ক. Facebook website
খ. Social netwroking site
গ. Social connection website
ঘ. Social networking search engine

২. সোস্যাল নেটওয়ার্কিং টুইটার কত সালে তৈরি হয়?
ক. ২০০৪

খ. ২০০৩
গ. ২০০৬
ঘ. ২০০৮

৩. Social networking site-
ক. Twitter
খ. Google
গ. Superbag
ঘ. Flicker

৪. Which of the following is a social networking media?
ক. CNN
খ. Twitter
গ. BBC
ঘ. NSS

৫. টুইটারকে ইন্টারনেটের কি বলা হয়?
ক. বাহক
খ. এসএমএস
গ. অগ্রদূত
ঘ. রাজা

৬. বিশ্বে সামাজিক যোগাযোগের মাধ্যমে হিসেবে টুইটারের স্থান কত?
ক. প্রথম
খ. দ্বিতীয়
গ. তৃতীয়
ঘ. চতুর্থ

৭. টুইটারের প্রকাশিত বার্তাকে কী বলে?
ক. টুইট
খ. সুইটি
গ. বিউটি
ঘ. ডুয়েট

RAISUL ISLAM HRIDOY

➢ ইন্সটাগ্রাম (INSTAGRAM)

ইন্সটাগ্রাম হলো ফেসবুক, টুইটার এর মত অনলাইনে ছবি এবং ভিডিও শেয়ার করার একটি অনলাইন মোবাইল ফটো শেয়ারিং, ভিডিও শেয়ারিং এবং সামাজিক নেটওয়ার্কিং পরিসেবা। ইন্সটাগ্রাম এর মাধ্যমে ছবি এবং ১৫ সেকেন্ডের দৈর্ঘ্যের ভিডিও আপলোড করা যায়। প্রতিদিন ৩০০ মিলিয়নেরও বেশি মানুষ ইন্সটাগ্রাম ব্যবহার করে যারা কিনা ফটো শেয়ার করে থাকে। প্রতিদিন ৭০ মিলিয়ন স্থিরচিত্র এবং ভিডিও শেয়ার করা হয় ইন্সটাগ্রাম এর মাধ্যমে। ২০১০ সালে প্রতিষ্ঠিত এই ইন্সটাগ্রামের প্রতিষ্ঠাতা হলেন কেভিন সিসট্রোম ও মাইক ক্রিগার।

M. C. O Ouestion

১. Whwn stared Instagram?
ক. 2005
খ. 2010
গ. 2006
ঘ. 2009

২. কেভিন সিসট্রোম ওমাইক ক্রিগার প্রতিষ্ঠা করেন?
ক. ফেসবুক

খ. মাইস্পেস
গ. টুইটার
ঘ. ইন্সটাগ্রাম

৩. কত সেকেন্ডে ভিডিও ইন্সটাগ্রাম আপলোড করা যায়?
ক. 15 seconds
খ. 21 seconds
গ. 30 seconds
ঘ. 55seconds

৪. ইন্সটাগ্রাম প্রতিষ্ঠাতা হলেন-
ক. মার্ক জাকারবার্গ
খ. কেভিন সিসেট্রোম ও মাইক ক্রিগার
গ. জ্যাক ডর্সি ও মাইক ক্রিগার
ঘ. পল সিয়েরা ও ইভেন সার্প

➢ পিকাসা (PICASA)

ফটো শেয়ারিং ওয়েবসাইটের জনপ্রিয় একটি মাধ্যম হচ্ছে পিকাসা যা ২০০২ সালে নির্মিত হয়। জুলাই ২০০৪ সালে, লাইফস্কেপ কোম্পানির কাছ তেকে গুগর পিকাসার সত্ত্বধিকার অর্জন করে নেয় এবং এটি বিনামূল্যকরণের প্রস্তাব রাখে। পিকাসা স্প্যানিশ চিত্রশিল্পী পাবলো পিকাসোর নামের একটি মিশ্রণ, মি কাসা (স্প্যানিশ "আমার ঘর") এবং পিকচারের জন্য "পিক" (ব্যক্তিগতকৃত শিল্প) এ দুটি শব্দসমষ্টির সমন্বয়ে গঠিত।
বর্তমানে এর ৩.৮ ভার্সন চলছে। এর সবচেয়ে বড় সুবিধা ফেস রিকগনিশন সিস্টেম যা অন্যান্য। বর্তমানে এটি খুবই জনপ্রিয়। তাছাড়া এতে সহজেই ফটো এডিট করা যায় বলে সবার পছন্দ।

M. C. O Ouestion

১. What is Picasa?
ক. Photo Sharing website
খ. Online game
গ. Greek fighter
ঘ. None of these

২. পিকাসা এর স্প্যানিশ অর্থ কী?
ক. আমার ঘর
খ. আমার পরিবার
গ. আমার বাগান
ঘ. আমার দিলরুবা

৩. গুগল কার কাছ থেকে পিকাসার মালিকানা কিনে নেয়?
ক. ফ্লিকার
খ. লাইফস্কেপ
গ. ফেসবুক
ঘ. ফটোশট

৪. বর্তমানে পিকাসার কোন ভার্সন চলে?
ক. ৩.৭
খ. ৩.৮
গ. ৩.৫
ঘ. ৪.৫

RAISUL ISLAM HRIDOY

৫. The unique system of picasa is-
ক. Face recognition
খ. Touch
গ. Password
ঘ. All

➢ ফ্লিকার (FLICKER)

ফ্লিকার একটি চিত্র এবং ভিডিও আয়োজনের ওয়েবসাইট। ২০০৪ সালে লুডিকর্প কোম্পানি কর্তৃক এটি তৈরি করা হয় এবং ২০০৫ সালে ইয়াহু কর্তৃক ক্রয়কৃত একটি ওয়েব পরিসেবা মাধ্যম এটি। আলোকচিত্র প্রচার এবং সংস্থাপন করা জন্য আলোকচিত্র গবেষক এবং ব্লগারদের দ্বারা এটি ব্যাপকভাবে ব্যবহৃত হয়।

M. C. O Ouestion

৪৮.	সংযুক্ত তহবিল ও প্রজাতন্ত্রের সরকারী হিসাব	৮৪ নং অনুচ্ছেদ
৪৯.	সম্পূরক ও অতিরিক্ত মঞ্জুরী	৯১ নং অনুচ্ছেদ
৫০.	সুপ্রিম কোর্ট প্রতিষ্ঠা	৯৪ নং অনুচ্ছেদ
৫১.	অধ্যাদেশ প্রণয়ন ক্ষমতা	৯৩ নং অনুচ্ছেদ
৫২.	বিচারকদের পদের মেয়াদ	৯৬ নং অনুচ্ছেদ
৫৩.	সুপ্রিম কোর্টের আসন	১০০ নং অনুচ্ছেদ
৫৪.	'কোর্ট অব রেকর্ড' রূপে সুপ্রিম কোর্ট	১০৮ নং অনুচ্ছেদ
৫৫.	প্রশাসনিক ট্রাইবুনালসমূহ	১১৭ নং অনুচ্ছেদ
৫৬.	নির্বাচন কমিশন প্রতিষ্ঠা	১১৮ নং অনুচ্ছেদ
৫৭.	মহা-হিসাব নিরীক্ষক পদের প্রতিষ্ঠা	১২৭ নং অনুচ্ছেদ
৫৮.	সরকারী কর্মকমিশন	১৩৭ নং অনুচ্ছেদ
৫৯.	জরুরী অবস্থা ঘোষনা	১৪১ (ক) নং অনুচ্ছেদ

প্রশ্নোত্তর পর্বঃ

১. গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান কার্যকর হয় কোন তারিখ হতে?
(ক) জানুয়ারি ১০, ১৯৭৩ (খ) ডিসেম্বর ১০, ১৯৭২ (গ) জুন ১০, ১৯৭২ (ঘ) ডিসেম্বর ১৬, ১৯৭২

২. বাংলাদেশের সংবিধানের খসড়া সর্বপ্রথম কোন তারিখে গণপরিষদে উত্থাপিত হয়?
(ক) জানুয়ারি ১০, ১৯৭৩ (খ) অক্টোবর ১২, ১৯৭২ (গ) জুন ১০, ১৯৭২ (ঘ) ডিসেম্বর ১৬, ১৯৭২

৩. সংবিধানের কোন অনুচ্ছেদ অনুযায়ী বাংলাদেশের নাগরিকগণ 'বাংলাদেশী' বলিয়া পরিচিত হবেন?
(ক) ৪ (খ) ৫ (গ) ৬(২) (ঘ) ৬(১)

৪. সংবিধানের কোন অনুচ্ছেদে 'রাষ্ট্র ও গণজীবনের সর্বস্তরে নারী পুরুষের সমান অধিকার লাভ করিবেন' বলা হয়েছে?
(ক) ২৭ (খ) ২৯ (গ) ২৮ (২) (ঘ) ১০

৫. 'সকল নাগরিক আইনের দৃষ্টিতে সমান এবং আইনের সমান আশ্রয়লাভের অধিকারী'। সংবিধানের কোন অনুচ্ছেদে বলা হয়েছে?
(ক) ২৭ (খ) ২৮ (গ) ৩২ (ঘ) ২৫

৬. বাংলাদেশের সংবিধানের কোন অনুচ্ছেদ বলে রাষ্ট্র নারী, শিশু বা অনগ্রসর নাগরিকদের অগ্রগতির জন্য বিশেষ বিধান তৈরীর ক্ষমতা পায়?
(ক) ২০ (খ) ২৮(২) (গ) ২৮(৪) (ঘ) ২৭

৭. বাংলাদেশে বর্তমানে কয়স্তর বিশিষ্ট স্থানীয় সরকার ব্যবস্থা চালু আছে?
(ক) ২ (খ) ৩ (গ) ৪ (ঘ) ৫

৮. প্রধানমন্ত্রীর নিয়োগের বাইরে রাষ্ট্রপতি প্রধানমন্ত্রীর পরামর্শ ব্যতীত কোন কাজ এককভাবে করতে পারেন?
(ক) প্রধান নির্বাচন কমিশনার নিয়োগ (গ) অডিটর জেনারেল নিয়োগ
(খ) প্রধান বিচারপতি নিয়োগ (ঘ) পাবলিক সার্ভিস কমিশনের চেয়ারম্যান নিয়োগ

৯. বেসরকারী বিল কাকে বলে?
(ক) মন্ত্রীগণ কর্তৃক উত্থাপিত বিল (গ) সংসদ সদস্যদের উত্থাপিত বিল
(খ) স্পিকার যে বিলকে বেসরাকরী ঘোষনা করে সেই বিল (ঘ) রাষ্ট্রপতি ঘোষিত বিল

১০. বাংলাদেশের জাতীয় সংসদে কোরাম হয় কত সদস্যের উপস্থিতিতে?
(ক) ৪০ (খ) ৪৫ (গ) ৫৫ (ঘ) ৬০

১১. 'প্রশাসনিক ট্রাইবুনাল' সংবিধানের কত নং অনুচ্ছেদে রয়েছে?
(ক) ১২১ (খ) ১১৮ (গ) ১১৭ (ঘ) ১২৭

১২. বাংলাদেশ সরকারী কর্মকমিশন সংবিধানের কোন অনুচ্ছেদ অনুযায়ী গঠিত?
(ক) ১৩৬ (খ) ১৩৭ (গ) ১৩৮ (ঘ) ১৪০

১৩. বাংলাদেশ সিভিল সার্ভিসের ক্যাডার কতটি?
(ক) ২৫ (খ) ২৮ (গ) ৩০ (ঘ) ৪২

১৪. বাংলাদেশে রাষ্ট্রপতি শাসিত সরকারের পরিবর্তে সংসদীয় শাসন ব্যবস্থা চালু হয় সংবিধানের কোন সংশোধনীর মাধ্যমে?
(ক) ১০ (খ) ১১ (গ) ১২ (ঘ) ১৩

১৫. বাংলাদেশের সংবিধানের প্রথম সংশোধনীর উদ্দেশ্য কি ছিল?
(ক) জরুরী অবস্থা ঘোষনা (গ) মহিলাদের জন্য সংসদে আসন সংরক্ষন
(খ) সুপ্রিম কোর্ট প্রতিষ্ঠা (ঘ) ৯৩ হাজার যুদ্ধবন্দীদের বিচার

RAISUL ISLAM HRIDOY

বাংলাদেশ বিষয়াবলী

: বাংলাদেশের সরকার ব্যবস্থা (আইন বিভাগ ও বিচার বিভাগ)

বাংলাদেশের আইন বিভাগ (The Legislature)

বাংলাদেশের সংবিধানের পঞ্চম ভাগে আইন বিভাগের কথা বলা হয়েছে। আইন প্রণয়ন করাই আইন পরিষদের অন্যতম কাজ। আইন প্রণয়ন ছাড়াও আইন পরিষদ কোন কোন ক্ষেত্রে শাসন বিভাগের উপর নিয়ন্ত্রন করা, সংবিধান সংশোধন সংক্রান্ত কাজ, অর্থ সংক্রান্ত কাজ, বিচার সংক্রান্ত কাজ, নির্বাচন সংক্রান্ত কাজ, প্রতিরক্ষা সংক্রান্ত ইত্যাদি কার্য সম্পাদন করে থাকে। বাংলাদেশের আইন বিভাগ বা আইন পরিষদের নাম জাতীয় সংসদ (House of the Nation)।

জাতীয় সংসদঃবাংলাদেশের সংবিধানের পঞ্চম ভাগের ১ম পরিচ্ছদের ৬৫ (১) নং অনুচ্ছেদে বলা হয়েছে যে, 'জাতীয় সংসদ' নামে বাংলাদেশের একটি সংসদ থাকিবে এবং এই সংবিধানের বিধানাবলী সাপেক্ষে প্রজাতন্ত্রের আইন প্রণয়ন ক্ষমতা সংসদের উপর ন্যস্ত হইবে।

এক নজরে জাতীয় সংসদ ভবন

স্থপতি	লুই আই কান (মার্কিন যুক্তরাষ্ট্র)
সংসদ এলাকার আয়তন	২১৫ একর
সংসদ ভবনের আয়তন	৩.৪৪ একর
সংসদ ভবনের উচ্চতা	১৫৫ ফুট ৮ ইঞ্চি
সংসদ ভবনের আসন ব্যবস্থা	
সংসদ সদস্যদের জন্য আসন	৩৫৪ টি
বিশিষ্ট অতিথিদের জন্য আসন	৫৬ টি
কর্মকর্তাদের জন্য আসন	৪১ টি
সাংবাদিকদের জন্য আসন	৪০ টি
দর্শকদের জন্য আসন	৪৩০ টি
পার্টি কক্ষ ৩ টিতে মোট আসন	১৫, ৪৪০ টি
সর্বমোট আসন সংখ্যা	১৬,৩৬১ টি

জাতীয় সংসদের গঠন ও অন্যান্য তথ্যসমূহঃ

- জাতীয় সংসদ মোট ৩৫০ জন সদস্য নিয়ে গঠিত।
- জাতীয় সংসদে জনগনের সরাসরি ভোটে নির্বাচিত আসন ৩০০ টি।
- সংসদে নারীদের জন্য সংরক্ষিত আসন ৫০ টি।
- ১৯৭৩ সালে সংরক্ষিত নারী আসন ছিল ১৫ টি।
- ১৯৭৯ সালে সংরক্ষিত নারী আসন করা হয় ৩০ টি।
- ২০০১ সালে সংরক্ষিত নারী আসন করা হয় ৪৫ টি।
- ২০১১ সালে সংরক্ষিত নারী আসন করা হয় ৫০ টি।
- সংসদের কার্যপ্রণালী নির্বাচন করেন স্পীকার।
- সংসদে কাস্টিং ভোট বলা হয়- স্পিকারের ভোটকে।
- প্রথম জাতীয় সংসদের সংসদ নেতা ছিলেন -শেখ মুজিবুর রহমান।
- সাধারন নির্বাচনের ফলাফল ঘোষনার পর সংসদের অধিবেশন আহবান করতে হয়- ৩০ দিনের মধ্যে। (অনু: ৭২)
- মন্ত্রীসভার অভিভাবক- জাতীয় সংসদ।
- জাতীয় সংসদের বেসরকারী দিবস- বৃহস্পতিবার।
- সবচেয়ে বেশি সংসদীয় আসন- ঢাকা জেলায়।
- ঢাকা জেলায় সংসদীয় আসন সংখ্যা-২০ টি।
- ঢাকা মহানগরে সংসদীয় আসন সংখ্যা-১৫ টি।

জাতীয় সংসদের ক্ষমতা ও কার্যাবলিঃ

জাতীয় সংসদের ক্ষমতা ও কার্যাবলিকে মোট ৩ ভাগে ভাগ করা যায়। যথাঃ

১. আইন প্রণয়ন করা
২. অর্থ সংক্রান্ত ক্ষমতা
৩. শাসন বিভাগের উপর নিয়ন্ত্রন

এছাড়াও সংসদের সম্মতি ব্যতীত কোন যুদ্ধ ঘোষনা বা কোন যুদ্ধে অংশগ্রহণ করা যায় না। অধিকন্তু, রাষ্ট্রপতি সংবিধান লঙ্ঘন বা গুরুতর কোন অসদাচরণের অভিযোগ উঠলে সংসদ রাষ্ট্রপতিকে অভিশংসিত করতে পারে।

বাংলাদেশের জাতীয় সংসদের কার্যকাল

সংসদ	অধিবেশন শুরু	অধিবেশন শেষ	সময়কাল
প্রথম সংসদ	৭ এপ্রিল ১৯৭৩	৬ নভেম্বর ১৯৭৫	২ বছর ৬ মাস
দ্বিতীয় সংসদ	২ এপ্রিল ১৯৭৯	২৪ মার্চ ১৯৮২	২ বছর ১১ মাস

RAISUL ISLAM HRIDOY

তৃতীয় সংসদ	১০ এপ্রিল ১৯৮৬	৬ ডিসেম্বর ১৯৮৭	১ বছর ৫ মাস
চতুর্থ সংসদ	১৫ এপ্রিল ১৯৮৮	৬ ডিসেম্বর ১৯৯০	২ বছর ৭ মাস
পঞ্চম সংসদ	৫ এপ্রিল ১৯৯১	২৪ নভেম্বর ১৯৯৫	৪ বছর ৮ মাস
ষষ্ঠ সংসদ	১৯ মার্চ ১৯৯৬	৩০ মার্চ ১৯৯৬	১২ দিন
সপ্তম সংসদ	১৪ জুলাই ১৯৯৬	১৩ জুলাই ২০০১	৫ বছর
অষ্টম সংসদ	২৮ অক্টোবর ২০০১	২৭ অক্টোবর ২০০৬	৫ বছর
নবম সংসদ	২৫ জানুয়ারি ২০০৯	২৪ জানুয়ারি ২০১৪	৫ বছর
দশম সংসদ	২৪ জানুয়ারি ২০১৪	----------	

বিলুপ্ত তত্ত্বাবধায়ক সরকারঃ

গণ অভ্যুত্থানে ১৯৯০ সালের ৬ ডিসেম্বর স্বৈরাচারী সরকার লে. জেনারেল হুসাইন মুহম্মদ এরশাদের পতনের পর বিচারপতি সাহাবুদ্দিন আহমদ অস্থায়ী রাষ্ট্রপতি ও তত্ত্বাবধায়ক সরকারের প্রধান হিসেবে নিযুক্ত হন। তিনি ছিলেন বাংলাদেশের প্রথম তত্ত্বাবধায়ক সরকারের প্রধান।

সাংবিধানিকভাবে প্রথম প্রধান উপদেষ্টা ছিলেন বিচারপতি মুহম্মদ হাবিবুর রহমান। এ সরকার গঠিত হয় ৩০ মার্চ, ১৯৯৬।

১১/১/২০০৭ এ সামরিক সমর্থনপুষ্ট ড. ফখরুদ্দিন আহমেদের নেতৃত্বাধীন তত্ত্বাবধায়ক সরকার নীরব সামরিক অভ্যুত্থানের মাধ্যমে ক্ষমতা দখল করে যা 'ওয়ান ইলেভেন' নামে পরিচিত।

তত্ত্বাবধায়ক সরকারের অধীনে ৪টি জাতীয় নির্বাচন হয়। এগুলো হলঃ পঞ্চম, সপ্তম , অষ্টম ও নবম জাতীয় সংসদ নির্বাচন।

তত্ত্বাবধায়ক সরকারের প্রধান উপদেষ্টাগণঃ

প্রধান উপদেষ্টা	কার্যকাল
বিচারপতি সাহাবুদ্দিন আহমদ	০৬.১২.৯০- ০৯.১০.৯১
বিচারপতি হাবিবুর রহমান	৩০.০৩.৯৬- ২৩.০৬.৯৬
বিচারপতি লতিফুর রহমান	১৫.০৭.০১- ১০.১০.০১
ড. ইয়াজউদ্দিন আহমদ	২৯.১০.০৬- ১১.০১.০৭
ড. ফখরুদ্দিন আহমেদ	১১.০১.০৭- ০৬.০১.০৯

বাংলাদেশের বিভিন্ন প্রথম নির্বাচনঃ

বাংলাদেশের প্রথম নির্বচন/ প্রথম জাতীয় সংসদ নির্বাচন	৭ মার্চ, ১৯৭৩
প্রথম রাষ্ট্রপতি নির্বাচন	৮ এপ্রিল, ১৯৭৩
জনগনের প্রত্যক্ষ ভোটে প্রথম রাষ্ট্রপতি নির্বাচন	৩ জুন, ১৯৭৮
প্রথম সিটি কর্পোরেশন নির্বাচন	৩০ জানুয়ারি, ১৯৯৪
প্রথম উপজেলা পরিষদ নির্বাচন	১৬-২০ মে, ১৯৮৫
প্রথম পৌরসভা নির্বাচন	৩১ ডিসেম্বর, ১৯৭৩
প্রথম ইউনিয়ন পরিষদ নির্বাচন	১১-৩০ ডিসেম্বর, ১৯৭৩

বাংলাদেশের গণভোটঃ

গণভোট	তারিখ	প্রকৃতি	উদ্দেশ্য
প্রথম	৩০ মে, ১৯৭৭	প্রশাসনিক	প্রেসিডেন্ট জিয়াউর রহমানের শাসন বৈধকরণ
দ্বিতীয়	১মার্চ, ১৯৮৫	প্রশাসনিক	জেনারেল এরশাদের শাসন যাচাই
তৃতীয়	১৫ সেপ্টেম্বর, ১৯৯১	সাংবিধানিক	সংবিধানের দ্বাদশ সংশোধনীর আইন প্রস্তাব

অনুশীলনীঃ ০১

১. বাংলাদেশের ৮ম জাতীয় সংসদের কোন সদস্য নিজেই নিজের কাছে সংসদ সদস্য হিসেবে শপথ নেন?
(ক) শেখ হাসিনা (খ) খালেদা জিয়া (গ) আবদুল হামিদ (ঘ) শিরীন শারমিন

২. জাতীয় সংসদের অধিবেশন কে আহবান করেন?
(ক) প্রধানমন্ত্রী (খ) রাষ্ট্রপতি (গ) স্পিকার (ঘ) প্রধান বিচারপতি

৩. জাতীয় সংসদ ভবন কত একর জমির উপর নির্মিত?
(ক) ২০০ একর (খ) ২২০ একর (গ) ২১৫ একর (ঘ) ৩০০ একর

৪. জাতীয় সংসদের প্রতীক কী?
(ক) পাটগাছ (খ) শাপলা (গ) কাঁঠাল (ঘ) চারিদিকে ধান গাছ বেষ্টিত নৌকা

৫. জাতীয় সংসদের সংরক্ষিত মহিলা আসনের সংখ্যা কত?
(ক) ৫৫ টি (খ) ৪৫ টি (গ) ৬০ টি (ঘ) ৫০ টি

৬. কোন বিদেশী রাষ্ট্রপ্রধান প্রথম বাংলাদেশের জাতীয় সংসদের ভাষন দেন?
(ক) রিচার্ড নিক্সন (খ) মার্শাল জোসেফ টিটো (গ) লাল বাহাদুর শাস্ত্রী (ঘ) জওহর লাল নেহেরু

৭. জাতীয় সংসদ কয় কক্ষ বিশিষ্ট?
(ক) এক (খ) দুই (গ) তিন (ঘ) চার

৮. ঢাকা সিটি কর্পোরেশন এলাকায় জাতীয় সংসদের মোট আসন সংখ্যা কত?

RAISUL ISLAM HRIDOY

(ক) ৭ টি (খ) ৯ টি (গ) ১৩ টি (ঘ) ১৫ টি

৯. বাংলাদেশের বর্তমান জাতীয় সংসদে কতজন নির্বাচিত মহিলা সদস্য আছে?
(ক) ৫ জন (খ) ৭ জন (গ) ৮ জন (ঘ) ১৯ জন

১০. জাতীয় সংসদের ১ নং আসন কোনটি?
(ক) পঞ্চগড় (খ) বান্দরবান (গ) নারায়ণগঞ্জ (ঘ) দিনাজপুর

১১. অনুসৃত নীতি ও কার্যাবলির জন্য মন্ত্রীসভা কার নিকট দায়ী থাকে?
(ক) জনগনের কাছে (খ) রাষ্ট্রপতির কাছে (গ) সংসদের কাছে (ঘ) প্রধানমন্ত্রীর কাছে

১২. জাতীয় সংসদ কবে উদ্বোধন করা হয়?
(ক) ২৮ জানুয়ারি, ১৯৮০ (খ) ২৮ জানুয়ারি, ১৯৮২ (গ) ২৮ জানুয়ারি ১৯৮৪ (ঘ) ২৯ জানুয়ারি ১৯৮৫

১৩. সংসদের অধিবেশন সমাপ্ত হবার কতদিন পর আবার ডাকা বাধ্যতামূলক?
(ক) ৩০ (খ) ৮০ (গ) ৬০ (ঘ) ৭০

১৪. বাংলাদেশে সংসদীয় গণতন্ত্রের উত্তরণ ঘটে কবে?
(ক) ৬ আগস্ট ১৯৯১ (খ) ৬ আগস্ট ১৯৯৯ (গ) ৭ আগস্ট ১৯৯০ (ঘ) ৮ আগস্ট ১৯৯৬

১৫. বাংলাদেশের বর্তমান জাতীয় সংসদ হল?
(ক) ৪র্থ (খ) ৮ম (গ) ৯ম (ঘ) ১০ম

১)গ	২)খ	৩)গ	৪)ঘ	৫)ঘ	৬)খ	৭)ক	৮)ঘ	৯)ঘ	১০)ক
১১)গ	১২)খ	১৩)ক	১৪)ঘ	১৫)ঘ					

বাংলাদেশের বিচার বিভাগ (The Judiciary)

বাংলাদেশের সংবিধানের ষষ্ঠভাগে বিচার বিভাগ এর কথা বলা হয়েছে। বিচার বিভাগ সরকারের গুরুত্বপূর্ন একটি বিভাগ। বিচার বিভাগ দেশের বিভিন্ন বিচারালয়ের বিচারপতিদের সমন্বয়ে সংগঠিত। রাষ্ট্রের সুশাসন অনেকাংশে বিচার-ব্যবস্থার উৎকর্ষের উপর নির্ভরশীল। আইন পরিষদ কর্তৃক প্রণীত আইন অনুসারে বিচার বিভাগ কার্য পরিচালনা করে থাকে। সুপ্রিমকোর্ট ও অধ:স্তন আদালতসমূহ নিয়ে বিচার বিভাগ গঠিত।

সুপ্রিম কোর্টঃ

গঠনঃ বাংলাদেশের সংবিধানের ৯৪ (১) অনুচ্ছেদে সুপ্রিম কোর্ট প্রতিষ্ঠার কথা বলা হয়েছে। সুপ্রিম কোর্টের দুটি ভাগ রয়েছে। যথাঃ

১. আপীল বিভাগ
২. হাইকোর্ট বিভাগ

বাংলাদেশের সংবিধানের ৯৪(২) অনুচ্ছেদ অনুযায়ী, প্রধান বিচারপতি এবং প্রত্যেক বিভাগে আসন গ্রহণের জন্য যেরূপ সংখ্যক বিচারক নিয়োগের প্রয়োজন বোধ করবেন, সেরূপ সংখ্যক অন্যান্য বিচারক নিয়ে সুপ্রিম কোর্ট গঠিত হবে।

গুরুত্বপূর্ণ তথ্যাবলিঃ

- সুপ্রিমকোর্টে বিচারপতি হতে হলে বিচার বিভাগীয় পদে কমপক্ষে ১০ বছর দায়িত্ব পালনের অভিজ্ঞতা থাকতে হয়।
- আপিল বিভাগের একটি বেঞ্চে সর্বনিম্ন ৩ জন বিচারপতি থাকা লাগে।
- আপিল বিভাগের বেঞ্চের সংখ্যা ৩
- সুপ্রিমকোর্টের আপিল বিভাগরে প্রথম নারী বিচারপতিঃ নাজমুন আরা সুলতানা
- আপিল বিভাগের ফুল বেঞ্চ গঠিত হয়ঃ প্রধান বিচারপতির নেতৃত্বে ১১ জন বিচারপতির সমন্বয়ে।
- সুপ্রিম কোর্টের ই-রেজিস্টারিং পদ্ধতি উদ্বোধন হয়ঃ ১ জানুয়ারি ২০১১
- সুপ্রিমকোর্টের স্থায়ী আসনঃ ঢাকায়
- হাইকোর্টের বেঞ্চ গঠন করেনঃ প্রধান বিচারপতি
- বর্তমানে সুপ্রিমকোর্টের বিচারপতিদের চাকরির বয়সসীমাঃ ৬৭ বছর পর্যন্ত
- সংবিধান প্রণয়নকালে বিচারপতিদের চাকরির বয়সসীমা ছিলঃ ৬২ বছর
- ১৯৭৮ সালে সংবিধান সংশোধন করে বিচারপতিদের চাকরির বয়সসীমা করা হয়ঃ ৬৫ বছর

অধস্তন আদালতসমূহঃ

- বাংলাদেশের সংবিধানের ১১৪ নং অনুচ্ছেদে অধস্তন আদালত গঠনের কথা বলা হয়েছে।
- জেলা আদালতের প্রধান বিচারকঃ জেলা জজ।
- জেলা আদালতগুলো যে ধরনের মামলা পরিরচালনা করেঃ দেওয়ানি ও ফৌজদারি
- জেলা জজ যখন ফৌজদারি মামলা পরিচালনা করে তখন তাকে বলেঃ দায়রা জজ।
- জেলা আদালতগুলো যখন ফৌজদারি মামলা পরিচালনা করেন তখন তাকে বলেঃ দায়রা জজ আদালত।
- দেওয়ানি আদালত গঠিত হয় ১৮৮৭ সালের আইন দ্বারা।

RAISUL ISLAM HRIDOY

❖ জেলা আদালতগুলো দেওয়ানি ও ফৌজদারী মামলা পরিচালনা করে থাকে। নিম্নে দেওয়ানী ও ফৌজদারী আদালতে স্তরসমূহ দেয়া হলঃ

দেওয়ানি আদালতঃ

বাড়ি-ঘর, জমি-জমা সংক্রান্ত বিরোধ, আর্থিক দেনদেন সংক্রান্ত প্রসঙ্গ ইত্যাদি দেওয়ানী আদালতের আওতাভুক্ত। দেওয়ানী আদালত কিভাবে তার বিচারকার্য পরিচালনা করবে দেওয়ানী কার্যবিধিতে তার উল্লেখ আছে। দেওয়ানী কার্যবিধিকে মোটাদাগে দুইভাগে ভাগ করা যায়: কার্যবিধি ও অর্ডার। প্রতিটি অর্ডারের আবার একাধিক রুল আছে।

ফৌজদারী আদালতঃ

অপরাধ সংক্রান্ত মামলা ফৌজদারী আদালতে বিচার করা হয়। ফৌজদারী কার্যবিধিতে মোট ৫৬৫টি ধারা আছে, এসব ধারাগুলোর অনেকগুলোর আবার উপধারা আছে। ১৮৬২ সালের ১লা জানুয়ারী হতে ফৌজদারী কার্যবিধি বলবৎ হয়। পরবর্তীতে বিভিন্ন সংশোধনী আনা হয়, আবার কিছু ধারা আবার বিভিন্ন সময়ে বাতিলও করা হয়।ফৌজদারী কার্যবিধিতে আরো কিছু বিষয় আছে, অপরাধ যাতে না ঘটতে পারে তার জন্য কিছু ব্যবস্থা ফৌজদারী আইনে পাওয়া যায়। ফৌজদারী কার্যবিধির চতুর্থ ভাগ অপরাধের প্রতিরোধ বিষয়ে নিবেদিত।

দেওয়ানি আদালতের স্তরগুলোঃ

- আইন অনুয়ায়ী দেওয়ানি আদালতের স্তরসংখ্যা ৫ টি।
  - ➢ সহকারী জজ আদালত
  - ➢ সিনিয়র সহকারী জজ আদালত
  - ➢ যুগ্ম জেলা জজ আদালত
  - ➢ অতিরিক্ত জেলা জজ আদালত
  - ➢ জেলা জজ আদালত

নোটঃ

- জেলা জজ যখন ফৌজদারী মামলার বিচার করেন তখন তাঁকে সেশন জজ বা দায়রা জজ বলে।
- অতিরিক্ত জেলা জজ যখন ফৌজদারী মামলার বিচার করেন তখন তাঁকে অতিরিক্ত দায়রা জজ বলে।

ফৌজদারি আদালতসমূহঃ

জেলা এলাকা ও মেট্রোপলিটন এলাকার জন্য পৃথক ফৌজদারি আদালত রয়েছে।

জেলাভিত্তিক ফৌজদারী আদালতঃ

১. প্রধান জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আদালত
২. অতিরিক্ত প্রধান জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আদালত
৩. সিনিয়র ম্যাজিস্ট্রেট ১ম শ্রেণি
৪. ম্যাজিস্ট্রেট ২য় শ্রেণি ও ৩য় শ্রেণি

মেট্রোপলিটন এলাকার আদালতঃ

১. প্রধান মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালত
২. অতিরিক্ত প্রধান মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালত
৩. মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালত (১ম শ্রেনী)

বাংলাদেশ জুডিশিয়াল সার্ভিস কমিশনঃ

বাংলাদেশের জুডশিয়াল সার্ভিস কমিশন পূর্ণাঙ্গ সচিবালয় হিসেবে কাজ শুরু করেঃ ১০ জানুয়ারি ২০০৭
বাংলাদেশ জুডিশিয়াল সার্ভিস কমিশনের সদস্য সংখ্যাঃ ১১ জন

আন্তর্জাতিক অপরাধ ট্রাইবুনালঃ

❖ যুদ্ধাপরাধের বিচারের লক্ষ্যে আন্তর্জাতিক অপরাধ ট্রাইবুনাল-১ গঠন করা হয়ঃ ২৫ মার্চ ২০১০

❖ যুদ্ধাপরাধের বিচারের লক্ষ্যে আন্তর্জাতিক অপরাধ ট্রাইবুনাল-২ গঠন করা হয়ঃ ২২ মার্চ ২০১২

RAISUL ISLAM HRIDOY

❖ সরকার যে আইনের অধীনে এ ট্রাইবুনাল গঠন করেঃ আন্তর্জাতিক অপরাধ(ট্রাইবুনাল) অ্যাক্ট ১৯৭৩ এর ১৯ এর ৬ নং সেকশনের প্রদত্ত ক্ষমতাবলে।

গ্রাম আদালতঃ

- বিচার বিভাগীয় কাঠামোর সর্বনিম্নে ইউনিয়ন পর্যায়ে গ্রাম আদালত আছে।
- মোট ৫ জন সদস্য নিয়ে গ্রাম আদালত গঠিত।
- দেওয়ানী ও ফৌজদারী দন্ড সংক্রান্ত ছোট খাট বিচারের নিষ্পত্তি গ্রাম আদালতে হয়। (গ্রাম আদালত আইন-২০০৬)

প্রশাসনিক ট্রাইবুনালঃ

- বাংলাদেশের সংবিধানের ১১৭ নং অনুচ্ছেদ অনুযায়ী কোন কোন ক্ষেত্রে প্রশাসনিক ট্রাইবুনাল গঠন করা হয়।
- ঢাকায় একটি প্রশাসনিক আপীল ট্রাইবুনাল আছে।

পারিবারিক আদালতঃ

- ১৯৮৫ সালে পারিবারিক আদালত অধ্যাদেশ জারির মাধ্যমে পারিবারিক আদালত সৃষ্টি হয়।
- পারিবারিক আদালত বিবাহ বিচ্ছেদ, দাম্পত্য অধিকার পুনরুদ্ধার, মোহরানা, ভরণ পোষণ, অভিভাবকত্ব ও শিশুদের তত্ত্বাবধান সংক্রান্ত মামলা ইত্যাদি পরিচালনা করে।

বিচার বিভাগ পৃথকীকরণঃ

স্বাধীন বিচার বিভাগ যাত্রা শুরু করে	১ নভেম্বর, ২০০৭
বিচার বিভাগ পৃথকীকরণের জন্য মামলা করা হয়	১৯ নভেম্বর, ১৯৯৫
বিচার বিভাগ পৃথকীকরণের জন্য মামলা করেন	সাব জজ মোহাম্মদ মাজদার হোসেন ও ৪৪০ জন বিচারক
বিচার বিভাগ পৃথকীকরণের মামলার নাম	মাজদার হোসেন বনাম বাংলাদেশ
বিচার বিভাগ পৃথক হয়	২১৮ জন জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট নিয়ে

RAISUL ISLAM HRIDOY

প্রধান বিচারপতি যাদের শপথ পড়ানঃ

১. প্রধান নির্বাচন কমিশনার ও নির্বাচন কমিশনার
২. মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক
৩. সরকারী কর্মকমিশনের চেয়ারম্যান ও সদস্য
৪. সুপ্রিমকোর্টের আপিল বিভাগ ও হাইকোর্ট বিভাগের বিচারপতি

বাংলাদেশের গুরুত্বপূর্ণ আইন

আইন	পাস (সাল)	সংশোধিত হয় (সাল)
মুসলিম পারিবারিক আইন অধ্যাদেশ	১৯৬১ সালে	১৯৮৬ সালে
স্থানীয় শাসন অধ্যাদেশ	১৯৭৬ সালে	
যৌতুক নিরোধ আইন	১৯৮০ সালে	১৯৮৬ সালে
ভূমি সংস্কার অধ্যাদেশ	১৯৮৪ সালে	
পারিবারিক আদালত অধ্যাদেশ	১৯৮৫ সালে	
মাদকদ্রব্য নিয়ন্ত্রন আইন	১৯৯০ সালে	
ব্যাংক কোম্পানি আইন	১৯৯১ সালে	
নারী ও শিশু নির্যাতন আইন	২০০০ সালে	
অর্পিত সম্পত্তি আইন	২০০১ সালে	
দ্রুত বিচার ট্রাইবুনাল আইন	২০০২ সালে	
দুর্নীতি দমন কমিশন আইন	২০০৪ সালে	
জন্ম-মৃত্যু নিবন্ধন আইন	২০০৪ সালে	
তথ্য অধিকার আইন	২০০৯ সালে	
ভোক্তা অধিকার আইন	২০০৯ সালে	
দন্ডবিধি	১৮৬০ সালে	
পুলিশ আইন	১৮৬১ সালে	

আইন

কমিশনঃ

- আইন কমিশন গঠিত হয়ঃ ৯ সেপ্টেম্বর ১৯৯৬
- আইন কমিশনের চেয়ারম্যানের নিয়োগ দেনঃ রাষ্ট্রপতি
- আইন কমিশনের মেয়াদকালঃ ৩ বছর
- আইন কমিশনের বর্তমান চেয়ারম্যানঃ বিচারপতি এবিএম খায়রুল হক (২৩ জুলাই, ২০১৩- বর্তমান)

অনুশীলনীঃ০২

০১. 'গ্রাম আদালত' আইনে পরিণত হয় কত সালে?
ক) ২০০৬ সালে খ) ১৯৭৬ সালে গ) ২০০০ সালে ঘ) ২০০২ সালে

০২. বাংলাদেশে ভূমি রেজিস্ট্রেশন নতুন আইন কোন সময়ে কার্যকর হয়?
ক) ২০০৬ সালে খ) ২০০৭ সালে গ) ২০০৮ সালে ঘ) ২০০৯ সালে

০৩. পারিবারিক আদালত অর্ডিন্যান্স কবে জারি করা হয়?
ক) ১৯৮০ সালে খ) ১৯৮৫ সালে গ) ১৯৯৯ সালে ঘ) ২০০০ সালে

০৪. যৌতুক নিরোধ আইন প্রণয়ন কত সালে হয়?
ক) ১৯৮০ সালে খ) ১৯৯০ সালে গ) ১৯৯৫ সালে ঘ) ১৯৯৬ সালে

০৫. বাংলাদেশে প্রথম সামরিক আইন কে জারী করেন?
ক) আবু সাঈদ চৌধুরী খ) খন্দকার মোশতাক আহমেদ
গ) জিয়াউর রহমান ঘ) হোসেইন মোহাম্মদ এরশাদ

০৬. বাংলাদেশে গৃহীত এস্টেট একুইজিশন এন্ড টিন্যান্সি অ্যাক্ট কোন সালে পাস হয়?
ক) ১৯৫০ সালে খ) ১৯৫১ সালে গ) ১৯৯৫ সালে ঘ) ১৯৯০ সালে

০৭. তৎকালীন পূর্ব বাংলার আইনসভা অবস্থিত ছিল?
ক) শেরে বাংলা নগরে খ) জগন্নাথ হলে গ) তেজগাঁওয়ে ঘ) জগন্নাথ কলেজে

০৮. বর্তমান প্রধান বিচারপতি কততম প্রধান বিচারপতি?
ক) ১৯ তম খ) ২০ তম গ) ২১ তম ঘ) ২২ তম

০৯. কোন সালে জুডিশিয়াল ম্যাজিস্ট্রেটের পদ সৃষ্টি করা হয়?
ক) ২০০৫ খ) ২০০৬ গ) ২০০৭ ঘ) ২০০৮

১০. সংবিধানের কত ধারা অনুযায়ী দ্রুত বিচার ট্রাইবুনাল অধ্যাদেশ ২০০২ করা হয়েছে?
ক) ৯২ ধারা খ) ৯৪ ধারা গ) ৯৩ (১) ধারা ঘ) ৯৬ ধারা

উত্তরমালা

১)ক	২)খ	৩)খ	৪)ক	৫)খ	৬)খ	৭)খ	৮)গ	৯)গ	১০)গ

নিজেকে যাচাই করুন:

০১) বর্তমান প্রধান বিচারপতি কততম প্রধান বিচারপতি?
ক) ১৭ তম খ) ১৮তম গ) ১৯তম ঘ) ২১তম

০২) কিসের অভাবে সমাজে বিশৃঙ্খলা বা অসংগতি বৃদ্ধি পায়?
ক) রাজনীতির খ) ন্যায়বিচারের গ) গণতন্ত্রের ঘ) অন্যান্য বিচারের

০৩) বাংলাদেশের প্রধান বিচারপতির নাম কী?
ক) এস কে সিনহা খ) এ বি এম খায়রুল হক গ) মাহবুবে আলম ঘ) ফজলুল করিম

০৪) কোন সনে জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটের পদ সৃষ্টি করা হয়েছে?
ক) ২০০৩ সালে খ) ২০০৫ সালে গ) ২০০৭ সালে ঘ) ২০০৮ সালে

০৫) বাংলাদেশের সুপ্রিম কোর্টের একজন বিচারপতি অবসর গ্রহণ করেন কত বছর বয়সে?
ক) ৬০ বছর খ) ৬৫ বছর গ) ৬২ বছর ঘ) ৬৭ বছর

০৬) সংবিধানের কত ধারা অনুযায়ী দ্রুত বিচার ট্রাইবুন্যাল অধ্যাদেশ ২০০২ করা হয়েছে?
ক) ৫৫ ধারা খ) ৯৩ (১) ধারা গ) ৯৩ (২ক) ধারা ঘ) ৫৬ (৩) ধারা

০৭) বঙ্গবন্ধু হত্যা মামলার আপিল নিষ্পত্তির জন্য গঠিত বেঞ্চের বিচারক সংখ্যা–
ক) ৫জন খ) ৪জন গ) ৩জন ঘ) ৬জন।

০৮) আইন-শৃঙ্খলা বিঘ্নকারী অপরাধ (দ্রুত বিচার) আইন জাতীয় সংসদে পাস হয় কোন সালের কত তারিখে?
ক) ১৭ এপ্রিল ২০০২ খ) ৯ এপ্রিল ২০০২ গ) ১৮ মার্চ ২০০২ ঘ) ৩ এপ্রিল ২০০২

০৯) বাংলাদেশ সরকার কবে 'পলিথিন ব্যবহার নিষিদ্ধ'আইন প্রণয়ন করে?
ক) ১৯৯৮ সালে খ) ২০০০ সালে গ) ২০০২ সালে ঘ) ২০০৪ সালে

১০) 'গ্রাম আদালত আইনে' প্রণীত হয়েছে কোন সনে?
ক) ১৯৭৬ সালে খ) ১৯৮৫ সালে গ) ২০০২ সালে ঘ) ২০০৬ সালে

১১) বাংলাদেশের আইনে এসিড নিক্ষেপকারীর সর্বোচ্চ শাস্তি কি?

RAISUL ISLAM HRIDOY

ক) মৃত্যুদন্ড খ) যাবজ্জীবন কারাদন্ড গ) সশ্রম কারাদন্ড ঘ) ক্ষতিপূরণ

১২) বাংলাদেশ ভূমি রেজিস্ট্রেশন নতুন আইন কোন সময়ে কার্যকর হয়েছে?
ক) ১৩ অক্টোবর ২০০৭ খ) ১৫ অক্টোবর ২০০৭ গ) ১৮ অক্টোবর ২০০৭ ঘ) ২০ অক্টোবর ২০০৭

১৩) বাংলাদেশ জাতীয় সংসদে 'উপজেলা বাতিল' বিলটি কত সালে পাস করা হয়েছিল?
ক) ১৯৯০ সালে খ) ১৯৯১ সালে গ) ১৯৯২ সালে ঘ) ১৯৯৩ সালে

১৪) বিশেষ ক্ষমতা আইন কোন সালে প্রণীত হয়?
ক) ১৯৯৮ সালে খ) ১৯৯১ সালে গ) ১৯৭৫ সালে ঘ) ১৯৭৪ সালে

১৫) বাংলাদেশের পারিবারিক আদালতের আওতায় পড়ে না–
ক) বিবাহ বিচ্ছেদ খ) শিশুর অভিভাবকত্ব গ) দেনমোহর ঘ) নারী ও শিশু পাচার

১৬) অ্যাসিড নিক্ষেপন জনিত সন্ত্রাসী কর্মকান্ড বন্ধের লক্ষে গৃহীত অপরাধ দমন আইন পাস হয় কবে?
ক) ১৩ মার্চ ২০০২ খ) ১৫ মার্চ ২০০৩ গ) ১৫ আগষ্ট ২০০৪ ঘ) ১৭ আগষ্ট ২০০৫

১৭) পারিবারিক আদালত অর্ডিন্যান্স কবে জারি করা হয়?
ক) ১৯৮০ সালে খ) ১৯৮৫ সালে গ) ১৯৮১ সালে ঘ) ১৯৯১ সালে

১৮) স্বেচ্ছাসেবী সমাজকল্যাণ সংস্থা নিবন্ধীকরণ ও নিয়ন্ত্রণ আইন পাস হয় কবে?
ক) ১৯৪৮ সালে খ) ১৯৮২ সালে গ) ১৯৫৮ সালে ঘ) ১৯৬১ সালে

১৯) নারীর ক্ষমতায়নের একধাপ বাবার নামের পরেই মায়ের নাম লেখার সিদ্ধান্ত গৃহীত হয় কবে?
ক) আগষ্ট, ২০০০ সালে খ) জুলাই ২০০২ সালে গ) আগষ্ট ২০০৪ সালে ঘ) নভেম্বর ২০০৪ সালে

২০) ভূমি রেজিস্ট্রেশন আইন বাংলাদেশে কবে থেকে কার্যকর হয়?
ক) ১ জুলাই ২০০৫ সালে খ) ১৫ আগষ্ট ২০০৫ গ) আগষ্ট ২০০৪ সালে ঘ) নভেম্বর ২০০৪ সালে

২১) ১৯৬১ সালের মুসলিম পরিবারিক আইন কোন ক্ষেত্রে বেশি অবদান রাখছে?
ক) নারী কল্যাণ খ) শিশুকল্যাণ গ) বৈবাহিক সংস্কার ঘ) পূর্বের তিন ক্ষেত্রেই

০১. ঘ	০২. খ	০৩. ক	০৪. গ	০৫. ঘ	০৬. খ	০৭. ক	০৮. খ	০৯. গ	১০. ঘ	১১. ক
১২. গ	১৩. খ	১৪. ঘ	১৫. ঘ	১৬. ক	১৭. খ	১৮. খ	১৯. ক	২০. ক	২১. ঘ	

২২) যৌতুক নিরোধ আইন প্রণয়ন করা হয় কত সালে?
ক) ১৯৮০ সালে খ) ১৯৬১ সালে গ) ১৯৯৫ সালে ঘ) ১৯৪৮ সালে

২৩) বাংলাদেশে প্রথম সামরিক আইন কে জারি করেন?
ক) আবু সাইদ চৌধুরী খ) খোন্দকার মোশতাক আহমেদ গ) জিয়াউর রহমান ঘ) মোহাম্মদ উল্লাহ

২৪) বাংলাদেশে গৃহীত এস্টেট একুইজিশন এন্ড টেনালি অ্যাক্ট কোন সালে পাস হয়?
ক) ১৯৫০ সালে খ) ১৯৫১ সালে গ) ১৯৫২ সালে ঘ) ১৯৬১ সালে

২৫) বাংলাদেশ তথ্য অধিকার আইন ২০০৯ এর লক্ষ্য-
ক) সরকারের গোপন বিষয়াদি জানা খ) ব্যক্তির গোপন বিষয়াদি জানা
গ) সরকারি ও বেসরকারি সংস্থার স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করা ঘ) প্রতিরক্ষা বাহিনীর গোপনীয়তা রক্ষা করা

২৬) জন্ম-মৃত্যু নিবন্ধন আইন কোন সাল থেকে কার্যকর করা হয়?
ক) ২০০৫ সালে খ) ২০০৬ সালে গ) ২০০৭ সালে ঘ) ২০০৯ সালে

২৭) সংশোধিত আইনের চূড়ান্ত খসড়া অনুসারে ইভটিজিং-এর সর্বোচ্চ শাস্তি কত বছরের কারাদন্ড?
ক) ২ বছর খ) ৫ বছর গ) ৭ বছর ঘ) ১০ বছর

২৮) বিশেষ ক্ষমতা আইন প্রণীত হয়–
ক) ১৯৭০ সালে খ) ১৯৭২ সালে গ) ১৯৭৪ সালে ঘ) ২০০৬ সালে

২৯) তথ্য অধিকার আইন ২০০৯ রাষ্ট্রপতির সম্মতি লাভ করে–
ক) ৩ এপ্রিল খ) ৫ এপ্রিল গ) ৪ এপ্রিল ঘ) ৬ এপ্রিল

৩০) কোন সালে বাংলাদেশ নিজ সমুদ্রসীমা নির্ধারণ সংক্রান্ত আইন প্রণয়ন করে?
ক) ১৯৭৪ সালে খ) ১৯৭৫ সালে গ) ১৯৭৭ সালে ঘ) ১৯৮২ সালে

৩১) নিচের কোন প্রতিষ্ঠানটি বাংলাদেশের আইনজীবীদের তালিকাভুক্তিকরণের সাথে সম্পর্কিত?
ক) বার কাউন্সিল খ) জুডিশিয়াল সার্ভিস কমিশন গ) আইন কমিশন ঘ) সংশ্লিষ্ট জেলা জজ আদালত

৩২) Ordinance- এর বাংলা কোন কোনটি?
ক) যুদ্ধাস্ত্র খ) প্রচলিত ধারা গ) অধ্যাদেশ ঘ) সাদাসিধা

৩৩) তৎকালীন পূর্ব বাংলার আইনসভা অবস্থিত ছিল–
ক) শেরে বাংলা নগরে খ) জগন্নাথ হলে গ) তেজগাঁয়ে ঘ) জগন্নাথ কলেজে

৩৫. বিচার বিভাগের কাজ কি?
ক) আইন প্রণয়ন খ) বাজেট পাস গ) দন্ড বিধান ঘ) আইনসভা আহবান

৩৬. বিচার বিভাগের সবচেয়ে গুরুত্বপূর্ণ কাজ কোনটি?
ক) আইন প্রণয়ন খ) ন্যায় বিচার প্রতিষ্ঠা গ) সংবিধানের ব্যাখ্যা প্রদান ঘ) সরকারকে পরামর্শ দেয়া

৩৭. দোষী ও অপরাধীর শাস্তি বিধানের জন্য রাষ্ট্র কি স্থাপন করেছে?

RAISUL ISLAM HRIDOY

ক) আইন বিভাগ খ) পুলিশ বিভাগ গ) বিচারালয় ঘ) সেনাবাহিনী

৩৮. কিসের অভাবে সমাজে বিশৃঙ্খলা বা অসংগতি বৃদ্ধি পায়?
ক) রাজনীতির খ) ন্যাবিচারের গ) গণতন্ত্রের ঘ) অন্যান্য বিচারের

৩৯. অপরাধ বলতে কি বুঝায়?
ক) আইন দ্বারা নিষিদ্ধ কর্ম সম্পাদন খ) অপরের জন্য ক্ষতিকর কর্ম
গ) পূর্ব পরিকল্পিত ক্ষতিকর কর্ম সম্পাদন ঘ) সবগুলো সঠিক

৪০. কোনটি বিচার বিভাগের কাজ নয়?
ক) আইন প্রয়োগ খ) আইনের ব্যাখ্যা গ) সংবিধানের ব্যাখ্যা ঘ) সংবিধান প্রণয়ন

৪১. বাংলাদেশের আপিল বিভাগের মোট বিচারক কত জন?
ক) ১১ খ) ২১ গ) ৯ ঘ) ১৫

২২. ক	২৩. খ	২৪. খ	২৫. গ	২৬. খ	২৭. গ	২৮. গ	২৯. খ	৩০. ক	৩১. ক
৩২. গ	৩৩. খ	৩৫. গ	৩৬. গ	৩৭. গ	৩৮. খ	৩৯. ক	৪০. ঘ	৪১. ক	

৪২. সংবিধানের ৯৪ (২) ধারা মোতাবেক বর্তমানে সুপ্রিম কোর্টের আপিল বিভাগের বিচারপতির সংখ্যা কত?
ক) ৫জন খ) ৭জন গ) ৯ জন ঘ) ১১জন

৪৩. তিন পার্বত্য জেলায় (খাগড়াছড়ি, রাঙামাটি ও বান্দরবান) জেলা ও দায়রা জজ আদালত চালু হয় কবে?
ক) ১ জানুয়ারি ২০০৮ খ) ১ জুলাই ২০০৮ গ) ১ জানুয়ারি ২০০৯ ঘ) ১ জুলাই ২০০৯

৪৪. নিম্নে উল্লিখিত ফৌজদারি আদালতের যে তালিকা দেয়া হলো তার মধ্যে কোনটির অবস্থান প্রথম হওয়া উচিত বলে মনে করেন?
ক) দায়রা জজ আদালত খ) মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেটের আদালত গ) দ্বিতীয় শ্রেণির ম্যাজিস্ট্রেট ঘ) প্রথম শ্রেণির ম্যাজিস্ট্রেট

৪৫. গ্রাম্য আদালত অধ্যাদেশ কবে হতে কার্যকর হয়েছে?
ক) ১২-১১-১৯৭৬ খ) ১৬-১২-১৯৭৬ গ) ১-১১-১৯৭৬ ঘ) ১৬-০১-১৯৭৬

৪৬. Constitutional Law of Bangladesh-এর রচয়িতা হলেন–
ক) মাহমুদুল ইসলাম খ) সাহাবুদ্দীন আহমেদ গ) ব্যারিস্টার আ. ঘালিম ঘ) মোঃ জসিম আলী

৪৭. বাংলাদেশে স্বাধীন বিচার বিভাগ গঠিত হয় কখন?
ক) ১ নভেম্বর ২০০৭ খ) ২ নভেম্বর ২০০৭ গ) ১ ডিসেম্বর ২০০৭ ঘ) ২ ডিসেম্বর ২০০৭

৪৮. বাংলাদেশ নির্বাহী বিভাগ থেকে বিচার বিভাগ পৃথকীকরণ হয়–
ক) ১৬ ফেব্রুয়ারি ২০০৬ খ) ১ নভেম্বর ২০০৭ গ) ১৬ মার্চ ২০০৭ ঘ) ১৬ এপ্রিল ২০০৮

৪৯. সর্বোচ্চ আদালত কর্তৃক বিচার বিভাগ পৃথকীকরণ মামলার রায় দেয়া হয় কোন সালে?
ক) ১৯৯৬ খ) ১৯৯৭ গ) ১৯৯৮ ঘ) ১৯৯৯

৫০. বিচার বিভাগ পৃথকীকরণ মামলার বাদী–
ক) মোস্তফা কামাল খ) আমিরুল ইসলাম গ) মাজদার হোসেন ঘ) ড. কামাল হোসেন

৫১. মাযাদর হোসেন মামলার পরিণতি–
ক) স্বাধীন নির্বাচন কমিশন খ) প্রশাসনিক ট্রাইবুনাল প্রতিষ্ঠা
গ) বিচার বিভাগ পৃথকীকরণ ঘ) স্বাধীন দুর্নীতি দমন কমিশন

৫২. যে বহুল আলোচিত মামলায় বাংলাদেশ সুপ্রিম কোর্ট বিচার বিভাগ পৃথকীকরণের জন্য নির্দেশনা প্রদান করেছেন সেটি হলো–
ক) মাজাদার হোসেন বনাম বাংলাদেশ খ) হালিমা খাতুন বনাম বাংলাদেশ
গ) আকবর হোসেন বনাম বাংলাদেশ ঘ) আয়োনার হোসেন বনাম বাংলাদেশ

৫৩. কততম সাংবিধানিক সংশোধনের মাধ্যমে সুপ্রিম কোর্টের বিকেন্দ্রীকরন করা হয়?
ক) ৪র্থ সাংবিধানিক সংশোধন খ) ৮ম সাংবিধানিক সংশোধন
গ) ৬ষ্ঠ সাংবিধানিক সংশোধন ঘ) ৭ম সাংবিধানিক সংশোধন

৫৪. বিচার বিভাগ পৃথকীকরণে নির্বাহী ম্যাজিস্ট্রেটদের কাছ থেকে জুডিশিয়াল ম্যাজিস্ট্রেটগণ দায়িত্ব নেন–
ক) হাইকোর্টের খ) লেবার কোর্টের গ) নিম্ন দেওয়ানি আদালতের ঘ) নিম্ন ফৌজদারি আদালতের

৫৫. বাংলাদেশের ফৌজদারী ও দেওয়ানী আদালতসমূহ কোন মন্ত্রণালয়ের অধীনে ন্যস্ত?
ক) জনপ্রশাসন খ) আইন, বিচার ও সংসদবিষয়ক মন্ত্রণালয় গ) স্বাররাষ্ট্র মন্ত্রণালয়ে ঘ) কোনো মন্ত্রণালয়ের অধীনে নয়

৫৬. নিম্ন আদালতে বিচারক নিয়োগের কার্যাবলী যে প্রতিষ্ঠানের মাধ্যমে পরিচালিত হয় তা হলো–
ক) পাবলিক সার্ভিস কমিশন খ) আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় গ) জুডিসিয়াল সার্ভিস কমিশন ঘ) সুপ্রিম কোর্টের আপীল বিভাগ

৫৭. জমিজমা সংক্রান্ত বিরোধ মীমাংসার জন্য আইন কোনটি?
ক) সালিশি আইন খ) বেসরকারি আইন গ) দেওয়ানী আইন ঘ) ফৌজদারী আইন

৫৮. দায়রা আদালত কোন অপরাধের বিচার করতে পারে না?
ক) হত্যা খ) ডাকাতি গ) অবৈধ অস্ত্র দখলে রাখা ঘ) রাষ্ট্রদ্রোহিতা

৫৯. কেবল মাত্র সন্দেহের বশবর্তী হয়ে বিনা ওয়ারেন্টে পুলিশ কোন ধারায় যে কাউকে গ্রেফতার করতে পারে?
ক) ৫৪ ধারা খ) ১৪৪ ধারা গ) ৪২০ ধারা ঘ) ১৬৪ ধারা

৬০. সুনির্দিষ্ট প্রতিকার আইনের কোন ধারায় 'বাধ্যতামূলক নিষেধাজ্ঞা' সম্পর্কে বলা হয়েছে?
ক) ৫০ ধারা খ) ৫৩ ধারা গ) ৫৫ ধারা ঘ) ৫৭ ধারা

৪২. ঘ	৪৩. খ	৪৪. ক	৪৫.	৪৬. ক	৪৭. ক	৪৮. খ	৪৯. খ	৫০. গ	৫১. গ

RAISUL ISLAM HRIDOY

৫২. ক	৫৩. খ	৫৪. ঘ	৫৫. খ	৫৬. গ	৫৭. গ	৫৮. ঘ	৫৯. ক	৬০. গ	

৬১. দন্ডবিধির কোন ধারায় গ্রেফতারকৃত ব্যক্তিকে চব্বিশ ঘন্টার বেশি আটক রাখা যাবে না উল্লেখ আছে?
ক) ৬০ ধারায় খ) ৬১ ধারায় গ) ১৬৭ ধারায় ঘ) ৬২ ধারায়

৬২. মানুষের চলাচল, আচরণ ও কর্মকাণ্ডের ওপর বিধি নিষেধ বা নিয়ন্ত্রণ আরোপের জন্য জারী করা হয়–
ক) ১৪৪ ধরা খ) ৫৪ ধারা গ) ৪২০ ধারা ঘ) ১৬৪ ধারা

৬৩. কোন ব্যক্তির জবানবন্দি রেকর্ড করা হয়–
ক) ১৫৪ ধারা খ) ১৬৪ ধারা গ) ১৫৮ ধারা ঘ) ১০১ ধারা

৬৪. Penal code অনুযায়ী কোন ধারার অপরাধের জন্য মৃত্যুদণ্ড দেয়া যায় না?
ক) ৩০২ খ) ৩০৩ গ) ৩০৪ ঘ) ৩৯৬

৬৫. Cheating- এর সংজ্ঞা পেনাল কোডের কোন ধারায় আছে?
ক) ৪২০ খ) ৪১৭ গ) ৪১৯ ঘ) ৪১৫

৬৬. দণ্ডবিধির কত ধারায় জালিয়াতির অপরাধের শাস্তির বিধান উল্লেখ আছে?
ক) ৪৫৬ ধারা খ) ৪৬৪ ধারা গ) ৪৬৫ ধারা ঘ) ৪৫৮ ধারা

৬৭. FIR এর পূর্ণ অভিব্যক্তি কি?
ক) Fitst Information Report খ) First Investigation Report
গ) Fist Intelligence Report ঘ) Federal Investigation Report

৬৮. FIR কার নিকট দায়ের করা যায়?
ক) স্থানীয় ম্যাজিস্ট্রেট খ) বিচারকারী আদালত গ) স্থানীয় থানা ঘ) কোনোটিই নয়

৬৯. 'প্যারোল' অর্থ-
ক) মামলা বাতিল ও মুক্তি খ) আদালতের আদেশে মুক্তি গ) নির্বাহী আদেশে মুক্তি ঘ) জামিনে মুক্তি

৭০. Adverse witness হলো–
ক) প্রতিকূল সাক্ষী খ) যে পক্ষ সাক্ষী আহবান করেন এবং সাক্ষী তার বিরুদ্ধে বলে গ) হোস্টাইল সাক্ষী ঘ) সবগুলো সঠিক

৭১. Void contract বলতে বুঝায়–
ক) বাতিল সাক্ষী খ) সর্বদাই বাতিল চুক্তি গ) চুক্তি সম্পাদনের পর বিশেষ কারণে বাতিল চুক্তি ঘ) সবগুলো সঠিক

৭২. Jubicila Confession হলো–
ক) আদালতে চার্জ গঠনের সময় দোষ স্বীকার খ) জনগণের নিকট দোষ স্বীকার
গ) পুলিশের নিকট দোষ স্বীকার ঘ) ম্যাজিস্ট্রেট কর্তৃক লিপিবদ্ধ আসামীর দোষ স্বীকার

৭৩. Leadings -এর অর্থ কি?
ক) আরজী খ) লিখিত জবাব গ) আরজী ও লিখিত জবাব ঘ) উকিলের বক্তব্য

৭৪. The meaning of *Amicus* Curiae is-
a) Friend of Courts b) Advisor of the Coun
c) Solicitor of the Court d) Justice of the Coun

৭৫. Transfer of foreign fugitive to his home country is _
a) Extraition b) Asylum c) Enterte d) Detente

৭৬. সুপ্রিম জুডিশিয়াল কাউন্সিলের সদস্য কতজন?
ক) চার জন খ) সত জন গ) নয় জন ঘ) এগার জন

৭৭. বাংলাদেশ কোড-
ক) ফোন কোড খ) আইন সংকলন গ) ইন্টারনেট ডোমেন ঘ) আইএসপি

৭৮. বাংলাদেশের দণ্ডবিধি প্রণীত হয়–
ক) ১৮৭০ সালে খ) ১৮৬০ সালে গ) ১৯৮০ সালে ঘ) ২০০৬ সালে

৭৯. ১৪৪ ধারা সর্বাধিক পরিচিত কোন আইনে?
ক) দণ্ডবিধি খ) সাক্ষ্য আইনে গ) ফৌজদারী কার্যবিধি ঘ) কোনটিতেই নয়

৮০. বাংলাদেশের ফৌজদারী কার্যবিধি প্রণীত হয়–
ক) ১৯৯০ সালে খ) ১৮৯৮ সালে গ) ১৯৪৭ সালে ঘ) ১৭৭৩ সালে

৬১. খ	৬২. ক	৬৩. খ	৬৪. গ	৬৫. ঘ	৬৬. গ	৬৭. ক	৬৮. গ	৬৯. গ	৭০.খ
৭১. ক	৭২. ঘ	৭৩. গ	৭৪. a	৭৫. a	৭৬. ঘ	৭৭. খ	৭৮. খ	৭৯. ক	৮০. খ

৮১. ১৯৬১ সালের মুসলিম পারিবারিক আইন কোন ক্ষেত্রে বেশি অবদান রাখছে?
ক) নারী কল্যাণ খ) শিশু কল্যাণ গ) বৈবাহিক সংস্কার ঘ) পূর্বের তিন ক্ষেত্রেই

৮২. মুসলিম পারিবারিক আইন অধ্যাদেশ এবং পারিবারিক আদালত অধ্যাদেশ প্রণীত হয় যথাক্রমে–
ক) ১৯৬১ এবং ১৯৮৫ খ) ১৯৬২ এবং ১৯৮০ গ) ১৮২৯ এবং ১৯৮৩ ঘ) ১৯৬০ এবং ১৯৭৪

৮৩. বাংলাদেশের পারিবারিক আদালতের আওতায় পড়ে না–

RAISUL ISLAM HRIDOY

ক) বিবাহ বিচ্ছেদ খ) নারী ও শিশু পাচার গ) শিশুর অভিভাবকত্ব ঘ) দেন মোহর

৮৪. স্বেচ্ছাসেবী সমাজকল্যাণ সংস্থা নিবন্ধীকরণ ও নিয়ন্ত্রণ আইন প্রবর্তন করা হয় কবে?
ক) ১৯৬১ সালে খ) ১৯৬২ সালে গ) ১৯৭৪ সালে ঘ) ১৯৮০ সালে

৮৫. কোন নীতি অনুসারে পিতা মাতার নাগরিকত্বের ভিত্তিতে সন্তানের নাগরিকত্ব নির্ধারিত হয়?
ক) জন্মনীতি খ) জন্মস্থান গ) অনুমোদন নীতি ঘ) কোনটিই নয়

৮৬. মুসলিম আইন অনুসারে পিতামাতার সম্পদে একজন কন্যার অংশ পুত্রের অংশের কত শতাংশ
ক) ২০% খ) ৫০ গ) ৩০% ঘ) ২৩%

৮৭. বাংলাদেশে 'বিশেষ ক্ষমতা আইন' কত সালে প্রণীত হয়েছিল?
ক) ১৯৭২ খ) ১৯৭৪ গ) ১৯৭৫ ঘ) ১৯৭৭

৮৮. বাংলাদেশে শিশু আইন প্রণীত হয়–
ক) ১৯৭৪ সনে খ) ১৯৭৬ সনে গ) ১৯৭৮ সনে ঘ) ১৯৮০ সনে

৮৯. ১৯৭৪ সালের শিশু আইনানুযায়ী বাংলাদেশের শিশুদের বয়স কত পর্যন্ত?
ক) ১২ খ) ১৪ গ) ১৬ ঘ) ১৮

৯০. বাংলাদেশের আইন অনুযায়ী কত বছরের নিচে শিশুদের শ্রমে নিয়োগ করা যাবে না?
ক) ১২ বছর খ) ১৪ বছর গ) ১৬ বছর ঘ) ১৮ বছর

৯১. বাংলাদেশের উত্তরাধিকার নীত–
ক) পিতৃসূত্রীয় খ) মাতৃসূত্রীয় গ) মাতৃতান্ত্রিক ঘ) পিতৃতান্ত্রিক

৯২. বাংলাদেশের আইন অনুযায়ী নারী ও পুরুষের বিয়ের সর্বনিম্ন বয়স কত?
ক) ১৮ ও ২১ খ) ১৮ ও ২০ গ) ১৮ ও ১৮ ঘ) ১৮ ও ২৫

৯৩. বাংলাদেশের মেয়েদের বিয়ের নিম্নতম বয়স?
ক) ১৪ বছর খ) ১৮ বছর গ) ১৬ বছর ঘ) ২২ বছর

৯৪. বাংলাদেশের স্থানীয় শাসন অর্ডিন্যান্স জারি হয়–
ক) ১৯৭৪ সালে খ) ১৯৭৬ সালে গ) ১৯৭৮ সালে ঘ) ১৯৮০ সালে

৯৫. যৌতুক নিরোধ আইন প্রণয়ন করা হয় কত সালে?
ক) ১৯৮০ খ) ১৯৬১ গ) ১৯৫৫ ঘ) ১৯৮০

৯৬. যৌতুক দেওয়া ও নেওয়ার সর্বোচ্চ শাস্তি–
ক) ১০ বছর কারাদণ্ড খ) মৃত্যুদণ্ড গ) যাবজ্জীবন কারাদণ্ড ঘ) পাঁচ বছর কারাদণ্ড

৯৭. সরকারি পরীক্ষা (অপরাধ) আইন কবে প্রণীত হয়?
ক) ১৯৮১ সালে খ) ১৯৮০ সালে গ) ১৯৮৫ সালে ঘ) ১৯৮২ সালে

৯৮. বাংাদেশের সর্বশেষ ভূমি অর্ডিন্যান্স কোন সালে করা হয়?
ক) ১৯৮০ সালে খ) ১৯৮৪ সালে গ) ১৯৮৬ সালে ঘ) ১৯৯০ সালে

৯৯. পারিবারিক আদালত অর্ডিন্যান্স কবে জারি করা হয়?
ক) ১৯৮০ সালে খ) ১৯৮৫ সালে গ) ১৯৮১ সালে ঘ) ১৯৯১ সালে

১০০. মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ১৯৯০ এ ধারা কয়টি?
ক) ৫৯ খ) ৫৬ গ) ৫৭ ঘ) ৫৮

১০১. বর্তমানে প্রচলিত কোম্পানি অ্যাক্ট আইন কোন সালে প্রণীত হয়?
ক) ১৯১৩ খ) ১৮৮১ গ) ১৯৯১ ঘ) ১৯৯৪

৮১. ঘ	৮২. ক	৮৩. খ	৮৪. ক	৮৫. ক	৮৬. খ	৮৭. খ	৮৮. ক	৮৯. গ	৯০. ক	৯১. ক
৯২.	৯৩. খ	৯৪. খ	৯৫. ক	৯৬. ঘ	৯৭. খ	৯৮. খ	৯৯. খ	১০০. খ	১০১. ঘ	

১০২. বাংলাদেশে কোম্পানি অ্যাক্ট সংশোধিত হয়–
ক) ১৯১৩ সালে খ) ১৯৮৬ সালে গ) ১৯৯২সালে ঘ) ১৯৯৪ সালে

১০৩. বাংলাদেশের দেউলিয়া আইন কখন পাশ হয়?
ক) ১৯৯৯ খ) ১৯৯৭ গ) ২০০৭ ঘ) ১৯৯১

১০৪. বাংলাদেশে নারী ও শিশু নির্যাতন দমন আইন চালু হয়–
ক) ২০০০ সালে খ) ২০০২ সালে গ) ২০০৩ সালে ঘ) ২০০৪ সালে

১০৫. অভিনয় নিয়ন্ত্রণ আইন কত সালে বাতিল করা হয়?
ক) ১৯৯৭ সালে খ) ২০০০ সালে গ) ২০০১ সালে ঘ) ২০০৩ সালে

১০৬. অবৈধ অর্থব্যবহার ও লেনদেন রোধে যে আইনটি ব্যবহার করা হয়–
ক) অবৈধ অর্থ লেনদেন আইন খ) মানি লন্ডারিং প্রিভেনশন আইন
গ) অর্থ ব্যবহার ও লেনদেন আইন ঘ) মানি লন্ডরিং আইন

১০৭. মানি লন্ডারিং অ্যাক্টের প্রধান উদ্দেশ্য হলো?

RAISUL ISLAM HRIDOY

ক) কালো টাকা সাদা করা খ) কর আদায় বৃদ্ধি করা গ) অপ্রদর্শিত আয় চিহ্নিত করা ঘ) সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ করা

১০২. ঘ	১০৩. খ	১০৪. ক	১০৫. গ	১০৬. খ	১০৭. ঘ

RAISUL ISLAM HRIDOY


বাংলাদেশ বিষয়াবলী

বাংলাদেশের সরকারব্যবস্থা (নির্বাহী বিভাগ)

নির্বাহী বিভাগ বা শাসন বিভাগঃ

রাষ্ট্রের শাসনকাজ পরিচালনার দায়িত্ব যে বিভাগের উপর ন্যস্ত থাকে তাকে শাসন বিভাগ বলে। আইন বিভাগ কর্তৃক প্রণীত আইনকে বাস্তবে প্রয়োগ করাই শাসন বিভাগের কাজ। ব্যাপক অর্থে শাসন বিভাগ বলতে রাষ্ট্রের প্রধান পরিচালক থেকে শুরু করে প্রশাসনিক কাজে নিয়োজিত সাধারন কর্মচারী পর্যন্ত সকলকে বোঝায়। কিন্তু সংকীর্ণ অর্থে শাসন বিভাগ বলতে রাষ্ট্রের প্রধান কর্মকর্তা এবং তার মন্ত্রীপরিষদকে বোঝায়।

শাসন বিভাগের সংগঠনঃ



বাংলাদেশে বর্তমানে সংসদীয় বা মন্ত্রীপরিষদ শাসিত সরকার ব্যবস্থা বিদ্যমান। ১৯৭১ সালে দেশ স্বাধীন হবার পর সংসদীয় সরকার ব্যবস্থায় সরকার পরিচালিত হলেও ১৯৭৫ সালে ৪র্থ সংশোধনীর মাধ্যমে রাষ্ট্রপতি শাসিত সরকার ব্যবস্থা চালু হয়। পরবর্তীতে ১৯৯১ সালে দ্বাদশ সংশোধনীর মাধ্যমে পুনরায় সংসদীয় সরকার ব্যবস্থা চালু হয়।

সংবিধানে রাষ্ট্রপতিঃ বাংলাদেশের সংবিধানের ৪৮ নং অনুচ্ছেদে বলা হয়েছে যে, বাংলাদেশের একজন রাষ্ট্রপতি থাকিবেন, যিনি আইন অনুযায়ী সংসদ সদস্যগণ কর্তৃক নির্বাচিত হইবেন। রাষ্ট্রপতি গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের রাষ্ট্রপ্রধান (Head of the state)। তিনি জাতীয় সংসদের সদস্যগণ কর্তৃক প্রকাশ্য ভোটে নির্বাচিত হন। রাষ্ট্রপতির নামে দেশের সকল নির্বাহী ব্যবস্থা গৃহীত হয়েছে বলে প্রকাশ করা হয়। রাষ্ট্রপতি হিসেবে তিনি রাষ্ট্রের অন্য সকল পদমর্যাদায় অধিষ্ঠিত ব্যক্তির উর্ধ্বে স্থান লাভ করেন। কিন্তু তিনি ব্রিটেনের রানী বা ভারতের রাষ্ট্রপতির ন্যায় তিনি হলেন শাসনতান্ত্রিক প্রধান। অর্থাৎ তার ক্ষমতা অত্যন্ত সীমিত। তত্ত্বগতভাবে রাষ্ট্রপতি বাংলাদেশের শাসনবিভাগের প্রধান রাষ্ট্রপতি হলেও বাস্তবে প্রধানমন্ত্রীর হাতে শাসনবিভাগের প্রকৃত ক্ষমতা ন্যস্ত থাকে।

সংবিধানের ৪৮(৩) অনুচ্ছেদ এ বলা হয়েছে যে, সংবিধানের ৫৬(৩) দফা অনুসারে কেবল প্রধানমন্ত্রী ও ৯৫(১) দফা অনুসারে প্রধান বিচারপতি নিয়োগ ব্যাতীত রাষ্ট্রপতি তাঁহার সকল দায়িত্ব পালনে প্রধানমন্ত্রীর পরামর্শ অনুযায়ী কার্য করিবেন। জাতীয় সংসদ সদস্যগণের ভোটে ৫ বছর মেয়াদের জন্য নির্বাচিত হন। তবে পর পর দু'বার অথবা আলাদাভাবে ৫ বছর মেয়াদে দু'বার দায়িত্ব পালন করতে পারবেন। রাষ্ট্রপতিই দেশের প্রধানমন্ত্রী, অন্যান্য মন্ত্রী, প্রতিমন্ত্রী, উপমন্ত্রী নিয়োগ করবেন। রাষ্ট্রপতি জাতীয় সংসদের অধিবেশন আহ্বান করবেন, প্রয়োজনে স্থগিত করবেন ও ভেঙ্গে দিতে পারবেন।

- ✓ বাংলাদেশের প্রথম রাষ্ট্রপতি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান
- ✓ বাংলাদেশের প্রথম ভারপ্রাপ্ত রাষ্ট্রপতি সৈয়দ নজরুল ইসলাম
- ✓ বাংলাদেশের ২০তম রাষ্ট্রপতি (বর্তমান) মোঃ আবদুল হামিদ
- ✓ দুই মেয়াদের অধিক কেউই রাষ্ট্রপতি হতে পারবেন না– সংবিধানের ৫০ (২) ধারা মতে।
- ✓ রাষ্ট্রপতিকে শপথবাক্য পাঠ করান– জাতীয় সংসদের স্পিকার।

[Note: সংবিধানের পঞ্চম সংশোধনীর পূর্বে ছিল প্রধান বিচারপতি।]

- ✓ বর্তমানে বাংলাদেশে রাষ্ট্রপতি নির্বাচিত হন জাতীয় সংসদ সদস্যের সরাসরি ভোটে।
- ✓ জাতীয় সংসদ নির্বাচনের পর সংসদের প্রথম বৈঠকের দিন হতে রাষ্ট্রপতি নির্বাচন করতে হয়– ৩০ দিনের মধ্যে।
- ✓ রাষ্ট্রপতি পদত্যাগ করেন– স্পিকারের নিকট।
- ✓ আদালতের কোনো এখতিয়ার নেই– রাষ্ট্রপতির উপর।
- ✓ সংসদীয় পদ্ধতিতে সর্বোচ্চ পদমর্যাদার অধিকারী– রাষ্ট্রপতি।
- ✓ প্রধানমন্ত্রী পদত্যাগ করেন– রাষ্ট্রপতির নিকট।
- ✓ বাংলাদেশের বর্তমান রাষ্ট্রপতি– মোঃ আবদুল হামিদ, এডভোকেট (২০তম)।
- ✓ জনগণের ভোটে সরাসরি নির্বাচিত প্রথম রাষ্ট্রপতি– জিয়াউর রহমান।
- ✓ রাষ্ট্রপতির সরকারী বাসভবনের নাম- বঙ্গভবন।

RAISUL ISLAM HRIDOY

রাষ্ট্রপতি যাদের শপথ বাক্য পড়ান:

- প্রধান বিচারপতি
- স্পিকার ও ডেপুটি স্পিকার
- প্রধানমন্ত্রী ও মন্ত্রিপরিষদ

রাষ্ট্রপতি যাদের নিয়োগ দেন:

- প্রধানমন্ত্রী, মন্ত্রী, প্রতিমন্ত্রী ও উপমন্ত্রী;
- প্রধান বিচারপতি;
- সুপ্রিম কোর্টের আপিল ও হাইকোর্ট বিভাগের বিচারপতি;
- প্রধান নির্বাচন কমিশনার ও কমিশনারগণ;
- মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক;
- পিএসএসি-র চেয়ারম্যান ও সদস্য;
- বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর;
- বাংলাদেশ রেডক্রিসেন্ট সোসাইটির চেয়ারম্যান;
- প্রধান তথ্য কমিশনার ও কমিশনারগণ;
- মানবাধিকার কমিশনের চেয়ারম্যান ও সদস্যগণ;
- জুডিশিয়াল সার্ভিস কমিশনের চেয়ারম্যান, আইন কমিশনের চেয়ারম্যান।

রাষ্ট্রপতি পদাধিকারবলে প্রধান:

- বাংলাদেশ সশস্ত্র বাহিনীর সর্বাধিনায়ক;
- পাবলিক ও প্রাইভেট বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর;
- বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটি;
- বাংলাদেশ স্কাউট;
- এশিয়াটিক সোসাইটি।

যোগ্যতাঃ

১. বাংলাদেশের নাগরিক হতে হবে।
২. কমপক্ষে ৩৫ বছর বয়স হতে হবে।
৩. রাষ্ট্রপতি পদ থেকে কখনও অভিশংসিত হননি।
৪. জাতীয় সংসদ সদস্য হবার যোগ্য হতে হবে।

নির্বাচনঃ

- ৫ বছর করে ২ বার হতে পারবেন।
- নির্বাচন কমিশন রাষ্ট্রপতি নির্বাচন পরিচালনা করেন।
- জাতীয় সংসদের সংখ্যাগরিষ্ঠ সদস্যদের ভোটে নির্বাচিত হন।

রাষ্ট্রপতির দায়মুক্তিঃ

- আদালতে জবাবদিহি করা লাগে না।
- গ্রেফতার বা কারাবাসের জন্য কোন আদালত পরোয়ানা জারি করা যাবে না।

রাষ্ট্রপতির অভিশংসনঃ

- সংসদের দুই-তৃতীয়াংশের ভোটে অভিযোগ যথার্থ বলে প্রমানিত হতে হবে। (অনুঃ ৫২)

রাষ্ট্রপতির ক্ষমতা ও কার্যাবলিঃ

১. নির্বাহী ক্ষমতা ও কার্যাবলি
২. আইন প্রণয়ন সংক্রান্ত ক্ষমতা ও কার্যাবলি
৩. জরুরি অবস্থা ঘোষণা করার ক্ষমতা
৪. অধ্যাদেশ প্রণয়ন সংক্রান্ত ক্ষমতা
৫. অর্থ সংক্রান্ত ক্ষমতা
৬. বিচার সংক্রান্ত ক্ষমতা

প্রধানমন্ত্রীঃ

বাংলাদেশের সংসদীয় সরকার ব্যবস্থা প্রচলিত রয়েছে। প্রধানমন্ত্রী বাংলাদেশের সরকার প্রধান। তিনি নির্বাহী ক্ষমতার মধ্যমণি। তাঁকে কেন্দ্র করে বাংলাদেশের শাসনব্যবস্থা পরিচালিত হয়। সংবিধানের ৫৫(২) অনুচ্ছেদে বলা হয়েছে যে, 'প্রধানমন্ত্রী কর্তৃক বা তাহার কর্তৃত্বে এই সংবিধান অনুযায়ী প্রজাতন্ত্রের নির্বাহী ক্ষমতা প্রযুক্ত হইবে।'

নিয়োগ পদ্ধতিঃ

যে সংসদ সদস্য সংসদের সংখ্যাগরিষ্ঠ সদস্যের আস্থাভাজন বলে রাষ্ট্রপতির নিকট প্রতীয়মান হবেন, রাষ্ট্রপতি তাকে প্রধানমন্ত্রী নিয়োগ করবেন।

প্রধানমন্ত্রী পদের মেয়াদঃ

RAISUL ISLAM HRIDOY

- বাংলাদেশের প্রধানমন্ত্রী পদের মেয়াদ ৫ বছর।

প্রধানমন্ত্রীর ক্ষমতা, কার্যাবলি ও মর্যাদাঃ

১. মন্ত্রীসভা গঠনে প্রধানমন্ত্রীর ভূমিকা [অনুঃ ৫৫(১)]
২. মন্ত্রীসভার নেতা
৩. জাতীয় সংসদের নেতা
৪. রাষ্ট্রপতির পরামর্শদাতা
৫. নিয়োগসংক্রান্ত ক্ষমতা
৬. দলীয় নেতা হিসেবে প্রধানমন্ত্রীর ভূমিকা
৭. জাতির নেতা

অন্যান্য গুরুত্বপূর্ণ তথ্যাবলিঃ

- বাংলাদেশের প্রথম প্রধানমন্ত্রী তাজউদ্দিন আহমেদ
- বাংলাদেশের বর্তমান (১৩ তম) প্রধানমন্ত্রী শেখ হাসিনা
- প্রধানমন্ত্রীকে শপথবাক্য পড়ান– রাষ্ট্রপতি।
- জাতীয় সংসদের সংখ্যাগরিষ্ঠ দলের নেতা– প্রধানমন্ত্রী।
- বাংলাদেশ সরকারের প্রধান নির্বাহী– প্রধানমন্ত্রী।
- প্রধানমন্ত্রীর সরকারি বাসভবনের নাম– গণভবন।
- গণভবন অবস্থিত– শেরেবাংলা নগর, ঢাকা।
- প্রধানমন্ত্রী কার্যালয়ের ইংরেজি নাম– Prime Minister's Office.
- প্রধানমন্ত্রীর কার্যালয়ের অবস্থান– তেজগাঁও, ঢাকা।
- বাংলাদেশের প্রথম নারী প্রধানমন্ত্রীর নাম– বেগম খালেদা জিয়া।
- বাংলাদেশের বর্তমান প্রধানমন্ত্রীর নাম– শেখ হাসিনা (০৬.০১.২০০৯- বর্তমান)।
- মন্ত্রিপরিষদের সভায় সভাপতিত্ব করেন– প্রধানমন্ত্রী।
- রাষ্ট্রের নির্বাহী ক্ষমতার অধিকারী– সরকার প্রধান বা প্রধানমন্ত্রী।
- সংবিধানের ৫৫ ও ৫৬ নং ধারা মতে মন্ত্রিপরিষদের শীর্ষে থাকবেন– প্রধানমন্ত্রী।
- মন্ত্রিসভার অন্যান্য মন্ত্রী, প্রতিমন্ত্রী ও উপমন্ত্রীদের নির্বাচন করেন– প্রধানমন্ত্রী।
- মন্ত্রিপরিষদ যৌথভাবে দায়ী থাকবেন– জাতীয় সংসদের নিকট।
- সংবিধান অনুযায়ী সংসদ সদস্যের বাইরে থেকে টেকনোক্র্যাট মন্ত্রী নিয়োগ দেয়া যায়– এক দশমাংশ।

প্রধানমন্ত্রী পদাধিকারবলে প্রধানঃ

১. জাতীয় অর্থনৈতিক পরিষদ নির্বাহী কমিটি (ECNEC)	৬. জাতীয় পরিবেশ কমিটি
২. জাতীয় অর্থনৈতিক পরিষদ (NEC)	৭. রপ্তানি সংক্রান্ত জাতীয় কমিটি
৩. জাতীয় প্রশাসন পুনর্গঠন/সংস্কার/বাস্তবায়ন কমিটি (NICAR)	৮. জাতীয় পর্যটন পরিষদ
৪. বাংলাদেশ রপ্তানি প্রক্রিয়াকরণ এলাকা কর্তৃপক্ষ (BEPZA)	৯. জাতীয় মহিলা ও শিশু উন্নয়ন পরিষদ
৫. বাংলাদেশ বিনিয়োগ বোর্ড	১০. পরিকল্পনা কমিশন

অনুশীলনী:

০১) সরকার রাষ্ট্র গঠনের কততম উপাদান?
ক) প্রথম খ) দ্বিতীয় গ) চতুর্থ ঘ) তৃতীয়।

০২) রাষ্ট্র কয়টি উপাদান নিয়ে গঠিত?
ক) চারটি খ) তিনটি গ) দুইটি ঘ) পাঁচটি।

০৩) বাংলাদেশের রাষ্ট্রপতির সরকারি বাসভবনের নাম কী?
ক) বঙ্গভবন খ) রাষ্ট্রপতি ভবন গ) গণভবন ঘ) উত্তরা ভবন।

০৪) মোঃ জিল্লুর রহমান বাংলাদেশের কততম রাষ্ট্রপতি?
ক) ১৯তম খ) ২০তম গ) ১৬তম ঘ) ১৮তম।

০৫) বাংলাদেশের ন্যাশনাল ট্যুরিজম কাউন্সিলের চেয়ারম্যান কে?
ক) অর্থমন্ত্রী খ) প্রধানমন্ত্রী গ) বাণিজ্যমন্ত্রী ঘ) বাংলাদেশ ব্যাংকের গভর্নর।


০১. ঘ	০২. ক	০৩. ক	০৪. ক	০৫. খ

RAISUL ISLAM HRIDOY

বাংলাদেশের প্রশাসনিক কাঠামোঃ

বাংলাদেশের প্রশাসনিক কাঠামোকে দুইভাগে ভাগ করা যায়। যথাঃ

১. কেন্দ্রীয় প্রশাসন
২. মাঠ প্রশাসন



কেন্দ্রীয় প্রশাসনঃ কেন্দ্রীয় প্রশাসনের কাজ মূলত সাচবালয়, মন্ত্রণালয়, অধিদপ্তর ও পরিদপ্তর এর মাধ্যমে সম্পাদিত হয়। সচিবালয় হল বাংলাদেশের সরকারের প্রশাসনিক কার্যকলাপের কেন্দ্রবিন্দু। বিভিন্ন মন্ত্রণালয় ও তার বিভাগসমূহের অফিসগুলোকে একত্রে সচিবালয় বলে।



মন্ত্রণালয়, সচিবালয় ও অধিদপ্তর

- সরকারের নীতি নির্ধারণ এবং নীতিগুলো কার্যকরণ ও সমীক্ষণের বিষয়ে দায়বদ্ধ রাষ্ট্রপতি দ্বারা নির্ধারিত প্রশাসন ইউনিট হলো– মন্ত্রণালয়।
- কোনো মন্ত্রণালয়ের বা তার বিভাগগুলোর প্রধান প্রশাসনিক কর্মকর্তা হলো– সচিব।
- বাংলাদেশ সচিবালয় প্রথমে– ইডেন বিল্ডিং-এ যাত্রা শুরু করে।
- সংস্থাপন মন্ত্রণালয়ের নাম জনপ্রশাসন মন্ত্রণালয় করা হয়– ২৮ এপ্রিল ২০১১।
- জনপ্রশাসন মন্ত্রণালয়ের পূর্ব নাম– সংস্থাপন মন্ত্রণালয়।
- বাংলাদেশের সর্বশেষ গঠিত মন্ত্রণালয়– রেলপথ মন্ত্রণালয়
- মন্ত্রনালয়ের নির্বাহী প্রধান হচ্ছেন মন্ত্রী।
- অধিদপ্তরের প্রধান অতিরিক্ত সচিব পদমর্যাদার বা যুগ্মসচিব মর্যাদার। আর পরিদপ্তরের প্রধান উপসচিব পদমর্যাদার।

অনুশীলনী:

০১) মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কোন সনে গঠিত হয়?
ক) ১৯৯২ সনে খ) ২০০০ সনে গ) ২০০১ সনে ঘ) ২০০২ সনে।

০২) 'সাবমেরিন কেবল' প্রকল্পটি কোন মন্ত্রণালয়ের কার্যক্রম?
ক) অর্থ খ) ডাক ও টেলিযোগাযোগ গ) বিজ্ঞান ও প্রযুক্তি ঘ) পররাষ্ট্র।

০৩) লোকপ্রশাসন প্রশিক্ষন কেন্দ্র কোন মন্ত্রণালয়ের অধীনে?
ক) প্রতিরক্ষা খ) শিক্ষা গ) জনপ্রশাসন ঘ) তথ্য।

০৪) মন্ত্রণালয়ের প্রশাসনিক প্রধান কে?
ক) সচিব খ) মন্ত্রী গ) মুখ্যসচিব ঘ) প্রতিমন্ত্রী।

০৫) মন্ত্রণালয়ের নির্বাহী প্রধান কে?
ক) সচিব খ) মন্ত্রী গ) সংস্থাপন সচিব ঘ) কেউ নন।

০৬) বর্তমানে বাংলাদেশ সরকারের জনপ্রশাসন মন্ত্রণালয়ের দায়িত্বপ্রাপ্ত মন্ত্রীর নাম কি?

ক) এ কে খন্দকার খ) আব্দুল মাল আবদুল মুহিত গ) সৈয়দ আশরাফুল ইসলাম ঘ) সৈয়দ আশরাফ।

০১. গ	০২. খ	০৩. গ	০৪. ক	০৫. খ	০৬. ঘ

মাঠ প্রশাসনঃ

মাঠ প্রশাসন ৩ টি স্তরে বিভক্তঃ

১. বিভাগীয় প্রশাসন
২. জেলা প্রশাসন
৩. উপজেলা প্রশাসন

১. বিভাগীয় প্রশাসনঃবিভাগীয় প্রশাসনের কাজ বিভাগীয় কমিশনারের উপর ন্যস্ত থাকে। তিনি তার বিভাগের জেলা প্রশাসকদের কাজ পর্যবেক্ষণ করেন ও তাদের কাজ সমন্বয় করেন।

২. জেলা প্রশাসকঃজেলা প্রশাসক বাংলাদেশ জেলা প্রশাসনের সর্বোচ্চ কর্মকর্তা। জেলা প্রশাসন বাংলাদেশের মাঠ প্রশাসনের প্রাণকেন্দ্র। জেলা প্রশাসক বাংলাদেশ সিভিল সার্বিসের প্রশাসন ক্যাডারের একজন সদস্য। বিভিন্ন সরকারী দপ্তরের কাজের তদারকি করা এবং সরকারি নীতি নির্ধারণে সরকারকে সাহায্য করেন।

৩. উপজেলা প্রশাসনঃ উপজেলা নির্বাহী অফিসার হলেন উপজেলা প্রশাসেনের প্রধান। তিনি বাংলাদেশ সিভিল সার্ভিসের প্রশাসন ক্যাডারের একজন সদস্য। উপজেলার সকল উন্নয়ন ও প্রশাসনিক কাজ তিনি তদারকি করেন।

স্থানীয় সরকারঃ

সংবিধানের ৫৯(১) নং অনুচ্ছেদ অনুসারে, আইনানুযায়ী নির্বাচিত ব্যক্তিদের সমন্বয়ে গঠিত প্রতিষ্ঠানসমূহের উপর প্রজাতন্ত্রের প্রত্যেক প্রশাসনিক একাংশের স্থানীয় শাসনের ভার প্রদান করা হবে। ৬০ নং অনুচ্ছেদ অনুসারে এই সংবিধানের ৫৯ অনুচ্ছেদের বিধানবলীকে পূর্ণ কার্যকর করণের উদ্দেশ্যে সংসদ আইনের দ্বারা স্থানীয় শাসন সংক্রান্ত প্রতিষ্ঠান সমূহকে স্থানীয় প্রয়োজনে কর আরোপ করার ক্ষমতাসহ বাজেট প্রস্তুতকরণ ও নিজস্ব তহবিল রক্ষণাবেক্ষণের ক্ষমতা প্রদান করবে।

বর্তমানে জেলা পরিষদ, উপজেলা পরিষদ, ইউনিয়ন পরিষদ নিয়ে স্থানীয় সরকার ব্যবস্থা চালু আছে। একইসাথে শহরাঞ্চলের জন্য আলাদা আইন দিয়ে গঠিত সিটি কর্পোরেশন ও পৌরসভা চলমান আছে।

জেলা পরিষদঃ

- ১ জন চেয়ারম্যান
- ১৫ জন সদস্য
- সংরক্ষিত আসনে ৫ জন মহিলা সদস্য।

উপজেলা পরিষদঃ

- ১ জন চেয়ারম্যান
- ২ জন ভাইস চেয়ারম্যান, যার মধ্যে ১ জন মহিলা হবেন।

ইউনিয়ন পরিষদঃ

- ১ জন চেয়ারম্যান
- ৯ জন সদস্য
- ৩ জন সংরক্ষিত মহিলা সদস্য।

সিটি কর্পোরেশনঃ

- ১ জন মেয়র
- নির্ধারিত সংখ্যক কাউন্সিলর
- নির্ধারিত সংখ্যক কাউন্সিলরদের এক তৃতীয়াংশ মহিলা কাউন্সিলর।

পৌরসভাঃ

- ১ জন মেয়র
- নির্ধারিত সংখ্যক কাউন্সিলর
- নির্ধারিত সংখ্যক কাউন্সিলরদের এক তৃতীয়াংশ মহিলা কাউন্সিলর

সশস্ত্র বিভাগ

বাংলাদেশের সামরিক ও আধা-সামরিক বাহিনীর পদমর্যদাঃ

সেনা	নৌ	বিমান	বিজিবি	কোস্ট গার্ড
জেনারেল	এডমিরাল	এয়ারচিফ মার্শাল	-	-
লেফটেন্যান্ট জেনারেল	ভাইস অ্যাডমিরাল	এয়ার মার্শাল	-	-
মেজর জেনারেল	রিয়ার এ্যাডমিরাল	এয়ার ভাইস মার্শাল	মেজর জেনারেল	রিয়ার এ্যাডমিরাল
ব্রিগেডিয়ার জেনারেল	কমোডর	এয়ার কমোডর	ব্রিগেডিয়ার জেনারেল	কমোডর
কর্নেল	ক্যাপ্টেন	গ্রুপ ক্যাপ্টেন	কর্নেল	ক্যাপ্টেন
লেফটেন্যান্ট কর্ণেল	কমান্ডার	উইং কমান্ডার	লেফটেন্যান্ট কর্ণেল	কমান্ডার

RAISUL ISLAM HRIDOY

মেজর	লেফটেন্যান্ট কমান্ডার	স্কোয়াড্রন লিডার	মেজর	কমান্ডার
ক্যাপ্টেন	লেফটেন্যান্ট	ফ্লাইট লেফটেন্যান্ট	ক্যাপ্টেন	লেফটেন্যান্ট
লেফটেন্যান্ট	সাব লেফটেন্যান্ট	ফ্লাইং অফিসার	লেফটেন্যান্ট	সাব লেফটেন্যান্ট
সেকেন্ড লেফটেন্যান্ট	মিডশিপম্যান	পাইলট অফিসার	সেকেন্ড লেফটেন্যান্ট	মিডশিপ ম্যান ক্যাডেট
বি. দ্র: কোনো কোন দেশে সেনাবাহিনীতে 'জেনারেল'-এর উপরে 'ফিল্ড মার্শাল' বিমান বাহিনীতে 'এয়ার মার্শাল' -এর উপরে 'এয়ার চিফ মার্শাল' ও 'মার্শাল অব দি এয়ারফোর্স' এবং নৌবাহিনীতে 'ভাইস এ্যাডমিরাল'-এর উপরে 'এ্যাডমিরাল' ও 'এ্যাডমিরাল অব দি ফ্লাইট' পদ রয়েছে।				

বাংলাদেশ পুলিশ প্রশাসন

বাংলাদেশ পুলিশ বাহিনীতে যা কিছু প্রথম:

- প্রথম নারী ডিআইজি– ফাতেমা বেগম।
- প্রথম নারী ওসি– হোসনে আরা বেগম।
- প্রথম জেলা পুলিশ ওয়েবসাইট চালু করা হয়– নারায়ণগঞ্জ।
- বাংলাদেশ পুলিশ একাডেমির প্রথম অধ্যক্ষ– মেজর চীমন (১৯১২-১৯১৯)।
- বাংলাদেশ পুলিশ একাডেমির প্রথম দেশীয় অধ্যক্ষ– খান বাহাদুর এস এ খান।
- প্রথম আইজিপি– এমএ খালেক (১৬ ডিসেম্বর ১৯৭১-২৩ এপ্রিল ১৯৭৩)।
- ডিএমপির প্রথম পুলিশ কমিশনার– ই এ চৌধুরী।
- প্রথম কমিউনিটি পুলিশিং চালু–১৯৯২ সালে।
- প্রথম মডেল থানা– ভালুকা, ময়মনসিংহ।
- বাংলাদেশি পুলিশের সদর দপ্তর– ফুলবাড়িয়া, ঢাকা।
- বাংলাদেশ পুলিশের মনোগ্রাম– এক পাশে ধানের শীষ ও অপর পাশে গমের শীষ এবং মাঝখানে ভাসমান পালতোলা নৌকা, টপে শাপলা ও নিচে বাংলায় লেখা পুলিশ।
- Police শব্দটির উৎপত্তি হয়েছে– পর্তুগিজ ভাষা থেকে।
- Police শব্দটি ভাঙলে হয়– P = Polite, O = Obedient, L = Loyal, I = Intelligent, C = Courageous, E = Efficient ।
- বাংলাদেশ পুলিশ যে মন্ত্রণালয়ের অধীনে– স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
- বাংলাদেশ পুলিশ ইন্টারপোলের সদস্য পদ লাভ করে– ১৯৭৬ সালে।
- বাংলাদেশ পুলিশের প্রশাসনিক অঞ্চলগুলো– রেঞ্জ, জেলা, সার্কেল ও থানা।
- বাংলাদেশ জিআরপি অঞ্চল– ২টি; যথা- পূর্বাঞ্চল ও পশ্চিমাঞ্চল।
- পূর্বাঞ্চলে জিআরপি অঞ্চল– চট্টগ্রাম।
- পশ্চিমাঞ্চলে জিআরপি সদর দপ্তর– সৈয়দপুর (নীলফামারী)।
- বাংলাদেশে বর্তমানে পুলিশ রেঞ্জ আছে– ৯টি (ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, বরিশাল, সিলেট, রংপুর, হাইওয়ে ও রেলওয়ে)।
- পুলিশ রেঞ্জের প্রধান কর্মকর্তাকে বলে– ডিআআজি (ডেপুটি ইন্সপেক্টর জেনারেল অব পুলিশ)।
- বর্তমানে দেশে পুলিশ জেলা আছে– ৬৪টি।
- জেলার পুলিশ প্রধানের পদবি– এসপি (সুপারিনটেনডেন্ট অব পুলিশ)।
- থানার দায়িত্বপ্রাপ্ত পুলিশ কর্মকর্তা– অফিসার ইনচার্জ বা ওসি।
- বাংলাদেশ পুলিশ উইমেন্স নেটওয়ার্ক(BPWN) চালু হয়– ২১ নভেম্বর ২০০৮।
- বাংলাদেশ পুলিশ স্টাফ কলেজ– মিরপুর, ঢাকা।
- সারদা পুলিশ একাডেমীর বর্তমান নাম– বাংলাদেশ পুলিশ একাডেমী।
- বাংলাদেশ পুলিশ একাডেমী প্রতিষ্ঠিত হয়– ১৯১২ সালে।
- উপমহাদেশে যার শাসনামলে বাংলাদেশ পুলিশ একাডেমী চালু হয়– লর্ড হার্ডিঞ্জ।
- বাংলাদেশ পুলিশ একাডেমী যে নদীর তীরে অবস্থিত– পদ্মা।
- পুলিশ কনস্টেবলদের প্রশিক্ষণের জন্য বাংলাদেশে আঞ্চলিক পুলিশ প্রশিক্ষণ স্কুল আছে– ৪টি (খুলনা, রংপুর, নোয়াখালী ও টাঙ্গাইল)।
- পুলিশ বাহিনীর পুরস্কার রয়েছে– বীরত্ব পুরস্কার ও জেনারেল সার্ভিস মার্ক (GS Mark)।
- পুলিশ বাহিনীর বীরত্ব পুরস্কার– ৩টি। যথা: বাংলাদেশ পুলিশ মেডেল, প্রেসিডেন্ট পুলিশ মেডেল ও আইজি বেস্ট মেডেল।
- বাংলাদেশ পুলিশের ওয়েবসাইট ভিত্তিক গোয়েন্দা ইউনিটের নাম– পুলিশ ইন্টারনাল ওভারসাইট।

RAISUL ISLAM HRIDOY

- রাজারবাগ পুলিশ লাইনের স্মৃতিসৌধটি নির্মিত হয়– ১৯৭১ সালের ২৫ মার্চ কালো রাতে পাক বাহিনীর আক্রমণে নিহত পুলিশদের স্মৃতি রক্ষার্থে।
- যে পুলিশ কর্মকর্তা পাক আমলে প্রাদেশিক গভর্নর নিযুক্ত হয়েছিলেন– পাকির হোসেন।
- বাংলাদেশ পুলিশ ও জনসংখ্যার অনুপাত– ১:১১৩৮।

পুলিশের পদমর্যাদার ক্রম:

১. ইন্সপেক্টর জেনারেল অব পুলিশ (IGP)
২. এডিশনাল ইন্সপেক্টর জেনারেল পুলিশ (Addl.IGP)
৩. ডেপুটি ইন্সপেক্টর জেনারেল অব পুলিশ (DGP)
৪. এডিশনাল ডেপুটি ইন্সপেক্টর জেনারেল অব পুলিশ (Addl.DGP)
৫. এসিসট্যান্ট ইন্সপেক্টর জেনারেল অব পুলিশ (AIG)/সুপারিনটেনডেন্ট অব পুলিশ (SP)
৬. এডিশনাল সুপারিনটেনডেন্ট অব পুলিশ (Addl.SP)
৭. সিনিয়র এসিসট্যান্ট সুপারিনটেনডেন্ট অব পুলিশ (Sr. ASP)
৮. এসিসট্যান্ট সুপারিনটেনডেন্ট অব পুলিশ (ASP)
৯. ইন্সপেক্টর অব পুলিশ
১০. সাব ইন্সপেক্টর অব পুলিশ (SI) / আর্মড সাব ইন্সপেক্টর/ সার্জেন্ট
১১. এসিসট্যান্ট সাব ইন্সপেক্টর অব পুলিশ (ASI) / আর্মড এএসআই।
১২. হাবিলদার / হেড কনস্টেবল (বিলুপ্ত)
১৩. নায়েক
১৪. কনস্টেবল

অনুশীলনী:

০১) মহিলা পুলিশ প্রথম নিয়োগ করা হয় কোন সালে?
ক) ১৯৭৪ সালে খ) ১৯৭৬ সালে গ) ১৯৭৭ সালে ঘ) ১৯৭৮ সালে।

০২) বাংলাদেশের একমাত্র পুলিশ একাডেমিটি কোথায় অবস্থিত?
ক) সারদা খ) নীলফামারী গ) ঠাকুরগাঁও ঘ) ঈশ্বরদী।

০৩) ঢাকা মহানগরীতে মেট্রোপলিটন পুলিশ চালু হয়–
ক) ১ ফ্রেব্রুয়ারি, ১৯৭৫ খ) ১ ফ্রেব্রুয়ারি, ১৯৭৬ গ) ১ জানুয়ারি, ১৯৭৭ ঘ) ১ জানুয়ারি, ১৯৭৮।

০১. ক	০২. ক	০৩. খ

নীতি নির্ধারণ

- নীতি নির্ধারণ পরিচালনা করে সরকারের যে বিভাগ– নির্বাহী বিভাগ।
- নীতি নির্ধারনের সর্বোচ্চ পরিষদ– কেবিনেট বা মন্ত্রিসভা।
- নিয়ম-কানুন প্রবর্তনের ক্ষেত্রে আইনসভার পরের অবস্থান– মন্ত্রিসভার।
- নীতি নির্ধারণ তৈরি করে– জাতীয় সংসদের স্থায়ী কমিটি।
- জাতীয় সংসদের স্থায়ী কমিটির সংখ্যা– ৫০টি।
- মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির সংখ্যা– ৩৯টি।
- সংসদ সম্পর্কিত স্থায়ী কমিটির সংখ্যা– ১১ টি।
- ECNEC এর বিকল্প সভাপতি হলেন– অর্থমন্ত্রী।

অনুশীলনী:

০১) বাংলাদেশের অর্থনৈতিক নীতি নির্ধারণ এবং উন্নয়ন প্রকল্প অনুমোদন সংক্রান্ত সর্বোচ্চ অর্থনৈতিক সংস্থার নাম কি?
ক) প্লানিং কমিশন খ) পাতীয় অর্থনৈতিক কাউন্সিলের নির্বাহী পরিষদ
গ) প্রধানমন্ত্রীর কার্যালয় ঘ) অর্থ ও পরিকল্পনা মন্ত্রণালয়।

০২) বাংলাদেশের জাতীয় অর্থনৈতিক কাউন্সিলের নির্বাহী পরিষদের সভাপতি হচ্ছেন–
ক) প্রধানমন্ত্রী খ) অর্থমন্ত্রী গ) পরিকল্পনা মন্ত্রী ঘ) যোগাযোগমমন্ত্রী।

০৩) ECNEC -এর বিকল্প চেয়ারম্যান–
ক) প্রধানমন্ত্রী খ) অর্থমন্ত্রী গ) রাষ্ট্রপতি ঘ) বাংলাদেশ ব্যাংকের গর্ভনর।

০৪) নতুন উপজেলা গঠন, পৌরসভা গঠন, সীমানা চিহ্নিতকরণ প্রভৃতি যে নির্ধারক কমিটির কাজ?
ক) একনেক খ) এনএসসি গ) নিকার ঘ) নির্বাচন কমিশন।

০১. খ	০২. ক	০৩. খ	০৪. গ

জাতীয় ও স্থানীয় পর্যায়ের প্রশাসনিক ব্যবস্থা ও কাঠামো:

এক নজরে বাংলাদেশের বিভাগসমূহ

বিভাগ	প্রতিষ্ঠা	মোট জেলা	মোট উপজেলা	আয়তনে	
				বৃহত্তম জেলা	ক্ষুদ্রতম জেলা

RAISUL ISLAM HRIDOY

ঢাকা	১৮২৯	১৩	১১০		নারায়ণগঞ্জ
চট্টগ্রাম	১৮২৯	১১	১০১	রাঙামাটি	ফেনী
রাজশাহী	১৮২৯	৮	৬৭	নওগাঁ	জয়পুরহাট
খুলনা	১ অক্টোবর ১৯৬০	১০	৫৯	খুলনা	মেহেরপুর
বরিশাল	১ জানুয়ারী ১৯৯৩	৬	৪২	ভোলা	ঝালকাঠি
সিলেট	১ আগষ্ট ১৯৯৫	৪	৩৯	সুনামগঞ্জ	হবিগঞ্জ
রংপুর	২৫ জানুয়ারী ২০১০	৮	৫৮	দিনাজপুর	লালমনিরহাট
ময়মনসিংহ	১২ জানুয়ারী ২০১৫	৪	১৩		

বৃহত্তম ও ক্ষুদ্রতম জেলা:

- আয়তনে বাংলাদেশের বৃহত্তম জেলা– রাঙ্গামাটি।
- আয়তনে বাংলাদেশের ক্ষুদ্রতম জেলা–নারায়ণগঞ্জ।
- জনসংখ্যায় বাংলেশের বৃহত্তম জেলা– ঢাকা।
- জনসংখ্যায় বাংলেশের ক্ষুদ্রতম জেলা– বান্দরবান।
- বাংলাদেশের উপকূলীয় জেলা– ১৯টি। [সূত্র: পানি সম্পদ মন্ত্রণালয় ওয়েবসাইট]
- উপকূলীয় জেলাগুলো হচ্ছে– কক্সবাজার, বাগেরহাট, বরগুনা, বরিশাল, ভোলা, চাঁদপুর, চট্টগ্রাম, ফেনী, গোপালগঞ্জ, যশোর, ঝালকাঠি, খুলনা, লক্ষ্মীপুর, নড়াইল, নোয়াখালি, পিরোজপুর, সাতক্ষীরা, শরীয়তপুর ও পটুয়াখালী।
- পার্বত্য চট্টগ্রামে জেলা রয়েছে– ৩টি (বান্দরবান, রাঙামাটি ও খাগড়াছড়ি)।
- মৌলভীবাজারকে পর্যটন জেলা ঘোষণা করা হয়– ১ জুলাই ২০০৮।
- প্রথম 'ডিজিটাল জেলা' ঘোষণা করা হয়– যশোর (ঘোষণা ২০ ডিসেম্বর ২০১২)।
- হিরণ পয়েন্ট অবস্থিত– খুলনা জেলায়।

উপজেলা:

- জনসংখ্যায় বৃহত্তম উপজেলা– গাজীপুর সদর; জনসংখ্যা ১৮,৯৯,৫৭৫ জন।
- জনসংখ্যায় ক্ষুদ্রতম উপজেলা– থানচি, বান্দরবান; জনসংখ্যা ২৪,৪৯৩ জন।
- বাংলাদেশের সর্ব উত্তরের উপজেলা– তেঁতুলিয়া (পঞ্চগড়)।
- বাংলাদেশের সর্ব দক্ষিণের উপজেলা– টেকনাফ (কক্সবাজার)।
- বাংলাদেশের সর্ব পূর্বের উপজেলা– থানচি (বান্দরবান)।
- বাংলাদেশের সর্ব পশ্চিমের উপজেলা– শিবগঞ্জ (চাঁপাইনবাবগঞ্জ)।
- দেশের বর্তমানে মোট উপজেলার সংখ্যা– ৪৮৯টি।
- মাঠ পর্যায়ের প্রশাসনিক কাঠামোর সর্বোচ্চ স্তর– বিভাগ (Division)।
- ১৯৪৭ সালে দেশ বিভাগের সময় পূর্ব বাংলায় বিভাগ ছিল– ৩টি; যথা: ঢাকা, চট্টগ্রাম ও রাজশাহী।
- প্রশাসনিক বিভাগ সৃষ্টি করা হয়– ১৮২৯ সালে।
- বিভাগের প্রধানকে বলা হয়– বিভাগীয় কমিশনার (Divisional Commissioner)।

অনুশীলনী:

০১) পার্বত্য চট্টগ্রামে কয়টি জেলা আছে?
ক) ৩টি খ) ৫টি গ) ৭টি ঘ) ৯টি।

০২) ঢাকা বিভাগে কয়টি জেলা আছে?
ক) ১৫টি খ) ১৩টি গ) ১৪টি ঘ) ১২টি।

০৩) বাংলাদেশের জেলার সংখ্যা কত?
ক) ৩৬টি খ) ৫৪টি গ) ৬৪টি ঘ) ৪৪টি।

০৪) তেঁতলিয়া কোন জেলায় অবস্থিত?
ক) দিনাজপুর খ) পঞ্চগড় গ) জয়পুরহাট ঘ) লালমনিরহাট।

০৫) হিমছড়ি কোন শহরের নিকট অবস্থিত?
ক) চট্টগ্রাম খ) খুলনা গ) কক্সবাজার ঘ) রাজশাহী।

০৬) দেশের কোন জেলাটিতে 'ডিজিটাল জেলা' হিসেবে প্রথম তথ্যপ্রযুক্তিভিত্তিক বিভিন্ন সেবা চালু হয়েছে?
ক) কুমিল্লা খ) যশোর গ) সিলেট ঘ) ময়মনসিংহ।

০৭) কুমিল্লা জেলার আগের নাম কি?
ক) ব্রাহ্মণবাড়িয়া খ) ত্রিপুরা গ) আগারতলা ঘ) লাকসাম।

০৮) কোন জেলা তুলা চাষের জন্য সবচেয়ে বেশি উপযোগী?
ক) রাজশাহী খ) যশোর গ) বাগেরহাট ঘ) দিনাজপুর।

RAISUL ISLAM HRIDOY

০৯) কোন বিভাগে জেলার সংখ্যা সর্বোচ্চ?
ক) ঢাকা খ) চট্টগ্রাম গ) রাজশাহী ঘ) খুলনা।

১০) বাংলাদেশের বিভাগের সংখ্যা কয়টি?
ক) ৪টি খ) ৫টি গ) ৬টি ঘ) ৮টি।

১১) নবগঠিত রংপুর বিভাগে কতটি জেলা রয়েছে?
ক) ৪টি খ) ৫টি গ) ৬টি ঘ) ৮টি।

১২) বাংলাদেশের বৃহত্তম জেলা কোনটি?
ক) ঢাকা জেলা খ) রাঙ্গামাটি জেলা গ) চট্টগাম জেলা ঘ) ময়মনসিংহ জেলা।

১৩) বাংলাদেশের সবচেয়ে ঘনবসতিপূর্ণ জেলা কোনটি?
ক) কুমিল্লা খ) ঢাকা গ) ময়মনসিংহ ঘ) চট্টগ্রাম।

৪৭ বর্গ কি. মি.। রাজধানী জেমস টাউন। ১৮১৫ সালে ওয়াটারলু যুদ্ধে পরাজয়ের পর ফরাসি সম্রাট নেপোলিয়ানকে এই দ্বীপে নির্বাসন দেওয়া হয়। ১৮২১ সালে এখানেই তার মৃত্যু হয়।

ওয়াটার-লু ঃ ইহা মূলত বেলজিয়ামের একটি গ্রাম। ১৮১৫ সালে এখানে বিট্রেনের ডিউক অব ওয়েলিংটনের সাথে ফরাসি সম্রাট নেপোলিয়ানের যুদ্ধ হয়। এর পর থেকে এটি যুদ্ধ ক্ষেত্র হিসাবে পরিচিত। এই যুদ্ধে পরাজয়ের পরই নেপোলিয়ানকে সেইন্ট হেলেনা দ্বীপে নির্বাসন দেওয়া হয়।

লায়লা/পেরিজিলঃ ভূ-মধ্যসাগরের প্রবেশদ্বার নামে পরিচিত জিব্রাল্টার প্রণালীতে অবস্থিত একটি দ্বন্দ্বপূর্ণ দ্বীপ। এটি নিয়ে স্পেন ও মরক্কোর মাঝে বিরোধ রয়েছে। মরক্কো দ্বীপটিকে লায়লা দ্বীপ নামে ডাকে, অন্যদিকে স্পেন এর নাম দিয়েছে পেরিজিল। বর্তমানে এটি ব্রিটেনের নিয়ন্ত্রণে।

সিসিলি দ্বীপ ঃ ভূ-মধ্যসাগরে অবস্থিত ইটালির একটি গুরুত্বপূর্ণ দ্বীপ। ইহা মেসিনা প্রণালী দ্বারা পৃথকীকৃত। পৃথিবীর সবচেয়ে বেশি সালফার উৎপাদিত হয় এখানে।

সুয়েজ খাল ঃ মিশরে অবস্থিত পৃথিবীর অন্যতম গুরুত্বপূর্ণ কৃত্রিম জলপথ। ইহা ভূমধ্যসাগর ও লোহিত সাগরকে যুক্ত করেছে এবং আফ্রিকা ও এশিয়া মহাদেশকে পৃথক করেছে। ১৮৫৯ সালে এর খনন কাজ শুরু হয় এবং ১৮৬৯ সালে শেষ হয়। এর দৈর্ঘ্য ১৬২ কিমি., প্রস্থ ৪০ মি., গভীরতা ১০ মিটার। ১৯৫৬ সালে মিশরের তৎকালীন প্রেসিডেন্ট জামাল আবদেল নাসের জাতীয়করণ করেন। এই খাল পাড়ি দিতে প্রতিটি তেলবাহী জাহাজের লাগে ১২ থেকে ১৫ ঘণ্টা। বর্তমানে এটি "সুয়েজ ক্যানাল অথরিটি" নামক একটি সংস্থা কর্তৃক পরিচালিত।

ডেডসী ঃ জর্ডানে অবস্থিত পৃথিবীর আলোচিত সাগর যা মৃত সাগর নামে পরিচিত। এর অপর নাম মরু সাগর। এখানকার পানি পৃথিবীর সবচেয়ে লবনাক্ত। এখানে কখনও মানুষ অথবা কোন বস্তু ডুবেনা।

শাত-ইল-আরব ঃ ইউফ্রেটিস ও টাইগ্রিস নদীর মিলনস্থলে অবস্থিত একটি দ্বন্দ্বপূর্ণ দ্বীপ। এটি নিয়ে ইরাক এবং ইরানের মাঝে দ্বন্দ্ব রয়েছে। এই দ্বীপকে কেন্দ্র করে ১৯৭৫ সালে আলজিয়ার্স চুক্তি করা হয় কিন্তু ১৯৮০ সালে এই চুক্তি ভঙ্গ করে ইরাক ইরান যুদ্ধে লিপ্ত হয় যা ১৯৮৮ সাল পর্যন্ত চলে। এর দৈর্ঘ্য ২১৯ কিমি., প্রস্থ ৪০/৫৪ কিমি.।

আব-মুসা দ্বীপঃ পারস্য উপসাগরের হরমুজ প্রণালীতে অবস্থিত একটি দ্বন্দ্বপূর্ণ দ্বীপ যা নিয়ে ইরান এবং সংযুক্ত আরব আমিরাতের মধ্যে বিরোধ রয়েছে। বর্তমানে এটি ইরানের নিয়ন্ত্রনে। এখানে ইরানের সামরিক ঘাঁটি আছে।

নাগার্গো কারাবাখঃ এটি একটি বিতর্কিত ছিটমহল। এটি নিয়ে আজারবাইজান এবং আর্মেনিয়ার মধ্যে বিরোধ রয়েছে। ছিটমহলটি আর্মেনিয়াম খ্রিষ্টান অধ্যুষিত হওয়া সত্ত্বেও এর নিয়ন্ত্রনভার আজারবাইজানের উপর দেওয়ায় এখানে রক্তক্ষয়ী যুদ্ধ সংঘটিত হয়। সহিংসতার কারণে এখানে প্রায় ১৫ হাজার লোক মারা গিয়েছে এবং ৯০ হাজার লোক ইরানে উদ্বাস্তু হয়েছে।

ককেশাস অঞ্চল ঃ রাশিয়ার ৪টি মুসলীম প্রদেশ। চেচনিয়া, দাগেস্তান, ইঙ্গোসেটিয়া, ওশেটিয়া। এরা ককেশাস পর্বতের পাদদেশে অবস্থিত বলে এদেরকে ককেশাস অঞ্চল বলে। সাম্প্রতিক সময়ে জর্জিয়ার অর্ন্তভুক্ত দক্ষিণ ওশেটিয়া ও আবখাজিয়াকে কেন্দ্র করে জর্জিয়া ও রাশিয়ার মধ্যে যুদ্ধ সংঘটিত হয়। অবশেষে ২৬ আগস্ট ২০০৮ রাশিয়া এই দুটি অঞ্চলের স্বাধীনতা ঘোষণা করে। ককেশাস অঞ্চলের মধ্যে অন্যতম গুরুত্বপূর্ণ হল চেচনিয়া যা ১৯৯১ সালে সোভিয়েত ইউনিয়নের পতনের সময় স্বাধীনতা ঘোষণা করে কিন্তু রাশিয়া এটি মেনে নেয়নি।

লাদাখ ঃ চীন এবং ভারতের মধ্যে বিরোধপূর্ণ স্থান। পাকিস্তানের সাথে কাশ্মীর নিয়ে যেমন ভারতের দ্বন্দ্ব রয়েছে ঠিক তেমনই চীনের সাথে লাদাখ নিয়ে ভারতের দ্বন্দ্ব রয়েছে। একে কেন্দ্র করে ১৯৬২ সালে চীন এবং ভারতের মধ্যে যুদ্ধ হয়। বর্তমানে এটি চীনের নিয়ন্ত্রনে রয়েছে।

কাশ্মীর ঃ দক্ষিণ এশিয়ার অন্যতম গুরুত্বপূর্ণ সংকট হলো কাশ্মীর সমস্যা। কাশ্মীরের ভারতীয় অংশের নাম জম্মু কাশ্মীর যার রাজধানী শ্রীনগর অন্যদিকে পাকিস্তানের অংশের নাম আজাদ কাশ্মীর রাজধানী মোজাফ্ফরাবাদ। ১৯৬৫ সালে কাশ্মীরকে কেন্দ্র করে ভারত ও পাকিস্তানের মধ্যে যুদ্ধ সংঘটিত হলে ১৯৬৬ সালে ১০ জানুয়ারী "তাসখন্ড" চুক্তি করা হয়।

দিয়াগো গর্সিয়া ঃ মরিশাসের চাগোজ দ্বীপপুঞ্জের অর্ন্তগত ক্ষুদ্রতম দ্বীপ দিয়াগো গর্সিয়া। এটি ব্রিটেন মরিশাসের কাছ থেকে জোর করে দখল করে নেয় এবং ১৯৭৪ সালে যুক্তরাষ্ট্রের কাছে লিজ দেয়। যুক্তরাষ্ট্র এখানে পারমানবিক অস্ত্র সজ্জিত নৌ ঘাঁটি স্থাপন করেছে। আয়তন ৫২ বর্গকিলোমিটার।

স্প্রাটলী দ্বীপপুঞ্জ ঃ দক্ষিণ চীন সাগরে অবস্থিত একটি বিরোধপূর্ণ দ্বীপ। এটি নিয়ে চীন এবং ভিয়েতনামের মধ্যে দ্বন্দ্ব রয়েছে। তেল সমৃদ্ধ এই দ্বীপটি ভারত মহাসাগর এবং প্রশান্ত মহাসাগরের মধ্যে সেতুবন্ধন হিসাবে কাজ করে। ৬টি দেশ মালিকানা দাবি করে।

মিন্দানাও দ্বীপ ঃ ফিলিপাইনের দক্ষিণে অবস্থিত মুসলিম অধ্যুষিত এখানকার স্বাধীনতাকামী সংগঠনের নাম MNLF (Moro National Liberation Front) এরা মিন্দানাও এর স্বাধীনতা চায়। ফিলিপাইনের তৎকালীন প্রেসিডেন্ট ফিদেল রামোস এদেরকে স্বায়ত্বশাসন দিয়েছেন।

আচেহ ঃ ইন্দোনেশিয়ার সুমাত্রা দ্বীপের উত্তরাংশে অবস্থিত একটি প্রদেশ। ইন্দোনেশিয়ার মোট জাতীয় আয়ের ৩০% এই প্রদেশ থেকে আসে। এখানকার স্বাধীনতাকামী সংগঠনের নাম "ফ্রি আচেহ মুভমেন্ট"। এর রাজধানী বান্দাআচেহ। এরা স্বায়ত্তশাসন চায়। ইন্দোনেশিয়ার তৎকালীন প্রেসিডেন্ট ড. আহমদ সুকর্ণ এই প্রদেশকে স্পেশাল জোন বা বিশেষ অঞ্চল ঘোষণা করেন।

ভ্লাদিভস্টক ঃ রাশিয়ার একটি অন্যতম গুরুত্বপূর্ণ বাণিজ্য বন্দর ও শহর। এখানে রাশিয়ার সামরিক এবং পারমানবিক ঘাঁটি আছে।

শাখালিন দ্বীপ ঃ রাশিয়ার একটি গুরুত্বপূর্ণ দ্বীপ। এটি পৃথিবীর সবচেয়ে বড় তাতার প্রণালী দ্বারা রাশিয়া থেকে পৃথক। এখানে রাশিয়ার সামরিক এবং পারমানবিক ঘাঁটি আছে।

হংকং ঃ চীনের দক্ষিণে ক্যান্টন নদীর তীরে অবস্থিত। এর আয়তন ১০০০ বর্গকিমি.। এর রাজধানী ভিক্টোরিয়া। ১৮৮৯ সালে চীন এটি বিট্রেনের কাছে ৯৯ বছরের জন্য লীজ দেয়। এখানকার অর্থনৈতিক ব্যবস্থা ধনতান্ত্রিক। এটি পৃথিবীর ৮ম বৃহত্তম বাণিজ্য কেন্দ্র। ১৯৯৯ সালের ১ জুলাই ব্রিটেন হংকংকে চীনের নিকট হস্তান্তর করে।

ম্যাকাও ঃ সাবেক পর্তুগীজ কলোনী। ৪৪২ বছর এটি পর্তুগালের নিয়ন্ত্রনে ছিল। এখানকার অর্থনৈতিক ব্যবস্থা

RAISUL ISLAM HRIDOY

ধনতান্ত্রিক। মূলত হংকং এবং ম্যাকাও এর কারণে চীনকে "এক দেশ দুই নীতি" বা "এক শিশু দুই নীতি" এর দেশ বলা হয়। ১৯৯৯ সালের ১৯ ডিসেম্বর পর্তুগাল ম্যাকাওকে চীনের নিকট হস্তান্তর করে। ২০৪৭ সালে এক দেশ দুই নীতির সমাপ্তি ঘটবে।

তিয়েন অ্যানম্যান স্কয়ার ঃ চীনের রাজধানী বেইজিং এর নিকট অবস্থিত ঐতিহাসিক গুরুত্বপূর্ণ স্থান। ১৯৪৯ সালের ১লা অক্টোবর এখানে দাঁড়িয়ে চীনা সমাজতন্ত্রের জনক মাও সেতুং চীনকে সমাজতান্ত্রিক রাষ্ট্র হিসাবে ঘোষণা করেছিলেন। ১৯৮৯ সালে এখানে ছাত্র বিক্ষোভ ঘটে।

কুড়িল/কিউরিল দ্বীপপুঞ্জ ঃ রাশিয়া এবং জাপানের মধ্যকার বিরোধপূর্ণ দ্বীপ। পূর্ব প্রশান্ত মহাসাগরে অবস্থিত। ১৯৪৫ সালে রাশিয়া এটি জাপানের কাছ থেকে জোর করে দখল করে নেয়। বর্তমানে এটি রাশিয়ার নিয়ন্ত্রনে।

ওকিনাওয়াঃ পূর্ব চীন সাগরে অবস্থিত জাপানের একটি গুরুত্বপূর্ণ দ্বীপ। জাপান থেকে ৩০০ মাইল দক্ষিণে অবস্থিত। ২য় বিশ্বযুদ্ধের পর যুক্তরাষ্ট্র এটি জোর করে দখল করে নেয়। ১৯৭০ সালে যুক্তরাষ্ট্র এটি ফেরত দেয়।

হিরোশিমা ও নাগাসাকি ঃ হিরোশিমা জাপানের হোনসু দ্বীপে অবস্থিত একটি গুরুত্বপূর্ণ শহর। ১৯৪৫ সালের ৬ আগস্ট এই শহরে যুক্তরাষ্ট্র 'লিটলবয়' নামক বোমা নিক্ষেপ করে। জাপানের কিয়োসু দ্বীপে অবস্থিত গুরুত্বপূর্ণ শহর নাগাসাকি। ১৯৪৫ সালের ৯ আগস্ট নাগাসাকিতে 'ফ্যাটম্যান' নামক বোমা নিক্ষেপ করা হয়।

প্যারোলেস দ্বীপ ঃ তাইপে/ফরমোজা প্রণালীতে অবস্থিত একটি বিরোধপূর্ণ দ্বীপ। এই দ্বীপ নিয়ে চীন এবং তাইওয়ানের মাঝে রয়েছে। বর্তমানে এটি চীনের অধীনে।

সুবিক-বেঃ দক্ষিণ চীন সাগরে ফিলিপাইনে অবস্থিত সাবেক মার্কিন নৌ–ঘাঁটি। ১৯৯২ সালে ফিলিপাইনের জনগণের আন্দোলনের মুখে যুক্তরাষ্ট্র এটি তুলে নিতে বাধ্য হয়। বর্তমানে সিঙ্গাপুরে রয়েছে।

জাফনা উপদ্বীপ ঃ শ্রীলংকার উত্তর পশ্চিমাংশে পক প্রণালীতে অবস্থিত। এরা স্বাধীনতার জন্য আন্দোলন করে। ১৯৭৮ সালে এই উপদ্বীপের একটি পুলিশ ফাঁড়ি আক্রমণের মধ্য দিয়ে LTTE আত্মপ্রকাশ করে।

তাইওয়ান ঃ তাইপে প্রণালী দ্বারা এটি চীন থেকে পৃথক। ১৯৪৫ সালের পূর্ব পর্যন্ত এটি জাপানের নিয়ন্ত্রণে ছিল। এখানে ৪৩ বছর জরুরি অবস্থা চালু ছিল, যার অবসান ঘটে ১৯৯১ সালে। ১৯৫০ সালে এটি জাতিসংঘের সদস্যপদ লাভ করে। ১৯৭১ সালের ২৫ অক্টোবর জাতিসংঘ থেকে বহিস্কৃত হয়।

পূর্ব তিমুর ঃ সাবেক পর্তুগীজ কলোনী। ১৯৭৫ সালে পর্তুগীজরা চলে গেলে ইন্দোনেশিয়া এটি দখল করে নেয়। ২০০২ সালের ২০ মে ইন্দোনেশিয়ার কাছ থেকে স্বাধীনতা লাভ করে। ২০০২ সালের ২৭ সেপ্টেম্বর জাতিসংঘের ১৯১তম সদস্য হিসাবে অন্তর্ভুক্ত হয়।

চেচনিয়া ঃ রাশিয়ার ককেশাস অঞ্চলে অবস্থিত একটি মুসলিম অধ্যুষিত প্রদেশ। এরা স্বাধীনতা চায়। ১৯৯১ সালের ২৫ ডিসেম্বর সোভিয়েত ইউনিয়ন ভেঙ্গে গেলে চেচনিয়ার তৎকালীন প্রধান জোখার দুদায়েভের নেতৃত্বে স্বাধীনতা ঘোষণা করে কিন্তু রাশিয়া এটি মেনে নেয়নি। এর রাজধানী গ্রোজনী।

দক্ষিণ ওসেটিয়া এবং আবখাজিয়া ঃ জর্জিয়ার দুটো গুরুত্বপূর্ণ প্রদেশ। দক্ষিণ ওসেটিয়ার রাজধানী তাসখিনভ্যালি এবং অবেখাজিয়ার রাজধানী সুখুমি। এই দুটো প্রদেশকে কেন্দ্র করে রাশিয়া এবং জর্জিয়ার মধ্যে যুদ্ধ হয়। ২০০৮ সালের ২৬ আগস্ট রাশিয়ার তৎকালীন প্রেসিডেন্ট (বর্তমান প্রধানমন্ত্রী) দিমিত্রি মেদভেদেভ এই দুটি প্রদেশের স্বাধীনতা ঘোষণা করেন। সম্প্রতি মধ্য আমেরিকার দেশ নিকারাগুয়া এদেরকে স্বীকৃতি দিয়েছে।

দারফুর ঃ সুদানের পশ্চিমাংশে চাদ এবং মধ্য আফ্রিকার প্রজাতন্ত্রের সীমান্তে অবস্থিত। এখানে অ্যারাবিয়ান কৃষ্ণাঙ্গ এবং আফ্রিকান কৃষ্ণাঙ্গ দুটি জাতি বাস করে। এখানকার মূল সমস্যা জাতিগত দাঙ্গা এবং বর্ণবাদ।

মন্টিনিগ্রো ঃ সার্বিয়ার কাছ থেকে ২০০৬ সালের ৩ জুন স্বাধীনতা লাভ করে এবং ২০০৬ সালের ২৮ জুন জাতিসংঘের ১৯২তম সদস্যপদ লাভ করে। এর রাজধানী পোডগারিকো।

কসোভো ঃ ২০০৮ সালের ১৭ ফেব্রুয়ারি সার্বিয়ার কাছ থেকে স্বাধীনতা লাভ করে। এটি পৃথিবীর ১৯৪তম স্বাধীন দেশ। কসোভোর রাজধানী প্রিস্টিনা। একে প্রথম স্বীকৃতি দানকারী দেশ আফগানিস্তান। স্বীকৃতিদানকারী দেশ ৪৬টি।

ভ্যাটিক্যান ঃ ইটালীর মূল ভূ–খন্ডে অবস্থিত একটি স্বাধীন এবং সার্বভৌম দেশ। এটি পৃথিবীর একমাত্র পোপশাসিত এবং নারীশূণ্য দেশ। পৃথিবীর সবচেয়ে ক্ষুদ্রতম রাষ্ট্র যার আয়তন ০.৪৪ বর্গকিমি. (১০৭ একর)। জনসংখ্যা ১০০০ জন প্রায়। ১৯২৯ সালে এটি ইটালীর কাছ স্বাধীনতা লাভ করে। এটি একমাত্র দেশ যা স্বাধীন ও সার্বভৌম হওয়া সত্ত্বেও জাতিসংঘের সদস্য নয়।

আন্তর্জাতিক চুক্তি

তাসখন্দ চুক্তি ঃ ১০ জানুয়ারি, ১৯৬৬ সালে ভারত পাকিস্তানের মধ্যে উজবেকিস্থানের রাজধানী তাসখন্ডে এ চুক্তি হয়। ১৯৬৫ সালে কাশ্মীর (কারগিল) কে কেন্দ্র করে ভারত পাকিস্তানের মধ্যে যুদ্ধ হয়।

সিমলা চুক্তিঃ ৩ জুলাই, ১৯৭২ সালে ভারত পাকিস্তানের মধ্যে ভারতের হিমাচল প্রদেশের রাজধানী সিমলায় বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধকে কেন্দ্র করে এ চুক্তি হয়।

ভারত-সোভিয়েত চুক্তি ঃ ৯ আগস্ট, ১৯৭১ সালে ভারত সোভিয়েত ইউনিয়নের মধ্যে বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধকে কেন্দ্র করে নয়াদিলণ্ডীতে এ চুক্তি সম্পাদিত হয়।

বাংলাদেশ-ভারত মৈত্রী চুক্তিঃ ১৯ মার্চ, ১৯৭২ সালে ভারত ও বাংলাদেশের মধ্যে বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধকে কেন্দ্র করে নয়াদিলণ্টীতে এ চুক্তি সম্পাদিত হয়।

প্রথম ভার্সাই চুক্তিঃ ১৭৮০ সালের ২৫ জুলাই ব্রিটেন ও যুক্তরাষ্ট্রের মধ্যে মার্কিন যুক্তরাষ্ট্রের স্বাধীনতা যুদ্ধকে কেন্দ্র করে ফ্রান্সের ভার্সাই নগরীতে এই চুক্তি সম্পাদিত হয়।

দ্বিতীয় ভার্সাই চুক্তি ঃ ২৮ জুলাই, ১৯১৯ সালে মিত্র শক্তি এবং অক্ষশক্তির মধ্যে প্রথম বিশ্ব যুদ্ধকে কেন্দ্র করে ফ্রান্সের ভার্সাই নগরীতে এই চুক্তি সম্পাদিত হয়।

আটলান্টিক সনদ চুক্তিঃ ১৪ আগস্ট, ১৯৪১ সালে আটলান্টিক মহাসাগরে (প্রিন্সেস অব ওয়েলস নামক রণতরীতে) দ্বিতীয় বিশ্বযুদ্ধকে কেন্দ্র করে এই চুক্তি সম্পাদিত হয়। এখানে স্বাক্ষরকারী হলেন তৎকালীন ব্রিটিশ প্রধানমন্ত্রী স্যার উইনস্টোন চার্চিল এবং যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ফ্রাঙ্কলিন ডি রুজভেল্ট।

ডেটন শান্তি চুক্তি ঃ ১৪ ডিসেম্বর, ১৯৯৫ সালে বসনিয়া ও সার্বিয়া-ক্রোয়েশিয়ার মধ্যে যুদ্ধকে কেন্দ্র করে যুক্তরাষ্ট্রের ওহিও অঙ্গরাজ্যের রাজধানী ডেটনে এই শান্তি চুক্তি সম্পাদিত হয়।

ক্যাম্প ডেভিড চুক্তিঃ ১৭ সেপ্টেম্বর, ১৯৭৮ সালে মিশর এবং ইসরাইলের মধ্যে মার্কিন প্রেসিডেন্টের অবকাশকালীন বাসভবন

RAISUL ISLAM HRIDOY

মেরিল্যান্ডের ক্যাম্পডেভিডে এই চুক্তি সম্পাদিত হয়। এখানে মধ্যস্থতা করেন মার্কিন প্রেসিডেন্ট জিমি কার্টার। এই চুক্তি স্বাক্ষরের ফলে মিশরকে OIC-এবং আরবলীগ থেকে বহিস্কার করা হয়।

ওয়েই-রিভার-১ চুক্তিঃ ২৩ অক্টোবর ১৯৯৮ সালে ইসরাইল ও ফিলিস্তিনের মধ্যে মেরিল্যান্ডের ওয়েই-রিভার কনফারেন্স সেন্টারে এ চুক্তি সম্পাদিত হয়। এখানে নেতৃত্ব দেন মার্কিন প্রেসিডেন্ট বিল ক্লিনটন। এই চুক্তি অনুসারে ফিলিস্তিন ১৩ শতাংশ জমি ইসরাইলের নিকট থেকে ফেরত পায়।

ওয়েই রিভার-২ চুক্তিঃ ৪ সেপ্টেম্বর, ১৯৯৯ ইসরাইল ও ফিলিস্তিনের মধ্যে মিশরের সুয়েজখালের তীরবর্তী অবকাশযাপন কেন্দ্র শারম-আলশেখে এই চুক্তি সম্পাদিত হয়।

প্যালেস্টাইন-ইসরাইল (পারস্পারিক স্বীকৃতি চুক্তি)ঃ ১০ সেপ্টেম্বর ১৯৯৩ সালে ইসরাইল ও ফিলিস্তিনের মধ্যে এই চুক্তি সম্পাদিত হয়।

প্যালেস্টাইন স্বায়ত্তশাসন চুক্তি ঃ ১৩ সেপ্টেম্বর, ১৯৯৩ সালে ইসরাইল ও ফিলিস্তিনের মধ্যে এই চুক্তি সম্পাদিত হয়।

হেবরন চুক্তি ঃ ১৫ জানুয়ারি, ১৯৯৭ সালে এই চুক্তি সম্পাদিত হয়। এই চুক্তি অনুযায়ী প্যালেস্টাইন হেবরন ফেরত পায়।

বিশ্ব উষ্ণতা রোধ চুক্তি (কিউটো প্রটোকল) ঃ ১১ ডিসেম্বর, ১৯৯৭ সালে জাপানের কিউটো শহরে ১৭৪টি দেশের মধ্যে এই চুক্তি সম্পাদিত হয়। এখানে যুক্তরাষ্ট্র স্বাক্ষর করেনি।

SALT-1: (Strategic Arms Limitation Treaty): ২৭ মে ১৯৭২ সালে সোভিয়েত ইউনিয়ন ও যুক্তরাষ্ট্রের মধ্যে এই চুক্তি সম্পাদিত হয়।

SALT-2 (Strategic Arms Limitation Treaty): ১৮ জুন, ১৯৭৯ সালে সোভিয়েত ইউনিয়ন ও যুক্তরাষ্ট্রের মধ্যে এই চুক্তি সম্পাদিত হয়।

CTBT (Comprehensive nuclear test ban treaty): CTBT চুক্তিটি ২৪ সেপ্টেম্বর, ১৯৯৬ সালে সম্পাদিত হয়।

ম্যাসট্রিক্ট চুক্তিঃ ৭ ফেব্রুয়ারি, ১৯৯২ সালে ইউরো মুদ্রা চালু হবে কি না। এ নিয়ে নেদারল্যান্ডের ম্যাসট্রিকস শহরে ইউরোপের ২৭টি দেশের মধ্যে এই চুক্তি সম্পাদিত হয়।

প্যারিস চুক্তিঃ ১৯৭৩ সালে প্যারিসে আমেরিকা–ভিয়েতনামের মধ্যে চুক্তি হয়।

জেনেভা কনভেনশনঃ ১৯৪৯ সালের ১২ আগস্ট ৫৮টি দেশের মধ্যে এই চুক্তি অনুষ্ঠিত হয়।

আয়ারল্যান্ড শান্তি চুক্তিঃ ১৯৯৮ সালের ১০ এপ্রিল উত্তর আয়ারল্যান্ড ও দক্ষিণ আয়ারল্যান্ডের মধ্যে এই চুক্তি সম্পাদিত হয়।

বিবিধ

কিছু গুরুত্বপূর্ণ ভৌগলিক বিষয়:

১. বিশ্বের সবচেয়ে সরু রাষ্ট্র চিলি। এটি দক্ষিণ আমেরিকার একটি পশ্চিম উপকূলীয় সরু রাষ্ট্র।
২. সর্বাধিক জনবসতি'র দ্বীপপুঞ্জের দেশ ইন্দোনেশিয়া ।
৩. বিশ্বের সবচেয়ে উষ্ণ এবং শীতলতম স্থান যথাক্রমে লিবিয়ার আজিজিয়া এবং রাশিয়ার ভার্খয়নস্ক।
৪. পৃথিবীর সবচেয়ে উত্তরের নগরী নরওয়ের হ্যামারফেস্ট এবং দক্ষিণে চিলির পুর্য়োরতো উইলিয়াম
৫. পৃথিবীর বৃহত্তম নদী আমাজান, যৌথ ভাবে দৈর্ঘ্যে মিসিসিপি-মিসৌরি ও একক ভাবে নীল নদী এবং সবচেয়ে ক্ষুদ্রতম নদী রো।
৬. বিশ্বের সবচেয়ে প্রাচীন বিশ্ববিদ্যালয় মরক্কোর কারুইন।
৭. বিশ্বের উচ্চতম রাজধানী বলিভিয়ার রাজধানী লাপাজ।
৮. বিশ্বের সবচেয়ে বড় কিনে নেওয়া অঞ্চল আলাস্কা। এটি মার্কিন যুক্তরাষ্ট্র রাশিয়ার নিকট থেকে কিনে নেয়।
৯. বিশ্বের সবচেয়ে বড় অভিবাসীর দেশ মার্কিন যুক্তরাষ্ট্র সেখানে সবচেয়ে বেশি অভিবাসী বাস করে।
১০. ফিজি এমন একটি দেশ যেখানে মূল জনগোষ্ঠি বা যে কোন গোষ্ঠির থেকে বেশি ভারতের লোক বাস করে।
১১. বিশ্বের সবচেয়ে বেশি জাতি ও ভাষার লোক বসবাস করে ভারতে।
১২. বিশ্বের সবচেয়ে বিখ্যাত জলপ্রপাত নায়াগ্রা ফলস্ । প্রাকৃতিক কোন বিষয়ে সবচেয়ে বেশি দর্শনার্থী নায়াগ্রা ফলস্ দেখতে যায়।
১৩. বিশ্বের সবচেয়ে গুরুত্বপূর্ণ নদী নীল। সর্বোচ্চ ১১টি দেশের ওপর দিয়ে প্রবাহিত।
১৪. এই নদীর পানিবণ্টন নিয়ে ১১টি দেশের মধ্যে টানাপোড়া চলছে। না থাকলে দেশ দশটি দুই একটি মরুদ্যানসহ একটি বিশাল মরুভূমি হয়ে থাকত।
১৫. বিশ্বের সবচেয়ে বেশি জনমানব শূণ্য দীর্ঘ এলাকা রাশিয়ার সাইবেরিয়াতে অবস্থিত।
১৬. মহাদেশ হিসেবে সবচেয়ে জনমানব শূণ্য অঞ্চল এ্যান্টার্টিকা মহাদেশ ও গ্রীনল্যান্ড।
১৭. কোন গুরুত্বপূর্ণ রাজনৈতিক ও গোলযোগপূর্ণ অঞ্চল হিসেব সর্বোচ্চ গুরুত্বে আছে সাত-ইল-আরব, সিনাই উপত্যকা, জেরুজালেম ও গোলান মালভূমি।
১৮. বিশ্বের একটি অন্যতম বৃহত্তম রাষ্ট্র সৌদি আরব। কিন্তু এই দেশে কোন নদী নাই।
১৯. একক ক্ষুদ্রতম দেশ হিসেবে বিশ্বে সবচেয়ে বেশি নদী আছে বাংলাদেশে।
২০. একটি ক্ষুদ্রতম ভৌগলিক স্থান হিসেবে বিশ্বের সবচেয়ে বেশি নদী আছে বাংলাদেশের দক্ষিণে সুন্দর বন অঞ্চলে।

- বিশ্বের সবচেয়ে বন্য পরিবেশ কোথায় অবস্থিত?
  ক) কানাডা খ) আলাস্কা
  গ) অ্যান্টার্কটিকা✓ ঘ) সুদান

বিশ্বে প্রথম

- যুক্তরাষ্ট্রের প্রথম প্রেসিডেন্ট জর্জ ওয়াশিংটন।
- বাংলাদেশের প্রথম প্রেসিডেন্ট শেখ মুজিবুর রহমান।
- প্রথম ক্লোনিং করা প্রাণীর নাম ডলি।
- বিশ্বের প্রথম নারী প্রধানমন্ত্রী শ্রীমাভো বন্দরনায়েকে।
- এশিয়ার প্রথম নোবেল বিজয়ী রবীন্দ্রনাথ ঠাকুর।
- বিশ্বের প্রথম নারী প্রেসিডেন্ট ইসাবেলা প্রেরন।
- গণচীনের প্রথম প্রেসিডেন্ট ড. সান ইয়াৎ সেন।
- গণচীনের কম্যুনিস্ট চেয়ারম্যান মাও সে তুং।
- ইউরোপের প্রথম চীনা পরিব্রাজক মার্কো পোলো।
- প্রথম ইউরোপীয় ভারত আক্রমনকারী আলেকজান্ডার।
- বাংলাদেশে আসা প্রথম ব্রিটিশ প্রধানমন্ত্রী জেমস কালাহান।
- চাঁদে পা রাখা প্রথম নভোচারী যুক্তরাষ্ট্রের নিল আর্মস্ট্রং।

RAISUL ISLAM HRIDOY

- প্রথম মহাকাশ গমনকারী পুরুষ রাশিয়ার ইউরি গ্যাগারিন।
- প্রথম মহাকাশচারী মহিলা রাশিয়ার ভ্যালেন্তিনা তেরেসকোভা।
- ভারতের প্রথম প্রধানমন্ত্রী জওহর লাল নেহেরু।
- ভারতের প্রথম মুসলিম প্রেসিডেন্ট ড. জাকির হোসেন।
- প্রথম পশু ক্লোনিং করে ড. আয়ান উইল মুট।
- ভারতে আগমনকারী চীনা পরিব্রাজক ফা হিয়েন।
- প্রথম বাংলাদেশে আগমনকারী বিদেশী প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধী।
- বাংলাদেশে আগমনকারী প্রথম যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ক্লিনটন।
- মহাকাশে ভ্রমনকারী প্রথম পর্যটক ডেনিস টিটো।

♦ গণচীনের প্রথম প্রেসিডেন্ট কে ছিলেন?
ক) সান ইয়াৎ সেন✓ খ) মাও সে তুং
গ) ঝুয়াং জো ঘ) কাই শিয়াং

বিশ্বসভ্যতার ইতিহাস
মিশরীয় ও মেসোপটেমীয় সভ্যতা

১. বিশ্ব সভ্যতার যাত্রা শুরু হয় ৫০০০ বছর আগে।
২. ভারতীয় উপমহাদেশের প্রথম সভ্যতার নাম মহেঞ্জোদারো ও হরপ্পা সভ্যতা।
৩. ঐতিহাসিক হেরোডেটাস মিশরকে বলেছিলেন "মিশর নীল নদের দান"
৪. প্রাচীনকালে আফ্রিকাকে বলা হতো "অন্ধকারাচ্ছন্ন মহাদেশ"।
৫. বেকার, স্ট্রানলি, লিভিংস্টোন ইত্যাদি পর্যটকরা আফ্রিকাকে মানুষের কাছে পরিচিত করে।
৬. পৃথিবীর প্রথম সভ্যতাগুলোর একটি মিশরীয় সভ্যতা।
৭. রাজা মেনেস সর্বপ্রথম উচ্চ ও নিম্ন মিশরকে একত্রিত করে মিশরীয় সভ্যতার বিকাশ করেন।
৮. মিশরের নীল নদের দেবতা এবং কৃষির দেবতা ছিলেন ওসিরিস।
৯. মিশরের সুর্য বা শক্তির দেবতা ছিলেন আমন রে, বা রে।
১০. প্রাচীন মিশরের লিপির নাম ছিল "হায়ারোগিণ্ডফিক্স"। এটি একটি চিত্র ভিত্তিক লিখন পদ্ধতি।
১১. জ্যাঁ ফ্রাঁসোয়া চ্যামপোলিয়ন নামক একজন ফরাসী পন্ডিত হায়ারোগিণ্ডফিক্স এর পাঠোদ্ধার করেন।
১২. প্রাচীন মিশরীয়রা লিখার জন্য প্যাপিরাস রোল ব্যবহার করত।
১৩. প্রাচীন মিশরীয় সম্রাটদের বলা হত "ফারাও"।
১৪. প্রাচীন মিশরীয়রা পিরামিড নামক একটি বিশাল ত্রিভূজাকৃতির মন্দির ব্যবহার করত। সেখানে তারা মৃত্যুর পর লাশকে সংরক্ষন করে রাখত।
১৫. মিশরীয়দের স্থাপত্য বিদ্যার অন্যতম নির্দশন স্ফিংকস। এটি সিংহ আকৃতির একটি বিশাল মূর্ত্তি।
১৬. মিশরীয়দের বিশ্বাস ছিল যে, স্ফিংকস তাদের পিরামিডগুলোকে পাহারা দেবে।
১৭. বিশ্বসভ্যতার ইতিহাসে প্রথম মহিলা শাসক প্রাচীন মিশরের হ্যাটাসিপটু।
১৮. বিখ্যাত "সার্পেন্ট অব নাইল" বলা হতো মিশরের রানী ক্লিউপেট্রাকে।
১৯. মিশরের সবচেয়ে বড় পিরামিড টি ছিল ফারাও খুফুর পিরামিড।
২০. খুফুর পিরামিডের উচ্চতা ছিল সাড়ে চারশ ফুট।
২১. বিশ্বের প্রথম পালতোলা জাহাজ আবিষ্কার করেন মিশরীয়রা।
২২. আলেকজান্ডার কর্তৃক মিশরের প্রতিষ্ঠিত নগরীর নাম আলেকজান্দ্রিয়া।
২৩. বিখ্যাত সপ্তাশ্চর্য্যর একটি "আলেকজান্দ্রিয়ার বাতিঘর" মিশরে অবস্থিত।
২৪. "বাজারের শহর" বলা হয় মিশরের রাজধানী কায়রোকে।
২৫. বিশ্বের ইতিহাসে প্রথম পরকাল সর্ম্পকে ধারণা প্রদান করে প্রাচীন মিশরীয়রা।
২৬. ইতিহাস বিখ্যাত "ফেরাউন" বলা হত ফারাও রামসেস -২ কে।
২৭. ইউসুফ আ. একজন ফারাও ছিলেন।
২৮. ফারাওদের অত্যাচারের হাত থেকে বনী ইসরাইলীদের উদ্ধার করেন মুসা আ.।
২৯. প্রাচীন মিশরীয় সমাজ ছিল মাতৃতান্ত্রিক।

♦ বিখ্যাত ফারাও বা ফেরাউন উপাধীর সম্রাটের কোন দেশের সাথে যুক্ত?
ক) মিশর✓ খ) মেসোপটেমিয়া
গ) চীন ঘ) রোমান

টাইগ্রিস ও ইউফ্রেতিস সভ্যতাসমূহ:

১. বর্তমান মেসোপটেমিয়া অবস্থিত ইরাকে।
২. মেসোপটেমিয়ার সবচেয়ে প্রাচীন সভ্যতা সুমেরীয় সভ্যতা।
৩. সুমেরীয়দের বিশ্ববিখ্যাত মন্দিরকে বলা হয় "জিগুরাত"।
৪. সুমেরীয়দের প্রধান দেবতা ছিল 'নার্গাল'।
৫. সুমেরীয় রাজার পদবী ছিল লুগাস।
৬. পাটিগণিতের গুণ পদ্ধতির আবিষ্কারক মেসোপটেমিয়রা।
৭. বিশ্বের অন্যতম বিখ্যাত মহাকাব্য "এপিক অব গিলগামেস" সুমেরীয় সভ্যতার।
৮. ব্যাবিলনীয় সভ্যতার স্থপতি ছিল - হাম্বুরাবি।
৯. সর্বপ্রথম ক্যালেন্ডারের প্রচলন করেন ব্যাবিলনীয়রা।
১০. ব্যাবিলনীয়দের লিখন পদ্ধতির নাম ছিল 'কিউনিফর্ম'।
১১. তাদের প্রধান দেবতার নাম ছিল 'মারডুক'।
১২. বিশ্বখ্যাত "কোড অব হাম্বুরাবি" তৈরি করেছিলেন প্রাচীন ব্যাবিলনীয় সম্রাট হাম্বুরাবি।
১৩. সপ্তাশ্চর্যের একটি ব্যাবিলনীয় শূন্য উদ্যান নির্মাণ করে সম্রাট নেবুচাদনেজার।
১৪. তাইগ্রিস ও ইউফ্রেতিস সভ্যতার অন্যতম সভ্যতা ছিল আশেরীয় সভ্যতা।
১৫. প্রথম অক্ষাংশ ও দ্রাঘিমাংশ সর্ম্পকে ধারণা প্রদান করেন আশেরীয়রা।
১৬. বৃত্তকে প্রথম ৩৬০ ডিগ্রিতে বিভক্ত করেন আশেরীয়রা।
১৭. আশেরীয়দের রাজধানী ছিল 'নিপ্পুর'।
১৮. আশেরীয়দের প্রধান দেবতা ছিল সুর্য দেবতা 'সামস্'।
১৯. ক্যালডিয়দের প্রধান দেবতার নাম ছিল 'জুপিটার'।
২০. প্রথম সপ্তাহকে সাত দিনে বিভক্ত করে ক্যালডিও রা।
২১. বিশ্বে প্রথম লৌহের ব্যবহার প্রচলন করে হিট্টাইটরা।

RAISUL ISLAM HRIDOY

♦ সুমেরিও-এ্যাসিরিও-ক্যালডিও-ব্যাবিলনিয় এই চারটি সভ্যতা কোন দেশ কেন্দ্রীক?
ক) গ্রিস খ) ইরাক✓
গ) ভারত ঘ) পারস্য

গ্রীক-রোমান-হিব্রু সভ্যতার তথ্যাবলী:

১. বিশ্বের প্রথম গণতন্ত্রের ধারণা পাওয়া যায় প্রাচীন গ্রীসে।
২. প্রাচীন গ্রীসের নগর রাষ্ট্রকে কেন্দ্র করে গণতান্ত্রিক রাষ্ট্র ব্যবস্থা গড়ে ওঠে।
৩. ইতিহাসের জনক বলা হয় প্রাচীন গ্রীসের হেরোডেটাসকে।
৪. বিজ্ঞান সম্মত ইতিহাসের জনক বলা হয় প্রাচীন গ্রীসের থুকিইডিসকে।
৫. উদ্ভিদ বিজ্ঞানের জনক প্রাচীন গ্রীসের থিউফস্টারস।
৬. প্রাণীবিজ্ঞান, রাস্ট্র বিজ্ঞানের জনক এ্যরিস্টেটল।
৭. দর্শনের জনক এ্যারিস্টেটলের গুরু পেণ্ডটো।
৮. আলেকজান্ডারের গৃহশিক্ষক ছিল বিখ্যাত পন্ডিত এ্যরিস্টেটল।
৯. বিশ্ববিজয়ী বীর আলেকজান্ডারের বাবা ছিল মেসিডোনিয়ার রাজা ফিলিপ।
১০. পৃথিবীর প্রথম মানচিত্র অংকন করেন গ্রিক জ্যোর্তিবিদেরা।
১১. গ্রিকদের প্রধান দেবতা ছিল জিউস। তাদের সমুদ্র দেবী হেরা।
১২. গ্রিকদের নগরের দেবী এথনা এবং প্রেমের দেবী আফ্রদিতি।
১৩. গ্রিকদের যুদ্ধের দেবতার নাম এ্যাপলো। তিনি বিখ্যাত ট্রয়ের যুদ্ধে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন বলে কথিত।
১৪. গ্রিকদের বিখ্যাত কবি হোমারকে বলা হতো 'ব- াইন্ডবার্ড'।
১৫. গ্রিকরা অলিম্পাস পর্বতকে খুব শ্রদ্ধা-ভক্তি করে। এটি তাদের নিকট ছিল পবিত্র পর্বত।
১৬. হেলেনিস্টিক সভ্যতা গড়ে উঠেছিল মিশরের আলেকজান্দ্রিয়াতে।
১৭. হেলিনিস্টিক সভ্যতা গড়ে তুলতে সবচেয়ে বেশি ভূমিকা পালন করেছিলেন আলেকজান্ডার দি গ্রেট।
১৮. অলিম্পিক খেলা শুরু হয় ৭৭৬ খ্রি: পূ:।
১৯. অলিম্পিক বিজয়ীদের মাথায় পরিয়ে দেওয়া হতো জলপাই পাতার মুকুট।
২০. বিশ্বখ্যাত ম্যারাথন দৌড় প্রাচীন গ্রিসের সাংস্কৃতিক অংশ।
২১. ম্যারাথন দৌড়টি গ্রিক ও পারসিকদের যুদ্ধ কেন্দ্রীক।
২২. গ্রিকদের বিখ্যাত মহাকাব্য হোমার রচিত ইলিয়াড এবং ওডিসি।
২৩. প্রাচীন বিশ্বের নাটক, উপন্যাস, মহাকাব্য ইত্যাদি গ্রিক সভ্যতার সৃষ্টি।
২৪. বিশ্বখ্যাত ট্রয় নগরীটি বর্তমান তুরস্কে অবস্থিত।
২৫. ইউরোপে রেনেসাঁ শুরু হয় চর্তুদশ শতাব্দীতে।
২৬. সনেটের জনক ইতালিক পেত্রাক ও বোক্কাসিও।
২৭. ইসা আ. জন্ম গ্রহণ করেন সম্রাট অগাস্টাম সিজারের সময়।
২৮. খ্রিস্টান ধর্মকে রাষ্ট্র ধর্মে পরিণত করেন সম্রাট কনটাস্টাইন।
২৯. রোমানদের প্রধান দেবতা ছিল জুপিটার।
৩০. রোম নগরীরর নামকরণ করা হয় ল্যাটিন রাজ রোমিউলাসের নামানুসারে।
৩১. রোমে দাস প্রথার বিলুপ্তি ঘটে রাজা অগাস্টাসের সময়।
৩২. বিশ্বের সপ্তাশ্চর্যের অন্যতম একটি প্রাচীন রোমের স্টেডিয়াম কলোসিয়াম
৩৩. বিশ্বের সবচেয়ে দীর্ঘস্থায়ী সভ্যতা রোমান সভ্যতা।
৩৪. বিখ্যাত মহাকাব্য ইনিড এর রচয়িতা ভার্জিল।
৩৫. রোমান সভ্যতা মূলত্ব দাস নির্ভর সভ্যতা ছিল।
৩৬. রোমান সভ্যতার ধংস্ব সাধন করেন রাজা হ্যানিবল।
৩৭. বিশ্ব সভ্যতার ইতিহাসে ফিনিসিয়ানদের সবচেয়ে বড় পরিচয় তারা জাহাজ নির্মাতা ও বাণিজ্য পরিচালনাকারী নাবিক।
৩৮. সভ্যতার ইতিহাসে ফিনিসিয়ানরা সবচেয়ে বড় অবদান রাখেন বর্ণমালা আবিষ্কার করে।
৩৯. ফিনিসিয়ানদের উদ্ভাবিত বর্ণমালার সাথে স্বরবর্ণ যোগ করে গ্রিকরা বর্ণমালাকে সর্ম্পন করেন।
৪০. ইউরোপীয়রা কাগজ,কলম, কালির ব্যবহার শেখে ফিনিসিয়ানদের নিকট থেকে।
৪১. ফিনিসিয়ানরা প্রাচীনকালে বসতি স্থাপন করেছিলেন লেবানন, ইসরাইল এবং সিনাই অঞ্চলে।
৪২. ফিনিসিয়ানরা তারকার মাধ্যমে দিক নির্ণয় পদ্ধতি আবিষ্কার করেন।

♦ বিখ্যাত হেলেনিক ও হেলেনিস্টিক সভ্যতা কোন দেশ কেন্দ্রীক?
ক) গ্রিস✓ খ) ইরাক
গ) ভারত ঘ) পারস্য

বিভিন্ন দেশের পুরাতন বর্তমান রাজধানী

বিদেশ	পূর্ব রাজধানী	বর্তমান রাজধানী
কঙ্গো	লিওপোল্ডভিলে	কিনসাসা
আইভরি কোস্ট	আবিদজান	ইয়ামুসুকরে
ঘানা	কেপ কোস্ট	আক্রা
গিনিবিসাউ	বোলামা	বিসাউ
নাইজেরিয়া	লাগোস	আবুজা
টোগো	অ্যানেহো	লোমে
ভারত	কলকাতা	নিউ দিলি-
ইন্দোনেশিয়া	বুকিটটিঙ্গি	জাকার্তা
জাপান	কিয়োটো	টোকিও
মিয়ানমার	ইয়াঙ্গুন	নাইপিদো
ফিলিপাইন	কুয়েজন সিটি	ম্যানিলা
শ্রীলংকা	কলম্বো, ক্যান্ডি	কোর্টে
আফগানিস্তান	কান্দাহার	কাবুল
ইরান	ইস্পাহান	তেহরান
ইসরাইল	হেবরন, তেলআবিব	জেরুজালেম
কাজাখস্তান	আলমাআতা	আস্তানা
ওমান	সালালাহ	মাস্কট

RAISUL ISLAM HRIDOY

বিসিএস ডাইজেস্ট

সৌদি আরব	দারিয়াহ	রিয়াদ	পেট্রোগ্রাদ	লেনিনগ্রাদ
ইয়েমেন	এডেন	সানাহ	পোলাঙ্কা	পোল্যান্ড
উজবেকিস্তান	সমরখন্দ	তাসখন্দ	হল্যান্ড	নেদারল্যান্ড
সুইডেন	সিগুনটা	স্টকহোম	কম্পুচিয়া	কম্বোডিয়া
ডেনমার্ক	রোজকিল্ড	কোপেন হেগেন	হেলভেটিয়া	সুইজারল্যান্ড
			ডায়েচল্যান্ড	জার্মানি
ব্রিটেন	উয়িনচেস্টার	লন্ডন	গল	ফ্রান্স
ফিনল্যান্ড	তার্কু	হেলসিঙ্কি	এলিস দ্বীপপুঞ্জ	টুভ্যালু
ইতালি	তুরিন, ফ্লোরেন্স	রোম	ক্যাথে	চীন
মাল্টা	এমদিনা	ভ্যালেটা		
রাশিয়া	সেন্ট পিটার্সবার্গ	মস্কো		
আলবেনিয়া	ভিলোরে	তিরানা		
ফিজি	লেভুকা	সুভা		
অস্ট্রেলিয়া	মেলবোর্ন	ক্যানবেরা		
নিউজিল্যান্ড	অকল্যান্ড	ওয়েলিংটন		
পালাউ	কোরর	মেলিকিওক		
মাইক্রোনেশিয়া	কোলোনিয়া	পালিকির		
মার্শাল দ্বীপপুঞ্জ	জাবর	মাজুরু		

পরিবর্তিত নতুন নাম

পুরোনো নাম	পরিবর্তিত নতুন নাম
উত্তর রোডেশিয়া	জাম্বিয়া
দক্ষিন রোডেশিয়া/রোডেশিয়া	জিম্বাবুয়ে
দক্ষিণ-পশ্চিম আফ্রিকা	নামিবিয়া
পূর্ব পাকিস্তান	বাংলাদেশ
হস্তিদন্ত উপকূল	আইভরি কোস্ট
আবিসিনিয়া	ইথিওপিয়া
জায়ারে/বেলজিয়ান কঙ্গো	ডেমোক্রেটিক রিপাবলিকম অব কঙ্গো
গিলবার্ট দ্বীপপুঞ্জ	রিপাবলিক অব কিরিবাতি
গোল্ড কোস্ট	ঘানা
জাঞ্জিবার ও ট্যাঙ্গানিকা	তানজানিয়া
ডাচ গায়ানা	সুরিনাম
ডাচ ইস্ট ইন্ডিয়া	ইন্দোনেশিয়া
দাহোমি	বেনিন
ফরমোজা	তাইওয়ান
বাসুতোল্যান্ড	লেসোথো
বাসুয়ানাল্যান্ড	বতসোয়ানা
ব্রিটিশ গায়ানা	গায়ানা
ব্রিটিশ হন্ডুরাস	বেলিজ
বার্মা	ময়ানমার
মালাগাছি	মাদাগাস্কার
মালয়	মালয়েশিয়া
মেসোপটেমিয়া	ইরাক
শ্যামা (Siam)	থাইল্যান্ড
সিংহল	শ্রীলঙ্কা
নিউ হেব্রিডিস	ভানুয়াতু
নিপ্পন	জাপান
পশ্চিম আফ্রিকা	এঙ্গোলা
পারস্য	ইরান

বিভিন্ন স্থানের পরিবর্তিত নতুন নাম

পুরোনো নাম	পরিবর্তিত নতুন নাম
অ্যাঙ্গোরা (তুরস্ক)	আঙ্কারা
জাহাঙ্গীরনগর	ঢাকা
ইসলামাবাদ	চট্টগ্রাম
কনস্ট্যান্টিনোপল	ইস্তাম্বুল
মাঞ্চুকু (চীন)	মাঞ্চুরিয়া
নিউ গিনি	পশ্চিম ইরিয়ান
স্যান্ডউইচ দ্বীপ	হাওয়াই দ্বীপ
নায়াসাল্যান্ড	মালাওয়ি
হস্তিনাপুর	দিলি-
বাটাভিয়া	জাকার্তা
কেপ কেনভিরাল	কেপ কেনেডি
খ্রিস্টিনা	অসলো
সায়গন	হোচিমিন সিটি
সলসবেরি	হারারে
স্ট্যালিনগ্রাদ	ভলগাগ্রাদ
পিকিং	বেইজিং
ইয়াসরিব	মদিনা
গ্রোজনী	জওহরনগর
রেঙ্গুন	ইয়াঙ্গুন

ভৌগোলিক উপনাম

এশিয়া

উপনাম	দেশ বা স্থান
প্রাচ্যের ড্যান্ডি	নারায়ণগঞ্জ(বাংলাদেশ)
গোলাপি শহর	রাজস্থান (ভারত)
ভূ-স্বর্গ	কাশ্মীর (ভারত)
ইউরোপের রুগ্ন মানুষ	তুরস্ক
মুক্তার দ্বীপ	বাহরাইন
পবিত্র দেশ	ফিলিস্তিন
পবিত্র ভূমি	জেরুজালেম
ভূমিকম্পের দেশ	জাপান
প্রাচীরের দেশ	চীন
নিষিদ্ধ নগরী	লাসা (তিব্বত)

RAISUL ISLAM HRIDOY

নিষিদ্ধ দেশ	তিব্বত
সকালবেলার শান্তি	কোরিয়া
শান্তি দেশ/শান্তি সকালের দেশ	কোরিয়া
সাদা হাতির দেশ	থাইল্যান্ড

ইউরোপ

উপনাম	দেশ বা স্থান
সমুদ্রের বধূ	গ্রেট ব্রিটেন
পান্নার দ্বীপ	আয়ারল্যান্ড
ইউরোপের ককপিট/রণক্ষেত্র	বেলজিয়াম
ল্যান্ড অব মার্বেল/মার্বেলের দেশ	ইতালি
পোপের শহর	ভ্যাটিকান
চির শান্তি শহর	রোম (ইতালি)
সাত পাহাড়ের শহর	রোম (ইতালি)
নিশীথ সূযের দেশ	নরওয়ে
উত্তরের ভেনিস	স্টকহোম (সুইডেন)

আফ্রিকা

উপনাম	দেশ বা স্থান
বাজারের শহর	কায়রো(মিশর)
রৌপ্যের শহর	আলজিয়ার্স (আলজেরিয়া)
অন্ধকারাচ্ছন্ন মহাদেশ	আফ্রিকা
স্বর্ণ নগরী	জোহানেসবার্গ (দ.আফ্রিকা)
চির সবুজের দেশ	নাটাল

আমেরিকা

উপনাম	দেশ বা স্থান
ম্যাপল পাতার দেশ	কানাডা
লিলি ফুলের দেশ	কানাডা
পৃথিবীর চিনির আঁধার	কিউবা
উদ্যানের শহর	শিকাগো (যুক্তরাষ্ট্র)
পৃথিবীর কসাইখানা	শিকাগো (যুক্তরাষ্ট্র)
বিশ্বের রুটির দেশ	উত্তর আমেরিকার প্রেইরি
চির বসন্তের নগরী	কিটো (ইকুয়েডর)

ওশেনিয়া

উপনাম	দেশ বা স্থান
দক্ষিণের রানী	সিডনি (অস্ট্রেলিয়া)
ক্যাঙ্গারুর দেশ	অস্ট্রেলিয়া
পশমের দেশ	অস্ট্রেলিয়া
নীল দেশ	নীলগিরি পাহাড়

সীমা চিহ্নিতকরণ রেখা

নাম	ইংরেজি নাম	যে দেশ চিহ্নিত করেছে
ম্যাকমোহন লাইন	McMahon Line	ভারত ও চীন
লাইন অব একচুয়াল কন্ট্রোল	Line of Actual Control (LAC)	ভারত ও চীন
লাইন অব কন্ট্রোল	Line of Control (LOC)	ভারত ও পাকিস্তান
র‍্যাডক্লিফ লাইন	Radcliffe Line	ভারত ও পাকিস্তান/ বাংলাদেশ – ভারত/ বাংলাদেশ - মিয়ানমার।
ডুরান্ড লাইন	Durand Line	ভারত ও আফগানিস্তান
সিগফ্রিড লাইন	Siegfried Line	জার্মানি - ফ্রান্স
ম্যাজিনো লাইন	Maginot Line	জার্মানি - ফ্রান্স
হিন্ডারবার্গ লাইন	Hinderburg Line	জার্মানি ও পোল্যান্ড
ব-ু লাইন	Blue Line	লেবানন ও ইসরাইল
কার্জন লাইন	Curzon Line	পোল্যান্ড ও রাশিয়া
ফচ লাইন	Foch Line	পোল্যান্ড ও লিথুয়ানিয়া
লাইন অব ডিমারকেশন	Line of Demarcation	পর্তুগাল - স্পেন
মিলিটারি ডিমারকেশন লাইন	Military Demarcation Line	উত্তর কোরিয়া ও দক্ষিণ কোরিয়া
নর্দান লিমিট লাইন	Northern (North) Line	উত্তর কোরিয়া ও দক্ষিণ কোরিয়া
গ্রিন লাইন	Green Line	ইসরাইল ও এর প্রতিবেশি দেশ
পারপল লাইন	Purple Line	ইসরাইল ও সিরিয়া
ওডের -নিস লাইন	Oder – Neisse Line	জার্মানি ও পোল্যান্ড
আলপাইন লাইন	Alpine Line	ইতালি ও ফ্রান্স
ম্যানারহেইম লাইন	Mannerheim Line	ফিনল্যান্ড - রাশিয়া
ম্যাকনামার লাইন	Mcnamara Line	উত্তর ও দক্ষিণ ভিয়েতনাম
সনোরা লাইন	Sonora Line	মেক্সিকো - যুক্তরাষ্ট্র

রাজনীতি ও কূটনীতি বিষয়ক পরিভাষাঃ

হাইকমিশনার ঃ ব্রিটিশ কমনওয়েলথভুক্ত রাষ্ট্রের যিনি Diplomat হিসেবে নিয়োগ পান তাকে হাইকমিশনার বলে। যেমন–ব্রিটেনের স্টিফান ইভান্স ।

RAISUL ISLAM HRIDOY

অ্যাম্বাসেডরঃ কমনওয়েলথ বহির্ভূত রাষ্ট্রে নিযুক্ত Diplomat কে অ্যাম্বাসেডর (Ambassador) যেমন–যুক্তরাষ্ট্রের জেমস এফ. মরিয়ার্টি।

নান্সিও (Nuncio): পোপের শান্তিদূতকে Nuncio বলে। এর অনুপস্থিতিতে যিনি দায়িত্ব পালন করেন তাকে ইন্টার ন্যান্সিও। তাদের অফিস এবং বাস ভবনকে বলা হয় The holy sea.

ডিপ্লোম্যাসি (Diplomacy): দুটি স্বাধীন ও সার্বভৌম রাষ্ট্রের মধ্যে কোন প্রকার যুদ্ধের উদ্রেক না করে দু'জন প্রতিনিধির মাধ্যমে নিজেদের স্বার্থ রক্ষার জন্য শান্তিপূর্ণ উপায়ে যে আলাপ আলোচনা তাকে Diplomacy বলে।

Sending and Receiving state: ডিপেণ্ডাম্যোট প্রেরণকারী রাষ্ট্রকে sending state এবং গ্রহণকারী রাষ্ট্রকে Receiving state বলে।

Accreditation (কূটনীতিকের নিয়োগপত্র)ঃ পররাষ্ট্র মন্ত্রনালয়ের সুপারিশক্রমে সংস্থাপন মন্ত্রনালয় ডিপেণ্ডাম্যাটকে যে নিয়োগ পত্র প্রদান করে তাকে Accreditation বলে।

Privileges: (কূটনৈতিকের বিশেষ সুযোগ সুবিধাসমূহ)ঃ Receiving state ডিপেণ্ডাম্যাটকে যে সকল সুযোগ সুবিধা প্রদান করে তাকে privileges বলে।

Attache (কূটনীতিকের বিশেষ সহকারী) ঃ education affairs, militancy affairs, cultural affairs এবং labour affairs এই চারটি বিষয়ে সর্বোচ্চ ৪ জন এবং সর্বনিম্ন ১জন যারা দেখাশোনা করেন তাকে/তাদেরকে Attace (অ্যাটাশে) বলে।

Consul (অর্থনৈতিক পরামর্শ দাতা): যিনি আর্থিক এবং বাণিজ্যিক বিষয়ে দেখাশোনা করেন তাকে consul বলে। consul এর অফিসকে বলা হয় consulate.

Persona Non grata (অবাঞ্ছিত): Receiving state-নিযুক্তকালীন সময়ে Diplomate যদি সংবিধান লঙ্ঘন করেন ঐ দেশের স্বার্থ বিরোধী কোন কাজ করেন, অথবা নৈতিক অবস্থার স্খলন ঘটে তাহলে Receiving state তাকে অবাঞ্ছিত ঘোষণা করে।

The first state: একটি স্বাধীন সার্বভৌম রাষ্ট্রের ক্ষমতাসীন রাজনৈতিক দলকে First state বলে।

Second state: প্রধান বিরোধী দলকে second state বলে।

Third state: সুশীল সমাজের প্রতিনিধিদেরকে third state বলে।

Fourth state: যে কোন দেশের প্রধান জাতীয় সংবাদ পত্রকে Fourth state বলে।

Fifth column: যে মানুষগুলো নিজ দেশ ও সরকারের বিরুদ্ধে গোপন ষড়যন্ত্রে লিপ্ত হয় এবং শত্রুকে সহায়তা করে তাকে Fifth column বলে। দেশের স্বার্থ বিরোধী কর্মকান্ডে লিপ্ত ব্যক্তিদের পঞ্চম বাহিনী বলা হয়। স্পেনের গৃহযুদ্ধের সময় জেনারেল ফ্রাংকো রিপাবলিকানদের আক্রমণ করার সময় বিপক্ষ দলের পিছনে যে দলটি ছিল তাকে বলা হতো পঞ্চম বাহিনী। এরা রিপাবলিকানদের সাথে মিশে ধ্বংসাত্মক কাজ করত।

Yellow journalism: মিথ্যা এবং বানোয়াট সংবাদ প্রকাশ করে ও টাকার বিনিময়ে তথ্য গোপন করাকে yellow journalism বলে।

Impeachment (অভিশংসন): রাষ্ট্রপতি বা প্রধানমন্ত্রী কোন গুরুতর অপরাধ করলে তাদেরকে ক্ষমতা থেকে অপসারণ করার নামই অভিশংসন। বাংলাদেশ সংবিধানের ৫২ নং অনুচ্ছেদে অভিশংসনের বিধান রয়েছে। অভিশংসনের জন্য সংসদের ২/৩ অংশ সদস্যের লিখিত অভিযোগ স্পীকারের নিকট পেশ করতে হয়।

Janta: সাংবিধানিক উপায়ে নির্বাচিত সরকারকে জোর করে ক্ষমতা থেকে সরিয়ে যারা ক্ষমতা দখল করে তাদেরকে জান্তা বলে। দখলকারী যদি সামরিক বাহিনীর হয় তাকে সামরিক জান্তা বলে।

Embargo/Bloked: কোন দেশের সমুদ্র বন্দরে বিশেষ অবস্থার জারি প্রেক্ষিতে একটি নির্দিষ্ট সময়ের জন্য নোঙরকৃত জাহাজকে বন্দর ত্যাগ করতে না দেওয়া এবং অপেক্ষামান জাহাজগুলোকে বন্দরে প্রবেশ করতে না দেওয়াকে Bloked বলে।

Blue law: সাংবিধানিক উপায়ে নির্বাচিত সরকার নিজেদের আধিপত্য বজায় রাখার জন্য যদি এমন কোন আইন প্রণয়ন করে যা সাধারণ জনগনের মৌলিক অধিকারকে লঙ্ঘন করে তাকে Blue/Black law বলে।

Blue Books: ব্রিটেনের অলিখিত সংবিধান যে বইয়ে লিপিবদ্ধ আছে তাকে Blue Books বলে। ১২১৫ সালে রাজা জন এটি রচনা করেন যা ম্যাগনাকার্টা বা ব্রিটিশ শাসনতন্ত্রের বাইবেল নামে পরিচিত।

Gherao: কোন এলাকার জনগণ বা কর্মচারী তাদের যৌক্তিক দাবী আদায়ের লক্ষ্যে উর্ধতন কর্তৃপক্ষের অফিস এবং বাসভবন অফিস চলাকালীন সময় (৯-৫টা) যদি ঘিরে রোখে তাকে Gherao বলে।

Sabotage (অন্তর্ঘাতমূলক দ্বন্দ্ব)ঃ এটি হতে হলে নিম্নোক্ত বৈশিষ্ট্য প্রয়োজনঃ–

১। কোন দেশের ভূ–খন্ডের মধ্যে হতে হবে।
২। কোন দেশের বিচ্ছিন্নতাবাদী গোষ্ঠী কর্তৃক কাজটি সম্পাদিত হবে।
৩। এর ফলে সাধারণ জনগণের জানমালের ব্যাপক ক্ষয়ক্ষতি হতে হবে।
৪। রাজনৈতিক উদ্দেশ্য সাধনের জন্য হতে হবে।

ইয়োলো ডগ কন্ট্রাক্ট (Yellow-dog Contract): ট্রেড ইউনিয়নে যোগদান না করার জন্য আমেরিকার মালিক ও কর্মচারীদের মধ্যে চুক্তি করে যে অঙ্গীকার করা হয় তাকে ইয়োলো ডগ কন্ট্রাক্ট বলে। এ চুক্তিনামা ১৯৩৫ সালের আইনের দ্বারা নিষিদ্ধ করা হয়।

কমিউনিজম (Communism): কমিউনিজম হচ্ছে এমন এক সমাজব্যবস্থা যেখানে সম্পত্তির সাধারণ মালিকানা রাষ্ট্রের ওপর ন্যস্ত। এ ব্যবস্থায় পুঁজিবাদের বিলোপ ঘটে। এ ব্যবস্থায় সর্বসাধারণের কল্যাণের স্বার্থে সামাজিক সুযোগ-সুবিধা সমানভাবে বণ্টিত হয়।

RAISUL ISLAM HRIDOY

অ্যারিস্টক্রেসি বা অভিজাততন্ত্র (Aristocracy): অভিজাততন্ত্রে শাসনব্যবস্থা কতিপয় ব্যক্তির হাতে ন্যস্ত থাকে।

যুদ্ধবিরতি (Armistice): বিবাদমান দু দেশের মধ্যে কিছুদিনের জন্য যুদ্ধ স্থগিত রাখাকে যুদ্ধবিরতি বলে।

অ্যাসেসমেন্ট (Assessment): কোনো কিছুর কর নির্ধারণ করা।

অডিট (Audit): প্রতি বছর সরকারিভাবে বিভিন্ন প্রতিষ্ঠানের হিসাব পরীক্ষা করাকে অডিট বলে।

অটোক্রেসি (Autocracy): স্বেচ্ছাচারী সরকার। এতে শাসকবর্গ কোনো মাধ্যমের নিকট জবাবদিহি না করে স্বাধীনভাবে রাষ্ট্র পরিচালনা করে।

বেল বা জামিন (Bail): কোনো কিছুর বিনিময়ে আসামীকে জেল থেকে মুক্তি দেয়াকে জামিন বলে।

ব্যালট (Ballot): ভোটপত্র, গুপ্তভোট। সর্বজনীন ভোটাধিকারে ব্যালট পেপার বা ব্যালট বাক্স একটি গুরুত্বপুর্ণ উপাদান।

অ্যাসাইলাম (Asylum): রাজনৈতিক কোন্দল বা অন্য কোনো কারণে যখন কোনো রাজনৈতিক শরণার্থী অন্য কোনো দেশে আশ্রয় গ্রহণ করেন তখন তার এ আশ্রয় গ্রহণকে অ্যাসাইলাম বলে।

অ্যাটর্নি জেনারেল (Attorney-Generel : একটি দেশের সরকারের প্রধান আইনজীবিকে অ্যাটর্নি জেনারেল বলে।

ইউনিটারি গভর্নমেন্ট (Unitary Government): যেসব শাসনব্যবস্থায় কেন্দ্রীয় সরকারই মূলত সকল ক্ষমতার অধিকারী এবং কেন্দ্রীয় সরকার কর্তৃক তার ইচ্ছানুযায়ী স্থানীয় সরকারের ওপর ক্ষমতা অর্পণ করা হয়, এ ধরণের শাসনব্যবস্থাকে ইউনিটারি গভর্নমেন্ট বা এককেন্দ্রিক সরকার বলা হয়। এককেন্দ্রিক রাষ্ট্রে সার্বভৌম ক্ষমতা নিঃসন্দেহে কেন্দ্রীয় সরকারের হাতে ন্যাস্ত।

রিট (Writ): কোনো সার্বভৌম সরকার কর্তৃক অফিসার বা অন্য কোনো ব্যক্তিকে কোনো কার্যসম্পাদন করা থেকে বিরত থাকার ব্যাপারে আদালত কর্তৃক নির্দেশ।

ইয়োলো পিরিল (Yellow Peril): দ্বিতীয় বিশ্বযুদ্ধ শুরু হওয়ার পূর্বে জাপান কর্তৃক সাম্রাজ্য বিস্তারের ঝুঁকিকে 'ইয়োলো পিরিল' বলে।

উইমেন্স লিবারেশন মুভমেন্ট বা নারী স্বাধীনতা আন্দোলন: পুরুষের মতো সমান ক্ষমতা ও অধিকারের দাবি করে নারীরা যে আন্দোলন করে তাকে উইমেন্স লিবারেশন মুভমেন্ট বলে। পুরুষদের প্রভুত্বের প্রতিবাদে মার্কিন যুক্তরাষ্ট্রের নারীরা প্রথম এ আন্দোলন শুরু করে।

ক্রিডেনশিয়ালস (Credentials): এক দেশ কর্তৃক অপর দেশে প্রেরিতদের পরিচয়পত্র। বিদেশি নবনিযুক্ত রাষ্ট্রদূতকে এ পরিচয়পত্র সে দেশের রাষ্ট্রপ্রধানের কাছে পেশ করতে হয়।

কনডোমিনিয়াম (Condominium): একটি রাজ্যে দুয়ের অধিক দেশের শাসনব্যবস্থা। ১৯৫৬ সালে সুদানে স্বাধিকারের পূর্বে দেশটিতে অ্যাংলো ইজিপশিয়ান শাসনব্যবস্থা প্রচলিত ছিল।

মূলতবি: আইন পরিষদের সভা কোনো নির্দিষ্ট সময় পর্যন্ত স্থগিত রাখাকে মূলতবি বলা হয়। মূলতবি বিশেষ কোনো কারণ বা নিয়ম অনুযায়ী হয়ে থাকে।

কনভেনশন বা সম্মেলন (Adjournment): এতে একটি আনুষ্ঠানিক সভার মধ্যে কিছু আনুষ্ঠানিক চুক্তি স্বাক্ষরিত হয়। অবশ্য এ চুক্তিগুলো স্থায়ী নয়।

ব্যালান্স অব পাওয়ার: ব্যালান্স অব পাওয়ার বলতে দুটি দেশের ক্ষমতার ভারসাম্যকে বোঝায়। যেসব দেশের জাতীয় শক্তি অধিক তারা শক্তিশালী দেশ হিসেবে চিহ্নিত হয়েছে। তাই যে কোনো ধরণের বিবাদ এড়িয়ে শান্তি আনয়নে বিবাদমান দুটি দেশের শক্তির মধ্যে ভারসাম্য রক্ষা করাকে ব্যালান্স অব পাওয়া বলে।

বেলুন ব্যারেজ (Balloon Barrage): শত্রুপক্ষের বিমান হামলা বন্ধ করার জন্য বেলুনে তার বেঁধে আকাশে উড়িয়ে যে প্রতিরোধমূলক ব্যবস্থা গ্রহণ করা হয় তাকেই বেলুন ব্যারেজ বলে।

বারবেট (Barbatte): উত্তোলিত পণ্ডাটফর্ম। এখান থেকে কামান ছোঁড়া হয়।

বিলিজেরেন্ট (Balligerant): যুদ্ধরত দেশসমূহকে কূটনৈতিক পরিভাষায় বিলিজেরেন্ট বলা হয়।

ব্যাটল ক্রুজার (BattleCruiser): বড় যুদ্ধ জাহাজ। এতে বিপুল পরিমান অস্ত্রশস্ত্র সজ্জিত থাকে এবং এর গতি ও ক্ষমতা অনেক বেশি।

ব্লকেড (Blocked): যে সৈন্যবাহিনী বা জাহাজ শত্রুর শহর বা বন্দরের মালামাল সরবরাহ বন্ধ রাখার কাজে নিয়োজিত থাকে তাদের বণ্ডকেড বলা হয়।

বলশেভিক (Bolshevik): রুশ কমিউনিস্ট পার্টি, যারা কার্ল মার্কসের মতবাদে বিশ্বাসী। ১৯১৭ সালে লেনিনের নেতৃত্বে বলশেভিক দল রুশ বিপণ্ডব সফল করে।

বুর্জোয়া (Bourgeoisie): কার্ল মার্কসের মতে শিল্প সম্পদের অধিপতিদের নিয়ে বুর্জোয়া শ্রেণী গঠিত হয়। তাঁর মতে ক্ষুদে বুর্জোয়ারা বড় বুর্জোয়াদের কাছে পরাজিত হয়ে শ্রমিক শ্রেণীভূক্ত হয়।

ব্রেনগান (Bren Gun): হালকা মেশিনগান। এর সাহায্যে দ্রুত গুলি ছোঁড়া হয়।

বাফার স্টেট (Buffer State): দুটি বৃহৎ রাষ্ট্রের মধ্যে সংঘর্ষ এড়ানোর জন্য দু দেশের মাঝখানে অবস্থিত স্বাধীন নিরপেক্ষ দেশকে বাফার স্টেট বলে।

আমলাতন্ত্র বা ব্যুরোক্রেসি (Bureaucracy): আমলাতন্ত্র বলতে বিভিন্ন দপ্তরের হাতে শাসন বিভাগীয় ক্ষমতার কেন্দ্রীকরণ এবং বিভিন্ন বিষয়ে সরকারের স্থায়ী কর্মচারীগণের অনাবশ্যক হস্তক্ষেপকে বোঝায়।

বাই ইলেকশন (By-election): একটি চলতি পরিষদের শূন্য আসনের জন্য উপ-নির্বাচন হয়। অনেক ক্ষেত্রে বিরোধী দলের অনাস্থার ফলে পরিষদ ভেঙে গেলে নির্ধারিত সময়ের পূর্বেই মধ্যকালীন নির্বাচন অনুষ্ঠিত হয়। এটি শাসনতন্ত্রের নীতি অনুযায়ী হয়।

ক্যাপিচুলেশন (Capitulation): শত্রুপক্ষের সৈন্যদলের নিকট শর্তাধীনে আত্মসমর্পণ করা। এ আত্মসমর্পণে অপমানজনক শর্ত আরোপ করা হয়। নীল মলাটে বাঁধানো বলে একে বণ্ডু বুকস বলা হয়।

ব্লাক শার্ট (Black Shirt): ইতালির মুসোলিনির ফ্যাসিস্ট দল।

RAISUL ISLAM HRIDOY

ব্লু লজ (Blue Laws): ব্যক্তি স্বাধীনতার ওপর হস্তক্ষেপ করে যে আইন সেটাই বণ্ডু লজ। এ আইন আমেরিকায় ব্যাপকভাবে প্রচলিত।

মন্ত্রিপরিষদ (Cabinet): সরকার পরিচালনায় একদল মন্ত্রীর কমিটিকে মন্ত্রিপরিষদ বলা হয়। তারা আইন পরিষদের নিকট দায়ী থেকে শাসনকার্য পরিচালনা করেন।

ক্যাভালরি (Cavalry): অশ্বারোহী সৈন্যদল, যারা তলোয়ার ও বল্লম বহন করে।

কাস্টিং ভোট (Casting-Vote): কোনো নির্বাচনে দু দল একই সংখ্যক ভোট পাওয়ার পর ক্ষমতা গ্রহণ নিয়ে যে অচলাবস্থার সৃষ্টি হয় তখন সে অচলাবস্থা দূর করার জন্য সভাপতি নিজে একটি ভোট প্রদান করেন। এ ভোট গ্রহণের পদ্ধতিকে কাস্টিং ভোট বলা হয়ে থাকে।

ক্যামোফ্লেজ (Camouflage): ক্যামোফ্লেজ বলতে গাছপালা, ডালপালা, লতাগুল্ম ইত্যাদি প্রাকৃতিক বস্তু দ্বারা সৈন্যদল ও অস্ত্রশস্ত্র লুকিয়ে রাখার পদ্ধতিকে বোঝায়।

সিভিল ওয়ার বা গৃহযুদ্ধ (Civil War): সরকার এবং স্বদেশি বিদ্রোহীদের মধ্যে যে যুদ্ধ হয় তাই গৃহযুদ্ধ।

শোভিনিজম (Chauvinism): অন্ধ দেশাত্মবোধ। এ কারণে মানুষ অন্যান্য দেশের নাগরিকদের ঘৃণা করে এবং নিজেদেরকে সর্বশ্রেষ্ঠ মনে করে। ফ্রান্সের সৈন্য নিকোলাস শোভিনের নামানুসারে এর নামকরণ করা হয়।

সহাবস্থান (Co-existence): কো-ইগজিসটেন্স হচ্ছে রাজনৈতিক দিক দিয়ে ভিন্ন মতাবলম্বী এবং পরস্পর সদ্ভাব বজায় রেখে কারও অভ্যন্তরীণ অথবা বাহ্যিক বিষয়ে হস্তক্ষেপ না করে সহাবস্থান করা।

কনসেনট্রেশন ক্যাম্প (Concentration Camp): কনসেনট্রেশন ক্যাম্প বলতে একনায়কতান্ত্রিক দেশের বন্দিশালাকে বোঝায়। এখানে রাজনৈতিক বন্দিদের অনির্দিষ্ট কালের জন্য বন্দি অবস্থায় রাখা হয়। তাদের কোনো বিচার হয় না ও আত্মরক্ষার কোনোরূপ সুযোগ দেয়া হয় না।

সেন্ট্রালিজম (Centralism): সেন্ট্রালিজম বলতে বোঝায় যে সরকারব্যবস্থায় রাষ্ট্রের সকল কাজ কেন্দ্রের হাতে ন্যস্ত থাকে বা কেন্দ্রের মাধ্যমে পরিচালিত হয় এবং প্রদেশগুলোর হাতে নামমাত্র ক্ষমতা থাকে।

চার্জ দ্য অ্যাফেয়ার্স (Charge d'affaires): একজন রাষ্ট্রদূতের অনুপস্থিতিতে মিশনের সর্বোচ্চ পদমর্যাদাসম্পন্ন ব্যক্তিকে অস্থায়ীভাবে প্রধানের দায়িত্ব দেয়ার প্রক্রিয়াকে চার্জ দ্য অ্যাফেয়ার্স বলে।

ক্লেরিকেলিজম (Clericalism): ক্যাথলিক কর্তৃক রাজনৈতিক ও অর্থনৈতিক আন্দোলন যাতে চার্চের প্রভাব ও স্বার্থ রক্ষা পায় তাকে ক্লেরিকেলিজম বলা হয়।

পরোয়ানা (Warrant): ওয়ারেন্ট হচ্ছে কর্তৃপক্ষ কর্তৃক আদেশনামা। কাউকে গ্রেপ্তার করে কোনো কিছু তলণ্ডাশি করার জন্য এ আদেশনামার প্রয়োজন হয়।

হুইপ: জাতীয় সংসদের সদস্য, যিনি দলের সদস্যদের মধ্যে শৃঙ্খলা বিধান করেন এবং ভোটাভুটির সময় সদস্যদের সংঘবদ্ধ করার দায়িত্বে নিযুক্ত থাকেন।

যুদ্ধাপরাধী বা ওয়ার ক্রিমিনাল (War Criminal): যুদ্ধের সময় যদি কোনো সৈন্য যুদ্ধের নিয়ম নীতি অগ্রাহ্য করে তার ইচ্ছামতো গণহত্যা বা নৃশংসতা চালায় তবে তাকে ওয়ার ক্রিমিনাল বলে। ওয়ার ক্রিমিনালদের বিচার যুদ্ধে বিজয়ী দেশ করে থাকে।

কনস্টিটিউয়েন্সি (Constituency): যে কোনো নির্বাচনে পরিষদের প্রতিনিধি নির্বাচন করার জন্য নির্বাচন এলাকাকে কনস্টিটিউয়েন্সি বলা হয়।

কোয়ালিশন মিনিস্ট্রি (Coalition Ministry): বিভিন্ন রাজনৈতিক দল থেকে বিভিন্ন মতাবলম্বীদের নিয়ে মন্ত্রিসভা গঠন করা হয়। বিভিন্ন দলের সদস্য থাকার দরুণ কোয়ালিশন মিনিস্ট্রি সঠিকভাবে কাজ করতে পারে না।

ক্রস ভোটিং (Cross Voting): কোন দল নিজ দলের বাধাবিপত্তি অতিক্রম করে অন্য দলকে ভোট দেয়ার পদ্ধতিকে ক্রস ভোটিং বলে।

কমপ্রোমাইজ দ্য আরবিট্র্যাজ (Compromise de Arbitrage): যখন কোনো দুটি শক্তি কোনো বিবাদের মধ্যস্থতার জন্য রাজী হয় এবং কার্যপ্রণালী গ্রহণের বিবরণ দিয়ে একটি চুক্তি স্বাক্ষর করে তখন এ ব্যবস্থাকে কমপ্রোইজ দ্য আরবিট্র্যাজ বলে।

কনস্টিটিয়েন্ট অ্যাসেম্বলি (Constituent Assembly): দেশের শাসনতন্ত্র তৈরি করার জন্য দেশের প্রতিনিধিদের নিয়ে যে পরিষদ গঠিত হয় তাকে কনস্টিটিয়েন্ট অ্যাসেম্বলি বলে।

কনফেডারেশন (Confederation): অভ্যন্তরীণ ও বাহ্যিক স্বাধীনতা রক্ষার জন্য কতিপয় স্বাধীন ও সার্বভৌম রাষ্ট্র একত্রে যে সংস্থা গঠন করে তাকে কনফেডারেশন বলে।

সাংবিধানিক আইন (Constitutional law): এটি একটি দেশের মৌলিক ও সর্বোচ্চ আইন। দেশের শাসন বিভাগ কিভাবে পরিচালিত হবে, আইন বিভাগ, শাসন বিভাগ ও বিচার বিভাগের মধ্যে পারস্পরিক সম্পর্ক কি হবে তা এ আইনে লিপিবদ্ধ থাকে।

ডফিন (Dauphin): সাবেক ফরাসি রাজতন্ত্রের উত্তরাধিকারীদেরকে ডফিন উপাধিতে ভূষিত করা হতো।

ডি জুরি (De-Jure): আইনসম্মতভাবে কোনো নতুন রাষ্ট্র বা সরকারকে আনুষ্ঠানিকভাবে স্বীকৃতিদানের প্রক্রিয়াকে ডি জুরি বলা হয়ে থাকে।

ডেমোক্র্যাটিক সোশ্যালিজম (Demoratic socialism): প্রথমে গণতান্ত্রিক উপায়ে সরকার গঠন করার পর সামাজিক ও অর্থনৈতিকভাবে সমাজতন্ত্রের দিকে উত্তরণের পদ্ধতিকে ডেমোক্র্যাটিক সোশ্যালিজম বলে।

ডি ডে (D-Day): দ্বিতীয় বিশ্বযুদ্ধকালীন সময়ে মিত্রবাহিনী ফ্রান্স থেকে জার্মান সৈন্যদের বিতাড়িত করার জন্য এক বিশাল অভিযান শুরু করে ১৯৪৪ সালের ৫ মে। ১৯৪৪ সালের জুলাই মাসে জার্মান সৈন্যরা ফ্রান্সে পরাজিত হয়। তাই ৫ মে কে ডি ডে হিসাবে ঘোষণা করা হয়।

দাঁতাত (Detente): দুটি বিবদমান দেশের কঠোর মনোভাব নিরসনের চেষ্টাকে দাঁতাত বলে। এতে বিশ্বশান্তি রক্ষা পায়।

দ্বৈতশাসন বা ডায়ার্কি (Diarchy): সরকারের বিভিন্ন বিষয়কে দুভাগে বিভক্ত করে শাসনব্যবস্থা পরিচালনাকে দ্বৈত শাসন বলা হয়। ১৯১৯ সালের ভারত শাসন আইনে প্রাদেশিক সরকারের বিষয়সমূহকে (১) সংরক্ষিত ও (২) হস্তান্তরিত এ দু' বিষয়ে ভাগ করা হয়।

RAISUL ISLAM HRIDOY

গণতন্ত্র (Democracy): যে শাসনব্যবস্থায় জনগণ প্রত্যক্ষভাবে বা পরোক্ষভাবে অংশগ্রহণ করে তাই হচ্ছে গণতন্ত্র। এ শাসনব্যবস্থাকে জনগণের সরকার বলা হয়।

ডিপ্লোমেটিক ইলনেস (Diplomatic Illness): যখন কোনো কূটনৈতিক প্রতিনিধি বা কোনো রাষ্ট্রদুত কোনো সভা বা অনুষ্ঠানে যে কোনো কারণে যোগদান করতে অসম্মতি জানান তখন তার অনুপস্থিতি যাতে সমালোচিত না হয় সে জন্য অসুস্থতার অজুহাত দেখান। একে ডিপেণ্ডামেটিক ইলনেস বলে।

ডিকটেটেড পিস (Dictated Peace): বিজেতার আদেশ অনুযায়ী বিজিতের ওপর জবরদস্তিমূলকভাবে চাপানো শান্তিচুক্তিকে ডিকটেটেড পিস বলে।

একনায়কতন্ত্র (Dictatorship): যে শাসন ব্যবস্থায় সরকার অপরিসীম ক্ষমতার অধিকারী থাকে। শাসক ব্যক্তি বা গোষ্ঠী জনগণের প্রতি তার বা তাদের দায়িত্বশীলতা অস্বীকার করে। সরকার নির্বাচনে জনগণকে কোনো অধিকার দেয় না, যে কোনো বিরোধী দল ও মতকে দমন করা হয়।

দ্বন্দ্বমূলক বস্তুবাদ বা Dialectical Materialism): আবশ্যিকভাবে সব সময় বিবদমান দু পক্ষের মধ্যে একটি দ্বন্দ্ব বা পরস্পর বিরোধী বিরাজ করা বোঝালে তাকে দ্বন্দ্বমূলক বস্তুবাদ বলা হয়। কার্ল মার্কস, অ্যাঙ্গেলস, হেগেল প্রমুখ দার্শনিক দ্বন্দ্বমূলক বস্তুবাদ মতবাদ প্রদান করেন।

ডিফ্যাকটো (Defacto): নতুন সরকার বা রাষ্ট্র রীতিসিদ্ধভাবে স্বীকৃত হওয়ার পূর্বেই যে কোনো ধরণের আন্তর্জাতিক সম্পর্ক গড়ে তোলার জন্য যে বিধিবদ্ধ আইন তৈরি করে তাকে ডিফ্যাকটো বলে।

ডোমিনিয়ন (Dominion): ব্রিটিশ সাম্রাজ্যের মধ্যে যে উপনিবেশগুলো স্ব শাসন প্রতিষ্ঠার মর্যাদা অর্জন করে তাকে ডোমিনিয়ন বলে।

নিরস্ত্রীকরণ (Disarmament): নিরস্ত্রীকরণ বলতে অস্ত্র এবং সামরিক শক্তির সীমিতকরণ বা অস্ত্র তৈরি বন্ধ করা বোঝায়।

ডমিসাইল (Domicile): স্থায়ী আবাসভূমিকে ডমিসাইল বলা হয়।

দূতাবাস (Embassy): একটি রাষ্ট্রের সর্বোচ্চ কূটনৈতিক কর্মকর্তা বা রাষ্ট্রদূত ও তার কর্মচারীবৃন্দদের কার্যালয়।

এমবারগো (Embargo): বিদেশি জাহাজের ওপর সরকারি নিষেধাজ্ঞা। এর ফলে বন্দরে কোনো বিদেশি জাহাজ প্রবেশ করতে বা ত্যাগ করতে পারে না।

এনসাইক্লিক্যাল (Encyclical): পৃথিবীর সর্বত্র প্রচারের জন্য পোপের ধর্ম সম্বন্ধীয় বা রাজনৈতিক চিঠি।

এনভয় (Envoy): বিদেশে প্রেরিত রাষ্ট্রীয় প্রতিনিধিগণের মাঝে রাষ্ট্রদূত এবং চার্জ দ্য অ্যাফেয়ার্সের মাঝামাঝি পদমর্যাদাসম্পন্ন ব্যক্তিকে এনভয় বলে।

এসপিয়নিজ (Espionage): একটি সংঘবদ্ধ সংস্থা, তাদের মূল কাজ হলো গুপ্তচর বৃত্তি চালানো।

এথনোগ্রাফিক্যাল প্রিন্সিপাল (Ethnographical Principle): এক জাতি ও ভাষাভাষীর সকল ব্যক্তিকে একটি সাধারণ রাষ্ট্রের আওতাধীন আনার নীতিকে এথনোগ্রাফিক্যাল প্রিন্সিপাল বলা হয়। এ নিয়ামানুযায়ী রাজনৈতিক সীমানাও নির্ধারণ করা হয়।

এক্সচেঞ্জার (Exchanger): এক্সচেঞ্জার হচ্ছে সরকারের রাজস্ব বিভাগ।

ইসচিট (Escheat): উত্তরাধিকারের অভাবে কোনো সম্পত্তি যখন রাষ্ট্রের অধীনে চলে যায় বা বাজেয়াপ্ত হয় সেটাই ইসচিট।

এফবিআই (FBI): আমেরিকার কেন্দ্রীয় অভ্যন্তরীণ গোয়েন্দা পুলিশ।

যুক্তরাষ্ট্র (Federation): ফেডারেশন কয়েকটি অঞ্চল বা প্রদেশ নিয়ে গঠিত হয় এবং এর ক্ষমতা কেন্দ্রীয় ও প্রাদেশিক সরকারের মধ্যে শাসনতন্ত্র দ্বারা বন্টন করা হয়। যুক্তরাষ্ট্রীয় সরকারের ক্ষমতা প্রাদেশিক ও কেন্দ্রীয় সরকারের হাতে ন্যস্ত থাকে। পৃথিবীর বিভিন্ন দেশে বর্তমানে যুক্তরাষ্ট্রীয় সরকার ব্যবস্থা চালু আছে।

ফিউড্যালিজম (Feudalism): এর বাংলা অর্থ সামন্তবাদ। জন বাউল বলেন, 'সামন্তবাদ বৃহদাকার সরকার ও বেতনভোগী স্থায়ী সৈন্যবাহিনীর পতনের ফলে, মুমূর্ষু সাম্রাজ্যের সামাজিক ওলট-পালটের ফলে, বর্বর জাতিসমূহের মধ্যে বিদ্যমান ব্যক্তিগত আনুগত্য বন্ধনের শক্তির ফলে এবং প্রশিক্ষিত সমরাস্ত্র পৃষ্ঠে উপবিষ্ট নাইটদের প্রাধান্যের ফলে সৃষ্ট একটি কৌশল'।

ফেবিয়ান সোশ্যালিজম (Fabian Socialism): ১৮৪৮ সালে ফ্রান্সে ফেবিয়ান সোশ্যালিজম মতবাদের যাত্রা শুরু হয়। তবে ১৮৮৪ সালে ইংল্যান্ডে ফেবিয়ানগণ ফেবিয়ান সোসাইটি প্রতিষ্ঠার মাধ্যমে গণতান্ত্রিক সামজতন্ত্রকে আরও সুনির্দিষ্টভাবে প্রণয়ন করেন। তাদের মতে সমাজে বা রাষ্ট্রে বিদ্যমান ব্যাপক দারিদ্র্য বিমোচনে বিপণ্ডব বা রাষ্ট্রের বিলুপ্তির প্রয়োজন নেই। তবে শিল্প পুঁজির মালিকানাকে ব্যক্তির হাত থেকে রাষ্ট্রের হাতে অর্পণের প্রয়োজন আছে। ভূমি সংস্কার এবং গণতান্ত্রিকভাবে বিবর্তনের মাধ্যমে এ লক্ষ্য অর্জন করা যায়।

ফ্যাসিজম (Fasscism): ফ্যাসিজমের মূলনীতি জনগণের জন্য রাষ্ট্র নয়, রাষ্ট্রের জন্য জনগণ। রাষ্ট্রই সকল ক্ষমতার অধিকারী। বেনিতো মুসোলিনি ইতালিতে এ মতবাদ প্রচার করেন।

ফ্যাসিষ্ট পার্টি: ইতালিতে বেনিতো মুসোলিনি ফ্যাসিবাদ চালানোর জন্য যে সুশৃঙ্খল ও সুগঠিত রাজনৈতিক দল গঠন করে সেটিই হচ্ছে ফ্যাসিষ্ট পার্টি। এ দলের সাহায্যেই তিনি ইতালির রাষ্ট্রীয় ক্ষমতায় অধিষ্ঠিত হন।

ফ্লোটিলা (Flotilla): ফ্লোটিলা হচ্ছে কয়েকটি ছোট ছোট রণতরী, যা একটি কমান্ডের হাতে ন্যস্ত থাকে।

হোয়াইট আর্মি (White Army): ১৯১৭ সালের রাশিয়ার কমিউনিষ্টদের বিরোধী সৈন্যদলকে হোয়াইট আর্মি বলা হতো। রেড আর্মিদের নামের বিপরীত নাম হিসেবে এ নামকরণ করা হয়।

RAISUL ISLAM HRIDOY

ওয়েটেজ (Weightage): সংখ্যালঘু জনগণকে রক্ষার জন্য তাদের ওপর জনসংখ্যার ভিত্তিতে প্রাপ্য যে প্রতিনিধি থাকে তার চেয়ে অধিক প্রতিনিধিত্ব প্রদান করাকে ওয়েটেজ বলে।

হোয়াইট রাশিয়া (White Russia): সোভিয়েত ইউনিয়নের একটি প্রজাতন্ত্র রাশিয়ার দক্ষিণ-পশ্চিম সীমান্ত শ্বেত রাশিয়ানদের আবাসভূমি।

হোয়াইট ফ্লাগ (White Flage): যুদ্ধে আত্মসমর্পণ করার সংকেত হিসেবে হোয়াইট ফ্লাগ ব্যবহার করা হয়। এ ফ্লাগ যুদ্ধবিরতি সূচক হিসেবেও ব্যবহৃত হয়।

হোয়াইট ম্যানস বার্ডেন (Whitemans Burden): আফ্রিকা ও এশিয়ার অনুন্নত জাতিকে সভ্য করার জন্য শ্বেতাঙ্গদের স্ব-আরোপিত দায়িত্ব।

ওয়ার ক্রাইমস বা যুদ্ধ অপরাধ (War Crimes): যুদ্ধকালীন সময়ে বা যুদ্ধের আগে ও পরে হত্যা, লুণ্ঠন, ধর্ষণ ইত্যাদি অমানবিক কার্যকলাপকে যুদ্ধ অপরাধ হিসেবে গণ্য করা হয়। ১৯৪৫ সালের ৮ আগস্ট আন্তর্জাতিক সামরিক ট্রাইব্যুনাল গঠন করে ব্রিটেন, যুক্তরাষ্ট্র, ফ্রান্স ও সাবেক সোভিয়েত ইউনিয়ন যুদ্ধাপরাধের বিচারের জন্য একটি চুক্তিতে স্বাক্ষর করে।

শ্বেতপত্র (White Paper): গুরুত্বপূর্ণ বিষয়কে জনসমক্ষে সরকার কর্তৃক প্রচার করাকে হোয়াইট পেপার বা শ্বেতপত্র বলে। পাকিস্তান সরকার বাংলাদেশের গণহত্যাকে সমর্থন করে এবং স্বাধীনতা সংগ্রামের বিরোধিতা করে শ্বেতপত্র প্রকাশ করেছিল।

জেনোসাইড (Genocide): ভাষা, ধর্ম ও সংস্কৃতিতে আবদ্ধ একটি জাতিকে উদ্দেশ্যমূলকভাবে নির্মূল করাকে জেনোসাইড বলে।

গেস্টাপো (Gestapo): নাৎসিবাদ বিরোধীদের বিরুদ্ধে গঠিত জার্মানির গোপন একটি রাজনৈতিক দল। দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময় এ রাজনৈতিক দল জার্মানবাসীদের আতঙ্কের কারণ হয়ে দাঁড়িয়েছিল।

জিও-পলিটিক্স (Geo-Politics): জিও-পলিটিক্স হচ্ছে ভূখণ্ড নির্ভর রাজনীতি। একটি দেশের রাজনীতি, অর্থ, পররাষ্ট্রনীতি ও বিশ্বে তার অবস্থান অনেকাংশে জিও-পলিটিক্স-এর ওপর নির্ভর করে।

গানবোট ডিপ্লোম্যাসি (Gun-Boat Diplomacy): গানবোট ডিপেণ্ঢম্যাসি হচ্ছে একটি দেশের প্রতি রাজনৈতিক চাপ সৃষ্টি করা, শক্তি বা অন্যান্য মাধ্যমে চাপ সৃষ্টি ও ভয় দেখানো। ১৯৭১ সালের ডিসেম্বর মাসে ভারত-বাংলাদেশ মিত্রশক্তির সাথে পাকিস্তানের যুদ্ধের সময়, মার্কিন যুক্তরাষ্ট্র বঙ্গোপসাগরে সপ্তম নৌবহরের ভয় দেখিয়ে যুদ্ধ বিরতির চাপ সৃষ্টির চেষ্টা করেছিল।

গেরিলা ওয়ারফেয়ার (Guerilla Warfare): বিক্ষিপ্ত অবস্থায় থেকে খণ্ড-খণ্ড যুদ্ধ করাকে গেরিলা ওয়ারফেয়ার বা গেরিলা যুদ্ধ বলা হয়।

সরকার (Government): রাষ্ট্রের একটি অন্যতম উপাদান হচ্ছে সরকার। জনগণের অধিকার সংরক্ষণ করা এবং রাষ্ট্রের শাসন সঠিকভাবে পরিচালনা করার জন্য একটি সরকার থাকে। এটি আইন প্রণয়ন ও দেশের শান্তি রক্ষা করে থাকে।

জিপিইউ (GPU): ১৯১৭ সালের অক্টোবর বিপণ্ঢবের পর সোভিয়েত রাশিয়ার রাজনৈতিক পুলিশ দল গঠন করা হয় যাতে তারা কমিউনিষ্ট বিরোধী খুঁজে বের করে নির্মূল করতে পারে। এদেরকে জিপিইউ বলা হয়।

হ্যারা কিরি (Hara Kiri): হ্যারা কিরি হচ্ছে পেট চিরে আত্মহত্যা করা। এ পদ্ধতিতে আত্মহত্যা করা জাপানের সৈন্যবাহিনীতে প্রচলিত ছিল।

হাই কমিশনার (High Commissioner): হাই কমিশনার হচ্ছে একটি কমনওয়েলথভুক্ত রাষ্ট্র থেকে অপর কমনওয়েলথভুক্ত রাষ্ট্রে প্রেরিত সর্বোচ্চ কূটনৈতিক প্রতিনিধি।

হাউজ অব কমন্স (House of Commons): হাউজ অব কমন্স হচ্ছে ব্রিটেনের পার্লামেন্টের নিম্নকক্ষ। কমন্সসভার সদস্য প্রত্যক্ষ নির্বাচনের মাধ্যমে নির্বাচিত হয়। এ কমন্স সভা ব্রিটেনের জন প্রতিনিধিমূলক কক্ষ। মন্ত্রিসভাকে তার কাজের জন্য ব্যক্তিগত ও যৌথভাবে কমন্সসভার কাছে দায়ী থাকতে হয়। কমন্সসভার সংখ্যাগরিষ্ট সদস্য অনাস্থা জ্ঞাপন করলে মন্ত্রিসভার পতন ঘটে।

হাউস অব লর্ডস (House of Lords): ব্রিটিশ পার্লামেন্টের উচ্চ কক্ষ। উত্তরাধিকার সূত্রে এ সভার সদস্যরা সদস্য পদ পেয়ে থাকেন। লর্ড সভার লর্ডদেরকে 'পিয়ার (Peer)' বলা হয়। এর সদস্য সংখ্যা নির্দিষ্ট নয়।

সাম্রাজ্যবাদ (Imperialism): অপরের রাজ্য দখল করে শক্তি ও সম্পদ বৃদ্ধি করার প্রবণতাকে ইমপিরিয়্যালিজম বলে।

ইনজ্যাংশন (injunction): বিচারালয় কর্তৃক ক্ষতিগ্রস্ত ব্যক্তিকে ক্ষতিপূরণ দানের নির্দেশ এবং কোনো অন্যায় কার্য থেকে বিরত রাখা।

ইমপিচমেন্ট (Impeachment): রাষ্ট্রের বিরুদ্ধে কোনো অপরাধের জন্য রাষ্ট্রপ্রধানকে পার্লামেন্ট বা উচ্চ ট্রাইব্যুনাল গঠন করে বিশেষভাবে বিচার করা। এ বিশেষ পদ্ধতিতে বিচার করাকে ইমপিচমেন্ট বলে।

আয়রন কার্টেন বা ব্যাম্বো কার্টেন (Iron Curtain or Bamboo Curtain): কমিউনিষ্ট দেশ কর্তৃক অভ্যন্তরীণ বিষয়াদির বহিঃপ্রকাশ রোধকল্পে সংবাদ মাধ্যম, বিদেশীদের আগমন ইত্যাদির ওপর বিধি-নিষেধ আরোপ করা হয়। এ পদ্ধতিকে আয়রন কার্টেন বা লৌহ যবনিকা বলা হয়। চীন দেশ কর্তৃক গৃহীত এ ব্যবস্থাকে ব্যাম্বো কার্টেন বলা হয়।

ব্যক্তিস্বাতন্ত্র্যবাদ (Individaulism): ইন্ডিভিজুয়্যালিজম এমন এক সমাজ ব্যবস্থা যেখানে ব্যক্তি শাসনই একমাত্র সরকার হিসেবে স্বীকৃত এবং যেখানে একজন তার প্রতিবেশীর রক্ষামূলক কাজ করতে বাধ্য হয় না। এ ব্যবস্থায় ব্যক্তিকে রক্ষা করাই সরকারের প্রধান কর্তব্য।

কুয়োমিনটাং (Kumintang): চীনা জাতীয় বিপ- বী দল। ১৯১২ সালে সান ইয়াৎসেন এ দল গঠন করেন। ফরমোজায় চিয়াং কাউসেক কর্তৃক পরিচালিত দল।

কু ক্লাক্স ক্লান (KKK): আমেরিকানদের এক গোপন সংস্থা যা নিগ্রোদের ওপর শ্বেতাঙ্গদের প্রভুত্ব অক্ষুণ্ন রাখার এবং বৈষম্যকে চিরস্থায়ী করার উদ্দেশ্যে গঠিত হয়।

বামপন্থি (Leftist): প্রগতিশীল মতবাদ ও সমাজতন্ত্রে বিশ্বাসীদেরকে বামপন্থি বলে। প্রায় প্রত্যেক দেশেই বামপন্থিরা

RAISUL ISLAM HRIDOY

বিরোধী দল হিসেবে থাকেন। পার্লামেন্টের বাম দিকে বসেন বলে এদেরকে লেফটিস্ট নামকরণ করা হয়েছে। তুলনামূলকভাবে এরা উদার, প্রগতিশীল ও সংস্কারবাদী রাজনীতি করে থাকে।

লবিং (Lobbying): Lobbying শব্দটি এসেছে ইংরেজি 'Lobby' থেকে, যার অর্থ কোনো ভবনের মূল অংশের সাথে সংযুক্ত অন্য অংশ। কিন্তু রাজনৈতিক ক্ষেত্রে Lobbying শব্দটির অর্থ হলো রাজনৈতিক উদ্দেশ্য সিদ্ধি করার জন্য ব্যক্তিগত যোগাযোগের মাধ্যমে প্রতিনিধিদের পক্ষে আনার প্রয়াস।

ম্যারুন (Maroon): নির্জন দ্বীপে পরিত্যক্ত জ্যামাইকা ও কিউবার পলাতক নিগ্রো ক্রীতদাসকে ম্যারুন বলে।

মে দিবস (May day): ১৮৮৬ সালের ১ মে মার্কিন যুক্তরাষ্ট্রের শিকাগো শহরে কলকারখানায় ৮ ঘণ্টা কাজের দাবিতে সংগ্রাম করতে গিয়ে অনেক শ্রমিক-কর্মচারী জীবন দিয়েছিলেন। তাই প্রতিবছর ১ মে শ্রমিক শ্রেণী শ্রমিক সংহতির প্রতীক হিসেবে দিনটি উদযাপন করেন।

মাওইজম (Maoism): বলবান রাষ্ট্র কর্তৃক ছোট ও দুর্বল দেশের ওপর কর্তৃত্ব ম্যান্ডেট বলে। ভোটারগণ তাদের প্রতিনিধিগণের ওপরও ম্যান্ডেট জারি করে থাকেন।

ম্যান অব ওয়ার (Man of war): যুদ্ধ জাহাজ। এ জাহাজ নৌযুদ্ধে অংশ গ্রহণ করার উপযোগী।

